বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ

দলিলপত্র ঃ প্রথম খণ্ড

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য মন্ত্রণালয়

বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ

দলিলপত্রঃ প্রথম খন্ড

পটভূমি

(১৯০৫—১৯৫৮)

REFERENCE

সম্পাদকঃ হাসান হাফিজুর রহমান

41038
7.6.86

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য মন্ত্রণালয়

বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ

দলিলপত্র

মুখবন্ধ

বাংলাদেশ স্বাধীনতা যুদ্ধের ইতিহাস প্রকল্পের নয়-সদস্যবিশিষ্ট প্রামাণ্যকরণ কমিটির তরফ থেকে এই দলিল সংগ্রহের প্রকাশনা সম্পর্কে দুটি কথা নিবেদন করছি। এ প্রকল্পের উৎপত্তি ও গঠন, এর মূল উদ্দেশ্য ও কার্যপদ্ধতি সম্পর্কে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা জনাব হাসান হাফিজুর রহমান বিস্তারিত বলবেন।

বিপুলায়তন ও সংগৃহীত উপাত্ত থেকে প্রকাশিতব্য দলিলসমূহ নির্বাচনে কমিটির সদস্যবৃন্দ নিরপেক্ষ ভূমিকা পালনে যথাসাধ্য চেষ্টা করেছেন। তাঁরা ঘন্টার পর ঘন্টা ধরে দলিলাদির পান্ডুলিপি ধৈর্য ধরে পরীক্ষা করেছেন, বিস্তারিত আলোচনা-সমালোচনার মাধ্যমে সংযোজন ও সংশোধনের জন্য মূল্যবান উপদেশ দিয়ে প্রকল্প বাস্তবায়নে সহায়তা করেছেন। আমাদের কোন মন্তব্য ছাড়াই দলিলগুলো সরাসরি পাঠক ও গবেষকদের কাছে উপস্থিত হচ্ছে। দলিলপত্র যথাসম্ভব মূলসূত্র থেকে উদ্ধারের চেষ্টা করা হয়েছে। প্রকাশিত দলিলগুলো প্রামাণ্যকরণ কমিটি অনুমোদন করে দিয়েছেন।

প্রায় সাড়ে তিন লাখ পৃষ্ঠাব্যাপী দলিল থেকে প্রাথমিক নির্বাচনের পর গুরুদায়িত্ব পালন করেছেন প্রকল্পে নিয়োজিত গবেষকবৃন্দ। তাঁরা জনাব হাসান হাফিজুর রহমানের নেতৃত্বে এ দায়িত্ব যথাযথ নিষ্ঠা ও আন্তরিকতার সংগে পালন করেছেন।

প্রামাণ্যকরণ কমিটির সকল সদস্যকে এবং প্রকল্পের গবেষকবৃন্দকে তাঁদের প্রশংসনীয় ভূমিকার জন্য আমি অশেষ ধন্যবাদ জানাই। সেই সংগে প্রকল্পের প্রধান বাংলাদেশের বিশিষ্ট কবি ও সাংবাদিক জনাব হাসান হাফিজুর রহমানকে নিরলস ও অকাতর কর্মপ্রচেষ্টার জন্য জানাই প্রাণঢালা অভিনন্দন।

বিভিন্ন সূত্রে সংগৃহীত ও সুবিবেচনার সাথে নির্বাচিত দলিলগুলো থেকে আমাদের স্বাধীনতা যুদ্ধের একটি সার্বিক, প্রামাণ্য ও নিরপেক্ষ চিত্র বেরিয়ে আসবে, আমরা এ আশা পোষণ করছি। সংগৃহীত সমুদয় দলিল একটি স্থায়ী আর্কাইভস্ গঠনে সহায়তা করবে। অনুদ্‌ঘাটিত ও অনাবিষ্কৃত দলিলগুলো ভবিষ্যতে সংগৃহীত হলে পরিশিষ্টের মাধ্যমে সেগুলো মূল দলিলের সংগে সংযোজিত হতে পারে।

প্রকাশিত দলিলগুলো পাঠক সমাজ ও গবেষকদের কাছে সমাদৃত হলে আমাদের শ্রম সার্থক বলে মনে করব।

মফিজুল্লাহ্ কবীর
চেয়ারম্যান
প্রামাণ্যকরণ কমিটি
বাংলাদেশ স্বাধীনতা যুদ্ধের ইতিহাস প্রকল্প।

মূল পরিকল্পনায় ৭,২০০ পৃষ্ঠা মুদ্রণের পরিকল্পনা থাকলেও সংগ্রহের পরিমাণ বিপুল হয়ে যাওয়ায় আমাদের সিদ্ধান্ত পরিবর্তন করতে হয়। নতুন পরিকল্পনা অনুযায়ী প্রতিটি খণ্ড প্রায় ৯০০ পৃষ্ঠা, সর্বমোট ১৫,০০০ পৃষ্ঠার মধ্যে সংগ্রহগুলির মুদ্রণ সম্পন্ন করার বাজেট বরাদ্দ অনুমোদিত হয়। এই ভিত্তিতে আমাদের কাজ এগিয়ে যায়।

দলিল ও তথ্যাদি সংগ্রহের ব্যাপারে নীতিমালা আমরা ব্যাপক ও খোলামেলা রেখেছি। তবে পটভূমি সম্বন্ধে দলিল ও তথ্যাদি গ্রহণে কিছুটা সংযত দৃষ্টিভংগী অবলম্বন করি। আমরা শুধু সেই সব তথ্য ও দলিলই পটভূমি খণ্ডে সন্নিবেশিত করার সিদ্ধান্ত নিই, যা বাংলাদেশের বর্তমান ভূখণ্ডের বৈশিষ্ট্য ও এখানে বসবাসকারী জনগণের আশা-আকাংক্ষার সংগে প্রত্যক্ষভাবে জড়িত। অর্থাৎ, যেসব ঘটনা, আন্দোলন ও কার্যকারণ এই ভূখণ্ডের জনগণকে মুক্তিসংগ্রামের দিকে উদ্বুদ্ধ ও পরিচালিত করেছে, প্রধানত সেসব সংক্রান্ত দলিল ও তথ্যই এই খণ্ডে কালানুক্রমিকভাবে সাজানো হয়েছে। এই দৃষ্টিকোণ থেকে আমরা বাংলাদেশের অতীত ঘাঁটতে গিয়ে বহু দূর-অতীতে প্রত্যাবর্তন করিনি। ১৯০৫ সালের বংগভংগ থেকেই পটভূমি সংক্রান্ত দলিল-তথ্যাদির সন্নিবেশন শুরু করি। আমরা মনে করি বাংলাদেশের মুক্তিসংগ্রামের ব্যাখ্যায় এই শুরুর সীমাটি বাহুল্যবর্জিত, প্রত্যক্ষ এবং যুক্তিগ্রাহ্য।

১৯০৫-এর বংগভংগ এবং তা রদ-এর পর ১৯৪০ সাল পর্যন্ত মধ্যবর্তী এ দীর্ঘ সময়ের আর কোন দলিল এ খণ্ডে সন্নিবেশ করা হয়নি। কারণ ১৯১১ থেকে ১৯৪০ পর্যন্ত এই ভূখণ্ডে অনুষ্ঠিত সকল রাজনৈতিক আন্দোলন সর্বভারতীয় বৃটিশবিরোধী আন্দোলনের অন্তর্ভুক্ত ছিল। ১৯৪০ সালে গৃহীত লাহোর প্রস্তাবে স্বতন্ত্র রাষ্ট্রীয় সত্তারূপে বাংলার প্রতিষ্ঠার সম্ভাবনা নিহিত ছিল। আর তা উত্থাপন করেছিলেন বাংলাদেশেরই সংখ্যাগুরু জনগোষ্ঠীর অবিসংবাদিত নেতা এ, কে, ফজলুল হক। ১৯৪৬ সালে নিতান্ত অবৈধভাবে দিল্লী কনভেনশনে লাহোর প্রস্তাবের যে সংশোধনী করা হয়, তাতে বাংলার স্বতন্ত্র রাষ্ট্ররূপের প্রশ্নকে পরিহার করা হয়। ১৯৪৭ সালে ভারত বিভাগ সম্পর্কে মাউন্টব্যাটেন পরিকল্পনা ঘোষণার পর স্বাধীন ও সার্বভৌম বাংলা প্রতিষ্ঠার প্রচেষ্টা হয়, কিন্তু সে প্রচেষ্টা ব্যর্থ হয় এবং যেভাবে পাকিস্তান প্রতিষ্ঠিত হয় তাতে স্বায়ত্তশাসনের বিষয়টি সম্পূর্ণরূপে উপেক্ষিত হয়। এরই

পরিণতিতে পরবর্তীকালে বাংলাদেশের জনগণের সম্মুখে স্বায়ত্তশাসন তথা স্বাধীনতার জন্য সংগ্রাম করা ঐতিহাসিক প্রয়োজন হয়ে দেখা দেয়। এই ঐতিহাসিক প্রয়োজনকে মূর্ত করে তুলেছে এমন সমস্ত দলিলই এ খণ্ডে সন্নিবেশিত হয়েছে।

পটভূমি সংক্রান্ত দলিলপত্র দুটি খণ্ডে বিভক্ত। প্রথম খণ্ডটি শেষ হয়েছে ১৯৫৮ সালে আইয়ুব খানের ক্ষমতা দখলের সময়সীমায়। এখানে কাল বিভাজন করা হয়েছে একান্তই খণ্ড পরিকল্পনার পৃষ্ঠাসংখ্যার সুবিধার দিকে লক্ষ্য রেখে—কোন বিশেষ ঐতিহাসিক দৃষ্টিকোণ থেকে নয়।

ভূমির বেলায় যে ধরনের দলিল ও তথ্যাদি আমরা গ্রহণ করেছি সেগুলো হলো গেজেট বিজ্ঞপ্তি, পার্লামেন্টের কার্যবিবরণী, কোর্টের মামলা সম্পর্কিত রিপোর্ট ও রায়, কমিশন রিপোর্ট, রাজনৈতিক দলের কর্মসূচী ও প্রস্তাব, জনসভার প্রস্তাব, আন্দোলনের রিপোর্ট, ছাত্রদলের প্রস্তাব ও আন্দোলন, গণপ্রতিক্রিয়া, সংবাদপত্রের প্রতিবেদন, বিশিষ্ট ব্যক্তিবর্গের প্রামাণ্য সমীক্ষা ও প্রবন্ধ, রাজনৈতিক পত্র, সরকারী নির্দেশ ও পদক্ষেপ ইত্যাদি। স্বাধীনতা যুদ্ধের দলিল ও তথ্যাদির বেলায় সংগ্রহের ধরন বিস্তৃততর হয়েছে স্বাভাবিকভাবেই। কারণ এই যুদ্ধের সংগে সারা বিশ্ব জড়িত হয়ে পড়েছিল। ফলে, কেবল বাংলাদেশের অভ্যন্তরে নয়, সারা বিশ্বের বিষয়াদি জোগাড় করা অপরিহার্য হয়ে দেখা দেয় এবং প্রকল্প সেভাবেই অগ্রসর হয়। এ ব্যাপারে ব্যক্তিগত ডায়েরী, চিঠিপত্র, সাক্ষাৎকার, স্মৃতিকথা, সরকারী নথিপত্র, রণকৌশল ও যুদ্ধ সংক্রান্ত লিপিবদ্ধ তথ্যাদি, মুক্ত এলাকায় মুক্তিবাহিনী ও বাংলাদেশ সরকারের প্রশাসনিক তৎপরতা, জনসাধারণের সক্রিয় অংশগ্রহণ, কমিটি গঠন, বিবৃতি, বিশ্বজনমত, বিভিন্ন দেশের পার্লামেন্টের কার্যবিবরণী প্রভৃতি নানা ধরনের তথ্য ও দলিল এই সংগ্রহের অন্তর্ভুক্ত করা হয়। এ ক্ষেত্রে আমরা বিশেষভাবে নজর রেখেছি যাতে সর্ব সাধারণের মনোভাব প্রতিফলনে কোন ফাঁক না থাকে। এই লক্ষ্য সামনে রেখে গণ-সহযোগিতার প্রতি স্তরের তথ্য সংগ্রহের চেষ্টা করা হয়েছে। প্রতিটি খণ্ডে যতদূর সম্ভব মূল দলিল সন্নিবেশিত করার দিকে বিশেষ লক্ষ্য রাখা হয়েছে। তবে যেসব দলিল ঐতিহাসিক গুরুত্ব অর্জন করেছে এবং যেগুলি বাদ দিলে ঘটনার ধারাবাহিকতা রক্ষিত হয় না সেগুলি আমরা প্রকাশিত সূত্র থেকে গ্রহণ করেছি।

এ-কাজে একটিই আমাদের প্রধান বিবেচ্য ছিল, সঠিক ঘটনার সঠিক দলিল যেন সঠিক পরিমাণে বিন্যস্ত হয়। আমাদের কোন মন্তব্য নেই, অংগুলি সংকেত নেই, নিজস্ব ব্যাখ্যা-বিশ্লেষণও নেই। আমরা বস্তুনিষ্ঠ ও নিরপেক্ষ মনোভাব আগাগোড়া বজায় রাখার চেষ্টা করেছি। এই মূল লক্ষ্য সামনে রেখেই দলিল-তথ্যাদি বাছাই, সম্পাদনা এবং বিন্যাস করা হয়েছে। এ ক্ষেত্রে আমরা শুধু এইটুকু সতর্কতা অটুট রেখেছি যাতে কারো প্রতিনিধিত্ব ক্ষুণ্ন না হয়। দলিলের যথার্থতাই যার যা ভূমিকা ও গুরুত্ব তা যথাযথভাবে তুলে ধরবে। বস্তুত জনসাধারণই এ ধরনের ঘটনার প্রকৃত মহানায়ক। জনসাধারণের মধ্যে অবস্থা পরিবর্তনের ইচ্ছা যখন পরিণত ও অপ্রতিরোধ্য হয়ে ওঠে, কেবল তখনই জনগণের মধ্য থেকে যোগ্যতম নেতৃত্বের অভ্যুদয় ঘটে। বাংলাদেশের বেলাতেও তাই ঘটেছে। আর তাই এমন সব দল বা সংগঠনের দলিল অন্তর্ভুক্ত করা হয়েছে, যে দল বা সংগঠন আমাদের জাতীয় রাজনীতির ক্ষেত্রে হয়তো মুখ্য ভূমিকা বা নেতৃত্ব গ্রহণ করেনি। তবু একাত্তরের অনেক আগেই বাংলাদেশের স্বাধীনতার চিন্তা একটা দেশের একটা জাতির নির্দিষ্ট লক্ষ্যাভিসারী অন্তঃস্রোতকেই সামনে তুলে ধরে। আসলে মহীরুহের চারপাশে জেগে ওঠা অজস্র গাছপালা নিয়েই বনের গঠন-কাঠামো। বনকে জানতে হলে এর সবটাই জানা দরকার।

তবে ব্যাপক প্রতিনিধিত্বের প্রশ্নে সবটুকু হয়তো প্রতিফলিত নাও হয়ে থাকতে পারে। এর দুটো কারণ, প্রথমত গ্রন্থের সীমিত পরিসরে স্থান সঙ্কুলানের প্রশ্ন, দ্বিতীয়ত অনেক তথ্য ও দলিল হাতে না আসা যা বহু ক্ষেত্রে যোগাযোগ করেও পাওয়া যায়নি, কিছু ক্ষেত্রে যোগাযোগেরও সুযোগ ঘটেনি। সবাইকে আমরা জায়গা দিতে চেয়েছি এবং ভূমিকা অনুযায়ী গুরুত্ব বিধানের দিকেও লক্ষ্য রেখেছি—এইটেই মূল কথা। এই নীতি পটভূমি ও অন্যান্য খণ্ডে একইভাবে অনুসৃত হয়েছে।

সাড়ে তিন লাখ পৃষ্ঠার মতো দলিল ও তথ্যাদি সংগ্রহসংখ্যার দিক থেকে বিপুল বলতে হবে। তবু আমাদের ধারণা এই যে, বহু দলিল ও তথ্য এখনো সংগ্রহের বাইরে রয়েছে। বাংলাদেশের প্রায় প্রতিটি লোকই কোন না কোন ভাবে স্বাধীনতা যুদ্ধের সংগে জড়িত ছিলেন। গ্রামে গ্রামে, ব্যক্তিতে ব্যক্তিতে বহু ঘটনার উদ্ভব হয়েছে, বহু বীরত্বগাথা, বহু ত্যাগ, বিশ্বাসঘাতকতা, অত্যাচার, নিপীড়নের কাহিনী স্তরে স্তরে গড়ে উঠেছে। এর পরিমাণ অনুধাবন করা কঠিন। তাছাড়া সারা বিশ্ব জুড়েও ছিল এ-সম্পর্কে সমর্থন ও প্রতিক্রিয়া এবং প্রবাসী বাঙালীদের ব্যাপক তৎপরতা। তাই সংগ্রহের কাজ সম্পূর্ণ হয়েছে, তা বলা যায় না। দেশ ও বিদেশের তথ্য সংগ্রহের কাজ তাই কেবল বাড়তে পারে। শেষ সীমায় পৌঁছানোর ঘোষণা দেয়া এখনই সম্ভব নয়। এর জন্য দীর্ঘ পরিক্রমা ও সক্রিয়তার প্রয়োজন।

সীমিত সময়ের জন্য আমাদের প্রকল্পের আয়ু; তদুপরি আমাদের লোকবলও মাত্র চারজন। এই অবস্থায় এই বিশাল কাজের কতখানি বাস্তবায়ন সম্ভব তা ভাববার বিষয়। তবু আমরা অসাধ্য সাধনের লক্ষ্যে ঝাঁপিয়ে পড়েছিলাম এবং যতদূর সফল হয়েছি, তাতে স্বাধীনতা যুদ্ধ সংক্রান্ত তথ্য ও দলিলের ভিত্তিভূমি রচিত হয়েছে, নির্দ্বিধায় এ-কথা বলা যায়। এখন এর বিকাশ ও উন্নয়নের অপেক্ষা রাখে মাত্র। তথ্য ও দলিল সংগ্রহ করতে গিয়ে আমাদের যে অভিজ্ঞতা হয়েছে তাতে একথা বলা যায়।

দলিলপত্র সংগ্রহের ক্ষেত্রে আমাদের প্রচেষ্টা ছিল ব্যাপক এবং খোলামেলা। ব্যক্তিগত যোগাযোগ ছাড়াও এ-উদ্দেশ্যে আমরা বিভিন্ন সময়ে পত্র-পত্রিকায় বিজ্ঞাপন প্রকাশ করেছি এবং মুক্তিযোদ্ধা সংসদ, শিক্ষা প্রতিষ্ঠান, পত্রপত্রিকার দপ্তর, গ্রন্থাগার এবং ইউনিয়ন পরিষদের কর্মকর্তাসহ বিভিন্ন শ্রেণীর জনগণের কাছে প্রেরণ করেছি কয়েক হাজার প্রশ্নমালা। কিন্তু দুঃখজনকভাবে আশানুরূপ সাড়া মেলেনি। প্রতিটি রাজনৈতিক, ছাত্র, শ্রমিক এবং কৃষক সংগঠনের সাথেই যোগাযোগ করা হয়েছে—কিন্তু দলগতভাবে নয়, ব্যক্তিগতভাবে কেউ কেউ দিয়ে গেছেন নিজস্ব সংগ্রহের দলিলপত্র। আবেদনের জবাবে আশানুরূপ সাড়া না পাবার কারণ হিসাবে আমরা দুটি বিষয় লক্ষ্য করেছি: প্রথমত, ইতিহাসের গুরুত্ব সম্পর্কে অসচেতনতা, যার ফলে খুব কম সংখ্যক মানুষই দলিলপত্র সংগ্রহ বা সংরক্ষণ করে থাকেন এবং দ্বিতীয়ত, ভিত্তিহীন সংশয়—বিশেষ করে কারো কারো প্রতিক্রিয়ায়। আমাদের মনে হয়েছে যে, ইতিহাস প্রণয়নের প্রচেষ্টাটি সরকারী হওয়ায় এর সততা ও বস্তুনিষ্ঠতা সম্পর্কে তাঁরা যথেষ্ট সন্দিহান এবং ফলে দলিলপত্র প্রদানের মাধ্যমে পরিকল্পিত ইতিহাসকে সমৃদ্ধ করার পরিবর্তে অপূর্ণাংগতার সম্ভাবনাকেই যেন তাঁরা মেনে নিয়েছেন। ব্যাপক ব্যক্তিগত যোগাযোগের মাধ্যমে এই সমস্যা আমরা অনেকটা কাটিয়ে উঠেছি। সরকারী উদ্যোগের কারণে ইতিহাসের নিরপেক্ষতা সম্পর্কে যে আশংকা, তা আমাদের দলিল-খণ্ডগুলি নিরসন করবে বলে আমরা মনে করি।

এছাড়াও আমরা লক্ষ্য করেছি, এমন অনেকের কাছেই আমাদের দলিল ও তথ্যাদি রয়েছে যা তাঁরা হাতছাড়া করতে রাজী নন। অনেকেই কিছু ছেড়েছেন, কিছু হাতে রেখে দিয়েছেন। আবার কারো কারো প্রত্যাশা, দলিলাদি পুরানো হলে সেগুলি অনেক বেশী লাভের উৎস হয়ে উঠতে পারে। আমরা মূল দলিলের ফটোকপি রেখে অনেককেই তাঁর মূল কপি ফেরত দিয়েছি।

এ-ক্ষেত্রেও অনেকেই ফটোকপি রাখারও সুযোগ দিতে রাজী হননি—অর্থাৎ তাঁর হাতের দলিলটি তিনি বেরই করেননি ভবিষ্যতের আশায়। সরকার দলিল সংগ্রহের ব্যাপারে কোন অর্ডিন্যান্স পাস করেননি, ফলে দলিল পাওয়ার জন্য আমরা ব্যক্তিগত অনুরোধ ও প্রয়াস চালাতে পারি, আইনগত চাপ সৃষ্টি করতে পারি না। অথচ একথাও সত্যি যে, স্বাধীনতা সংক্রান্ত দলিল মাত্রই জাতীয় ইতিহাসের গুরুত্বপূর্ণ উপকরণ, তাকে ব্যক্তিগতভাবে বা প্রতিষ্ঠানগতভাবে কুক্ষিগত করে রাখা উচিত নয়।

এইসংগে আমরা দুঃখের সংগে উল্লেখ করি যে, এই প্রকল্প শুরু হবার আগেই স্বাধীনতা যুদ্ধের বিশিষ্ট নেতাদের অনেককে আমরা হারিয়েছি। ফলে তাঁদের কাছে রক্ষিত দলিলপত্র পাওয়ার কিংবা তাঁদের সাক্ষাৎকার গ্রহণের সুযোগ থেকে আমরা বঞ্চিত হয়েছি।

এইসব বাধাবিঘ্নের মধ্যেই আমাদের এগিয়ে যেতে হয়েছে। ফলে আমাদের এতদসংক্রান্ত যে বুনিয়াদ তৈরী হয়েছে তা অতীতের ত্রুটি সংশোধনে এবং ভবিষ্যতের সম্ভাবনার ক্ষেত্র প্রস্তুত করতে সহায়ক হতে পারে। যে তথ্যগত ফাঁক থেকে যাচ্ছে তা পূরণ হওয়া দরকার। সম্ভব হলে অপ্রকাশিত দলিলপত্র থেকে কিংবা ভবিষ্যতে আরো দলিলপত্র সংগৃহীত হলে তা থেকে নির্বাচন করে অতিরিক্ত খণ্ড প্রকাশ করে এই ফাঁক পূরণের চেষ্টা করা যাবে। দেশ-বিদেশের দুষ্প্রাপ্য দলিল সংগ্রহের চেষ্টা অব্যাহত রাখা একান্ত জরুরী বলেই আমরা মনে করি। এ ধারা ক্ষুণ্ণ হলে একাজ দুরূহতর হবে, এমন কি এটা সম্পূর্ণ করা অসম্ভব হয়ে উঠতে পারে। এ ব্যাপারে স্থায়ী কর্মসূচী সুফলদায়ক হবে সন্দেহ নেই।

দলিল এবং তথ্য প্রামাণ্যকরণের জন্য সরকার নয়-সদস্যবিশিষ্ট একটি প্রামাণ্যকরণ কমিটি গঠন করেন (পরিশিষ্ট দ্রষ্টব্য)।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন প্রো-ভাইস চ্যান্সেলর, প্রখ্যাত ইতিহাসবিদ প্রফেসর মফিজুল্লাহ কবীর এই প্রামাণ্যকরণ কমিটির চেয়ারম্যান।

কমিটির সদস্যরা হলেন :

ডঃ সালাহউদ্দীন আহমদ, প্রফেসর, ইতিহাস বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

ডঃ আনিসুজ্জামান, প্রফেসর, বাংলা বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

ডঃ সফর আলী আকন্দ, পরিচালক, ইনস্টিটিউট অব বাংলাদেশ স্টাডিজ, রাজশাহী।

ডঃ এনামুল হক, পরিচালক, ঢাকা যাদুঘর।

ডঃ কে, এম, করিম, পরিচালক, জাতীয় আর্কাইভস ও গ্রন্থাগার।

ডঃ কে, এম, মহসীন, সহযোগী প্রফেসর, ইতিহাস বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

ডঃ শামসুল হুদা হারুন, সহযোগী প্রফেসর, রাষ্ট্রবিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

জনাব হাসান হাফিজুর রহমান, সদস্য-সচিব।

প্রকল্পের কর্মীবৃন্দ নির্দিষ্ট গ্রন্থের জন্য দলিলাদি বাছাই করে প্রামাণ্যকরণ কমিটির সামনে পেশ করেন। প্রামাণ্যকরণ কমিটি সেগুলি নির্ভুল ও গ্রহণযোগ্য কিনা তা পুংখানুপুংখরূপে যাচাই করেন। কমিটির সর্বসম্মত সিদ্ধান্তানুযায়ী যেসকল দলিল ও তথ্য প্রামাণ্য বলে গৃহীত

হয়, কেবলমাত্র সেগুলিই গ্রন্থে অন্তর্ভুক্ত করা হয়েছে। গ্রন্থের জন্য পেশকৃত দলিলাদির কিছু কিছু কমিটি নাকচ করেন, কিছু নতুন দলিল ও তথ্য, যা গ্রন্থের উৎকর্ষের জন্য নেহাৎ জরুরী, তা সংগ্রহের জন্য নির্দেশ দেন। প্রকল্পের পক্ষ থেকে তাঁদের এই নির্দেশ যথাসাধ্য পালন করা হয়েছে। তবে এক্ষেত্রে অনেক সময় প্রকল্পকে বেশ দুরূহ সমস্যার সম্মুখীন হতে হয়েছে। একেই লোকবল নগণ্য, তার ওপর স্বাভাবিক কাজ সেরে নিতান্ত দুষ্প্রাপ্য দলিলের সন্ধানে প্রকল্পের কর্মীদের হিমসিম খেতে হয়েছে। তবুও কর্মীরা লেগে থেকেছেন এবং অধিকাংশ ক্ষেত্রেই সফলও হয়েছেন। তবে সংগ্রহ যথাসময়ে হয়তো হয়নি, অনেক সময় গড়িয়ে গেছে। ফলে খণ্ডবিশেষে সংযোজন অধ্যায় যোগ করতে হয়েছে। বিশেষভাবে পটভূমি খণ্ড সংকলনে এই পরিস্থিতি প্রকট হয়ে দেখা দিয়েছিল। উদাহরণস্বরূপ বলা যায় যে, ১৯০৫ সালের মূল গেজেট বিজ্ঞপ্তিটি পাওয়া যাচ্ছিল না। পটভূমি খণ্ডের জন্য আমরা প্রামাণ্য গ্রন্থ থেকে এই বিজ্ঞপ্তিটি উদ্ধৃত করি। কিন্তু প্রামাণ্যকরণ কমিটি যতদূর সম্ভব মূল দলিল সংকলনের পক্ষপাতী। তাই মূল দলিল সংগ্রহের চেষ্টা নতুনভাবে নেয়া হয়। ঢাকা গেজেটে এই বিজ্ঞপ্তি ছাপা হয়নি। কোলকাতা গেজেটেও নয়। ইতিমধ্যে পটভূমি খণ্ডটি প্রেসে চলে যায়। এই গেজেটের ফাইল লোকচক্ষুর অন্তরালে ছিল, হঠাৎ অন্য কাগজের স্তূপের ভেতর ধূলিধূসরিত অবস্থায় পাওয়া যায়। তমিজুদ্দিন খানের রীট আবেদনের মূল দলিল খুঁজতে গিয়ে অপরিসীম পরিশ্রমের পরও তা পাওয়া যায়নি। এর মূল কপি সিন্ধু হাইকোর্টে রয়েছে। আনা সম্ভব হয়নি। সুতরাং তা উদ্ধৃতির আকারেই গিয়েছে। এ থেকে প্রামাণ্যকরণ কমিটির সংকলনের কাজ নিখুঁত ও সুষ্ঠু করার জন্য অটল আগ্রহ ও আন্তরিকতাই ব্যক্ত হয়। প্রকল্পের কর্মীরাও তাঁদের এই অনুভূতির যথাসাধ্য মর্যাদা দিয়েছেন, তাঁদের নির্দেশাবলী বাস্তবায়নে কসুর করেন নি—প্রায় ক্ষেত্রেই সফল হয়েছেন। পটভূমি খণ্ডে দলিলসমূহ কালানুক্রম অনুযায়ী সাজানো হয়েছে। অন্যান্য খণ্ডের বেলাতেও কমবেশী এই নীতি অনুসৃত হয়েছে। প্রতিটি খণ্ডেই নির্ঘন্ট ও কালপঞ্জী দেয়া হয়েছে। শেষ খণ্ডে গ্রথিত হচ্ছে সকল খণ্ডের নির্ঘণ্ট এবং কালপঞ্জী; ফলে পাঠকদের পক্ষে কোন্ খণ্ডে কি আছে তা এক নজরে জানা সম্ভব হবে।

প্রামাণ্যকরণ কমিটির সিদ্ধান্ত ছিল দলিলসমূহ মূল যে ভাষায় আছে তাতেই ছাপা হবে। কিন্তু কার্যক্ষেত্রে এতে বিশেষ অসুবিধে দেখা দেয়। বাংলা ও ইংরেজী ভাষার মূল দলিলগুলি আমরা সংকলনে স্থান দিয়েছি, তাছাড়া উর্দু, হিন্দী, আরবী ও রুশ ভাষায় বেশকিছু গুরুত্বপূর্ণ দলিল অনুবাদসহ সংকলনের অন্তর্ভুক্ত হয়েছে। স্বান্দেনেভীয়, ফরাসী, জার্মান, জাপানী ও ইন্দোনেশীয় প্রভৃতি ভাষার বেশকিছু দলিল ও তথ্য থাকা সত্ত্বেও তার অনুবাদ করা এবং গ্রন্থে সেসবের স্থান দেওয়া এখনও সম্ভবপর হয়নি। এগুলি ভবিষ্যতের জন্যে জমা রইল। প্রাসঙ্গিকতা ও পরিসরের কথা বিবেচনা করে কোন কোন দলিল সংক্ষিপ্ত করা হয়েছে, তবে সে ক্ষেত্রে আমরা বিশেষভাবে লক্ষ্য রেখেছি যাতে মূলের বিকৃতি না ঘটে।

বর্তমানে আমাদের সংগ্রহে প্রায় সাড়ে তিন লাখ পৃষ্ঠার দলিল ও তথ্যাদি জমা হয়েছে। এর ভেতর ১৫ হাজার পৃষ্ঠা ছাপা হচ্ছে। বাকি দলিল ও তথ্যাদি ছাপার বাইরে রয়ে যাবে। এছাড়া সংগ্রহের প্রক্রিয়া অব্যাহত থাকায় আরও দলিলপত্র সংগৃহীত হবে। এগুলির গুরুত্বও কম নয়। অর্থাৎ, এগুলির ওপর গবেষণা করা এবং তার ওপর ভিত্তি করে প্রকল্প প্রকাশিত খণ্ডগুলির বাইরেও নতুন তথ্য সংবলিত মুক্তি সংগ্রাম ও স্বাধীনতা যুদ্ধ সংক্রান্ত গ্রন্থ প্রকাশের সম্ভাবনা অবারিত থেকে যাবে। এ সুযোগ সম্প্রসারিত করা দেশ ও জাতির স্বার্থেই একান্ত অপরিহার্য। কারণ এ সম্পর্কে যত বেশী বস্তুনিষ্ঠ তথ্যাদি জাতি জানতে পারবে আমাদের অগ্রযাত্রা তত বেশী নির্ভুল ও স্বচ্ছন্দ হবে। তাছাড়া এ আমাদের অনন্ত অনুপ্রেরণার উৎস, তাই এ সম্পর্কিত প্রতিটি ছত্র পরম যত্ন, দায়িত্ব ও আগ্রহে সংরক্ষিত করা দেশ ও সরকারের নৈতিক কর্তব্যের অন্তর্ভুক্ত। বস্তুত প্রায় প্রতিটি আত্মসচেতন দেশই তাদের অভ্যুদয়ের সংগে জড়িত ঘটনাবলী সংক্রান্ত তথ্যাদি সংগ্রহের জন্য স্থায়ী আর্কাইভস প্রতিষ্ঠা করে থাকেন এবং

এ সংগ্রহের কাজ ও এর ওপর গবেষণার কর্মসূচী অব্যাহত রাখেন। বাংলাদেশের মুক্তি-সংগ্রাম ও স্বাধীনতা যুদ্ধের ব্যাপারে এ সম্ভাবনার বাস্তবায়ন করার সুযোগ সৃষ্টি সমানভাবে দরকার—বিশেষভাবে এ কারণে যে, এ সংগ্রামে এদেশের সর্বস্তরের জনসাধারণ অংশগ্রহণ করেছিলেন। যত দিন যাবে তাদের সংগে যোগাযোগ তত বৃদ্ধি পাবে, নতুন নতুন তথ্য আর্কাইভস-এর সংগ্রহ সমৃদ্ধতর করতে থাকবে। এ সুযোগ বিনষ্ট করা দুর্ভাগ্যজনক ছাড়া আর কিছুই বলা যাবে না।

প্রকল্পের বিপুল পরিমাণ দলিল ও তথ্যাদি সংগ্রহের কাজে স্বতঃস্ফূর্তভাবে সাড়া দিয়ে যাঁরা আমাদের সহযোগিতা করেছেন তাঁদের সকলকে জানাই আন্তরিক ধন্যবাদ। এ পর্যায়ে কিছু প্রতিষ্ঠান, সংগঠন, ব্যক্তি ও কর্মীর নাম বিশেষভাবে উল্লেখযোগ্য। ঢাকা যাদুঘর, বাংলা একাডেমী, ঢাকা বিশ্ববিদ্যালয় গ্রন্থাগার, কেন্দ্রীয় পাবলিক লাইব্রেরী, বাংলাদেশ অবজারভার লাইব্রেরী, দৈনিক বাংলা লাইব্রেরী, জাতীয় সংসদ লাইব্রেরী এবং জাতীয় আর্কাইভস ও গ্রন্থাগার বিভিন্নভাবে আমাদেরকে সাহায্য করেছেন। বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় যাদুঘর এবং দিনাজপুর কালেকটরেট হতেও আমরা কিছু দলিল ও তথ্যাদি পেয়েছি। এছাড়া তথ্য মন্ত্রণালয়, প্রতিরক্ষা মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় গ্রন্থাগার এবং সামরিক গোয়েন্দা পরিদপ্তর (ডি,এম, আই)-এর সৌজন্যে বহুসংখ্যক দলিল-দস্তাবেজ আমরা সংগ্রহ করতে পেরেছি। তাঁদের সক্রিয় সহযোগিতার জন্য আমরা তাঁদের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

ব্যক্তিগত উদ্যোগে ও ব্যক্তিগত সংগ্রহ থেকে অনেকে দলিলপত্র দিয়ে প্রকল্পকে সাহায্য করেছেন। তাঁদের মধ্যে কিছু নাম এখানে উল্লেখ করা খুবই সংগত মনে করছি। প্রাক্তন রাষ্ট্রপতি বিচারপতি আবু সাঈদ চৌধুরী কিছুসংখ্যক মূল্যবান দলিল প্রকল্পকে দিয়েছেন। বিদেশে বাংলাদেশের স্বাধীনতা আন্দোলন এবং মার্কিন কংগ্রেসের বহু সংখ্যক দলিল এ,এম,এ, মুহিতের সৌজন্যে আমরা পেয়েছি। প্রবাসে বাংলাদেশ আন্দোলনের সংগে জড়িত অনেকে তাঁদের দলিলপত্র প্রকল্পকে দিয়েছেন। তাঁদের মধ্যে মরহুমা রাশীদা রউফ, আজিজুল হক ভুইয়া, ডঃ এনামুল হক, আমীর আলী, সাখাওয়াত হোসেন ও জহীরউদ্দীন আহমদের নাম উল্লেখযোগ্য। বিদেশ হতে কিছু মূল্যবান দলিল পাঠিয়েছেন মাহমুদুল হক এবং খোন্দকার ইবরাহিম মোহাম্মদ। মুজিব নগর সরকার এবং স্বাধীন বাংলা বেতারের দলিলপত্র সংগ্রহের ক্ষেত্রে যাদের সাহায্য-সহযোগিতার কথা আমরা বিস্মৃত হব না তাঁরা হলেন হাসান তৌফিক ইমাম, মওদুদ আহমদ, সাঈদুল হাসান, আবদুস সামাদ, দেবব্রত দত্তগুপ্ত, শামসুল হুদা চৌধুরী ও আলমগীর কবীর। পটভূমি পর্যায়ের কিছু গুরুত্বপূর্ণ দলিল দিয়ে সাহায্য করেছেন বদরুদ্দীন উমর, কাজী জাফর আহমদ, অজয় রায়, ইসমাইল মোহাম্মদ, যতীন সরকার, শেখ আবদুল জলিল, ডঃ সাঈদ-উর রহমান এবং আমিনুল হক। ইসমত কাদির গামা, শামসুজ্জামান খান মিলন, উৎপল কান্তি ধর, স্বপন চৌধুরী ও রেজা মোস্তাফা স্বাধীনতা যুদ্ধের দলিল ও তথ্যাদি দিয়েছেন। উল্লিখিত সকলকে আমরা আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। এছাড়া আমাদের বিপুল সংগ্রহের বিরাট কর্মকাণ্ডের সংগে জড়িত রয়েছেন আরও অনেকে। এই স্বল্প পরিসরে তাঁদের প্রত্যেকের নাম উল্লেখ করা সম্ভব নয়। আমাদের আর্কাইভস-এর দলিল সংরক্ষণ খাতায় তাঁদের সকলের নাম দলিলাদির উৎস হিসেবে লিখিত রয়েছে। তাঁদেরকেও ধন্যবাদ।

দলিল ও তথ্যাদির সত্যতা যাচাইয়ের ক্ষেত্রে প্রামাণ্যকরণ কমিটির অবদান কৃতজ্ঞতার সঙ্গে স্মরণ করছি। কমিটির সদস্যগণ পরম ধৈর্য, যত্ন ও আগ্রহ সহকারে দলিলাদির প্রাসঙ্গিকতা ও মূল্য বিচার করেছেন। তাঁরা শুধু দলিলাদির সত্যতা যাচাই করেননি, প্রকল্পের উন্নয়ন এবং বিশেষ করে খণ্ডসমূহের তথ্যসমৃদ্ধি ও সৌকর্য বৃদ্ধির জন্য মূল্যবান পরামর্শ দিয়েছেন। এক্ষেত্রে আমরা বিশেষভাবে কমিটির চেয়ারম্যান প্রফেসর মফিজুল্লাহ কবীরের কথা আন্তরিকতার সংগে স্মরণ করছি।

দলিল সংগ্রহ খণ্ডগুলোর প্রকাশনার ব্যাপারে বাংলাদেশ সরকারের তথ্য মন্ত্রণালয়কে ধন্যবাদ জানাই। এই সংগে বাংলাদেশ সরকারের মুদ্রণ বিভাগ এবং দি প্রিন্টার্স-এর প্রতিও আমরা কৃতজ্ঞতা স্বীকার করছি।

সবশেষে আরও কয়েকজনের কথা বলতে হয়—স্বাধীনতা যুদ্ধের দলিল-সংগ্রহ খণ্ডগুলোর পেছনে রয়েছে যাঁদের অক্লান্ত শ্রম ও নিরলস সাধনা। তাঁরা এই প্রকল্পের চারজন গবেষক—সৈয়দ আল ইমামুর রশীদ, আফসান চৌধুরী, শাহ আহমদ রেজা এবং ওয়াহিদুল হক। শুধুমাত্র চাকরির দায়িত্বে নয়—গবেষণার স্পৃহা ও প্রকল্পের কাজের সংগে একাত্মতায় তাঁরা দলিল ও তথ্যাদি সংগ্রহের কাজ হতে শুরু করে দলিলসমূহের সংগ্রহ, বাছাই, সম্পাদনায় সহায়তা, প্রেসকপি তৈরীকরণ, মুদ্রণ তত্ত্বাবধান—সর্ববিধ কাজ সীমিত ও সংকীর্ণ সময়ের মধ্যে সম্পন্ন করেন। এছাড়া সুকুমার বিশ্বাস ও রতনলাল চক্রবর্তীর শ্রম ও নিষ্ঠার কথা উল্লেখযোগ্য। প্রশাসনিক দিক থেকে আবদুল হামিদের গভীর দায়িত্ববোধ এবং নিরলস তৎপরতা প্রকল্পের স্বাভাবিক কাজকর্ম অব্যাহত রাখতে সাহায্য করেছে।

বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে যাঁরা আত্মাহুতি দিয়েছেন, যাঁরা নির্যাতিত হয়েছেন, যাঁরা ত্যাগ স্বীকার করেছেন, সর্বব্যাপী প্রতিকূল পরিবেশে যাঁরা দেশপ্রেমের দীপশিখা অম্লান রেখেছেন, যাঁরা আমাদের কর্মের পথে প্রতি মুহূর্তের প্রেরণাস্বরূপ তাঁদের সকলের উদ্দেশে গভীর শ্রদ্ধা ও আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করে স্বাধীনতা যুদ্ধের দলিলপত্রের এই সংগ্রহ আমরা দেশের মানুষের হাতে তুলে দিচ্ছি।

হাসান হাফিজুর রহমান

সম্পাদক

দলিল প্রসঙ্গ: পটভূমি—১

'বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ: দলিলপত্র' গ্রন্থের প্রথম খণ্ডে ১৯০৫ থেকে ১৯৫৮ সালের সময়সীমার অন্তর্ভুক্ত বাংলাদেশের রাজনৈতিক, অর্থনৈতিক ও সাংস্কৃতিক বিবর্তনের দলিলপত্র প্রকাশিত হয়েছে।

১৯০৫ সালে বংগভংগ সংক্রান্ত সরকারী ঘোষণা এই খণ্ডে প্রথম দলিলরূপে স্থান পেয়েছে। এরপর সন্নিবেশিত হয়েছে নিখিল ভারত মুসলিম লীগের পাকিস্তান প্রস্তাব সম্পর্কিত দলিল। তৃতীয় দলিলটি হলো শের-ই-বাংলা কর্তৃক লিয়াকত আলী খানকে লিখিত পত্র। এই পত্রে বংগীয় মুসলিম লীগ নেতৃত্বের সংগে কেন্দ্রীয় মুসলিম লীগ নেতৃত্বের দ্বন্দ্বের চিত্র ফুটে ওঠে।

এর মধ্যে সন্নিবেশিত হয়েছে নিখিল ভারত মুসলিম লীগ কর্তৃক ১৯৪০ সালে গৃহীত পাকিস্তান প্রস্তাব থেকে শুরু করে ১৯৪৭ সালের দেশ বিভাগ ও পাকিস্তান প্রতিষ্ঠা সংক্রান্ত নির্বাচিত দলিলপত্র (পৃ: ২ থেকে ৪৬ পর্যন্ত)। এতে একদিকে বংগীয় প্রাদেশিক মুসলিম লীগ নেতৃত্বের দ্বন্দ্বের চিত্র আছে, শেরে বাংলা কর্তৃক লিয়াকত আলী খানকে লিখিত পত্রে তা স্পষ্টরূপ লাভ করেছে; অন্যদিকে আছে বৃটিশ সরকার কর্তৃক উত্থাপিত কিছু প্রস্তাব এবং তাঁদের প্রদত্ত কয়েকটি গুরুত্বপূর্ণ আদেশের দলিল। স্বাধীন ও সার্বভৌম বাংলা প্রতিষ্ঠার প্রচেষ্টা সংক্রান্ত দলিলপত্রও এই অংশে সন্নিবেশিত হয়েছে (পৃ: ২২—৩৫)।

১৯৪৭ থেকে ১৯৪৮ সালের যেসব দলিল এই সংগ্রহের অন্তর্ভুক্ত হয়েছে, তাতে পাকিস্তান প্রতিষ্ঠার পর পূর্ব বাংলার জনসাধারণের ক্রমবর্ধমান অসন্তোষের পরিচয় পাওয়া যায়। এর মধ্যে রয়েছে রাষ্ট্রভাষা বিতর্ক (পৃ:৪৯,৫৪,৬৫—৭৭), মোহাম্মদ আলী জিন্নাহর বিভিন্ন ভাষণ (পৃ:৭৪—৯২), পূর্ব বাংলার মানুষের অধিকারের পক্ষে মওলানা ভাসানীর একমাত্র সংসদীয় বক্তৃতা (পৃ: ৭৩) এবং গণতান্ত্রিক যুবলীগ (পৃ: ৯৩) ও পূর্ব পাকিস্তান আওয়ামী লীগ প্রতিষ্ঠার মাধ্যমে বিরোধী ভাবধারার রাজনৈতিক তৎপরতার দলিল (পৃ: ১১৭—১৬৫)।

১৯৪৮ থেকে ১৯৫২ পর্যন্ত যেসব রাজনৈতিক ঘটনা বা ধারা-উপধারা পরিলক্ষিত হয় তার চিত্র তুলে ধরা হয়েছে পৃষ্ঠা ১৩৫ থেকে ২২৯ পৃষ্ঠা পর্যন্ত। এই অংশে যেমন এসেছে পাকিস্তান গণপরিষদের অবজেকটিভ রেজলিউশান (পৃ: ১৩৬), মৌলিক অধিকার কমিটি রিপোর্ট (পৃ: ১৫৫ থেকে ১৫৭), মূলনীতি সংক্রান্ত ঢাকায় অনুষ্ঠিত জাতীয় মহাসম্মেলন (পৃ: ১৬০ থেকে ১৬৯)—তেমনি সংযোজিত হয়েছে হাজং বিদ্রোহ (পৃ: ১৮২ থেকে ১৪৪), নাচোল বিদ্রোহ (পৃ: ১৫০), ১৯৫০ সালের দাংগাবিরোধী বক্তব্য (পৃ: ১৫২) সংক্রান্ত দলিল।

১৯৫২ সালের ভাষা আন্দোলন সংক্রান্ত বিভিন্ন দলিলের মধ্যে রয়েছে নাজিমুদ্দিনের বক্তৃতা (পৃ: ২৩০), তৎকালে প্রকাশিত ভাষা আন্দোলনের ঘটনাপঞ্জী (পৃ: ২৩২ থেকে ২৩৮), বিভিন্ন প্রতিক্রিয়া (পৃ: ২৩৯ থেকে ২৪১) ও প্রধানমন্ত্রী নূরুল আমিনের বক্তব্য। গণপরিষদে বাংলাভাষা সংক্রান্ত প্রস্তাব (পৃ: ২৪৯ থেকে ২৬২) এবং সর্বদলীয় কেন্দ্রীয় রাষ্ট্রভাষা কর্ম পরিষদের দলিল দেওয়া হয়েছে ২৬৩ থেকে ২৬৭ পৃষ্ঠায়।

২১শে ফেব্রুয়ারীতে ছাত্র-জনতার উপর গুলিবর্ষণ সম্পর্কে তদন্তের জন্য প্রতিষ্ঠিত এলিস কমিশন রিপোর্টটিও অন্তর্ভুক্ত করা হয়েছে (পৃ: ২৭২ থেকে ৩০৫)। সংযোজনী অংশে তৎকালীন পত্রিকায় প্রকাশিত ঘটনার আরও কিছু বিবরণ এবং রাজনৈতিক দলের প্রচারপত্র দেওয়া হয়েছে।

১৯৫৩ সালে যুক্তফ্রন্ট গঠন (পৃ:৩৭২), ২১-দফা কর্মসূচী (পৃ:৩৭৩), ১৯৫৪ সালের নির্বাচন ও অন্যান্য বিষয়ের দলিল রয়েছে ৩৭২ থেকে ৩৯০ পৃষ্ঠায়। ৯২-ক ধারার মাধ্যমে যুক্তফ্রন্ট মন্ত্রিসভা বাতিলের দলিল রয়েছে পৃ: ৪০৬ থেকে ৪০৯ পর্যন্ত। ১৯৫৪ সালে গণপরিষদ বাতিল হবার (পৃ: ৪১০) পর থেকে ১৯৫৮ সালে সামরিক আইন জারি হওয়া পর্যন্ত যেসব দলিল অন্তর্ভুক্ত করা হয়েছে তা যেমন বাংলাদেশের মানুষের ক্রমবর্ধমান অসন্তোষের পরিচয় বহন করে তেমনি পূর্ব পাকিস্তানে বিভিন্ন রাজনৈতিক দল কর্তৃক সরকার গঠনের প্রচেষ্টা (পৃ: ৪২৪,৬৭৯ ও অন্যান্য), পূর্ব ও পশ্চিম পাকিস্তানের সংখ্যাসাম্যের ব্যাপারে মারী চুক্তি (পৃ: ৪৩০) এক ইউনিট গঠন প্রভৃতি শাসনতন্ত্র ইত্যাদির বিবরণ দেয়।

আন্তর্জাতিক রাজনীতি ও অন্যান্য বিষয়ে পূর্ব পাকিস্তানের প্রধান রাজনৈতিক দল আওয়ামী লীগের অভ্যন্তরে দ্বন্দ্ব, কাগমারী সম্মেলনে তার বিশিষ্ট প্রকাশ (পৃ: ৫৯১—৬০২) এবং এই মূলে ১৯৫৭ সালে ন্যাশনাল আওয়ামী পার্টি নামে নতুন রাজনৈতিক দল গঠনের (পৃ: ৬১১) দলিলপত্র এবং পূর্ব বাংলার মানুষের ক্রমবর্ধমান অসন্তোষের বিবরণ পাওয়া যায় আওয়ামী লীগ মুখ্যমন্ত্রী আতাউর রহমান খানের বক্তব্যে (পৃ: ৬১৫)। এই রাজনৈতিক আবহাওয়ার প্রেক্ষাপটে ১৯৫৮ সালের ৭ অক্টোবর প্রেসিডেন্ট ইসকান্দার মীর্জা কর্তৃক সামরিক আইন ঘোষণা এবং ২৭ অক্টোবর জেনারেল আইয়ুব খানের কাছে ক্ষমতা হস্তান্তর করার দলিল পাওয়া যাবে যথাক্রমে ৬২৩ ও ৬৩২ পৃষ্ঠায়।

১৯৪৭ থেকে ১৯৫৮ সাল পর্যন্ত পাকিস্তানে সংসদীয় ব্যবস্থা প্রচলিত ছিল। রাষ্ট্রীয় কাঠামো, সংবিধান রচনা, স্বায়ত্তশাসন, নির্বাচন প্রণালী, রাষ্ট্রভাষার প্রশ্ন এবং পূর্ব বাংলার অর্থনৈতিক অবনতি সংক্রান্ত বিষয় সংসদীয় বিতর্কে গুরুত্বপূর্ণ স্থান পেয়েছিল। এই খণ্ডে সংসদীয় বিতর্ক থেকে গৃহীত দলিলের সংখ্যা তাই বেশী। বলাবাহুল্য, আমরা যেসব দলিল সংগ্রহ করতে পেরেছি, তার থেকে নির্বাচন করেই এই সংকলন তৈরী করা হয়েছে।

হাসান হাফিজুর রহমান

সম্পাদক

পরিশিষ্ট

[এক]

[The Bangladesh Gazette Part II, September 1, 1977, Page 503]

Ministry of Information and Broadcasting

* * *   * * *   * * *

বিজ্ঞপ্তি

ঢাকা, ২৩শে আগস্ট, ১৯৭৭

নং তথ্য/৪ই-২৫/৭৭/৪১৪৮১—স্বাধীনতা সংগ্রামের ইতিহাস রচনার উদ্দেশ্যে দৈনিক বাংলার প্রাক্তন সম্পাদক জনাব হাসান হাফিজুর রহমানকে তথ্য ও বেতার মন্ত্রণালয়ে বিশেষ ভারপ্রাপ্ত অফিসার পদে ১৯৭৭ সনের ১লা জুলাই হইতে জনস্বার্থে এক বৎসরের জন্য চুক্তি-ভিত্তিতে নিয়োগ করা হইল।

২। চুক্তির শর্তানুযায়ী তিনি তাঁহার বেতন ও অন্যান্য সুবিধাদি পাইবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে
আবদুস সোবহান
উপ-সচিব।

পরিশিষ্ট

[দুই]

GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

MINISTRY OF INFORMATION AND BROADCASTING, DACCA

No. 51/2/78-Dev/231, dated 18-7-1978.

RESOLUTION

In connection with the Writing and Printing the History of Bangladesh War of Liberation, the Government have been pleased to constitute an Authentication Committee for the Project "Writing and Printing of a History of Bangladesh War of Liberation" with the following members:

1. Dr. Mafizullah Kabir	Pro-Vice Chancellor, Dacca University.
2 Professor Salahuddin Ahmed	Chairman, Department of History. Jahangir Nagar University.
3 Dr. Safar Ali Akanda	Director, Institute of Bangladesh Studies, Rajshahi.
4 Dr Enamul Huq	Director, Dacca Museum.
5. Mr K.M. Mohsin	Associate Professor, Deptt. of History, Dacca University.
6. Dr. Shamsul Huda Harun	Associate Professor, Deptt. of Political Science, Dacca University.
7. Dr. Ahmed Sharif	Professor and Chairman, Deptt of Bengali, Dacca University.
8 Dr. Anisuzzaman	Professor, Deptt. of Bengali, Chittagong University.
9. Mr. Hasan Hafizur Rahman	O.S.D., History of Bangladesh War of Liberation Project.

The following shall be the terms of reference of the Committee:

(a) To verify, endorse and authenticate the collected data and documents to be included in the History of Bangladesh War of Liberation

(b) To determine validity and price of documents are required for the purpose.

SYED ASGAR ALI
Section Officer.

GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

MINISTRY OF INFORMATION AND BROADCASTING, DACCA

No 51/2/78-Dev/10493(25), dated 13-2-1979.

RESOLUTION

In partial modification of Resolution issued under No 51/2/78-Dev/231, dated 18-7-78, Govt have been pleased to reconstitute an Authentication Committee for the Project "Writing and Printing of a History of Bangladesh War of Liberation" with the following members

1.	Dr. Mofizullah Kabir, Pro-Vice Chancellor, Dacca University	Chairman.
2.	Prof. Salahuddin Ahmed, Chairman, Deptt of History, Jahangir Nagar University.	Member.
3.	Dr. Anisuzzaman, Prof., Deptt. of Bengali, Chittagong University.	Member
4.	Dr. Safar Ali Akanda, Director, Institute of Bangladesh Studies, Rajshahi	Member.
5.	Dr. Enamul Huq, Director, Dacca Museum	Member
6.	Mr. K.M. Mohsin. Associate Professor, Deptt of History, Dacca University.	Member.
7.	Dr. Shamsul Huda Harun, Associate Professor, Deptt. of Political Science Dacca University.	Member.
8.	Dr. K.M. Karim, Director, National Library and Archives, Dacca.	Member
9.	Mr. Hasan Hafizur Rahman, O.S.D., History of Bangladesh War of Liberation Project.	Member-Secretary

2. The following shall be the terms of reference of the committee:

(a) To verify, endorse and authenticate the collected data and documents to be included in the History of Bangladesh War of Liberation.

(b) To determine validity and price of documents required for the purpose.

M.A. SALAM KHAN
Section Officer.

সূচীপত্র

বিষয়

বিশ

বিষয়		পৃষ্ঠা
৫৫।	ভাষা বিতর্কের উপর লিখিত প্রবন্ধ : সকল ভাষার সমান মর্যাদা ..	২৪০
৫৬।	ভাষা আন্দোলনের উদ্দেশ্য ও গতি প্রকৃতির সমালোচনায় পূর্ব-পাকিস্তানের মুখ্যমন্ত্রী জনাব নুরুল আমীনের বক্তব্য ।	২৪২
৫৭।	যুব দাবী দিবস উপলক্ষে পূর্ব-পাকিস্তান যুবলীগের রাজনৈতিক ঘোষণা .	২৪৭
৫৮।	পাকিস্তান গণপরিষদে বাংলা ভাষাকে পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষা করার প্রস্তাব উত্থাপন ।	২৪৯
৫৯।	সর্বদলীয় কেন্দ্রীয় রাষ্ট্রভাষা কর্মপরিষদ সম্মেলনে জনাব আতাউর রহমান খানের ভাষণ।	২৬৩
৬০।	বাংলা ভাষার পক্ষে ইসলামী ভ্রাতৃসংঘের ঘোষণা .. .	২৬৮
৬১।	রাষ্ট্রভাষা আন্দোলনকালে মিছিলে গুলিবর্ষণের ঘটনার উপর জাস্টিস এলিস-এর তদন্ত রিপোর্ট।	২৭২
৬২।	পাকিস্তান গণপরিষদে মূলনীতি কমিটির রিপোর্ট পেশকালে জনাব খাজা নাজিমুদ্দিন-এর বক্তৃতা	৩০৬
৬৩।	পাকিস্তান গণপরিষদে পেশকৃত মৌলিক অধিকার কমিটির রিপোর্ট ..	৩১১
৬৪।	মূলনীতি কমিটির চূড়ান্ত রিপোর্ট	৩১৮
৬৫।	মোহাম্মদ আলী ফর্মুলা	৩৫৮
৬৬।	মূলনীতি কমিটির চূড়ান্ত রিপোর্টের উপর বিতর্ক	৩৬৩
৬৭।	যুক্তফ্রন্ট গঠন	৩৭২
৬৮।	যুক্তফ্রন্টের ২১-দফা	৩৭৩
৬৯।	যুক্তফ্রন্টের নির্বাচন সংক্রান্ত সার্কুলার	৩৭৫
৭০।	মুসলিম লীগ বিরোধী যুক্তফ্রন্টের প্রচার পুস্তিকা	৩৭৬
৭১।	যুক্তফ্রন্টের নির্বাচন-পরবর্তী সাংগঠনিক সার্কুলার	৩৮৭
৭২।	নির্বাচনে যুক্তফ্রন্টের বিজয়	৩৮৯

বিষয়	পৃষ্ঠা

বিষয়	পৃষ্ঠা
১১১। পাকিস্তান ন্যাশনাল আওয়ামী পার্টি গঠিত	৬১১
১১২। সাধারণ নির্বাচন বানচালের বিরুদ্ধে হুঁশিয়ারী	৬১৩
১১৩। পূর্ব-পাকিস্তানের আর্থিক অবস্থা সম্পর্কে মুখ্যমন্ত্রী জনাব আতাউর রহমান খান-এর ভাষণ	৬১৫
১১৪। সামরিক আইন জারি ও জেনারেল ইস্কান্দার মীর্জা কর্তৃক ক্ষমতা দখল ..	৬২৩
১১৫। প্রেসিডেন্ট ইস্কান্দার মীর্জা কর্তৃক ঘোষিত 'নিও লীগাল অর্ডার' এবং এ প্রসঙ্গে প্রধান বিচারপতি মুনীরের বক্তব্য	৬২৭
১১৬। জেনারেল আইয়ুব খানের ক্ষমতা দখল	৬৩৪

সংযোজন

১১৭। বংগভংগ সংক্রান্ত আরও সরকারী দলিল	৬৩৫
১১৮। বংগভংগ রদ সংক্রান্ত সরকারী দলিল	৬৩৭
১১৯। রাষ্টভাষা বাংলার সপক্ষে একটি নিবন্ধ	৬৪৩
১২০। অবজেকটিভ রেজলিউশন সংক্রান্ত বিতর্ক	৬৪৭
১২১। রাষ্ট্রভাষা বাংলার সমর্থনে ও ২১শে ফেব্রুয়ারী হত্যাকাণ্ডের প্রতিবাদে দুটি লিফলেট	৬৭১
১২২। ১৯৫২ সালের ফেব্রুয়ারী : ভাষা আন্দোলনের ঘটনাপঞ্জী	৬৭৩
১২৩। ভাষা আন্দোলনকালীন দৈনিক আজাদ-এর দুটি সম্পাদকীয়	৭০৫
১২৪। মোজাফফর আহমদ চৌধুরী ও মীর্জা গোলাম হাফিজের বিরুদ্ধে সরকারের আটকাদেশ সংক্রান্ত তথ্য	৭০৮
১২৫। পূর্ব পাকিস্তান গণতন্ত্রী দলের আত্মপ্রকাশ : পাকিস্তানে কনফেডারেশন প্রতিষ্ঠার দাবী	৭১১
১২৬। পূর্ব বাংলায় ৯২-ক ধারা জারির পরিপ্রেক্ষিতে কেন্দ্রীয় সরকারের দমননীতি : রাজনৈতিক নেতা ও কর্মীদের ব্যাপক গ্রেফতার	৭১৩
১২৭। পাকিস্তান গণ পরিষদ বাতিলের বিরুদ্ধে তমিজুদ্দীন খানের রীট আবেদন ..	৭১৭
১২৮। পূর্ব পাকিস্তান ব্যবস্থাপক সভায় আতাউর রহমান খানের বাংলায় বাজেট বক্তৃতা	৭১৯
১২৯। পূর্ব পাকিস্তান ব্যবস্থাপক সভায় নির্বাচন প্রথা সম্পর্কিত বিতর্ক ও যুক্ত নির্বাচনের সপক্ষে প্রস্তাব গ্রহণ	৭২৮
১৩০। নিখিল পাকিস্তান গণতান্ত্রিক কর্মী সম্মেলনে মওলানা আবদুল হামিদ খান ভাসানীর বক্তৃতা	৭৫৯
১৩১। পাকিস্তান কেন্দ্রীয় মন্ত্রীপরিষদসমূহের তালিকা	৭৭৪
১৩২। নির্ঘণ্ট ..	৭৮৩

বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ

দলিলপত্র : প্রথম খন্ড

পটভূমি

(১৯০৫—১৯৫৮)

শিরোনাম	সূত্র	তারিখ
বংগ-ভংগ প্রস্তাব সম্পর্কিত দলিল।	স্ট্রাগল ফর ফ্রিডম: আর, সি মজুমদার, পৃষ্ঠা—২০	১৯শে জুলাই ১৯০৫

PARTITION OF BENGAL

[The news that Assam with Dacca, Chittagong and Rajshahi Divisions of Bengal would be constituted as a separate province first appeared in the Calcutta Press on 6 July, 1905 and next day it was officially announced from Simla.]

The resulting changes are summed up in para 7 of the resolution which runs as follows:

"7. The effect of the proposals thus agreed upon, and now about to be introduced will be as follows:

A new province will be created with the status of a Lieutenant-Governorship, consisting of the Chittagong, Dacca and Rajshahi Divisions of Bengal, the district of Malda, the State of Hill Tipperah, and the present Chief Commissionership of Assam. Darjeeling will remain with Bengal. In order to maintain associations which are highly valued in both areas, the province will be entitled Eastern Bengal and Assam. Its Capital will be at Dacca with subsidiary headquarters at Chittagong. It will comprise an area of 106,540 square miles and a population of 31 millions, of whom 18 millions are Mohammadans and 12 millions Hindus. It will possess a Legislative Council and a Board of Revenue of two members and the Jurisdiction of the High Court of Calcutta is left undisturbed. The existing province of Bengal diminished by the surrender of these large territories on the east and of the five Hindu States of Chhota Nagpur but increased by the acquisition of Sambalpur and the five Uriya States before mentioned, will consist of 141,580 square miles with a population of 54 millions of whom 42 million are Hindus and 9 millions Mohammadans. In short the territories now composing Bengal and Assam will be divided into two compact, and self-contained provinces, by far the largest constituents of each of which will be homogeneous in character, and which will possess clearly defined boundaries and be equipped with the complete resources of an advanced administration."

FOOT-NOTE: The revised scheme of Partition was conveyed to the public in the form of a Government Resolution, dated 19 July and published in the Calcutta Press on the 20th.

(The full text of the Resolution is given by Bengal, op. cit. App. G.P.L.)

শিরোনাম	সূত্র	তারিখ
লাহোর প্রস্তাব	পাকিস্তান ডকুমেন্ট—হিস্টরিক ডকুমেন্টস, পৃষ্ঠা—১৭২।	২৩শে মার্চ, ১৯৪০

Resolution adopted by the All-India Muslim League at Lahore in its twenty-seventh Annual Session on 23rd March 1940, commonly known as "Pakistan Resolution":

While approving and endorsing the action taken by the Council and the Working Committee of the All-India Muslim League, as indicated in their resolutions, dated 27th of August, 17th and 18th of September and 22nd of October 1939, and 3rd of February 1940 on the constitutional Issue, this Session of the All-India Muslim League emphatically reiterates that the scheme of federation embodied in the Government of India Act, 1935, is totally unsuited to, and unworkable in the peculiar conditions of this country and is altogether unacceptable to Muslim India.

It further records its emphatic view that while the declaration dated the 18th of October 1939 made by the Viceroy on behalf of His Majesty's Government is re-assuring in so far as it declares that the policy and plan on which the Government of India Act, 1939, is based will be reconsidered in consultation with the various parties, interests and communities in India, Muslim India will not be satisfied unless the whole constitutional plan is reconsidered *de novo* and that no revised plan would be acceptable to the Muslims unless it is framed with their approval and consent.

Resolved that it is the considered view of this Session of the All-India Muslim League that no constitutional plan would be workable in this country or acceptable to the Muslims unless it is designed on the following basic principles, *viz.*, that geographically contiguous units are demarcated into regions which should be so constituted, with such territorial re-adjustments as may be necessary, that the areas in which the Muslims are numerically in a majority as in the North-Western and Eastern zones of India should be grouped to constitute "Independent States" in which the constituent units shall be autonomous and sovereign.

That adequate, effective and mandatory safeguards should be specifically provided in the constitution for minorities in these units and in the regions for the protection of their religious, cultural, economic, political, administrative and other rights and interests in consultation with them and in other parts of India where the Musalmans are in a minority adequate, effective and mandatory safeguards shall be specifically provided in the constitution for them and other minorities for the protection of their religious, cultural, economic, political, administrative and other rights and interests in consultation with them.

This Session further authorises the Working Committee to frame a scheme of constitution in accordance with these basic principles, providing for the assumption finally by the respective regions of all powers such as defence,

external affairs, communications, customs, and such other matters as may be necessary.

Proposed by—The Hon'ble Moulvi A. K. Fazlul Huqe, Premier of Bengal.

Seconded by—Choudhuri Khaliquzzaman Saheb, M. L. A. (U. P.).

Supported by—Maulana Zafar Ali Khan Saheb, M. L. A. (Central).

,, Sardar Aurangzeb Khan Saheb, M. L. A. (N.W.F. Province)

,, Haji Sir Abdoola Haroon, M L.A. (Central).

,, K.B. Nawab Ismail Khan Saheb, M.L.C. (Bihar).

,, Qazi Mohammad Isa Khan Saheb, President of Baluchistan Provincial Muslim League

,, Abdul Hammed Khan Saheb, M L. A. (Madras).

,, I. I. Chundrigar Saheb, M. L. A. (Bombay).

,, Syed Abdur Rauf Shah Saheb, M.L.A. (C.P.)

,, Dr. Mohammed Alum, M.L.A (Punjab).

,, Syed Zakir Ali Saheb, (U.P.).

,, Begum Sahiba Maulana Mohammad Ali.

,, Maulana Abdul Hamid Saheb Qadri, (U.P.)

শিরোনাম	সূত্র	তারিখ
মুসলিম লীগ নেতৃত্বের মনোভাব ও ভূমিকার প্রতিবাদে দল থেকে পদত্যাগের প্রশ্নে লিয়াকত আলী খানকে লিখিত ফজলুল হকের চিঠি।	দৈনিক স্টেটসম্যান সূত্র : অমলেন্দু দে—পাকিস্তান প্রস্তাব ও ফজলুল হক, পৃ: ১১৫ ও শীলা সেন, 'মুসলিম পলিটিক্স ইন বেংগল'।	৮ই সেপ্টেম্বর, ১৯৪১

ফজলুল হক লিয়াকৎ আলির নিকট লিখিত পত্রে যে দৃঢ় মনোভাব ব্যক্ত করেন তার কিছু অংশ এখানে উদ্ধৃত করা হলঃ "But before I conclude I wish to record a most emphatic protest against the manner in which the interests of the Moslems of Bengal and the Punjab are being imperilled by Moslem leaders of the Provinces where the Moslems are in a minority, popularly known among Moslems as the minority provinces of India. Except in Bengal and the Punjab which together account for nearly 50 millions of Moslems and nearly 50 per cent of the total Moslem population of India, the remaining 50 millions of Moslems are scattered throughout the continent in such a manner that they are in a most hopeless minority in the so-called minority provinces, in some cases the Moslem minority dwindling to about 4 or 5 per cent of the population. It is evident that these Moslem brethren of ours can never hope to be in the enjoyment of even an effective voice in the administration, leave alone the prospect of their ever being in power. It is conceivable that they cannot realise, nor even imagine, the advantages of the Moslem community being in a dominant position in the administration of Bengal and the Punjab. Nor do they realize the responsibilities of the Moslem Premiers of those provinces. Naturally enough they think that just as all their own political prospects are bleak and barren, even so is the case with the Moslems of Bengal and the Punjab. Naturally, enough they do not care for the repercussions on the politics of the Moslems of Bengal and the Punjab of any decision they may take with regard to Moslem India as a whole. I would ask the Moslem leaders of the minority provinces to remember that if they meddle to much with the politics of the majority provinces, they will do so at the peril of the interest of the entire Moslem community of India. For my part, I will never allow the interest of 33 millions of the Moslems of Bengal to be put under the domination of any outside authority however eminent it may be

"At the present moment I have a feeling that Bengal does not count much in the counsels of political leaders outside our province, although we constitute more than ⅓rd of the total Moslem population of India. Even in this controversy, the leaders of the minority provinces never cared to take into in consideration my particular responsibilities and difficulties and wanted to drawn my voice with meaningless slogans which may suit their own conditions of political helplessness, but which are utterly unsuited to the conditions prevailing in my province. I was condemned before I could put before the President my point of view."

[8th September 1941. *vide* Statesman 11 September, 1941—Letter of A. K. Fazlul Huq to the Secretary of All-India Muslim League.]

Fazlul Huq's Letter to Liaquat Ali Khan, Secretary, All-India Muslim League, dated 8 September, 1941.

Early in July Viceroy asked me through my Governor to serve on National Defence Council as Premier of Bengal representing this Province. I assented feeling this to be my duty. I knew I was selected in official capacity as Premier so no objection could possibly arise. I was surprised to read statement from League President as soon as personnel of Council was announced that he considered action of myself and other League members so objectionable that he must consider what action should be taken to express his disapproval of our conduct. I issued statement explaining position and contending that Premiers were selected in official capacity and therefore could not refuse to serve. I thought position was clear and clamour caused by President's statement would subside; but I was amazed to read President's statement dated 30th July declaring that it had been decided to take disciplinary action. There was no ambiguity in language and words used indicated accomplished fact. I maintain this action of President was highly unconstitutional. Despite Madras resolution he should never have done anything without hearing our explanation. I also maintain that his subsequent decision to refer matter to Working Committee was meaningless. Working Committee had no alternative but to endorse President's action as refusal would have amounted to vote of no-confidence in President, contingency that Working Committee were not prepared to face Committee therefore passed resolution calling upon me to resign unconditionally from National Defence Council.

2. President apparently received communication from Viceroy through Bombay Governor on 21st July intimating Premiers had been approached to serve on Defence Council in certain capacity. Whether we were selected as Premiers or as representative men, President knew of our selection at least one day before names were published. It was his clear duty to inform us by telegram or by telephone of his disapproval and that he would like us to resign from Defence Council; he might even have hinted that if we did not resign he would be obliged to take disciplinary action against us But instead he waited till names were published and then announced decision to take disciplinary action, even ordinary courtesy required a warning before such announcement His procedure placed us in extremely awkward position, he gave us on opportunity of explanation and took us unawares as if anxious to make public exhibition of his authority; he thus converted simple affair into complicated political problem.

3. I maintain that acceptance of membership of Defence Council in no way involves breach of League's principle or policy. League last year rejected Viceroy's offer to form expanded War Council composed of Indian states and representatives of various political parties but Defence Council consists of Indian states and representatives of various Provinces. This makes fundamental difference and membership of Defence Council therefore does not come within mischief of League resolution. Despite President's declaration that we were selected as Muslim representatives I maintain that we were selected as Premiers. From this point of view also membership of Defence Council does not involve violation of League principles and policy. Further since outbreak of war, I have been taking keenest interest in promoting war efforts and using official and non-official position to induce people of Bengal to cooperate in support thereof.

Hitherto President has not expressed disapproval of my extensive activities in aid of war efforts but has even allowed prominent Muslim League leaders to act likewise throughout India.

4. Having regard to my provincial war activities my membership of Defence Council pales into insignificance; I consider it absurd that I should be called upon to non-cooperate with Government of India at centre. On merits I maintain President's action ratified by Working Committee was unjustified. I do not admit that my acceptance of membership of Council has disapproval of majority of Muslim community of India or of Bengal Muslims. Outside Province there is large volume of public opinion in my favour. President's action throughout has been unfair and unconstitutional and I have done nothing contrary to interests of Muslim community; charge that by accepting membership of Council I have created a situation which may lead to split in ranks of Muslim India is baseless I therefore find no justification for resiling from my original decision to stick to membership of Council despite view of President and Working Committee.

5. But there are other matters to be taken into consideration. President's indiscreet and hasty announcement creating feeling in Muslim minds that we have accepted membership of Council from personal interests or to oblige high officials has produced most baneful consequences. Very few of present generation of Muslim politicians know services I have rendered to League of Muslim Community; without wishing to be boastful I have no cause to be ashamed of my record as a leader in cause of Islam and Indian Muslims. I emphatically declare that I am not being hampered in any way by high officials from exercising my independent judgement. I have been faced by embarrassing dilemma I feel I ought to adhere to Council, but I also feel that continuance therein especially after other Premiers have vacated their seats would lead to split in ranks of Indian Muslims. In such event I would be held responsible for situation and responsibility may also be thrown on other personage who have not had slightest desire to interfere in these matters but whose detachment is not within knowledge of public

6 In these circumstances I feel that no useful purpose would be served by my being member of National Defence Council; I am therefore going to request Viceroy through Governor to give me leave to tender resignation. In taking this step I have had before me sole desire to avoid conflict in ranks not merely of Muslim League but also of Indian Muslim community My reason for resignation thus differs from Sir Sikander's. He alleged to have resigned because he felt convinced he had acted under misconception of facts I resign because though convinced I was right in accepting membership of Council, my continuance therein would jeopardise interests of community Sir Sikander feels he was wrong and has rectified mistake: I feel I was right but cannot continue member in view of possible consequences I am thus deliberately accepting position which militates against my own judgement, in desire to avoid greater evil of domestic feud at time when we should close our ranks for great task ahead of defending best interests of community and country

7. I protest emphatically against manner in which Bengal and Punjab Muslim interests are being imperilled by Muslim leaders of 'Minority Provinces'. Muslim brethren in minority provinces can never hope to enjoy effective voice in administration let alone power. They cannot imagine advantages of dominant

position of Muslim community in administration of Bengal and Punjab. They neither realise responsibilities of Muslim Premiers of these Provinces nor care for repercussions on politics of Bengal and Punjab Muslims of their decisions for Muslim India as a whole. They should not meddle too much with politics of majority provinces. At present I feel that Bengal does not count much in counsels of political leaders outside province, though we constitute more than one-third of total Muslim population of India. My critics prejudge and condemn me without knowing facts and forgot my life long services to Muslim community. I confidently hope that political dictators in future will act with greater foresight so as to prevent creation of situation from which escape can be effected only by course of action which is revolting to sound sense or even conscience.

8. It follows that I cannot continue to be member of Working Committee of All India Muslim League. As mark of protest against arbitrary use of powers vested in President I resign from membership of Working Committee and Council of All India Muslim League. I cannot usefully continue to be member of body which shows scant courtesy to provincial leaders and arrogates to itself functions which ought to be exercised by provincial executive. In matters under discussion President should have referred question to decision of Provincial Muslim League. He has signally failed to discharge heavy responsibility of office in constitutional and reasonable manner. In tendering resignation I should like to enter caveat that recent events have forcibly brought home to me that principles of democracy and autonomy in All-India Muslim League are being subordinated to arbitrary wishes of single individual who seeks to rule as omnipotent authority even over destiny of 33 millions in Bengal who occupy key position in Indian Muslim politics.

Source: Government of India, Home Political File 17-[illegible] To [illegible].

শিরোনাম	সূত্র	তারিখ
হিন্দু-মুসলিম সম্প্রীতি রক্ষার্থে ফজলুল হকের ভূমিকা।	পাকিস্তান প্রস্তাব ও ফজলুল হক—অমলেন্দু দে, পৃষ্ঠা—২৪৯।	২০শে জুন, ১৯৪২

Resolutions adopted at the Hindu-Muslim Unity Conference held at Calcutta on 20 June, 1942 :

সময় পাইলেই সব ঠিক হইবে একথা সম্পূর্ণ মিথ্যা, সরকারী কর্তৃপক্ষ কাহার স্বার্থে রাষ্ট্র পরিচালনা করিতেছে— ধনিকের না গরীবের? এটাই হইল আসল প্রশ্ন। যে সরকার ধনিকের স্বার্থে রাষ্ট্র পরিচালনা করে তাহাকে সময় দেওয়ার অর্থ ধনিকের শক্তিবৃদ্ধি করিতে সুযোগ দেওয়া মাত্র।

গণতান্ত্রিক শাসন ব্যবস্থা—

যে রাষ্ট্রে অর্থনৈতিক ও রাজনৈতিক গণতন্ত্রের স্থান নাই, সেই রাষ্ট্রে গণতান্ত্রিক সমাজ ব্যবস্থা আশা করা বৃথা।

আমরা দাবী করিয়াছিলাম সকলের কাজ করিবার অধিকার চাই, গ্রামে গ্রামে বিনা বেতনে শিক্ষা দিবার স্কুল চাই, প্রতি ইউনিয়নে সরকারী ডাক্তার চাই। বলা বাহুল্য যে, ইহার কোনটাই আমরা পাইতেছি না এবং পাইবার কোন সম্ভাবনাও দেখিতেছি না। প্রত্যেকের কাজের অধিকারের বদলে পাইতেছি বেকার সমস্যা, গ্রামে গ্রামে স্কুলের পরিবর্তে বর্তমানে সামান্য কয়টি স্কুল ও সরকারী শিক্ষা বিভাগের খেয়ালমত ভাঙ্গা গড়া চলিতেছে। স্বাস্থ্যের উন্নতি দূরের কথা সরকারী খরচে মাত্র যে কয়জন Health Assistant টিকা, ইনজেকশান দিবার জন্য রাখা হইয়াছে তাহাদেরও বরখাস্তের ব্যবস্থা হইতেছে। শ্রমিক, কৃষক, নারী জাতি প্রভৃতির জন্য আমরা যে সকল অধিকার দাবী করিয়াছিলাম, একটি সুখী সমাজ ব্যবস্থা গড়িবার যে আদর্শ, যে কর্ম-পন্থা আমরা গ্রহণ করিয়াছিলাম বর্তমান শাসকমণ্ডলীর হাতে তাহা সম্পূর্ণ উপেক্ষিত হইয়াছে। গত এক বছরে নূতন সমাজ ব্যবস্থা গড়িয়া তোলা দূরে থাকুক পুরাতন জরাজীর্ণ ব্যবস্থাও ভাঙ্গিয়া পড়িয়াছে। সমাজের বিভিন্ন শ্রেণীকে নূতন অধিকার দানের বদলে পুরাতন অধিকার কাড়িয়া লওয়া হইয়াছে।

বর্তমান শাসক শ্রেণী খাদ্য সমস্যার সমাধান করিতে পারিতেছে না অথচ খবরের কাগজে বিবৃতি দিতেছে যে দেশে খাদ্য সমস্যা নাই। কোন জিনিষেরই দর কমাইতে পারিতেছে না। সকল রকমের কুটির শিল্প ধ্বংস হইয়া যাইতেছে। ছাঁটাই প্রভৃতির ফলে বিরাট আকারে বেকার সমস্যা দেখা দিয়াছে। এক কথায় বলিতে গেলে লোকের আয় ক্রমেই কমিতেছে আর ব্যয় বহুলাংশে বাড়িয়া চলিয়াছে, অথচ সরকারী কর্তৃপক্ষ ইহার বিরুদ্ধে কোন ব্যবস্থাই গ্রহণ করে নাই। কিন্তু রেল শ্রমিক, সরকারী কর্মচারী প্রভৃতি যখন নিজ নিজ ইউনিয়ন মারফৎ বর্তমান ব্যবস্থার প্রতিকারের জন্য আন্দোলন, ধর্মঘট প্রভৃতির দিকে আগাইয়া আসে তখন

যুব সমাজের প্রতি

বর্ত্তমান সরকারের সাম্রাজ্যবাদ ঘেঁষা নীতি, ব্যক্তি-স্বাধীনতা হরণ, কৃষক-মজুর আন্দোলন ও তাহাদের সংগঠন ধ্বংস করা ও জমিদার, মিল মালিক তোষণ, ছাঁটাই ও বেতন বৃদ্ধি না করা প্রভৃতি কার্যের বিরুদ্ধে তুমুল আন্দোলন করিবার জন্য আমরা পাকিস্তানের যুব সমাজের কাছে উদাত্ত আহ্বান জানাইতেছি, এমন আন্দোলন সৃষ্টি করিতে হইবে যাহার ফলে সরকার তাহার গণবিরোধী নীতি পরিবর্ত্তন করিতে বাধ্য হইবে। না হয় মজুর, কৃষক, গরীব, মধ্যবিত্তের প্রতিনিধিত্বমূলক নূতন সরকার বর্ত্তমান সরকারের স্থান গ্রহণ করিবে। যে সরকার গণবিরোধী কার্যের দ্বারা আস্থা হারাইয়া ফেলে যে সরকার দেশের লোকের ভাত-কাপড়ের ব্যবস্থা না করিয়া শুধু লাঠি ও জেলখানার সাহায্যে দেশ শাসন করে গণতান্ত্রিক নীতি অনুযায়ী তাহার একদিনও টিকিয়া থাকিবার অধিকার নাই।

যুব সমাজই জাতির মেরুদণ্ড। সেইজন্য তাহাদের কাছে আমাদের আহ্বান আপনারাই আগাইয়া আসিয়া আন্দোলনে নেতৃত্ব দিন। কৃষক, মজুর, ছাত্র, কর্ম্মচারী প্রভৃতির যে সকল নিজস্ব শ্রেণী, প্রতিষ্ঠান তাহার সাথে যুবলীগের কোন বিরোধিতা নাই বরং তাহাদের সহযোগিতাতেই একমাত্র প্রকৃত গণতান্ত্রিক রাষ্ট্র গড়িয়া উঠিতে পারে। যুবলীগের মধ্যে থাকিয়াও যেন কৃষক সমিতি ও মজুর ইউনিয়নের সভাভুক্ত হন এবং কৃষক সমিতি ও মজুর ইউনিয়নের সংগে সহযোগিতা করেন। তাহাদের দাবী-দাওয়া লইয়া লড়াই করিতে আমরা প্রতিজ্ঞাবদ্ধ। কৃষক-মজুরের আন্দোলনকে বাদ দিয়া কোন সত্যিকারের গণতান্ত্রিক আন্দোলনই গড়িয়া উঠিতে পারে না। কোন দেশ কতটা গণতান্ত্রিক তাহার প্রকৃত প্রমাণ মিলে সেই দেশের শাসক শ্রেণীর কৃষক-মজুরের দাবী-দাওয়া ও তাহাদের আন্দোলনের প্রতি মনোভাবের মধ্য দিয়া। আমেরিকান সাম্রাজ্যবাদীদের ন্যায় মুখে গণতন্ত্রের বুলি ও কার্যে নিগ্রো নির্যাতন ও কৃষক-মজুর শোষণ কখনো গণতন্ত্রের নীতি হইতে পারে না।

পাকিস্তানে এমন শক্তিশালী গণতান্ত্রিক যুব আন্দোলন গড়িয়া উঠুক যাহা দুনিয়ার প্রগতিশীল যুব আন্দোলনের পাশে সমমর্যাদা লইয়া দাঁড়াইতে পারে। সেই উদ্দেশ্যে প্রতি গ্রাম, বন্দর ও কলকারখানায় যুবলীগের শাখা গঠন করিতে হইবে। তাহাদের দাবী-দাওয়া লইয়া আন্দোলন করিতে হইবে। নিম্নলিখিত কার্যসূচীর ভিত্তিতে আন্দোলন গড়িয়া তুলিবার জন্য যুব সমাজের প্রতি আহ্বান জানানো যাইতেছে:

১। অবিলম্বে বৃটিশ সাম্রাজ্যবাদের সঙ্গে সম্পর্ক ছিন্ন করিয়া পূর্ণ আজাদী ঘোষণা করিতে হইবে। আগামী অক্টোবরের বৃটিশ উপনিবেশ সম্মেলনে যোগদান করা চলিবে না। বৃটিশ আমলের কোন ইংরেজ অফিসারের পেন্সনের খরচ পাকিস্তান সরকার বহন করিতে পারিবে না। ১৯৪৮ সালের মধ্যেই পাকিস্তানের ষ্টার্লিং পাওনা কড়ায় গণ্ডায় বুঝিয়া লইতে হইবে— কোন রকম দীর্ঘ-মেয়াদী চুক্তি করা চলিবে না।

২। প্রাপ্ত বয়স্কদের সার্ব্বজনীন ভোটাধিকারের ভিত্তিতে অবিলম্বে নূতন গণপরিষদ মারফৎ গণতান্ত্রিক শাসন ব্যবস্থা প্রণয়ন করিতে হইবে।

৩। ভাষার ভিত্তিতে স্বয়ং শাসন অধিকার সম্পন্ন প্রদেশ গড়িবার এবং আত্মনিয়ন্ত্রণের অধিকার মানিয়া লইতে হইবে।

৪। সংখ্যালঘুদের ন্যায্য অধিকার স্বীকার করিতে হইবে।

৫। জনগণের স্বার্থে পারস্পরিক অর্থনৈতিক সাহায্যের জন্য এবং সাম্রাজ্যবাদী হস্তক্ষেপের বিরুদ্ধে গণতান্ত্রিক দেশগুলির সহিত বন্ধুত্ব স্থাপন করিতে হইবে।

৬। বিনা ক্ষতিপূরণে জমিদারী প্রথার উচ্ছেদ করিয়া কৃষককে জমির মালিক করিতে হইবে। কৃষকের ঋণ মকুব করিতে হইবে। ক্ষেত-মজুরদের ন্যায্য মজুরী দিতে হইবে।

৭। বড় বড় শিল্প, বড় ব্যাঙ্ক, ইনসিওরেন্স কোম্পানীগুলি জাতীয়করণ করিতে হইবে। শ্রমিকদের খাটুনির সময় আট ঘন্টা বাঁধিয়া দিতে হইবে এবং বাঁচার মত মজুরীর ব্যবস্থা করিতে হইবে।

৮। ব্যাঙ্ক, চা বাগান, খনি ইত্যাদি বড় বড় ব্যবসায় নিয়োজিত বিদেশী মূলধন বাজেয়াপ্ত করিতে হইবে। মার্শাল প্লান অথবা অন্য কোন বিদেশী মূলধন জাতীয় স্বার্থ বিরোধী শর্তে গ্রহণ করা চলিবে না।

৯। বিনা ব্যয়ে শিক্ষা বাধ্যতামূলক ও সার্ব্বজনীন প্রাথমিক শিক্ষা চালু করিতে হইবে

১০। রাষ্ট্রের খরচে স্বাস্থ্য এবং চিকিৎসার ব্যবস্থা করিতে হইবে।

১১। জনগণকে সামরিক শিক্ষা দিতে হইবে এবং জনগণের সামরিক বাহিনী গড়িয়া তুলিতে হইবে।

১২। নারীদের সমান গণতান্ত্রিক অধিকার স্বীকার করিতে হইবে।

পাকিস্তান গণতান্ত্রিক যুবলীগের রাজশাহী বিভাগীয় আঞ্চলিক কমিটির সেক্রেটারী মোহাম্মদ একরামুল হক কর্তৃক এই ইস্তাহার উত্থাপিত হয় এবং উপস্থিত প্রতিনিধিগণ কর্তৃক সর্ব্বসম্মতি ক্রমে গৃহীত হয়।

যুব সম্মেলনে গৃহীত প্রস্তাবাবলী

১। **খাদ্য সংকটের বিরুদ্ধে রুখিয়া দাঁড়াও**

আমলাতান্ত্রিক গাফিলতির মুখোস খুলিয়া দাও

জনগণের প্রতিরোধ গড়িয়া তোল

পূর্ব পাকিস্তানে খাদ্যসমস্যা প্রকট হইয়া উঠিয়া যশোহর জেলায় ৪০ টাকা, খুলনায় ৩৮ টাকা, পাবনা নদীয়ায় ৩৫ টাকার উপর চাউলের দর চলিতেছে। ২২-২৪ টাকার নীচে কোন জেলাতেই চাউল পাওয়া সম্ভব নয়। এক কথায় বলিতে গেলে পূর্ব্ব পাকিস্তানে খাদ্যের মূল্য জনসাধারণের নাগালের বাহিরে চলিয়া গিয়াছে। পাকিস্তান প্রতিষ্ঠিত হওয়ার পর ইহা দ্বিতীয় খাদ্য সংকট।

এই সংকট সমাধানে সরকারের তরফ হইতে এক বিবৃতি দেওয়া ছাড়া অন্য কোনই চেষ্টা হইতেছে না। খাদ্য সংগ্রহ ও সরবরাহ সম্পর্কে সরকারী নীতি খাদ্য সংকটকে আরও প্রকট করিয়া তুলিতেছে। এখন পর্য্যন্ত খাদ্য সংগ্রহের যথোপযুক্ত ব্যবস্থা হয় নাই। বড় জোতদার

ও মজুতদারদের স্পর্শ না করিয়া সাধারণ কৃষকের নিকট হইতে ধান চাউল সংগ্রহ করাই সরকারের নীতি হইয়া দাঁড়াইয়াছে। মজুতদার ও জোতদারকে তোষণ করিয়া কৃষকের ধান 'সীজ' করিবার নীতিতে খাদ্য সংগ্রহ হইতে পারে না। দ্বিতীয়তঃ বিদেশ হইতে খাদ্য আমদানীরও কোন ব্যবস্থা হইতেছে না। যে খাদ্য বর্তমানে সরকার সংগ্রহ করিয়াছেন তাহাও সঠিকভাবে সরবরাহ হইতেছে না।

খাদ্য সংগ্রহ ও সরবরাহ এইরূপ চলিতে থাকায় ৪ কোটি ৪০ লক্ষ লোকের পূর্ব্ব পাকিস্তান আজ এক ভয়াবহ দুর্ভিক্ষের সামনে উপস্থিত হইয়াছে।

রাজশাহী বিভাগীয় যুব সম্মেলন ভয়াবহ উদ্বেগের সঙ্গে এই পরিস্থিতি লক্ষ্য করিতেছে। খাদ্য সমস্যার আশু সমাধানের জন্য অবিলম্বে নিম্নলিখিত কর্ম্মপদ্ধতি গ্রহণ করিবার জন্য এই সম্মেলন সরকারের নিকট দাবী করিতেছে:

১। কৃষকদের নিকট হইতে জবরদস্তিমূলকভাবে ধান কাড়িয়া লওয়া চলিবে না। অবিলম্বে সমস্ত জোতদার ও মজুতদারদের বাড়তি খাদ্য বাজেয়াপ্ত করিয়া লইতে হইবে।

২। ভারত ও পাকিস্তানের বাহিরে অন্যান্য দেশের সঙ্গে সমঝোতা করিয়া খাদ্য আমদানীর ব্যবস্থা করিতে হইবে।

৩। সরকার কর্তৃক সংগৃহীত খাদ্য কালবিলম্ব না করিয়া ঘাটতি এলাকায় সস্তা দরে সরবরাহ করিতে হইবে।

৪। প্রত্যেক শহরে রেশনিং ব্যবস্থা চালু করিতে হইবে এবং রেশনিং এলাকায় নিয়মিতভাবে সস্তা দরে খাদ্য সরবরাহের ব্যবস্থা করিতে হইবে।

৫। যে সমস্ত লোক দুঃস্থ হইয়া পড়িয়াছে এবং খাদ্যক্রয়ে অক্ষম তাহাদের জন্য বিনা মূল্যে খাদ্য বিলির ব্যবস্থা করিতে হইবে। বন্যা প্রপীড়িত অঞ্চলে দ্রুত সরবরাহ পাঠাইতে হইবে।

৬। নিত্য প্রয়োজনীয় জিনিষের মূল্য কমাইতে হইবে।

৭। কৃষকের ক্রয় শক্তি বৃদ্ধির জন্য অর্থকরী ফসল যেমন পাট ইত্যাদির মূল্য বৃদ্ধি করিয়া সর্ব্বনিম্ন দর বাঁধিয়া দিতে হইবে। পাটের সর্বনিম্ন দর মণ প্রতি ৪০ টাকা বাঁধিয়া দিতে হইবে।

৮। মজুর ও মধ্যবিত্ত কর্মচারীদের মাহিনা বৃদ্ধি করিতে হইবে

৯। জিন্নাহ্ তহবিল হইতে দুই-তৃতীয়াংশ অর্থ পূর্ব্ব পাকিস্তানের দুর্ভিক্ষ ও বন্যাপীড়িতদের সাহায্যের জন্য বরাদ্দ করিতে হইবে।

উপরোক্ত পদ্ধতি যাহাতে অবিলম্বে কার্য্যকরী করা হয় তজ্জন্য আন্দোলন গড়িয়া তুলিবার জন্য পূর্ব্ব পাকিস্তানের যুব সমাজ ও জনসাধারণের নিকট এই সম্মেলন আহ্বান জানাইতেছে।

২। **জমিদারী উচ্ছেদের ভাঁওতা দিয়া কৃষক উচ্ছেদ চলিবে না। বিনা খেসারতে জমিদারী উচ্ছেদ ও কৃষককে জমির মালিক করিতে হইবে।**

বৃটিশ সাম্রাজ্যবাদী নিজের শাসন ও শোষণ কায়েম করিবার জন্য জমিদারী প্রথার সৃষ্টি করিয়া আমাদের দেশের জনসাধারণের অর্থনৈতিক জীবন পঙ্গু করিয়া দিয়াছে। দেশে চির-স্থায়ী খাদ্যসমস্যার সৃষ্টি করিয়াছে। সাম্রাজ্যবাদ সৃষ্ট এই ঘৃণ্য প্রথার বিরুদ্ধে কৃষকের আন্দোলন বহুদিনের আন্দোলন। আজাদী পাইলে জমিদারী প্রথা উচ্ছেদ করিয়া কৃষককে জমির মালিক করা হইবে—ইহাই ছিল নেতাদের ওয়াদা। আজাদ পূর্ব্ব পাকিস্তান সরকার জমিদারী উচ্ছেদের এক বিলও উত্থাপন করিয়াছে। কিন্তু এই বিলে যে সমস্ত ধারা রহিয়াছে তাহা সমস্তই কৃষক স্বার্থের বিরোধী। এই বিলের মূলধারাগুলি হইতেছে :

(১) জমিদারদের জন্য ৪০ কোটি টাকারও অধিক ক্ষতিপূরণ।

(২) জোতদারদের জন্য জমি।

(৩) জমিদারদের ঋণ মকুব।

(৪) ওয়াকৃফ্ ও দেবোত্তর সম্পত্তির সুবিধা ইত্যাদি।

এ সম্মেলনের মতে উপরোক্ত সমস্ত ধারাগুলি কৃষক স্বার্থবিরোধী এবং বিনা খেসারতে জমিদারী প্রথা উচ্ছেদ করিয়া কৃষককে জমির মালিক করিবার মূল দাবী গৃহীত হয় নাই। এই বিল পাশ হইলে জমিদারী উচ্ছেদের পরিবর্ত্তে কৃষক উচ্ছেদেরই ব্যবস্থা হইবে। জমিদারী উচ্ছেদের নামে এইরূপ কৃষক বিরোধী বিল উত্থাপন করিয়া সরকার পূর্ব্ব পাকিস্তানের জন-মতের সঙ্গে চরম বিশ্বাসঘাতকতা করিয়াছে। এই সম্মেলন প্রস্তাবিত বিলের বিরুদ্ধে তীব্র প্রতিবাদ করিতেছে এবং অবিলম্বে এই বিল প্রত্যাহার করিয়া বিনা ক্ষতিপূরণে ও "কৃষকই জমির মালিক" এই নীতির ভিত্তিতে জমিদারী উচ্ছেদের দাবী জানাইতেছে।

এই সম্মেলন মনে করে যে তুমুল আন্দোলন ব্যতীত সরকার কৃষকের দাবী অনুযায়ী জমি-দারী প্রথা উচ্ছেদ করিবে না। কৃষকের শ্রেণী সংগঠনকে জোরদার করিয়াই এই আন্দোলন সফল হইতে পারে। এই সম্মেলন পূর্ব্ব পাকিস্তানের সুব সমাজকে কৃষকের শ্রেণী সংগঠনকে সর্ব্বতোভাবে সাহায্য করিয়া জমিদারী উচ্ছেদকে সফল করিবার জন্য আহ্বান জানাইতেছে।

৩। **রেল শ্রমিকের বাঁচিবার লড়াইয়ে সাহায্য করিব। আসন্ন রেল ধর্মঘটকে কামিয়াব করিতে সর্বপ্রকার সহযোগিতা দিব।**

পাকিস্তান সরকারের শ্রমনীতি পাকিস্তানের রেল মজুরদের ধ্বংসের মুখে ঠেলিয়া দিতেছে। পাকিস্তান রেলওয়েতে প্রায় ১৬,০০০ হাজার শ্রমিক ছাঁটাইয়ের মুখে। পে কমিশনের রায় চালু, গ্রেনশপের পাকা ব্যবস্থা, বাসস্থান ইত্যাদি শ্রমিকদের কোন দাবীই সরকার পূরণ করে নাই উপরন্ত রেল শ্রমিক আন্দোলনের উপর ব্যাপক দমননীতি প্রয়োগ করা হইতেছে। তাই রেল শ্রমিকরা বাধ্য হইয়া নিম্নলিখিত পাঁচটি মূল দাবীর ভিত্তিতে সাধারণ ধর্ম্মঘটের প্রস্তুতির জন্য ষ্ট্রাইক ব্যালট গ্রহণ করিতেছে :

(১) পুরাতন পে কমিশনের রায় চালু করিতে হইবে।

(২) ছাঁটাই বন্ধ করিতে হইবে।

(৩) গ্রেনশপের তালিকাভুক্ত দ্রব্য পূর্ণ সরবরাহের ব্যবস্থা করিতে হইবে।

(৪) বাসস্থানের ব্যবস্থা করিতে হইবে।

(৫) দমননীতি বন্ধ করিতে হইবে এবং ট্রেড ইউনিয়ন আন্দোলনের পূর্ণ স্বাধীনতা দিতে হইবে।

এই সম্মেলন রেল শ্রমিকদের দাবী-দাওয়া ন্যায্য বলিয়া মনে করে এবং দাবী আদায়ের জন্য শ্রমিকদের ধর্মঘটের সিদ্ধান্তকে পূর্ণভাবে সমর্থন করিতেছে এবং তাহাদের সংগ্রামে সর্ব্ব-প্রকার সাহায্য ও সহানুভূতির প্রতিশ্রুতি দিতেছে। রেল ধর্মঘটকে সাফল্যমণ্ডিত করিবার জন্য এই সম্মেলন বিভিন্ন রেলশ্রমিক প্রতিষ্ঠানকে ঐক্যবদ্ধভাবে আন্দোলন করিবার আহ্বান জানাইতেছে।

৪। **ব্যক্তি স্বাধীনতার জন্য লড়ো**

আজাদ পাকিস্তানে ব্যক্তি স্বাধীনতা হরণ চরম পর্যায়ে উঠিয়াছে। ব্যক্তি স্বাধীনতা হরণে পাকিস্তান সরকার সাম্রাজ্যবাদীদেরও ছাপাইয়া উঠিয়াছে। সভা, শোভাযাত্রা করিবার অধিকার ব্যাপকভাবে খর্ব্ব করা হইতেছে। ১৪৪ ধারার যথেচ্ছ প্রয়োগ, বিনা বিচারে আটক, অন্তরীণ ও বহিষ্কার আদেশ, গ্রেপ্তারী পরওয়ানা, সংবাদপত্রের স্বাধীনতা হরণ ইত্যাদি নিত্য নৈমিত্তিক ব্যাপার হইয়া দাঁড়াইয়াছে। দমননীতি, পুলিশী জুলুম ও অর্ডিন্যান্স-রাজ পাকিস্তান-বাসী জনসাধারণের জীবনে বিভীষিকা সৃষ্টি করিয়াছে।

এই সম্মেলন ব্যক্তি স্বাধীনতার উপর সরকারী আক্রমণ এবং দমননীতির বিরুদ্ধে তীব্র প্রতিবাদ করিতেছে এবং অবিলম্বে সমস্ত বিনা বিচারে আটক বন্দীদের মুক্তি, ১৪৪ ধারা, গ্রেপ্তারী পরোয়ানা, অন্তরীণ ও বহিষ্কার আদেশের আশু প্রত্যাহার দাবী করিতেছে।

দমননীতির বিরুদ্ধে আন্দোলন গড়িয়া তুলিয়া ব্যক্তি স্বাধীনতা প্রতিষ্ঠা করিবার জন্য এই সম্মেলন দলমত নির্বিশেষে সমস্ত যুবক ও জনসাধারণকে আহ্বান জানাইতেছে।

৫। **যুব আন্দোলনের উপর হামলা বরদাস্ত করা হইবে না**

এই সম্মেলন গভীর উৎকণ্ঠার সহিত লক্ষ্য করিতেছে যে, পাকিস্তান সরকার 'গণতান্ত্রিক যুবলীগ' প্রতিষ্ঠিত হইবার পর হইতে ইহার উপর হামলা শুরু করিয়াছে। সম্প্রতি ঢাকায় যুবলীগের কেন্দ্রীয় অফিস খানাতল্লাশী করা হইয়াছে। যুবলীগের অন্যতম প্রতিষ্ঠাতা মিঃ আতাউর রহমানের বিরুদ্ধে গ্রেপ্তারী পরোয়ানা জারী করা হইয়াছে এবং প্রাদেশিক কমিটির সদস্য মিঃ আবদুল আওয়ালের উপর ময়মনসিংহ জিলা হইতে বহিষ্কার আদেশ জারী করা হইয়াছে।

এই সম্মেলন, যুবলীগের প্রতি সরকারী দমননীতির তীব্র প্রতিবাদ করিতেছে এবং অবিলম্বে মিঃ আতাউর রহমানের উপর হইতে গ্রেপ্তারী পরোয়ানা প্রত্যাহার এবং মিঃ আব্দুল আউয়ালের উপর হইতে বহিষ্কার আদেশ উঠাইয়া লইবার দাবী জানাইতেছে।

৬। **ব্যাপক ছাঁটাইয়ের বিরুদ্ধে দাঁড়াও**

এই সম্মেলন বিশেষ উৎকণ্ঠার সহিত লক্ষ্য করিতেছে যে, পাকিস্তান সরকারের ছাঁটাই-নীতি দেশের মধ্যে এক ভয়ানক বিভীষিকার সৃষ্টি করিয়াছে। ছাঁটাই নীতির কবলে পড়িয়া হাজার হাজার দরিদ্র কর্মচারী ও মজুরের সংসার ছারখার হইয়া যাইতেছে। এই সম্মেলন সরকারের এই ছাঁটাই নীতির তীব্র প্রতিবাদ জানাইতেছে এবং সম্মেলন মনে করে যে, এইরূপে সমস্যা বাড়িবে কিন্তু কমিবে না। সুতরাং সম্মেলনের দাবী যে, ছাঁটাই নীতি অবিলম্বে বন্ধ করিতে হইবে এবং যাহাদিগকে ছাঁটাই করা হইয়াছে তাহাদিগকে পুনর্নিয়োগ করিতে হইবে।

৭। ধ্বংসমুখী শিক্ষা ব্যবস্থাকে বাঁচাও

পূর্ব্ব পাকিস্তানে শিক্ষা ব্যবস্থায় ভীষণ বিশৃঙ্খলা সৃষ্টি হইয়াছে। চট্টগ্রাম, ঢাকা, রংপুর প্রভৃতি জেলায় বিদ্যালয়ে সরকারী দপ্তর স্থাপন করিবার চেষ্টা করিয়াছিল কিন্তু সংঘবদ্ধ ছাত্র আন্দোলন দ্বারাই সরকারী প্রচেষ্টা ব্যর্থ হইয়াছে। পাকিস্তান লাভের আগে রাজশাহী জেলায় প্রাইমারী স্কুল ছিল ১২০০ শত, বর্ত্তমান সরকার তাহাকে ৮০০ শতে নামাইবার ব্যবস্থা করিয়াছেন। প্রাইমারী শিক্ষকগণের মাহিনা প্রয়োজনের তুলনায় অকিঞ্চিৎকর কিন্তু তাহাও নিয়মিত পাইতেছে না।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের নূতন সিলেবাস অনুযায়ী নূতন পুস্তক এখনও পর্য্যন্ত যথেষ্ট পরিমাণে বাজারে বাহির না হওয়ার জন্য ছাত্রদের পড়াশুনার ভয়ানক ক্ষতি হইতেছে এবং বিভিন্ন সাময়িক পরীক্ষাগুলি বন্ধ রহিয়াছে।

ছাত্রদের নিত্য প্রয়োজনীয় দ্রব্য খাতা, পেন্সিল, কাপড়, কেরোসিন প্রভৃতির অভাবে ছাত্র জীবন বিপন্ন কিন্তু সরকারের তরফ হইতে কোন প্রকার সাহায্য তো করা হয় নাই বরং যাহারা নিত্য প্রয়োজনীয় দাবী লইয়া আন্দোলন করিতেছে তাহাদের উপর সরকারী দমননীতি নগ্নরূপে প্রকাশ পাইতেছে। আজ শিক্ষা জীবনে যে সংকট দেখা দিয়াছে তাহা রোধ করিবার জন্য অবিলম্বে নিম্নলিখিত ব্যবস্থাগুলি কার্য্যকরী করিবার জন্য এই সম্মেলন সরকারের নিকট দাবী জানাইতেছে; এবং এই সমস্ত দাবী সরকার যাহাতে কার্য্যকরী করেন তাহার জন্য ঐক্যবদ্ধ আন্দোলন গড়িয়া তুলিবার জন্য ছাত্রসমাজকে আহ্বান জানান যাইতেছে:

(১) কোন প্রাথমিক, মাধ্যমিক বা হাই স্কুল তুলিয়া দেওয়া চলিবে না।

(২) শিক্ষকগণকে মানুষের মত বাঁচিবার উপযোগী বেতন দিতে হইবে।

(৩) বাংলা ভাষাকে শিক্ষার মাধ্যমরূপে চালু করিতে হইবে।

(৪) বাধ্যতামূলক অবৈতনিক শিক্ষা ব্যবস্থার প্রবর্ত্তন করিতে হইবে।

(৫) ছাত্রদের নিত্য প্রয়োজনীয় জিনিস খাতা, পেন্সিল বই কেরোসিন ইত্যাদি নিয়মিত সরবরাহের ব্যবস্থা করিতে হইবে।

(৬) ঢাকা বিশ্ববিদ্যালয়ে এবং অন্যান্য কলেজে বিভিন্ন বিভাগে শিক্ষকের যে সমস্ত পদ খালি রহিয়াছে তাহা পূরণ করিতে হইবে।

(৭) শিক্ষালয়ে পূর্ণ গণতান্ত্রিক উপায়ে ইউনিয়ন চালু করিতে হইবে।

৮। জনস্বাস্থ্যের প্রতি সরকারী উদাসীনতার প্রতিকার চাই

পূর্ব্ব পাকিস্তানে জনস্বাস্থ্য বিপন্ন হইয়াছে। জনসংখ্যার তুলনায় ডাক্তারের সংখ্যা নগণ্য। ঔষধপত্র বাজারে দুষ্প্রাপ্য হইয়া দাঁড়াইয়াছে। যাহাও আসিতেছে অগ্নিমূল্যের জন্য জনসাধারণের আয়ত্তের বাহিরে। ঔষধপত্র আমদানীর কোন ব্যবস্থা হইতেছে না। ডাক্তারী শিক্ষার জন্য মেডিক্যাল স্কুল-কলেজ শিক্ষার্থীদের তুলনায় একেবারেই নগণ্য। স্বাধীন পাকিস্তানে জনস্বাস্থ্যের উন্নতির জন্য নূতন ব্যবস্থা হওয়া দূরের কথা যেটুকু ব্যবস্থা আছে সরকারের অবহেলায় তাহাও বিপন্ন হইয়া পড়িয়াছে। সরকারী হাসপাতালগুলিতে ঔষধ নাই, দুর্নীতিতে পূর্ণ। পল্লীর জনস্বাস্থ্য রক্ষার যেটুকু ব্যবস্থা ছিল তাহাও জনস্বাস্থ্য কর্ম্মচারীদের ছাঁটাই করিয়া ধ্বংস করিবার পরিকল্পনা চলিতেছে। এই সম্মেলন সরকারের জনস্বাস্থ্যবিরোধী মনোভাবের তীব্র নিন্দা করিতেছে এবং অবিলম্বে জনস্বাস্থ্যের উন্নতির জন্য নিম্নলিখিত ব্যবস্থাগুলি কার্য্যকরী করিবার দাবী জানাইতেছে এবং এই ব্যবস্থাগুলি যাহাতে

সরকার কার্য্যকরী করেন তার জন্য আন্দোলন গড়িয়া তুলিতে এই সম্মেলন জনসাধারণ এবং যুবসমাজকে আহ্বান জানাইতেছে :

(১) হাসপাতালগুলিতে ঔষধ সরবরাহ করিয়া সক্রিয় ও দুর্নীতিমুক্ত করিতে হইবে।

(২) প্রতি ইউনিয়নে হাসপাতাল খুলিয়া বিনামূল্যে চিকিৎসার ব্যবস্থা করিতে হইবে। এ. ভি. হাসপাতালগুলিকে পুনর্জ্জীবিত করিতে হইবে।

(৩) মেডিক্যাল স্কুল-কলেজের সংখ্যা বৃদ্ধি করিতে হইবে।

(৪) জনস্বাস্থ্য বিভাগকে রাষ্ট্রীয়করণ করিতে হইবে এবং ডিষ্ট্রিক্ট বোর্ড হেলথ্ এ্যাসিস্-টেণ্টদের চাকুরী স্থায়ী করিতে হইবে।

সাংগঠনিক প্রস্তাবাবলী •

উপরোক্ত প্রস্তাবগুলি ছাড়া সম্মেলনে নিম্নলিখিত বিষয়ে চারিটি সাংগঠনিক প্রস্তাব গৃহীত হইয়াছে :

- রাজশাহী বিভাগীয় আঞ্চলিক কমিটি গঠন।
- রাজশাহী শহরে আঞ্চলিক অফিস স্থাপন।
- আঞ্চলিক কমিটির পক্ষ হইতে 'যুব অভিযান' নামে পাক্ষিক প্রচারপত্র প্রকাশ।
- প্রাদেশিক যুবলীগ সম্মেলন আহ্বানের জন্য প্রাদেশিক কমিটিকে অনুরোধ।

যুব অভিযান

গণতান্ত্রিক যুবলীগের রাজশাহী বিভাগীয় আঞ্চলিক কমিটির তরফ হইতে 'যুব অভিযান' নামে একখানা পাক্ষিক প্রচারপত্র বাহির করিবার সিদ্ধান্ত লওয়া হইয়াছে। এই প্রচার পত্রিকার জন্য প্রচুর অর্থের প্রয়োজন। রাজশাহী বিভাগের প্রত্যেক জেলা, মহকুমা এবং প্রাথমিক যুবলীগ কমিটিগুলিকে অর্থ সংগ্রহ করিয়া পাঠাইবার জন্য আবেদন করা যাইতেছে। কেহ সরাসরি সাহায্য পাঠাইলেও সাদরে গৃহীত হইবে। যুব আন্দোলনকে বেগবান করিতে হইলে প্রচারপত্রের প্রয়োজনীয়তা কতখানি তাহা বলা বাহুল্য।

বিভিন্ন যুবলীগ কমিটি কতখানি করিয়া 'যুব অভিযান' লইতে চান তাহা অবিলম্বে জানাইবেন। যেখানে যুবলীগ গঠিত হয় নাই সেখানকার কোন যুবকর্মী ব্যক্তিগতভাবে 'যুব অভিযান' লইতে ইচ্ছুক থাকিলে বিভাগীয় অফিসে জানাইবার জন্য আবেদন করা যাইতেছে।

অর্থ পাঠাইবার ঠিকানা : মাহবুব আহম্মদ খান (কোষাধ্যক্ষ),
পোঃ ঈশ্বরদী, পাবনা।

• ১৯৪৭ সনে পূর্ব পাকিস্তান গণতান্ত্রিক যুবলীগ প্রতিষ্ঠিত হয়। পাকিস্তান প্রতিষ্ঠার পর পরই ঢাকা, রাজশাহী ও ময়মনসিংহসহ বিভিন্ন জেলায় এর শাখা খোলা হয়, কিন্তু তীব্র পুলিশী নির্যাতন ও ক্ষমতাসীন মুসলিম লীগের গুণ্ডাদের অত্যাচারের ফলে ১৯৪৮ সালের শেষ দিকে এই সংগঠনের বিলুপ্তি ঘটে।

শিরোনাম	সূত্র	তারিখ
পূর্ব পাকিস্তান সাহিত্য সম্মেলনে ভাষার স্বাধীনতার পক্ষে ডঃ শহীদুল্লাহ্।	"শহীদুল্লাহ্ সম্বর্ধনা গ্রন্থ এবং বদরুদ্দীন উমরের পূর্ব বাংলার ভাষা আন্দোলন ও তৎকালীন রাজনীতি"।	ডিসেম্বর, ১৯৪৮

পূর্ব পাকিস্তান সাহিত্য সম্মেলন ঢাকা অধিবেশনে মূল সভাপতির অভিভাষণ
৩১-১২-১৯৪৮ ইং

সমবেত সাহিত্যিক ও সাহিত্যরসিক বন্ধুগণ,

দয়াময় খোদাতায়ালার অসংখ্য ধন্যবাদ, আমরা আজ এক স্বাধীন রাষ্ট্রের প্রাদেশিক রাজধানীর বুকে মুক্ত আকাশের নীচে মুক্ত-মানুষরূপে সমবেত হতে সক্ষম হয়েছি। জাহাঙ্গীর, শায়েস্তা খান ও ইসলাম খান আযীমুশ্ শানের স্মৃতিবিজড়িত জাহাঙ্গীরনগর ঢাকা আজ আযাদ পূর্ব পাকিস্তানের রাজধানী। ঢাকার নিকটবর্ত্তী পূর্ববঙ্গের এলাকাধীন রাজধানী সোনারগাঁও ন্যায়বান বাদশাহ গিয়াসুদ্দীন আযম শাহের পুণ্য স্মৃতি আজও বুকে ধরে আছে। স্মৃতি আমাদের নিয়ে যায় ঢাকার অদূরবর্ত্তী বিক্রমপুরে সেন রাজাদের শেষ রাজধানীতে, যেখানে একদিন লক্ষ্মণ সেন, কেশব সেন ও মধু সেন রাজত্ব করেছিলেন। দূর স্মৃতি আমাদের টেনে নিয়ে চলে বিক্রমপুরের সন্নিকট রাজা রামপালের স্মৃতিচিহ্ন রামপালে এবং বৌদ্ধ মহাপণ্ডিত শীলভদ্র, কমলশীল ও দীপঙ্কর শ্রীজ্ঞান অতীশের স্মরণপূত অধুনা-বিস্মৃত জন্মভূমিতে। এই অঞ্চল যেমন বৌদ্ধ, হিন্দু ও মুসলমানের স্মারকলিপি হয়ে আছে, প্রার্থনা করি তেমনই এ যেন নূতন রাষ্ট্রের জাতি বর্ণ ধর্ম্ম নির্ব্বিশেষে সকল নাগরিকের মিলনভূমি হয়। আমীন!

পূর্ব বাংলার বিশেষ গৌরব এই যে, এই প্রদেশের প্রাচীন নাম বঙ্গাল থেকে সমস্ত দেশের নাম হয়েছে বাঙ্গালা বা বাংলা। এই বঙ্গাল নাম পাই আমরা রাজেন্দ্র চোড়ের তিরুমলৈ লিপিতে (১০২৩ খ্রীঃ অব্দে)। বৌদ্ধযুগের কবি ভুসুক একটি চর্য্যাগীতিতে বলেছেন—

"বাজ-ণাব পাড়ী পঁউআ খালেঁ বাহিউ।
অদয় বঙ্গাল দেশ লুড়িউ"॥

—বজ্রযানরূপ নৌকায় পাড়ি দিয়ে পদ্মার খালে বাইলাম। অদ্বয়-রূপ বঙ্গাল দেশ লুট করলাম।
—এতে বুঝতে পারি যে পদ্মা নদীর পারেই হ'ল বঙ্গাল দেশ। 'বাঙ্গাল' আমাদের নিন্দার কথা নয়, এই দেশবাসীর প্রাচীন নাম। শীরাযের অমর কবি হাফিয সোনারগাঁওয়ের সুলতান গিয়াসউদ্দিন আযম শাহ্‌কে যে গযল কবিতা উপহার পাঠিয়েছিলেন, তাতে বলেছেন—

"শক্কর-শিকন শওন্দ হমা তুতীয়ানে হিন্দ।
যে কন্দে পারসী কে ব-বঙ্গালা মী রওদ॥"

—ভারতের তোতা হবে চিনি খেকো সকালে।
পারসীর মিছরী এই যে বাঙ্গালায় চলিছে॥

কেবল হাফিয নন, মিথিলার বিদ্যাপতিও বাংলার এই সুলতানকে প্রশংসা করেছেন—"মহলম যুগপতি চিরজীব জীবথু গ্যাসদীন সুরতান"।

মালব, কর্ণাট প্রভৃতি দেশের নামের ন্যায় এই বঙ্গাল দেশও সঙ্গীত শাস্ত্রের এক বিশেষ রাগের নামকরণ করেছে। ভুসুক একটি চর্য্যাগীতি এই বঙ্গাল রাগে রচনা করেছেন।

পূর্ববঙ্গের শ্রেষ্ঠ গৌরব এই যে, এই দেশ থেকেই বাংলা সাহিত্য এবং নাথপন্থের উৎপত্তি হয়েছে। মৎস্যেন্দ্রনাথ যেমন বাংলার আদিম লেখক, তেমনি তিনি নাথপন্থের প্রবর্তক। তাঁর নিবাস ছিল ক্ষীরোদ সাগরের তীরে চন্দ্রদ্বীপে, বর্ত্তমানে সম্ভবতঃ যাকে সন্দ্বীপ বলে। ৬৫৭ খ্রীঃ অব্দে তিনি রাজা নরেন্দ্র দেবের রাজত্বকালে নেপালে উপস্থিত হন। তাঁর একটি কবিতা তাঁর পরদর্শন থেকে আশ্চর্য্যচর্য্যাচয়ের টীকায় উদ্ধৃত হয়েছে—

"কহন্তি গুরু, পরমার্থের বাট
কর্ম্মকু রঙ্গ সমাধিক পাট॥
কমল বিকসিল কহিহ ণ জমলা
কমল মধু পিবিবি ধোকই ন ভমরা॥"

অর্থ—কহেন গুরু পরমার্থের বাট।
কর্ম্মের রঙ্গ সমাধির পাট॥
কমল বিকসিল কহিও না জোংড়াকে (শামুককে)।
কমল মধু পান করিতে ভুল করে না ভোমরা॥

এর শেষ দুই পদের সঙ্গে তুলনা করুন—

"গুণিনি গুণজ্ঞো রমতে নাগুণশীলস্য গুণিনি পরিতোষঃ।
অলিরেতি বনাৎ কমলং নহি ভেকেস্তেকবাসোহপি॥"

(হিতোপদেশ)

মৎস্যেন্দ্রনাথের পদাঙ্ক অনুসরণ ক'রে কানু পা, কুক্কুরী পা, ডোম্বী, সরহ, শবরী প্রভৃতি বহু সিদ্ধাচার্য্য চর্য্যাগীতি বা পারমার্থিক গান রচনা করেন। তার কতকগুলি আমরা পেয়েছি। এই গানগুলির একটি বিশেষত্ব—পদের শেষে ভণিতা। যেমন ধরুন—

"সরহ ভণন্তি বর সুন গোহালী কি মো দুঠ বলদেঁ।
একেলে জগ নাসিঅ রে বিহরহুঁ সুচ্ছন্দেঁ॥"

—সরহ ভণেণ বরং শূন্য গোয়াল, কি মোর দুষ্ট বলদে।
একেলা জগৎ নাশিয়া রে আমি বিহার করি স্বচ্ছন্দে॥

এই ভণিতার রীতি প্রাচীন বাংলা থেকে সংস্কৃতে যায়। যেমন জয়দেবের গীতগোবিন্দে। সমস্ত মহাজন পদাবলী চর্য্যাগীতির বৈষ্ণব সংস্করণ। নাথপন্থের বিস্তারের সঙ্গে সঙ্গে চর্য্যাগীতির রীতি পঞ্জাব পর্য্যন্ত উত্তর ভারতের পারমার্থিক গানে চলতে থাকে। পঞ্জাব থেকে এই রীতি পারস্যে যায়। পারসী গজল আরবীর অনুকরণে নয়। তা চর্য্যাগীতিরই অনুকরণে। আরবীতে কসীদা আছে, গজল নেই।

ত্রিপুরার মেহেরকুলের রাজা গোপীচন্দ্র গুরু জালন্ধরী পার নিকট নাথপন্থে দীক্ষিত হয়ে বৈরাগী হয়ে যান। নাথপন্থের সঙ্গে সঙ্গে এই আখ্যান ভারতময় বিভিন্ন ভাষার কবিতার উপজীব্য হয়ে ওঠে। সুদূর হিমালয়ের কাংড়া উপত্যকায় যে গোপীচাঁদের গান প্রচলিত আছে, আমি তার প্রথম চার চরণ উদ্ধৃত করছি—

"চনন চৌকী বো রূপী ঝাড়িয়াঁ রাজা গোপীচন্দ নহাএ।
তা অম্বর ভোলা বো অঘ্‌ণা চান্দী বর্ণা ঠণ্ডী বুন্দ কতোঁ আএ॥
তা সজ্জে বো বৈঠ্যা মাতা নৈনবন্তী নৈন-ভরী ভরী রোএ।
তা ফিরী উপড়হূঁ হেরে রাজা গোপীচন্দ তা মাতা নৈনবন্তী রোএ॥"

—চন্দনের চৌকিতে রূপার ঘড়ায় রাজা গোপীচাঁদ স্নান করে।
আকাশ পরিষ্কার চাঁদীবর্ণ, ঠাণ্ডা বৃষ্টিবিন্দু কোথা থেকে আসে?
বারান্দায় বসে মা ময়নামতী চোখ ভ'রে ভ'রে কাঁদে।
তখন ফের উপর দিকে চেয়ে দেখে রাজা গোপীচাঁদ,
মা ময়নামতী কাঁদে।

এই পূর্বাঞ্চলের ভীম, দিব্বোক, ঈসা খান, চাঁদ রায়, কেদার রায় প্রভৃতি বীরেরা সাম্রাজ্যবাদী অত্যাচারী রাজশক্তির বিরুদ্ধে লড়াই করেছিল। পূর্ববঙ্গের সাহসী সন্তানেরা শুধু আজ নয়, প্রাচীন কাল থেকেই সমুদ্রযাত্রায় নির্ভীক। এরাই একদিন সুমাত্রা, জাভা, বালিদ্বীপ, কম্বোডিয়া এবং বর্ণিও পর্য্যন্ত সাগরে পাড়ি দিত। মহাকবি কালিদাস নৌবিদ্যায় দক্ষ বঙ্গবাসীর উল্লেখ করেছেন। কবিকঙ্কণ প্রাচীন ঐতিহ্য অনুসরণ করেই ধনপতি সদাগরের জাহাজের মাঝি-মাল্লাদিগকে পূর্ব্ববঙ্গবাসী বলে বর্ণনা করেছেন। দক্ষিণ-পূর্ব এশিয়ার এবং পূর্ব্ব ভারতীয় দ্বীপপুঞ্জের ধর্ম, সাহিত্য ও সংস্কৃতিতে বাংলার ছাপ রয়েছে। বাংলার উপকথা এখনও সেখানে প্রচলিত আছে। বাংলার রক্ত যে তাদের রক্তের সঙ্গে মেশেনি, তা কে বলতে পারে? জাভার বরবুদুরের স্থাপত্য উত্তর বঙ্গের পাহাড়পুরের মঠের স্থাপত্যের অনুকরণে।

প্রাচীন রাঢ়, বরেন্দ্র এবং বঙ্গ নিয়েই আমাদের বাঙ্গালা দেশ। রাঢ় ব্রাহ্মণ্য ধর্ম্মকে আঁকড়ে ছিল। সেখানে শূর বংশীয় রাজারা রাজত্ব করতেন। এই বংশের আদিশূর বাইরে থেকে ব্রাহ্মণ আমদানী করে হিন্দুত্বকে বাঁচিয়ে রাখেন। শূর বংশের পর সেন বংশ এই রাঢ় থেকেই রাজত্ব বিস্তার করেন। তাঁরাও গোঁড়া হিন্দু ছিলেন। বল্লাল সেন কৌলীণ্য প্রথা চালিয়ে আদিশূরের ধারাকেই স্থায়ী করেন। তুর্কিদের বাংলা বিজয়ের সূত্রপাত রাঢ় থেকে হলেও এখানে ইসলাম তেমন বিজয়ী হতে পারেনি। বরেন্দ্র ও বঙ্গ মুসলিম আক্রমণের প্রাক্‌কালে বৌদ্ধ বা নাথপন্থী ছিল। তারা সনাতন পন্থীদের দ্বারা নির্য্যাতিত হচ্ছিল। এমন সময়ে আসে তুর্কিদের হামলা। তারা এই বিদেশীদের রক্ষাকর্তা মনে ক'রে বোধ হয় সাহায্য করেছিল এবং পরে সাম্যবাদী ইসলাম ধর্ম্মের শীতল ছায়ায় আশ্রয় নিয়েছিল। তাই আজ পূর্ব পাকিস্তান হওয়া সম্ভবপর হয়েছে। নাথপন্থীদের একটি ছড়ায় এই যুগের অহিন্দু জনসাধারণের মনের ছাপ রয়েছে—

"জাজপুর পুরবাদি সোল সয় ঘর বেদি
বেদি লয় কেবোল দুর্জন।
দখিনা মাগিতে জায় জার ঘরে নাহি পায়
সাঁপ দিয়া পুড়ায় ভুবন॥

* * *

বেদ করে উচচারণ বেরোাক অগ্নি ঘনে ঘন
দেখিয়া সভাই কম্পমান।
মনেত পাইআ মর্ম্ম সভে বোলে রাখ ধর্ম্ম
তোমা বিনে কে করে পরিত্রান।।

* * *

ধর্ম্ম হৈল্যা জবনরূপি মাথাএত কাল টুপি
হাথে সোভে ত্রিকচ কামান।
চাপিআ উত্তম হয ত্রিভুবনে লাগে ভয
খোদায় বলিয়া এক নাম।।
নিরঞ্জন নিরাকার হৈলা ভেস্ত অবতার
মুখেত বলে তদম্বদান।
যতেক দেবতাগণ সভে হয়া একমন
আনন্দেত পরিল ইজার।।

* * *

জতেক দেবতাগণ হয্যা সবে একমন
প্রবেশ করিল জাজপুর।
দেউল দেহারা ভাঙ্গে কাড়্যা ফিড়্যা খায় রঙ্গে
পাখড় পাখড় বোলে বোল।
ধরিয়া ধর্ম্মের পায় রামাঞি পণ্ডিত যায
ই বড় বিষম গণ্ডগোল।।" (শূন্য পুরাণ)

পরবর্ত্তীকালে কিছু কিছু হিন্দু ইসলাম গ্রহণ করলেও পূর্ব পাকিস্তানের অধিকাংশ মুসলমান যে বৌদ্ধ বংশজাত তাতে সন্দেহের অবকাশ নেই। বাংলার বৌদ্ধ ও নাথ পন্থীদের প্রধান উপাস্য ছিল শূন্যমূর্ত্তি নিরঞ্জন। কানুপা তাঁর দোহায় বলেছেন—

"লোঅহ গব্ব সমুব্বহই হউঁ পরমথে পবীন।
কোড়িহ মাঝেঁ এক্কু জই হোই নিরংজন লীন।"

অর্থাৎ—লোক গর্ব বয়ে বেড়ায় যে আমি পরমার্থে প্রবীণ।
কোটির মধ্যে একজন যদি নিরঞ্জনে লীন হয়।।

প্রাচীন মুসলমান লেখকেরা কেহই ঈশ্বর বা ভগবান্ আল্লাহের প্রতিশব্দ রূপে ব্যবহার করেননি। কিন্তু তাঁরা নিরঞ্জন শব্দটি ব্যবহার করেছেন। এটি বৌদ্ধ উৎপত্তির একটি বলবৎ প্রমাণ। ইসলাম জাত পাত মানে না। মানুষ মাত্রেই আদমের সন্তান এবং সমান। কুরআনের বাণী "ইন্না আকরামাকুম ইন্দাল্লাহি আত্‌কাকুম"—নিশ্চয় তোমাদের মধ্যে যে সকলের চেয়ে বেশী ধার্ম্মিক, সেই আল্লাহের নিকট সকলের চেয়ে বেশী সম্মানিত। কাজেই আমরা বংশ দেখি না, আমরা দেখি গুণ। বাংলার মুসলমান যদি গুণে শ্রেষ্ঠ হতে পারে, তবে আরব, পারস্য, তুর্কী, হিন্দুস্থান প্রভৃতি পৃথিবীর যে কোন মুসলমানের চেয়ে সে কেন নিকৃষ্ট হবে? কবি হাফিজ কেমন সুন্দর বলেছেন—

"তাজে শাহী তলবী গওহরে যাতী বু-নামা!
ওয়ার খোদ আয় তুখমাএ জমশীদ ও ফরীদুঁ বাশী।"

অর্থাৎ—রাজার মুকুট চাও যদি নিজ গুণের প্রকাশ কর।
হও ফরীদুন জমশীদের বা যদি বংশধরও।।

স্বাধীন পূর্ব বাংলার স্বাধীন নাগরিকরূপে আজ আমাদের প্রয়োজন হয়েছে সর্ব শাখায় সুসমৃদ্ধ এক সাহিত্য। এই সাহিত্যে আমরা আজাদ পাক-নাগরিক গঠনের উপযুক্ত প্রয়োজনীয় বিষয়ের অনুশীলন চাই। এই সাহিত্য হবে আমাদের মাতৃভাষা বাংলায়। পৃথিবীর কোন জাতি জাতীয় সাহিত্য ছেড়ে বিদেশী ভাষায় সাহিত্য রচনা ক'রে যশস্বী হতে পারেনি। ইসলামের ইতিহাসের একেবারে গোড়ার দিকেই পারস্য আরব কর্তৃক বিজিত হয়েছিল, পারস্য আরবের ধর্ম্ম নিয়েছিল, আরবী সাহিত্যেরও চর্চা ক'রেছিল। কিন্তু তাঁর নিজের সাহিত্য ছাড়েনি। তাই রুদাগী ফিরদৌসী, নিযামী, সাদী, হাফিয, উফি, খাকানী, বুআলী সীনা, গাযালী, খায়্যাম প্রমুখ কবি, ভাবুক, সুফী ও দার্শনিক লেখকগণের রচনায় পারস্য সাহিত্য গৌরব-সমুজ্জ্বল। বাংলা সাহিত্যের চর্চ্চা আমাদের মধ্যে আজ নূতন নয়। বাংলাদেশ যখন দিল্লীর অধীনতা-নিগড় থেকে মুক্ত হয়ে গৌড়ে এক স্বাধীন সুলতানত প্রতিষ্ঠা করে, তখন থেকেই বাংলা সাহিত্য সৃষ্টির দিকে রাজার মনোযোগ পড়ে। ইউসুফ শাহ, হোসেন শাহ, নসরত শাহ্, ফীরোয শাহ্, নিযাম শাহ্শূর, ছুটী খা, পরাগল খাঁ প্রভৃতি রাজা ও রাজ-পুরুষগণ বাংলা সাহিত্যের উৎসাহদাতা ছিলেন। হিন্দু কবিরা মুক্তকণ্ঠে তাঁদের যশ কীর্তন ক'রে গেছেন। কৃত্তিবাসের পৃষ্ঠপোষক ছিলেন এক গৌড়েশ্বর। তাঁর প্রশংসায় কবি বলেছেন--

"পঞ্চ গৌড় চাপিয়া গৌড়েশ্বর রাজা।
গৌড়েশ্বর পূজা কৈলে গুণের হয় পূজা।"

এই গৌড়েশ্বর খুব সম্ভবত: রাজা গণেশ নন; কিন্তু তাঁর পুত্র ও উত্তরাধিকারী জালালুদ্দীন মুহম্মদ শাহ্। রাজা গণেশের রাজত্বকাল অল্প এবং অশান্তিপূর্ণ ছিল। আমরা তাঁকে সাহিত্যের পৃষ্ঠপোষকরূপে কোথাও দেখি না। অন্যপক্ষে জালালুদ্দীন মুহম্মদ শাহ্ দীর্ঘকাল শান্তিতে রাজত্ব করেন (১৪১৯—১৪৩১ খ্রী:)। তিনি ভরত মল্লিককে নানা উপহারসহ বৃহস্পতি ও রায়মুকুট এই দুই উপাধি দিয়েছিলেন। কৃত্তিবাস স্বধর্ম্মত্যাগী ব'লে বোধ হয় এই গৌড়েশ্বরের নাম উল্লেখ করেন নি।

কবীন্দ্র পরমেশ্বর সুলতান আলাউদ্দীন হোসেন শাহের প্রশংসায় বলেছেন—

"কলিযুগ অবতার গুণের আধার
পৃথিবী ভরিয়া যাঁর যশের বিস্তার।
সুলতান আলাউদ্দিন প্রভু গৌড়েশ্বর
এ তিন ভুবনে যাঁর যশের প্রসার।"

শ্রীকর নন্দী নসরত শাহের প্রশংসায় বলেছেন—

"নসরত শাহ্ নামে তথি অধিরাজ
রাম সম প্রজা পালে করে রাজ-কাজ।"

কবি শেখর এই নসরত শাহের প্রশংসায় বলেছেন—

"কবিশেখর ভণ অপরূপ রূপ দেখি
রায় নসরত শাহ্ ভজলি কমলমুখী।"

(মধ্যযুগের বাংলা সাহিত্যে মুসলমানের অবদান হিন্দু অপেক্ষা কম নয়।)

পল্লীগীতিকায় মুসলমানের দান অতি মহৎ। কলিকাতা বিশ্ববিদ্যালয়ের অর্থসাহায্যে জ্যেষ্ঠ সহোদরকল্প পরলোকগত দীনেশচন্দ্র সেনের আগ্রহে ও উৎসাহে যে গাথাগুলি সংগৃহীত হয়েছে, তা ছাড়া আরও বহু পল্লী-কবিতা পূর্ব্ববঙ্গে ছড়িয়ে পড়ে আছে। ঢাকা বিশ্ববিদ্যালয় এবং পূর্ব্ববঙ্গের সরকার কি এদিকে মনোযোগ দিবেন? এই পল্লীকাব্য সম্বন্ধে দীনেশবাবু বলেছেন, "এই বিরাট সাহিত্যের সূচনা আমি যেদিন পাইয়াছিলাম,

সেদিন আমার জীবনের এক স্মরণীয় দিন। আমি সেদিন দেশ-মাতৃকার মোহিনীমূর্ত্তি দেখিয়া মুগ্ধ হইয়াছিলাম, আমাদের বাংলা ভাষার শক্তি ও প্রসার দেখিয়া বিস্মিত হইয়াছিলাম এবং হিন্দু ও মুসলমানের যে যুগলরূপ দেখিয়াছিলাম— তাহাতে চক্ষু জুড়াইয়া গিয়াছিল।" এ পর্য্যন্ত কলিকাতা বিশ্ববিদ্যালয় ৪৫টি পল্লীগাথা প্রকাশ করেছেন। এর মধ্যে ২৩টি মুসলমান কবির রচিত।

গত ব্রিটিশ যুগের ও বর্ত্তমানের মুসলমানের সাহিত্য সাধনার কথা সকলের সুবিদিত। সুতরাং এখানে বলা নিষ্প্রয়োজন। আমাদের প্রয়োজন আছে আদি কাল থেকে আধুনিক কাল পর্যন্ত বাংলার মুসলমানের সাহিত্য সাধনার বিস্তৃত ইতিহাস লেখা এবং প্রাচীন মুসলিম লেখকদের গ্রন্থ প্রকাশ করা। আমাদের সাহিত্যিক বন্ধুরা কি এ দিকে অবহিত এবং অগ্রসর হবেন? ঢাকা বিশ্ববিদ্যালয়ের এবং সরকারের অবশ্য কর্ত্তব্য পূর্ববাংলার সকল স্থান থেকে পুঁথি, পল্লীগীতি, পল্লীকাব্য ও উপকথা সংগ্রহ ক'রে রক্ষা করা। বিশ্ববিদ্যালয়ের পুঁথিবিভাগকে আরও সমৃদ্ধ করতে হবে। মোটকথা আমরা ঢাকা বিশ্ববিদ্যালয়কে পূর্ব্ববঙ্গের জাতীয় বিশ্ববিদ্যালয়রূপে দেখতে চাই, সরকারী নওকরখানারূপে নয়। এখানে আমি অষ্টাদশ শতাব্দীর কবি "নূরনামার" লেখক নোয়াখালির সন্দ্বীপ নিবাসী আবদুল হাকিমের একটি কথা আমাদের দেশের এক শ্রেণীর লোককে শুনিয়ে রাখছি--

"যে সবে বঙ্গেতে জন্মি হিংসে বঙ্গবাণী।
সে সবার কিবা রীতি নির্ণয় না জানি।।
মাতা পিতামহ ক্রমে বঙ্গেতে বসতি।
দেশীভাষা উপদেশ মনে হিত অতি।।
দেশীভাষা বিদ্যা যার মনে না জুয়ায়।
নিজ দেশ তেয়াগি কেন বিদেশে না যায়।।"

যেমন আমরা বাংলার হিন্দু, মুসলমান, বৌদ্ধ, খৃস্টান এক মিশ্রিত জাতি, আমাদের ভাষা বাংলাও তেমনি এক মিশ্রিত ভাষা। বাংলার উৎপত্তি গৌড় অপভ্রংশ থেকে। সংস্কৃতের সঙ্গে তার সম্পর্কটা অতিদূরের। তবুও যেমন কেউ বড় মানুষের সঙ্গে একটা সম্পর্ক আবিষ্কার বা উদ্ভাবন করেন আত্মগৌরবের জন্য, তা তিনি মেসো মশায়ের খুড়তুত বোনের মামা শ্বশুরের পিসতুত ভাই হোন না কেন, সেই রকমই আমরা বাংলার সঙ্গে সংস্কৃতের কুটুম্বিতা পাতাই। কথাটা কিছু অতিরঞ্জিত হ'ল বটে। বিশেষ ক'রে সংস্কৃতের ঋণ বাংলা ভাষার আপাদমস্তক এমন ভারাক্রান্ত করেছে যে, সম্পর্কটা স্বীকার না করেই অনেকে পারেন না। ভাষাতত্ত্বামোদীদের জন্য একটা উদাহরণ দেই—"তোমরা ঐ গাছটা দেখ" এর গৌড় অপভ্রংশ হবে "তুমহেলোম্থা ওহি গচ্ছং দেক্‌খহ"; এর সংস্কৃত হচ্ছে "যূয়ং অমুং বৃক্ষং পশ্যত।" যূয়ং—তোমার, অমুং—ঐ, বৃক্ষং—গাছ, পশ্যত—দেখ,—বাংলার কোন শব্দই সংস্কৃত থেকে আসে নি। তবে বাংলার গোড়ায় যে আর্য্যভাষা, তা কেউ অস্বীকার করতে পারেন না।

সেই আর্য্যভাষার সঙ্গে মিশেছে আদি যুগে কোল, মধ্যযুগে পারসী ও পারসীর ভিতর দিয়ে কিছু আরবী ও যৎসামান্য তুর্কি এবং পরবর্ত্তী যুগে পর্তুগীজ আর ইংরেজি। দু'চারটা দ্রাবিড়, মোজলীয়, ফরাসী, ওলন্দাজ প্রভৃতি ভাষার শব্দও বাংলায় আছে। মিশ্রভাষা বলে আমাদের কিছু লজ্জা নেই। পৃথিবীর সর্বাপেক্ষা চলতি ভাষা ইংরেজির প্রায় ।।৵০ আনা শব্দসমষ্টি বিদেশী। পশ্চিম বঙ্গের পরিভাষা-নির্ম্মাণ-সমিতি খাটি সংস্কৃতভাষার পরিভাষা রচনা করেছেন। পাঠ্যপুস্তকে এরূপ খাটি আর্য্যভাষা চলতে পারে; কিন্তু ভাষায় চলে না। বহুদিন পূর্ব্বে রেলওয়ের স্থানে লৌহবর্ত্ম, টেলিগ্রাফের স্থানে তাড়িতবার্ত্তাবহ প্রভৃতি সংস্কৃত প্রতিশব্দ সৃষ্টি করা হয়েছিল; কিন্তু সেগুলি পৌরাণিক বিশ্বামিত্রের সৃষ্টির মতই অচল হ'য়ে গেছে। আমাদের মনে রাখতে হবে ভাষার ক্ষেত্রে গোঁড়ামি বা ছুঁৎমার্গের কোনও স্থান নেই।

ঘৃণা ঘৃণাকে জন্ম দেয়। গোঁড়ামি গোঁড়ামিকে জন্ম দেয়। এক দল যেমন বাংলাকে সংস্কৃত-ঘেঁষা করতে চেয়েছে, তেমনি আর একদল বাংলাকে আরবী-পারসী ঘেঁষা করতে উদ্যত হয়েছে। এক দল চাচ্ছে খাঁটি বাংলাকে 'বলি' দিতে, আর এক দল চাচ্ছে 'জবে' করতে। একদিকে কামারের খাঁড়া, আর একদিকে কসাইয়ের ছুরি।

নদীর গতিপথ যেমন নির্দেশ করে দেওয়া যায় না, ভাষারও তেমনি। একমাত্র কালই ভাষার গতি নির্দিষ্ট করে। ভাষার রীতি (Style) ও গতি কোন নির্দিষ্ট ধরাবাঁধা নিয়মের অধীন হ'তে পারে না। ফরাসী ভাষায় বলে Le style c'est l'homme—ভাষার রীতি সেটা মানুষ—অর্থাৎ মানুষে মানুষে যেমন তফাৎ, প্রত্যেক লোকের রচনাতেও তেমনি তফাৎ থাকা স্বাভাবিক। এই পার্থক্য নির্ভর করে লেখকের শিক্ষাদীক্ষা, বংশ এবং পরিবেষ্টনীর উপর। মোট কথা, ভাষা হওয়া চাই সহজ, সরল এবং ভাষার রীতি (style) হওয়া চাই স্বতঃস্ফূর্ত, সুন্দর ও মধুর। এ সাধনার ধন। ঘসে-মেজে রূপ আর ধ'রে-বেঁধে পীরিত যেমন, নিয়মে বেঁধে ভাষার রীতি শেখানও তেমন। অবশ্য প্রয়োজনবোধে (খামখেয়ালিতে নয়) সংস্কৃত, আরবী, পারসী, ইংরেজি, জার্মান, রুশ যে কোন ভাষা থেকে আমাদের শব্দ ধার করতে হবে। কিন্তু আমাদের দু'টি কথা স্মরণ রাখা উচিত—ভাষা ভাব প্রকাশের জন্য, ভাব গোপনের জন্য নয়; আর সাহিত্যের প্রাণ সৌন্দর্য্য, গোঁড়ামি নয়।

কিছু দিন থেকে বানান ও অক্ষর সমস্যা দেশে দেখা দিয়েছে। সংস্কারমুক্তভাবে এগুলির আলোচনা করা উচিত এবং তার জন্য বিশেষজ্ঞদের নিয়ে পরামর্শ সমিতি গঠন করা আবশ্যক। যাঁরা পালী, প্রাকৃত ও ধ্বনিতত্ত্বের সংবাদ রাখেন, তাঁরা স্বীকার করতে বাধ্য যে, বাংলা বানান অনেকটা অবৈজ্ঞানিক, সুতরাং তার সংস্কার দরকার। স্বাধীন পূর্ববাংলায় কেউ আরবী হরফে, কেউ বা রোমান অক্ষরে বাংলা লিখতে উপদেশ দিচ্ছেন। কিন্তু বাংলার শতকরা ৮৫ জন যে নিরক্ষর, তাদের মধ্যে অক্ষরজ্ঞান বিস্তারের জন্য কি চেষ্টা হচ্ছে? যদি পূর্ববাংলার বাইরে বাংলা দেশ না থাকত আর যদি গোটা বাংলা দেশে মুসলমান ভিন্ন অন্য সম্প্রদায় না থাকত, তবে এই অক্ষরের প্রশ্নটা এত সঙ্গীন হত না। আমাদের বাংলাভাষী প্রতিবেশী রাষ্ট্র ও সম্প্রদায়ের সঙ্গে সম্পর্ক রাখতে হবে। কাজেই বাংলা অক্ষর ছাড়তে পারা যায় না। পাকিস্তান রাষ্ট্র ও মুসলিম জগতের সঙ্গে সম্পর্ক রাখার প্রয়োজনীয়তা আমরা স্বীকার করি। তার উপায় আরবী হরফ নয়; তার উপায় আরবী ভাষা। আরবী হরফে বাংলা লিখলে বাংলার বিরাট সাহিত্য ভাণ্ডার থেকে আমাদিগকে বঞ্চিত হ'তে হবে। অধিকন্তু আরবীতে এতগুলি নূতন অক্ষর ও স্বরচিহ্ন যোগ করতে হবে যে বাংলার বাইরে তা যে কেউ অনায়াসে পড়তে পারবে, তা বোধ হয় না। ফলে যেমন উর্দু ভাষা না জানলে কেউ উর্দু পড়তে পারে না, তেমনই হবে বাংলা।

বিদেশীর জন্য অক্ষর জ্ঞানের পূর্বে ভাষাজ্ঞান—এমন অদ্ভুত কল্পনা এ বৈজ্ঞানিক যুগে খাটে না। মীম—য়া—নুন এই বানান মেঁ, মাঁয়, ময়ন, মিয়ন, মুয়িন, মুয়ুন, মীন, মেন, মুয়ন এই রকম বহু রূপেই পড়া যেতে পারে। যদি কোন বৈজ্ঞানিক অক্ষর নিতে হয়, তবে International Phonetic Script ব্যবহার করতে হয়। অক্ষর সম্বন্ধে বিবেচনা করতে হলে ছাপাখানা, টাইপ-রাইটার, শর্টহ্যাণ্ড এবং টেলিগ্রাফের সুবিধা ও অসুবিধার কথা মনে করতে হবে। বিশেষ ক'রে আজ যখন বাংলাকে প্রাদেশিক রাষ্ট্রভাষারূপে গ্রহণ করা হয়েছে এবং ভবিষ্যতে পাকিস্তান ও ভারত রাষ্ট্রের অন্যতম রাষ্ট্রভাষারূপে গ্রহণেরও সম্ভাবনা রয়েছে, তখন বাংলা ভাষার রাজনৈতিক সম্ভাবনা ও উপযোগিতার কথা চিন্তা করারও প্রয়োজন রয়েছে। জনগণের মধ্যে শিক্ষা ও জ্ঞান বিস্তারের জন্য Basic English-এর মত এক সোজা বাংলার বিষয় আমাদের বিবেচনা করা কর্তব্য। যদি ৮৫০টি ইংরেজী কথায় সমস্ত প্রয়োজনীয় ভাব প্রকাশ করতে পারা যায়, তবে বাংলায় তা কেন সম্ভব নয়?

আমরা পূর্ববাংলার সরকারকে ধন্যবাদ দেই যে তাঁরা বাংলাকে পূর্ব পাকিস্তানের প্রাদেশিক রাষ্ট্রভাষা রূপে গ্রহণ ক'রে বাংলা ভাষার দাবীকে আংশিকরূপে স্বীকার করেছেন। কিন্তু সরকারের ও জনসাধারণের এক বিপুল কর্ত্তব্য সম্মুখে রয়েছে। পূর্ববাংলা জনসংখ্যায় গ্রেট-ব্রিটেন, ফ্রান্স, ইটালি, স্পেন, পর্ত্তুগাল, আরব, পারস্য, তুর্কি, প্রভৃতি দেশের চেয়ে শ্রেষ্ঠ। এই সোনার বাংলাকে কেবল জনে নয়, ধনে-ধান্যে, জ্ঞানে-গুণে, শিল্প-বিজ্ঞানে পৃথিবীর যে কোন সভ্য দেশের সমকক্ষ করতে হবে। তাই কেবল কাব্য ও উপন্যাসের ক্ষেত্রে বাংলাকে সীমাবদ্ধ রাখলে চলবে না। দর্শন, ইতিহাস, ভূগোল, গণিত, রসায়ন পদার্থবিদ্যা ভূতত্ত্ব, জীবতত্ত্ব, ভাষাতত্ত্ব, অর্থনীতি, মনোবিজ্ঞান, প্রত্নতত্ত্ব, প্রভৃতি জ্ঞান-বিজ্ঞানের সকল বিভাগে বাংলাকে উচ্চ আসন নিতে ও দিতে হবে। তার জন্য শিক্ষার মাধ্যম স্কুল, কলেজ, মাদ্রাসা ও বিশ্ববিদ্যালয়ে আগাগোড়া বাংলা করতে হবে।

ব্রিটিশ আমলের অনুমোদিত ওল্ড স্কীম, নিউ স্কীম ও সাধারণ—এই তিন বিভিন্ন ধারার শিক্ষা-পদ্ধতিকে একই সাধারণ ভিত্তির উপর দাঁড় করাতে হবে। ধর্ম্মে যেমন আমরা একত্ববাদী, শিক্ষায়ও আমাদিগে একত্ববাদী হ'তে হবে। এজন্য নানা বিষয়ে অভিজ্ঞ শিক্ষাবিদদের নিয়ে একটি পরামর্শ সভার আশু প্রয়োজন হয়েছে। আযাদ পাকিস্তানে আমাদের অবিলম্বে শিক্ষা-তালিকার সংস্কার করতে হবে। এই নূতন তালিকায় রাষ্ট্র-ভাষা উর্দ্দুকে স্থান দিতে হবে। যারা এতদিন রাজ-ভাষারূপে ইংরেজির চর্চা করেছে, তাদের উর্দ্দু শিখতে কি-আপত্তি থাকতে পারে? দেশে গণশিক্ষা, স্ত্রীশিক্ষা ও বয়স্কদের শিক্ষার বিস্তার করতে হবে। প্রাথমিক শিক্ষা ধর্ম্ম ও নীতি শিক্ষা এবং সামরিক শিক্ষাকে বাধ্যতামূলক করতে হবে।

আমাদিগে একটি একাডেমী (পরিষদ) গড়তে হবে, যার কর্ত্তব্য হবে পৃথিবীর বিভিন্ন ভাষা থেকে জ্ঞান-বিজ্ঞান ও সাহিত্য বিষয়ে শ্রেষ্ঠ গ্রন্থাবলীর অনুবাদ বাংলায় প্রকাশ। এজন্য একটি পরিভাষা-সমিতির প্রয়োজন আছে। বিশেষ ক'রে আরবী, পার্সী এবং উর্দ্দু ভাষা থেকে ইসলাম, ধর্ম্ম ও সংস্কৃতি সম্বন্ধে বইগুলির অনুবাদ একান্ত প্রয়োজনীয় হ'য়ে পড়েছে। মুখে "পাকিস্তান যিন্দাবাদ" বললেই পাকিস্তান জীবিত থাকবে না; তাকে ধর্ম্মে ও জ্ঞানে, চরিত্রে ও দৈহিক শক্তিতে উন্নত ক'রে কৃষি ও শিল্পে, বাণিজ্যে ও রণকৌশলে, সাহিত্যে ও কলায় মহিমান্বিত ও গৌরবান্বিত করতে হবে। যে দিন সে দিন হবে সে দিন আমরা দ্বিধামুক্ত অযুত কণ্ঠে বলতে পারব—

পাকিস্তান যিন্দাবাদ।

* আমরা হিন্দু বা মুসলমান যেমন সত্য, তার চেয়ে বেশী সত্য আমরা বাঙ্গালী। এটি কোন আদর্শের কথা নয়, এটি একটি বাস্তব কথা। মা প্রকৃতি নিজের হাতে আমাদের চেহারায় ও ভাষায় বাঙ্গালীত্বের এমন ছাপ মেরে দিয়েছেন যে, মালা-তিলক-টিকিতে কিংবা টুপি-লুঙ্গী-দাড়িতে ঢাকবার জো টি নেই

** ভাষণের শেষ যে অংশটি (তারকা চিহ্নিত) গ্রন্থে প্রকাশিত হয়নি তা এখানে বদরুদ্দীন উমরের গ্রন্থ থেকে উদ্ধৃত হলো।

শিরোনাম	সূত্র	তারিখ
শামসুল হক কর্তৃক আওয়ামী মুসলিম লীগের প্রথম প্রস্তাবিত ম্যানিফেস্টো।	পূর্ব বাংলার ভাষা আন্দোলন ও তৎকালীন রাজনীতি: বদরুদ্দীন উমর, পৃষ্ঠা—২৪১।	২৪শে জুন, ১৯৪৯

শামসুল হকের প্রস্তাব এবং আওয়ামী মুসলিম লীগের প্রথম ম্যানিফেস্টো।*

পূর্ব পাকিস্তান মুসলিম লীগ কর্মী সম্মেলনে বিবেচনার জন্যে শামসুল হক 'মূলদাবী' নামে একটি ছাপা পুস্তিকাতে লিপিবদ্ধ তাঁর বক্তব্য পাঠ করেন। পুস্তিকাটির মুখবন্ধের প্রারম্ভে তিনি বলেন:

ইং ১৯৪৯ সনের ২৩শে ও ২৪শে জুন তারিখে ঢাকায় অনুষ্ঠিত "পূর্ব পাকিস্তান মুসলিম লীগ কর্মী সম্মেলন" মনে করে যে, সর্ব কালের, সর্ব যুগের, সর্ব দেশের যুগ প্রবর্তক ঘটনাবলীর ন্যায় লাহোর প্রস্তাবও একটা নূতন ইতিহাসের সৃষ্টি করিয়াছে। বিরুদ্ধ পরিবেশে মানবের দেহ, মন ও মস্তিষ্কের উন্নতি ও পূর্ণ বিকাশ সম্ভব নয়। মানুষ পরিবেশের দাস একথা আধুনিক বৈজ্ঞানিকগণও স্বীকার করেন। বিরুদ্ধ পরিবেশে পূর্ণ ইসলামিক মনোভাব এবং সমাজ বিধান গড়িয়া তোলা সম্ভব নয়। ভারতের মুসলমানগণ বহু শতাব্দীর সঞ্চিত অভিজ্ঞতা হইতে এই মহা সত্য উপলব্ধি করিয়াই বিরুদ্ধ পরিবেশে বা দারুল হরবের পরিবর্তে ইসলামিক পরিবেশ বা দারুল ইসলাম কায়েম করার জন্য প্রতিজ্ঞাবদ্ধ হইয়াছিল। কিন্তু পাকিস্তান ইসলামিক রাষ্ট্র হইলেও শুধু মুসলমানের রাষ্ট্র বা শুধু মুসলমানের জন্য প্রতিষ্ঠিত করিবার এবং পাশ্চাত্য সভ্যতা ও শিক্ষা প্রভাবান্বিত ইসলামবিরোধী সাম্রাজ্যবাদী, ধনতান্ত্রিক ও আত্মকেন্দ্রিক পরিবেশ গড়িয়া তুলিবার ইচ্ছা তাহাদের ছিল না।

রব বা স্রষ্টা হিসাবেই সৃষ্টির বিশেষ করিয়া সৃষ্টির শ্রেষ্ঠ জীব মানুষের সাথে আল্লার সবচাইতে ঘনিষ্ঠ সম্পর্ক। বস্তুতঃ রব বা স্রষ্টা, পালন বা পোষণকর্তা হিসাবে, বিশ্ব ও সৃষ্টিকে ধাপের পর ধাপ, স্তরের পর স্তর, পরিবর্তনের পর পরিবর্তনের ভিতর দিয়া কতকগুলি স্থায়ী ও সাধারণ ক্রমবিকাশ ক্রমোন্নতির নিয়মানুসারে এক অবস্থা হইতে অপর অবস্থার ভিতর দিয়া ধীরে ধীরে কিন্তু সুনিশ্চিতরূপে চরম সুখ, শান্তি ও পূর্ণতা প্রাপ্তির দিকে আগাইয়া নিবেন। ইসলামের দৃষ্টিভঙ্গীতে আল্লাহ শুধু মুসলমানের নয়—জাতি, ধর্ম ও বর্ণ নির্বিশেষে সমগ্র মানবের। রবই আল্লার সত্যিকার পরিচয়। রব হিসাবে রবুবিয়াৎ বা বিশ্ব-পালনই তাঁর প্রথম ও প্রধান কাজ। সুতরাং দুনিয়ার উপর আল্লার খলিফা বা প্রতিভূ হিসাবে মানব এবং খেলাফৎ হিসাবে রাষ্ট্রের প্রথম এবং প্রধান কাজ ও কর্তব্য হইল আল্লার উপায় ও পদ্ধতি অনুসারে বিশ্বের পালন করা এবং জাতি, ধর্ম ও বর্ণ নির্বিশেষে মানুষের সামগ্রিক সুখ, শান্তি, উন্নতি, কল্যাণ ও পূর্ণ বিকাশের জন্য চেষ্টা, সাধনা ও সংগ্রাম করা।

*১৯৪৮ সালে ২৩শে জুন আওয়ামী মুসলিম লীগ প্রতিষ্ঠিত হয়। এই সংগঠনের প্রথম সভাপতি মওলানা ভাসানী, সম্পাদক শামসুল হক এবং যুগ্ম সম্পাদক শেখ মুজিবুর রহমান ও খোন্দকার মোশতাক আহমেদ।

মুসলিম লীগ সম্পর্কে খাজনা হক প্রতিষ্ঠানটিতে বলেন:

নিখিল ভারত মুসলিম লীগ কখনও দল বিশেষের প্রতিষ্ঠান ছিল না; ইহা ছিল ভারত উপমহাদেশের মুসলিম জনগণের জাতীয় প্ল্যাটফর্ম বা মঞ্চ। ইহার উদ্দেশ্য পাকিস্তান প্রতিষ্ঠার পর, পাকিস্তানের মূল নীতিগুলিকে কার্যকরী করিয়া তুলিতে হইলে প্রয়োজন নতুন চিন্তাধারা, নতুন নেতৃত্ব এবং নতুন সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক নীতি ও কর্মসূচী এবং মুসলিম লীগকে মুসলিম জনগণের সত্যিকার জাতীয় প্ল্যাটফর্ম বা মঞ্চ হিসাবে গড়িয়া তোলার।....

কিন্তু দুঃখের বিষয় বর্তমান পকেট লীগ নেতৃবৃন্দ উপরোক্ত কর্মপন্থা অনুসরণ না করিয়া তাঁদের নিজেদের কায়েমী স্বার্থ এবং প্রতিক্রিয়াশীল নেতৃত্ব বজায় রাখার জন্য লীগের মর্যাদা ও জনপ্রিয়তা ভাঙ্গাইয়া চলিয়াছেন। এই উদ্দেশ্যেই তাহারা মুসলিম লীগকে দলবিশেষের প্রতিষ্ঠান করিয়া ফেলিয়াছেন। শুধু তাহাই নয় মানবের প্রতি আশীর্বাদ স্বরূপ ইসলামকেও ব্যক্তি, দল ও শ্রেণী বিশেষের স্বার্থ সিদ্ধির জন্য অন্যায় এবং অসাধুভাবে কাজে লাগান হইতেছে। কোনও পাকিস্তান প্রেমিক এমন কি মুসলিম লীগের ঝানু কর্মিগণ পর্যন্ত নীতি ও কর্মসূচী সম্পর্কে কোনরূপ প্রশ্ন উত্থাপন করিতে অথবা প্রস্তাব করিতে পারে না। কেহ যদি এইরূপ করিবার চেষ্টা করে তাহা হইলে তাহাদিগকে পাকিস্তানের শত্রু বলিয়া আখ্যায়িত করা হয়।

পুর্ব পাকিস্তান মুসলিম লীগ কর্মী সম্মেলন মনে করে যে, মুসলিম লীগকে এইসব স্বার্থান্বেষী মুষ্টিমেয় লোকদের পকেট হইতে বাহির করিয়া সত্যিকার জনগণের মুসলিম লীগ হিসাবে গড়িয়া তুলিতে হইলে, মুসলিম লীগকে সত্যিকার শক্তিশালী মুসলিম লীগ বা মুসলিম জামাত বা মুসলিম জাতীয় প্ল্যাটফর্ম বা মঞ্চে পরিণত করিতে হইলে প্রত্যেক প্রাপ্তবয়স্ক মুসলিমকে ইহার সদস্য শ্রেণীভুক্ত করিতে হইবে, অন্যথায় মুসলিম লীগকে পাশ্চাত্য সভ্যতা, গণতন্ত্র ও সাংগঠনিক নীতি প্রভাবান্বিত দলবিশেষের পার্টি বলিয়া ঘোষণা করিয়া অপরাপর সবাইকে সাধ্যমত দল গঠন করিবার সুযোগ, সুবিধা ও অধিকার দিতে হইবে। মুসলিম লীগের ভিতর প্রত্যেক ব্যক্তি, দল ও উপদলের স্বাধীন মতামত, আদর্শ, নীতি ও কর্মসূচী ব্যক্ত এবং তার পিছনে সংঘবদ্ধ হইবার অধিকার দিতে হইবে। তদুপরি ছাত্র, যুবক, মহিলা, চাষী ক্ষেতমজুর, মজদুর প্রভৃতি শ্রেণীসংঘ গড়িয়া তুলিবার স্বাধীনতা থাকিবে।

ইসলামী রাষ্ট্রের রূপ সম্পর্কে তাতে বলা হয়,

১। পাকিস্তান খেলাফৎ অথবা ইউনিয়ন অব পাকিস্তান রিপাবলিকস্ বৃটিশ কমনওয়েলথের বাহিরে একটি স্বাধীন সার্বভৌম ইসলামী রাষ্ট্র হইবে।

২। পাকিস্তানের ইউনিটগুলিকে আত্মনিয়ন্ত্রণের পূর্ণ অধিকার দিতে হইবে।

৩। রাষ্ট্রের সার্বভৌমত্ব আল্লার প্রতিভূ হিসাবে জনগণের উপর ন্যস্ত থাকিবে।

৪। গঠনতন্ত্র হইবে নীতিতে ইসলামী, গণতান্ত্রিক ও আকারে রিপাবলিকান।

কৃষি পুনর্গঠন প্রস্তাবে বলা হয়:

১। জমিদারী প্রথা ও জমির উপর অন্যান্য কায়েমী স্বার্থ বিনা খেসারতে উচ্ছেদ করিতে হইবে।

২। সমস্ত কর্ষিত ও কৃষি উপযোগী অকর্ষিত জমি কৃষকদের মধ্যে সমভাবে বণ্টন করিয়া দিতে হইবে।

৩। তাড়াতাড়ি অর্ডিন্যান্স জারী করিয়া 'তেভাগা' দাবী মানিয়া লইতে হইবে।

৪। রাষ্ট্রের তত্ত্বাবধানে অবিলম্বে সমবায় ও যৌথ কৃষি প্রথা প্রতিষ্ঠা করিতে হইবে।......

৫। নিম্নলিখিত বিষয়ে কৃষকদের অবিলম্বে সাহায্য করিতে হইবে:—

(ক) সেচ ব্যবস্থার সুবিধা ও সার প্রস্তুতের পরিকল্পনা।

(খ) উন্নত ধরনের বীজ ও বৈজ্ঞানিক যন্ত্রপাতি।

(গ) সহজ ঋণ দান ও কৃষিঋণ হইতে মুক্তি।

(ঘ) ভূমি-করের উচ্ছেদ না হওয়ার পূর্ব পর্যন্ত ভূমিকর শতকরা পঞ্চাশ ভাগ কমান।

(ঙ) ভূমি-করের পরিবর্তে কৃষি আয় কর বসানো।

(চ) খাদ্যশস্য প্রভৃতি জাতীয় ফসলের সর্বনিম্ন ও সর্ব-উর্ধ্ব দর নির্ধারণ করিয়া দিতে হইবে এবং পাটের সর্বনিম্ন দর বাঁধিয়া দিতে হইবে।

(ছ) খাদ্যশস্যের ব্যবসা সরকারের হাতে একচেটিয়া থাকা উচিত। পাট ব্যবসা ও বুনানীর লাইসেন্স রহিত করিতে হইবে।

(জ) সকল প্রকারের সমবায় সমিতিগুলিকে সাহায্য ও উৎসাহ দিতে হইবে।

৬। কালে সমস্ত ভূমিকে রাষ্ট্রের জাতীয় সম্পত্তিতে পরিণত করিতে হইবে এবং সরকারের অধিনায়কত্ব ও তত্ত্বাবধানে যৌথ ও সমবায় কৃষিপ্রথা খুলিতে হইবে।

দেশীয় শিল্পকে নানা বিপদের হাত থেকে রক্ষা করার উদ্দেশ্যে মূল দাবীতে নিম্নলিখিত কর্মসূচীর উল্লেখ করা হয়:

১। প্রাথমিক শিল্পগুলিকে জাতীয় সম্পত্তিতে পরিণত করিতে হইবে যেমন,—যুদ্ধ শিল্প, ব্যাঙ্ক, বীমা, যানবাহন, বিদ্যুৎ সরবরাহ, খনি, বন-জঙ্গল ইত্যাদি; এবং অন্যান্য ছোটখাটো শিল্পগুলিকে পরিকল্পনার ভিতর দিয়া সরাসরি রাষ্ট্রের তত্ত্বাবধানে আনিতে হইবে।

২। পাট ও চা শিল্পকে জাতীয় সম্পত্তিতে পরিণত করিতে হইবে এবং পাট ও চা ব্যবসা সরকারের হাতে একচেটিয়া থাকিবে।

৩। কুটির শিল্পগুলিকে সুচিন্তিত পরিকল্পনার ভিতর দিয়া বিশেষভাবে সাহায্য ও উৎসাহ দান করিতে হইবে।

৪। বিল, হাওর ও নদীর উপর হইতে কায়েমী স্বার্থ তুলিয়া দিয়া সরকারের কর্তৃত্বাধীনে মৎস্যজীবীদের মাঝে যৌথ উপায়ে বণ্টন করিয়া দিতে হইবে —এবং সুপরিকল্পিত পদ্ধতিতে বৈজ্ঞানিক উপায়ে মৎস্যের চাষ ও মৎস্য ব্যবসার পত্তন করিতে হইবে। ফিশারী বিভাগের দ্রুত উন্নয়ন করিয়া এই সমস্ত বিষয়ে শিক্ষা প্রসার করিতে হইবে ও উন্নত ধরনের গবেষণাগার খুলিতে হইবে।।

৫। শিল্প ও ব্যবসায়ে ব্যক্তিগত একচেটিয়া অধিকার থাকিবে না।

৬। বৃটিশের নিকট হইতে ষ্টার্লিং পাওনা অবিলম্বে আদায় করিতে হইবে এবং তাহা দ্বারা যন্ত্রপাতি ক্রয় করিতে হইবে ও শিল্পপ্রতিষ্ঠান গড়িয়া তুলিতে হইবে।

৭। দেশের আভ্যন্তরীণ ও বৈদেশিক ব্যবসাকে নিয়ন্ত্রিত ও পরিচালিত করিবার ভার রাষ্ট্রকে গ্রহণ করিতে হইবে।

৮। সমস্ত বৃটিশ ও বৈদেশিক ব্যবসাকে জাতীয় সম্পত্তিতে পরিণত করিতে হইবে।

৯। শিল্পে বৈদেশিক মূলধন খাটানো বন্ধ করিতে হইবে।

১০। শিল্পে মুনাফার হার আইন করিয়া বাঁধিয়া দিতে হইবে।

মানবতার চূড়ান্ত মুক্তি সংগ্রাম যাতে বিলম্বিত না হয়, সেজন্য জনতাকে তাহাদের সমস্ত ব্যক্তিগত এবং দলগত বিভেদ বিসর্জন দিয়া এক কাতারে সমবেত হইতে মুসলিম লীগ কর্মী সম্মেলন আবেদন জানাইতেছে। সাম্রাজ্যবাদী সরীসৃপের ফোঁস-ফোঁস শব্দ আজ সমাজের আনাচে-কানাচে সর্বত্র শোনা যাইতেছে—সেই ফোঁস-ফোঁস শব্দই যেন এই যুগের সঙ্গীত। আমাদের কওমী প্রতিষ্ঠান এই সরীসৃপদের বিরুদ্ধে সংগ্রাম চালাইয়া তাহাদের বিষদাঁত উৎপাটন করিতে বদ্ধপরিকর। হজরত আবু বকর সিদ্দিকী (রা:) বলিয়াছিলেন : 'যদি আমি ঠিক থাকি, তবে আমাকে অনুসরণ কর, আর যদি আমি ভ্রান্ত হই, আমাকে সংশোধন কর।' সেই অমর আদর্শকেই সামনে ধরিয়াই কওমী প্রতিষ্ঠান সমস্ত দেশবাসীকে সমতালে আগাইয়া আসিতে আহ্বান জানাইতেছে; আসুন আমরা কোটি কোটি নর-নারীর সমবেত চেষ্টায় গণ-আজাদ হাসিল করিয়া সোনার পূর্ব পাকিস্তানকে সুখী, সমৃদ্ধ ও গণতান্ত্রিক ভিত্তিতে গড়িয়া তুলি।

শিরোনাম	সূত্র	তারিখ
পূর্ব পাকিস্তান আওয়ামী মুসলিম লীগের প্রথম ঘোষণা ও গঠনতন্ত্র।	পূর্ব পাকিস্তান আওয়ামী মুসলিম লীগ।	১৯৪৯

Draft

CONSTITUTION AND RULES OF THE EAST PAKISTAN AWAMI MUSLIM LEAGUE

NAME

This Association shall be called "THE EAST PAKISTAN AWAMI MUSLIM LEAGUE", and shall be affiliated with the All Pakistan Awami Muslim League in due course.

Why Awami Muslim League was formed

ITS AIMS AND OBJECTS

All-India Muslim League struggled for Independence and its main issue was the achievement of Pakistan. After Pakistan came into being, the leaders decided to dissolve the organisation and in its stead brought into existence Pakistan Muslim League.

At the inception, Muslims of Pakistan accepted this organisation as the successor of the All-India Muslim League which fought for Pakistan; but as days passed by, they were disillusioned. It became clear to them that the Pakistan Muslim League which pretended to inherit all the glories of its predecessor was in fact not meant to be a popular organisation but a party whose sole aim was to maintain the Ministry in power, People who actually sacrificed their everything in the struggle for freedom could not enter the organisation, thanks to the machination by the organisers, while a large number of erstwhile 'nationalists' and anti-pakistan elements and opportunists power-loving people became Muslim leaguers overnight and formed what is called 'Muslim League' by a coterie.

The burning problems of the country remained unsolved and for these long years Muslim League did not do anything to alleviate the distress of the people. The party proved to be completely a Governmental machinery and in course of time turned into a Sarkari league. Voice of opposition was gagged and measures under various Safety Acts and Ordinances were adopted to incarcerate the real and natural leaders of the people who demanded just and legitimate rights.

The country has not progressed mainly because of the attitude of the Muslim League. Education of the people collapsed, refugees have not been rehabilitated. Industry has not been developed, by-election in the seats vacant for over two years have not been held; the quality of administration almost in every branch has deteriorated and the list of safety acts is becoming bigger every day.

In this context, it was proposed to form an organisation of the people—the common man, with the object of mobilising public opinion and ensuring economic freedom to the poverty-stricken masses and for trying to get all grievances redressed by the strength of popular will. The organisation is for all the people—the Awam—as opposed to the pocket or the Sarkari League, which is subservient to the present rulers. Awami Muslim League is distinctly a separate organisation.

Aims and Objects

The aims and objects of the East Pakistan Awami Muslim League shall be, *inter alia,* as follows:—

1. To preserve the Sovereignty, integrity, dignity and stability of Pakistan.
2. To ensure that the constitution and the laws of Pakistan are founded on the principles of true democracy.
3. To promote and maintain the religious, cultural, social, educational and economio interests of the Muslims of Pakistan and to ensure similar rights to other non-muslim citizens of Pakistan.
4. To secure the basic necessities of life for every citizen of Pakistan namely, food, shelter, clothes, education, medical aid and the scope to earn an honest and honorable competence.
5. To improve the lot of the common man to raise his standard of living and to procure for him full remuneration for his labour.
6. To relieve sufferings, propagate knowledge, promote equality and justice, bannish oppressions, eradicate corruptions, elevate moral and material standard of the people by organising social service on the basis of self-help and co-operation.
7. To separate the judiciary from the Executive and maintain the independence of the Judiciary and the Public Service Commissions; to provide Judicial trial before any detention unless in emergencies, such as war or mutiny.
8. To safeguard civil liberties, such as individual and collective freedom of belief, expression, association and organisation.
9. To strengthen the bonds of brotherhood amongst Muslims all over the world; to establish and strengthen friendly and economic relationship with the neighbouring countries as well as with the Muslim countries all over the world.
10. To dessiminate true knowledge of Islam and its high moral and religious principles among the people.
11. To promote peace in International affairs.

Immediate Programme

1. Abolition of the system of Zamindary without compensation and equitable distribution of land among the tillers of the soil.

2. To nationalise the key Industries, essential to the life of the nation; to establish Industries on Govt. initiative and also to organise, expand and encourage cottage industries, etc.

3. To introduce free and compulsory primary education; to reorganise secondary and higher education on modern and scientific basis.

4. To eradicate corruption, favouritism, nepotism, and all other kinds of anti-social evils from the administration and social life.

5. To take bold and swift measures to rehabilitate the Muhajereen in the life of the country and make them useful citizens.

6. To utilise to the fullest advantage—JUTE—the golden fibre, in the inerest of the State and to ensure the highest price for the GROWERS and to establish sufficient number of mills to assure proper market for Jute.

7. To adopt austerity measures and to curtail the expenses of administration to the necessary minimum and provide for honest living of the lowly-paid officers.

8. To provide a net-work of Govt. charitable dispensaries to afford free medical aid all over the country.

Mr. President, in the end we firmly believe that by laying the foundations of our constitution on the principles enunciated in this Resolution, we shall be able to put Pakistan on the path of progress, and the day is not far distant when Pakistan will become a country of which its citizens, without distinction of class or creed, will be proud. I am confident that our people have great potentialities Through their unparalleled sacrifices and commendable sense of discipline, displayed at the time of a grave disaster and crisis, they have earned the admiration of the world. Such a people, I am sure, not only deserves to live, but is destined to make a contribution to the welfare and progress of humanity. It is essential that it should keep alive its spirit of sacrifice, and its adherence to its noble ideals, and Destiny itself will lead it to its place of glory in the affairs of the world, and make it immortal in the annals of humanity. Sir, this people has traditions of great achievement to its credit; its history is replete with deeds of glory, in every sphere of life it has contributed its full measure of achievement; its heroism adorns the pages of military chronicles; its administrators created traditions which have withstood the ravages of time; in creative art, its poetry, architecture and sense of beauty have won their tribute of appreciation; in the matter of spiritual greatness it has few parallels. It is this people which is again on the march, and, given the necessary opportunities, it will surpass its previous record of glorious achievement. This Objectives Resolution is the first step in the direction of the creation of an environment which will again awaken the spirit of the nation. We, whom Destiny has chosen to play a part, howsoever humble and insignificant, in this great drama of national resurrection, are overwhelmed with the magnitude of the opportunities which are before us. Let us use these opportunities with wisdom and foresight, and I have not the least doubt that these humble efforts will bear fruit far in excess of our wildest expectations, through the help of a Providence which has brought Pakistan into existence. It is not every day that great nations come into their own; it is not every day that peoples stand on the threshold of renaissance; it is not every day that Destiny beckons the down-trodden and the subjugated to rise and greet the dawn of a great future It is the narrow streak of light heralding the brilliance of the full day, that we salute in the form of this Resolution.

শিরোনাম	সূত্র	তারিখ
হাজং বিদ্রোহের ওপর সংবাদ-পত্রের প্রতিবেদন ও সরকারী প্রেস নোট।	পূর্ব বাংলার ভাষা আন্দোলন ও তৎকালীন রাজনীতি: বদরুদ্দীন ওমর।	ফেব্রুয়ারী মার্চ, ১৯৪৯।

৪ঠা ফেব্রুয়ারীতে লেঙ্গুরা হাটের সামনে যে কৃষক-সিপাহী সংঘর্ষ হয় সে বিষয়ে ময়মনসিংহ থেকে ১২ই ফেব্রুয়ারী প্রেরিত দৈনিক আজাদ পত্রিকায় প্রকাশিত নিম্নলিখিত বিবরণটি এদিক থেকে উল্লেখযোগ্য:

> জানা গিয়াছে যে গত ৪ঠা ফেব্রুয়ারী মোমেনশাহী জেলায় আসাম-পূর্ব্ববঙ্গ সীমান্তবর্ত্তী এলাকাবাসী হাজং ও আদিবাসীগণ লাঠি, তীর, ধনুক, বর্শা ও রামদা লইয়া লেঙ্গুরাস্থিত পুলিশ ক্যাম্প আক্রমণ করে। হাজংদের মধ্যে কম্যুনিষ্ট প্রভাব বলিয়া প্রকাশ। তাহারা দুই দলে বিভক্ত হইয়া পুলিশদিগকে আক্রমণ করে, কিন্তু পুলিশের পাল্টা আক্রমণ ও গুলিচালনার ফলে হটিয়া যায়। গুলিবর্ষণের ফলে ১০ জন হাজং নিহত ও আরও কয়েকজন আহত হইয়াছে। পরে অতিরিক্ত পুলিশ বাহিনী প্রেরণ করা হয় এবং অবস্থা আয়ত্তাধীনে আসিয়াছে বলিয়া প্রকাশ।
>
> পুলিশ হাজংদের কয়েকটি গ্রামে হানা দিয়া ২৮ জনকে গ্রেফতার করিয়াছে এবং বহু তীর, ধনুক ও বর্শা উদ্ধার করিয়াছে। জানা গিয়াছে যে, হাজংরা কিছুকাল যাবৎ সরকারের টঙ্ক ও কর সংগ্রহ পরিচালনার বিরুদ্ধে প্রতিবাদ করিয়া আসিতেছে। টঙ্ক' ব্যবস্থা অনুসারে নগদ টাকার পরিবর্তে উৎপন্ন শস্যের একটি নির্দ্দিষ্ট অংশ জমিদারগণকে দিতে হয়।
>
> প্রকাশ যে, গত ৪ঠা ফেব্রুয়ারী ঘটনার পূর্বে উক্ত একই এলাকার অন্তর্গত বালিগাঁও সীমান্ত বাহিনীর একজন সৈন্য নিহত হয়।

ময়মনসিংহ থেকে ১২ই ফেব্রুয়ারী প্রেরিত এবং 'দৈনিক আজাদ' পত্রিকায় প্রকাশিত একটি রিপোর্টে ৯ই ফেব্রুয়ারীর দুটি ঘটনা সম্পর্কে বলা হয়:

> জানা গিয়াছে গত ৯ই ফেব্রুয়ারী মোমেনশাহী জেলার পূর্ব পাক-আসাম সীমান্তবর্ত্তী উত্তর এলাকার গারো হাজং কমিউনিষ্টগণ লাঠি, তীর ধনুক, বর্শা ইত্যাদি মারাত্মক অস্ত্রশস্ত্রে সুসজ্জিত হইয়া দুর্গাপুর থানার নিকটস্থ 'সেঙ্গু' এবং হালুয়াঘাট থানার উপকন্ঠস্থ 'পুলিশ ক্যাম্প' আক্রমণ করিলে, পুলিশ বাহিনী পাল্টা আক্রমণ করিয়া গুলি চালায়। ফলে, হালুয়াঘাট থানার নিকটস্থ ঘটনাকেন্দ্রে কমিউনিষ্ট পক্ষের ১ জন নিহত এবং ৬ জন আহত হইয়াছে বলিয়া জানা গিয়াছে। লেঙ্গুরাস্থ ঘটনা কেন্দ্রের হতাহতের খবর এখনও পাওয়া যায় নাই।

প্রকাশ পূর্ব প্রকাশিত সরকারের টঙ্ক ও খাদ্য সংগ্রহনীতির বিরুদ্ধাচারণই এই সমস্ত সংঘর্ষের মূল কারণ। আর এক খবরে প্রকাশ, জেলা ম্যাজিস্ট্রেটের অনুপস্থিতিতে অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট হালুয়াঘাট, নলিতাবাড়ী এবং শ্রীবর্দী থানাত্রয়ে ১৪৪ ধারা জারী করিয়াছেন। আরও প্রকাশ অতিরিক্ত পুলিশ বাহিনী এবং ই, বি, রেজিমেন্ট রাইফেল্‌স্ উক্ত অঞ্চলে প্রেরণ করা হইয়াছে। বর্তমান অবস্থা কিয়ৎ পরিমাণে শান্ত।

ময়মনসিংহের হাজং অঞ্চলে কৃষক-সিপাহী সংঘর্ষ এবং সিপাহীদের কৃষক নির্যাতন সম্পর্কে এই সময় কলকাতা থেকে প্রকাশিত 'আনন্দবাজার পত্রিকা', 'হিন্দুস্থান ষ্ট্যাণ্ডার্ড' ইত্যাদি পত্রিকায় মন্তব্যসহ কিছু কিছু সংবাদ প্রকাশিত হয়। এই সব সংবাদের প্রতিবাদ করে পূর্ব বাংলা সরকার ১৬ই ফেব্রুয়ারী ময়মনসিংহের উত্তরাঞ্চলের পরিস্থিতি সম্পর্কে নিম্নলিখিত প্রেস নোট জারী করেন :

গত ১৫ই ফেব্রুয়ারী 'আনন্দবাজার পত্রিকা' ও 'হিন্দুস্থান ষ্ট্যাণ্ডার্ড' এ-প্রকাশিত ইউনাইটেড প্রেস অব ইণ্ডিয়ার একটি খবরের প্রতি পূর্ববঙ্গ সরকারের দৃষ্টি আকৃষ্ট হইয়াছে। মোমেনশাহী জেলার আংশিক বহির্ভূত এলাকায় সাম্প্রতিক গোলযোগ সম্পর্কে উক্ত সংবাদে মিথ্যা বিবরণ দেওয়া হইয়াছে। উহাতে বলা হইয়াছে যে বাধ্যতামূলক ধান্য সংগ্রহ পরিকল্পনা অনুযায়ী নির্দিষ্ট পরিমাণ ধান দিতে অস্বীকার করায় প্রায় একশত জনেরও অধিক কৃষককে গুলি করিয়া নিহত করা হইয়াছে। প্রকৃত ঘটনাটি এইরূপ :

উক্ত এলাকার হাজংদের আন্দোলন প্রায় স্থানীয় বৈশিষ্ট্যস্বরূপ। ১৯৪৬ সালে একবার তাহাদের আন্দোলন এত ব্যাপক এবং দীর্ঘস্থায়ী হইয়াছিল যে, অবস্থা আয়ত্তাধীনে আনিতে বাংলা সরকারকে পুলিশ প্রেরণ করিতে হইয়াছিল। জনসাধারণের অনুন্নত অবস্থার সুযোগে টঙ্ক প্রথার বিরুদ্ধে পুরাতন আন্দোলন পুনরায় আরম্ভ করা হইয়াছে। কম্যুনিষ্টদের নেতৃত্বে হাজংরা কয়েকটি সভা ও শোভাযাত্রায় টঙ্কপ্রথা, খাজনা ও ধান্য সংগ্রহের বিরুদ্ধে আওয়াজ তোলে। তাহারা বর্শা, দাও প্রভৃতি মারাত্মক অস্ত্রশস্ত্রে সজ্জিত ছিল। কয়েকবার তাহারা ধানও লুট করে। ২৮শে জানুয়ারী সীমান্ত পুলিশ দলের জনৈক নায়েক তাহাদের হস্তে নিহত হয়। একজন পুলিশ কনষ্টেবলকেও হাজংরা বেদম প্রহার করে। গত ৪ঠা ফেব্রুয়ারী কম্যুনিষ্ট হাজংদের এক বিরাট জনতা বর্শা ও দাও প্রভৃতি অস্ত্রশস্ত্রে সজ্জিত হইয়া লেঙ্গুরা থানার পুলিশ ক্যাম্প পরিবেষ্টন করিয়া ফেলে। পুলিশ তাহাদিগকে ছত্রভঙ্গ করিতে অসমর্থ হইয়া গুলি চালায়। দুই ঘন্টা পর অপেক্ষাকৃত বৃহৎ আরেকটি জনতা ঐ স্থানে জমায়েত হয়। পুলিশ তাহাদিগকে ছত্রভঙ্গ করার জন্য আবার গুলি চালায়। ৯ই ফেব্রুয়ারী দুর্গাপুর ও হালুয়াঘাট থানায় দুইটি স্থানেও অনুরূপ ঘটনা ঘটে। প্রত্যেক ক্ষেত্রেই জনতাকে ছত্রভঙ্গ করার জন্য পুলিশ বার বার সাবধান করে। জনতা যখন ভীতি প্রদর্শন করে এবং অবস্থা যখন আয়ত্তের বাহিরে চলিয়া যাওয়ার উপক্রম হয়, তখনই পুলিশ গুলি করে। এপর্য্যন্ত মোট ১৩ জন নিহত হইয়াছে। বর্তমানে অবস্থা শান্ত।

১৪ই ফেব্রুয়ারী ছাত্র ফেডারেশনের* ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা ময়মনসিংহের হাজং কৃষকদের ওপর পুলিশের গুলিবর্ষণ ও কৃষক হত্যার প্রতিবাদে ১৬ই ফেব্রুয়ারী তারিখে বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে একটি ছাত্রসভা আহ্বান করে। মোহাম্মদ বাহাউদ্দীনের সভাপতিত্বে সভার কাজ শুরু হওয়ার পরই দেখা যায় একদল ছাত্র** জোরপূর্ব্বক সভা ভেঙে দিতে বদ্ধপরিকর। এদের মধ্যে একজন 'সভা কে আহ্বান করেছে' সেটা জানতে চায় এবং সভাপতির হাত ধরে টেনে তাঁকে চেয়ার থেকে ফেলে দেয় এবং অন্য একজন সভাপতির চেয়ারটি পার্শ্ববর্তী পুকুরে নিক্ষেপ করে। এরপর সেই গুণ্ডা ছাত্রদল সভাটির উদ্যোক্তাদের উপর ইচ্ছেমত কিল, চড়, ঘুষি ইত্যাদি চালাতে থাকে। ফলে সভাস্থলে এক দারুণ হট্টগোল গণ্ডগোলের সৃষ্টি হয় এবং সভার কাজ চালানো আর সম্ভব হয় না। এই গুণ্ডামির বিরুদ্ধে অবশ্য সভাস্থলেই একদল ছাত্র তীব্র প্রতিবাদ জানান। এঁদের একজনের একটি পত্র নওবেলালে প্রকাশিত হয় এবং তাতে তিনি বলেন :

> সবাই বুঝিতে পারেন, যাহারা গুণ্ডামি করিয়া সভা ভাঙ্গিয়া দেন তাহারা শুধু ছাত্র ফেডারেশনেরই শত্রু নন, তাহারা প্রত্যেকটি গণতন্ত্রকামী ছাত্র আন্দোলনেরই দুষমন। এরাই বাংলা ভাষা আন্দোলনে সরকারের দালাল সাজিয়াছিলেন। এরাই জমিদারী উচ্ছেদ ব্যাপারে সরকারের জমিদার পোষণ নীতির সমর্থন করেন। সর্বোপরি এরা হাজং চাষীদের উপর গুলিবর্ষণ নীতির দিক দিয়া সমর্থন করেন

* দেশ বিভাগের পূর্বে প্রতিষ্ঠিত কমিউনিষ্ট প্রভাবাধীন একটি ছাত্র প্রতিষ্ঠান। এই প্রতিষ্ঠানটি সরকারী ও বেসরকারী প্রতিক্রিয়াশীলদের আক্রমণে এমনই বিপন্ন হয়ে পড়ে যে তার অস্তিত্ব রক্ষা করা আর সম্ভব হয় না এবং অল্পকাল পরেই তার বিলুপ্তি ঘটে।—ব, উ।

**এই ধরনের ছাত্র প্রতিষ্ঠান তখন ঢাকাতে একটিই ছিল। তার নাম নিখিল পূর্ব পাকিস্তান মুসলিম ছাত্র লীগ। সরকার ও মুসলিম লীগের পৃষ্ঠপোষকতায় এই সংগঠনের ছাত্ররাই বিরোধী দলের সভাগুলিতে সুপরিকল্পিতভাবে গুণ্ডামি করতো। এদের সাথে সম্পর্কচ্ছেদ করেই দবিরুল ইসলাম, নঈমুদ্দীন আহমদ, আজিজ আহমদ, আবদুর রহমান চৌধুরী, শেখ মুজিবুর রহমান, আবদুল মতিন প্রভৃতি 'পূর্ব পাকিস্তান মুসলিম ছাত্র লীগ' নামে একটি নতুন ছাত্র প্রতিষ্ঠান গঠন করেন।

‡ সিলেট ও ময়মনসিংহ এলাকার হাজং আন্দোলনের সূত্রপাত হয় জমিদারীর অত্যাচারের বিরুদ্ধে। কিন্তু পাকিস্তান প্রতিষ্ঠার পর এই হাজংদের আন্দোলন আবার নতুন করে দানা বেঁধে ওঠে ধানের ওপর সরকারী লেভী ও টঙ্ক (ধানের মাধ্যমে খাজনা) প্রথার বিরোধিতার মাধ্যমে। এটি সর্বশেষে সশস্ত্র আন্দোলনের রূপ নেয় এবং হাজংদের ওপর ব্যাপক অত্যাচারের ফলে এই আন্দোলনের বিলুপ্তি ঘটে। এই আন্দোলনের নেতৃত্বে ছিলেন কমিউনিষ্ট পার্টি সমর্থিত কৃষক সমিতি।

শিরোনাম	সূত্র	তারিখ
পূর্ব পাকিস্তান মুসলিম ছাত্র-লীগের রাজনৈতিক বক্তব্য সম্বলিত লিফলেট।	পূর্ব পাকিস্তান মুসলিম ছাত্রলীগ	জুন, ১৯৪৯

অতি বামপন্থী বিভেদকারীদের সম্পর্কে হুঁশিয়ারী

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২৭ জন ছাত্র-ছাত্রীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা অবলম্বনের প্রতিবাদে ঢাকা—তথা পূর্ব্ব-পাকিস্তানের ছাত্র সমাজ ১৭ই এপ্রিল থেকে যে আন্দোলন শুরু করেছেন, বর্ত্তমানে তা এক বিশেষ গুরুত্বপূর্ণ পর্য্যায়ে উপনীত হয়েছে। সংগ্রাম পরিষদ বরাবরই এই সমস্যার সুষ্ঠু সমাধান চেয়েছে, কিন্তু কর্ত্তৃপক্ষের ভ্রান্তনীতি ও অপরিণামদর্শী পদক্ষেপের জন্যে সমাধানের দুয়ার বার বার রুদ্ধ হয়েছে। কর্ত্তৃপক্ষ রাইফেলের গুলিতে আন্দোলনকে স্তব্ধ করে দিতে চেয়েছিলেন; তারা ভেবেছিলেন যে ছাত্র নেতাদের কারা-প্রাচীরের অন্তরালে আবদ্ধ করে রাখলেই সংগ্রাম থেমে যাবে। কিন্তু সংগ্রামী ছাত্র সমাজ কোন জুলুমের মোকাবেলায়ই স্তব্ধ হয়ে যায়নি—বরঞ্চ নাগরিকদের স্বতঃস্ফূর্ত সমথন ও সহযোগিতায় তাদের আন্দোলন শতগুণ শক্তিশালী হয়েছে। চরম প্রতিকূল পরিবেশের মধ্যেও ছাত্র সমাজ মাথা উঁচু করে রেখেছে—তারা কোনক্রমেই আত্মসমপণ করেনি। সংগ্রাম পরিষদের লক্ষ্য ছিল—সমস্ত ছাত্র সমাজকে সমবেত করে শৃঙ্খলার সঙ্গে সংগ্রাম চালিয়ে যাওয়া। এ ব্যাপারে সংগ্রাম পরিষদ সফল হয়েছে। কর্ত্তৃপক্ষের দালালরা ছাত্র সংহতির মধ্যে ভাঙ্গন ধরাতে বহু চেষ্টা করেছে। কিন্তু তারা ছাত্র সমাজের ঐক্য এতটুকু ক্ষুণ্ন করতে পারেনি। বরঞ্চ জনগণের সম্মুখে ঐ দালালদের স্বরূপ সুস্পষ্টভাবেই উদ্ঘাটিত হয়েছে।

কিন্তু আজ এক নতুন আপদ এসে জুটেছে। এটা হচ্ছে কম্যুনিষ্ট অধ্যুষিত ছাত্র ফেডারেশন। আসল সংগ্রামের সময় গা ঢাকা দেওয়া এবং সুযোগ বুঝে মাটির তলা থেকে গলাটা বের করে দু'চারটি "অতিবিপ্লবী" বুলি কপচানই যাদের পেশা। "অতিবিপ্লব" যে "প্রতিবিপ্লব"-এরই সামিল তা অবশ্য এরা নিজেরাও জানেন। এই অদলীয় ফেডারেশন নেতারা প্রতিটি বলিষ্ঠ ছাত্র আন্দোলনে অনুপ্রবেশ করতে চেষ্টা করেন এবং ঘোড়ার আগে গাড়ী জুড়ে বরাবরই আন্দোলনকে সাবোটাশ করেন। বলিষ্ঠ আন্দোলনের চেয়ে বিশৃঙ্খলা সৃষ্টিই যাদের কাম্য তারাই সাবোটাশ নীতি গ্রহণ করেন।

গতবার রাষ্ট্র-ভাষা আন্দোলনেও এই "অতিবিপ্লবী" অদলীয় নেতারা উড়ে এসে জুড়ে বসে আন্দোলনটিকে ধ্বংস করতে চেষ্টা করেছিলেন; কিন্তু ছাত্র সমাজের দৃঢ়তা ও সতর্কতায় তাদের অপচেষ্টা সফল হয়নি। এবারকার আন্দোলনেও এরা অনুপ্রবেশ করতে চেষ্টা করেছিলেন—কিন্তু সংগ্রাম পরিষদের সতর্কতায় এরা সম্পূর্ণ ব্যর্থ হয়েছেন। তাই এই অর্বাচীন বামপন্থীরা এবার কেন্দ্রীয় সংগ্রাম পরিষদ এবং পূর্ব্ব-পাকিস্তান মুসলিম ছাত্র-লীগের বিরুদ্ধে অপপ্রচারের অভিযান শুরু করেছেন। সম্প্রতি এক ইশতাহারে এরা বলেছেন—"পূর্ব্ব-পাকিস্তান মুসলিম ছাত্র-লীগ বারে বারে ছাত্র সমাজের সংগ্রামী জোয়ারে রাশ টেনেছে, নিখিল পূর্ব্ব-পাকিস্তান মুসলিম ছাত্র-লীগের সঙ্গে এক সারিতে এসে দাঁড়িয়েছে এবং বস্তুতঃপক্ষে পূর্ব্ব-পাকিস্তান মুসলিম ছাত্র-লীগের নেতা শেখ মুজিবর রহমান খোলাখুলিভাবে নিখিল পূর্ব্ব-পাকিস্তান মুসলিম ছাত্র-লীগের সঙ্গে হাত মিলাতে চান" ইত্যাদি।

যে পূর্ব্ব-পাকিস্তান মুসলীম ছাত্র-লিগের উদ্যোগে এবং নেতৃত্বে রাষ্ট্রভাষা আন্দোলন, শিক্ষা প্রতিষ্ঠান রিকুইজিশন বিরোধী অন্দোলন, হোষ্টেল-কমনরুম প্রতিষ্ঠার আন্দোলন, দমননীতি বিরোধী আন্দোলন, বিশ্ববিদ্যালয় কর্ত্তৃপক্ষের স্বৈরাচার বিরোধী আন্দোলন এবং সাম্প্রতিক সাধারণ ধর্ম্মঘট পরিচালিত হয়েছে, দমননীতির চক্রতলে নিষ্পেষিত প্রায় জনমতকে যারা পূর্ব্ব-পাকিস্তানে এখনও জীয়ায়ে রেখেছে, প্রতিটি সংগ্রামের পুরোভাগে থেকে যারা পুলিশের লাঠি, গুলি এবং কাঁদুনে গ্যাসের মোকাবেলা করেছে, যারা দলে দলে অকাতরে কারাবরণ করেছে (কিন্তু পেছন দুয়ার দিয়ে পালিয়ে গিয়ে মাটির তলায় আত্মগোপন করেনি) তাদের বিরুদ্ধে এই সব অপপ্রচার যে কতখানি হীন এবং উদ্দেশ্যমূলক তা বলাই বাহুল্য। যে সবার আগে কারাবরণ করেছে এবং আজও যে কারাপ্রাচীরের অন্তরালে আবদ্ধ আছে সেই মুজিবর রহমান নিখিল পূর্ব্ব-পাক মুসলিম ছাত্র-লীগের মত ভুইফোঁড়, প্রতিক্রিয়াশীল, দালাল প্রতিষ্ঠানের সঙ্গে হাত মেলাতে ব্যস্ত এরূপ প্রলাপোক্তি ফেডারেশনের "আত্ম-প্রতারিত মুখরাই" করতে পারেন এবং তারাই এটা বিশ্বাস করতে পারেন। ফেডারেশনী চমুরা এমনি ধরণের অনেক প্রলাপোক্তিই করেছেন। আমরা জানি ছাত্র সমাজ সেগুলোকে উপেক্ষাই করবেন। কিন্তু এই সব অপপ্রচারের মধ্যে ফেডারেশনের যে বিভেদ সৃষ্টিকারী রূপ প্রকাশিত হয়েছে তার বিরুদ্ধে পূর্ব-পাকিস্তানের ছাত্র সমাজকে আমরা সতর্ক করে দেওয়ার প্রয়োজন অনুভব করছি।

- এই বিভেদ সৃষ্টিকারীদের অপ-প্রচারের বিরুদ্ধে ছাত্র সমাজ হুশিয়ার হউন।
- বিশৃঙ্খলাকারী তথাকথিত "বামপন্থীদের" স্বরূপ উদ্ঘাটিত করে বলিষ্ঠ আন্দোলনকে চালু রাখুন।
- সমবেত কণ্ঠে ছাত্র বন্দীদের মুক্তি এবং শাস্তিমূলক আদেশ প্রত্যাহারের দাবী করুন।
- জুলুম, অনাচার ও অবিচারের বিরুদ্ধে জেহাদ ঘোষণা করুন।
- পূর্ব্ব-পাকিস্তানের পতনোন্মুখ শিক্ষা ব্যবস্থাকে অযোগ্য কর্ত্তৃপক্ষের কবল থেকে রক্ষা করুন।
- সুশৃঙ্খল সংগ্রামের মধ্য দিয়ে পূর্ব্ব-পাকিস্তানকে গড়ে তোলার শক্তি সঞ্চয় করুন।

পাকিস্তান—জিন্দাবাদ, পূর্ব্ব-পাকিস্তান মুসলিম ছাত্রলীগ—জিন্দাবাদ।

শিরোনাম	সূত্র	তারিখ
উর্দুর পক্ষে লেখা বাঙালীদের তাত্বিক বক্তব্য।	মাহে নও (আজাদী সংখ্যা)	১৪ই আগষ্ট, ১৯৪৯।

পাকিস্তানের রাষ্ট্রভাষার নাম

মীজানুর রহমান।

দুনিয়ার প্রত্যেক আজাদ রাষ্ট্রের নিজস্ব রাষ্ট্রভাষা রয়েছে এবং থাকা দরকার। এই বিষয়ে তর্ক-তক্রারের গোনজায়েশ নাই।

তক্সিমের পর ভারতবর্ষ বা হিন্দুস্থানের রাষ্ট্রভাষারূপে গ্রহণ করা হয়েছে নাগরী হরফে লেখা হিন্দী বা হিন্দুস্থানীকে। পাকিস্তানের রাষ্ট্রভাষার সওয়াল স্বাভাবিকভাবেই উঠেছিল। কায়েদে আজম নির্দেশ দিয়ে গেছেন—উর্দু হবে পাকিস্তানের রাষ্ট্রভাষা।

কায়েদে আজমের নির্দেশ যুক্তিসংগত। পাকিস্তানের রাষ্ট্রভাষা হবার কবেলিয়াত্ উর্দুর রয়েছে। এই সমস্যার সমাধানের বুনিয়াদ তৈরী হয়ে গেছে। আন্জামের এন্তেজাম শুধু বাকী।

সমাধানের বিষয়গত আলোচনার দরকার নেই। তবে পাকিস্তানের রাষ্ট্রভাষার নাম নিয়ে আমার কিছু গোজারেশ রয়েছে। এই সোপারেশটুকু পেশ করার জন্যই আজকের আলোচনা।

রাষ্ট্র বা জাতির নামানুসারেই হয়ে থাকে রাষ্ট্রভাষার নাম। হওয়াও সংগত এবং সুবিধা-জনক। এই হিসাবে আমার মতে পাকিস্তানের রাষ্ট্রভাষার নাম হওয়া উচিৎ পাকিস্তানী। উর্দু ভাষাকে "পাকিস্তানী' বলে অভিহিত করাই আমার প্রস্তাব।

'উর্দু' মানে সামরিক ছাউনি (মিলিটারী ক্যাম্প)। উর্দু কেবল মুসলমানের ভাষা নহে। মুসলমান ও অমুসলমানদের সমবেত প্রচেষ্টাতেই উর্দু বিকশিত হয়েছে। উর্দুর নামের সহিত মুসলিম তাহজীব তমদ্দুনের খাছ কোন তায়াল্লুক নেই। মরহুম মওলানা মোহাম্মদ আলীর কথায়-"উর্দু ইসলামের তোহ্ফা নহে। আরবী-ফারসী-তুর্কী জবান হতেও উর্দুর উৎপত্তি নহে.............আরবী ফারসী জবানের কতকগুলি আলফাজই উর্দু ভাষায় মুসলমানদের নিজস্ব।..........আরবী কোন দিনই ভারতের মুসলমানদের কথ্য ভাষা ছিলনা। ফারসী এবং তুর্কী এককালে ভারতের মুসলমানদের কথ্য ভাষা ছিল।

"Although the Court Language of the Muslims remained Persian, Hindusthani had to come the vernacular of daily use long before the Mughals lost the rule of Delhi. It is this language which is called Urdu and in the advocacy of which Muslims are sometimes so vehement. To use the sneer of Mr. Lloyd George, it is not only Mr. Balfour who is hatching the Cuckoo's egg for even though the Muslims of India know that it is not their own they are now as much attached to Urdu as they were attached to Persian before, and far more than they were ever attracted to Arabic".

উর্দু দৈনিক 'হামদর্দের' সম্পাদক এবং মশহুর উর্দু কবি মরহুম মওলানা মোহাম্মদ আলীর পক্ষে উর্দু হামদর্দীই স্বাভাবিক। তথাপি সত্যের খাতিরেই মাওলানা উপরের মন্তব্য করেছেন। উর্দুর বিকাশে মুসলমানের দান অবশ্য প্রচুর। নিজস্ব শক্তি সৌন্দর্য্য এবং সাবলীলতার কল্যাণেই উর্দু ভারতবর্ষের নানা প্রদেশে এতটা প্রসার লাভ করেছিল।

মুসলিম হকুমাতের মারকাজ দিল্লীর সামরিক ছাউনীতেই উর্দুর পয়দায়েশ। রাজনীতিক কারণে বেচারা উর্দুকে আজ জন্মভূমি হ'তে হিজরত করে আসতে হয়েছে পাকিস্তানে। পাকিস্তানের নানা প্রদেশে উর্দু অবশ্য অপরিচিত নহে। বর্ণমালা ও ইসলামী ভাবধারার কল্যাণে এবং নিজস্ব শক্তি ও সৌন্দর্য্যের দওলতে উর্দু মুসলমানদের নিকট খুবই আদরণীয়।

মাগরেবী পাকিস্তানের বাশিন্দাগণের নিকট উর্দুর মকবুলিয়াৎ সম্বন্ধে সন্দেহের অবসর নাই। মাশরেকী পাকিস্তানেও উর্দুর কদরদানী ব্যাপক। মুসলমানী বাংলা এবং মুসলমানী উর্দু শব্দ সম্পদকে বলতে গেলে খালাত ভাই। মাশরেকী পাকিস্তানের মুসলমান সমাজে নিত্য প্রচলিত শব্দসমূহের শতকরা ৬০-৭০ টি শব্দ উর্দু ভাষাতেও প্রচলিত বলে আমার বিশ্বাস। সাহিত্যিক বাংলার কথা অবশ্য আলাহিদা। তথাকথিত সাহিত্যিক বাংলা মাশরেকী পাকিস্তানের সাধারণ মাতৃভাষা নহে তাহা অবশ্যই স্বীকার্য। মোকামী জবান এবং আদাবী জবানের পার্থক্য সকল দেশেই বর্তমান। মোকামী জবানই আসলে মাদেরী জবান।

মুসলমানী বাংলা এবং মুসলমানী উর্দুর আসল পার্থক্য লিখন প্রণালীতে। মাশরেকী পাকিস্তানের বাংলা জবানের লিখনরীতি পরিবর্তনের কথা উঠছে। আরবী হরফে লিখিত হলে মুসলমানী বাংলা এবং মুসলমানী উর্দুর বর্তমান পার্থক্য কালক্রমে বিলোপ পাওয়া বিচিত্র নহে। পাকিস্তানের কল্যাণে আমাদের জীবনে অনেক কিছু পরিবর্তন এসেছে এবং আরো আসবে। রাজনৈতিক আবর্তন বিবর্তনের সহিত ভাষার আবর্তন বিবর্তন বিশেষভাবে বিজড়িত। ভাব-প্রকাশের জন্যই ভাষা। ভাবধারার পরিবর্তনের সংগে সংগে ভাষার পরিবর্তনও অবশ্যম্ভাবী।

মুসলিম জাতীয়তা ভৌগোলিক সীমারেখার সীমাবদ্ধ নহে। ভৌগোলিক জাতীয়তার সহিত ইসলামী জাতীয়তার মৌলিক মোখালেফাৎ ভৌগোলিক ব্যবধান যাহাই হোক না কেন, সমগ্র দুনিয়ার মুসলমানদের এক খোদা, এক নবী, এক মযহাব, এক মিল্লাত, একই তাহজীব-তমাদ্দুন সুতরাং ভৌগোলিক ব্যবধানে মুসলিম মিল্লাতের সত্যিকার ভাবধারা বিভিন্নমুখী হতে পারে না। যেহেতু ভাবধারার উৎস এক, ভাবের বাহন ভাষাও মোটামুটি এক-কেন্দ্রিক হওয়াই স্বাভাবিক।

আগেই বলেছি রাষ্ট্র-ভাষার নাম দেশ বা জাতির নামানুসারেই হয়ে থাকে। এবং হওয়াও সংগত। পাকিস্তানের রাষ্ট্র-ভাষার স্বাভাবিক নাম "পাকিস্তানী"। উর্দুর নাম বদল করে পাকিস্তানের রাষ্ট্র-ভাষাকে "পাকিস্তানী" বলাই আমার মতে সঙ্গত। পাকিস্তানী গৃহীত হলে আমার বিশ্বাস মুসলমানী বাংলা এবং মুসলমানী উর্দুর Ultimate fusion-এর পথ অধিকতর প্রশস্ত হবে। মুসলমানী বাংলা এবং মুসলমানী উর্দুর সমবায়ে গঠিত হবে Common Script-এ লেখা পাকিস্তানী। মাশরেকী ও মাগরেবী পাকিস্তানের জবানী সমস্যার সুষ্ঠু সমাধান এই পথে।

স্বাভাবিকভাবেই সওয়াল হতে পারে উর্দুই যখন হবে পাকিস্তানের রাষ্ট্রভাষা তখন উহার নাম বদলের দরকার কি? দরকার রয়েছে। পাকিস্তানের সবচেয়ে সমুন্নত ভাষা উর্দু এবং বাংলা। অন্য কোন প্রাদেশিক ভাষা বাংলার ন্যায় এতটা বিকশিত নহে। মাশরেকী পাকিস্তানের মুসলমানী বাংলার সহিত উর্দুর সামঞ্জস্যের কথা বলেছি। পাকিস্তানের রাষ্ট্রভাষার নাম পাকিস্তানী রাখা হলে মাশরেকী ও মাগরেবী পাকিস্তানের ভাষাগত সমন্বয়ের পথ সহজ ও কোশাদা হবে। পাকিস্তানী কথাটার পাকিস্তানের বাশিন্দাগণের প্রাণে যতটা অনুপ্রেরণার সঞ্চার করবে অন্য কোন নামে তাহা সম্ভবপর নহে। অনুপ্রেরণার কথাটা বিশেষভাবে কাবেলে কদর।

নাম পরিবর্তনে উর্দ্দুর অন্তর্নিহিত ও সাবলীলতা ব্যাহত হবে না। আবশ্যক সংস্কার এবং পরিবর্তনের পর মাশরেকী পাকিস্তানের বাংলা ভাষার নাম পরিবর্তনেরও কথা উঠেছে। মুসলমানী বাংলার নাম পরিবর্তন করে পাকিস্তানী হতে পারে। পাকিস্তানী বাংলা ও পাকিস্তানী উর্দ্দু স্বাভাবিকভাবেই চলবে ইসলামী তাহজীব-তমদ্দুনের পথে। ভারতীয় উর্দ্দু এবং পশ্চিম বাংলার বাংলা ভাষা চলবে অন্য পথে। দুই বিভিন্নমুখী ভাষার এক নাম অসংগত নহে কি? এই দিক দিয়ে বিবেচনা করলেও পাকিস্তানী বাংলা ও পাকিস্তানী উর্দ্দুর নাম পরিবর্তনের আবশ্যকতা অনুভূত হবে।

Common Script এবং Common ideology সোনার কাঠির পরশে Common Language এর evolution খুবই সম্ভব এবং স্বাভাবিক। পাকিস্তানী হওয়া উচিৎ উক্ত Common Language এর নাম। পাকিস্তানের সামগ্রিক কল্যাণ কামনায় Common Language তৈরী করার প্রচেষ্টা শুধু সংগত নহে, জরুরী। ইনশাআল্লাহ্ পাকিস্তান স্থায়ী হবার জন্যই এসেছে। Common language হবে পাকিস্তানের স্থায়ীত্বের অন্যতম সোনালী বন্ধন। নাম পরিবর্তনে উর্দ্দু ভাষার আসল হাস্তি বজায় থাকবে। অথচ নতুন নামের দওলতে পাকিস্তানের সকল প্রদেশের কাছে খাছ করে মাশরেকী পাকিস্তানের বাশিন্দাগণের নিকট রাষ্ট্র-ভাষার মর্য্যাদা এবং আকর্ষণীয়তা বৃদ্ধি পাবে। কারণ আগেই বয়ান করেছি।

একথা সত্য যে, উর্দ্দু সাধারণভাবে পাকিস্তানের কোন প্রদেশেরই মাদেরী জবান নহে যদিও উর্দ্দু পাকিস্তানে প্রচলিত জবানসমূহের মধ্যে পাকিস্তানের হুকুমতী জবান হবার পক্ষে অধিকতর মোসতাহেক। রাজনৈতিক আবর্তনে উর্দ্দু নিজ বাসভূমে পরবাসী হতে বসেছে। হিন্দুস্থানের ইউ, পি, দিল্লী প্রভৃতি প্রদেশেই ছিল উর্দ্দুর শক্তিশালী আস্তানা। নাগরী হরফে লেখা হিন্দীর হামলায় উর্দ্দু সাবেক আবাস হতে বহিষ্কৃত হচ্ছে। পাকিস্তানী নামের বর কতে উর্দ্দু ভাষা পাবে পাকাপোক্ত আস্তানা এবং উচ্চতর আসন পাকিস্তানের পাক মাটিতে।

নাম বদলের প্রস্তাব পেশ করেছি বলে কেউ যেন মনে না করেন যে আমি উর্দ্দুর মোখালেফ। বাংলা আমার মাদেরী জবান হলেও আমি বরাবর উর্দ্দু ভাষার অধিকতর চর্চার পক্ষপাতী। পাকিস্তানের সামগ্রিক কল্যাণ কামনায়ই আমি নাম পরিবর্তনের প্রস্তাব পেশ করেছি। আমার প্রস্তাবে কায়া বজায় থাকবে, বদল হবে কেবল ছায়া। ছায়ার চেয়ে কায়াই আসলে কাম্য।

Common Script-এ লেখা Common Language রাষ্ট্রের পক্ষে নেহায়েত জরুরী ব্যাপার। ভাবালুতা বাদ দিয়ে রাষ্ট্রের ভবিষ্যৎ ও মংগলের জন্য আমাদিগকে সর্বপ্রকার ত্যাগ স্বীকারে প্রস্তুত থাকতে হবে। পাকিস্তানের স্বচ্ছ দৃষ্টি আকৃষ্ট হোক এই গুরুত্বপূর্ণ বিষয়টির প্রতি, পাক গণপরিষদে রাষ্ট্রভাষা প্রস্তাব গ্রহণ করবার কালে প্রস্তাবিত "পাকিস্তানী" নাম অনায়াসে গৃহীত হতে পারে। পাক-বাংলা, এবং পাক-উর্দ্দুর সমন্বয় সাধনের প্রকৃষ্ট পন্থা সেরাতুল মোস্তাকীম, পাকিস্তানী।

শিরোনাম	সূত্র	তারিখ
নাচোল অঞ্চলে কৃষক বিদ্রোহের নেত্রীর উপর পুলিশী নির্যাতনের অভিযোগ সম্বলিত বক্তব্য।	পূর্ব বাংলার ভাষা আন্দোলন ও তৎকালীন রাজনীতি : বদরুদ্দীন উমর।	ফেব্রুয়ারী, ১৯৫০

HOW HUMANITY ATTACKED UNDER LIAKAT-NURUL AMIN REGIME ?

Below is the statement of Sm. Ila Mitra made before the court at Rajshahi with regard to inhuman treatment meted out to a lady, only because she holds a political opinion other than that of Liakat-Nurul Amin Feudal class :

Sm. Ila Mitra in her statement pleading 'not guilty' to the charges said, I know nothing about the case. On 7-1-50 last I was arrested in Rahanpur and taken to Nachole the next day. The police guards assaulted me on the way and thereafter I was taken inside a cell. The S.I. threatened to make me naked if I did not confess everything about the murder. As I had nothing to say all my garments were taken away and I was imprisoned inside the cell in stark naked condition.

No food was given to me, not even a drop of water. The same day in the evening the sapoys began to beat me on the head with butt ends of their guns, in the presence of the S. I I was profusely bleeding through the nose. Afterwards my garments were returned to me, and at about 12 midnight I was taken out of the cell and lead possibly to the quarters of the S. I., but I was not certain.

In that room where I was taken they tried brutal methods to bring out confession. My legs were pressed between two sticks, and the people around.

I was being administered a 'Pakistani injection'. When this torture was going on they tied my mouth with a napkin. They also pulled off my hairs, but as they could not force me to say anything, I was taken back to the cell carried by the sepoys, as after the torture it was not possible for me to walk.

Inside the cell again the S. I. ordered the sepoys to bring four hot eggs, and said, now she will talk. Thereafter four or five sepoys forced me to lie down on my back, and one pushed a hot egg through my private parts. I was feeling like being burnt with fire, and became unconscious.

When I came back to my senses in the morning of 9-1-50 the S. I. and some sepoys came into my cell, and began to kick me on the belly with boots on. Thereafter a nail was pierced through my right heel. I was then lying half conscious, and heard the S. I. muttering : we are coming

again at night, and if you do not confess, one by one the sepoys will ravish you. At dead of night, the S. I. and his sepoys came back and the threat was repeated. But as I still refused to say anything, three or four men got hold of me, and a sepoy actually began to rape me. Shortly afterwards I became unconscious.

Next day on 10-1-50 when I became conscious again I found that I was profusely bleeding and my cloth was drenched in blood. I was in that state taken to Nawabganj from Nachole. The sepoys in Nawabganj jail gate received me with smart blows.

I was at that time in a prostate condition and the Court Inspector and some sepoys carried me to a cell. I had high fever then and I was still bleeding. A doctor, possibly from the Govt. Hospital at Nawabganj had noted the temperature of my body to be 105°. When he heard from me of the profuse bleeding I had he assured me, I would be treated with the help of a woman nurse. I was also given some medicines and two pieces of rugs.

On 11-1-50 the woman nurse of the Govt. Hospital examined me. I do not know what report she gave about my condition. After she came, the bloodstained piece of cloth I was wearing was changed for a clean one. During all this time, I was in a cell of the Nawabganj P. S. under the treatment of a doctor. I had high fever and profuse bleeding, and was unconscious from time to time.

On 16-1-50 a stretcher was brought before my cell in the evening and I was told that I would have to go elsewhere for examination. On my protest that I was too ill to move about, I was, struck with a stick and forced to get on the stretcher after which I was carried on it to another house. I told nothing there, but the sepoys forced me to sign a blank paper. I was at time in a semi-conscious state with high fever. As my condition was going worse, I was next day transferred to the Nawabganj Govt. Hospital, and on 21-1-50 when the state of my health was still very precarious, I was brought from Nawabganj to Rajshahi Central Jail, and was admitted to the Jail Hospital.

I had not under any circumstances said anything to the police, and I have nothing more to say than I have stated above.*

ইলা মিত্রের জবানবন্দী। এই জবানবন্দীই ইস্তাহার আকারে পূর্ব বাংলার সর্বত্রই ১৯৫০ সালের গোড়ার দিকে বিলি করা হয়। পৃষ্ঠা ২৯২-৯৪।

---

*১৯৪৭ সালে তেভাগা আন্দোলন শেষ হয়ে গেলেও এর প্রভাব বাংলাদেশের রাজশাহীর নাচোল এলাকায় স্তিমিত হয়নি। যার ফলে ১৯৪৮ থেকে ১৯৫০ পর্যন্ত এই এলাকায় নতুন করে ব্যাপক কৃষক আন্দোলন শুরু হয়। এই সব কৃষক প্রধানতঃ ছিলেন সাঁওতাল এবং এঁদের নেতা ছিলেন মাতলা সরদার। এই এলাকায় সরকারী প্রভাব প্রায় বিলুপ্তি হয়ে যায়। ১৯৫০ সালের জানুয়ারী মাসে সাঁওতাল কৃষক ও পুলিশের মধ্যে সংঘর্ষে উভয় পক্ষে অসংখ্য হতাহত হয়। এর পর সমগ্র এলাকায় পুলিশের অমানুষিক অত্যাচারের ফলে আন্দোলন ধ্বংস হয়ে যায়।

শিরোনাম	সূত্র	তারিখ
সাম্প্রদায়িক দাঙ্গার বিরুদ্ধে বাংলা-দেশের বুদ্ধিজীবীদের যৌথ বিবৃতি।	পূর্ব বাংলার ভাষা আন্দোলন ও তৎকালীন রাজনীতি : বদরুদ্দীন উমর।	ফেব্রুয়ারী, ১৯৫০

পূর্ব পাকিস্তানের নাগরিকগণের নিকট আবেদন।

ভ্রাতৃগণ,

আল্লাহ্ তা'আলার অসীম অনুগ্রহে দুইশত বৎসরের গোলামীর পরে আমরা আজাদী লাভ করিয়াছি। এই আজাদী জিহাদের প্রধান সেনানী কায়েদে আজম মুহম্মদ আলী জিন্নাহ্ মরহুম-আমাদিগকে বলিয়াছেন, "আমি পাকিস্তানের ভিত্তি পত্তন করিলাম, তোমরা পাকিস্তানের নাগরিকগণ ইহার উপর ইমারত গঠন করিবে"। এই গঠন কার্য্যের জন্য অত্যাবশ্যক দেশে শিক্ষা, শিল্প, বাণিজ্য ও কৃষির সমুন্নতি সাধন। ইহার জন্য সর্বাগ্রে প্রয়োজন দেশে শান্তির আবহাওয়া সৃষ্টি করা। কিন্তু গভীর দু:খের বিষয় পশ্চিম বঙ্গের কতিপয় স্থানে বিশেষত: কলিকাতায় সাম্প্রদায়িক হাঙ্গামার কারণে অথবা অন্য যে কোন কারণেই হউক আমাদের এই সুন্দর শান্তিপূর্ণ পূর্ব বাঙ্গালাতেও অশান্তি দেখা দিয়াছে। পশ্চিম বঙ্গের সংখ্যালঘুদের প্রতি উৎপীড়ন যেমন আমরা ঘৃণা করি, পূর্ব্ববঙ্গের সংখ্যালঘুদের প্রতি উৎপীড়নও আমরা সেইরূপই ঘৃণা করি। আমাদের মহামান্য কায়েদে আজম মরহুম, পাকিস্তানের বড় লাট মাননীয় জনাব খাজা নাজিমুদ্দিন, প্রধান মন্ত্রী মাননীয় জনাব লিয়াকত আলী খান, পূর্ববঙ্গের প্রধান মন্ত্রী মাননীয় জনাব নূরুল আমীন, পূর্ব পাকিস্তানের জমিয়তে উলামায়ে ইস্লামের সভাপতি মৌলানা আতাহার আলী প্রভৃতি গণ্যমান্য মহোদয়গণ অন্য রাষ্ট্রের মুসলমানগণের প্রতি অন্যায় আচরণের প্রতিশোধ আমাদের রাষ্ট্রের সংখ্যালঘু নি:সহায় শান্ত জনগণের উপর লওয়ার প্রবৃত্তিকে একবাক্যে নিন্দা করিয়াছেন। আমরা আমাদের মুসলমান ভাইগণকে সবিনয়ে দৃঢ়ভাবে বলিব যে, এই প্রকার কার্য্যের দ্বারা পরোক্ষভাবে ও অজ্ঞাতসারে তাঁহারা ভারতের ৪ (চারি) কোটি মুসলমানের ধনপ্রাণ বিপন্ন করিয়া তুলিতেছেন এবং পাকিস্তানের অশেষ ক্ষতি সাধন করিতেছেন। এ প্রকার কার্য্যের ফলে আকস্মিক লোক বিনিময়ে রাষ্ট্রের উপর এমন চাপ পড়িবে যে, তার ফলে ভারত ও পাকিস্তান উভয় রাষ্ট্রের অর্থনৈতিক কাঠামো ভাঙ্গিয়া পড়িবে। উচ্ছৃংখল কার্য্যকলাপের ফলে, শিল্প-বাণিজ্য এবং স্কুল-কলেজ, ইউনিভার্সিটি প্রভৃতি শিক্ষা প্রতিষ্ঠানগুলি বন্ধ হইয়া উভয় রাষ্ট্রই অচল হইয়া পড়িবে যার ফলে আমাদের এই সাধের আজাদী বিপন্ন হইবে।

আল্লাহ্ তা'আলা ধর্ম্মবিশ্বাসী মুমিনগণকে বলিতেছেন, "ওহে ধর্ম্মবিশ্বাসী মুমিনগণ, তোমরা আল্লাহ্‌র কথা মান, রসুলের, এবং তোমাদের মধ্যে আজ্ঞাদাতা নেতাদের কথা মান"। (কুরআন্, সূরা: নিসা, রুকু ৮)। আল্লাহ্ তা'আলা বলিতেছেন, "যে ব্যক্তি হত্যাকারী কিংবা পৃথিবীতে উৎপাতকারী ভিন্ন অন্য কোনও প্রাণকে হত্যা করে, সে যেন সমস্ত মনুষ্য জাতিকে হত্যা করে"। (কুরআন্, সুরা মাইদা:, রুকু ৫)। হজরত রসূলুল্লাহ্ (দ:) বলিয়াছেন, "উৎপীড়িত (মজলুম) যদিও বিধর্ম্মী হয়, তাহার আর্তনাদ হইতে সাবধান হও"। তিনি আরও বলিয়াছেন "যে ব্যক্তি কোন জিম্মীকে (মুসলমান রাজ্যের অমুসলমানকে) কষ্ট দেয়, সে নিশ্চয়ই আমাকে কষ্ট দেয়"।

পাকিস্তানের প্রত্যেক মুসলমানের মনে রাখা উচিৎ যে কলিকাতা বা হিন্দুস্তানের কোন অংশে হিন্দুদের দ্বারা অনুষ্ঠিত কোন অন্যায়ের জন্য এদেশের হিন্দুদের কিছুতেই দায়ী করা চলে না। মুসলমানদের ন্যায় তাহারাও স্বাধীন পাকিস্তানের নাগরিক এবং পাকিস্তান সরকার

যখন তাহাদের নাগরিক বলিয়া স্বীকার করিয়াছে তখন জান-মালের নিরাপত্তার জন্য মুসলমান-দের ন্যায় তাহাদেরও রাষ্ট্রের উপর সম্পূর্ণ দাবী আছে। একথা প্রত্যেক মুসলমানের স্মরণ রাখা উচিৎ যে, পাকিস্তানের হিন্দুরা হিন্দুস্থানের মুসলমানদের বিনিময়ে জামানত হিসাবে বাস করিতেছে না। তাহারা পাকিস্তান রাষ্ট্রের নাগরিক অধিকারের বলেই বাস করিতেছে। অতএব একজন মুসলমানের যে তারই মত একজন পাকিস্তানের স্বাধীন নাগরিক এমন একজন হিন্দুর উপর কোন অবস্থাতেই অন্যায় উৎপীড়ন করার অধিকার নাই। প্রত্যেক শিক্ষিত ও বিবেচক মুসলমানের স্মরণ রাখা উচিৎ যে, পশ্চিম বঙ্গের দাঙ্গার প্রতিবাদে এখানে নিরপরাধ হিন্দুদের প্রতি অত্যাচার করিলে তাহাতে হিন্দুস্থানের মুসলমানদের কোনই উপকার হইবে না। বরং বিহার, উড়িষ্যা, বোম্বাই, মাদ্রাজ, নাগপুর প্রভৃতি প্রদেশে এখনও যেসব কোটী কোটী মুসলমান হিন্দুদের সঙ্গে সুখে-শান্তিতে বাস করিতেছে তাহাদের জীবন বিপন্ন হইয়া পড়িবে। দেশে শান্তি রক্ষার দ্বারা পাকিস্তানের ভিত্তিকে সুদৃঢ় করার দ্বারাই একমাত্র হিন্দুস্থানের মুসলমানদের আপনারা সত্যিকার উপকার করিতে পারেন।

হিন্দু ভাইগণকে আমরা বলিব, আপনারা "জননী জন্মভূমিশ্চ স্বর্গাদপি গরীয়সী" সেই জন্ম-ভূমিকে আতঙ্কগ্রস্ত হইয়া সহসা পরিত্যাগ করিবেন না। আপনারা মহাত্মা গান্ধীর আদর্শ অনুসরণে হিন্দু-মুসলমানের মিলনমন্ত্র গ্রহণ করিয়া ক্ষমা দ্বারা ক্রোধকে জয় করুন এবং সাহস সহকারে বিপদ দূর করিবার জন্য চেষ্টা করুন। আপনারা নিশ্চয় জানিবেন রাষ্ট্রের সর্বাঙ্গীণ সাহায্য ও সহানুভূতি সুখে-দুঃখে সম্পদে-বিপদে সকল সময়ে আপনারা পাইবেন। পাকিস্তানের দৃঢ় অথচ সদয় বাহু সর্ব্বদা আপনাদিগকে সাহায্য ও রক্ষা করিতে প্রস্তুত আছে এবং রাষ্ট্রের সমস্ত হিতকামী নাগরিক ও ধর্ম্মনিষ্ঠ মুমিন মুসলমান আপনাদের সহিত আছেন। ইহার প্রমাণ আপনারা বর্তমানে পাইয়াছেন এবং আশা করি ভবিষ্যতেও পাইবেন। আপনারা লক্ষ্য রাখিবেন, আপনাদের মধ্য হইতে আত্মীয়স্বজন ফেলিয়া যাঁহারা পশ্চিম বঙ্গ ও আসাম প্রভৃতি ভারতীয় রাজ্যে চলিয়া যাইতেছেন, তাঁহারা যেন সেখানে যাইয়া অতিরঞ্জিত কোন কথা না বলেন বা উত্তেজনামূলক কোন গুজব না রটান, অথবা এখান হইতে কেহ কোন মিথ্যা সংবাদ সংবাদপত্রে কিংবা চিঠি-পত্রের মারফতে কাহারও নিকট না পাঠান। কারণ, তাহাতে সেখানে উত্তেজনার সৃষ্টি হইলে এখানেও হইতে পারে এবং তার ফলে উভয় রাজ্যেই অশেষ অঘটন ঘটিতে পারে। যদি কেহ তাহা করেন, তবে নিজের আত্মীয়-গোষ্ঠিরই অনিষ্ট করিবেন। সকলের মঙ্গলের জন্য শান্তির পথই একমাত্র পথ।

আমরা আমাদের হিন্দু-মুসলমান ভাইগণকে এই বলিয়া সতর্ক করিয়া দিতে চাই যে, অতীতে পরস্পরের প্রতিহিংসা, বিদ্বেষ প্রচার ও ঘৃণা প্রদর্শনের ফলে আমরা বহু কষ্ট পাইয়াছি, বর্তমানেও পাইতেছি, অনেক হইয়াছে, আর নয়। আমরা স্বাধীন হইয়াছি। স্বাধীনতার মর্য্যাদা অক্ষুণ্ণ রাখিতে হইবে। সুতরাং এ বিষয়ে সকলকে সতর্কতা অবলম্বন করিতে হইবে। দেখিতে হইবে, কেহ যেন দায়িত্বহীন সংবাদপত্রের প্রচারণায় কিংবা লোকের গুজব কথায় বিশ্বাস করিয়া আতঙ্কগ্রস্ত বা উত্তেজিত না হন। সকল সময়ে আপনারা আমাদের সরকারের অনুমোদিত সংবাদের উপর নির্ভর করিবেন এবং আমাদের নেতাদিগের নির্দ্দেশের অনুসরণ করিবেন।

আমরা পুনরায় আমাদের দেশবাসী ভাইগণের নিকট আমাদের সবিনয় আরজ জানাইতেছি যে, তাঁহারা যেন সকলেই এখন হইতে নিজদিগকে পাকিস্তানী বলিয়া বিবেচনা করেন এবং পরিচয় দেন এবং ইংরেজের বিভেদাত্মক ভাবের প্রভাব হইতে মুক্ত থাকেন। আমরা আরও জানাইতেছি যে, অন্য রাষ্ট্রে যাহাই ঘটুক না কেন আমরা পাকিস্তানে অখণ্ড শান্তি বিরাজমান দেখিতে চাই যাহাতে আমাদের প্রিয় পাকিস্তান সর্বপ্রকারে পৃথিবীর একটি আদর্শ রাষ্ট্রে পরিণত হয়।

পাকিস্তান জিন্দাবাদ

ডঃ মুহম্মদ শহীদুল্লাহ ঢাকা বিশ্ববিদ্যালয়(প্রেসিডেন্ট)
ডঃ এস, এন রায়
হামিদুল হক চৌধুরী এম,এল, এ
আলি আহমদ খান ,, (সম্পাদক)
বসন্ত কুমার দাস ,,
ফরিদ আহমদ চৌধুরী ,,
আনোয়ারা খাতুন ,,
আবদুল খালেক ,,
মশবাত হোসেন ,,
আবদুল হাকিম ,,
সামছুদ্দিন আহমদ চৌধুরী ,,
(প্রিন্সিপাল) এব্রাহিম খান (সদস্য) পাক গণপরিষদ
ভবেশচন্দ্র নন্দী ,, (প্রচার-সম্পাদক)
আতাউর রহমান, এডভোকেট
মুঃ নুরুল হুদা
কফিল উদ্দিন চৌধুরী ,,
আলী আমজাদ খান ,
(খানবাহাদুর) আরফান খান
(রায় বাহাদুর) আর,পি, সাহা } (কোষাধ্যক্ষ)

সূর্য্যকুমার বসু (ঢাকেশ্বরী কটন মিল)
মীর্জা আবদুল কাদের
আলমাছ আলী
এম, এ, আউয়াল (প্রচার সম্পাদক)
এম, এ, ওয়াদুদ
কে, জি, মাহবুব } (সহ-সম্পাদক)
তফাজ্জল হোসেন (অফিস সম্পাদক)
খালেক নেওয়াজ খান(ই,পি,এম,এস,এল)
এম,এ, আজিজ
আজিজুল হাকিম
উমা রায় (আনন্দবাজার)
আবদুল ওহাব (ষ্টেট্সম্যান)
এস, কে, চ্যাটার্জি (অমৃত বাজার)
এন সি সাহা
পি, কে ব্যানার্জি
জাফর করিম
ক্ষেত্র মোহন বণিক
রাধা বল্লভ সাহা
সামছুল হক

পূর্ব-বঙ্গ শান্তি ও পুনর্বসতি কমিটির পক্ষে

শিরোনাম	সূত্র	তারিখ
পাকিস্তানের নাগরিক ও সংখ্যা-লঘুদের বিষয় সংক্রান্ত প্রশ্নে মৌলিক অধিকার কমিটির রিপোর্ট।	পাকিস্তান গণপরিষদ।	৬ই অক্টোবর, ১৯৫০।

REPORT OF THE COMMITTEE ON FUNDAMENTAL RIGHTS OF CITIZENS OF PAKISTAN AND ON MATTERS RELATING TO MINORITIES.

(As adopted by the Constituent Assembly of Pakistan on the 6th October, 1950)

FUNDAMENTAL RIGHTS OF CITIZENS OF PAKISTAN

PART I

CITIZENSHIP

1. **Citizenship at the date of commencement of the Constituiton**—At the date on which this Constitution comes into force every person shall be deemed to be a citizen of Pakistan

(a) Who or eiher of whose parents or grand-parents was born in the territory comprising Pakistan and who after the fourteenth day of August 1947 has not been permanently resident in any foreign State or

(b) Who or either of those parents or grand-parents was born in the territories which on the 31st March 1937 comprised India and who has his domicile in Pakistan as described in Part II of the Indian Succession Act 1925 had the provisions of the Part been Applicable to him

Provided that in case of his having, before the date of the commencement of this Constitution, acquired the citizenship of any foreign State he has renounced such citizenship by depositing a declaration in writing to this effect with an authority appointed for that purpose

2. **Legislature to regulate the Right of Citizenship**—The Legislature of Pakistan may make further provision in respect of acquisition and loss of citizenship and all other matters pertaining thereto

PART II

FUNDAMENTAL RIGHTS

1. **Protection of life and personal liberty and equality before law**—(*1*)(a) All citizens are equal before law; and

(2) No person shall be deprived of life or liberty, save in accordance with law

2. **Protection in respect of conviction of offence**—No person shall be punished in respect of an act the doing of which was not punishable at the time when it was done.

3. **Right to move High Court for writ of habeas corpus**—The right of a citizen to move the High Court for a writ of *habeas corpus* shall not be suspended, except in case of an external or internal threat to the security of the State or other grave emergency.

4. **Prohibition of discrimination on grounds of religion, race, caste or sex**—There shall be no discrimination on grounds only of religion, race, caste, sex or place of birth with regard to access to places of public entertainment, recreation, welfare or utility:

Provided that nothing in this Article shall derogate from the powers of the State to make special provision for the benefit of women and children

Provided further that the provisions of this Article shall not apply to places of religious worship, shrines or other similar sacred premises

5. **Prohibition of slavery and forced labour.**—(*1*) No one shall be held in slavery or servitude.

(2) All forms of forced labour are declared unlawful:

Provided that the State shall not be prevented from imposing compulsory service for public purposes

(3) No one shall be subjected to torture or to cruel inhuman treatment or punishment.

6. **Prohibition of employment of children in factories, etc.**—The Employment of children under fourteen years of age in a factory or a mine, or in occupations involving danger to life injury to health, is prohibited

7. **Equality of opportunity in matters of public employment**—Every duly qualified citizens shall be eligible to appointment in the service of the State irrespective of religion, race, caste, sex, descent or place of birth:

Provided that it shall not be unlawful to make provision for the reservation of posts in favour of any minority or backward section of citizens in order to give them adequate representation:

Provided further that it shall be lawful to prescribe that only a person belonging to a particular religion or denomination shall be eligible to hold office in connection with any religions or denominational institution or governing body thereof.

8. **Compulsory acquisition of property**—(*1*) No person shall be deprived of his property except in accordance with law.

(2) No property shall be requisitioned or acquired for public purposes under any law authorising such requisition or acquisition unless the law provides for adequate compensation.

Nothing in this clause shall affect the provisions of any existing law or the provisions of any law which may hereafter be made for the purpose of imposing or levying any tax or for the promotion of public health or for the prevention of danger to life or property.

9 **Protection of certain rights regarding freedom of speech, etc**—(*1*) Every citizen of Pakistan is guaranteed:

(a) freedom of speech, expression, association, profession, occupation, trade or business, acquisition and disposal of property and peaceful assembly without arms;

(b) the right to move freely throughout Pakistan and to reside or settle in any part thereof;

(c) the right to equal pay for equal work.

(2) Nothing in this Article shall affect the operation of any existing law or prevent the State from making any law relating to libel, slander, defamation, sedition or any other matter which offends against decency or morality or undermines the authority or foundation of the State; or from restricting or regulating, in the public interest or in the interest of public order, morality or health, any freedom or right guaranteed by this Article

শিরোনাম	সূত্র	তারিখ
পূর্ব বাংলার গণতান্ত্রিক এবং সামগ্রিক পরিবেশ সংক্রান্ত প্রধান মন্ত্রীর কাছে পেশকৃত প্রশ্নমালার স্মারকলিপি।	গণতান্ত্রিক ফেডারেশন।	৩রা নভেম্বর, ১৯৫০

Will Janab Liaquat Ali Khan answer the following Questions?

1. In view of the fact that the Historic Lahore Resolution is the basis of Pakistan envisaging autonomous and sovereign states in different regions, why have the principles thereof been completely ignored in the recommendations of the B. P. C.?

2. Don't you admit that East Pakistan being separated from the other wing by two thousand miles of foreign territory must have complete autonomy in all its affairs for its stability and prosperity?

*3. It has been stated in the Objective Resolution *that the Sovereignty of Pakistan belongs to its people* Has not the provision of *suspension of the constitution* by the Head of the State nullified the very basis of the Objective Resolution and made the people *Subservient* to the whims of the Head of the State?

4. Don't you admit that the power to suspend the constitution is fraught with grave danger to the rights and liberties of the people as it is calculated to create a positive tendency in the Executive to lapse into dictatorship?

5 What is the idea behind creating an Upper House—the relic of medieval feudalism and of giving equal powers to both the houses of legislature? Is it not designed to curve the majority into a minority and to retard all progressive legislations?

6. Is it not absolutely arbitrary and in flagrant violation of the demand of sixty-two per cent of the population to recommend Urdu as the only State language whereby the claim of Bengali has been completely turned down?

7. Is it not absolutely undemocratic to make provincial ministry responsible to the central cabinet instead of to the provincial legislatures?

8. Don't you admit that the suspension of the right of *Habeas Corpus* for persons detained without trial in court is absolutely incompatible with any concept of democracy?

9 Don't you admit that the usurpation of the control by the centre of the affairs of East Pakistan for the last three years has caused disastrous consequences on the economic and cultural life of the people in the following amongst others ?

(*i*) (*a*) Abnormal fall in the income of Jute—114 crores in 1948, 75 crores in 1949 and only 35 crores in 1950 ?

(*b*) Fall in the price of jute available to the growers, much below the fixed minimum due to the bungling of the jute Rs 12 per maund in East Bengal, whereas it sells at Rs 55 on the other side of the border

(*c*) Does not the Jute Board serve the only interest of the Ispahanis, Haroons and the Adamjees as against that of the growers ?

(*ii*) Fall in the price of betelnut from Rs 75 to Rs 10 per maund whereas it sells at Rs 90 in the Indian Union

(*iii*) Complete collapse of the Primary, Secondary and University education for the inability of the provincial government to finance due to the taking over of all the sources of Revenue of East Bengal by the centre—whereas a number of Universities are being opened in West Pakistan at the cost of the Central Government

(*iv*) Non-development of once-flourishing cottage industries such as hosiery, comb, conch and button manufacturing and brass and bell-metal wares due to the wrong Import and Export policy of the Government

(*v*) Negligence in the development of Chittagong Port kept East Bengal subservient to Indian Union which seriously affected the industrial and commercial life of the people

Central Committee of Democratic Federation

শিরোনাম	সূত্র	তারিখ
ঢাকায় অনুষ্ঠিত জাতীয় মহা-সম্মেলনে গৃহীত মূলনীতি প্রস্তাবসমূহ।	গণতান্ত্রিক ফেডারেশন।	ফেব্রুয়ারী, ১৯৫০।

CONSTITUTION OF PAKISTAN

BASIC PRINCIPLES

AS ADOPTED IN

GRAND NATIONAL CONVENTION

THE PREAMABLE

Whereas this Grand National Convention of the people firmly believes that the Sovereignty of the heavens and the earth belongs only to Allah who out of His mercy created Pakistan for His people who are His true and real representatives on earth to rule over this territory and to enjoy all rights, comforts and amenities conferred by Him on the people of Pakistan, and

Whereas in the year 1940, the All-India Muslim League Council at its Session at Lahore passed a Resolution which contained the Basic Principles of the Constitution of Pakistan and the creation of Sovereign and Autonomous States in different regions having territorial contiguity, and

Whereas the Sub-committee of the Constituent Assembly of Pakistan has drafted the Basic Principles of the Constitution in flagrant and deliberate violation of the principles of the aforesaid Lahore Resolution which are the very Basis of the conception of Pakistan, and

Whereas in the opinion of this Convention the Basic Principle so formulated are clearly undemocratic and un-Islamic and tending towards the establishment of an autocratic form of Government in Pakistan which means the end of sovereignty of the people as representatives of Allah; and

Whereas the ultimate right to frame its constitution is inherently vested in the people and the members of the Basic Principle Sub-committee of the Constituent Assembly having lamentably failed to give just and proper Basic Principles of Constitution and fundamental rights; and

Whereas this Grand National Convention representing the voice of the entire people with a view to the implementation of the principles of the Lahore Resolution and establisment of real and true democracy based on the principles of

Islamic justice and equity have assembled together for deliberations and drafting of the Basic Principles of the Constitution now therefore this Grand National Convention by and with the authority of the people does hereby formulate the general outline of the basic principles and fundamental rights as follows :—

The name and character

1. The State should be called the United States of Pakistan.

2. The United States of Pakistan should consist of two regions.

3. There should be no area within the State as excluded, partially excluded, centrally administered or any princely state. All areas in any one of the above forms should merge with the contiguous province or provinces or form into province or provinces themselves in accordance with feasibility of such merger and formation and according to the wish of the people concerned expressed by a referendum.

4A. United States of Pakistan shall be a Sovereign Socialist Republic.

The Head of the State

4. There should be a Head of the State of the U. S. P.

5. The executive power of the U. S. P. should vest in the Head of the State to be exercised by him in accordance with the Constitution and the Law.

6. The term "Head of the State" should mean except where it is provided that he should act in his individual judgement or discretion the Head of the State acting on the advice of the Cabinet.

Election of the Head of the State

7. The Head of the State should be elected by the Central Parliament by an absolute majority. But he should not be a member of the House.

8. The Head of the State should be elected not earlier than 60 days and not later than 30 days before the expiry of the term of the out-going Head of the State.

Tenure of office

9. The term of the office of the Head of the State should be five years from the date of his assumption of the office.

10. In case of vacancy in the office of the Head of the State as a result of death, resignation, incapacity or removal, the term of office of the new Head of the State should be five years.

Removal of the Head of the State

11. The Federal Parliament should be entitled to remove the Head of the State by a two-thirds majority of the total strength of the House, on grounds of treason and misdemeanour.

12. The Speaker of the House should assume the office of the Head of the State in case of vacancy caused by his removal, death, resignation, incapacity or otherwise, till the election of the new Head of the State.

13. The neew Head of the State should be elected within ninety days of the falling of vacancy in the Head of the State.

Powers and functions of the Head of the State

14. The Head of the State should have power of clemency.

15. The Head of the State should have command on the Armed Forces of the United States of Pakistan.

16 He should appoint Election Commissioner, Judges of the Supreme Court and the Auditor-General of the U S P. in his individual judgement.

17. He should appoint as Prime Minister a person who commands the confidence of a majority in the House. Other ministers should be appointed by him on the advice of the Prime Minister

18. He should accredit foreign diplomats, receive ambassadors, and represent the State on all ceremonial occasions

Organisation of the Government of the U.S.P.

19. The Parliament of the U. S P should consist of one House.

20. The Parliament should sit alternately at the Federal capital and the capital of the Eastern Region.

21. The members of the Parliament should be elected by the people on the basis of equal representation from each region on universal adult suffrage and joint electorate system.

22. The life of the Parliament should be four years.

23. The members of Parliament should be liable to be recalled by electoral college.

24. Not less than two sessions should be held every year and not more than six months should elapse between the last day of last session and the first day of next session.

25. The session of the Parliament should be called within three months of the appointment of the Prime Minister.

26. The Parliament should be prorogued by the Head of the State.

27. The Head of the State should give assent to all Money Bills within three days of the receipt of the same from the Parliament. Assent to other Bills should be given within thirty days.

28. The Election Commissioner, Judges of the Supreme Court and the Auditor-General of Pakistan may be removed by the Parliament by a two-thirds majority on grounds of treason and misdemeanour.

29. Members of the Legislature shall not hold office of profit under the Government.

Note.—Office of profit does not include the remuneration of the members received as members of Parliament.

Speaker and Deputy Speaker

30. The Speaker and the Deputy Speaker should be elected in the first session of the Parliament.

31. The Speaker on his assuming the office of the Head of the State in case of vacancy should not lose his membership which should be kept suspended during the period he acts as the Head of the State.

Dissolution of the Parliament

32. The Parliament should be dissolved by the Head of the State on the advice of the cabinet to elicit the opinion of the people through General Elections on certain grave and important National issues.

33. If a contingency arises wherein no ministry as can command the majority of the Parliament can be formed the Head of the State should be entitled to dissolve the Parliament in his discretion and hold fresh election.

34. After the dissolution of the Parliament General Elections should be completed with 45 days from the date of the seat or seats fall vacant.

The Cabinet

35. The members of the Cabinet should be jointly and severally responsible to the Parliament.

36. Any citizen who is a member of the Parliament may be appointed as a minister provided he is elected as member of the Parliament within six months of the date of his appointment as a Minister. This period of six months should not be extended under any device or pretence or legal fiction.

The Supreme Court

37. There should be a Supreme Court for the United States of Pakistan.

38. The Supreme Court should sit alternately at the Federal Capital and the Capital of the Eastern Region.

In a state like Pakistan whose foundamental basis is on Islam, the views of the people must deserve consideration even when the people have entrusted their works to be done by their representatives. It is such a healthy move that the disaffection that was sought to be created by interested parties likely to be quelled through it and this certainly a democratic stand. It appears some stalwarts who consider themselves as the mouthpiece of at least four and half crores of Pakistanis gave out that there would have been no agitation in whatever form the basic principles of the constutition are adopted.

I am afraid, if the problems of Pakistan are not approached on the basis of population, no solution can be arrived at for the good of the people,......, it may be good for a section only but that would be disastrous.

When an opportunity is given for offering suggestions regarding the basic principles of the constitution, I would request those who are interested in offering suggestions should come forward and put forth constructive suggestions in no time.

শিরোনাম	সূত্র	তারিখ
পূর্ব পাকিস্তান যুবলীগের ঘোষণাপত্র।	পূর্ব পাকিস্তান যুবলীগ।	১৭ই মার্চ, ১৯৫১।

পূর্ব পাকিস্তান যুব লীগ

ঘোষণাপত্র

উদ্দেশ্য ও কার্য্যসূচী

[প্রচার দপ্তর কর্তৃক ৪৩/১ নম্বর যোগীনগর লেন, পোঃ ওয়ারী, ঢাকা হইতে প্রকাশিত।]

ভূমিকা

দল-মত নির্বিশেষে পাকিস্তানের যুবশক্তি যাহাতে একটি সংগঠনে সমবেত হইয়া নিজেদের ও দেশের উন্নতির জন্য একটি প্রগতিশীল যুব আন্দোলন সৃষ্টি করিতে পারে তাহার জন্য আমরা ঢাকায় গত ২৭শে ও ২৮শে মার্চ, ১৯৫১তে পূর্ব্ব পাকিস্তান যুব লীগ নামে এক যুবসংঘ গঠন করিয়াছি। আমাদের এই সংঘ দল, মত ও ধর্ম নিরপেক্ষ। যে কোন ধর্মের যুবক-যুবতী ইহাতে যোগদান করিতে পারেন। আমাদের এই সংঘের উদ্দেশ্য ও কার্য্যসূচী দেশের যুব সমাজের নিকট উপস্থিত করিতেছি।

আমরা কি চাহিয়াছিলাম এবং কি পাইয়াছি?

আমরা পাকিস্তানের যুব-সমাজ আজ জীবনের প্রতিক্ষেত্রে বিষম সংকটের সম্মুখীন হইয়াছি। প্রথম যেদিন পাকিস্তান কায়েম হয় সেদিন আমরা সমস্ত যুবক-যুবতী তরুণ-তরুণী আশা করিয়াছিলাম যে বৃটিশ সাম্রাজ্যবাদের দুইশত বছরের লুণ্ঠনে ও অত্যাচারে ধ্বংসপ্রাপ্ত আমাদের সোনার দেশ আবার শিল্পে, শিক্ষায়, ধনে, সম্পদে সমৃদ্ধ হইয়া উঠিবে। আমরা আশা করিয়াছিলাম যে আমাদের সমাজের অর্থনীতি বৃটিশ পুঁজির কলংকময় দাসত্ব হইতে মুক্ত হইবে। এবং বৃটিশ সৃষ্ট জমিদারী প্রথার অবসান হইবে, কৃষক জমি পাইবে, এবং আমাদের সমাজ জীবনে নূতন প্রাণের জোয়ার আসিবে।

কিন্তু পাকিস্তান কায়েম হওয়ার প্রায় সুদীর্ঘ পাঁচ বছর পরেও আমরা গভীর লজ্জার সহিত লক্ষ্য করিতেছি যে, আমাদের দেশ এখনও বৃটিশ কমনওয়েলথ এর শিকলে বাঁধা। এখনও পাকিস্তানের ধন-সম্পদ, যেমন— পাট, চা, প্রভৃতি ব্যবসার উপর সেই বৃটিশ পুঁজির কর্তৃত্ব অব্যাহত। আজও মুষ্টিমেয় বিদেশী ও দেশী ধনিক আমাদের ধন-সম্পদ লুণ্ঠন করিয়া ভোগ-বিলাসে কাল কাটাইতেছেন।

আমরা পাকিস্তানের যুবসমাজ গভীর উদ্বেগের সহিত লক্ষ্য করিতেছি যে আজও আমাদের শিল্পের বিন্দুমাত্র উন্নতি হয় নাই। আমাদের দেশের বাজার বিদেশী মালপত্রে ছাইয়া গিয়াছে; এবং মুষ্টিমেয় ধনিকের সহায়তায় বিদেশী বণিকগণই আমাদের দেশের বাজারের উপর কর্তৃত্ব এবং একাধিপত্য বিস্তার করিয়া রহিয়াছে।

কৃষক যুবক

আমাদের দেশের অর্থনীতি এখনও রহিয়াছে সেই অনগ্রসর ঔপনিবেশিক অর্থনীতির পর্য্যায়ে। আমাদের দেশের যুব সমাজের শতকরা ৮০ ভাগ গ্রামের কৃষক। দেশের যুবশক্তির এই প্রধান অংশ আজও সামন্তবাদী জমিদারী প্রথার নিষ্পেষণে পিষ্ট। সরকার নামেমাত্র জমিদারী প্রথার উচ্ছেদ করিয়াছে। কার্য্যত: জমিদারী হস্তান্তর হইয়াছে মাত্র; চাষী জমির স্বত্ব পায় নাই। দেশের প্রাণ এই যুবসমাজ আজও শিক্ষা হইতে বঞ্চিত, জমি হইতে বঞ্চিত। নিজেদের জীবনকে সুখী ও সুন্দর করিয়া গড়িয়া তোলার কোন পথই তাহাদের সম্মুখে নাই। এক মুঠা পেটের ভাতের জন্য সকাল হইতে সন্ধ্যা পর্য্যন্ত হাড়ভাঙ্গা খাটুনী, চাকুরীর আশায় এদিক ওদিক ছুটাছুটি, পরের বাড়ীর গোলামী এবং অকালে মৃত্যু, ইহাই আজ পাকিস্তানের গ্রাম্য যুবশক্তির ভাগ্য। আমাদের অবস্থা উন্নত করার কোন চেষ্টাই বর্তমান সরকারের নাই। অর্থনৈতিক শোষণে, শিক্ষার অভাবে দেশের প্রাণ এই গ্রাম্য যুবশক্তি দিনদিন হীনবল হইয়া পড়িতেছে। আমরা আশায় বুক বাঁধিয়া পাকিস্তানের জন্য লড়িয়াছিলাম—জমি পাইব, শিক্ষা পাইব; কিন্তু বর্তমান মুসলীম লীগ সরকারের কল্যাণে আমাদের কৃষক যুবশক্তি সেই আশায় ছাই পড়িয়াছে।

শ্রমিক যুবক

আমরা যুব সমাজের যে অংশ রেলে কাজ করিয়া, চট্টগ্রাম ডকে গতর খাটিয়া, সূতাকল চালাইয়া, রিকশা চালাইয়া বা অনুরূপ কঠোর পরিশ্রম করিয়া দিন-মজুর হিসাবে জীবিকা অর্জন করি—আমরা সেই যুব সমাজ আশা করিয়াছিলাম যে পাকিস্তানে আমরা জীবন ধারণের উপযুক্ত মজুরী পাইব, পাইব চাকুরীর স্থায়িত্ব এবং শিক্ষা। কিন্তু বাস্তব জীবনে আমাদের আসল মজুরী কমিতেছে, খাটুনি বাড়িতেছে। শিক্ষার ব্যবস্থা নাই। বেকারী ও ছাঁটাইয়ের বিভীষিকা আমাদের সম্মুখে। অথচ আমাদিগকে শোষণ করিয়াই মুষ্টিমেয় ধনিক টাকার পাহাড় জমাইতেছে।

মধ্যবিত্ত যুবক

আমরা মধ্যবিত্ত যুবসমাজ স্বপ্ন দেখিয়াছিলাম—পাকিস্তানে আমরা চাকুরী পাইব, ব্যবসা-বাণিজ্য বিকাশের সুযোগ পাইব, গৃহ পাইব, পাইব উন্নত সংস্কৃতি ও উন্নততর জীবন-ধারণের মান। কিন্তু বাস্তবতার নিষ্ঠুর আঘাতে সে স্বপ্ন আমাদের ভাঙ্গিয়া গিয়াছে। অভাবের তাড়নায় আমরা জর্জরিত, শহরে বাসস্থানের অভাব আমাদের এক বিরাট সমস্যা। তদুপরি আজ আমরা ১৫ লক্ষের বেশী বেকার এক মুঠা ভাতের জন্য এখানে সেখানে ধর্ণা দিতেছি, আত্মহত্যা পর্য্যন্ত করিতেছি।

মোহাজের যুবক

আমরা, মোহাজের যুবকেরা, পাকিস্তানের জন্য আমাদের সর্বস্ব হারাইয়াছি। কিন্তু আজ পাকিস্তানে আমাদের কোন ভবিষ্যৎ নাই। সরকার আমাদিগকে কেবল মৌখিক সহানুভূতি এবং খবরের কাগজের মারফৎ সাহায্য করিতেছেন। কিন্তু আমাদের পুনর্বসতি ও পুনর্জীবন-যাত্রার কোন উল্লেখযোগ্য ব্যবস্থাই তাঁহারা করেন নাই। বাস্তুহারা হইয়া পাকিস্তানে আসিয়া আমাদিগকে বেকার হইয়া, গৃহহারা হইয়া, অন্নহারা হইতে হইতেছে, এমনকি আত্মহত্যা পর্য্যন্তও করিতে হইতেছে।

নারী যুব-সমাজ

আমরা নারী যুব-সমাজ আশা করিয়াছিলাম যে পাকিস্তানের সরকার আইন করিয়া আমাদিগকে সামাজিক অত্যাচার হইতে মুক্তি দিবেন, শিক্ষার বিশেষ ব্যবস্থা করিবেন এবং দিবেন জীবনের প্রতিক্ষেত্রে পুরুষের সহিত সমান মর্য্যাদা ও অধিকার। কিন্তু আজও আমরা নিগৃহীতা এবং

শিক্ষা ও সভ্যতার সামান্যতম অংশ হইতেও বঞ্চিতা। আমরা গভীর লজ্জার সহিত লক্ষ্য করিতেছি যে পাকিস্তান হওয়ার পর আট বছর অতীত হইতে চলিল, দেশের সমগ্র যুব-সমাজের অর্ধেক এই নারী-যুব শক্তির শতকরা একজনও লিখিতে পড়িতে পারে না। তদুপরি সিলেট মেয়ে কলেজ ও কামরুন্নেসা মেয়ে কলেজ, ইডেন স্কুল, বরিশালের একমাত্র ছাত্রী নিবাস, জগন্নাথ কলেজে মেয়েদের অধ্যয়নের ব্যবস্থা তুলিয়া দিয়া নারী শিক্ষার বিরুদ্ধে সরকার এক বিরাট অভিযান চালাইতেছে। অথচ আলবেনিয়ার ন্যায় মুসলিম রাষ্ট্রে ১৯৪৫ সনে অবৈতনিক বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষার প্রবর্তন হওয়ায় ১৯৪৬ সালের শেষে একমাত্র পেশার জেলায় শতকরা ৭৫ জনের নিরক্ষরতা দূর হইয়া যায়। স্কুটারী জেলায় ১৯৪৬ এর মাঝামাঝি ২৩,০০০ মেয়ে প্রাথমিক বিদ্যালয়ে পড়িতে আসে। এইরূপে বিভিন্ন স্বাধীন দেশে আমাদের বোনেরা যখন শিক্ষাদীক্ষায় উন্নত হইয়া দেশের ও সমাজের উন্নতির কাজে আত্মনিয়োগ করিতেছে, তখন আমাদের, পাকিস্তানের নারী সমাজের ভাগ্যে জুটিতেছে অশিক্ষা, অজ্ঞতা ও সামাজিক দাসত্ব।

অর্থনৈতিক সংকট

পূর্ববঙ্গ তথা পাকিস্তানের অর্থনীতির মেরুদণ্ড হইতেছে কৃষি। পাকিস্তানের শতকরা ৯২ জন অধিবাসীই কৃষক। যে পাট তাহারা গড়ে ৩০ টাকা দরে বিক্রয় করিত তাহা আজ ১২ টাকায়, যে সুপারি গড়ে ৭৫ টাকা দরে বিক্রয় করিত তাহা আজ ১০ টাকা দরে বিক্রয় করিতে বাধ্য হইতেছে। তদুপরি সুপারির উপর প্রতি মণে ১০ টাকা ।/০ আনা শুল্ক ধার্য্য হওয়ায় সুপারি বিক্রয়ই হয় না। এভাবে পাকিস্তানের অধিবাসীদের নগদ আয়ের পথ ভীষণ ভাবে সঙ্কুচিত হইতেছে, অন্যদিকে দৈনন্দিন ব্যবহারের দ্রব্যাদি তাহাদিগকে অগ্নিমূল্যে ক্রয় করিতে হইতেছে। বিগত কয় বছরের দ্রব্যমূল্য মানের সূচক সংখ্যা (Index number) হইতে এই তথ্য সহজেই জানা যায়।

১৯৩৯ সনে দ্রব্যের গড়পড়তা মূল্য ছিল ১০০

১৯৪৮ সনে দ্রব্যের গড়পড়তা মূল্য ছিল ৩৭৪ } পাকিস্তান পার্লামেণ্টে প্রদত্ত
১৯৪৯ সনে দ্রব্যের গড়পড়তা মূল্য ছিল ২১৪ } অর্থ মন্ত্রীর বক্তৃতা হইতে

আজ একদিকে পাট, সুপারি, তামাকের দাম দ্রুত কমিয়া কৃষকের আয় ভয়ানকভাবে হ্রাস পাওয়ায় ও অপরদিকে নিত্য ব্যবহার্য্য দ্রব্যের মূল্য বৃদ্ধি পাওয়ার ফলে পাকিস্তানের অধিবাসীগণ আজ তীব্র অর্থনৈতিক সংকটের সম্মুখীন।

শিক্ষা ও সংস্কৃতি

আমরা পাকিস্তানের যুব সমাজ আশা করিয়াছিলাম যে পাকিস্তান প্রতিষ্ঠিত হলে সরকার সমস্ত দেশে বিজ্ঞান সম্মত শিক্ষার প্রচলন করিয়া বৃটিশ আমলের কুশিক্ষা ও অজ্ঞতা দূর করিবেন কিন্তু তার পরিবর্তে আজও দেশে শিক্ষিতের হার শতকরা ১১ জন। প্রাইমারী স্কুল বাড়াইবার পরিবর্তে সরকার শতকরা ৪০ হইতে ৫০ ভাগ স্কুল—এক মাত্র চট্টগ্রাম জেলায় ৮৪৪টি, নাটোরে ৪০০টি—উঠাইয়া দিয়া শিক্ষা ব্যবস্থার সংকোচ করিতেছেন। সরকার আজ শিক্ষা খাতে ৫'৬ ভাগ ব্যয় বরাদ্দ করিয়া যুদ্ধ খাতে দেশের সম্পদের শতকরা ৭২ ভাগ ব্যয় করিতেছেন।

তদুপরি সরকার পাকিস্তানের বিভিন্ন প্রদেশের মাতৃভাষার দাবীকে উপেক্ষা করিয়া আমাদের সাংস্কৃতিক অগ্রগতির পথ রুদ্ধ করার চেষ্টা করিতেছেন। বিশেষতঃ অন্যতম রাষ্ট্রভাষা হিসাবে পাকিস্তানের শতকরা ৬২ জনের মাতৃভাষা বাংলা ভাষার দাবীকে উপেক্ষা করিয়া উর্দু

চাপাইতেছে এবং আরবী হরফে বাংলা শিখার উদ্ভট পরিকল্পনাকে কার্য্যে পরিণত করার জন্য অজস্র অর্থের অপচয় করিতেছেন। আমরা বিশ্বাস করি উর্দু ও বাংলা একত্রে রাষ্ট্রভাষা হইলে পাকিস্তান দুর্ব্বল হইবে না। এবং আমরা আরও বিশ্বাস করি যে আরবী হরফে বাংলা লিখার ব্যবস্থাকে আমাদের উপর চাপাইয়া দিলে আমরা দেশের যুবক সমাজ চিরদিনের জন্য অজ্ঞতা ও অশিক্ষার অন্ধকারে ডুবিয়া যাইব; আমাদের মানসিক ও আধ্যাত্মিক উন্নতির পথ রুদ্ধ হইবে।

স্বাস্থ্য

আমরা দেখিতে পাইতেছি যে বর্তমান সরকার দেশের যুব সমাজের স্বাস্থ্যোন্নতির জন্য কোন ব্যবস্থাই অবলম্বন করেন নাই, যুব সমাজের জন্য ব্যায়ামাগার, ক্লাব, স্বাস্থ্য ও শিক্ষার খাতে টাকা খরচ না করিয়া মিলিটারী, পুলিশ ও বিদেশ ভ্রমনে বিপুল অর্থ ব্যয় করিতেছেন। কুখাদ্য ও ভেজাল খাদ্য খাইয়া এবং কঠোর পরিশ্রমের দরুন পাকিস্তানের যুব শক্তি আজ দৈহিক দিক দিয়া হীনবল, অকাল মৃত্যু আমাদের ভাগ্য। আমাদের গড়পড়তা আয়ু আজও ২৬ বছর। অর্থাৎ আমরা পরিণত যৌবন লাভ করার পূর্বেই মৃত্যু বরণ করি।

দমননীতিতে বিভীষিকা

আমরা যুব সমাজ আশা করিয়াছিলাম পরিপূর্ণ গণতান্ত্রিক অধিকার। কিন্তু আজ যখনই আমরা নিজেদের কোন দাবী বা সমাজের উন্নতির জন্য কোন আন্দোলন বা সংগঠনে সমবেত হই তখনই সরকার আমাদের উপর দমন নীতি প্রয়োগ করেন। ঐতিহাসিক ভাষা আন্দোলন, পাকিস্তান পুলিশের ধর্মঘট, লাহোর বাটা শ্রমিকের ধর্মঘট, করাচী ডালমিয়া সিমেণ্ট ফ্যাক্টরীর শ্রমিক ধর্মঘট, ঢাকা বিশ্ববিদ্যালয়ের নিম্নতম বেতনভোগী কর্মচারীদের সমর্থনে ছাত্রদের ধর্মঘট, মেডিকেল ছাত্রদের ধর্মঘট প্রভৃতি ন্যায্য গণতান্ত্রিক আন্দোলনের উপর সরকারী দমন নীতির তীব্র কশাঘাত আমরা পূর্ব্ববাংলা তথা পাকিস্তানের যুব সমাজ আজও ভুলি নাই। মেডিকেল ছাত্রদের ও ডাক্তারদের দাবীর প্রতি সরকারের অনমনীয় মনোভাব আমরা লক্ষ্য করিয়াছি "ভুখা" চতুর্থ শ্রেণীর কর্ম্মচারীদের বরখাস্তের ব্যাপারও গভীর ক্ষোভের সহিত আমরা লক্ষ্য করিয়াছি।

সরকারের দমন নীতির কোপে পড়িয়া আজ পাকিস্তানের স্বাধীনতা ও গণতন্ত্রবাদী শত শত যুবক-যুবতী কারাগারে আবদ্ধ। সরকারী দমন নীতির দরুন স্বাধীনভাবে সভা-সমিতি করার বা সংগঠন গড়ার অধিকার আমাদের নাই। নিষ্ঠুর সরকারী দমন নীতির ফলে আমাদের ব্যক্তি স্বাধীনতা আজ বিপর্য্যস্ত। তাই আজ আমাদের পাকিস্তানের যুব সমাজের জীবনে সামাজিক অর্থনৈতিক, আধ্যাত্মিক ও দৈহিক এই চতুর্ব্বিধ সংকট নামিয়া আসিতেছে। আমাদের সমাজের অর্থনীতিতে বিদেশী পুঁজির প্রাধান্য আজও অব্যাহত। আমাদের গ্রাম্য অর্থনীতিতে জমিদারী প্রথার নাগপাশ আজও অক্ষত। আমাদের দেশের শিল্প নাই, গণতান্ত্রিক অধিকার নাই। বেকারীর দুঃসহ জালায় আমরা জর্জরিত ও আমাদের দেহ মন স্বাস্থ্য আজ হীনবল। বর্তমান সরকারের নীতিই আমাদের দেশের যুব শক্তির এই মহা সংকটের কারণ।

যুদ্ধ সংকট ও আমরা

উপরন্তু আমরা গভীর উদ্বেগের সহিত লক্ষ্য করিতেছি যে সাম্রাজ্যবাদী সংকট এড়াইবার জন্য সাম্রাজ্যবাদী শক্তিসমূহ দুনিয়াব্যাপী আর এক মহাযুদ্ধ বাধাইতে সচেষ্ট। নিষ্ঠুর যুদ্ধের আঘাতে কোরিয়া আজ বিধ্বস্ত। প্রতিক্রিয়াশীল সাম্রাজ্যবাদী শক্তিগুলি সারা এশিয়াতে এবং দুনিয়াব্যাপী এই যুদ্ধের আগুন ছড়াইয়া দিতে চায়। তাহারা দুনিয়াকে গ্রাস করিতে চায়। আমরা গভীর আতঙ্কের সহিত লক্ষ্য করিতেছি যে আমাদের প্রতিক্রিয়াশীল শক্তিসমূহও আমাদের দেশকে এই যুদ্ধে জড়াইতে চাহিতেছে। আমাদের যুবসমাজের বেকারীর ও সুযোগ লইয়া প্রতিক্রিয়াশীল শক্তিরা আমাদিগকে সাম্রাজ্যবাদী যুদ্ধের খোরাক হইবার জন্য সৈন্যদলে চাকুরীর লোভ দেখাইতেছে।

আমরা পূর্ববঙ্গ তথা পাকিস্তানের যুবসমাজ নিজেদের দেশের স্বাধীনতার জন্য সর্বপ্রকার ত্যাগ স্বীকার করিতে এবং যুদ্ধক্ষেত্রে স্বেচ্ছায় প্রাণ দিতে প্রস্তুত। কিন্তু আমরা দৃঢ় কণ্ঠে ঘোষণা করিতেছি যে সাম্রাজ্যবাদী যুদ্ধে আমরা কখনও কামানের খোরাক হইব না। আমরা জানি যুদ্ধের আনুষঙ্গিক ফল, সেই ৫০ সনের মন্বন্তর হইতেও ভয়াবহ মন্বন্তর যে মন্বন্তরে আমরা আমাদের ৩৫ লক্ষ মা-ভাই-বোনকে হারাইয়াছি। আমরা জানি যুদ্ধের অর্থ আমাদের স্কুল কলেজে আবার মিলিটারীর আস্তানা, আমরা জানি, যুদ্ধের অর্থ সেই ৫০ সনের মত আমাদের শত শত নারীর ইজ্জত হানি, আমরা জানি, এবার যুদ্ধ আরম্ভ হইলে গুলি ও বোমার আঘাতে আমাদের স্কুল, কলেজ, মাদ্রাসা, মসজিদ, মন্দির ধ্বংস হইবে। যুদ্ধের এই বিপদ সম্পর্কে আমরা যুবক সমাজ সচেতন হইয়াছি। আমরা পাকিস্তানের যুবসমাজ চাই স্বাধীনতা; শান্তি, সুখী ও উন্নত জীবন।

সরকারী আত্মরক্ষা বর্ম

অথচ জাতীয় জীবনের এই সমুদয় পুঞ্জীভূত সমস্যা ও সংকট সম্বন্ধে কোন প্রকার প্রশ্ন তুলিলেই সরকার আত্মরক্ষার একাধিক প্রকারের বর্ম পরিধান করিয়া থাকেন। কিছুদিন আগে পর্যন্ত ছিল শিশু রাষ্ট্রের দোহাই। কিন্তু সেই দোহাই এর স্বরূপ আজ জনসাধারণের কাছে উদঘাটিত হইয়াছে। তাই আজ "শিশু রাষ্ট্রের" কথা আমরা শুনিতে পাই না। আজ আবার নূতন ধরণের বুলি তাহারা আওড়াইতেছেন। আমরা দেশের কোন সমস্যার কথা তুলিতে গেলেই আমাদিগকে আখ্যা দেওয়া হয়—"রাষ্ট্রের শত্রু বা রাষ্ট্রদ্রোহী"। কোন প্রকার সমস্যার সমাধান হইতে বিলম্ব ঘটিতেছে কেন, এইরূপ প্রশ্ন করিলেই তার জওয়াব স্বরূপ সরকার হইতে বলা হয় "ইসলামী শরিয়তের বিধান মতে ইহা করিতে হইবে সে কারণে দেরী হইতেছে"। (এইখানে একটি প্রশ্ন করিতে ইচ্ছা করি : ইসলামী শরিয়ত অনুযায়ী এই কি রাষ্ট্রনায়কের কর্তব্য যে ভুখা কর্মচারী তাহাদের ক্ষুধার কথা জানাইলে তিনি তাহাদের ক্ষুধা কমাইবার চেষ্টা না করিয়া ক্ষুধা বাড়াইবার চেষ্টা করিবেন?) পাকিস্তানের গঠনতন্ত্রের ব্যাপারে একাধিক সরকারী মুখপাত্র হইতে আমরা অনুরূপ জওয়াবই পাইয়াছি। তদুপরি রাষ্ট্রভাষা সম্পর্কে বিশ্বাসঘাতক নাজিমউদ্দিন কায়েদে আজমের দোহাই দিয়া আত্মরক্ষার চেষ্টা করিতে ছাড়েন নাই।

ইসলামের নামে আজ আট বৎসর যাবৎ আমাদের নেতারা জনসাধারণকে, অনেক ভাঁওতা দিয়া চলিয়াছেন। কিন্তু তাহাদের রাজনৈতিক কাজকর্ম, তাহাদের "প্রোগ্রামে" তাহাদের দৈনন্দিক জীবনে ইসলামের সাথে যোগাযোগ কতটুকু তাহা দিন দিনই আমাদের দেশবাসীর নিকট পরিষ্কার হইয়া পড়িতেছে। ইসলামের প্রতি জনসাধারণের যে ভালবাসা আছে তাহা আমাদের নেতারা জানেন, তাই তাহারা ব্যক্তিগত ও দলগত স্বার্থসিদ্ধির জন্যই বারংবার ইসলামের বুলি আওড়াইতেছেন, অর্থাৎ "ইসলাম" "রাষ্ট্রদ্রোহী" "রাষ্ট্রের শত্রু" প্রভৃতি বুলি সরকার যে কোন আন্দোলনের মুখে আত্মরক্ষার বর্মরূপে এবং গণদাবীকে চাপা দেওয়ার যন্ত্ররূপে ব্যবহার করিয়া থাকেন। আমরা পাকিস্তানের যুবসমাজ স্পষ্ট ভাষায় ঘোষণা করিতে চাই যে আমাদের রক্তের বিনিময়ে পাকিস্তান অর্জিত হইয়াছে, আত্মসর্বস্ব নেতাদের বাগাড়ম্বর দ্বারা নয়। পাকিস্তানের যে রঙ্গিন স্বপ্ন আমরা দেখিয়াছিলাম নেতাদের কার্যকলাপ তাহাকে ধুলিসাৎ করিয়া দিয়াছে। সে স্বপ্নকে বাস্তবে রূপায়িত করিবার দায়িত্ব আমাদের যুবসমাজকেই লইতে হইবে।

আমরা ইতিহাসের ধারা হইতে ইহাও লক্ষ্য করিয়াছি যে দেশের যুবসমাজ তথা দেশের জনসাধারণ কোন দিন দেশের স্বাধীনতার বিরুদ্ধে ষড়যন্ত্রে লিপ্ত হয় নাই। বরং মুষ্টিমেয় প্রতিক্রিয়াশীল সুবিধাবাদী নেতাদের এক অংশ বহিঃশত্রুদের হাতে দেশকে তুলিয়া দিয়াছিল। বিগত মহাযুদ্ধে আমরা দেখিয়াছি ঐ সমুদয় লোকই দেশের স্বাধীনতাকে ফ্যাসিবাদের হাতে তুলিয়া দিয়াছে। অপরদিকে দেশের যুবসমাজ তথা দেশের জনসাধারণ দেশের স্বাধীনতা রক্ষার

জন্য সংগ্রাম করিয়া আজাদী প্রতিষ্ঠা করিয়াছে। মিশর, পারস্য, তিউনিসিয়ার সংগ্রামী যুবসমাজ এই কথারই প্রমাণ দিবে।

আমাদের ঘোষণা ও দাবী

আমরা তাই ঘোষণা করিতেছি যে

১। আমরা যুদ্ধ চাই না। দুনিয়ার যুবসমাজ আজ যুদ্ধের বিরুদ্ধে দৃঢ় প্রতিজ্ঞা ঘোষণা করিতেছে। তাহাদের সঙ্গে কণ্ঠ মিলাইয়া আমরাও ঘোষণা করিতেছি যে, আমরা সাম্রাজ্যবাদীদের যুদ্ধ প্রচেষ্টা ব্যর্থ করিব। সাম্রাজ্যবাদীদের যুদ্ধের কামানের খোরাক হইব না। আমরা দাবী করিতেছি যে আমাদের সরকার যুদ্ধবাদীদের বিরুদ্ধে দাঁড়াক।

এ কথাও আমরা ঘোষণা করিতে চাই--এটম অস্ত্র হইতেছে আক্রমণের অস্ত্র, মানুষকে ব্যাপকভাবে নিশ্চিহ্ন করার অস্ত্র। তাই আমরা দাবী করিতেছি এটম্ অস্ত্রকে বিনাশর্তে অবৈধ ঘোষণা করা হউক এবং এই নিষেধাজ্ঞা কার্যকরী করার জন্য তারপর কঠোর আন্তর্জাতিক নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করা হোক।

যে সরকার প্রথম কোন দেশের বিরুদ্ধে এটম্ অস্ত্র ব্যবহার করিবে, সেই সরকার মানবজাতির শত্রুতা করিবে, আমরা তাহাকে যুদ্ধ অপরাধে অপরাধী মনে করিব।

আজ আমরা ইহাও লক্ষ্য করিতেছি যে দুনিয়ার গুটিকয়েক রাষ্ট্র এশিয়া, আফ্রিকার বিভিন্ন দেশের কোটি কোটি মানুষকে দাসত্ব শৃংখলে আবদ্ধ করিয়া রাখিয়াছে এবং ঔপনিবেশিক দেশগুলির আজাদীর আন্দোলনে ভীত সাম্রাজ্যবাদী দস্যুরা মারমুখো হইয়া ঐ সব দেশে রক্তের স্রোত বহাইয়া দিতেছে। আমরা এই সাম্রাজ্যবাদী আক্রমণ ও নৃশংসতার বিরুদ্ধে দৃঢ় আওয়াজ তুলিতে চাই এবং আজাদী সংগ্রামে নিযুক্ত আমাদের কোটি কোটি ভাই বোনদের অভিনন্দন ও অকুণ্ঠ সমর্থন জানাই।

২। আমরা চাই পাকিস্তান বৃটিশ কমনওয়েলথ্ ত্যাগ করুক এবং পাকিস্তানে স্বাধীন গণতান্ত্রিক প্রজাতন্ত্র কায়েম হউক, যাহাতে প্রত্যেকটি ভাষাভাষী প্রদেশ পূর্ণ আত্মনিয়ন্ত্রণের অধিকার ভোগ করিবে; প্রত্যেকটি উপজাতি পাইবে কৃষ্টির স্বাধীনতা ও স্থানীয় স্বায়ত্তশাসন; জাতিধর্ম্ম নির্বিশেষে প্রত্যেকটি নাগরিক ভোগ করিবে সমান নাগরিক অধিকার এবং আরবী হরফহীন বাংলা হইবে রাষ্ট্রভাষা।

৩। আমরা চাই বেকারীর অবসান এবং জাতিধর্ম নির্বিশেষে প্রত্যেক যুবক-যুবতীর চাকুরী ও সৎভাবে জীবিকার্জনের নিশ্চয়তা, বেকারদের জন্য সরকারী ভাতা।

৪। আমরা চাই প্রাপ্ত বয়স্কদের সার্বজনীন ভোটাধিকার ও যুক্ত নির্বাচন।

৫। আমরা চাই দেশের নিরক্ষতা দূরীকরণ, শিক্ষার উন্নতি, যুদ্ধ খাতে ব্যয় কমাইয়া শিক্ষার জন্য বর্দ্ধিত হারে ব্যয় বরাদ্দ, বাধ্যতামূলক অবৈতনিক প্রাথমিক শিক্ষা, প্রয়োজন অনুসারে মেয়েদের জন্য শিক্ষার বিশেষ ব্যবস্থা ও প্রাপ্তবয়স্ক অশিক্ষিত যুবসমাজের জন্য শিক্ষার বিশেষ ব্যবস্থা, স্কুল-কলেজের উন্নতি, ছাত্র-ছাত্রীদের আবাসস্থল বৃদ্ধি ও ছাত্র-বেতন হ্রাস।

৬। আমরা চাই যুবসমাজের নৈতিক ও সাংস্কৃতিক উন্নতির জন্য শহরে ও গ্রামে সরকার কর্তৃক প্রচুর পরিমাণে পাঠাগার, ক্লাব ও খেলাধুলার ব্যবস্থা এবং বর্তমানে যে সমস্ত পাঠাগার ও ক্লাব আছে সেইগুলিতে সরকারী সাহায্য, মেয়েদের জন্য বিশেষ পাঠাগার ও ক্লাবের ব্যবস্থা।

৭। আমরা চাই জনসাধারণের স্বাস্থ্যের উন্নতির জন্য সরকার কর্তৃক প্রভূত পরিমাণে ব্যয় বরাদ্দ—শহরে ও গ্রামে প্রচুর চিকিৎসালয় ও ব্যায়ামাগার স্থাপন।

৮। আমরা চাই বিনা খেসারতে জমিদারী, জায়গীরদারী প্রথার উচ্ছেদ ও কৃষকের হাতে জমি।

৯। আমরা চাই শ্রমিকের জীবনধারণের উপযোগী মজুরী, দৈনিক ৮ ঘণ্টা হিসাবে সপ্তাহে ৪৪ ঘণ্টা কাজের সময় নির্ধারণ। শ্রমিক যুবকদের জন্য খেলাধূলা, পাঠাগার ও ক্লাবের ব্যবস্থা।

১০। আমরা চাই সমস্ত বিদেশী মূলধন বাজেয়াপ্তকরণ, বড় বড় শিল্পগুলির জাতীয়করণ।

১১। আমরা চাই যুবসমাজের জন্য সামরিক শিক্ষা ব্যবস্থা ও অস্ত্র বহন করিবার অধিকার।

১২। আমরা চাই সমস্ত দাসত্বমূলক আইনের প্রত্যাহার, বিনা বিচারে আটক রাখার কানুন নাকচ, সমস্ত রাজনৈতিক বন্দীদের মুক্তি, সমাজের প্রত্যেকটি শ্রেণীর—শ্রমিকের, কৃষকের, মধ্যবিত্তের, ছাত্রদের, মেয়েদের, চাকুরেদের নিজ নিজ সংগঠন গড়ার, সভাসমিতি করার ও মত প্রকাশের পূর্ণ ও অবাধ অধিকার। প্রত্যেকটি দলের নিজ মতানুযায়ী কাজ ও মত প্রকাশ করিবার বৈধ অধিকার।

১৩। আমরা চাই দেশের প্রত্যেকের নিজ নিজ ধর্ম পালন করার পূর্ণ অধিকার, সংখ্যালঘু সম্প্রদায়ের ধর্ম ও অন্যান্য অধিকার রক্ষার পরিপূর্ণ ব্যবস্থা।

১৪। আমরা চাই সকল প্রকার প্রাদেশিকতা ও সাম্প্রদায়িকতার অবসান।

উপরোক্ত দাবী দল-মত-ধর্ম-নির্বিশেষে পাকিস্তানের প্রত্যেকটি যুবক-যুবতীর দাবী। উপরোক্ত মৌলিক দাবীগুলি কায়েম করিতে পারিলে দেশের সমস্ত যুবসমাজের সামাজিক, রাজনৈতিক, সাংস্কৃতিক ও আধ্যাত্মিক উন্নতির নিশ্চয়তা হইবে এবং পূর্ব্ববাংলা তথা সারা পাকিস্তান ধনে, জনে, শিল্পে, শিক্ষায় সমৃদ্ধ হইয়া উঠিবে।

ঐক্য ও প্রতিজ্ঞার দৃঢ়তা প্রয়োজন

আমরা জানি যে, দেশের যুবসমাজের তথা সমস্ত সমাজের উন্নতির জন্য মূল প্রয়োজন—রাজনৈতিক, সামাজিক, অর্থনৈতিক ও সরকারী ব্যবস্থার আমূল পরিবর্ত্তন সাধন ও মৌলিক পুনর্গঠন। সেই মহান উদ্দেশ্য সাধনের জন্য উপরোক্ত কর্মসূচীর ভিত্তিতে দল-মত-ধর্ম-নির্বিশেষে পাকিস্তানের সমগ্র যুবসমাজ যুব লীগে যোগদান করিয়া পাকিস্তানের সর্বত্র শক্তিশালী যুব আন্দোলন গড়িয়া তুলুন।

আমরা জানি যে, আমাদের পথ সহজ নয়। বহু বাধা, কায়েমী স্বার্থের রক্তচক্ষু ও অত্যাচার আমাদের এই জয় যাত্রার পথে বিঘ্ন সৃষ্টি করিবে কিন্তু দেশের যুবসমাজ অসাধারণ

শক্তির অধিকারী। মহান আদর্শে অনুপ্রাণিত ও ঐক্যবদ্ধ যুবশক্তি অসাধ্য সাধন করিতে পারে। তার জন্য চাই যুব সমাজের ঐক্য ও প্রতিজ্ঞার দৃঢ়তা।

দুনিয়ার যুবশক্তি ও আমরা

দুনিয়ার দেশে দেশে আজ যুবশক্তির অতুলনীয় অভ্যুত্থান ঘটিয়াছে। দেহে অমিত শক্তি ও মনে দৃঢ়প্রতিজ্ঞা লইয়া তাহারা আজ আগাইয়া চলিয়াছে স্বাধীনতা, শান্তি ও গণতন্ত্রের জন্য, ঔপনিবেশিকতাবাদ ও সাম্রাজ্যবাদের বিরুদ্ধে। আসুন আমরা পাকিস্তানের যুবসমাজ দল-মত-ধর্ম-নির্বিশেষে তাহাদের সাথে কাঁধে কাঁধ মিলাইয়া অগ্রসর হই। আমাদের জীবনের সর্ববিধ উন্নতি ও পাকিস্তানকে স্বাধীন, সুখী ও সমৃদ্ধশালী করার জন্য আমরা চাই স্বাধীনতা, শান্তি ও গণতন্ত্র। আমরা চাই দুনিয়াব্যাপী সাম্রাজ্যবাদী শোষণের অবসান।

পাকিস্তানের যুবশক্তি জিন্দাবাদ।

পাকিস্তানের যুবশক্তি ঐক্যবদ্ধ হউন।

বিশ্বের যুব আন্দোলন দীর্ঘজীবী হউক।

পাকিস্তান জিন্দাবাদ

শিরোনাম	সূত্র	তারিখ
বাংলা ভাষার বিভিন্ন সরলীকরণ প্রচেষ্টার একটি নমুনা ও তার প্রতিক্রিয়া।	নও বাহার (সাপ্তাহিক)।	মার্চ, ১৯৫১।

সম্পাদকীয়:

গণ-শীক্‌খা পরীশদঃ'

আর কিছু হউক না হউক দুর্নীতি দমন বিভাগের ডি, আই, জি, জনাব আবুল হাসানাৎ সাহেবের কল্যাণে পূর্ব-পাকিস্তানে ভাষা, হরফ এবং বানানের সংস্কার খুব দ্রুত গতিতে অগ্রসর হইতেছে। 'উশ্রী' জলপ্রপাতের মতই এই সংস্কারের ধারা দৈবিক নিয়মে পূর্ব পাকিস্তানের সাহিত্য ও সংস্কৃতির শ্যামল ক্ষেত্রের উপর দিয়া বহিয়া চলিয়াছে। 'উশ্রীর' পাদদেশেই সম্প্রতি "গণ-শীক্‌খা পরীশদ" স্থাপিত হইয়াছে। ভাষা, হরফ, এবং বানানের সংস্কার শেষ হইয়া যাওয়ার পর জনাব আবুল হাসানাৎ সাহেব এখন "গণ শীক্‌খা' লইয়া মাতিয়া উঠিয়াছেন। এই পরীশদ হইতে তিনি নিম্নলিখিত এশতেহার জারী করিয়াছেন।

U S R E E, Ramna
DACCA.

To
The Manager,
Presidency Printing Works
Dacca.

Dear Sir,

Kindly send 3 or 4 intelligent Compositors of yours to attend the evening classes at the headquarter of Council of Mass Education at 7-17 P.M. to get lessons from us regarding the use of the reformed Bengali Script. It is expected that if they attend these classes for only 3 days, the compositors will be able to compose correctly any matter in old Bengali by themselves.

This is very necessary as your press is on the way and work of the fortnightly, Kajer Katha, will start straightary-(?)

Your's faithfully,

Sd. ABUL HASANAT, .
Joint Secretary.
Council of Mass Education.

Copy forwarded to the Editor, Nao Bahar, with reference to your request in our request in our Memo, dated 7-3-51 and to the resolutions of the meetings requesting them to print at least some matter regularly in their papers or journals. It is requested that they should also send their compositors for lessons like-wise so that some columns of their papers or journals may be composed in reformed script.

Sd. ABUL HASANAT,
Joint Secretary,
Council of Mass Education.

অন্য আর একটি এশতেহারে তিনি লিখিতেছেন :

15-3-1951.

Dear Sir,

I'm quoting here-under copy of a report on two meetings of leading intellectuals and public men and Resolutions passed by them. I would request the favotr of your lending support to the noble cause in all ways possible. Your Co-operation will inspire us to go ahead.

The NEW SCRIPT may kindly be given a trial in columns of newspapers, journals, etc. owned, edited or supported by you with IMMEDIATE EFFECT as per Resolution No. 2.

Futher literature on our activities is also enclosed.

Your's faithfully,

Sd. ABUL HASANAT
7-3-1951.

পূর্ব্ব পাকিস্তানে কে রাজা, কে প্রজা, কে শাসক, কে শাসিত—কিছুই বুঝা যায় না। গত ১৯৪৯ সালে গভর্ণমেণ্ট একটি ভাষা-কমিটি (লেংগুয়েজ কমিটি) নিযুক্ত করেন, প্রায় দেড় বৎসর পর এই কমিটি নাকি তাঁদের রিপোর্ট দাখিল করিয়াছেন। জনাব আবুল হাসানাৎ সাহেব সেই কমিটির অন্যতম সদস্য ছিলেন। কমিটির রিপোর্ট এখনো সরকারের বিবেচনাধীন। কাজেই এই সম্বন্ধে এখনও কোন স্থির সিদ্ধান্ত গৃহীত হয় নাই। দেশের কবি-সাহিত্যিক এবং অন্যান্য চিন্তাশীল মনীষীরাও কমিটির সুপারিশগুলি সম্বন্ধে একমত নহেন। অথচ এই অবস্থায় জনাব আবুল হাসানাৎ সাহেব তাঁর এই খেয়ালী ভাষা, হরফ এবং নূতন বানান চালু করিয়া দিতেছেন এবং সরকারী বুকলেটের চং-এ সমস্ত পত্রিকা ও প্রেসকে নূতন হরফে এবং নূতন বানান পদ্ধতিতে ছাপা শুরু করিতে আদেশ দিতেছেন। ভাষা-সংস্কার কমিটির সুপারিশ সরকার কর্ত্তৃক গৃহীত হইলে সরকারই তখন তাহা চালু করিবার জন্য চেষ্টিত হইবেন। তাহার আগেই কোন ব্যক্তিবিশেষ এরূপ নির্দেশ দিতে পারেন, ইহা আমাদের জানা ছিল না। এরূপ কার্য্য শাসন-নিয়মানুবর্তিতার বরখেলাফ। রিপোর্ট দাখিল করিবার সংগে সংগে ভাষা-কমিটির

মেম্বারদিগের কার্য্য খতম হইয়াছে। বাকী কাজ গভর্ণমেণ্টের। জনাব আবুল হাসানাৎ সাহেবের এইসব নির্দ্দেশের পিছনে গভর্ণমেণ্টের কোন সম্মতি আছে কিনা, আমরা জানিতে চাই। যদি না থাকে, তবে আমরা ইহার তীব্র প্রতিবাদ জানাইতেছি।

জনাব আবুল হাসানাৎ সাহেব কলিকাতা এবং ঢাকার প্রেসিডেন্সী লাইব্রেরীর সহিত সংশ্লিষ্ট আছেন। সেই লাইব্রেরী হইতে নাকি পাক্ষিক পত্র "কাজের কথা" বাহির হইবে। এই সব কর্ম-তৎপরতার লক্ষ্য এবং উদ্দেশ্য কি, বুঝা যাইতেছে না। একটা খামখেয়ালীর ভাব সর্বত্র বিরাজমান। উপরের উদ্ধৃত ইংরাজী অংশগুলির ভাষা, শব্দ-বিন্যাস এবং ব্যাকরণ রীতির মধ্যেও যথেষ্ট চন্দ্রালোকের ছাপ পড়িয়াছে। আবুল হাসানাৎ সাহেব বাংলা ব্যাকরণকে মানেন না বলিয়া ইংরাজী ব্যাকরণকেও বৃদ্ধাংগুলি দেখাইয়াছেন দেখিতেছি, প্রথম চিঠির শেষোক্ত প্যারাই তার প্রমাণ। তাঁর মত বিচক্ষণ ব্যক্তির নিকট হইতে আমরা অধিকতর শালীনতা আশা করি।

এই প্রসংগে পূর্ব্ব-পাক গভর্ণমেণ্টের নিকটও আমাদের আরজ, জনাব আবুল হাসানাৎ সাহেবকে পুলিশের ডি, আই, জি, পদ হইতে অপসারিত করিয়া ভাষা সংস্কারের ও গণশিক্ষার ডি, আই, জি, পদে নিযুক্ত করুন। তাঁহার স্বাভাবিক প্রতিভা যখন এই দিকেই রহিয়াছে, তখন তাঁহাকে কেন অনর্থক ডি, আই, জি, পদের গুরুদায়িত্ব দিয়া আটক রাখা হয়? ইহার ফলে তাঁহার নিজের সরকারী কাজও তিনি ভালভাবে করিতে পারেন না। তবে গভর্ণমেণ্টের পলিসী যদি এমন হয় যে, এক পদে থাকিয়া অন্য পদের কাজ যিনি যত করিতে পারিবেন, তিনি ততই সুযোগ্য কর্মচারী বলিয়া বিবেচিত হইবেন, তাহা হইলে আমাদের আর কোন আপত্তির কারণ রহিবে না। তখন শিক্ষাবিভাগের ডিরেক্টর হইবেন এমন ব্যক্তি যিনি লেখা-পড়া জানেন না। শিল্প বিভাগের সেক্রেটারীর কাজ হইবে নাটক লেখা, স্বাস্থ্য মন্ত্রীর কাজ হইবে সাহিত্য ও কাব্য লইয়া রসালাপ করা, ইনকামট্যাক্স অফিসারের কাজ হইবে মাসিক পত্র বাহির করা, আর পুলিশের কাজ হইবে ভাষা সংস্কার করা। সেইরূপ পাবলিসিটি ডিপার্টমেণ্ট-এর কাজ হইবে কোন কিছু পাবলিশ না করা। এরূপ হইলে আমাদের কিছুই বলিবার নাই।

গভর্ণমেণ্টের নিকট আমরা জানিতে চাই জনাব আবুল হাসানাৎ সাহেবের এই সব কার্য্যের পশ্চাতে তাঁহাদের কোন সম্মতি (চেংসান) আছে কিনা। যদি থাকে, তবে নিশ্চয়ই আমরা জনাব হাসানাৎ সাহেবের নির্দ্দেশ মানিয়া চলিব এবং অচিরেই ২-৪ জন কম্পোজিটার পাঠাইয়া দিব—যাহাতে নূতন হরফে ও বানান অনুযায়ী মাত্র তিন দিন কম্পোজিং শিখিয়া আসিয়াই নির্ভুলভাবে পুরাতন রীতি অনুসারেই তাহারা কম্পোজ করিতে পারে। কি অপূর্ব তেলেছমাৎ. কিন্তু আমাদের মনে হয়, কম্পোজিটারেরা ইহাতে রাজী হইবে না। ভুল বানান নির্ভুলভাবে শিখিবার ভুল তাহারা কেন করিবে?

---

*পাকিস্তান প্রতিষ্ঠার পর থেকেই বাংলা ভাষার উপর বিভিন্ন ধরনের আঘাত হানা হয়। ভাষাকে সরলীকরণ বা আরবী হরফে বাংলা পরিবর্তনের প্রচেষ্টার মাধ্যমে। এখানে এই প্রচেষ্টাটিকে নমুনা হিসেবে দেওয়া হয়েছে।

শিরোনাম	সূত্র	তারিখ
উর্দু ভাষাকে শ্রেষ্ঠ প্রমাণ করার পক্ষে বক্তব্য।	মাহে নও	জুলাই, ১৯৫১

উর্দুর ভূমিকা

—ফজলর রহমান

উর্দু বিভিন্ন ভাষার উপাদানের একটা সংমিশ্রণ এবং যারা উর্দুকে মাতৃভাষা বলে দাবী করেননি তাঁরাও উর্দুর তরাক্কীর পথে অনেক খোরাক জুগিয়েছেন। পাক-ভারত উপমহাদেশের ভাষার ক্ষেত্রে উর্দু বিভিন্ন সম্প্রদায়ের জনগণকে এক গ্রন্থিতে সংযুক্ত করেছে। বিরোধী সমালোচকরা যাই বলুক না কেন প্রথম উর্দুর মধ্যেই এই উপমহাদেশের আন্তঃপ্রাদেশিক ভাষা সমস্যার সমাধান সম্ভবপর হয়েছিল। বিভিন্ন ভাষা দ্বারা সমৃদ্ধ হয়েছে যে উর্দু তার সার্বজনীন গ্রহণ ক্ষমতা দ্বারাই ইহা সম্ভবপর হয়েছে। উর্দু সাহিত্যে যদিও কিছুটা আভিজাত্যের ছাপ আছে, তবু উর্দু ভাষার দেশের জনগণের সংগে অতি নিকট সম্পর্ক রয়েছে। তার জন্যই উর্দু কৃতিত্বের সংগে ও হিন্দু শাসকদের মারাত্মক আক্রমণের মোকাবেলা বৃটিশ ও জনগণের মনে প্রভাব বিস্তার করতে পেরেছে।

আমাদের এই গোলযোগপূর্ণ ঝড়-ঝঞ্ঝা অতিক্রান্ত হয়ে যাওয়ার পর আমাদের ভাবী বংশধরগণ কতকগুলো অপূর্ব অবদানের জন্য পাক-ভারত উপমহাদেশের ইতিহাসের এই মুসলমান যুগটিকে কৃতজ্ঞতার সাথে স্মরণ করবে।

প্রথমতঃ—স্থায়ী কেন্দ্রীয় শাসন ব্যবস্থার জন্য দায়ী এই আদর্শ শাসন ব্যবস্থার ফলে দেশের পৃথক পৃথক অংশগুলো একই গ্রন্থিতে সংযোজিত হয়েছে।

দ্বিতীয়তঃ—দুনিয়ার কতকগুলো অতি সুন্দর স্থাপত্য শিল্পের জন্য।

তৃতীয়তঃ—উর্দু ভাষার ক্রমবিকাশের জন্য। এই ভাষা আঞ্চলিক বাধা বিদূরিত করে দূর-দূরান্তের জনগণের নৈকট্য সাধন করেছে ও স্বাধীনভাবে আলাপ-আলোচনা ও ভাবের আদান-প্রদান করার সুযোগ দিয়েছে। শেষোক্ত দানটি পূর্বোক্ত দুইটার চাইতে অধিক স্থায়ী, কারণ শেষ পর্যন্ত বস্তুগত অলংকার অপেক্ষা সাহিত্য এবং কৃষ্টিই মনুষ্যজীবনে চিরস্থায়ী ছাপ রেখে যায়। বস্তুগত অলংকার ক্ষয়প্রাপ্ত হয়ে যায়; কিন্তু আদর্শ ও ভাবধারা বেঁচে থাকে।

ভাষা স্বতন্ত্রভাবে সমৃদ্ধিশালী হয় না। ব্যবহারকারী জনগণের বাণীই ভাষা। কাজেই মুসলমানদিগকে একটা জাতি হিসাবে টিকে থাকার সংগ্রাম আর উর্দুকে জিইয়ে রাখার সংগ্রাম একই কথা। লক্ষ লক্ষ অমুসলমানের ভাষা ছিল এই উর্দু কিন্তু দেশ বিভাগের পূর্বে তারা উর্দুর দাবীকে প্রকাশ্যভাবে দ্ব্যর্থহীন ভাষায় নিন্দা করতে থাকে ও ইহার মর্যাদাহীন করতে প্রবৃত্ত হয়। এই সংগ্রামে উর্দুই এই উপমহাদেশের মুসলিম তমদ্দুন ও তাহজীবের সাহিত্য ভাণ্ডাররূপে পরিগণিত হয়েছিল। যে সকল মুসলমান উর্দুকে তাদের মাতৃভাষা বলে দাবী করেননি, তাঁরাও এ বিষয়টা উপলব্ধি করেছিলেন এবং উর্দুই তাঁদের জাতিত্ববোধের অন্যতম সহায়ক হয়েছিল।

ইতিহাস আজ উর্দুকে বিবিধ ভূমিকায় গ্রহণের ইশারা দিচ্ছে। উর্দু আজ পাকিস্তান ভারতের মধ্যে মৈত্রী বন্ধনের সেতু নির্মাণ করছে এবং পাকিস্তান তার নিজের তরফ থেকেও এই সেতু অটুট রাখার জন্য দৃঢ় প্রতিজ্ঞ। আমরা আশা করি অপর দিক থেকে শুভেচ্ছাকারীরাও উর্দুর ঐতিহাসিক ও আধুনিক বিশেষত্বের প্রশংসা করবেন।

পাকিস্তানে উর্দুর মাধ্যমেই আন্তঃপ্রাদেশিক আলাপ আলোচনা ও নানাবিধ আদান প্রদান চলছে। উর্দু যদিও এদেশের লোকের মাতৃভাষা নয়, তথাপি ইহা তাঁদের মৌলিক ভাবধারার উপরই প্রতিষ্ঠিত। এক দলের মতে পাঞ্জাব এবং অন্য দলের মতে সিন্ধু উর্দুর উৎপত্তি স্থান। সে যাই হোক, উর্দু সর্বদাই আমাদের দেশের শিক্ষিত লোকদের নিকট নিজ ভাষারূপে প্রিয় হয়ে রয়েছে। যুগ যুগ ধরে লাহোর ও ঢাকা উর্দুকে সমৃদ্ধিশালী করে রেখেছে। দেশ বিভাগের বহু পূর্ব হতে একমাত্র সিন্ধু ব্যতীত পশ্চিম পাকিস্তানের সর্বত্র স্কুল পর্যায় পর্যন্ত উর্দুকে শিক্ষার বাহনরূপে গ্রহণ করা হয়েছে। সিন্ধু প্রদেশেও উত্তরোত্তর উর্দুর জনপ্রিয়তা বেড়ে যাচ্ছে। পূর্ব পাকিস্তানের জনগণ উর্দুকে তাদের দ্বিতীয় ভাষারূপে গ্রহণ করার প্রয়োজনীয়তা স্বীকার করছেন এবং আমি নিঃসংশয়ে বলতে পারি যে, উর্দু এবং বাংলা পরস্পরের সংমিশ্রণে উভয় ভাষাকেই সমৃদ্ধিশালী করবে।

পাকিস্তান কায়েম হওয়ার অব্যবহিত পরে ১৯৪৭ সালের নভেম্বর মাসে করাচীতে পাকিস্তান এডুকেশনাল কনফারেন্স অনুষ্ঠিত হয় এবং তাতে উর্দুকেই আমাদের দেশের জাতীয় ভাষা বলে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। ১৯৪৮ সালের প্রথম ভাগে বাবায়ে মিল্লাৎ মরহুম কায়েদে আজম পূর্ব বংগে শুভাগমন করেন এবং তিনিও এই সিদ্ধান্ত অনুমোদন করেন। পাকিস্তান এডুকেশনাল কনফারেন্স এবং এডুকেশন এডভাইজারী বোর্ড আরো সুপারিশ করেন যে, যে সকল এলাকায় উর্দুকে শিক্ষার বাহন করা হয়নি সে সকল এলাকায় প্রাথমিক শিক্ষার পরের পর্যায় পর্যন্ত উর্দুকে অবশ্য পঠনীয় বিষয়রূপে গ্রহণ করতে হবে। পূর্ব বংগ ও সিন্ধু প্রাদেশিক সরকার এই সুপারিশ গ্রহণ করেছেন এবং ইহা কার্যে পরিণত করার কাজও আরম্ভ করে দিয়েছেন। আন্তঃবিশ্ববিদ্যালয় বোর্ডের সমর্থনানুসারে শিক্ষা উপদেষ্টা বোর্ড পশ্চিম পাকিস্তানের সমস্ত বিশ্ববিদ্যালয়সমূহে ইংরেজীর পরিবর্তে উর্দুকে শিক্ষার বাহন করার জন্যও সুপারিশ করেছেন।

এই সিদ্ধান্ত অনুসারে শিক্ষা উপদেষ্টা বোর্ড মৌলবী আবদুল হক সাহেবকে সভাপতি করে একটি উর্দু কমিটি স্থাপন করেছেন। উর্দু ভাষা ও সাহিত্যের ভবিষ্যৎ তরক্কী সম্পর্কে তিনি উপদেশ দান করেন।

এই কমিটি নানা বিষয়ে সমন্বয়ে আর কতকগুলো সাবকমিটি গঠন করেছে। এসকল সাবকমিটি কলেজের আই, এ, ক্লাস পর্যন্ত উর্দু সিলেবাস নির্ধারণ করবে এবং আমার বিশ্বাস উর্দু কমিটি অদূর ভবিষ্যতে ইহার সুপারিশগুলো কার্যে পরিণত করবে। আঞ্জুমানে তরক্কীয়ে উর্দু ও উর্দু কলেজ সম্পর্কে পাক-সরকারের যথাযোগ্য সমর্থন রয়েছে। পাক সরকার উর্দু ভাষা ও সাহিত্যের তরক্কীর জন্য বর্তমান বাজেটে পাঁচলক্ষ টাকা ব্যয়বরাদ্দ করেছেন। পাক-সরকার উর্দুর তরক্কীর জন্য অতি পূর্ব থেকেই বিশেষ উদগ্রীব ও তজ্জন্য যথাবিহিত কার্যকরী ব্যবস্থা অবলম্বন করছেন।

এ প্রসংগে আমি এ কথা বলতে চাই যে, প্রত্যেক ভাষাই তার নিজস্ব গতিশীলতা দ্বারা পরিচালিত হয় এবং প্রত্যেক ভাষার মান নির্ণীত হয় সাহিত্য এবং শিক্ষা ক্ষেত্রে তার অবদান দ্বারা। সাহিত্যের প্রসার বিরাট হলেই চলবে না। মানুষের আত্মার সংগে সংযোগ স্থাপনের জন্য তার গভীরতার প্রয়োজন আছে। তাছাড়া বিশ্ব সভ্যতার উন্নয়নের জন্য তার দান থাকা উচিত।

আমাদের আজাদী লাভের পর থেকেই উর্দুর উপর নতুন দায়িত্ব ন্যস্ত হয়েছে। উর্দুকে এই 'চ্যালেঞ্জ' গ্রহণ করতেই হবে। সর্বকালে গ্রহণীয় প্রাচীন উর্দু সাহিত্য রক্ষার্থে আমাদের অনতিবিলম্বে যত্নবান হওয়া উচিত। পাকিস্তানে এই প্রাচীন সাহিত্য পর্যায়ক্রমে মুদ্রিত হওয়া উচিত। আমার বিশ্বাস যে, আমাদের সাহিত্য প্রতিষ্ঠানগুলো এবং প্রকাশকগণ এই মহৎ কার্যে সহযোগিতা করবেন।

বর্তমান এবং ভবিষ্যতের মাপকাঠি দিয়েই অতীতের রূপ নির্ণয় করতে হবে। সাহিত্যকেও ঐতিহ্যপূর্ণ হতে হলে তা পারিপার্শ্বিকতাকে এবং বর্তমান কালকে অতিক্রম করে বহু উর্ধ্বে উঠতে হবে অথচ তাদের সংগে সম্বন্ধও রক্ষা করতে হবে। ভাষাকে প্রগতিশীল হতে হলে জনগণের অনুভূতির বাহন হতে হবে। উর্দুর জনপ্রিয়তা বৃদ্ধি পেয়েছে গোটা পাক-ভারত উপমহাদেশের একাধিক ভাষা থেকে শব্দ সঞ্চয়নের দ্বারা। এটা খুবই স্বাভাবিক যে, উর্দুর মাধ্যমে পাকিস্তানের জনশিক্ষা প্রসারের সংগে সংগে তাতে বাংলা, সিন্ধি এবং পোশ্‌ত ভাষার শব্দেরও ছাপ থাকবে। আমার দৃঢ় বিশ্বাস যারা উর্দুর শুভাকাংখী তারা উর্দুর এই সার্বজনীনতাকে সম্ভাষণই জানাবেন। আমি আশা করি, আমাদের দেশের লেখক এবং বুদ্ধিজীবিগণ পাকিস্তানের বিভিন্ন আশা-আকাঙ্খা এবং সমস্যা দ্বারা প্রভাবান্বিত হবেন এবং উর্দু সাহিত্যের তরক্কী সাধনে ব্রত হবেন।

আঞ্জুমানে তরক্কীয় উর্দু ও ইহার অধ্যবসায়ী সভাপতি মৌলবী আব্দুল হক সাহেবকে শুকরিয়া আদায় করে আমি আমার বক্তব্যের ইতি করতে চাই।

কথিত আছে যে, কোন একটা প্রতিষ্ঠান একটি ব্যক্তিত্বের প্রতিবিম্বস্বরূপ। আঞ্জুমান ও মৌলবী আব্দুল হক সাহেবের মধ্যে যে সম্পর্ক সে সম্পর্ক এই স্বতঃসিদ্ধ পুরোপুরিভাবেই প্রযোজ্য। এই আঞ্জুমানের মারফত উর্দুর তরক্কীর জন্য তিনি আজীবন যে সেবা করেছেন, তা আমাদের সাহিত্য ইতিহাসে চিরস্মরণীয় হয়ে থাকবে। আমার দৃঢ় বিশ্বাস যে, তার যোগ্য পরিচালনায় উর্দু কনফারেন্স উর্দু ভাষা ও সাহিত্যের তরক্কীর জন্য নতুন পথের সন্ধান দেবে।

১৯৫১ সালের ১৫ই এপ্রিল করাচীতে অনুষ্ঠিত নিখিল পাকিস্তান উর্দু কনফারেন্সে পাকিস্তান সরকারের বাণিজ্য ও শিক্ষাসচিব মাননীয় ফজলুর রহমানের উদ্বোধনী বক্তৃতা।

শিরোনাম	সূত্র	তারিখ
পূর্ব বাংলার লবণ সংকট।	দৈনিক আজাদ ও পূর্ব বাংলা ব্যবস্থাপক সভার কার্যবিবরণী।	অক্টোবর-নভেম্বর, ১৯৫১।

১৯৫১ সনের লবণ সঙ্কট সম্পর্কে ঢাকা বণিক সমিতির সভাপতি সাখাওয়াত হোসেন-এর বিবৃতি:

পূর্ব পাকিস্তানে লবণের দুষ্প্রাপ্যতার জন্যে প্রদেশের সর্বত্র গভীর অসন্তোষের সৃষ্টি হইয়াছে। লবণের অভাবের কারণ সম্পর্কে বিভিন্ন মহল বিভিন্ন মত পোষণ করেন। কিন্তু সাধারণভাবে ইহার আসল কারণ কাহারও জানা নাই। তবে করাচী হইতে অপর্যাপ্ত সরবরাহই যে ইহার মূল কারণ তাহা নিঃসন্দেহে বলা চলে। সরকার নিযুক্ত লোভী আড়তদারদের অতিরিক্ত মুনাফার লোভই সম্ভবতঃ বর্তমান পরিস্থিতির কারণ। সরকারী হিসাব মতে পূর্ব পাকিস্তানে বার্ষিক ৭৫ লক্ষ মণ লবণের প্রয়োজন হয়। পশ্চিম পাকিস্তানের বাসিন্দাগণ সাধারণতঃ সামুদ্রিক লবণ ব্যবহার করে না। তথায় বৎসরে মাত্র ৬ লক্ষ মণ লবণ খরচ হয়। ইহাও সর্বজনবিদিত যে, সরকার দেশী শিল্পকে উৎসাহ দানের জন্যে বাহির হইতে লবণ আমদানী সম্পূর্ণভাবে বন্ধ করিয়া দেওয়ার নীতি অবলম্বন করিয়াছেন। পশ্চিম পাকিস্তানে ৫টি লবণের কারখানা রহিয়াছে এবং তাহাতে বৎসরে ৫২ লক্ষ মণ লবণ উৎপন্ন হয়। পূর্ব পাকিস্তানের কোথাও সেরূপ নামকরা কারখানা নাই। সুতরাং দেশে যে লবণ উৎপন্ন হয় তাহাতে শেষ পর্য্যন্ত প্রয়োজন অপেক্ষা বৎসরে ৩৯ লক্ষ মণ লবণ ঘাটতি পড়ে। অর্থাৎ দেশের প্রয়োজনের তুলনায় পাকিস্তানে লবণ উৎপাদনের পরিমাণ খুবই কম। সুতরাং উৎপাদন বৃদ্ধি বা বিদেশ হইতে লবণ আমদানী ব্যতিরেকে অন্য কোন উপায়ে দেশের প্রয়োজন মিটানো সম্ভবপর নয়।

সরকার কর্তৃক লবণ আমদানী বন্ধ হওয়ার পর হইতেই আমি লবণের নিশ্চিত ঘাটতি অনুমান করিয়াছিলাম। আমি সরকারকে ভারত এবং অন্যান্য বিদেশী রাষ্ট্র হইতে লবণ আমদানীর অনুমতি দানের জন্য অনুরোধ করিয়াছিলাম। আমার প্রস্তাব অনুযায়ীই গত এপ্রিল মাসে বৈদেশিক বাণিজ্য উন্নয়ন পরিষদ বিদেশ হইতে লবণ আমদানীর অনুমতি দানের সোপারিশ জানাইয়াছিলেন। কিন্তু সরকার এ সম্পর্কে এখনও কোন সিদ্ধান্ত গ্রহণ করেন নাই। ঢাকা বণিক সমিতি প্রায় একই সময় খাদ্য মন্ত্রীর নিকট অনুরূপ সোপারেশ জানাইয়াছিল। কিন্তু এসম্পর্কেও এখন পর্য্যন্ত কিছু করা হয় নাই।

উৎপাদনের স্বল্পতা ছাড়া প্রদেশে লবণের বিলি ব্যবস্থাও যথেষ্ট ভালই রহিয়াছে। চট্টগ্রাম বন্দরে লবণ খালাস ও তাহা হইতে অন্যত্র চালান দেওয়ার ভার একটি ভারতীয় প্রতিষ্ঠানের একচেটিয়া।

এ সম্পর্কে আমি আরও জানাইতে চাই যে, পশ্চিম পাকিস্তানে চা ও পানের অভাব থাকায় তথাকার বাসিন্দাগণকে বিদেশ হইতে এই উভয়বিধ দ্রব্য আমদানীর অনুমতি দেওয়া হইয়াছে।

স্বদেশী দ্রব্যের পৃষ্ঠপোষকতা করিতে যাইয়া পূর্ব বঙ্গের অধিবাসিগণকে এক সের লবণের জন্য যখন ২.০০ টাকা হইতে ৩.০০ টাকা ব্যয় করিতে হইতেছে, তখন পশ্চিম পাকিস্তানের অধিবাসিগণ কোন্ যুক্তিতে বিদেশ হইতে পান ও চা আমদানী করিয়া নিজেদের ঘাটতি পূরণের অনুমতি পাইতেছে? একই পরিস্থিতিতে পশ্চিম পাকিস্তানের জন্য এইরূপ ভিন্ন ভিন্ন নীতি গৃহীত হইতে পারে কিরূপে? এ প্রসঙ্গে উল্লেখযোগ্য যে, করাচীতে বর্তমানে মাত্র দুই আনা সের দরে লবণ বিক্রয় হইতেছে। [দৈনিক আজাদ, ২২—১০—১৯৫১)]

গদী ছাড়

এইবার লবণের দুর্ভিক্ষ চরম আকার ধারণ করিয়াছে। সারা পূর্ব বঙ্গ জুড়িয়াই লবণের দুষ্প্রাপ্যতা হেতু চড়া দর ইতিহাস সৃষ্টি করিয়াছে। সের প্রতি দুই টাকা হইতে আরম্ভ করিয়া স্থান বিশেষে ষোল টাকায় পর্য্যন্ত লবণ খরিদ করিতে লোকে বাধ্য হইতেছে। এই অত্যাবশ্যকীয় এবং নিত্য প্রয়োজনীয় দ্রব্যের অভাবে জনসাধারণের দুর্দ্দশার অবধি নাই। তাই চারদিক হইতে কিছু কিছু সোরগোল উঠিয়াছে। আমাদের আফজল মন্ত্রী আবার বিবৃতি ঝাড়িয়াছেন, কেন্দ্রীয় সরকারের শৈথিল্য ও অব্যবস্থার জন্যই নাকি এই বিড়ম্বনা। [সাপ্তাহিক নও বেলাল-এ প্রকাশিত সম্পাদকীয়, ১--১১--১৯৫১]

Special motion regarding salt situation in the Province [2nd Nov., 1951]

The Hon'ble Mr. S. M. Afzal: Sir, I beg to move that this Assembly is of opinion that the salt situation in the province of East Bengal be taken into consideration

Mr. Chairman, Sir, it was in August, 1950 that the Provincial Government noticed a rise in the price of salt. The rise in price appeared to be due to the monopolistic tendencies of the merchants supplying salt from Karachi. In order to counteract their activities the Provincial Government decided to promulgate statutory order to keep the price of salt at a reasonable level. Accordingly the East Bengal Salt Control Order was promulgated on the 30th August, 1950. The order provided for the fixation of wholesale prices and empowered the local dealers to distribute salt at prices fixed by Government, if this became necessary. The retail trade was excluded from the purview of this order on the ground that salt trade was being carried on by a very large number of persons of limited supplies in all the markets and *hats* of the province and that any attempt to control salt transactions may result in widespread corruption amongst the minor officials of the Civil Supplies Department. The above measure was considered by itself to be adequate. The Provincial Government, therefore, proposed that the Centre should increase the supply of salt within the Province and they should import salt on Government account. This could not be given effect to because the Central Government decided to trade in salt themselves. They promulgated the Sea-Salt Control Order on the 13th November, 1950, under which the sale, purchase or procurement of salt came to be controlled by the Central Government.

Its import from foreign countries was also licensed. On the 14th December 1950, the Central Government launched the scheme for the monopoly procurement of sea-salt by them and for its shipment to East Bengal on their account. They also asked the Provincial Government not to take any action that the latter might be contemplating with respect to the supplies of salt to East Bengal. It was explained that there was a large accumulation of sea-salt in the Karachi Salt Works which was sufficient to meet the demand of East Bengal. We protested against the monopoly scheme because we were of the view that it was not a wise policy to supplant private importers altogether and assume the entire responsibility for supply. This was not heeded to.

Since December, 1950, the Provincial Government have been watching despatches of salt from Karachi with considerable anxiety. During the period from January to May, 1951, 9,70,942 maunds of salt were received from Karachi against estimated requirement of 25 lakh maunds. This deficiency was brought to the notice of the Central Government in the middle of May and they were asked

to plan despatches in such a way that supplies exceeded 5 lakh maunds per month so that something was left over as reserve. Due, however, to difficulties in getting shipping space the Central Government could not speed up despatches. ....The deficiency noticed in May had been aggravated by July and the Hon'ble Minister, Civil Supplies, accompanied by the Director-General personally discussed the matter with the Central Ministry and pressed for placing salt on O.G.L. Urgent reminders were sent to the Central Government to expedite despatches from Karachi and to import from abroad. This was continued in September and the Central Government were asked again to place salt on O.G.L. The Director-General went to Karachi again in September to apprise the Central Government of the deteriorating position. Our suggestions for foreign import were turned down in the first week of October on the ground that foreign salt may not be cheaper and that the capacity for discharging the cargo at Chittagong and Chalna ports was strictly limited. They also informed us that arrangements were being made to charter foreign ships for the carriage of salt from Karachi to East Bengal even by paying higher freight.

Apart from departmental efforts the Hon'ble Prime Minster took up to question with the Central Government very strongly during his visit to Karachi. Salt ships began to arrive from the middle of October when the price of the commodity had already gone out of control. From the middle of October, we have been receiving salt ships in quick succession and before the month was over we had 4 ships in Chittagong and 1 at Chalna with altogether 7,46,429 maunds of Karachi salt. We have also been informed that 6 other ships are sailing by middle of November with another 8,87,000 maunds. In addition, the Central Government are understood to be planning to import 10,00,000 maunds of salt from foreign countries and have assured the Province a regular supply of 7,00,000 maunds per month. According to this programme we will have received 16,33,000 maunds during the period of 6 weeks, from the 15th of October to the 30th November against a requirement of 9 to 10 lakh maunds. So we expect to have a reserve of over 5 lakh maunds by the end of November, 1951.

Meanwhile what supplies had been received in the month of October, 1951 were rushed to all the areas in the Province and the local officers were instructed to distribute salt at controlled prices. Some local officers had already been doing this, others started distribution on receiving supples. In all towns supplies were given through ration shops at prices ranging between As. 4 to As. 5 per seer and in rural areas supplies were sent through selected retailers and prices ranging between As. 4 to As. 6 were fixed. Due to the haste in which the distribution had to be organised there have been reports of blackmarketing even by merchants working under Government control. Every such case coming to the notice of Government was pursued and the offender punished.

Two employees of a wholesaler of Pirojpur have been arrested for selling salt in violation of the order issued by the Subdivisional Controller. Another wholesaler of Pirojpur was arrested for stealthily disposing of part of his stocks. Many more arrests had been made at other places. One wholesaler of Dacca who was found issuing salt on short weight has been blacklisted. Similar action has been taken in Mymensingh and other districts. All the officers have been instructed to take action against hoarders and have been told that good work done in this connection will be specially recognised by Government.

Apart from these measures action is being taken under the Public Safety Ordinance against merchants selling salt at scandalously high prices. We take the opportunity of warning all merchants against their unsocial activities and would

inform the public that Government contemplate to take very strong action against blackmarketeers.

We have now the latest reports received from Subdivisional Officers and Subdivisional Muslim Leagues. According to these reports nowhere the free market price was above Rs. 6 per seer. Now the situation is almost under control. I would like to take the indulgence of the House to read out the prices reported by some agencies.

This was when the price was very high but now the price has gone down.

Name of places.	*Price per seer.*
Narayanganj	Rs. 2.
Munshiganj	Rs. 4 to 6.
Manikganj	Rs. 3 to 4.
Cox's bazar	As. 6 to 8.
Rangamati	As. 4 to 5.
Noakhali	Rs. 2.
Feni	Rs. 3 to 5.
Tippera	Rs. 3 to 5.
Chandpur	Rs. 3 to 4.
Brahmanbaria	Rs. 2 to 2-8.
Mymensingh town	At the controlled rate.
Netrokona	Rs. 4 to 5.
Jamalpur	Rs. 2 to 4 or 5.
Tangail	Rs. 2 to 4.
Iswarganj	Rs. 2 to 2-8.
Sunamganj	No report.
Habiganj	Rs. 2 to 3.
Barisal	No report.
Pirojpur	Rs. 3.
Patuakhali	Rs. 2 to 5.
Faridpur	Rs. 1-4 to 2-8.
Madaripur	Rs. 6.

Name of places.	*Price per saer.*
Gopalganj	No report.
Goalundo	Rs. 2.
Kushtia	As. 4 to Rs. 2.
Chuadanga	As. 12 to Re. 1.
Meherpur	No report.
Jessore	As. 12.
Magura	As. 6.
Jhenidah	Re. 1-4.
Khulna	As. 12 to Re. 1.
Satkhira	As. 10.
Bagerhat	No report.
Rajshahi	Re. 1.

From Bogra I have not received any report. Rajshahi—Re. 1. Naogaon—12 annas. Natore—12 annas to Re. 1, Chapai-Nawabganj 4 annas to 7 annas. Dinajpur—6 annas to Re. 1. Rangpur—14 annas. Nilphamari—7 annas to 8 annas. Gaibandha—8 annas to Rs. 2. Kurigram—Re, 1, Pabna—4 annas to Rs 2. Serajganj—Rs. 2 to Rs. 2-8. Bogra—8 annas to Re. 1. I asked the Subdivisional Officers and the Secretaries of the Muslim League to inform me as to the highest price of salt in their areas. They have said that now at the present moment the prices is under control and in every town control has been introduced and in the rural areas also this control system is going to be introduced. It has been suggested that the Provincial Government were responsible for distributing salt that was supplied from Karachi. We do not shirk this responsibility. Supply was, however, so far below the requirement and so there was little salt available for distribution. During the months, January to September, we have received 25 lakh 78 thousand maunds against the minimum requirement of 45 lakh maunds per human consumption alone. With this meagre supply distribution could not possibly make salt available to all. With a view to increasing supplies further and to provide a reserve we have established Letter of Credit in Calcutta for the import of 4 lakh maunds of salt from India. Unfortunately, however, export of salt from that country is under licence and this is causing delay. We are also planning to import 15 lakh maunds of salt from foreign countries, on our own account, addition to Central Government's imports and. for that purpose, we are in touch with the Central Government.

Mr. Mir Ahmed Ali : Mr. Chairman, Sir, এত অল্প সময়ের মধ্যে ১৫ই অক্টোবর তারিখে কায়েদে মিল্লাতের শাহাদাতের পর আমাদের উপর দিয়ে যে ঝড় বয়ে গেল সেটা সবাই জানেন। সেটা গোপনীয় কথা নয়। পৃথিবীর সৃষ্টি থেকে আজ পর্যন্ত লবণের দাম এই রকম হয় নাই। গ্রামে গরীবদের দুর্দ্দশার সীমা নাই। তাদের বুক ভেঙ্গে গেছে। তাদের কান্না

যে কেউ শোনে না সে কথা বলাই বাহুল্য। আগুনে ঝাঁপ দিলে যে পরিমাণ না জলে দুঃখীর আর্তনিনাদ তার চেয়ে বেশী জলে। ১৬ টাকা সের লবণ বিক্রয় হ'ল তাতে গরীবের কোটি কোটি টাকার সর্বনাশ হ'য়ে গেল।

আমি বলতে চাই যে, ঐ সময় আমার Premier সুযোগ্য Nurul Amin সাহেব করাচীতে চলে গেলেন। তিনি ৭/৮ লক্ষ মণ লবণের যোগাড় করে এসেছেন। সে জন্য তাঁকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। কিন্তু তাঁকে বলতে হবে যে কেন এই লবণ সঙ্কট হল। এই Ministry গরীবের ministry, এটা বড় লোকের ministry নয়। গরীবকে কেন ১৬ টাকা সেরে লবণ কিনতে হ'ল? কেন সময়মত লবণ আমদানী করা হল না। লবণ ত আমাদের বিদেশ থেকে আনতে হয় না। নিজ দেশের লবণ কেন সময় মত আনা হ'ল না। যখন লবণ কমে আসছিল তখন Civil Supply Minister সাহেব কোথায় ছিলেন? করাচীতে এই ব্যাপার সম্বন্ধে enquiry হওয়া দরকার। বাঙ্গালী লবণ অভাবে মরে নাই তবে কষ্ট হয়েছে যথেষ্ট।

রসুলুল্লাহ্‌কে আল্লাহ বলেছেন: "হে মোহাম্মদ, পাল্লা ঠিক রাখ।" নেকি যদি পাল্লায় ওজন হবে। লবণের সের ১৬ টাকা হ'ল। আমার প্রধান মন্ত্রী পাগল হয়ে চলে গেলেন করাচীতে। আমি বলি আমার দেশে প্রচুর লবণ আছে। Search করুন। লবণবের হবে। পুলিশ লাগিয়ে দিন। আমি প্রধান মন্ত্রী ও Civil Supply Minister সাহেবকে বলব যে লবণ Control করলে চলবে না। যেখানে Control সেখানে অভাব। আমার কথা হচ্ছে যে, আপনারা ঈমান ঠিক রেখে প্রাণপণ চেষ্টা করুন। আপনারা চাষীর মন্ত্রী, গরীবের মন্ত্রী। আপনারা প্রাণপণ চেষ্টা করুন। পাকিস্তানের প্রধান মন্ত্রী খাজা নাজিমুদ্দিন সাহেবকে force করুন। আমি চাই যারা এই সমস্ত neglect করেছে তাদের সড়িয়ে দিন Department থেকে। তাদের থাকবার দরকার নাই। তাদের জন্য আপনার বদনাম হয়। আমি জানি Civil Supply Minister সাহেব অনেক অফিসারকে Punishment দিয়েছেন। কেন আজ দোষী অফিসারদের ছেড়ে দেওয়া হল? কেন ৫০ লক্ষ মণের জায়গায় ৫ লক্ষ মণ লবণ আসল?

যখন লিয়াকত আলী খান সাহেবের মৃত্যু হ'ল তখন লবণের মূল্য ১৬ টাকা সের হ'ল। সত্যিকারের বিপদ পাকিস্তানে হ'চ্ছে। ভয় করবেন না। আপনি ভয় করবেন না। এ বিপদ কেটে যাবে। লবণের অভাব দূর করুন। Tax বাদ দিন। যাতে লোকে কম মূল্যে লবণ পায় সেই চেষ্টা করুন। এই আমার নিবেদন।

Mr. Benode Chandra Chakraborty: Mr. Chairman, Sir, আমাদের সরবরাহ সচিব লবণ সম্পর্কে যে বিবৃতি দিয়েছেন তা শুনে বাস্তবিকই আমার মনে হ'ল যেন তিনি ব্যর্থতার এক করুণ কাহিনী বর্ণনা করছেন। তিনি লবণের বর্ত্তমান পরিস্থিতি সম্পর্কে কারণ বর্ণনা করতে গিয়ে বলেছেন যে Central Government এর অব্যবস্থার দরুন এই সংকট উপস্থিত হয়েছে। তাঁর এই কৈফিয়ৎ শুনে দেশের লোক সুখী হতে পারবে না। এই দেশের কর্ত্তৃত্বভার যাঁদের উপর ন্যস্ত রয়েছে, তাঁদের দায়িত্বও কম নয়। এই বিরাট পূর্ববঙ্গের অধিবাসীদের সুখ, দুঃখ, অভাব অভিযোগ সমস্ত কিছু দেখাশুনার দায়িত্বভার যাঁরা গ্রহণ করেছেন, আজ তাঁদের এই করুণ কাহিনী শুনে জনসাধারণ সন্তুষ্ট হতে পারবে না। লবণ সঙ্কট সম্ভাবনা সম্বন্ধে আমরা পূর্ব্বে যখন সরবরাহ সচিবকে বলেছিলাম তখন তিনি warning অগ্রাহ্য করে বলেছিলেন যে লবণের সরবরাহ ব্যবস্থা তাঁরা যে ভাবে ঠিক করলেন তাহা না করলে লবণ সঙ্কট দূর হবে না। আজ Central Governmentকে দায়ী করলেও আমি বলতে বাধ্য যে Central এবং Provincial Government এর সঙ্গে যোগাযোগ রাখবার দায়িত্ব Provincial Government-এরই উপর। সেজন্য আমি বলব যে Provincial Government তার দায়িত্ব পালনে অক্ষম হয়েছে। এই দারুণ লবণ সঙ্কটের দিনেও আমরা সরবরাহ সচিবের কোন Statement ইতিপূর্ব্বে পাই নাই—কাজেই বলতে হয় যে তিনি তাঁর দায়িত্ব এ বাবৎ এড়িয়ে গিয়েছেন। সমস্ত দোষ Central Government এর উপর চাপান সত্ত্বেও স্বভাবতঃ এই কথাই মনে হয় যে Provincial Government-ও তার দায়িত্ব পালন করতে

পারে নাই। পূর্ব্ববঙ্গে প্রতি বৎসর কত লবণের প্রয়োজন তা সরবরাহ সচিবের নিশ্চয়ই জানা আছে। আমরা দেখছি অনবরত একটা না একটা সমস্যার সম্মুখীন হয়ে আছি। কোন সময় চাউলের অভাব, কোন সময় চিনির অভাব, আবার কোন সময় তেলের অভাব। একটা না একটা অভাব লেগেই আছে। আমাদের অভাবের জন্য দায়ী কে? অনেক লোভী ব্যবসায়ী এই লবণের অভাবের সময় উচ্চ মূল্যে লবণ বিক্রি করে অনেক অর্থলাভ করেছে। গভর্ণমেন্ট তাদের নিবৃত্ত করতে কোন চেষ্টা করেন নাই। গভর্ণমেন্টের হাতে Public Safety Ordinance রয়েছে যা তাঁরা সমাজ বিরোধীদের বিরুদ্ধে প্রয়োগ করতে পারেন। তা'ছাড়া গভর্ণমেন্টের হাতে আরও অনেক ক্ষমতা রয়েছে যার দ্বারা ইচ্ছা করলেই এইসব অতি লোভীদের শাস্তির ব্যবস্থা করা যেতে পারে। কিন্তু তা তাঁরা করেন নাই। লবণ আমদানীর কথা অনেকদিন হইতে শুনছি কিন্তু লবণ আজও এসে পৌঁছায়নি। আমরা বুঝতে পারছি না লবণের দাম আরও বাড়বে কিনা। দেশে রীতিমত প্রয়োজনীয় দ্রব্য সামগ্রী সরবরাহ না করতে পারলে যে উদ্দেশ্যে Civil Supply Department সৃষ্টি করা হয়েছে তা ব্যর্থ হয়েছে। আমার মনে হয় Civil Supply Department-এর কর্ম্মচারীদের দুর্নীতিমুক্ত করতে না পারলে নিত্য প্রয়োজনীয় জিনিষ-পত্রের দাম কমবে না এবং অভাবও কখনও মিটবে না। আমরা অনেক সময় দেখি, যে সব শহরে চিনির Rationing ব্যবস্থা রয়েছে সেই সব শহরেও সময় সময় চিনির অভাব হয়, এমন কি ক্রমান্বয়ে ২/৩ সপ্তাহ চিনি পাওয়া যায় না। শহরেই যদি এই অবস্থা হয় তা'হলে গ্রামাঞ্চলের কথা সহজেই বুঝতে পারেন। যে জিনিষ Civil Supply এর আওতায় নেওয়া হয় সেই জিনিষেরই অভাব হয়, এর অর্থ আমরা বুঝতে পারি না। Civil Supply Department এর দ্বারা লবণ সরবরাহের ব্যবস্থা করলে লবণের অভাব শীঘ্র মিটবে না। বরং যে পরিমাণ লবণ পূর্ব্ববঙ্গের জন্য প্রয়োজন তা পূর্ব্ববঙ্গে আমদানী করে বাজারে ছেড়ে দিলে ফল ভাল হবে। এতে জনসাধারণের হয়রানিও কমবে এবং গভর্ণমেন্টেরও কোন অসুবিধা ভোগ করতে হবে না। আজ মাসাধিককাল যাবৎ লবণ সঙ্কটের দরুন দেশের সকল শ্রেণীর লোককেই কষ্ট ভোগ করতে হচ্ছে। আজ যদিও দেশে জনসাধারণ নিষ্ক্রিয় হয়ে বসে আছে তাহলেও এমন একদিন আসবে যখন তারাও চুপ করে থাকবে না। এখন হয়ত জনসাধারণের সংঘবদ্ধ হবার শক্তি নাই, কথা বলবার শক্তি নাই; কিন্তু এমন দিন চিরকাল থাকবে না। দেশের এই সঙ্কট কালে বর্ত্তমান সরকার কোন কার্যকরী ব্যবস্থা অবলম্বন করতে পারেন নাই। তাঁরা যে যুক্তি দিয়েছেন তাতে জনসাধারণ তুষ্ট হতে পারে নাই। গভর্ণমেন্ট জনসাধারণকে এমনভাবেই চেপে রাখতে চান যাতে কোন প্রকার অসুবিধাতেও তারা মাথা যেন না তুলতে পারে। আজ লবণ সঙ্কটের দিনে যাদের হাতে কিছু টাকা আছে তারা, Blackmarketing করে বহু টাকা রোজগার করছে। এমনও শুনেছি অনেক স্থানে মুসলীম লীগের কোন কোন President এবং Vice-President-রাও Blackmarketing করেছে।

Mr. Chairman (Al-haj Janab Sharfuddin Ahmad): Mr. Chakraborty, in course of your speech you cannot mention any political party. You need not say anything about Muslim League.

Mr. Benode Chandra Chakraborty: যা সত্য কথা, আমি তা বলেছি। আপনাদের চক্ষে আঙ্গুল দিয়ে দেখিয়ে দেবার জন্যই আমি এই কথা বললাম। গলদ যা আছে তা আপনারা শোধরাবার ব্যবস্থা করুন। আমি Muslim League Organisation এর দোষ দেই নাই। আমি বলেছি এমন অনেক লোক আছেন যারা এই লবণ সঙ্কটের সুযোগ নিয়ে বহু টাকা লাভ করেছেন। আমি জানি লবণ সঙ্কট চিরকাল থাকবে না। কিন্তু যদি জনসাধারণ নিষ্ক্রিয় হয়েই বসে থাকে তাহলে লবণ সঙ্কট পার হয়ে গেলে আবার নতুন এক সঙ্কট এসে উপস্থিত হবে। প্রাদেশিক সরকার যদি দেশের লোকের খাদ্য এবং প্রয়োজনীয় জিনিষপত্র সরবরাহ করতে না পারেন তা'হলে তাঁদের এ দায়িত্বভার ত্যাগ করে যারা সক্ষম তাদের হাতে ছেড়ে দেওয়া উচিত। এমনভাবে আর অধিককাল দেশের নিরীহ জনসাধারণকে কষ্ট দেবার কোন অধিকার তাঁদের নাই।

Mr. Chairman (Al-haj Janab Sharfuddin Ahmad): Mr. Lahiri, will you able to finish within 5 minutes?

Mr. Provas Chandra Lahiri: No, Sir.

The Hon'ble Mr. Nurul Amin: If Mr. Lahiri cannot finish his speech within 5 minutes, he may finish it within 10 minutes. We may wait for another minutes at best.

Mr. Provas Chandra Lahiri: জনাব চেয়ারম্যান সাহেব, সরবরাহ সচিব লবণ সম্পর্কে যে বিবৃতি দিলেন তা আমরা শুনলাম। ব্যাপার দেখা যায় যে রাষ্ট্রের দুই প্রান্ত থেকে দুই জন দায়িত্বপূর্ণ ব্যক্তি দুই রকম কথা বলছেন। আমাদের সরবরাহ সচিব বলছেন যে, আমাদের যেটুকু লবণের প্রয়োজন কেন্দ্রীয় সরকার সে পরিমাণ লবণ সরবরাহ করেনি। লবণ সরবরাহের পূর্ণ দায়িত্ব কেন্দ্রীয় সরকার হাতে নিয়েছেন অথচ সরবরাহ করতে পারেননি। ৩১শে অক্টোবর তারিখের পাকিস্তান অবজারভারে আছে "Mr. Fazlur Rahman, Pakistan's Minister for Commerce told the *Pakistan Observer* that reports about the shortage of salt in East Bengal and its prices are very exaggerated. He said that the Central Government had a placed salt in a large quantity at the disposal of the Provincial Government for distribution. It is the responsibility of the Provincial Government to arrange the fair and proper distribution of the salt in the Province, he added."

জনাব ফজলুর রহমান Press Reporter-দের কাছে এই বিবৃতি দিয়েছেন। যদি এই বিবৃতি সত্য হয় তাহ'লে সম্পূর্ণ দায়িত্ব পূর্ব্ববঙ্গ সরকারের। তিনি বলেছেন যে যথেষ্ট পরিমাণ লবণ সরবরাহ করা হয়েছে, পূর্ব্ববঙ্গ সরকার fair distribution করতে পারেন নি, তাঁদের গাফেলতির জন্য দাম বেড়েছে। আর একটা কথা তিনি বলেছেন লবণের দাম exaggerate করা হয়েছে। একথা যদি সত্য হয় তাহ'লে ফজলুর রহমান সাহেব এখানে উপস্থিত থাকলে তাঁকে জিজ্ঞাসা করতাম যে দাম কি পরিমাণ বাড়লে সেটাকে exaggerated বলা যেতে পারে। সরবরাহ সচিবের বিবৃতিতে সর্ব্বোচ্চ মূল্য রয়েছে ৬ টাকা সের। যে লবণ ৵১০ হ'তে ।০ আনা সের দরে বিক্রি হ'ত তার দাম যদি ৬ টাকা হয় তাহ'লে কতগুণ হয়েছে? সরবরাহ সচিব তাঁর বিবৃতিতে রাজশাহীতে লবণের সের ১ টাকা বলেছেন, আর নবাবগঞ্জে লবণের সের ।।০ বলেছেন। অনুসন্ধান করে দেখুন যে Border এলাকায় দাম কম, কারণ সেই সব জায়গায় লবণ অন্য রাষ্ট্র থেকে smuggled হ'য়ে আসে। রাজশাহী বা নবাবগঞ্জে দাম কম বলে মন্ত্রী মহাশয় আনন্দ প্রকাশ করছেন; রাজশাহী বা নবাবগঞ্জে চোরাকারবারীরা smuggle করে এনে লবণ বিক্রি করছে, তাই দাম সস্তা। এতে যদি আমরা আনন্দ প্রকাশ করি তাহ'লে চোরাকারবারীদের সমর্থন করা হবে। অন্য জায়গা থেকে যারা চোরাকারবার করে লবণ আনছে তারা অসাধু, তাদের যদি প্রশ্রয় দেন তাহ'লে তারা যখন অর্থের বিনিময়ে দেশের সমস্ত জিনিস পার করে দেবে, তখন তাদের অসাধু বলার আর মুখ থাকবে না।

সংবাদপত্রে দেখা যায় নানা জায়গায় লবণের দর ভীষণভাবে বেড়ে গিয়েছে। বেশীদূর নয় এই নারায়ণগঞ্জে লবণ ১৫/১৬ টাকা সের। শুনলাম নারায়ণগঞ্জ হাসপাতালে ২ জন লোক লবণ খেয়ে মারা গিয়েছে—প্রকাশ হয়েছে লবণের ভিতর Bone dust মিশানোর ফলেই তাদের মৃত্যু হয়েছে। (voice: কোথায়?) এ ঘটনা হয়েছে বেশীদূর নয় এই নারায়ণগঞ্জ হাসপাতালে। গভর্ণমেন্ট একটু খোঁজ করলেই জানতে পারবেন। আজ চট্টগ্রাম থেকে খবর এসেছে যে সেখানে ভেজাল লবণ খেয়ে লোকে পেটের অসুখে ভুগছে। সরবরাহ সচিবের দেশ বরিশালের রিপোর্ট যে সেখানে লবণের সঙ্গে চিনি মিশান হচ্ছে। এই উপলক্ষে আমার একটি গল্প মনে পড়ে গেল। এক জায়গায় দুর্ভিক্ষ হয়েছিল। সেখানে এক ঠাকুর মহাশয় থাকতো, খেতে পেতো না। তার এই অবস্থা দেখে তার এক শিষ্য তাকে বললো "ঠাকুর মহাশয়" আপনি

আমাদের দেশে চলুন সেখানে জিনিষপত্র সস্তা। এই কথায় ঠাকুর মহাশয় তার শিষ্যের বাড়ীতে গেল। শিষ্য বাজারে গিয়ে ঠাকুর মহাশয়ের জন্য নানারকম জিনিষ কিনে আনলো। ঠাকুর মহাশয় শিষ্যকে জিজ্ঞাসা করলো এসব জিনিসের দাম কত। শিষ্য উত্তর দিল যে এখানে সব জিনিষের দাম ⁄০। চা'ল, মুড়ি ও মুড়কি সব জিনিষের ⁄০ দাম। ঠাকুর মহাশয় তো এই কথা শুনে তল্পীতল্পা গুটিয়ে রওনা হলেন। শিষ্য জিজ্ঞাসা করলো, যাচ্ছেন কেন? ঠাকুর মহাশয় বললো যে যেখানে মুড়ি-মুড়কির একদর সেখানে থাকবো না। সেই অবস্থা দাঁড়িয়েছে আমাদের এখানে—লবণে ভেজাল চিনি আর চিনিতে ভেজাল লবণ এবং গভর্ণমেন্টকে গালাগালি করে লাভ নাই। আমার এ সম্পর্কে প্রস্তাব হচ্ছে যে ২টি scheme নিতে হবে। একটা short-term আর একটি long-term। প্রথমে short-term নেওয়া দরকার, পরে long-term scheme হবে। short-term scheme বিষয়ে বলতে চাই যে immediately পশ্চিমবঙ্গ হ'তে, ভারত হতে directly আনা হোক এবং পশ্চিম বঙ্গের লবণ এখানে আনতে গেলে করাচী হয়ে জাহাজ তারপর এখানে আসবে, এ নীতি বন্ধ করুন। সরাসরি লবণ আমদানীর ব্যবস্থা করুন। আর স্বরাষ্ট্র সচিবের হাতে পুলিশ আছে। কার ঘরে লবণ মজুত আছে তা তাঁর জানা উচিত। পুলিশ দিয়ে মজুত লবণ বের করে জনসাধারণের মধ্যে যাতে বিলি হয় তার বন্দোবস্ত করা উচিত। Long-term scheme সম্বন্ধে বলবো যে এই পূর্ব্ববঙ্গে লবণ তৈরীর ব্যবস্থা করুন। এ সম্পর্কে আমি ব্যক্তিগতভাবে বার বার বাজেট বক্তৃতায় বলে আসছি। Proceeding তো ছাপা হয় না। (হচ্ছে, ছাপা হচ্ছে) কয় বৎসরের হয়েছে? বাজেট অধিবেশনে আমরা যে প্রস্তাব করি তাতো আপনারা আর দেখেন না। আমরা যে সব প্রস্তাব দিয়েছি সেই অনুসারে লবণ তৈরীর ব্যবস্থা করুন। নোয়াখালীতে বা সমুদ্র তীরে অনেক লবণ তৈরী হ'ত। কায়েদে মিল্লাত লিয়াকত আলী খান যখন ভারতের অর্থমন্ত্রী হয়েছিলেন তখন তিনি লবণের উপর tax তুলে দিয়েছিলেন, জানি না কেন আবার লবণের উপর tax বসান হয়েছে। Income-tax ইত্যাদির জন্য নোয়াখালী, চট্টগ্রাম ইত্যাদি জায়গায় যে লবণ তৈরী হ'ত তা বন্ধ হয়ে গিয়েছে। সেগুলো revive করে যাতে পর্যাপ্ত পরিমাণ লবণ তৈরী হ'তে পারে বা সরবরাহ হ'তে পারে তার ব্যবস্থা করুন এবং সে জন্য long-term scheme করুন। সর্ব্বোপরি কেন্দ্রীয় সরকারের control ভেঙ্গে দিন। আপনারা শক্ত হ'ন। আপনারা পূর্ব্ববঙ্গের শক্তিতে শক্তিমান হ'য়ে কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে বলুন যে আমাদের প্রয়োজনীয় লবণ তৈরীর জন্য তোমাদের লবণের উপর ট্যাক্স রহিত করতে হবে এবং লবণ decontrol করতে হবে। লবণের সর্ব্ব দায়িত্ব আমাদের হাতে ছেড়ে দিতে হবে।

আজ লবণের সমস্যা দেখা দিয়েছে এর পর সরিষার তেল, কেরোসিন তেল এবং নারিকেল তেলের সমস্যা এসে পড়লো বলে। সরিষার তেলের দাম দিন দিন বাড়ছে। পরিষদের অধিবেশন আর থাকবে না। তখন আপনারা একভাবে না একভাবে চালিয়ে যাবেন। প্রকাশ্য-ভাবে বাহিরে আমাদের কিছু বলবার উপায় নাই, Special Powers Ordinance ঘাড়ের উপর ঝুলছে। আপনারা হয়ত নির্ব্বিবাদে চালিয়ে যাবেন, কিন্তু তার বিষময় ফলের কথা চিন্তা করবেন।

Mr. Chairman (Al-haj Janab Sharfuddin Ahmad). The House stands adjourned till 3 p.m. tomorrow

ADJOURNMENT.

The Assembly was then adjourned at 8-10 p.m. till 3 p.m. on Saturday, the 3rd November, 1951.

শিরোনাম	সূত্র	তারিখ
নাজিমউদ্দীনের ভাষা সংক্রান্ত বক্তৃতা।	দৈনিক আজাদ	২৮শে জানুয়ারী, ১৯৫২।

ভেদাভেদ ভুলিয়া ঐক্যবদ্ধভাবে রাষ্ট্রের খেদমতে আত্মনিয়োগ করুন।

পল্টন ময়দানের জনসভায় প্রধানমন্ত্রীর আহবান। প্রদেশের সর্বাংগীন উন্নয়নে সরকারের ভূমিকা বর্ণনা।

(ষ্টাফ রিপোর্টার)

'আজও সীমান্তপারের হুমকির অবসান হয় নাই। পাকিস্তানকে নিরাপদ ও শক্তিশালী করিয়া গড়িয়া তুলিতে হইলে সর্বপ্রকার ভেদাভেদ ভুলিয়া ঐক্যবদ্ধভাবে পাকিস্তানের সেবায় আত্মনিয়োগ করিতে হইবে"।

গতকল্য অপরাহ্নে পুরানা পল্টন ময়দানে এক বিরাট জনসভায় পাকিস্তানের প্রধানমন্ত্রী খওয়াজা নাজিমুদ্দীন দেড়ঘন্টাব্যাপী বক্তৃতায় জনসাধারণের প্রতি উপরোক্ত আহ্বান জানান।

খওয়াজা নাজিমুদ্দীন মরহুম কায়েদে আযমের বাণী উদ্ধৃত করিয়া ঐক্য, বিশ্বাস ও শৃংখলার মধ্য দিয়া সকলকে জাতি ও দেশ গঠনের আহ্বান জানান।

প্রাদেশিক প্রধানমন্ত্রী জনাব নূরুল আমীন এই সভায় সভাপতিত্ব করেন। প্রধানমন্ত্রীর বক্তৃতা বেতারে প্রচার করা হয়।

প্রধানমন্ত্রী জনাব খওয়াজা নাজিমুদ্দীন তাঁহার বক্তৃতায় বলেন, কায়েদে মিল্লাত মরহুম লিয়াকত আলীর মৃত্যুর পর আমার স্কন্ধে যে গুরু দায়িত্ব আরোপিত হইয়াছে সে দায়িত্ব যথাযথভাবে পালন করিতে হইলে পাকিস্তানের জনসাধারণের সহযোগিতাই আমার একমাত্র কাম্য। যাঁহারা পূর্ব পাকিস্তানকে সুদৃঢ় করিতে আমাকে সাহায্য করিয়াছেন, যাঁহারা আমার সকল সময়ের সাথী হিসেবে আমার সহিত কাজ করিয়াছেন এবং যাঁহাদের উপদেশে আমি উপকৃত হইয়াছি আজও আমি তাঁহাদের সর্বপ্রকার সাহায্য ও সহযোগিতা কামনা করি। আমার সহিত তাহারাও যে জাতির ও দেশের খেদমতের জন্য সবসময় প্রস্তুত আছেন, এ বিশ্বাস আমার আছে। প্রধানমন্ত্রী বলেন, প্রত্যেক পাকিস্তানী যদি স্ব স্ব কর্মক্ষেত্রে থাকিয়া দেশ ও জাতির খেদমতে আত্মনিয়োগ করেন আমার গুরু দায়িত্বভার অনেকখানি লাঘব হইবে।

পূর্ব পাকিস্তানে এ যাবৎ যে সমস্ত উন্নতি সাধিত হইয়াছে তাহার বিস্তারিত আলোচনা করিবার পূর্বে জনাব খওয়াজা নাজিমুদ্দিন দৃঢ়তার সহিত বলেন, "প্রাদেশিক সরকার প্রদেশে জমিদারী উচ্ছেদ আইন পাশ করিয়া মোসলেম লীগের নির্বাচনী ওয়াদা পালন করিয়াছেন। পূর্ববংগ সরকারকে এজন্য আমি মোবারকবাদ জানাইতেছি।"

প্রধানমন্ত্রী আরও বলেন, "এযাবৎ পূর্ব পাকিস্তানের কোনই উন্নতি সাধিত হয় নাই বলিয়া কেহ কেহ মত প্রকাশ করিয়া থাকেন, এমনকি কোন কোন সংবাদপত্রেও এইরূপ সমালোচনা হইয়া থাকে। কিন্তু নিরপেক্ষভাবে বিচার করিয়া দেখিলে পূর্ব পাকিস্তানের উন্নতির কথা

কেহই অস্বীকার করিতে পারিবে না। এমনকি সফরে আগত বিদেশী প্রতিনিধিরাও পূর্ববংগের সর্বাঙ্গীণ উন্নতির প্রশংসা করিয়াছেন।

প্রদেশের উন্নতির জন্য সরকারী সাহায্য

অতঃপর প্রধানমন্ত্রী বলেন যে, এই প্রদেশের উন্নতিকল্পে কেন্দ্রীয় সরকার বর্তমান বৎসরে বহু অর্থ সাহায্য করিয়াছেন। পূর্ব বংগের জন্য কেন্দ্রীয় সরকার কি পরিমাণ অর্থ সাহায্য করিয়াছেন প্রধানমন্ত্রী তাহার সংক্ষিপ্ত আলোচনা করেন।

প্রাদেশিকতার বিরুদ্ধে

প্রাদেশিকতার বিরুদ্ধে জনাব খওয়াজা নাজিমুদ্দীন বলেন, পাকিস্তানকে আমরা এছলামী রাষ্ট্ররূপে গঠন করিতে যাইতেছি এবং যে এছলামে কোনরূপ কুসংস্কার বা ভেদাভেদ নাই সেই রাষ্ট্রে কেমন করিয়া প্রাদেশিকতার বীজ বপন করা চলিতে পারে?

তিনি বলেন যে, মরহুম কায়েদে আযম বলিয়াছেন যে প্রাদেশিকতাকে যে বা যাহারা প্রশ্রয় দেয় তাহারা পাকিস্তানের দুষমন।

পাকিস্তানের ভাষা সম্পর্কে জনাব খওয়াজা নাজিমুদ্দীন মরহুম কায়েদে আযমের বক্তৃতা উদ্ধৃত করিয়া বলেন যে, প্রদেশের ভাষা কি হইবে তাহা প্রদেশবাসীই স্থির করিবে কিন্তু পাকিস্তানের রাষ্ট্রভাষা হইবে উর্দু। প্রধানমন্ত্রী বলেন যে, একাধিক রাষ্ট্রভাষা থাকিলে কোন রাষ্ট্র শক্তিশালী হইতে পারে না। সভার প্রারম্ভে প্রাদেশিক প্রধানমন্ত্রী জনাব নূরুল আমীন পূর্ব পাকিস্তানের সাড়ে চার কোটি নর-নারীর পক্ষ হইতে প্রধানমন্ত্রী জনাব খওয়াজা নাজিমুদ্দীনকে সম্বর্দ্ধিত করেন।

শিরোনাম	সূত্র	তারিখ
একুশে ফেব্রুয়ারী : আন্দোলনের ঘটনাপঞ্জী।	একুশে ফেব্রুয়ারী (সংকলন)।	ফেব্রুয়ারী, ১৯৫২।

একুশের ইতিহাস

—কবির উদ্দিন আহমদ

বাংলাকে রাষ্ট্রভাষার মর্যাদা দানের গণতান্ত্রিক অধিকার প্রতিষ্ঠার দাবীতে ১৯৪৮ সনে ঢাকার অগ্রণী ছাত্র-সমাজ ও সংস্কৃতিবান বুদ্ধিজীবীরা প্রথম আওয়াজ তুলেছিল। তখন থেকেই রাষ্ট্রভাষা আন্দোলনের সূত্রপাত হয়। সেদিনও ছাত্র-সমাজ যখন ঐক্যবদ্ধ হয়ে প্রচণ্ড আন্দোলন গড়ে তুলেছিল, সরকারের চূড়ান্ত দমন নীতি নেমে এসেছিল তাদের উপর। ছাত্র-জনতার দূর্বার শক্তির সম্মুখে বিশ্বাসঘাতক নাজিমুদ্দীন সরকার বশ্যতা স্বীকার করতে বাধ্য হয়েছিল। তিনি পূর্ববঙ্গ আইন পরিষদে রাষ্ট্রভাষা বাংলার দাবীকে স্বীকার করে প্রস্তাব পাশ করেছিলেন ও গণপরিষদের কাছে বাংলাকে অন্যতম রাষ্ট্রভাষা করার সুপারিশের সঙ্গে সঙ্গে ভাষা আন্দোলনে ধৃত সকল বন্দীদের মুক্তি দিয়ে এবং অন্যতম কর্মী ও নেতৃবৃন্দের উপর থেকে গ্রেপ্তারী পরোয়ানা প্রত্যাহার করে ঢাকার অবাঞ্ছিত পরিস্থিতির অবসান ঘটিয়েছিলেন।

১৯৪৮ সনের ঐতিহাসিক ভাষা আন্দোলনের পর প্রায় চার—চার বছর (১৯৫২) কেটে গেছে। কিন্তু রাষ্ট্রভাষার দাবীকে সম্পূর্ণ ধামাচাপা দিয়ে রাখা হয়েছে, নাজিমুদ্দিন সরকার তার নিজের প্রতিশ্রুতিও ভঙ্গ করেছে। লীগ সরকারের এমনি বিশ্বাসঘাতকতাই জনসাধারণের মনে পুঞ্জীভূত অসন্তোষের সৃষ্টি করেছিল।

২৬শে জানুয়ারী

পাকিস্তানের রাজনৈতিক আবর্তের প্রবাহচক্রে নাজিমুদ্দিন পাকিস্তানের প্রধানমন্ত্রী হয়ে গেলেন। ১৯৫২ সনে পূর্ববঙ্গ সফরকালে ২৬শে জানুয়ারী পল্টন ময়দানে এক জনসভায় তিনি পুনরায় নির্লজ্জের মত "উর্দুই পাকিস্তানের একমাত্র রাষ্ট্র-ভাষা হবে" বলে ঘোষণা করলেন। এই বক্তৃতা প্রদেশের অসন্তোষ-ভরা জনমনকে বিক্ষুব্ধ করে তোলে। ঢাকায় এবং প্রদেশের সর্বত্র তীব্র প্রতিক্রিয়া দেখা দিল। সভা-সমিতির মধ্য দিয়ে সংঘটিত প্রতিবাদ উঠতে লাগলো দিকে দিকে।

৩০শে জানুয়ারী

নাজিমুদ্দিনের স্বৈরাচারী ঘোষণার প্রতিবাদে ঢাকার ছাত্র-সমাজ সংগঠিত আন্দোলন গড়ে তুলবার সংকল্প গ্রহণ করলো। ৩০শে জানুয়ারী বিশ্ববিদ্যালয়ের ছাত্ররা পূর্ণ ধর্মঘট ও বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে ছাত্রসভা করে রাষ্ট্রভাষা বাংলার দাবীকে সামগ্রিক কণ্ঠে পুনরুত্থাপন করল। এই পুনরুত্থাপনের নেতৃত্ব গ্রহণ করল "বিশ্ববিদ্যালয় রাষ্ট্র-ভাষা কমিটি"। ১৯৪৮ সনের ঐতিহাসিক ভাষা আন্দোলনের নির্যাতীত ছাত্র-কর্মীরা নাজিমুদ্দিনের বিশ্বাসঘাতকতার স্বরূপ উপলব্ধি করতে পেরে ভাষা আন্দোলনকে জীইয়ে রাখার জন্যে জনাব আব্দুল মতিনকে আহ্বায়ক করে "বিশ্ববিদ্যালয় রাষ্ট্রভাষা কমিটি" গঠন করে। এই রাষ্ট্রভাষা কমিটিই প্রতি বৎসর ১১ই মার্চ "রাষ্ট্রভাষা দিবস" উদযাপন করত এবং এই কমিটিই ১৯৫২ সনের ভাষা আন্দোলনকে প্রথম সংগঠিত রূপ দেয়।

সর্বদলীয় রাষ্ট্রভাষা কর্মপরিষদ

সেই ৩০শে জানুয়ারী বৈকালে বার লাইব্রেরী হলে ঢাকার ছাত্র, বুদ্ধিজীবী, সংস্কৃতিবিদ ও রাজনৈতিক কর্মকর্তাদের এক বৈঠকে কাজী গোলাম মাহবুবকে আহ্বায়ক নিযুক্ত করে একটি সর্বদলীয় রাষ্ট্রভাষা কর্মপরিষদ গঠন করা হয়।

৪ঠা ফেব্রুয়ারী

এই সর্বদলীয় কর্মপরিষদের সিদ্ধান্ত অনুযায়ী রাষ্ট্রভাষা বাংলার দাবীতে ৪ঠা ফেব্রুয়ারী ঢাকা শহরের সকল শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র-ছাত্রীরা মিছিল করে বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে সমবেত হবার পর এক সভা অনুষ্ঠিত হয়। সভা শেষে প্রায় ৫ হাজার ছাত্র-ছাত্রীর এক সুদীর্ঘ মিছিল বিক্ষোভ প্রদর্শন করতে করতে সারা শহর প্রদক্ষিণ করে। বৈকালে কর্মপরিষদের উদ্যোগে এক জনসভা অনুষ্ঠিত হয়। সভায় জননেতা মওলানা ভাসানী, আবুল হাশেম ও অন্যান্য রাজনৈতিক ও ছাত্রনেতারা লীগ সরকারের জঘন্য বিশ্বাসঘাতকতার তীব্র নিন্দা করেন এবং বাংলা ভাষার দাবী সুপ্রতিষ্ঠিত না হওয়া পর্যন্ত অবিরাম সংগ্রাম চালাবার সিদ্ধান্ত ঘোষণা করেন। সেই দিনই, ২১শে ফেব্রুয়ারী অন্যতম রাষ্ট্রভাষা হিসাবে বাংলার দাবীতে প্রদেশব্যাপী সাধারণ ধর্মঘটের আহ্বান দেওয়া হয়।

২১শে ফেব্রুয়ারীর প্রস্তুতি

৪ঠা ফেব্রুয়ারী থেকে ২০শে ফেব্রুয়ারী পর্যন্ত সাধারণ ধর্মঘটের জন্য নিরবচ্ছিন্ন প্রচার প্রস্তুতি চলতে থাকে। ঢাকার রাজনৈতিক আবহাওয়াকে কেন্দ্র করে সমগ্র প্রদেশের জনমনে তখন বিক্ষোভের আগুন জ্বলতে থাকে। স্বরাজোত্তর কালে সরকার বিভিন্ন উৎপীড়নমূলক নীতির মধ্য দিয়ে জাতীয় জীবনে যে প্রাণধ্বংসী ক্ষয়-ক্ষতির ভয়াবহতা সৃষ্টি করেছিল, তারই প্রত্যক্ষ আঘাতের ফলে জনসাধারণের দৃষ্টি খুলে গেছে, অন্ধ মোহ কেটে গেছে। এমনি পরিস্থিতিতে ভাষার কন্ঠরোধ করার নতুন ষড়যন্ত্র তাদের অসন্তোষকে দ্বিগুণতর করে দিয়েছে। সমগ্র প্রদেশ তখন প্রতিবাদমুখর হয়ে উঠেছে। দিন দিন অবস্থার দ্রুত পরিবর্তনও পরিলক্ষিত হচ্ছে।

একদিকে ২১শে ফেব্রুয়ারীর জন্য জনসাধারণের ধর্মঘটের প্রস্তুতি অন্যদিকে ঐদিনই পূর্ববঙ্গ সরকারের বাজেট অধিবেশন উপলক্ষে গণ-শক্তির ভয়ে ভীত সরকার নিজেদের অসহায় মনে করে ২০শে ফেব্রুয়ারী রাত্রি থেকে ক্রমাগত এক মাসের জন্য ঢাকা জেলার সর্বত্র ধর্মঘট, সভা, শোভাযাত্রা নিষিদ্ধ করে ১৪৪ ধারা জারী করল।

সঙ্গে সঙ্গে ঢাকা শহরের আবহাওয়ার অভূতপূর্ব পরিবর্তন দেখা দিল। রিক্সাওয়ালা, গাড়ীওয়ালা, দোকানদার থেকে শুরু করে ছাত্র, কেরাণী, অফিসার ও রাজনৈতিক মহল পর্যন্ত সর্বত্র প্রবল বিক্ষোভের সঞ্চার হলো। সকল মহলেই ১৪৪ ধারার তীব্র প্রতিক্রিয়া দেখা দিল, সারা শহরময় একটা থম্‌থমে ভাব বিদ্যমান থাকে।

একদিকে চূড়ান্ত সরকারী দমননীতি অন্যদিকে জনসাধারণের তীব্র অসন্তোষ—এমতাবস্থায় কর্তব্য নির্দ্ধারণের জন্য "সর্বদলীয় রাষ্ট্রভাষা কর্ম পরিষদের" এক জরুরী সভা আহ্বান করা হল। সঙ্গে সঙ্গে সলিমুল্লাহ হলের ছাত্ররাও এক জরুরী বৈঠকে সমবেত হয়ে পরিস্থিতির ব্যাপক পর্যালোচনা করে ১৪৪ ধারা ভঙ্গের সর্বসম্মত সিদ্ধান্ত গ্রহণ করে।

সংগ্রামের কৌশল নির্দ্ধারণ করতে গিয়ে সর্বদলীয় কর্মপরিষদের সদস্যদের মধ্যে তুমুল বিতণ্ডার সৃষ্টি হয়। জনাব ওলি আহাদ পরিস্থিতির সুস্পষ্ট বিশ্লেষণ করে দেখিয়ে দিলেন যে, ১৪৪ ধারা ভঙ্গ করে আন্দোলনে অগ্রসর না হলে ভাষা আন্দোলনের এখানেই অনিবার্য মৃত্যু

ঘটবে, আর সরকারী দমননীতির নিকটও বশ্যতা স্বীকার করা হবে, সর্বোপরি জনসাধারণের স্বতঃস্ফূর্ত সংগ্রামী চেতনার সঙ্গে বিশ্বাসঘাতকতা করা হবে। ইতিমধ্যেই সলিমুল্লাহ হলের ছাত্রদের সভা থেকে দুইজন প্রতিনিধি সর্বদলীয় কর্মপরিষদের সভায় এসে উক্ত হলের ছাত্র-সাধারণের ১৪৪ ধারা ভঙ্গ করার সর্বসম্মত অভিমত জানিয়ে দেয়। এতদসত্ত্বেও উক্ত সভার অধিকাংশ সদস্যই সরকারী দমননীতিকে মেনে নেওয়ার পক্ষে মন্তব্য করেন এবং অবশেষে ১১-৪ ভোটে ১৪৪ ধারা ভঙ্গ না করার সিদ্ধান্ত গৃহীত হয়। সঙ্গে সঙ্গে আরও সিদ্ধান্ত গ্রহণ করা হয় যে, যদি ছাত্র ও জনসাধারণের কোন অংশ সর্বদলীয় কর্মপরিষদের এই সিদ্ধান্ত অগ্রাহ্য করে ১৪৪ ধারা ভঙ্গ করে আন্দোলন চালিয়ে যায় তবে স্বাভাবিকভাবেই এই সর্বদলীয় কর্মপরিষদ বাতিল হয়ে যাবে বলে ধরে নেওয়া হবে।

২১শে ফেব্রুয়ারী

এই দিন সকাল থেকেই শহরের সকল শ্রেণীর মানুষের মধ্যে শাসকগোষ্ঠির বিরুদ্ধে একটা চরম ঘৃণা ও ক্রোধের সঞ্চার হয়েছে। কর্মীদের প্রবল প্রচারকার্যের ফলে জনসাধারণের মধ্যে আগে থেকেই ধর্মঘটের অনুকূলে মনোভাব সৃষ্টি হয়ে রয়েছে। কর্মীদের প্রচেষ্টায় শহরের সকল অঞ্চলের দোকান-পাট, গাড়ী-ঘোড়া, যানবাহন ও স্কুল-কলেজ বন্ধ হয়ে যেতে লাগল। বেলা ১২টার মধ্যে সকল স্কুল-কলেজের ছাত্র-ছাত্রীরা বিচ্ছিন্নভাবে বিশ্ববিদ্যালয়ের প্রাঙ্গণে এসে হাজির হলো। প্রায় সাড়ে ১২টার সময় বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে জনাব গাজীউল হকের সভাপতিত্বে সভা অনুষ্ঠিত হল। বিশ্ববিদ্যালয় রাষ্ট্রভাষা কমিটির আহ্বায়ক জনাব আবদুল মতিন আন্দোলনের পূর্বাপর পর্যায় ও ১৪৪ ধারা প্রবর্তনের ফলে উদ্ভূত বিশেষ সঙ্কটজনক পরিস্থিতি পর্যালোচনা করলেন এবং সাধারণ ছাত্র-ছাত্রীদের মতামতের উপরই ১৪৪ ধারা সম্পর্কে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের দায়িত্ব ছেড়ে দিলেন।

তখনই সর্বদলীয় রাষ্ট্রভাষা কর্মপরিষদের পক্ষ থেকে জনাব শামসুল হক ১৪৪ ধারা ভঙ্গ না করে শান্তিপূর্ণভাবে আন্দোলন চালাবার জন্য বক্তৃতা দিলেন। কিন্তু ছাত্রদের আন্দোলন সম্পর্কিত বিভিন্ন প্রশ্নের সম্মুখে বিপর্যস্ত হয়ে তিনি তাঁর সহকর্মীগণসহ সভা থেকে বেরিয়ে যেতে বাধ্য হলেন। অতঃপর ব্যাপকতম পর্যালোচনার পর ভাষার দাবীকে সুপ্রতিষ্ঠিত করার জন্য পরিস্থিতির মোকাবেলা করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। ছাত্ররা সুদৃঢ় আত্মচেতনায় ঐক্যবদ্ধ হয়ে ১৪৪ ধারা ভঙ্গের পক্ষে সংহত অভিমত ঘোষণা করল।

সঙ্গে সঙ্গে সভা ভঙ্গ করে "দশজনী মিছিল" বের করার জন্য ছাত্ররা শ্লোগান দিতে দিতে গেটের দিকে অগ্রসর হতে থাকে। গেটের বাইরে সারিবদ্ধভাবে দাঁড়িয়েছিল আই, বি ও পুলিশ বাহিনী। ছাত্রদের প্রথম 'দশজনী মিছিল' শ্লোগান দিয়ে বের হতেই পুলিশ এসে গ্রেফতার করে তাদের ট্রাকে ভর্তি করে। দেখতে দেখতেই অসংখ্য ছাত্রকে গ্রেফতার করে অনেকগুলি ট্রাকে ভরে তাদের লালবাগ থানায় নিয়ে যাওয়া হয়। কিন্তু এত গ্রেফতারের পরও ছাত্রদের দমন করতে না পেরে তাদের ছত্রভঙ্গ করার জন্য পুলিশ তখন কাঁদুনে গ্যাস ছুঁড়ল রাস্তার পাশে আর বিশ্ববিদ্যালয়ের প্রাঙ্গণে। উপর্যুপরি কয়েকবার কাঁদুনে গ্যাস ছোঁড়ার পর ছাত্ররা যন্ত্রণায় অস্থির হয়ে বিশ্ববিদ্যালয়ের পুকুরে ঝাঁপ দিতে থাকে। অনেকেই আবার কাঁদুনে গ্যাসে আহত হয়ে পড়ে রইল বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে। ছাত্ররা তখন উত্তেজনা আর যন্ত্রণায় অধিকতর ক্ষিপ্ত হয়ে ওঠে।

প্রায় বেলা ২টা পর্যন্ত মিছিল করে ছাত্ররা বীরত্বের সঙ্গে গ্রেফতারী বরণ করতে থাকে, আর ধীরে ধীরে তারা মেডিক্যাল কলেজ হোস্টেল, মেডিক্যাল কলেজ ও ইঞ্জিনিয়ারিং কলেজ গেটে গিয়ে জমায়েত হতে থাকে। দলবদ্ধ হয়ে শ্লোগান দিয়ে বের হতেই উদ্ধত পুলিশ বাহিনী এসে তাড়া করে। বেলা প্রায় সোয়া তিনটার সময় এম, এল, এ ও মন্ত্রীরা মেডিক্যাল কলেজের সামনে দিয়ে পরিষদ ভবনে আসতে থাকে। ছাত্ররা যতই শ্লোগান দেয় আর মিছিলে একত্রিত

হয় ততই পুলিশ তাদের ওপর বেপরোয়া হানা দিতে থাকে। কয়েকবার ছাত্রদের উপর কাঁদুনে গ্যাস ছুড়ে তাড়া করতে করতে মেডিক্যাল কলেজ হোষ্টেলের ভেতর ঢুকে পড়ে। হোষ্টেল প্রাঙ্গণে ঢুকে ছাত্রদের উপর আক্রমণ করায় এরপর ছাত্ররা বাধ্য হয়ে ইট-পাটকেল ছুড়তে থাকে। একদিকে ইট-পাটকেল আর অন্যদিক থেকে তার পরিবর্তে কাঁদুনে গ্যাস আর লাঠি-চার্জ আসে। পুলিশ তখন দিগ্বিদিক জ্ঞানশূন্য হয়ে ছাত্রদের দিকে লক্ষ্য করে গুলি চালায়। ঘটনাস্থলেই আবদুল জব্বার ও রফিকউদ্দিন আহম্মদ শহীদ হন, আর ১৭ জনের মত গুরুতর-ভাবে আহত হন। তাঁদের হাসপাতালে সরানো হয়। তাঁদের মধ্যে রাত আটটার সময় আবুল বরকত শহীদ হন।

গুলীচালনার সাথে সাথেই পরিস্থিতির অচিন্ত্যনীয় পরিবর্তন সাধিত হয়। তখন ছাত্র-ছাত্রীদের চোখে-মুখে যেন ক্রোধ আর প্রতিহিংসার আগুন ঝরতে থাকে। মেডিক্যাল হোষ্টেলের মাইক দিয়ে তখন পুলিশী হত্যাকাণ্ডের তীব্র প্রতিবাদ করা হয়। আইন পরিষদের সদস্যের প্রতি ছাত্রদের উপর গুলী চালানার প্রতিবাদে অধিবেশন বর্জন করার দাবীও জানান হয়। ১৪৪ ধারার নাম-নিশানাও তখন আর পরিলক্ষিত হয় না। গুলীচালনার সংবাদ দাবানলের মত ছড়িয়ে পড়ে শহরের প্রান্তে প্রান্তে। তখনই অফিস-আদালত, সেক্রেটারিয়েট ও বেতার কেন্দ্রের কর্মচারীরা অফিস বর্জন করে বেরিয়ে আসে। শহরের সমস্ত লোক তখন বিক্ষুব্ধ হয়ে মেডি-ক্যাল হোষ্টেল প্রাঙ্গণে এসে হাজির হতে থাকে। রাস্তায় আর অলিতে-গলিতে যেন ঢাকার বিক্ষুব্ধ মানুষের ঝড় বয়ে চলে প্রবল বেগে। মেডিক্যাল হোষ্টেলের ব্যারাকে ব্যারাকে শহীদদের রক্তরঞ্জিত বস্ত্রের পতাকা উত্তোলিত হয়েছে। মাইক দিয়ে যখন শহীদানের নাম-ঠিকানা ঘোষণা করা হচ্ছিল তখন সমস্ত মানুষের মন থেকে যেন সমস্ত ভয়-ত্রাস মুছে গেছে. চোখে-মুখে সমস্ত প্রাণশক্তি দিয়ে বর্বর হত্যাকাণ্ডের প্রতিরোধের দুর্জয় শপথ প্রকাশিত হয়ে উঠেছে প্রতিটি মুখের রেখায় রেখায়।

বাইরের এমনি তুমুল পরিস্থিতির ঢেউ এসে লেগেছে পরিষদ কক্ষে। পরিষদের বিরোধী দলের সদস্যরা নূরুল আমিনের কাছে ছাত্রদের উপর গুলীচালনার কৈফিয়ৎ দাবী করেন এবং পরিষদ মুলতুবি রাখার দাবী জানান। নূরুল আমিন সঙ্গে সঙ্গে বলে উঠেন, "কয়েকজন ছাত্র গুরুতররূপে আহত হয়েছে শুনে আমি ব্যথিত হয়েছি, তাই বলে আমাদেরকে ভাবাবেগে চালিত হলে চলবে না।" পরিষদ কক্ষেই এমনি জঘন্য মনোবৃত্তির তীব্র প্রতিবাদ উঠলো। লীগ পরিষদ দলের জনাব তর্কবাগীশ বলে উঠলেন, "আমাদের ছাত্রগণ যখন শাহাদাত বরণ করছেন তখন আমরা আরামে পাখার হাওয়া খেতে থাকব তা আমি বরদাশত করব না।" —এই বলেই তিনি পরিষদ কক্ষ বর্জন করে এসে ছাত্রদের মাইকে পুলিশী বর্বরতার প্রতিবাদে ও আন্দো-লনের সপক্ষে বক্তৃতা করলেন।

রাত্রে পূর্ব হতে জারীকৃত সান্ধ্য আইন আর ১৪৪ ধারার বিন্দুমাত্র চিহ্নও কোথাও রইল না। শহর আর শহরতলীর হাজার হাজার মেয়ে-পুরুষ সেই রাত্রে মেডিক্যাল কলেজ হোষ্টেল প্রাঙ্গণ দেখতে আসে। দেখে মনে হল যারা শহীদ হলো তারা যেন মৃত্যুহীন, তারা যেন বাংলার সকল ধর্মের সকল মতের মানুষের তীর্থক্ষেত্রে পরিণত করেছে এই বধ্যভূমিকে।

২২শে ফেব্রুয়ারী

এই দিন ভোর থেকেই সলিমুল্লাহ্ হল, মেডিক্যাল কলেজ, ফজলুল হক হল, মিটফোর্ড মেডিক্যাল স্কুল, জগন্নাথ কলেজের মাইকগুলি সক্রিয় হয়ে ওঠে। সকল কর্মী আর ছাত্রদের আন্দোলনের সঙ্গে যোগাযোগ সাধনের জন্য আহবান জানান হয়।

সকাল বেলা সংবাদপত্রে দেখা গেল মাত্র ৩ জন নিহত, ৩০৭ জন আহত ও ১৮০ জনকে গ্রেফতার করা হয়েছে।

ছাত্রদের উপর গুলীচালনার সংবাদ শুধু শহরেই নয়, দূর-দূরান্তের গ্রামাঞ্চলেও ছড়িয়ে পড়েছে। শহরের সমস্ত দোকান-পাট, গাড়ী-ঘোড়া, অফিস-আদালত, যান-বাহন বন্ধ করে শ্রমিক-মজুর-কেরাণী ও কর্মচারীরা স্বতঃস্ফূর্তভাবে ধর্মঘটে এগিয়ে এসেছে। শহীদদের লাশগুলিকে মেডিকেল কলেজ হাসপাতাল থেকে সরিয়ে ফেলা হয়েছে। মেডিক্যাল হোষ্টেলের ভেতর 'গায়েবী জানাজা' পড়া হলো। এদিন সমস্ত শহর মিলিটারীর হাতে দেয়া হয়েছে। তবুও দেখতে দেখতে অসংখ্য মানুষ জানাজায় এসে শরিক হলেন। ইমাম সাহেব মোনাজাত করলেন, ''হে আল্লাহ, আমাদের অতি প্রিয় শহীদানের আত্মা যেন চিরশান্তি পায়। আর যে জালিমরা আমাদের প্রাণের প্রিয় ছেলেদের খুন করেছে তারা যেন ধ্বংস হয়ে যায় তোমার দেওয়া এই দুনিয়ার বুক থেকে।''

জানাজা শেষে জনসাধারণকে নিয়ে একটি সভা অনুষ্ঠিত হয়। জনাব ওলি আহাদ পরিস্থিতির সামগ্রিক গুরুত্ব বিচার ও কর্মপন্থা ঘোষণা করে বক্তৃতা করলেন। তাঁর মুখ থেকে এক-একটি কথা যেন আগুনের ফুলকির মত বেরুল। সভা শেষ করেই লক্ষাধিক জনতার বিশাল মিছিল বেরোয়। এই শোভাযাত্রার মধ্যখানে হঠাৎ লাঠিচার্জ করার পরও জনতাকে ছত্রভঙ্গ করতে না পেরে গুলী চালায়। এখানেই হাইকোর্টের কেরাণী সফিউর রহমান শহীদ হন। ছত্রভঙ্গ জনতা তখন হাইকোর্ট আর কার্জন হলের চত্বরে গিয়ে আশ্রয় নেয়। শোভাযাত্রার প্রথম অংশ তবুও ষ্টেশন ও নবাবপুর হয়ে এগুতে থাকে। শোভাযাত্রার এই অংশ সদরঘাট এলে পুনরায় তাদের উপর লাঠিচার্জ করা হয়। অনেকেই আহত হয়ে পড়ে রইলো রাস্তার দু'পাশে। মিছিলটি মিটফোর্ড হয়ে চকবাজার দিয়ে মেডিক্যাল হোষ্টেলে গিয়ে শেষ হয়।

অন্যদিকে সকাল ৯টায় জনসাধারণের এক বিরাট অংশ 'মর্নিং নিউজ' অফিস জ্বালিয়ে দেয় এবং 'সংবাদ' অফিসের দিকে যেতে থাকে। সংবাদ অফিসের সম্মুখে মিছিলের উপর মিলিটারী বেপরোয়া গুলী চালায়। অনেকেই হতাহত হয় এখানে।

এইদিন জনসাধারণের বিভিন্ন অংশ শহরের বিভিন্ন অঞ্চলেও দলবদ্ধ হয়ে শোভাযাত্রা বের করে, আর ১৪৪ ধারা অগ্রাহ্য করে বর্বর হত্যাকাণ্ডের বিরুদ্ধে বিক্ষোভ প্রদর্শন করতে থাকে। গ্রাম থেকে গাড়ীওয়ালা, মাঝি-মাল্লা আর কৃষক-মজুর ছাত্র-শিক্ষকেরা এসে শহরে বিক্ষোভ প্রদর্শন করেছে। এইদিন সমস্ত অফিস-আদালত, কারখানা, স্কুল-কলেজ, দোকান-পাট, যানবাহন বন্ধ করে তারা মিছিলে যোগ দিয়েছে। শহরের সকল প্রান্ত থেকে জনসাধারণ নিজেরাই মিছিল সংগঠিত করে বিক্ষোভ প্রদর্শন করেছে। ঢাকা-নারায়ণগঞ্জের রেলওয়ে কারখানায় ধর্মঘট ঘোষিত হয়েছে। কারখানার শ্রমিকরাই রেলের চাকা বন্ধ করতে এগিয়ে এসেছে। প্রায় ১১টা পর্যন্ত রেল চলাচল একদম বন্ধ থাকে। সবদিক থেকে ব্যাপকতম ধর্মঘটের চাপে সরকার সেদিন বিকল হয়ে পড়েছিল। তারই চাপে পড়ে সেদিন পরিষদে লীগ সরকার বাংলাকে রাষ্ট্রভাষা করার ও তার জন্য গণপরিষদের কাছে সুপারিশ করার প্রস্তাব গ্রহণ করতে বাধ্য হয়। আজাদ সম্পাদক আবুল কালাম শামসুদ্দিন গুলী চালনার প্রতিবাদে লীগ পার্লামেন্টারী দল বর্জন করেন।

২৩শে ফেব্রুয়ারী

গত দুইদিন ধরে পুলিশ-মিলিটারী নিরস্ত্র জনতার উপর বেপরোয়া গুলী চালিয়েছে। শহীদদের লাশগুলি নিয়ে পর্যন্ত সরকার ছিনিমিনি খেলেছে। লাশগুলি কোথায় নিয়ে গেছে তার কোন হদিসই মেলেনি। জনসাধারণের মধ্যে চূড়ান্ত প্রতিক্রিয়া দেখা দিয়েছে—তাদের মনের ক্ষত আরো দ্বিগুণতর হয়ে গেল। শহীদদের লাশ নিয়ে এ দুর্ব্যবস্থা দেখে 'দৈনিক ইত্তেফাক' সেদিন সম্পাদকীয় বক্তব্যে বলল, ''ইসলামী বিধান অনুসারে মুসলমানের লাশ অতি পবিত্র এবং অত্যন্ত তাজিমের সহিত দাফন কার্য সম্পন্ন করা বিধেয়। কিন্তু দুই দিনের পুলিশ জুলুমের ফলে শাহাদাতপ্রাপ্ত লাশগুলি ইহাদের অভিভাবকদের ফেরত দেওয়া হয় নাই।

শরিয়ত মোতাবেক তাহাদের শেষকৃত্য যদি সমাপন না করা হইয়া থাকে তাহা হইলে সরকারকে গোনাহের ভাগী হইতে হইবে। ইসলামী রাষ্ট্র বলিয়া জাহির করার পরও পাকিস্তানে এইরূপ ঘটিতে দেওয়া অত্যন্ত আপত্তিকর। মুসলমান জনসাধারণের মনের ক্ষতে ইহার দ্বারা লবণের ছিটা দেওয়া হইয়াছে বলা যাইতে পারে।"

সকাল বেলা সংবাদপত্রে দেখা গেল ৫ জন নিহত, ১৫০ জন আহত ও ৩০ জনকে গ্রেপ্তার করা হয়েছে। প্রদেশের সর্বত্র ঢাকার হত্যাকাণ্ডের প্রতিবাদে সকল শ্রেণীর জনসাধারণের সংগঠিত বিক্ষোভ প্রদর্শিত হচ্ছে। ধর্মঘট-শোভাযাত্রার মধ্য দিয়ে প্রতিরোধ আন্দোলন গড়ে তুলতে গিয়ে সর্বত্র গণ-আন্দোলনের সৃষ্টি হচ্ছে। সরকার ব্যাপক ধরপাকড় শুরু করেছে জেলায় জেলায়।

ঢাকায় পূর্ণ ধর্মঘট প্রতিপালিত হয়েছে এদিনও। নিরস্ত্র জনতার উপর নাজিরাবাজার ও রেল ষ্টেশনে লাঠিচার্জ করা হয়েছে। মেডিকেল কলেজ হোষ্টেলের মাইকটি মিলিটারী এসে জোরপূর্বক দখল করে নিয়ে যায়।

মেডিকেল হোষ্টেলের গেটের পাশেই ছাত্ররা নিজেরাই শহীদ স্মৃতিস্তম্ভ গড়ে তোলে। শহীদ শফিউর রহমানের পিতা এই শহীদ স্মৃতিস্তম্ভ উদ্বোধন করেন। এইদিন সর্বদলীয় রাষ্ট্রভাষা কর্মপরিষদকে আন্দোলন চালানোর জন্য আবার পূর্ণ কর্তৃত্ব দেওয়া হয়। সভায় ৯ দফা দাবী স্থিরীকৃত হয় এবং নুরুল আমীনের জঘন্য মিথ্যা বিবৃতির প্রতিবাদে পাল্টা বিবৃতি দেওয়া হয় আর প্রদেশের ও কেন্দ্রের আন্দোলনে যোগসাধনের জন্য সক্রিয় কর্মপন্থা গ্রহণ করা হয়।

ঢাকার শত সহস্র মানুষকে এক একটি মাইকের সম্মুখে বসে বসে সারা দিন বক্তৃতা শুনতে দেখা যায়। রাত্রে আজিমপুর কলোনীর মেয়েরা এক প্রতিবাদ সভার আয়োজন করেন। সেই সভায় যোগদানের জন্য সেই আমলের সুদূর কমলাপুর থেকেও মেয়েরা আসেন। কয়েক হাজার মহিলা এই প্রতিবাদ সভায় একত্রিত হয়ে সরকারের বর্বর হত্যাকাণ্ডের প্রতিবাদ জানান।

২৪শে ফেব্রুয়ারী

যতই সরকার দমননীতি চালাচ্ছিল ততই জনসাধারণ আন্দোলনের মধ্য দিয়ে সংগঠিত হচ্ছিল। একটানা ৪ দিন তুমুল আন্দোলন চলেছে ঢাকা শহরে। শহর ও গ্রামাঞ্চলের সকল শ্রেণীর মানুষ এসে যোগ দিয়েছে সেই প্রতিরোধ আন্দোলনে। সমস্ত অফিস-আদালত, কল-কারখানা, যান-বাহন, ব্যবসা-বাণিজ্য বন্ধ হয়ে গেছে। এক মিলিটারী ছাড়া আর কোন শক্তিই তখন সরকারের হাতে ছিল না। প্রত্যেকটি মুহূর্তেই সরকারের পতনের আশঙ্কা ছিলো। এমনি পরিস্থিতি দেখে গভর্নর অনন্যোপায় হয়ে অনির্দিষ্টকালের জন্য আইন পরিষদের অধিবেশন বন্ধ করে দিলেন।

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ছাত্রদের উপর গুলী চালানোর জন্য তীব্র নিন্দা করেন এবং তারই প্রতিবাদে ২৫শে ফেব্রুয়ারী বিশ্ববিদ্যালয় বন্ধ রাখার সিদ্ধান্তও গ্রহণ করেন।

মিলিটারী বাহিনী ফজলুল হক হল, জগন্নাথ কলেজ, মিটফোর্ড মেডিক্যাল স্কুল, ইঞ্জিনিয়ারিং কলেজ ও সলিমুল্লাহ হলের মাইকগুলি জোরপূর্বক ছিনিয়ে নিয়ে যায়। সলিমুল্লাহ হলের পশ্চিম দিকস্থ দরজা ভেঙ্গে মিলিটারী বাহিনী প্রায় ৮০ জনের মত কর্মীকে গ্রেফতার করে এবং সলিমুল্লাহ্ হলের ভিতরে আন্দোলনকারীদের যে সেক্রেটারিয়েট বসেছিল তার সমস্ত কাগজ-পত্র হস্তগত করে নেয়। সন্ধ্যাবেলা মেডিক্যাল কলেজ হোষ্টেলের স্মৃতিস্তম্ভটি মিলিটারী এসে ভেঙ্গে ফেলে।

জটিলতর পরিস্থিতির সম্মুখীন হয়ে সর্বদলীয় কর্মপরিষদ আবার সভা আহ্বান করে। সরকারকে ৭৫ ঘন্টার চরমপত্র দেয়া হয় এবং ৫ই মার্চ প্রদেশব্যাপী "শহীদ দিবস" পালনের সিদ্ধান্ত নেয়া হয়; আব আন্দোলনে সর্বমোট ৩৯ জন শহীদ হয়েছেন বলে দাবী করা হয়। ৯ দফা দাবীব ভিত্তিতে সবকাবের নিকট নিরপেক্ষ তদন্ত কমিশন নিয়োগ দাবী করা হয়।

২৫শে ফেব্রুয়ারী

আন্দোলনেব চাপে পড়ে কর্তৃপক্ষ অনির্দিষ্ট কালেব জন্য বিশ্ববিদ্যালয় বন্ধ করে দেন এবং ছাত্রছাত্রীদের হল পরিত্যাগ করে চলে যাবাব জন্য নির্দেশ দেন। তখন আন্দোলনের সমস্ত প্রচারযন্ত্র সবকাব কেড়ে নিয়েছে। আন্দোলনকারীদেব উপর একপক্ষীয় আক্রমণের ফলে চরম সন্ত্রাসেব ভাব পবিলক্ষিত হচ্ছিল সারা শহরময়। দেখতে দেখতেই আন্দোলনের মূল ১জন কর্ম-কর্তাব উপব গ্রেফতারী পরোয়ানা জারী হয়ে গেল। সবকার যথেচ্ছ গ্রেফতার শুরু করল ছাত্র ও বাজনৈতিক কর্মীদেব। সংবাদপত্রগুলিও সম্পূর্ণরূপে সুর বদলিয়ে আন্দোলন-কারীদেব রাষ্ট্রের শত্রু বলে আখ্যা দিতে লাগল। শহরে সন্ত্রাসেব রাজত্ব কায়েম হয়েছে। ফলে আন্দোলন স্বাভাবিকভাবেই আপাততঃ স্তব্ধ হয়ে গেল।

২৭শে ফেব্রুয়ারী

রাত্রে পুলিশ এক বাড়ীতে হানা দিয়ে রাষ্ট্রভাষা আন্দোলনেব ৯জন আত্মগোপনকারী নেতার মধ্যে ৮ জনকে গ্রেফতাব কেব নেয়।

৫ই মার্চ ঢাকা শহরে শহীদ দিবস সাফল্যমণ্ডিত হয়নি। অসংখ্য মিলিটারী সারা শহরের অলি-গলি বেষ্টন করে রেখেছিল। তবে মফস্বলে ৫ই মার্চ শহীদ দিবস পূর্ণ সাফল্যমণ্ডিত হয়েছিল।

সরকাব সারা প্রদেশের দাবীকে অস্বীকার করতে না পেরে এক ভুয়া তদন্ত কমিশন বসান। কিন্তু যেহেতু আন্দোলনের নেতাদের বন্দী করে রেখে সরকারী লোক দিয়েই সে কমিশন গঠিত হয়েছিল, সে জন্য সর্বদলীয় কর্মপরিষদ তা বর্জন করে। ভাষা আন্দোলন এমনি চূড়ান্ত সবকারী দমননীতির চাপে আপাততঃ স্তব্ধ হয়ে গেলেও প্রদেশেব জনসাধারণ তাকে ভোলেনি। তার প্রমাণ ১৯৫৩ সনেব ২১শে ফেব্রুয়ারীর ঐতিহাসিক সাফল্য। সারা প্রদেশের মানুষ এইদিন শান্তিপূর্ণ ধর্মঘটের মধ্য দিয়ে ১৯৫২ সনের হত্যাকাণ্ডের প্রতিবাদ জানাতে সক্রিয়ভাবে এগিয়ে এসেছে। ১৯৫৩ সালের ২১শে ফেব্রুয়ারী এবং তৎপরবর্তী গণ-আন্দোলনের ধারা তারই সাক্ষ্য বহন করে আসছে।

ভাষা আন্দোলনের ধৃত সকল রাজবন্দীকে অবিলম্বে ছেড়ে দেবেন বলে সরকার কর্তৃক বার বার প্রতিশ্রুতি দেওয়া সত্ত্বেও অধ্যাপক মোজাফফর আহমেদ চৌধুরী, জনাব ওলী আহাদ, জনাব তোয়াহা, অধ্যাপক মুনীর চৌধুরী ও অধ্যাপক অজিত গুহকে দীর্ঘদিন কারাভোগ করতে হয়। একুশে ফেব্রুয়ারীর ঐতিহাসিক গণ-অভ্যুত্থানের মধ্য দিয়ে পূর্ব বাংলার জনসাধারণ তাদের শত্রু-গোষ্ঠির চেহারা চিনে নিয়েছে। আর অমর বীর শহীদরা প্রত্যেকটি মানুষের মনে এক একটি স্মৃতিস্তম্ভ হয়ে রয়েছে চিরকালের জন্য। এই স্মৃতিস্তম্ভই সকল প্রতিবন্ধকতাব প্রাচীর ধ্বংস করে নতুন জীবন প্রতিষ্ঠার সংগ্রামে এদেশের মানুষের মনে দুর্জয় প্রেরণার সঞ্চার করে চলেছে।*

---

*মার্চ ১৯৫৩]

শিরোনাম	সূত্র	তারিখ
আবুল কালাম শামসুদ্দীন কর্তৃক লিখিত দৈনিক আজাদে প্রকাশিত সম্পাদকীয়।	দৈনিক আজাদ	২৩শে ফেব্রুয়ারী, ১৯৫২।

"গত দুই দিন ধরিয়া ঢাকা শহরের বুকে যেসব কাণ্ড ঘটিয়াছে, সেসবকে শুধু শোকাবহই নয়, বর্বরোচিতও বলা চলে। জনাব নূরুল আমিন পুলিশ জুলুম সম্বন্ধে তদন্তের কথা বলিয়াছিলেন এবং ১৪৪ ধারা জারির যৌক্তিকতা সম্বন্ধেও ইতস্ততঃতার ভাব প্রকাশ করিয়াছিলেন। কিন্তু সে তদন্তের কোন ব্যবস্থা হইল না এবং ১৪৪ ধারাও বলবৎ রহিয়াছে। ফলে গুলিতে মানুষ হতাহত হইতেছে এবং মানুষের রক্তে পথ রঞ্জিত হইতেছে। নূরুল আমিন মন্ত্রীসভার ব্যর্থতা চরমভাবে ফুটিয়া উঠিয়াছে। আমরা এই মন্ত্রীসভার পদত্যাগ দাবী করিতেছি।... ছাত্রেরা বাংলা ভাষাকে অন্যতম রাষ্ট্রভাষা করার দাবী জানাইয়াছে, এ দাবী জানাইবার তাদের পূর্ণ অধিকার আছে। পূর্ব পাকিস্তানের অধিবাসীরা পাকিস্তানের সংখ্যাগুরু।...এই গণতান্ত্রিক দাবী অস্বীকার করার ক্ষমতা কারো নাই। পূর্ব পাকিস্তানের আইনসভার সদস্যগণকে তাঁহাদের কর্তব্য পালন করিতে হইবে। এবং তাঁহাদের সিদ্ধান্ত যুক্তভাবে জানাইয়া দিয়া বাংলার দাবী প্রতিষ্ঠা করার ভার তাঁহাদিগকে গ্রহণ করিতে হইবে।

গভর্ণরের কাছে প্রদত্ত তাঁর পদত্যাগপত্র

গভর্ণর ও পরিষদের স্পীকারের কাছে পাঠানো পদত্যাগপত্রে তিনি লেখেন:

"বাংলাকে পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষা করার দাবী করায় ছাত্রদের উপর পুলিশ যে বর্বরতার পরিচয় দিয়াছে তাহার প্রতিবাদে আমি পরিষদের আমার সদস্যপদ হইতে পদত্যাগ করিতেছি। যে নূরুল আমিন সরকারের আমিও একজন সমর্থক--এ ব্যাপারে তাহাদের ভূমিকা এতদূর লজ্জাজনক যে, ক্ষমতায় অধিষ্ঠিত থাকিতে এবং পরিষদের সদস্য হিসাবে বহাল থাকিতে আমি লজ্জাবোধ করিতেছি।"

শিরোনাম	সূত্র	তারিখ
ভাষা বিতর্কের ওপর লেখা তৎকালীন সময় প্রচারিত প্রবন্ধ।	নও বাহার	ফেব্রুয়ারী, ১৯৫২

সকল ভাষার সমান মর্যাদা

—আলী আশরাফ

[ভাষা আন্দোলন কিভাবে লক্ষ্যহারা হইয়া নানা পথে ঘুরিয়া বেড়াইতেছে এই প্রবন্ধে তাহার সুন্দর প্রমাণ মিলিবে। প্রবন্ধটি ২১শে ফেব্রুয়ারী তারিখের "নওবেলাল" নামক পত্রিকায় প্রকাশিত হইয়াছিল। পরে ইহা "পূর্ব-বাংলা" নামক সাপ্তাহিক পত্রের ১৩ই ফাল্গুণ সংখ্যায় পুনর্মুদ্রিত হইয়াছে। "নওবেলাল" ও 'পূর্ব-বাংলা" প্রগতিশীল তরুণ দলের মুখপত্র। বাংলা ভাষার ইহারা পূর্ণ সমর্থক। কাজেই এই দুই খানি সংবাদপত্রে নূতন কথা শুনায় আমরা সত্যই বিস্মিত হইয়াছি। লেখক যে গতানুগতিক চিন্তা-ধারায় ভাসিয়া যান নাই এবং সমস্যাটির উপর যে কিছুটা নূতন আলোকপাত করিতে পারিয়াছেন তজ্জন্য আমরা প্রবন্ধটির অংশবিশেষ সংকলিত করিয়া দিলাম।]

.পাকিস্তানের 'রাষ্ট্রভাষা' হবে বাংলা ও উর্দু--এ মতই বর্তমানে প্রগতিশীল মহলে প্রচলিত। এবং এ মতবাদ থেকেই দাবীও জানানো হচ্ছে যে (যেমন আওয়ামী লীগ নেতারা জানাচ্ছেন) পূর্ব বঙ্গের শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে যে-ভাবে উর্দুকে বাধ্যতামূলক করা হচ্ছে সে-ভাবে পশ্চিম পাকিস্তানের প্রতিষ্ঠানগুলিতে বাংলাভাষাকে বাধ্যতামূলক করা হোক।

'অন্যতম রাষ্ট্রভাষা বাংলা চাই" এই দ্ব্যর্থবোধক আওয়াজই আজ বিকশিত হয়ে "বাংলা ও উর্দু রাষ্ট্রভাষা চাই"—এই সুস্পষ্ট আওয়াজেরই রূপ ধারণ করেছে। প্রগতিশীল মহল সাধারণভাবে ভাবছেন যে, এটাই হলো পাকিস্তানের "রাষ্ট্রভাষার" সমস্যা সমাধানের পথ। কিন্তু সত্যই কি তাতে সমস্যার পরিপূর্ণ ও গণতন্ত্রসম্মত সমাধান হবে? ২১শে ফেব্রুয়ারী যে গৌরবময় সংগ্রাম অনুষ্ঠিত হয়েছিল, বাংলা ও উর্দু এ দুটি ভাষা পাকিস্তানের "রাষ্ট্রভাষা" হলেই কি সে সংগ্রামের উদ্দেশ্য সম্পূর্ণ সফল হবে এটাই কি গণতন্ত্র? না, এতে সমস্যার সমাধান হবে না, এটা গণতন্ত্রও নয়। কারণ, যে নীতি অনুসারে আমরা আমাদের মাতৃভাষার অধিকার চাইছি, সে নীতি অনুসারেই অন্যান্যকেও তাঁদের ভাষার অধিকার দিতে হবে। পাকিস্তানের জনগণ শুধু বাংলা ও উর্দু এ দুটি ভাষায় কথা বলে না। পাকিস্তানে শুধু যে বাংলা ভাষাভাষী ও উর্দু ভাষাভাষী জনগণই রয়েছে তা নয়, এ রাষ্ট্রের অধীনে আরো রয়েছে—সিন্ধি ভাষাভাষী, পাঞ্জাবী ভাষাভাষী, পুস্তু ভাষাভাষী, বেলুচ ভাষাভাষী ও গুজরাটী ভাষাভাষী জনগণ। এছাড়া রয়েছে কয়েকটি উপজাতি--যাদের রয়েছে স্থানীয় ডায়লেক্ট, মুসলিম লীগ সরকারও বাংলা, উর্দু, সিন্ধি, পাঞ্জাবী, পুস্তু, বেলুচী ও গুজরাটী—এই সাতটি ভাষাকে পাকিস্তানের জনগণের ভাষা বলে স্বীকার করতে বাধ্য হয়েছেন। বস্তুতঃ পাকিস্তানে রয়েছে পাঁচটি প্রধান প্রধান জাতি—বাঙালী, সিন্ধি, পাঞ্জাবী, পাঠান ও বেলুচি। এদের প্রত্যেকের নির্দিষ্ট, স্থায়ী, অবিচ্ছিন্ন বাসভূমি আছে, প্রত্যেকেরই নিজস্ব একটি অর্থনৈতিক জীবন আছে, প্রত্যেকের নিজস্ব মানসিক গঠন ও কৃষ্টি রয়েছে এবং প্রত্যেকের রয়েছে নিজ নিজ মাতৃভাষা।

মুসলিম লীগ এই বাস্তব সত্য অস্বীকার করে এক জাতি, এক তমদ্দুন, এক ভাষার প্রতিক্রিয়াশীল যুক্তির অবতারণা করে উর্দুকে "রাষ্ট্রভাষা" করতে চাইছেন। এই পরিস্থিতিতে যদি গণতন্ত্রী কর্মীরাও শুধু বাংলা ও উর্দুকে "রাষ্ট্রভাষা" করতে চান, তা'হলে সিন্ধিভাষী

পুস্তভাষী, পাঞ্জাবীভাষী, বেলুচিভাষী ও গুজরাটিভাষী জনগণের উপর ঐ দু'টো ভাষা চালিয়ে দেয়া হবে। এটাও স্বৈরাচার ও গণতন্ত্র বিরোধী, কাজেই "বাংলা ও উর্দু রাষ্ট্রভাষা হোক" এ দাবী কখনোই পরিপূর্ণ গণতন্ত্র সম্মত নয়। "অন্যতম রাষ্ট্র ভাষা বাংলা চাই"—এই দ্ব্যর্থবোধক আওয়াজ, যে আওয়াজ থেকেই শুধু বাংলা ও উর্দুকে রাষ্ট্রভাষা করার দাবী এসেছে, সেই আওয়াজ আজ পরিত্যাজ্য। আন্দোলনের প্রথম স্তরে জনগণের সে আওয়াজ প্রচলিত হয়েছিল। কিন্তু মহান একুশে ফেব্রুয়ারীর এক বৎসর পর যখন জনগণের অভিজ্ঞতা ও গণতান্ত্রিক চেতনা আরো বেড়ে গেছে, তখন আন্দোলনের মূল দাবীরূপে ঐ দ্ব্যর্থবোধক আওয়াজের কোন আন্দোলনের ব্যাপকতা বৃদ্ধি ও অগ্রগতির পথে বাধা হচ্ছে। তার প্রমাণ হলো, সে আওয়াজ সিন্ধিভাষী, প্রভৃতি জাতির গণতান্ত্রিক দাবীকে আমল না দিয়ে শুধু বাংলা ও উর্দুকে "রাষ্ট্রভাষা"র আসনে বসাতে চাইছে। এতে ভাষার আন্দোলনের পিছনে সিন্ধিভাষী, পুস্তভাষী, বেলুচভাষী, পাঞ্জাবীভাষী প্রভৃতি সারা পাকিস্তানের সাধারণ জনতাকে সমাবেশ করা যাচ্ছে না। বরং তারা এর বিরুদ্ধে ক্ষেপে উঠবে। উর্দুকে পূর্ব বঙ্গে এবং পশ্চিম পাকিস্তানে বাংলাকে বাধ্যতামূলক করার দাবীও অগণতান্ত্রিক। কোন ভাষাভাষী জনগণের উপর অন্য ভাষাকে বাধ্যতামূলকভাবে চাপিয়ে দেওয়াটা স্বৈরাচারের অভিব্যক্তি। এভাবে, এক ভাষা অপরের ক্ষেত্রে বাধ্যতামূলক করলে জনগণের শিক্ষা ব্যাহত হয় ও জাতিগত বিরোধ সৃষ্টি হয়। পূর্ব বঙ্গে উর্দু ও পশ্চিম পাকিস্তানে বাংলা বাধ্যতামূলক করার আওয়াজ দিয়ে প্রকৃতপক্ষে জাতিগত বিরোধ সৃষ্টি হচ্ছে। কাজেই, এ আওয়াজও পরিত্যাজ্য।

বহু ভাষাভাষী জনগণের অর্থাৎ বহু জাতির মিলনক্ষেত্র পাকিস্তানের ভাষা সমস্যার গণতন্ত্র-সম্মত সমাধানের জন্য আমাদের আন্দোলনের মূলনীতি হবে: ছোট-বড় প্রত্যেকটি ভাষাভাষী জনগণের প্রত্যেকটি ভাষাকে সমান মর্য্যাদা ও সমান অধিকার দেয়া। বিভিন্ন ভাষাভাষী সাধারণ জনগণ যাতে রাষ্ট্রপরিচালনায় অংশ গ্রহণ করতে পারে ও শিক্ষার পূর্ণ সুযোগ পায়, তার জন্য এ আন্দোলনের দাবী হবে নিম্নরূপ:

(ক) কেন্দ্রীয় রাষ্ট্রের সমস্ত আইন, ঘোষণা, দলিল, প্রভৃতি বাংলা, উর্দু, সিন্ধি, পাঞ্জাবী, পুস্ত ও বেলুচি ভাষায় প্রকাশ করতে হবে। গুজরাটী ভাষাভাষী জনসংখ্যা যদি যথেষ্ট সংখ্যক হয়ে থাকে তবে সে ভাষায়ও প্রকাশ করতে হবে।

(খ) কেন্দ্রীয় আইন সভায় প্রত্যেক সভ্য নিজ নিজ মাতৃভাষায় নিজ বক্তব্য বলতে পারবেন ও দোভাষীরা সেগুলি বিভিন্ন ভাষায় তর্জমা করে দেবেন। (জাতি-সংঘে ও সোভিয়েট যুক্তরাষ্ট্রে এ ব্যবস্থা সাফল্যের সঙ্গে চলছে।)

(গ) প্রত্যেক ভাষাভাষী জনগণের নিজ নিজ বাসভূমির (অর্থাৎ বিভিন্ন প্রদেশের) রাষ্ট্রকার্য, আইন আদালতের কার্য্য সে প্রদেশের ভাষায় চলবে। বিভিন্ন প্রদেশে অবস্থিত অন্য ভাষাভাষীরা (যেমন পূর্ববঙ্গের উর্দু ভাষীরা বা পাঞ্জাবের বাঙালীরা) সে সব প্রদেশের আইন-আদালতে নিজ নিজ মাতৃভাষায় নিজ বক্তব্য বলতে পারবে।

(ঘ) বিভিন্ন উপজাতি অধ্যুষিত অঞ্চলে সেসব উপজাতীয় ভাষায় আইন-আদালতের কাজ চলবে।

(ঙ) ছোট-বড় প্রত্যেক ভাষাভাষী জনসমষ্টি ও বিভিন্ন প্রদেশে সংখ্যালঘুরাও নিজ নিজ মাতৃভাষায় শিক্ষা লাভ করার অধিকার ভোগ করবে।

এই সমস্ত দাবীগুলির সারমর্ম্ম নিয়ে আমাদের আন্দোলনের সংক্ষিপ্ত অভিব্যক্তিরূপে মূল শ্লোগান বা আওয়াজ হবে।

"সকল ভাষার সমান মর্যাদা চাই"

কাজী আশরাফ নামটি ছদ্মনাম। লেখকের আসল নাম খোকা রায়। তিনি তৎকালীন কমিউনিষ্ট পার্টির সদস্য ছিলেন।

শিরোনাম	সূত্র	তারিখ
আন্দোলনে সরকারী আচরণ সমর্থন করে মুখ্যমন্ত্রীর বক্তব্য।	পাকিস্তান প্রচার বিভাগ।	৩রা মার্চ, ১৯৫২।

ভাষা আন্দোলনের অন্তরালে

নূরুল আমীন

বাংলাকে পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষা হিসাবে গ্রহণ করার জন্য জনসাধারণের নিয়মতান্ত্রিক দাবী দমাইবার ব্যাপার প্রশ্নই উঠে না। ২১শে ফেব্রুয়ারীর মাত্র এক পক্ষকাল পূর্বে এই সম্পর্কে ঢাকায় এবং প্রদেশের অন্যান্য স্থানে সভা ও শোভাযাত্রা করা হয়, স্থানীয় কর্তৃপক্ষ তাহাতে কোনরূপ হস্তক্ষেপ করেন নাই। কিন্তু রাষ্ট্রভাষার প্রশ্নটি আসল প্রশ্ন নয়, ইহার পশ্চাতে সরকারকে বানচাল করার জন্য বিদেশী দালাল ও অন্যান্যদের ঘৃণ্য ষড়যন্ত্র নিহিত আছে। আইন অমান্যের উদ্যোক্তাদের যদি ভাষার দাবী প্রতিষ্ঠা করা ছাড়া অন্য উদ্দেশ্য না থাকিত তবে ব্যবস্থা পরিষদে বাংলাকে পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষা করার জন্য গণপরিষদের নিকট সুপারিশ করিয়া প্রস্তাব গৃহীত হওয়াতেই তাহারা সম্পূর্ণ সন্তুষ্ট হইত।

কিন্তু আমরা কি দেখিলাম . . . .

গত ৩রা মার্চ রাত্রে পাকিস্তান রেডিওর ঢাকা হইতে জনসাধারণের উদ্দেশ্যে প্রদত্ত প্রধানমন্ত্রী জনাব নূরুল আমীনের বেতার বক্তৃতাঃ

দুঃখ ভারাক্রান্ত হৃদয়ে আজ আপনাদের উদ্দেশে কয়েকটি কথা বলিতেছি। ফেব্রুয়ারী মাসের শেষ সপ্তাহে ঢাকায় যেসব ঘটনা ঘটিয়াছে তাহাতে আমি অত্যন্ত ব্যথিত ও মর্মাহত হইয়াছি। আমি আপনাদেরই একজন, আপনারাই আমাকে একজন খাদেম হিসাবে আপনাদের খেদমত করার সুযোগ ও গৌরব দিয়াছেন। আমার বিবেকবুদ্ধি মতে আমার সাধ্যমত আপনাদের খেদমত করাই আমার কর্তব্য। এই কথা হয়তো না বলিলেও চলে যে, প্রত্যেক পাকিস্তানীর জীবন—সে ছাত্রই হউক বা অন্য কেউ হউক—আপনাদের কাছে যেমন প্রিয় আমার কাছে ঠিক তেমনি প্রিয়। প্রত্যেকটি পাকিস্তানীর জীবন পাকিস্তানের জাতীয় সম্পদ, তাই ঢাকায় দুর্ঘটনায় যে পাঁচজনের জীবন নাশ হইয়াছে তাহাতে আমি জাতীয় ও আমার ব্যক্তিগত ক্ষতি বলিয়াই মনে করি। ঢাকার সাম্প্রতিক দুর্ঘটনায় যাহারা ভুক্তভোগী তাহাদের প্রতি আমার আন্তরিক সমবেদনা জ্ঞাপন করিতেছি। আমি পূর্বেই বলিয়াছি যে, ঢাকার গুলী চালানো সংক্রান্ত ঘটনাবলী যথাসময়ে প্রকাশিত হইবে এবং এ সম্পর্কে কেহ দোষী সাব্যস্ত হইলে তাহার বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করা হইবে।

যেহেতু অবস্থা ক্রমেই স্বাভাবিক হইয়া আসিতেছে এবং গত কয়দিনের ঘটনার স্থানে যে উত্তেজনার সৃষ্টি হইয়াছিল তাহা ক্রমেই প্রকাশিত হইতেছে, এখন এ বিষয়ে ধীর স্থিরভাবে চিন্তা করিবার সময় আসিয়াছে। রাষ্ট্রের স্বার্থে আমার আগের বক্তৃতায় আপনাদের কাছে অনেক কিছুই খুলিয়া বলিতে পারি নাই। এখন আরও কিছু তথ্য প্রকাশ করিতে চাই এবং তাহা হইতে আপনারা সহজেই বুঝিতে পারিবেন যে, সরকার এমন এক পরিস্থিতির সম্মুখীন হইয়াছিলেন যেখানে কঠোর ব্যবস্থা অবলম্বন করা ছাড়া আর গত্যন্তর ছিল না। কম্যুনিষ্ট, বিদেশী চর এবং হতাশ রাজনৈতিকদের ধ্বংসাত্মক চক্রান্ত অংকুরেই বিনষ্ট হইয়াছে। এই চক্রান্তের

পটভূমি, স্বরূপ এবং চক্রান্তকারীদের পন্থা ও উদ্দেশ্য সম্পর্কে এখন আপনাদিগকে অবগত করান আমার কর্তব্য। এ সমস্ত ব্যাপারে পর্দার আড়ালে থাকিয়া যে সকল শক্তি কাজ করিতেছিল তৎসম্পর্কে আমার পূর্ব বক্তৃতায় কিছু কিছু ইংগিত করিয়াছিলাম।

পূর্ব পরিকল্পিত ষড়যন্ত্র

২১শে ফেব্রুয়ারী তারিখে ঢাকার বিশৃঙ্খলা সৃষ্টি হওয়ার পূর্ব হইতেই সরকার সংবাদ পাইতেছিলেন যে, যাহারা পাকিস্তান পরিকল্পনাকে একটি অভিসম্পাত বলিয়া বিবেচনা করিত, পাকিস্তান অস্তিত্বকে যাহারা পথের কাঁটা বলিয়া মনে করিত এবং পাকিস্তান ধ্বংস করার চিন্তা যাহারা কখনও ত্যাগ করে নাই তাহারা পুনরায় তৎপর হইয়া উঠিয়াছে। এই দল বিশ্ববিদ্যালয়ের মধ্যেও কাজ করিতেছিল এবং কিছু সংখ্যক ছাত্রকে ভুল পথে পরিচালিত করিতেছিল। দেশে উচ্ছৃংখলার সৃষ্টি করিয়া শাসন ব্যবস্থাকে জবরদস্তিক্রমে বানচাল করিয়া দিবার জন্য ইহারা ব্যাপক পরিকল্পনা করিতেছিল। তাহারা শুধু সুযোগের প্রতিক্ষায় ছিল। কায়েদে আজম ও কায়েদে মিল্লাতের জীবদ্দশায় ধ্বংসাত্মক কার্যকলাপে লিপ্ত এই সকল লোক নীরব ছিল। কায়েদে মিল্লাতের শাহাদাতের পর তাহারা সুযোগের সন্ধান পায়। বাংলাভাষা প্রশ্নটি স্বভাবতঃই সকলের ভাবাবেগ আকর্ষণ করে বলিয়া উহার আড়ালে এই সকল লোক তাহাদের হীন প্রচেষ্টা লুক্কায়িত রাখিবার সুযোগ পায়।

সবদিক বিবেচনা করিয়া দেখিলে এই কথাই সুস্পষ্ট হইয়া উঠে যে, প্রাদেশিক আইন সভার অধিবেশনের প্রথম দিন হইতে আরম্ভ করিয়া যতদিন দরকার হয় ততদিন গোলমাল বাধাইয়া রাখিবার পরিকল্পনা করা হইয়াছিল। সরকার খবর পাইয়া সতর্কতামূলক ব্যবস্থা হিসাবে ঢাকায় ১৪৪ ধারা জারী করেন। বাংলাকে পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষা করিবার জন্য জনসাধারণের নিয়মতান্ত্রিক দাবীকে দাবাইয়া রাখিবার কোন প্রশ্নই ইহার মধ্যে ছিল না। ঘটনার মাত্র পক্ষকাল পূর্বেও ঢাকায় এবং অন্যান্য জায়গায় এই সম্পর্কে সভার অনুষ্ঠান ও শোভাযাত্রা বাহির করা হইয়াছিল। কিন্তু স্থানীয় কর্তৃপক্ষ কোথাও কোন হস্তক্ষেপ করেন নাই। ১৪৪ ধারা জারি করিয়া এ ধরনের সভা ও শোভাযাত্রা সম্পূর্ণ নিষিদ্ধ করা হয় নাই। জেলা কর্তৃপক্ষের অনুমতি লইয়া উহা করা যাইত। কিন্তু কেহ এইরূপ কোন অনুমতি চান নাই। ইহার পরবর্তী ঘটনাবলী হইতে সরকারের প্রাপ্ত সংবাদেরই সুস্পষ্ট সমর্থন পাওয়া যায় যে, যে সকল লোক গোলযোগ সৃষ্টির ষড়যন্ত্র করিতেছিল, রাষ্ট্রভাষা প্রশ্নটি তাদের এই হীন ষড়যন্ত্রের প্রতি জনসাধারণের সমর্থন লাভের একটি হাতিয়ার ব্যতীত আর কিছুই নহে।

ভাষা-বিতর্ক

পাকিস্তানের অন্যান্য শুভাকাঙ্খীদের মত আমিও আশা করিয়াছিলাম যে আমাদের দেশবাসী তাহাদের জ্ঞান বুদ্ধি, ইসলাম-প্রীতি ও পাকিস্তানের প্রতি দরদবোধে নিজেদের আভ্যন্তরীণ বাদ-বিসম্বাদ ভুলিয়া যাইবেন এবং দেশপ্রেমিক নাগরিক হিসাবে ঐক্যবদ্ধভাবে ঢাকায় সাম্প্রতিক গোলযোগের মত জাতীয় বিপদ প্রতিরোধ করিতে প্রস্তুত হইবেন। ইসলাম ও পাকিস্তানের শত্রুরা সাময়িকভাবে হইলেও কিছুটা সাফল্য লাভ করিয়াছে এবং আমাদের কোমল-মতি যুবক ও জনসাধারণের মধ্যে কিছু লোককে বিভ্রান্ত করিতে পারিয়াছে দেখিয়া আমি দুঃখিত। ঢাকার সাম্প্রতিক গোলযোগের পিছনে যাহারা আছে তাহাদের কর্মপদ্ধতি ও তাহারা যেভাবে নিজেদের ইচ্ছা জনগণের উপর চাপাইয়া দিতে চাহিয়াছিল, তাহা হইতে অতি সহজেই বুঝা যায় তাহাদের উদ্দেশ্য কি ছিল। জনসাধারণের অনেকেই রাষ্ট্রের দুশমনদের চক্রান্ত বুঝিতে না পারিয়া তাহাদের ফাঁকে পড়িয়াছিলেন বলিয়া আমি মর্মাহত হইয়াছি। আরো বহুদিন পর্যন্ত ইংরেজী ভাষা পাকিস্তানে চালু থাকিতে বাধ্য বলিয়া রাষ্ট্রভাষার

আশু মীমাংসা অত্যাবশ্যকীয় মনে করা হয় নাই। এই অবস্থায় যথাসময়ে স্বাভাবিক অবস্থা বিবর্তনের ভিতর দিয়া এই সমস্যা সমাধান করাই সংগত বিবেচিত হইয়াছিল। আপনারা জানেন, পাকিস্তান প্রতিষ্ঠা হওয়ায় আমাদের জাতীয় জীবনে নবীন প্রাণধারা ও নূতন অবস্থার সঞ্চার হইয়াছে এবং ফলে উর্দু বাংলা উভয় ভাষারই নিত্য পরিবর্তন ঘটিতেছে। উর্দুভাষী ও বাংলা ভাষী লোকদের পারস্পরিক মিলনের ফলে দুইটি ভাষার সমৃদ্ধ হইতে এবং এক ভাষার শব্দ অন্যভাষায় ব্যবহৃত হইতে থাকায় দুই ভাষাভাষী নাগরিকদের ব্যবধান ক্রমেই দূর হইতেছে। এই জন্যই মরহুম কয়েদে আজম এবং কায়েদে মিল্লাত অযথা তাড়াতাড়ি করিয়া এ সম্পর্কে গণপরিষদের নিকট হইতে কোন সিদ্ধান্ত করানোর প্রয়োজন মনে করেন নাই। বাংলাভাষা যথাসময়ে এই প্রদেশের সরকারী ভাষা হইবে, ইত্যবসরে ইহা স্বীকার করিয়া পূর্ব পাকিস্তানের প্রতিভা ও সংস্কৃতির উপযোগী করিয়া তোলার সর্বপ্রকার প্রচেষ্টাকে সরকার উৎসাহ প্রদান করেন।

যাহা হউক, গত ২১শে ফেব্রুয়ারী ঢাকায় যে অপ্রীতিকর পারস্থিতির উদ্ভব হয় তৎপ্রতি লক্ষ্য রাখিয়া আমি ভাষা বির্তককে রাজনীতি হইতে পৃথকভাবে বিবেচনার সিদ্ধান্ত করি এবং আমার ধারণা অনুযায়ী প্রমাণ করিতে চাই যে ভাষার প্রশ্নটা মোটেই আসল প্রশ্ন নয়, বরং ভাষা বিতর্কের অন্তরালে একটি নিগূঢ় দূরভিসন্ধি রহিয়াছে। অর্থাৎ আভ্যন্তরীণ বিশৃংখলা সৃষ্টি করিয়া সরকারকে ধ্বংস করার জন্য শত্রুর চর এবং দুশমনেরা একটি পরিকল্পনা করিয়াছিল। ২২শে ফেব্রুয়ারী তারিখেই বাংলাকে পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষা করার জন্য গণপরিষদের নিকট সোপারেশ করিয়া আমি ব্যবস্থা পরিষদে একটি প্রস্তাব উত্থাপন করি। আমার প্রস্তাব পরিষদে সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। যাহারা আইন অমান্যের ষড়যন্ত্র করিয়াছিল ভাষা সমস্যা ছাড়া অন্য কোন বিশেষ মতলব তাহাদের যদি না থাকিত তাহা হইলে এ-ব্যবস্থায় তাহারা নিশ্চয়ই সন্তুষ্ট হইত।

ভীতি প্রদর্শন ও উচ্ছৃংখলতা

কিন্তু আমি দেখিলাম, যাহারা হাংগামার সূত্রপাত করিয়াছিল তাহারা উক্ত প্রস্তাবটি গৃহীত হওয়ার সংগে সংগেই অন্যান্য দাবী উত্থাপন করিতে শুরু করিল। ক্রমে ইহা সবারই নিকট পরিষ্কার হইয়া উঠিল (অবশ্য ইহা শুরু হইতেই সরকারের জানা ছিল) যে, ক্ষমতাসমাসীন সরকারকে ধ্বংসাত্মক কার্যকলাপ, ভীতি প্রদর্শন ও ষড়যন্ত্র দ্বারা বানচাল করা ব্যতীত হাংগামাকারীদের আর কোন উদ্দেশ্য থাকিতে পারে না। উপরন্তু সরকারকে হিংসাত্মক উপায়ে ধ্বংস করিয়া তৎস্থলে নিজেদের মতলব হাসিলের উপযোগী একটি তাঁবেদার সরকার প্রতিষ্ঠিত করিতে চক্রান্তকারীরা চাহিয়াছিল। ইহা উল্লেখযোগ্য যে, গোলযোগের সময় নারায়ণগঞ্জে একটি শোভাযাত্রায় বিক্ষোভকারীরা খোলাখুলি 'যুক্ত বাংলা চাই' বলিয়া ধ্বনি তুলিয়াছিল। দেশ বিভাগের পর এই সর্বপ্রথম অকস্মাৎ তাহারা এইরূপ ধ্বনি উত্থাপন করিতে সাহসী হইল, ইহা নিঃসন্দেহে তাৎপর্যপূর্ণ। সরকারের নিকট চক্রান্তকারীদের পরিকল্পনা সংক্রান্ত যেসব তথ্য আছে সেইগুলির সংগে ইহাদের পূর্ণ সামঞ্জস্য রহিয়াছে। নিজেদের উদ্দেশ্য সাধনের জন্য তাহারা অভিনব পন্থা গ্রহণ করে। ইহা সকলেই জানেন যে, তাহারা ব্যবস্থা পরিষদের সদস্যগণকে ভীতি প্রদর্শন করে এমন কি কোন কোন ক্ষেত্রে দৈহিক নির্যাতনের ভয় দেখাইয়া কিছু সংখ্যক সদস্যকে মুসলিম লীগ পার্টি হইতে পদত্যাগ করিতে বাধ্য করা হয়। নিজেদের কার্যকলাপের সমর্থনের জন্য স্থানীয় সংবাদপত্রগুলির প্রতিও অনুরূপ ভীতি প্রদর্শন করা হয়। অন্যান্য সংবাদপত্রগুলিকে ভয় দেখাইবার জন্য পরিকল্পনানুযায়ী "মর্নিং নিউজ" পত্রিকার ছাপাখানা সম্পূর্ণরূপে ভস্মীভূত করা হয়। শাসন ব্যবস্থা ব্যাহত করিবার জন্য অনেক সরকারী কর্মচারীকেও অনুরূপভাবে ভয় দেখাইয়া কাজে যোগদানে বিরত করা হয়। হুমকি প্রদর্শন দ্বারা অথবা বলপূর্বক সাধারণ যানবাহন ও দোকানপাট প্রায় তিনদিন বন্ধ করিতে বাধ্য করা হয়। রেডিও পাকিস্তানের কাজকর্ম বন্ধ করিয়া দেওয়ার চেষ্টা চলে।

টেলিফোন ও টেলিগ্রাফ ব্যবস্থা এবং ট্রেন চলাচলে বিঘ্ন সৃষ্টি করা হয়। পরিশেষে রাষ্ট্রের নিরাপত্তার খাতিরে বাধ্য হইয়া সরকার কঠোর ব্যবস্থা অবলম্বন করিতে বদ্ধপরিকর হন। সুতরাং বিত্তশীল ব্যক্তিগণের নিকট ইহা সুস্পষ্ট হইয়া উঠে যে, বাংলাকে অন্যতম রাষ্ট্র ভাষা করা প্রকৃত প্রশ্ন মোটেই ছিল না, বরং সরকার একদল লোককে দেশের শান্তি, শৃংখলা বিপন্ন করিতে দিবেন কিনা তাহাই ছিল সত্যিকারের প্রশ্ন। এমতাবস্থায় সরকারের কি করা উচিত ছিল তাহাই বিবেচ্য। এইরূপ হীন ষড়যন্ত্রের সম্মুখীন হইয়া পৃথিবীর কোন দায়িত্বশীল সরকার কি ব্যবস্থা অবলম্বন করিতেন? অতি নগণ্য সংখ্যক লোক জনগণের প্রতিনিধি ব্যবস্থা পরিষদের মুসলিম সদস্যদিগকে ভয় দেখাইয়া বাধ্য করা এবং এইভাবে মুসলিম লীগ সরকারকে ক্ষমতাচ্যুত করিয়া নিজেরা ক্ষমতায় অধিষ্ঠিত হইবার জন্য চেষ্টায় অবতীর্ণ হইয়াছিল। ইহা ঘটিতে দিলে আমরা জনসাধারণের নিকট বিশ্বাস ভংগের অপরাধে দোষী হইতাম। যদি দৃঢ়তার সংগে এই অরাজকতা দমনে আমি ও আমার সহকর্মীগণ অগ্রসর হইতে না পারিতাম, তাহা হইলে জনগণ ও ইসলামের প্রতি কর্তব্য সম্পাদনের আমরা আপনাদের সামনে ও আমাদের ভবিষ্যৎ বংশধরদের সামনে নিশ্চয়ই অপরাধী সাব্যস্ত হইতাম। নিয়মতান্ত্রিক উপায়ে সরকারের পতন ঘটান যাইতে পারে। কেবলমাত্র আইন সভার সদস্যগণই নিজেদের স্বাধীন ইচ্ছায় ভোট দিয়া সরকারকে ক্ষমতাচ্যুত করিতে পারেন। আইন সভার সদস্যগণ যাহাতে ধীর স্থির ও স্বাধীনভাবে এই ব্যাপারে নিজেদের মতামত প্রকাশ করিতে পারেন, তাহার জন্য এমন পরিবেশ সৃষ্টির প্রয়োজন যেন সর্বপ্রকার ভয়ভীতির বাহিরে থাকিয়া তাহারা কাজ করিতে পারেন। এইরূপ পরিবেশ সৃষ্টি না হইলে গণতান্ত্রিকতার বিলোপ হইয়া উচ্ছৃংখল জনতার শাসনই কায়েম হয়। ভয় দেখাইয়া ও উচ্ছৃংখলতার সৃষ্টি করিয়া দেশের শান্তি-শৃংখলা বিপন্ন করিবার এই যে ষড়যন্ত্র হইয়াছিল, সরকারের অবলম্বিত ব্যবস্থার ফলে যদিও সাময়িকভাবে সে বিপদের অবসান হইয়াছে তথাপি আমাদের আজাদীর বিরুদ্ধে যে বিপদ দেখা দিয়াছিল এখনও তাহা সম্পূর্ণরূপে দূরীভূত হয় নাই। প্রদেশের শান্তি ও নিরাপত্তা যেমন করিয়াই হউক আমাদিগকে রক্ষা করিতে হইবে। আমি আশা করি এই ব্যাপারে সশ্বাব দেশপ্রেমিক সকল পাকিস্তানীরই পূর্ণ সমর্থন পাইবেন। আমি সকল পাকিস্তানীর কাছে আবেদন করিতেছি, সরকারের হাত মজবুত করিতে আগাইয়া আসুন, সমগ্র প্রদেশে আইন ও শৃংখলা অব্যাহত রাখিতে সরকারকে সাহায্য করুন—দুষ্কৃতিকারীদের আতংক সৃষ্টি, মিথ্যা গুজব প্রচারণা এবং জনসাধারণের মধ্যে অসন্তোষ সৃষ্টির প্রয়াস ব্যর্থ করুন।

ইসলামের আদর্শ

দেশবাসীর খেদমতে আমার আরও আরজ, আপনারা সীমান্তের ওপারে একবার দৃষ্টি নিক্ষেপ করুন, উপলব্ধি করিতে চেষ্টা করুন বর্তমানে আমরা কি সংকটের সম্মুখীন হইয়াছি। শুধু পাকিস্তান নয়—বরং ইসলামই আজ নিদারুণ সংকটের সম্মুখীন। আমরা দাবী করিয়া থাকি, জাতিগত, ভৌগোলিক, অর্থনৈতিক ও ভাষাগত ব্যবধান দূর করিয়া ইসলাম একদিন যে স্বর্ণযুগের সূচনা করিয়াছিল, বর্তমানেও ইসলাম তাহা করিতে সক্ষম—যাহার ফলে মানব জাতির জীবনে আসিবে অশেষ সুখ-সমৃদ্ধি ও শান্তি। আমরা পাকিস্তানে ইসলামের এই আদর্শই বাস্তবে রূপায়িত

সারা দেশের লোক আতঙ্কিত হয়ে উঠলো। মুখ ফুটে কথা কইবার জো নেই। বশংবদ সংবাদপত্রগুলি আন্দোলনের কথা, কর্ম্ম পরিষদের বিবৃতি ইত্যাদি সব ছাপানো বন্ধ করে দিলো। তাদেরও নাকি টুঁটি টিপে দেওয়া হয়েছিলো। কিন্তু নাজিমউদ্দীন সাহেবের শ্যালক খাজা নুরুদ্দীন সাহেবের মর্নিং নিউজ শুরু থেকেই জঘন্য প্রচারণা শুরু করে। দেশের যুবক, শিক্ষক, বুদ্ধিজীবী, বিশ্ববিদ্যালয়, শহরের সর্দার সবাইকে রাষ্ট্রদ্রোহী, গুণ্ডা ইত্যাদি আখ্যা দিনের পর দিন দিয়ে যেতে লাগলো—এখনো দিচ্ছে। সারা দেশ এর বিরুদ্ধে প্রতিবাদ করা সত্ত্বেও সরকার এর কোন প্রতিকার করেন নি। পক্ষান্তরে সরকার মর্নিং নিউজের গল্পই বিশ্বাস করে তদনুযায়ী দমন নীতি চালিয়ে যান। এই পত্রিকাটিই বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষ, অধ্যাপক, ছাত্র সবাইকে ষড়যন্ত্রকারী, রাষ্ট্রদ্রোহী বলে অতি জঘন্য ভাষায় গালি দেয়। সরকারও তা সমর্থন করেন। বিশ্ববিদ্যালয়ের বিরুদ্ধে এরূপ মিথ্যা অভিযোগের নজির ইতিহাসে আর নেই।

কোথায় কোন্ বিদেশী পত্রিকা কি বলেছে কোথায় কোন্ সিপাহীকে কে বা কাহারা নিহত করেছে, তার বিচার না করে, দোষ চাপিয়ে দেওয়া হয়েছে রাষ্ট্রভাষা আন্দোলনের উপর। একথাও বলা হয়েছে যে নারায়ণগঞ্জেও 'জয়হিন্দ' ও যুক্ত বাংলার ধ্বনিও কেউ কেউ করেছিল।

আজ কিন্তু একথা দিনের আলোর মত পরিষ্কার হয়ে গেছে যে এই সব অভিযোগ, কটাক্ষ, দৃষ্টান্ত, মিথ্যা ও বানোয়াট এবং রাষ্ট্রভাষা আন্দোলনকে গলাটিপে মারার ষড়যন্ত্র ছাড়া আর কিছুই নয়। এতো প্রচার সত্ত্বেও কয়েকটি সরকারী ধামাধরা কর্মচারী আর মুসলিম লীগের কোন কোন সভ্য ছাড়া পূর্ব্ব পাকিস্তানের কোন ব্যক্তিই এসব কথা বিশ্বাস করতে পারেনি। গণপরিষদের দু'একজন সদস্য পরিষ্কার বলেছেন যে, রাষ্ট্রভাষা আন্দোলনের বিরুদ্ধে সরকার ও মুসলিম লীগের পক্ষ থেকে যেসব অভিযোগ করা হয়েছে তা সম্পূর্ণ মিথ্যা। যারা বাস্তবিক পক্ষে রাষ্ট্রভাষা আন্দোলন চালিয়ে গেল তারা কোনদিন কম্যুনিষ্ট, রাষ্ট্রদ্রোহী বা বিদেশী দালালদের অস্তিত্ব ভিতরে বাইরে কোথাও খুঁজে পায়নি। সরকারও আজ পর্য্যন্ত একটি রাষ্ট্রদ্রোহীকে গ্রেফতার করে তাদের বহু উচ্চারিত ভাষণের পোষকতা করতে পারেননি। বিদেশী সাহায্যের কোন দলিল বা প্রমাণ আজ পর্য্যন্ত লোকসমক্ষে ধরতে পারেননি। রাষ্ট্রভাষা আন্দোলনে সংশ্লিষ্ট কোন ব্যক্তি পাহারারত কোন সিপাহীর হত্যার ব্যাপারে জড়িত হতে পারে একথা কোন বুদ্ধি ও বিবেক সম্পন্ন ব্যক্তি বিশ্বাস করতে পারে না। পাকিস্তানের বুকে দাঁড়িয়ে "জয় হিন্দ" বা "যুক্ত বাংলা" ধ্বনি উচ্চারণ করার মত দুঃসাহস কারো হতে পারে একথা কোন পাগলও বিশ্বাস করতে রাজী হবে না। অথচ নূরুল আমীন সাহেব ও তাঁর মুরব্বি নাজিমউদ্দীন সাহেব অম্লান বদনে তা শুধু বিশ্বাসই করেননি, পরিষদ ভবনে ঐ মর্ম্মে বিবৃতিও দিয়েছেন। হলফ করে বলা যেতে পারে যে তাঁরাও এ কথা অন্তরে বিশ্বাস করেন না কিন্তু ভাষা আন্দোলনের বিরুদ্ধে জনগণের মনে ঘৃণা সৃষ্টি করার জন্য তাঁরা নিজেরাই এ সমস্ত গল্প সৃষ্টি করে বারবার প্রচার করছেন—এটা তাঁদের স্বভাব। তাঁরা যেন বোঝাতে চান যে, গোটা পাকিস্তানটাই মূর্খের আবাসভূমি আর তাঁরা এবং তাঁদের কুক্ষিগত মুসলিম লীগ সমস্ত জ্ঞানের একমাত্র অধিকারী।

নির্মম দমন নীতির মুখেও আজ পূর্ব্ব পাকিস্তানের সাড়ে চার কোটি নর-নারীর মুখে এই ধ্বনিই স্পন্দিত হচ্ছে যে, মুসলিম লীগ ও তার সরকার কোনদিনই জনগণের কোন দাবী মেটাতে পারেনি ও পারবে না। চিরদিন যারা মিথ্যার বেসাতি করে এসেছে তাদের কাছে জনগণ কিছুই আশা করতে পারে না—করেও না।

সেদিন পাকিস্তান গণপরিষদে রাষ্ট্রভাষার দরদীগণ যে নির্লজ্জ প্রহসনের পালা সাঙ্গ করলেন তার কালিমা ইতিহাসের পাতা হ'তে কোনদিনই মুছে যাবে না। সমগ্র জাতির ইতিহাস কলঙ্কিত হয়ে রইলো। যাঁরা বাংলা ভাষাকে ভালোবাসার ভান করে পরিষদে গোপারিশ প্রস্তাব পাশ করে জনগণকে আন্দোলন হ'তে বিরত থাকার নির্দেশ দেন—তাঁরাই করাচী গিয়ে বোল বদলিয়ে মুরব্বিদের খুশী করলেন। ফলে রাষ্ট্রভাষার দাবী অনির্দিষ্ট কালের জন্য চাপা রইলো। সমস্যাটি জরুরী নয়—পূর্ব্ব বাংলার তরুণ-প্রাণ মাতৃভাষার মর্য্যাদা প্রতিষ্ঠা করতে গিয়ে আত্মাহুতি দিয়েও সমস্যাটিকে জরুরী প্রমাণ করতে সক্ষম হয়নি। ইসলাম ও পাকিস্তানের নামে মুসলিম সংহতির নামে আমাদের ভাগ্য নিয়ন্তারা সমস্যার মোকাবেলা না করে ধামাচাপা দেবার সহজ পথই বেছে নিলেন। পূর্ব্ব বাংলার প্রতিটি নাগরিক বুঝতে পারলো এ সমস্যার সমাধান তারা কখনও করবে না। এদিকে মুসলিম লীগের পাণ্ডারা কেউ কেউ দেশে ফিরে এসে এর কৈফিয়ৎ দিতে গিয়ে নতুন নতুন ভাঁওতা সৃষ্টি করলেন, জনসাধারণের ন্যায্য ও পবিত্র দাবী দাবিয়ে রাখার অপরাধের সাফাই গাইতে হবে ত!

পূর্ব্ব পাকিস্তানের জনগণ আজ জাগ্রত। বুলেটের সামনে বুক পেতে দিয়ে তারা জগতকে দেখিয়ে দিয়েছে যে সমগ্র জাতির ন্যায্য দাবী কোন স্বৈরাচারী সরকারই কোন হিংস্র উপায় অবলম্বনে দমিয়ে রাখতে পারে না। জীবন দিয়ে যে জাতি তার দাবীর সত্যতা ও পবিত্রতা প্রমাণ করেছে সে দাবীকে অগ্রাহ্য করবার সাধ্য কারো নেই।

বন্ধুগণ মুসলিম লীগ ও লীগ সরকারের কার্য্যাবলী আজ আয়নার মত আপনাদের চোখের সামনে—তার বিশ্লেষণ বা তফছিরের কোন প্রয়োজন নেই—বন্ধুবেশে এরা গত পাঁচ বছরে আমাদের জাতীয় জীবনকে বিষিয়ে তুলেছে—প্রত্যেকটি সমস্যাকে ধামাচাপা দেবার জন্য এরা চিরদিন চেষ্টা করে এসেছে। এত বড় একটা স্বতঃস্ফূর্ত আন্দোলনের ভিতরও ভাঙ্গন ধরাবার জন্য এরা নানা অলীক ও মিথ্যা অভিযোগ সৃষ্টি করেছে, দালাল লেলিয়ে দিয়েছে, মানুষের মনে আতঙ্ক সৃষ্টি করেছে। সরকার ও মুসলীম লীগ জানে যে, পূর্ব্ব পাকিস্তানের জনগণ সমবেত কণ্ঠে তাদের বিরুদ্ধে রায় দিয়েছে, তাই কায়েমী স্বার্থ রক্ষার জন্যে তারা জনগণের বুকে দিয়েছে মরণ কামড়। যে উপায়ে হোক এ আন্দোলনকে দাবীয়ে দিতে পারলে—কিংবা অন্ততঃ ভাঙ্গন ধরাতে পারলেও তাদের খানিকটা লাভ। সেই লাভের আশায় তারা নতুন নতুন ফন্দী আবিষ্কার করে যাচ্ছেন। এদের অনেককে আমরা দেখেছি আন্দোলনের পুরোভাগে অংশ গ্রহণ করে আন্দোলনকে বিপথগামী করার চেষ্টাও করেছেন। তা' না পেরে শেষে পাততাড়ি গুটিয়ে উল্টা সুর গাইতে শুরু করেছেন।

সর্ব্বদলীয় রাষ্ট্রভাষা পরিষদ দাবী জানিয়েছিল যে, সরকারের কার্য্যাবলী তদন্ত করার জন্য সরকারী ও বেসরকারী সদস্য দ্বারা গঠিত প্রকাশ্য তদন্ত কমিশন নিযুক্ত করা হোক। সে দাবী উপেক্ষা করে মাত্র একুশে তারিখের পুলিশের গুলীবর্ষণ আইনসঙ্গত হয়েছিল কিনা—এ ব্যাপারে তদন্ত করার জন্যে একটি গোপন তদন্ত কমিশন নিযুক্ত করা হয়েছে। বাইশে তারিখের ঘটনাবলী সম্পূর্ণ উপেক্ষা করা হয়েছে। একশ' চুয়াল্লিশ ধারা জারি করার কোন আইন-সঙ্গত কারণ ছিল কিনা সে সম্পর্কে কোন প্রশ্ন উত্থাপিত হবে না। অথচ এই নিষেধাজ্ঞাই সমস্ত দুর্ঘটনার জন্যে দায়ী। পূর্ব্ব পাকিস্তানের যেসব জায়গায় নিষেধাজ্ঞা জারি করা হয়নি সেখানে কোন গোলমালই ঘটেনি। সুতরাং কমিশন নিযুক্তির ব্যাপারেও সরকার যে জনগণকে ধোঁকা দিয়েছেন—তা স্পষ্ট বোঝা যায়। জনসাধারণ ও ছাত্র সমাজের দিক দিয়ে তদন্তের কোন মূল্যই নেই। তাই রাষ্ট্রভাষা কর্মপরিষদ এতে যোগদান করেনি।

কথা এখন মুসলিম লীগ ও লীগ সরকারকে নিয়ে নয়, কথা হচ্ছে এখন আমাদের নিয়ে। সরকার প্রচার করছে যে, মুসলিম লীগ ও সরকারের রোপিত 'বিষবৃক্ষ' ফল দিতে আরম্ভ করেছে—জনসাধারণ দমে গিয়েছে, ছাত্র সমাজও ভীত-সন্ত্রস্ত হয়ে পড়েছে। বাংলা ভাষার দাবী মেটাবার ভার মুসলিম লীগ ও সরকার গ্রহণ করেছে—কথাটা বিশ্বাস করতে ইচ্ছে হচ্ছে না। এত বড় একটা স্বতঃস্ফূর্ত আন্দোলন কতকগুলি মিথ্যা ভাঁওতার চাপে দমে যাবে—যে জাতি জীবন দিতে শিখেছে সে জাতি সন্ত্রস্ত হয়ে পড়বে—এরূপ কল্পনা করা অন্যায়। সাময়িক প্রতিক্রিয়া বিশ্বাসপ্রবণ সরল মনে কিছুটা কুয়াশা সৃষ্টি করতে পারে কিন্তু তার অন্তরের অন্তঃস্থলে বাসা বাঁধতে পারে না। প্রয়োজন হলে সে আবার দাঁড়িয়ে উঠে, বুক ফুলিয়ে অন্যায়-অত্যাচারের বিরুদ্ধে তার স্বরূপ প্রকাশ করতে পারে।

বন্ধুগণ, জানি আপনাদের উপরও সরকারের আক্রোশ কম নয়—আপনারাও কম নির্যাতন ভোগ করেননি—কিন্তু তা সত্বেও যে আজ এখানে সমবেত হয়েছেন এতেই স্পষ্ট প্রমাণিত হয় যে সরকারের বুজরুগী ব্যর্থ ও বিফল হয়ে গিয়েছে। তারাই যে পাকিস্তান ও ইসলামের একমাত্র রক্ষক আর পূর্ব্ব পাকিস্তানের জনসাধারণের মনে পাকিস্তান ও ইসলামের জন্যে বিন্দুমাত্র দরদ নেই—একথা বলে যে দুর্বিষহ অপমানের ভার আমাদের ঘাড়ে চাপিয়ে দেয়—তার প্রতিবাদের দিন এসেছে। আপনারা প্রমাণ করে দিন—যারা ইসলাম ও পাকিস্তানের একমাত্র জিম্মাদার বলে দাবী করে—তারা ভণ্ড। পাকিস্তানের অস্তিত্ব তাদের অনুগ্রহ-নিগ্রহের উপর নির্ভর করে না—পাকিস্তান বেঁচে থাকবে, আর তার কোটি কোটি বাসিন্দা নিজেদের অধিকার নিয়ে বেঁচে থাকবে—তাদের অন্তরের দৃঢ় বিশ্বাস, শক্তি ও সামর্থ্যের জোরে।

রাষ্ট্রভাষা সমস্যাই আমাদের একমাত্র সমস্যা নয়। বহু ছোট-বড় সমস্যা আমাদের জীবনে মাথা চাড়া দিয়ে উঠেছে—তারও সমাধানের প্রয়োজন। সমগ্র জাতিকে সংঘবদ্ধ করে এসব সমস্যার সমাধান আমাদের নিজেদেরকেই করতে হবে, কারণ রাষ্ট্র আমাদের। কিন্তু তার জন্যে চাই শৃঙ্খলা, একাগ্রতা ও আন্তরিকতা। আপনারা শক্তি অর্জন করুন, প্রতিটি মানুষের প্রাণে দেশাত্মবোধ, জীবন ধারণের প্রয়োজন বোধ জাগিয়ে তুলুন। ঘরে ঘরে একই আওয়াজ তুলুন—"আমাদের দাবী মানতে হবে।"

আমাদের সংগ্রাম এক দিনের নয়। যে প্রতিক্রিয়াশীল নেতৃত্ব বর্ত্তমানে আমাদের ভাগ্য নিয়ে ছিনিমিনি খেলছে তারা সহজে কাবু হবার নয়—তাড়াহুড়া করে হৈ চৈ করে বা শৃঙ্খলা ভঙ্গ করে আমাদের কাজ উদ্ধার হবে না—দীর্ঘমেয়াদী সংগ্রামের নীতি অবলম্বন করে ধীরে ধীরে আন্দোলনকে এগিয়ে নিতে হবে। হট্টগোল করে যেন এর গুরুত্ব আমরা নষ্ট না করি এদিকে লক্ষ্য রাখতে হবে। ধীর বিচারবুদ্ধির একান্ত প্রয়োজন। আপনারা সারা পূর্ব্ব পাকিস্তানের প্রতিনিধিত্ব করেন। সারা দেশ আপনাদের দিকে চেয়ে আছে। ভবিষ্যৎ কর্ম্মপন্থা আপনারা নির্দ্ধারণ করুন। প্রত্যেক শহরে, মহকুমায়, থানায়, গ্রামে কর্ম্মপরিষদ গঠন করে তুলুন। এই হবে আপনাদের আন্দোলনের দ্বিতীয় অধ্যায়। আর আওয়াজ তুলুন

"রাষ্ট্রভাষা বাংলা চাই

বন্দীদের মুক্তি চাই।"

পাকিস্তান জিন্দাবাদ

শিরোনাম	সূত্র	তারিখ
বাংলা ভাষার পক্ষে ইসলামী ভ্রাতৃ সংঘের ঘোষণা।	ইসলামী ভ্রাতৃসংঘ	মে-১৯৫২

ইসলাম, ভাষা সমস্যা ও আমরা

ইসলামী ভ্রাতৃসংঘ

ইসলামী ভ্রাতৃসংঘের
প্রচার দপ্তর
৬নং নয়া পল্টন, ঢাকা
হইতে প্রকাশিত।

'আমাদের প্রেস'
১৯নং আজিমপুর রোড
হইতে মুদ্রিত।

২১শে ফেব্রুয়ারী পূর্ব পাকিস্তানের গণজাগরণের ইতিহাসে অবিস্মরণীয় দিন। পূর্ব বাংলার সাড়ে চার কোটি অধিবাসী এইদিন দৃপ্ত শপথ গ্রহণ করেছে: বাংলাকে পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষা হিসেবে সুপ্রতিষ্ঠিত করতেই হবে।

কিন্তু কেন এই দাবী? সাড়ে চার কোটি অধিবাসীর প্রাণের পরতে পরতে বাংলাকে রাষ্ট্রভাষা করার দাবী প্রতিধ্বনিত হয়ে উঠল কোন্ যুক্তির ভিত্তিতে?

সে যুক্তি একটি নয়, দু'টি নয়, অগণিত। ইসলামী ভ্রাতৃসংঘ বিশ্বাস করে জনসাধারণের সেই সব যুক্তি ইসলামের আলোকে সুপ্রতিষ্ঠিত।

প্রতিটি নাগরিকের দেহ এবং মনের সর্বাংগীণ বিকাশ ইসলামী রাষ্ট্রে সর্বপ্রধান লক্ষ্য। ইসলামী ভ্রাতৃসংঘ দৃঢ়ভাবে বিশ্বাস করে, মাতৃভাষার সাহায্য ছাড়া এ বিকাশ সাধন করা একেবারেই অসম্ভব। পৃথিবীর প্রত্যেকটি দেশে জাতীয় উন্নয়নের প্রাথমিক কাজ শুরু হয়েছে মাতৃভাষার উন্নতিসাধনের মধ্য দিয়ে। আমাদের প্রিয় নবী হজরত মোহাম্মদের (দ:) আবির্ভাবের সময় হিব্রু ভাষা পৃথিবীর শ্রেষ্ঠ সম্পদশালী ভাষা হিসেবে পরিগণিত হতো, কিন্তু সাধারণ মানুষের বোধগম্য হওয়ার জন্যই অপেক্ষাকৃত সহজ ভাষা আরবীতে পবিত্র কোরান শরীফ নাজেল হয়। আরবীর পরিবর্তে সেদিন যদি অন্য কোন ভাষায় কোরান শরীফ নাজেল হতো তবে আরববাসীদের পক্ষে ইসলামের বাণী অতি অল্প সময়ে গ্রহণ করা সম্ভব হতো না। পূর্ব পাকিস্তানে সত্যিকার ইসলামী সমাজ ব্যবস্থা প্রতিষ্ঠা করতে হলে ঠিক তেমনি করে মাতৃভাষার মাধ্যমে আজ ইসলামী সমাজবাদের বাণী পূর্ব-পাকিস্তানের প্রতিটি ঘরে ঘরে পৌঁছে দিতে হবে। মাতৃভাষা ছাড়া অন্য কোন ভাষার মাধ্যমে এ চেষ্টা করার অর্থ হবে আমাদের অগ্রগতি ব্যাহত করা।

ইংরেজ আমলে বাংলাদেশে মুসলমানদের রাজনৈতিক, অর্থনৈতিক ও সাংস্কৃতিক জীবন হিন্দুদের তুলনায় ঘোর পশ্চাৎপদ ছিল। এর একমাত্র কারণ, ইংরেজ বাংলায় শাসন-বিস্তারের সাথে সাথেই মুসলমানদের মধ্যে ভাষা-সংকট সৃষ্টি করে। রাজভাষা ফারসীকে বিতাড়িত

করে ইংরেজরা সেখানে নিয়ে এল ইংরেজী। সদ্য আজাদীহারা মুসলমানদের ইংরেজী ভাষার প্রতি অবহেলা এবং সর্বব্যাপী অসহযোগিতা ও অজ্ঞানতার সুযোগ নিয়ে প্রতিবেশী হিন্দু সমাজ স্বাভাবিকভাবেই অল্প কিছুদিনের মধ্যেই শিক্ষা-সংস্কৃতিতে মুসলমান সম্প্রদায়কে অতিক্রম করে গেলেন।

এদিকে মুসলমানদের অবস্থা কি? তাঁরা হয়ে রইলেন 'না ঘরকা না ঘাটকা'। বাংলা-ভাষাও ভাল করে চর্চা করলেন না, ইংরেজীকেও বয়কট করলেন। ভারতের শিক্ষা-সংস্কৃতির ধারক ও বাহক বিরাট মুসালম জাতি অশিক্ষিত মৎস্যজীবীর পর্যায়ে নেমে আসতে বাধ্য হলেন।

অন্যদিকে একদল "শেরিফ" সম্পূর্ণভাবে বাংলাভাষাকে বর্জন করবার জন্য সচেষ্ট হয়ে উঠলেন। একদিকে ইংরেজী বর্জন, অন্যদিকে "শেরিফ"দের বাংলা বর্জন করে উর্দু প্রচলিত করার প্রচেষ্টায় যে বিপর্যয় দেখা দেয় তাতে সাধারণ মুসলমানদের শিক্ষা-সংস্কৃতি ও অগ্রগতি মারাত্মকভাবে ব্যাহত হয়।

কিন্তু আস্তে আস্তে অবস্থার পরিবর্তন সূচিত হচ্ছে। বিশেষ করে গত ত্রিশ বছর ধরে এই অবস্থার অনেকটা পরিবর্তন এসেছে। শিক্ষিত মুসলিম সমাজ ধীরে ধীরে মাতৃভাষার কদর বুঝতে শিখেছেন এবং ক্রমে ক্রমে বাংলা সাহিত্যের সাধনায় মুসলমানদের ব্যাপক অনুপ্রবেশ নিশ্চিত পথে অগ্রসর হচ্ছিল। বাংলা-ভাষাভিত্তিক একটি মধ্যবিত্ত মুসলমান সমাজও বাংলা দেশে গড়ে উঠল। সরকারী চাকুরী, ব্যবসা-বাণিজ্য, শিল্প-কৃষি, ইত্যাদি সব ক্ষেত্রেই বাংগালী মুসলমানের ক্রমোন্নতি লক্ষ্য করা গেল এবং বলাই বাহুল্য, এই নবগঠিত মুসলিম মধ্যবিত্ত সমাজের শিক্ষা-সংস্কৃতি ও কৃষ্টি-সভ্যতার বাহন হল বাংলা—উর্দু বা ইংরাজী নয়।

এর পর এল দেশ বিভাগ। অত্যন্ত স্বাভাবিকভাবেই এদেশের সাড়ে চার কোটি জনসাধারণ আশা করে যে, স্বাধীনতাপ্রাপ্তির সাথে সাথে বাংলা ভাষার মাধ্যমে পূর্বপাকিস্তানের উন্নয়ন আরও ব্যাপক ও সর্বাত্মক হয়ে উঠবে। যে ভাষার মাধ্যমে ইতিমধ্যেই একটি মাধ্যবিত্ত সমাজ গড়ে উঠেছে, সেই ভাষাকে কেন্দ্র করেই পূর্ব পাকিস্তানে সামাজিক, রাজনৈতিক ও সাংস্কৃতিক উন্নয়ন চলবে, এটা অত্যন্ত ন্যায়সংগত ও স্বাভাবিক কথা; কিন্তু এখানেও একটা সংকটের সৃষ্টি করা হয়েছে। ইংরেজ সরকার বাংলা দেশের শাসন হাতে নেবার সাথে সাথেই যেভাবে ভাষা-সংকটের সৃষ্টি করে এবারেও তার ব্যতিক্রম হচ্ছে না। ইংরেজ ফারসী তাড়িয়ে আমদানী করেছিল ইংরেজী, এবার বাংলাকে হটিয়ে দিয়ে আমদানী করবার কথা চলছে উর্দু।

পৃথিবীর কোন দেশের ইতিহাসে বহিরাগত রাষ্ট্রভাষার স্থায়িত্বের নজীর নেই। ইরান ও তুরস্কের ইতিহাসে এর প্রমাণ আমরা পেয়েছি। এই ভারত ও পাকিস্তানেও ইংরেজী শিখে বহু ভারতীয় যশের শিখরে আরোহণ করেছেন সত্যি কথা, কিন্তু ইংরেজ চলে যাবার সাথে সাথে ইংরেজী ভাষাকেও এদেশ থেকে পাততাড়ি গুটাতে হচ্ছে। তার স্থান দখল করতে যাচ্ছে ভারতে হিন্দী এবং পাকিস্তানে বাংলা ও উর্দু।

বাংলাভাষাকে রাষ্ট্রভাষা করার বিরুদ্ধে একশ্রেণীর লোকের কাছে একটা সস্তা যুক্তি প্রায়ই শুনতে পাওয়া যায়। সেটা হচ্ছে এই যে, বাংলা সংস্কৃত ভাষা থেকে উৎপন্ন ও হিন্দু সাহিত্যিকদের দ্বারা পরিপুষ্ট বলে এই ভাষা ইসলামী ভাবধারা প্রচারের উপযোগী নয়। যাঁরা এই যুক্তি দেখিয়ে থাকেন, তাঁদের জানা আছে (এবং না জানলে জানা উচিত) যে ভারত ও পাকিস্তানের প্রায় প্রত্যেকটি প্রধান ভাষা অল্পবিস্তর সংস্কৃত ভাষা থেকে উৎপন্ন। উর্দু ভাষায় অজস্র সংস্কৃত শব্দের অস্তিত্ব সম্বন্ধে কারুর কোন সন্দেহ আছে কি? যদি না থাকে তাহলে কি উর্দু ভাষার জাত খোয়া গেছে বলতে হবে? আমাদের প্রশ্ন, পবিত্র কোরান শরীফ যে সময় অবতীর্ণ হয়, সেসময় আরবী ভাষা কাদের ভাষা ছিল? পুতুল-পূজারী পৌত্তলিক

নাসারাদের নয় কি? যদি তাই হয়, তাহলে আরবী ভাষাকে পবিত্র ভাষার মর্যাদা দেওয়া হয় কেন? আসলে, ভাষা ভাবপ্রকাশের বাহন মাত্র। ভাব যদি সমৃদ্ধ হয় এবং ভাষা যদি শক্তিশালী হয়, তাহলে যে কোন সমৃদ্ধ ভাবধারা যে কোন শক্তিশালী ভাষায় প্রকাশ করা চলবে। বাংলা ভাষা পৃথিবীর পঞ্চম বৃহৎ ভাষা—এই ভাষায় যদি ইসলামী ভাবধারার প্রচার ও প্রসার ঘটা অসম্ভব হয়, তাহলে বুঝতে হবে, হয় বাংলা ভাষা দুর্বল, নয় ইসলামী ভাবধারারই দুর্বলতা রয়েছে, কিন্তু এ দু'য়ের যে কোন একটি স্বীকার করে নেবার প্রগল্‌ভতা কারুর আছে কি?

উর্দু ভাষাকে ইসলামী ভাবধারার অন্যতম বাহন বলা হয়ে থাকে, কিন্তু প্রশ্ন করতে পারি কি, এই উর্দু ভাষাতেই নিরীশ্বরবাদী কম্যুনিষ্ট কাব্য সাহিত্যের প্রচার সম্ভব হচ্ছে কি করে? উর্দু ভাষা যদি এতই সাফ-সুতরা ও পাক-পবিত্র হবে, তাহলে সে-ভাষায় কমুনিষ্ট সাহিত্য রচনা করা হচ্ছে কেন? বস্তুত: বাংলা ইসলামী ভাবধারা প্রচারের অনুকূল ভাষা নয় বলে যাঁরা মতামত দেন, তাঁদের দৃষ্টিশক্তি নিতান্তই একপেশে। ইসলামী ভাবধারা তার নিজস্ব আদর্শের দীপ্তিতে সমুজ্জল। পৃথিবীর যে কোন ভাষায় যে কোন যুগে এর সার্থক রূপায়ণ চলতে পারে।

বাংলা ভাষার ইতিহাস আলোচনা করলে এ সত্য পরিস্ফুট হয়ে উঠবে। বাংলা ভাষার প্রাথমিক বিস্তারের মূলে ছিলেন মুসলমান, হিন্দুরা নয়। তৎকালীন বাংলা ভাষায় প্রচুর আরবী-ফারসী শব্দের অস্তিত্ব ছিল। নবাব হোসেন শাহের আমলে প্রধানতঃ মুসলমান কবি-সাহিত্যিক-দের প্রচেষ্টায় বাংলা সাহিত্যের শ্রীবৃদ্ধি ঘটে। বাংলা ভাষা ও সাহিত্যের সংস্কৃত-ঘেঁষা রূপ অতি অল্পদিনের ঘটনা। বিদ্যাসাগরই প্রথম বাংলা ভাষা থেকে আরবী ফারসী শব্দের প্রায় বিলোপ সাধন করেন এবং সংস্কৃত ব্যাকরণের উপর ভিত্তি করে বাংলা ভাষার রূপ দেন। বলা বাহুল্য, বিদ্যাসাগরের সংস্কৃত-ঘেঁষা বাংলা আজ হিন্দু সমাজও ব্যবহার করেন না। ভাব ও সংস্কৃতির বিবর্তনের সাথে সাথে বাংলা ভাষায়ও বিবর্তন এসেছে—এই বিবর্তনের মুখে কাজী নজরুল ইসলামের আরবী-ফারসী মধুর আমেজ দেওয়া কাব্য ও ছন্দের রাজা সত্যেন্দ্রনাথ দত্তের আরবী-ফারসী শব্দের সুষ্ঠু প্রয়োগবিশিষ্ট কবিতা বাংলা সাহিত্যের সম্পদ বৃদ্ধি করেছে। পাকি-স্তানের প্রতিষ্ঠা পূর্ববাংলার মুসলমানদের মনোজগতে এক বিরাট ভাববিপ্লবের সৃষ্টি করেছে। সংস্কৃতির ক্ষেত্রে জোরজবরদস্তি যদি না করা হয়, এবং উপর থেকে কোন কিছু চাপিয়ে দেবার কোন চেষ্টা যদি না হয়, তাহলে বাংলা ভাষা উর্দু ভাষা থেকেও তার আরবী-প্রীতিভাব পরিচয় দেবে, নিঃসন্দেহে এ আশা আমরা করতে পারি।

আমরা স্পষ্ট ভাষায় বলতে চাই, বাংলাকে অন্যতম রাষ্ট্রভাষা হিসেবে দাবী করতে গিয়ে আমরা হীন প্রাদেশিকতার মনোভাবকে প্রশ্রয় দিচ্ছি না। আমরা বিশ্বাস করি, গোষ্ঠীগত ও দেশগত রূপ ছাড়াও প্রত্যেক মুসলমানের একটি বিশ্বজনীন রূপ আছে—প্রাদেশিকতার পঙ্কিলতায় নিমগ্ন হয়ে আমরা ক্ষুদ্র ও সংকীর্ণ দৃষ্টিভংগীর পরিপোষকতা করার বিরোধী। সাথে সাথে একথাও বলে রাখা দরকার যে উর্দুকে অন্যতম রাষ্ট্রভাষা করার বিরুদ্ধে আমাদের কোন বক্তব্য নেই। বরং আমরা দৃঢ়ভাবে বিশ্বাস করি, পশ্চিম পাকিস্তানের সাথে ভাববিনিময়ের প্রয়োজনে আমাদের উর্দু শিখতে হবে। তাই অন্যতম রাষ্ট্রভাষা হিসেবে উর্দুর দাবীও আমরা সমর্থন করি।

ইসলামী রাষ্ট্র পাকিস্তানে একের বেশী দুইটি রাষ্ট্রভাষার অস্তিত্ব থাকলে জাতির ঐক্যে ফাটল ধরবে, কেউ কেউ এই অভিমতও পোষণ করে থাকেন। বলা বাহুল্য, এ যুক্তিও ইসলামের আলোকে মেনে নেওয়া চলে না। ঐক্য (unity) ও সমতা (uniformity) এক জিনিষ নয়। ঐক্য বজায় রাখতে গেলে সবাইকে একই খাদ্য খেতে হবে, একই লেবাস পরতে হবে, একই ভাষায় কাজ-কারবার করতে হবে, একই ধারায় চিন্তা করতে হবে—এ যুক্তি ইসলামের দৃষ্টিতে সম্পূর্ণ অচল। বৈচিত্র্যের মধ্যে মিলন—ইংরেজীতে যাকে বলা হয় unity in diver-sity—সেই লক্ষ্যে পৌছানোই ইসলামের আদর্শ। একমাত্র সাধারণ আদর্শ ও জীবন-নীতির মাধ্যমেই একটি জাতিকে একতাসূত্রে আবদ্ধ করা যেতে পারে। পাকিস্তানের সংগ্রামে ভারতের বিভিন্ন প্রদেশ থেকে বহু ভাষা-ভাষী মুসলমানেরা এগিয়ে এসেছিলেন। বাংলাদেশে লীগ ও

পাকিস্তানের প্রচার চলেছিল বাংলা ভাষাতেই, মাদ্রাজে মাদ্রাজীতে, উড়িষ্যায় উড়িয়াতে। এতে পাকিস্তানের দাবী দুর্বল না হয়ে বরং জোরালোই হয়েছিল। পাকিস্তান সংগ্রামের অভাবিতপূর্ব সাফল্যের অন্যতম কারণ ছিল এই যে, ভারতের বিভিন্ন প্রদেশের মুসলমানেরা আকৃতিগত, প্রকৃতিগত এবং ভাষাগত বিভেদ সত্ত্বেও একই আদর্শের পতাকাতলে সমবেত হতে পেরেছিলেন। আজ পাকিস্তান অর্জিত হওয়ার পর বাংলা-পাঞ্জাব-সিন্ধু-বেলুচিস্তান-সীমান্ত প্রদেশের মুসলমানেরা যদি সমান প্রেরণা নিয়ে হুকুমাতে রব্বানিয়াৎ প্রতিষ্ঠার সংগ্রামে এগিয়ে আসেন, তাহলে ভাষার বিভিন্নতা, প্রাকৃতিক দূরত্ব এবং অন্যান্য অসুবিধা কোন প্রতিবন্ধকতার সৃষ্টি করতে পারবে না। তা-ছাড়া আমরা বিশ্বাস করি আজকের যুগে ভাষার মাধ্যমে নয় বরং একমাত্র আদর্শের মাধ্যমেই পাকিস্তান ঐক্যবদ্ধ ও শক্তিশালী রাষ্ট্র হিসেবে দুনিয়ার বুকে বেঁচে থাকতে পারবে। পশ্চিম পাকিস্তানের ভাইরা যদি বাংলা শেখেন এবং পূর্ব পাকিস্তানের জনসাধারণ উর্দু শেখেন তাহলে উভয় অংশের জনগণ একে অপরের ভাবধারা, সুখ-দুঃখ, সাহিত্য ও সংস্কৃতির সংগে পরিচিত হতে পারবেন এবং উভয় অংশের জনসাধারণের মধ্যে ঐক্য সুদৃঢ় ভিত্তির উপর স্থাপিত হবে।

তাই উপসংহারে এ কথা দ্ব্যর্থহীন ভাষায় আমরা ঘোষণা করতে চাই যে, বাংলাভাষা আন্দোলন পাকিস্তানের ঐক্যে ফাটল ধরায়নি বরং এক ঐক্যবদ্ধ ও শক্তিশালী পাকিস্তান প্রতিষ্ঠার পথে এ আন্দোলন আমাদের এগিয়ে দিয়েছে।

ইসলামী ভ্রাতৃসংঘ ও রাষ্ট্রভাষা আন্দোলন

বাংলাকে অন্যতম রাষ্ট্রভাষা করার সপক্ষে উপরে যেসব যুক্তি দেওয়া গেল, ইসলামী ভ্রাতৃসংঘের কর্মীবৃন্দ মনেপ্রাণে তা বিশ্বাস করে এবং বিশ্বাস করে বলেই সাংগঠনিক সমস্ত অসুবিধা উপেক্ষা করেও কর্মীরা রাষ্ট্রভাষা আন্দোলনে অংশগ্রহণ করেছিলো।

এই আন্দোলনে কারাবরণ ও নির্যাতনের সম্মুখীন হতে তারা মোটেই দ্বিধাবোধ করেনি।

আমরা বিশ্বাস করি, প্রাদেশিকতার সংকীর্ণ মনোবৃত্তি বা উর্দু ভাষাভাষীদের প্রতি কোন-রকম বিদ্বেষের মনোভাব ভাষা আন্দোলনের জন্মদান করেনি। গভীর দেশপ্রেমে উদ্বুদ্ধ হয়েই পূর্ব-পাকিস্তানের সাড়ে চার কোটি জনসাধারণ বাংলাকে আজ পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষা করার জন্য সংগ্রাম আরম্ভ করেছেন।

মহান উদ্দেশ্যে অনুপ্রাণিত হয়ে যে আন্দোলন আরম্ভ হয়েছে তাকে পার্টিগত বা ব্যক্তিগত স্বার্থে কুক্ষিগত করার প্রচেষ্টার বিরুদ্ধে ইসলামী ভ্রাতৃসংঘ রুখে দাঁড়াবে।

ইসলামী ভ্রাতৃসংঘ বিশ্বাস করে, রাষ্ট্রভাষা আন্দোলনকে যারা রাষ্ট্রভাসানো আন্দোলনে পরিণত করতে চায় তাদের বিরুদ্ধে সদাজাগ্রত প্রহরীরূপে কাজ করে যাবেন পূর্ব-বাঙ্গলার প্রতিটি সন্তান।

তাই বাংলাকে পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষা করার কাজে সহায়তা করার জন্য পাকিস্তানের প্রতিটি কল্যাণকামী সাহিত্যিক, বুদ্ধিজীবী ও শ্রমজীবীকে আমরা উদাত্ত আহ্বান জানাই।

শিরোনাম	সূত্র	তারিখ
রাষ্ট্রভাষা আন্দোলনকালে মিছিলে গুলিবর্ষণের ঘটনার ওপর জাস্টিস এলিসের রিপোর্ট।	পাকিস্তান সরকার।	২৭শে মে, ১৯৫২।

Report of the Enquiry into the Firing by the police at Dacca on the 21st February 1952, by the Hon'ble Mr Justice Ellis of the High Court of Judicature at Dacca.

GOVERNMENT OF EAST BENGAL

HOME (POLICE) DEPARTMENT

RESOLUTION

No. 2148PL, dated the 3rd June, 1952

READ—Government Notification No 943-PL., dated the 13th March, 1952, stating that with regard to the firing that took place at Dacca on the 21st February 1952, an enquiry should be held by a Judge of the Dacca High Court, to be nominated by the Hon'ble the Chief Justice, to ascertain whether —

(i) the firing by the police was necessary; and

(ii) the force used by the police was justified in the circumstances of the case.

READ—The Report, dated the 27th May, 1952, submitted by the Hon'ble Mr. Justice T. H. Ellis, who was nominated by the Hon'ble the Chief Justice and appointed by Government to hold the enquiry.

The Government of East Bengal are pleased to accept the findings of the Enquiring Judge that—

(i) the firing by the police was necessary;

(ii) the force used by the police was justified in the circumstances of the case.

Ordered that a copy of the Resolution be forwarded to the Enquiring Judge, the Hon'ble Mr. Justice T. H. Ellis, for information.

Ordered also that copy of the Resolution together with a copy of the Report be forwarded to the Commissioner of the Dacca Division, and the Inspector-General of Police, East Bengal, for information and necessary action.

Ordered further that the Resolution together with the Report be published in an extraordinary issue of the "Dacca Gazette".

AZIZ AHMED
Chief Secretary.

FROM

THE HON'BLE Mr. JUSTICE ELLIS,
HIGH COURT OF JUDICATURE,
DACCA.

To

THE CHIEF SECRETARY,
To THE GOVERNMENT OF EAST BENGAL,
DACCA.

Dated Dacca, the 27th May, 1952.

SIR,

I have the honour to submit herewith, my report on the Firing by the Police at Dacca on the 21st of February, 1952, in pursuance of Notification No. 943PL, dated the 13th March, 1952, published in the *Dacca Gazette, Extraordinary*, dated the 13th March, 1952.

I have the honour to be,
SIR,
Your most obedient servant,
T. H. ELLIS.

Report of the Enquiry into the FIRING BY THE POLICE AT DACCA on the 21st February, 1952, in pursuance of Notification No. 943PL., dated the 13th March, 1952, published in the Dacca Gazette, Extraordinary, dated the 13th March, 1952, by the Hon'ble Mr. Justice Ellis of the High Corurt of Judicature at DACCA.

1. On the 31st of January, 1952, a Committee styled the "All-Party Committee of Action" was formed in order to direct the agitation which was being carried on in East Bengal for the inclusion of Bengali as a State Language. This Committee claimed to guide and control the agitation and announced through the medium of the Press that a mammoth demonstration would be staged in Dacca on the 21st of February, 1952 and called for a complete hartal on that date. The East Bengal Legislative Assembly would be in Session on the 21st of February, 1952, and the Provincial Muslim League Council had also arranged to hold a meeting on that date. In these circumstances the District Magistrate of Dacca apprehended that there might be a breach of the peace and disturbance of public tranquility in the city; accordingly at about 5 o'clock in the afternoon of the previous day the 20th of February, 1952, he duly promulgated an order under section 144 of the Code of Criminal Procedure prohibiting processions, demonstrations and the assembly of 5 or more persons in any public place or thoroughfare in the city except with the prior permission of the District Magistrate. The order was promulgated by beat of drum throughout the city; a publicity van broadcast it through the microphone and copies were given to the various newspapers. Police arrangements were

made to meet the expected emergency and by 7-30 a.m. on the 21st of February 1952, the Control Room was manned and dispositions were made of the Police forces in accordance with these arrangements. Reports were received at the Control Room and at the various police stations from an early hour in the morning that attempts were being made to enforce the hartal by closing down shops interfering with vehicular traffic and compelling passengers to dismount from buses, taxis, rickshaws and hackney carriages. Throughout the day the situation deteriorated and ultimately the Police opened fire at 3-20 p.m. at the Medical College gate with the result that one person was killed on the spot and three others subsequently succumbed to the injuries they received. One of the persons killed was a student named Abul Barkat.

2. On Thursday, March 13, 1952, a notification, being Notification No. 943-PL, dated the 13th March, 1952, was published in the *Dacca Gazette, Extraordinary* of that date. The notification is in the following terms:—

"With regard to the firing by police that took place in Dacca on the 21st February, 1952, the Government of East Bengal have decided that an enquiry should be held by a Judge of the Dacca High Court to be nominated by the Hon'ble the Chief Justice. The terms of reference of the enquiry are as follows:-

To enquire and report—

(i) whether the firing by the police was necessary, and

(ii) whether the force thus used by the police was justified in the circumstances of the case or whether it was in excess of that necessary to restore order.

The enquiry shall be held in camera. The Enquiring Judge may at his discretion permit Advocates to assist him in the conduct of the enquiry.

The enquiry shall start on a date to be fixed by the Enquiring Judge and shall be completed as soon as possible."

3. The notification recited that the Government of East Bengal had decided that the enquiry should be held by a Judge of the Dacca High Court nominated by the Hon'ble Chief Justice. Thereafter, I received a copy of an order, dated the 17th of March, 1952, from His Excellency the Governor of East Bengal, directing that I should hold the enquiry. The order runs as follows :—

"His Excellency the Governor of East Bengal is pleased to direct the Hon'ble Mr. Justice T. H. Ellis, a Judge of the High Court of Judicature at Dacca to hold an enquiry into the firing by the police at Dacca on the 21st February, 1952, as required under Notification No. 943-Pl., dated the 13th March, 1952, published in the *Dacca Gazette. Extraordinary*, dated the 13th March, 1952.

A. O. RAZIUR RAHMAN,

Secretary to the Governor of East Bengal."

4. On receipt of the order I issued the following notice :—

NOTICE.

"Statements in writing, preferably typewritten, of facts relevant to the firing by the Police at Dacca on the 21st of February, 1952, are invited from members of the public, members of the University, student groups or organisations from the Provincial Government and any other parties concerned.

The statements should be accompanied by a list of the full names and addresses of the witnesses cited in their support.

The statements should be addressed to the Hon'ble Mr. Justice Ellis at the High Court, Dacca, and should reach him on or before the 31st March, 1952."

T. H. ELLIS,
Judge, High Court, Dacca.
20-3-1952.

The notice was given wide publicity by publication in the Provincial newspapers and by broadcast announcement over Radio Pakistan.

5. The notice invited statements in writing from persons in a position to speak to facts relevant to the firing by the Police on the 21st of February, 1952. In all I received 28 communications and of those 28 communications one related to the events of the 22nd of February, 1952, which did not fall within the scope of my enquiry and therefore did not call for consideration. Eleven of the communications were received from persons who thought that the firing by the Police was not warranted by the circumstances of the case. Two of the communications came from the convenor of the All-Party State Language Committee and from the acting General Secretary, East Pakistan Youth League respectively. They forwarded resolutions of those associations announcing that they did not propose to take part in the enquiry inasmuch as they objected to its scope and limitation. An anonymous petition purporting to come from the students and public complained that the students' leaders and the leaders of the public who were aware of the material facts had been kept in jail and thus were not in a position to make any statements relevant to the Police firing. One communication was a letter signed by one Syedul Huq of Mymensingh who asked me to send his letter to the Press for publication. It appeared that he was labouring under a personal grievance, had a private axe to grind and was anxious for a little free and safe publicity. One statement in Bengali, dated the 28th March, 1952, was received from a student of the Dacca College by name Mohd Abdul Matin, but he subsequently withdrew in a letter of the 9th April, 1952 that statement on behalf of himself and the witnesses he had cited. A statement was sent by one Aktaruddin, President of the All East Pakistan Muslim Students' League, 24, S.M. Hall, Dacca, on the 27th of March, 1952. It did not reach me till the 1st of April 1952, one day after the date appointed for the reception of statements. I accepted it, however, as it had been despatched on the 27th of March, 1952. It contained the surprising statement that a written order to fire was handed over to the Police officials from a private car from Burdwan House. It was accompanied by a letter expressing the students' mortification at the limited scope of the enquiry and their apprehension that it would prove impossible—or had been made impossible for me to gather the true facts of the occurrence.

6. The principal statement of the communicants who objected to the Police firing was received from one Dewan Harun Md. Maniruddin, a student of the Jagannath College, Dacca. He was the only person who claimed to have personally witnessed the Police firing. He submitted one statement on the 21st March, 1952, in which he gave the names of 5 witnesses but followed it up two days later by another statement, dated the 23rd of March, 1952, shorter but substantially on the same lines—in which he added the names of 17 more witnesses.

7. Sixteen statements were received from persons who complained that they had been the victims of lawlessness on the part of the student body on the 21st February, 1952. Some of them were bus conductors, drivers and rickshawalas, who had apparently gathered the impression that one of the functions of the enquiry was to assess damages and award compensation to persons whose vehicles had been damaged. The principal statement in justification of the firing was that submitted by the Government of East Bengal to which a list of 21 persons was attached as witnesses in a position to give evidence material to the enquiry.

8. I considered it desirable to secure the statements of all the persons whose names had been given in the various statements submitted and accordingly had notices issued or requiring requesting them to attend the enquiry for that purpose. The addresses proved insufficient to reach 8 of the persons whose names had been given and so no notice could be served upon them. Seven of those who actually did receive notce did not put in an appearance. They replied either declining to give evidence or explaining that they were not in a position to give any evidence material to the scope of the enquiry.

9. The Government notification of the 13th March, allowed me at my discretion to permit Advocates to assist me in the conduct of the enquiry. Mr. Hamoodur Rahman appeared with my permission on behalf of certain of the Government officers concerned in the enquiry. No other Advocate applied for permission to appear, nor did any oher party ask to be represented by an Advocate. Though the Government of East Bengal had submitted a statement it did not consider itself a party to the enquiry and was not legally represented. At my request, however, Mr. Syed Abdul Ghani appeared as appointed by Government to assist me in the enquiry.

10. The hearing *in camera* should have commenced on the 7th April, 1952, but on that date it proved impossible to examine any witness as certain preliminary arrangements were not completed in time. The examination of witnesses actually commenced on the 8th of April.

Witnesses whose statements were in support of the police claim that the firing was justified and was not in excess were examined on the 8th, 9th, 10th, 15th, 16th, 17th and 18th of April, i.e., for 7 days. Witnesses whose names figured in the statements disapproving of the firing were examined on the 21st, 22nd, 24th, 25th, 26th, 28th and 30th of April, i e., for a similar period of 7 days. After the statements of the witnesses had been recorded two days were taken up in argument. Mr. Hamoodur Rahman presented the case for his clients on May 2nd, and Mr. Abdul Ghani argued his case on May 3rd. After the enquiry was concluded, although familiar with the topography of the scene of the firing I visited the locality to refresh my memory as to the position and lie of the buildings and landmarks figuring in the enquiry and to see for myself the bullet marks on the Medical College hostels.

12. Witnesses' statements recorded in the enquiry may conveniently be divided into 5 classes. The first class consists of official witnesses—1 to 21 and witness No. 36, Ashraf Ali Wahidi, a photographer attached to the firm of Messrs. Zaidi & Co., who took photographs at the instance of the police after the occurrence was over.

	Witness No.
Mr. Md. Idris, P.S.P., S.P., Dacca	1
Mr. S.H. Quraishi, C.S.P., District Magistrate, Dacca .	2
Mr. A.Z. Obaidullah, D.I.-G., Dacca Range	3
Mr. Md. Siddique Dewan, D.S.P., City, Dacca	4
Mr. Nuruddin Ahmed, S.D.O., Sadar South, Dacca ..	5
Mr. Masood Mahmood, P.S.P., Additional S.P., City, Dacca	6
Mr. Nabi Sher Khan, then R.I. 2nd, Dacca. Now R.I., Faridpur.	7
Mr. Md. Yusuf, Special Superintendent of Police, I.B., East Bengal, Dacca.	8
Mr. Abdul Gofran, then O.C., Lalbagh, Dacca. Now Inspector of Police, Barisal.	9
Mr. Mir Ashraful Huq, Inspector of Police, D.D., Dacca ..	10
Mr. J.D'Mellow, Inspector of Police, Dacca ..	11
The Hon'ble Mr. Hasan Ali, Minister-in-charge of C.B.I. Department, Government of East Bengal, Dacca.	12
Mr. Syed Abdul Majid, Director of Land Records and Surveys, East Bengal, Dacca.	13
Mr. Aulad Hossain Khan, Parliamentary Secretary to Hon'be Minister, Civil Supplies, Government of East Bengal, Dacca.	14
Dr. Altafuddin Ahmed, Civil Surgeon, Dacca	15
Mr. Abdur Rahman, Sub-Deputy Magistrate, Dacca ..	16
Mr. A. Jabbar, Inspector of Police, Lalbagh Circle, Dacca ..	17
Dr. Habibuddin Ahmed, Professor of Midwifery and Gynaecology, Medical College, Dacca.	18
Dr. Ahmed Hossain, Electro-Therapist attached to Medical College Hospital, Dacca.	19

	Witness No.
Dr. Hammadur Rahman, Medical Practitioner, Dacca ..	20
Dr. Shaikh Abdus Shakoor, Medical Practitioner, Dacca	21
Mr. Ashraf Ali Wahidi, Photographer attached to Messrs. Zaidi & Co.	36

13. The second class of witnesses consists of the 3 University officials:

Dr. S.M. Hossain, Vice-Chancellor, Dacca University ..	35
Dr. I.H. Zuberi, Dean of the Faculty of Arts, and Head of the Department of English, Dacca University.	37
Dr. M.O. Ghani, Provost, Salimullah Muslim Hall, Dacca	38

14. The third class of witnesses consists of 10 students, 7 of them being. students residing in the Medical College Hostel and 3 of them being outsiders.

The students are—

	Witness No.
Abdul Malik	42
Safiuddin Choudhury	47
Hurmat Ali	50
Md. Gholam Zulfiquar	52
Aminur Rahman	53
Rafiqur Raza Chaudhury	54
Syed Abdul Malik	60

and the 3 outsiders are—

Ahsanullah, Resident of Salimullah Muslim Orphanage, Dacca	58
Shaikh Md. Abdul Hye	62
Dewan Haroon Md. Maniruddin	64

15. The 4th class of witnesses may be described as witnesses hailing from the Medical College. Of their number, four are doctors—

	Witness No.
Dr. Zinnur Ahmed Chaudhury	39
Dr. Abdul Masood Khanmajlis	40
Dr. Nawab Ali	41, and
Dr. Abdus Samad Khan Chaudhury	55

Three of the witnesses are nurses, viz.—

	Witness No.
Sister Miss Eliza Kuruala	43
Miss Nur Jehan Begum	44, and
Miss Pulu Costa	48

Five of the witnesses are Ward boys and Ambulance attendants, *viz.*—

	Witness No.
Deedar Bux	45
Mohammed Mian	46
Sekander Ali	49
Muslim Khan	59, and
Ramzan Khondkar	61

Witness No. 51, Mr. Abdus Sattar Dewan is connected with the Medical College Hospital being its Accountant and witness No. 63, Mr. Ekhlas Uddin Ahmed is a representative of the firm of Khondkar & Co., Contractors to the Medical College Hospital.

16. The 5th and the last class of witnesses consists of those persons who may be conveniently grouped together as witnesses belonging to the public.

They are—

	Witness No.
Mir Muslim, Bus driver	22
Mansur, Bus conductor	23
Sona Mian, Rickshaw-puller	25
Pear Bux, Rickshaw-puller	27
Faku Mian, Rickshaw-puller	29
Kala Chan, Rickshaw-puller	30
Nawab Mian, Rickshaw-puller	31
Ashrafuddin, Rickshaw-puller	32
Abdul Hamid, Rickshaw-puller	33

Witness No. 26, Khairllah, is a Rickshaw passenger.
In this class also come—

Dr. A. Musa A. Huq, a medical practitioner	24
Mr. Md. Kamal, M.A. At present unemployed	28
Mr Abdus Sattar, A Technician of the A.P.P.	34
Matil Islam, an Assistant in the C.L. and I. Department, Government of East Bengal, Dacca	56, and
Mr. Noor Mohammed, an Assistant in the Air Custons Office, Tejgaon, Dacca	57

17. The witnesses who were represented by Mr. Hamoodur Rahman had already had their statements recorded and these were produced as each of the witnesses presented himself at the enquiry. As it was thought advisable to do so, each of the witnesses was examined by Mr. Hamoodur Rahman and was then cross-examined Mr. Ghani. When the witnesses who had been cited in disapproval of the firing presented themseles they were questioned by the presiding officer first of all and were then questioned by Mr. A. Ghani and Mr. Hamoodur Rahman in turn. It may be added that none of the witnesses deposed on oath as the enquiring officer had no power to administer an oath to any person appearing as a witness in the enquiry.

It may be here observed that the witnesses whose evidence is really immaterial in this enquiry are the 8 official witnesses, 6 police officers—

	Witness No.
Mr. Md. Idris, P.S.P., S.P., Dacca . ..	1
Mr. A.Z. Obaidullah, D.I.-G., Dacca-Range . ..	3
Mr. Md. Siddique Dewan, D.S.P., City Dacca	4
Mr. Mohammed Yusuf, Special Superintendent of Police, I.B., East Bengal, Dacca	8
Mr. Abdul Gofran, then Officer in Charge, Lalbagh P.S. Dacca, now Inspector of Police, Barisal	9
Mr. Mir Ashraful Huq, Inspector of Police, Detective Department, Dacca; and two Magistrates	10
Mr. S.H. Quraishi, C.S.P., District Magistrate, Dacca ..	2
Mr. Nooruddin Ahmed, S.D.O., Sadar, South, Dacca and non-official witnesses	5
Mr. Md. Kamal, M.A.	28
Dewan Haroon Md. Maniruddin	64

These are the only witnesses who claim actually to have seen police the firing. The evidence of the other witnesses is important only in so far as it is of assistance in assessing the situation as it developed from the early morning of the 21st of February up to the time when the police actually opened fire at 3·20 p.m.

19. With regard to the incidents in the morning the police witnesses claimed that the day opened with interference with vehicular traffic in the University area from 7·30 a.m. The Police had anticipated that the hartal declared for the 21st February would soon lead to trouble in the University area and had made arrangements to face the emergency. Accordingly the police forces took up their position according to the arrangements previously made by 7-30 in the morning. Md. Siddique Dewan, City D.S.P., Dacca, being detailed for duty in the University ground. Mr. Masood Mahmood, the Additional Superintendent of Police, City, went out on his rounds and visited the Police Outposts from the early morning. In the University area he saw that students were stopping vehicular traffic, forcing passengers to alight from buses, taxis, rickshaws and cars and the tyres of those conveyances were deflated in order to prevent them from being used subsequently. The Police officers intervened in order to keep traffic moving and were abused in filthy language and in particular the Additional S. P., City, was made the target of the students' attack. The Superintendent of Police, Mr. Idris, at 7-45 a.m. received information that a large number of students had collected inside and outside the University premises and the Medical College Hostel compound and they were compelling drivers of vehicles to stop and passengers to alight in order to enforce the declared hartal. The Superintendent of Police hurried to this troublous spot at 8-15 in the morning and found that the students were actually using violence in order to stop vehicular traffic as had been reported to him. The S. P. tried his best to dissuade the students from carrying on these activities but he found that his protests were not having any effect and as he anticipated trouble he stationed police in that particular area. At 9 a.m. at the University gate he had in position the D.S.P., City, one Inspector, two head constables and 20 constable of the S.A.F., one Inspector, one Sub-Inspector, one Sergeant, two head constables and 14 constables armed with lathis. At the Medical College gate he had one head constable, and 10 constables of the S.A.F. and near the Salimullah Muslim Hall he had one head constable, and 10 constables and the constables were armed.

20. At about this time people began to collect in the University compound in driblets, small groups of students and outsiders filtering into the compound until by 10 a.m. a large number of persons had assembled in the University compound and preparations were being made for a meeting. The situation by 10 a.m. had become so tense that a message was sent to Mr. Quraishi, the District Magistrate, and he immediately proceeded to the University gate. When he reached the spot, Mr. Quraishi found that a very large crowd had gathered at the gate and inside the Universty compound which was indulging in abuse of the police and preparing for a mass defiance of the orders under section 144 of the Code. Mr. Quraishi got the Registrar of the Univeristy to telephone to the Vice-Chancellor, asking for the University authorities to persuade the students not to violate the order under section 144, Cr.P.C. Shortly after the arrival of the District Magistrate the Vice-Chancellor, together with Dr. Zuberi and Dr. Ghani had arrived on the scene. The District Magistrate Mr. Quraishi, requested them to prevail upon the students to stop their unlawful activities, to refrain from interference with traffic on the public highway and to refrain from violating section 144 of the Code of Criminal Procedure

When the Vice-Chancellor approached the students whose number he estimated at 1,000 or so, at first they asked him to lead their procession in violation of the order. He proposed that they might hold a meeting, pass a resolution and then disperse. The students met this proposal with a request for him to give them a lead in the matter and preside over the meeting. He did not agree. But he said he was prepared to associate with them if they gave him a guarantee that they would behave peacefully and disperse peacefully after the meeting. The guarantee was never given though some of the leading students tried without success to prevail upon the general body of students. The Vice-Chancellor refused to accept the students' suggestion that he should act according to the decision of the meeting. It was abundantly clear that the students were in no mood to listen to any reasonable suggestions and had obviously made up their minds to violate the orders under section 144 of the Code.

21. The meeting which was held inside the University compound broke up at about 11 a.m. The students then "terribly excited" according to Dr. Zuberi, took possession of the University gate and according to the statements of the Vice-Chancellor and his two colleagues they began to emerge from the gate in small batches of 5, 7 or 10 at a time in order to court arrest by the Police. The police witnesses stated that they came out in batches of 25 or 30. The University authorities stated that the students went out of the gate as their names were called from a roster-list in a note-book—a circumstance which establishes beyond doubt that the "meeting" was merely a specious pretence, the students had made all preparations beforehand for their defiance of section 144 and had selected the names of the students who were to defy the order and had arranged the order in which particular students were to leave the University premises for that purpose. As the students emerged through the University gate the Police arrested them—ignoring the girl students—and indeed some of the students of their own accord climbed into the vehicles which were to convey them to the police-stations. In all 91 persons were arrested and by that time all available accommodation in the police vehicles had been filled up and the Police were in the embarrassing position of not being able to remove any more persons under arrest. Sensing this embarrassment the crowd became more truculent and began to throw brickbats at the Police. The Police had to make further arrangement in the disposition of their forces. Some constables had to be sent in order to escort the students who had been arrested. The Additional S.P., City, was sent to the Assembly House in order to guard the same as it was reported that the students intended to stage a march on the Assembly House and a gas squad was brought to the University gate. At this time the disposition of the police force was as follows:—

At the University gate one Inspector, one Sub-Inspector, one head constable, 6 constables of the S. A. F., one head constable and 4 constables armed with lathis and 14 constables of the gas squad. At the Madical College gate there was the D. S. P., City, one head constable and the 10 constables of the S.A.F. At the Assembly House corner there was the Additional S.P., City, 3 Sergeants, one Sub-Inspector and 2 head constables and 18 constables armed, one head constable and 4 constables with lathis and one head constable and 6 constables of the gas squad.

22. After the arrest of the 91 offenders who violated section 144 of the Code there was a general rush from the University compound. The mob began to run in the direction of the Assembly buildings shouting slogans such as, "Rastra Bhasa Bangala Chai", "Police Zulum Chalbe Na". Its members were informed by the S. P. and the District Magistrate that they constituted an

unlawful assembly and unless they dispersed force would be used to disperse them. They did not disperse and so the police fired gas shells and threw gas grenades in order to disperse them. The result of the gas attack was that the students scattered only to reassemble in the Medical College area and on the other side of the Secretariat Road in the University playground. The students could pass from the University compound area into the Medical College compound area because the wall which separates the two at that time was breached and it was physically possible to pass from one compound to the other within the University area without coming out on to the Secretariat Road. The gas attack temporarily dispersed the crowd but by that time the Additional S. P., City, Mr. Masood Mahmood had already been injured, a jeep had been smashed and there was intermittent brickbatting on the police force from the University premises and from the Medical College area. The situation was regarded as serious enough to call for the presence of the Deputy Inspector-General of Police, Dacca Range, Mr. A. Z. Obaidullah. He arrived on the spot at about 1 p.m. There he met the District Magistrate and the Superintendent of Police and found that a crowd was collected on the road in front of the University and the Medical College extending almost up to the Assembly House. Warnings by the District Magistrate, the Deputy Inspector-General of Police and the Superintendent of Police went unheeded and the crowd intensified its attack on the police and showers of brickbats were hurled at them. When dispersed by gas attacks, they merely retreated temporarily into the University area—their "sanctuary" and gathered for a fresh attack. It appeared that the focus of the trouble was at the gate of the Medical College and accordingly it was decided to concentrate the police force at the Medical College gate, where it appeared to be more urgently needed. Between 2 and 2-30 p.m. the situation developed more serious and the police were forced to take shelter behind the shops on the western side of the Secretariat Road. A member of the Legislative Assembly Maulvi Aulad Hossain, was actually intercepted on his way to the Assembly and was forced to drive into the Medical College Hostel compound. He was compelled to sign a paper that Bengali should be one of the State languages— and, under threats, that he had witnessed lathi charges were being made and had seen the injuries on some boys though as a matter of fact he had not done so. He was unable to come out until 9 p.m. At about this time also the D.S.P., City, Mr. Md. Siddique Dewan, was manhandled and one of the two determined lathi charges which took place on the afternoon of the 21st February was made to effect his rescue from the hands of the crowd. The Police made repeated use of tear gas grenades and shells but the effect produced was not lasting and the mob quickly recovered the initiative. They played what one witness has described as a "cat and mouse" game with the Police, put the grenades and shells out of action by pouring water upon them and then continued their attacks on the Police and passers-by with showers of brickbats.

23. It was at this stage that the Hon'ble Mr. Hassan Ali passed by that way in his car on his way to the Assembly together with Maulana Abdullah-al-Baqui, M.L.A., M.C.A.—President of the Provincial Muslim League, who was travelling with him in the same car. The car was stopped by the crowd and put out of action by having the tyres deflated. Two young men got into the car, one by the left door, the other by the right door. They wished the Hon'ble Minister and his companion to go with them into the Medical College Hospital and pressed them hard. His companion got out of the car in order to do so, but the Hon'ble Minister and his orderly pulled him back into the car as he considered it highly unsafe for him to go as so many brickbats were flying about the place. The Police put the Hon'ble Minister and his

কায়েদে আজমের বলিষ্ঠ নেতৃত্বে সংগ্রাম করিয়া ভারতের দশ কোটী মুসলমান পাকিস্তান প্রতিষ্ঠা করিয়াছে। বিরাট ঐতিহ্যসম্পন্ন একটি মহান জাতির ধর্ম্ম ও সংস্কৃতির হেফাজতের জন্য একটি আলাদা রাষ্ট্র প্রতিষ্ঠা অপরিহার্য ছিল। কাজেই অতি স্বাভাবিকভাবেই নূতন রাষ্ট্রের মাধ্যমে সেই মহান জাতি পূর্ণ আজাদী লাভ করিবে বলিয়া আশা করা গিয়াছিল। কিন্তু আফসোসের বিষয়, জাতির পিতা কায়েদে আজমের এন্তেকালের পর দেশের নেতৃত্বভার এমন ব্যক্তিদের হাতে চলিয়া গেল, যাহারা নেতা হওয়ার সম্পূর্ণ অযোগ্য। পাকিস্তান অর্জ্জনের সংগ্রামে যাহারা অগ্রনায়ক ছিলেন, কায়েমী স্বার্থবাদীদের চক্রান্তে তাঁহারা রাজনৈতিক কর্ম্মক্ষেত্র হইতে অপসারিত হইলেন অথবা নানা প্রকার অত্যাচার ও নির্যাতন ভোগ করিয়া তাঁহাদের কন্ঠ রুদ্ধ হইয়া গেল এবং কলুষিত চরিত্র ব্যক্তিগণ, যাহাদের এই রাষ্ট্র গঠনে কোন প্রকার ত্যাগ ও পরিশ্রম স্বীকার করিতে হয় নাই, তাহারা রাষ্ট্রের কর্ণধাররূপে রাজনৈতিক রঙ্গমঞ্চে অবতীর্ণ হইলেন। ইহার স্বাভাবিক পরিণতিস্বরূপ পাকিস্তানের পূণ্যভূমি কলুষিত হইল এবং পাকিস্তানের কোটী কোটী জনগণের ভাগ্যে চরম বিপর্যয় দেখা দিল।

লীগ নেতৃত্বের স্বরূপ

পাকিস্তানের বর্ত্তমান নেতাগণের চরিত্র বিশ্লেষণ করিলে দেখা যাইবে যে ইহাদের পশ্চাতে কোন ত্যাগ নাই। জনগণের জন্য দরদ নাই এবং ইহাদের ধর্ম্ম ও ঈমানের সঙ্গে তাহাদের অনুসৃত নীতি ও কার্যাবলীর কোন সম্পর্ক নাই। অথচ ইহারা পবিত্র ও অশিক্ষিত দেশবাসীগণকে প্রতারিত করিবার জন্য মুখে ঘন ঘন ইসলামের নাম উচ্চারণ করিতেছেন, খলিফাদের সহিত নিজেদের তুলনার স্পর্দ্ধা দেখাইতেছেন এবং ইহাদের কুকীর্তির সমালোচনা করিলে সমালোচকদের ইহারা রাষ্ট্রদ্রোহী, কমুনিষ্ট এবং শৃঙখলা ভঙ্গকারী বলিয়া অভিহিত করিয়া নানা রকম বেআইনী আইনের কবলে ফেলিয়া তাহাদের কন্ঠ স্তব্ধ করিয়া দিতেছেন। কিন্তু প্রকৃত

অবস্থা বিশ্লেষণ করিলে দেখা যাইবে যে, ইহারা ইসলামকে পাকিস্তান হইতে নির্ব্বাসিত করিতে বদ্ধপরিকর। ঈমানের নাম করিয়া ইহারা বে-ঈমানীর চরম পরাকাষ্ঠা দেখাইতেছে, জনগণকে মিথ্যা স্তোক দিয়া দুঃখভোগের প্রেরণা দিতেছে, অথচ নিজেরা ভোগবিলাসে মত্ত থাকার প্রয়োজনে নানা অসদুপায়ে নিজেদের ধন-দৌলত বৃদ্ধি করিয়া কিসমৎ ফিরাইতেছে।

জাল মুসলিম লীগ

মুসলিম লীগ পাকিস্তান আনয়ন করিয়াছে কিন্তু সেই মুসলিম লীগ আর বর্ত্তমান মুসলিম লীগ সম্পূর্ণ পৃথক দুইটি প্রতিষ্ঠান। পাকিস্তান অর্জন করিয়াছিল নিখিল ভারত মুসলিম লীগ কিন্তু পাকিস্তান অর্জনের পর সে মুসলিম লীগের অস্তিত্ব ছিল না। কিন্তু লীগের নাম ভাঙ্গাইয়া যাহাতে নিজের স্বার্থ সিদ্ধি করা চলে এবং পাকিস্তানকে শাসন ও শোষণ করিবার কায়েমী স্বার্থ বজায় থাকে তজ্জন্য একদল স্বার্থপর, ক্ষমতালিপ্সু ও দুর্নীতিবাজ লোকের চেষ্টায় পাকিস্তান মুসলিম লীগের গোড়া পত্তন হয়। ইহারা মুসলিম লীগের পুরাতন গৌরবের উত্তরাধিকারী সাজিয়া নিজেদের স্বার্থ উদ্ধারের কাজে নির্লজ্জের মতো প্রচার করিতেছে যে, মুসলিম লীগ কায়েদে আজমের আমানতস্বরূপ এবং কায়েদে আজম ইহাদের হাতেই লীগকে আমানত রাখিয়া গিয়াছেন। জনসাধারণ ইহাদের ধাপ্পাবাজীতে গত ছয় বৎসর ধরিয়া প্রতারিত হইয়াছে। কায়েদে আজম ঈমান, একতা ও শৃঙ্খলা এই তিনটি মূলমন্ত্র আমাদিগকে দিয়া গিয়াছেন। কিন্তু তথাকথিত জাতীয় প্রতিষ্ঠানের নেতৃবৃন্দ এই তিনটি মূলমন্ত্র অদ্ভুতভাবে তাহাদের কাজে লাগাইতেছে। তাহারা জনসাধারণকে শোষণ করিতেছে, প্রতিবাদ করিলে একতা ও শৃংখলার দোহাই পাড়িতেছে।

মুসলিম লীগের নামে বর্ত্তমান শাসক সম্প্রদায় জনগণকে বিভ্রান্ত করার যে ধৃষ্টতম কৌশল আবিষ্কার করিয়াছে, তাহাতে আমাদের ধর্ম্ম ও সংস্কৃতি বিপন্ন হইতে চলিয়াছে। আজ যদি ধর্ম্মের অবমাননাকারীদের কঠোর শাস্তির ব্যবস্থা আইনে থাকিত, তাহা হইলে বর্ত্তমান রাষ্ট্র-নেতাদের অনেককেই ফাঁসি কাষ্ঠে ঝুলিতে অথবা কারাগারে পচিয়া মরিতে হইত। আল্লাহ ও ইসলামের নাম করিয়া ইহারা এমন সব কাজ করিয়া থাকে, যাহাতে আল্লার অবমাননা এবং ইসলামের অমর্য্যাদা করা হয়। আমরা প্রথমেই বর্ত্তমান লীগ শাহীর ধর্ম্ম-বিরোধী কার্যকলাপের যে পরিচয় দান করিব, তাহাতে দেখা যাইবে যে ইহাদের হাতে শাসন ক্ষমতা থাকিলে পাকিস্তানে ইসলামী হুকুমৎ কোন কালে কায়েম হইবে না, এমনকি মুসলমান ধর্ম্মের অস্তিত্ব ইহাদের দ্বারা বিপন্ন হইবে। ইহা বুঝিতে পারিয়াই মৌলনা আতাহার আলীর নেতৃত্বে পূর্ব্ব পাকিস্তান জমিয়তে উলামায়ে ইসলাম মুসলিম লীগের বিরুদ্ধে সংগ্রামে নামিয়াছেন। জনদরদী শেরেবাংলা ও দেশপ্রেমিক ভাষানী মওলানা হাতে হাত ও কাঁধে কাঁধ মিলাইয়াছেন। মুসলিম লীগ নেতাদের ইসলাম প্রীতির বিষয় লইয়া আলাপে আসিবার পূর্ব্বে খোলাফায়ে রাশেদীনের আমলে খলিফাদের সঙ্গে বর্ত্তমান মুসলিম লীগ খলিফাদের জীবন যাত্রা প্রণালীর একটু তুলনা-মূলক আলোচনা করা যাক।

খলিফাদের ত্যাগ ও লীগের নেতাদের অর্থলোভ

ইসলামী রাষ্ট্র অথবা খোলাফায়ে রাশেদীনের সময় যে বেতন রাষ্ট্রনায়কেরা লইতেন, তাহার সহিত পাকিস্তানের রাষ্ট্রনায়কদের বেতনের এক তুলনামূলক হিসাব নিম্নে দেখানো হইল :

১ম ও দ্বিতীয় খলিফা হজরত আবুবকর ও হজরত ওমর (রা:) মাসিক ২২৫ দেরহাম বেতন লইতেন। তাঁহারা খলিফার কার্যভার গ্রহণের পূর্ব্বে ব্যক্তিগত সম্পত্তির এক পূর্ণ তালিকা সরকারে পেশ করিয়াছিলেন। ইহার উদ্দেশ্য ছিল যে, খলিফার কার্যভার ত্যাগের পর

তাঁহাদের সম্পত্তি নিজেদের পদাধিকারের সুযোগে বৃদ্ধি করিয়াছেন কিনা, তাহা দেখাইবার সুযোগ জনসাধারণকে দান করা। তৃতীয় খলিফা হজরত ওসমান (রাঃ) সরকারী কোষাগার হইতে আদৌ কোন বেতন গ্রহণ করেন নাই। চতুর্থ খলিফা হজরত আলী (রাঃ) বৎসরে ৫ শত দেরহাম বেতন গ্রহণ করিতেন।

কায়েদে আজমের পর

পাকিস্তান প্রতিষ্ঠার পর রাষ্ট্রপতি হিসাবে কায়েদে আজম মোহাম্মদ আলী জিন্নাহ সরকারী তহবিল হইতে কোন বেতন গ্রহণ করেন নাই।

কায়েদে আজমের এন্তেকালের পর বৃটিশ সরকারের অনুগ্রহপুষ্ট স্যার নাজিমুদ্দীন যখন পাকিস্তানের বড়লাট নিযুক্ত হন, তখন হইতেই পাকিস্তানের মূলে প্রথম আঘাত হানা শুরু হয়। তিনি আজাদীর জন্য কোন ত্যাগ স্বীকার করেন নাই, অথচ আজাদীর পর তিনি কায়েদে আজমের শূন্য আসন দখল করিলেন। পাকিস্তানের এই নয়া খলিফার মাসিক বেতন ১২,৫০০ টাকা নির্দ্ধারিত হইল। বার্ষিক ভাতা হিসাবে তিনি ৫০,০০০ টাকা এবং সরকারী ব্যয়ে সজ্জিত ২,০০০ টাকা মাসিক ভাড়ার বিরাট প্রাসাদ বিনা খরচে ভোগ করিতে লাগিলেন। তাঁহার সফরের ব্যয় রাষ্ট্রই বহন করিতে হইত এবং তাঁহার নিজস্ব বিমান চালনার ব্যয় প্রতি মাইল ১০০ টাকা। তাঁহার পোষাকের ব্যয় হিসাবে বার্ষিক ৩,০০০ টাকা সরকার হইতে দেওয়া হইত। অর্থাৎ তাঁহার সকল ব্যয় রাষ্ট্র বহন করিয়াছিল এবং বৎসরে তাঁহার আড়াই লক্ষ টাকা সঞ্চিত হয়।

কেন্দ্রীয় সরকারের প্রধানমন্ত্রী মাসিক ৪ হাজার টাকা বেতন এবং বার্ষিক ৩ হাজার টাকা পোষাকের খরচ হিসাবে গ্রহণ করেন। তাঁহার বাড়ী, গাড়ী, বিমান, ট্রেন ও তৈজসপত্র, ভৃত্য, সব খরচই সরকার হইতে বহন করা হয়। কেন্দ্রের অন্যান্য মন্ত্রীগণও সকলে এই সুযোগ পাইয়া থাকেন।

প্রাদেশিক প্রধান মন্ত্রীগণ—পূর্ববঙ্গের প্রধানমন্ত্রীর বেতন— ১,৮০০ টাকা
ভাতা— ১,২০০ টাকা

বাড়ী, গাড়ী এবং চাকর বাকরের ব্যয় সরকারী কোষাগার হইতে বহন করা হয়। তিনি ৬ বৎসর ওজারতী করিয়া ঢাকা ও ময়মনসিংহে কয়েকখানা প্রাসাদ নির্ম্মাণ করিয়াছেন। এক এক খানি প্রাসাদের নির্ম্মাণ ব্যয় ৩ লক্ষ টাকা। এখানে উল্লেখযোগ্য যে লীগ শাহীর পূর্ব্বে তিনি ময়মনসিংহের একজন সামান্য উকিল ছিলেন।

প্রদেশের অন্যান্য মন্ত্রীদের মাসিক বেতন ১,৫০০ টাকা। ইহাদিগকে সুসজ্জিত প্রাসাদ এবং গাড়ীর ভাতা দেওয়া হয়। বিশেষ করিয়া পূর্ববঙ্গে কয়েকজন ব্যাধিগ্রস্ত ও অকর্ম্মণ্য মন্ত্রীকে অনর্থক বসাইয়া বসাইয়া বেতন দেওয়া হয়। এইসব ব্যাধিগ্রস্ত অপদার্থ মন্ত্রী বাহাদুররা মাসের পর মাস সরকারী খরচে হাসপাতালে চিকিৎসাধীন থাকিয়াছেন। মন্ত্রীদের স্বাস্থ্য ভাল করিতেই সরকারী তহবিলের বিরাট অংশ ব্যয়িত হইত। অবশ্য এই সব বেতন ও খরচপত্রাদি মজলুম দেশবাসী বহন করিয়া থাকে।

বিদেশের দূতাবাসে মদের প্লাবন

বিদেশে পাকিস্তানের রাষ্ট্রদূত হিসাবে এক শ্রেণীর লোকদিগকে পাঠানো হইয়া থাকে, ইহাদের অনেকে বিদেশে পাকিস্তানের ইজ্জতের এবং ইসলামের সুনামে কলঙ্ক লেপন করিতেছেন। দূতাবাসসমূহে মদ্যের জন্য যে অর্থ ব্যয় করা হয় তাহাতে একটি প্রদেশের কোন এক বিভাগীয় ব্যয় সম্পন্ন হইতে পারে।

খেলাফত যুগের রাষ্ট্রনায়কদের বেতন এবং অন্যান্য ব্যয়ের সহিত নয়া ইসলামী রাষ্ট্র পাকিস্তানের রাষ্ট্র-নায়কদের ব্যয় ও বেতনের এই তুলনামূলক হিসাব দেখিলে স্পষ্ট প্রতীয়মান হইবে যে ইহারা ইসলামকে বরবাদ করার জন্যই যেন ঘন ঘন ইসলামী জিগির তুলিতেছে।

পাকিস্তানের সহিত অন্যান্য অমুসলমান রাষ্ট্রের রাষ্ট্রপতি ও মন্ত্রীদের তুলনামূলক আয়-ব্যয়ের হিসাব নিম্নে প্রদত্ত হইল:

চীন

চীনা গণ-সরকারের প্রধানমন্ত্রী মাও সে তুং বেতন ও অন্যান্য খরচ বাবদ মাসিক ৫০০ টাকা ও অন্যান্য মন্ত্রীরা মাসিক ২০০ টাকা পাইয়া থাকেন। ইঁহাদের গাড়ী, বাড়ীর খরচ নিজেদেরই বহন করিতে হয়।

ভারত

বৃটিশ আমলে বড়লাটের বেতন ছিল মাসিক ২৫,০০০ টাকা।

স্বাধীন ভারতে রাষ্ট্রপতির বেতন ধার্য্য হয় ১২,৫০০ টাকা। প্রথম রাষ্ট্রপতি শ্রীরাজা গোপালাচারী মাসিক ৭০০ টাকা রাষ্ট্রকে দান করিতেন, ২,৫০০ টাকা দরিদ্র ছাত্রদের তহবিলে দিতেন এবং নিজে লইতেন মাসিক ৩,০০০ টাকা।

মাদ্রাজের প্রধানমন্ত্রী হইয়াও রাজা গোপালাচারী এখনও রিকশা চড়িয়া বেড়ান। নাজিমুদ্দিন ও রাজা গোপালাচারীর মধ্যে পার্থক্য এই যে নাজিমুদ্দিন চিরকাল বৃটিশের দালালী করিয়াছেন আর রাজাজী আজীবন সংগ্রামে চিরকাল নির্যাতিত হইয়াছেন।

বড়লাট হিসাবে বিদায়কালীন ভাতা পাইয়াছেন রাজা গোপালাচারী মাসিক ১,০০০ টাকা এবং নাজিমুদ্দিন মাসিক ২,০০০।

ইসলামী রাষ্ট্রে মদ ও জুয়া

পাকিস্তান প্রতিষ্ঠার পূর্ব্বে পূর্ব্ববঙ্গে যে পরিমাণ মদ বিক্রয় হইত, পাকিস্তান হওয়ার পর তাহা যে কতগুণ বাড়িয়া গিয়াছে, তাহার হিসাব করা যায় না। পাকিস্তান হওয়ার পূর্বে কেবলমাত্র ঢাকা ক্লাবে মাসে ৭০ হইতে ৮০ গ্যালন মদ বিক্রয় হইত। পাকিস্তান হওয়ার পর আইন করিয়া মদ্যপান নিষিদ্ধ করা হইয়াছে। অথচ এক ঢাকা ক্লাবেই মাসে ৭০০ গ্যালন মদ বিক্রয় হয়। ইহা ছাড়াও নবাব নুরুল আমীন সাহেবের মেহেরবানীতে ঢাকা শহরের বুকে আরও ৬টি মদের দোকান খোলা হইয়াছে এবং তাহাতেও বিপুল পরিমাণে মদ বিক্রয় হয়।

ইসলামী আইন অনুসারে লাট সাহেবেরা খলিফাদের শামিল। অথচ সেই খলিফাদের বাসভবনে মদ মওজুদ রাখা নেহায়েত সাধারণ ব্যাপার। অনেক সময় লাট প্রাসাদে ককটেল পার্টি এবং মেয়েদের কোমর ধরিয়া নাচ (বল নাচ) হইয়া থাকে। ইসলামী বিধানের কোথাও এইরূপ ককটেল পার্টি ও বল নাচের হদিস পাওয়া যায় নাই।

দেউলিয়া পাকিস্তান

পাকিস্তান হওয়ার পর আমাদের আর্থিক অবস্থা যাহা ছিল, পরের কয়েক বৎসরে তাহা কিরূপ শোচনীয় হইয়াছে, অনেকেই তাহা অবগত নন। কাজেই তাহার হিসাব সংক্ষেপে দেওয়া প্রয়োজন।

১৯৪৮-৪৯ সালে পাকিস্তানের মওজুদ তহবিলে ১০৮ কোটি টাকার সোনা বাড়তি হইয়াছিল। কিন্তু ১৯৫০-৫১ সালে পাকিস্তানের দেনা হয় ৬৮ কোটি টাকা। বিদেশ হইতে বিলাতী মদ, নখের রং, মুখের পালিশ, ঠোঁটের রং এবং পুতুল কিনিতে রাষ্ট্রের তহবিল উজাড় করিয়া দেওয়া হয়। অথচ এই সকল জিনিষ গরীবের কোন কাজে লাগে না। বড়লোক এবং ইঙ্গ-বঙ্গ সমাজের খেয়াল মিটাইবার জন্য গরীব দেশের কোটি কোটি টাকা ব্যয় করিয়া দেশকে ফতুর করা হইয়াছে।

শাসনতন্ত্র কোথায়?

পাকিস্তান কায়েম হইয়াছে প্রায় সাত বৎসর পূর্বে, কিন্তু এই দীর্ঘ সময়ের মধ্যে এই রাষ্ট্রের কোন শাসনতন্ত্র রচিত হয় নাই। ইংরেজের গড়া শাসনতন্ত্র লইয়া এই রাষ্ট্র পরিচালিত হইতেছে, অথচ ভারত স্বাধীনতা পাওয়ার মাত্র এক বৎসর পরেই তাহার নূতন শাসনতন্ত্র রচনা শেষ করিয়াছে। আমেরিকার মত একটি দেশের শাসনতন্ত্র রচনা করিতে মাত্র নয় মাস সময় লাগিয়াছে। ভারতের শাসনতন্ত্র রচনা এবং গৃহীত হইতে মোট ব্যয় হইয়াছে ৯ লক্ষ টাকা, আমেরিকার ব্যয় হইয়াছিল ১৯ লক্ষ টাকা, অথচ পাকিস্তানের শাসনতন্ত্র এখনও রচনা করা হয় নাই, কিন্তু ইতিমধ্যে এই বাবদ ১৬ কোটি টাকা ব্যয় হইয়া গিয়াছে। হায়রে গরীব রাষ্ট্র পাকিস্তান!

গত ৬ বৎসর ধরিয়া পাকিস্তান গণ-পরিষদের সভাপতি মাসিক ৪ হাজার টাকা করিয়া বেতন এবং বাড়ী ও গাড়ী সরকারী খরচায় পাইতেছেন। গণ-পরিষদের সদস্যগণের যাতায়াতের ভাড়া ও করাচী অবস্থানের জন্য প্রত্যহ ৪২ টাকা হিসাবে ভাতা দেওয়া হইয়াছে। এই বিপুল অর্থ যে দরিদ্র জনসাধারণই দিয়াছে, একথা বলাই বাহুল্য।

ব্যক্তিস্বাধীনতা বিপন্ন

পাকিস্তানের নিজস্ব শাসনতন্ত্র না থাকায় এই রাষ্ট্রে ব্যক্তি স্বাধীনতা বিপন্ন হইয়াছে। সারা পাকিস্তানে দেড় হাজারের অধিক অধ্যাপক, উকিল, ছাত্র-ছাত্রী ও দেশ-প্রেমিক যুবকগণ জেলের মধ্যে বিনা বিচারে আটক ছিল, অথচ ইসলামের বিধান অনুসারে বিনা বিচারে কাহাকেও আটক রাখা যায় না। বন্দীদিগের প্রতি জেলে যে ব্যবহার করা হয়, তাহা মনুষ্যোচিত বলা যায় না। প্রথম শ্রেণীর রাজবন্দীদের জন্য দৈনিক ১৶৫ পয়সা খাদ্যের বরাদ্দ করা আছে, কিন্তু মুসলিম লীগের পোষা কন্ট্রাকটরদের চুরি করার পর বন্দীদের ভাগ্যে ।।√ আনা হইতে ।।৵০ আনার অধিক খাদ্য জোটে না।

খুনীর ভূমিকায় মুসলিম লীগ

জার্মানীতে হিটলারের আমলে সামান্য কারণে বন্দীদিগকে যেভাবে হত্যা করা হইত, মুসলিম লীগ শাসনে পাকিস্তানে তাহা হুবহু অনুসৃত হইতেছে। ইহার ফলে বহু মেধাবী ছাত্র লীগ-শাহীর অত্যাচারে জান দিয়াছে। রাজশাহী জেলে যে গুলীবর্ষণ করা হইয়াছিল, তাহাতে কয়েক জন হতাহত হয়। নিহতদের মধ্যে ছিল খুলনা জেলার এক দরিদ্র বিধবার একমাত্র পুত্র আনোয়ার, সে দ্বিতীয় বার্ষিক বিজ্ঞান বিভাগের ছাত্র ছিল।

• ঢাকায় ভাষা আন্দোলনের সময় নুরুল আমীন সরকার গুলী করিয়া কয়েক জন নওজোয়ানের জীবনলীলার অবসান করে। নিহত ব্যক্তিদের দাফন পর্যন্ত ইসলামী কানুন মত করা হয় নাই। তদানীন্তন মুসলিম লীগের মুখপত্র দৈনিক মিল্লাত (২৩শে ফেব্রুয়ারী) ১৯৫২ সন এ সম্পর্কে পূর্ণ বিবরণ প্রকাশ করিয়াছিলেন।

ঢাকার লালবাগের পুলিশ ব্যারাকে নুরুল আমীন সরকার গুলী চালাইয়া প্রায় তিনশত পুলিশকে হতাহত করেন বলিয়া প্রকাশ। উহাদের কি দোষ ছিল, তাহা সরকার বলেন নাই। এবং গুলী চালনার ব্যাপারও বহুদিন গোপন রাখা হইয়াছিল।

মুসলিম লীগের অন্যতম অপকীর্তি করাচীতে ছাত্রদের উপর গুলী চালানো। ছাত্রদের অপরাধ ছিল যে তাহারা বেতন বৃদ্ধির প্রতিবাদে শোভাযাত্রা বাহির করিয়াছিল। এই সামান্য কারণে ১২ জন ছাত্রকে যে মুসলিম লীগ সরকার গুলী করিয়া মারিতে পারে, দেশ শাসনের কোন অধিকার তাহাদের থাকা উচিত নয়।

চট্টগ্রামে বাঁধ কাটা লইয়া গুলীবর্ষণ ও নবীনগরে মসজিদের মধ্যে গুলীবর্ষণ লীগ-শাহীর অন্যতম অপকীর্তি হইয়া রহিল। সমগ্র পশ্চিম পাকিস্তানে আহমদীয়া বিরোধী আন্দোলনের সময় সামরিক আইন জারী করিয়াও বহু সংখ্যক লোককে লীগ সরকার খুন করিয়াছে। বহু সংখ্যক সম্মানিত উলামায়ে-কেরামকে উলঙ্গ করিয়া বীভৎসভাবে প্রহার করিবার ইতিহাস লোকের মুখে মুখে প্রচারিত।

মুসলিম লীগ সরকার জনগণের প্রয়োজন মিটাইতে পারে নাই, ফলে তাহাদের দাবী-দাওয়াকে সম্পূর্ণ আইনসম্মত সংগ্রাম শক্তির দ্বারা দাবাইয়া রাখার জন্য পূর্ব পাকিস্তানের পুলিশী বাহিনী অসম্ভব রকম বৃদ্ধি করিয়াছে। যুক্ত বাংলার আমলে বাংলাদেশে একজন আই. জি. পুলিশের অধীনে মাত্র ৬ জন সহকারী আই. জি. থাকিতেন। কিন্তু পূর্ব পাকিস্তান সমগ্র বাংলার আয়তন অপেক্ষা অনেক কম হইলেও এখানে একজন আই. জি. পুলিশের অধীনে বর্তমানে ১১ জন ডি. আই. জি. বহাল করা হইয়াছে। অথচ অপরাধের সংখ্যা বৎসরের পর বৎসর বাড়িয়া চলিয়াছে। ১৯৪৭ সালে মোট অপরাধের সংখ্যা ছিল ৫৪৫৬৬, কিন্তু ১৯৫০ সালে এই অপরাধের সংখ্যা বৃদ্ধি হইয়া দাঁড়ায় ২১৮৬৭০। এই হিসাব হইতেই প্রমাণিত হইতেছে যে, মুসলিম লীগ দেশ শাসনের নামে অরাজকতার সৃষ্টি করিয়া চলিয়াছে। পুলিশ বিভাগকে বাড়ান হইল করা সত্ত্বেও যখন অপরাধের সংখ্যা কমে নাই তখন বুঝিতে হইবে যে পুলিশ বিভাগে সচ্চরিত্র ও উপযুক্ত লোকদিগকে স্থান দেওয়া হয় নাই।

খাদ্য, বস্ত্র ও ঔষধ হইতে জনগণ বঞ্চিত

ছয় বৎসরের মুসলিম-লীগ শাসন পাকিস্তানকে খাদ্য, বস্ত্র ও ঔষধ হইতে বঞ্চিত করিয়াছে, পূর্ব পকিস্তানকে ভিখারীর দেশে পরিণত করা হইয়াছে, লীগ সরকারের বন্ধ্যা নীতির ফলে ১৯৫১ সাল হইতে ৫৩ সাল পর্যন্ত খুলনা ও বরিশালে দুর্ভিক্ষ বর্তমান ছিল। এক খুলনা জেলায়ই প্রায় ২০ হাজার লোক দুর্ভিক্ষে মৃত্যু বরণ করে। সারা জেলা যখন কবরস্থানে পরিণত হইয়াছিল, তখনও মুসলিম লীগের নির্লজ্জ মন্ত্রীরা বলিয়া বেড়াইতেছিল যে দুর্ভিক্ষ আদতেই হয় নাই। মুসলিম লীগের অন্যতম চাঁই ও খুলনার এম. এল. এ. এম. এ. সবুর তখন সংবাদ-পত্রে বিবৃতি দিয়া বলিয়াছিলেন যে, দুর্ভিক্ষে ২০ হাজার লোক মরিয়াছে এবং বহু লোক পাকিস্থান হইতে হিন্দুস্থানে হিজরত করিয়াছে। অবশ্য সেই সবুর সাহেবই এখন মুসলিম লীগের দালাল হইয়া নানাস্থানে বক্তৃতা করিয়া বেড়াইতেছেন।

লবণ সংকট

১৯৫১ সালের লবণ সঙ্কট মুসলিম লীগের অন্যতম অপকীর্তি। পূর্ব-পাকিস্থানে লবণ তৈয়ারী হইয়া থাকে, কিন্তু মুসলিম লীগের মন্ত্রীদের কেহ কেহ নিজেদের আত্মীয় পোষণের জন্য পূর্ব পাকিস্তানের লবণ তৈয়ারীর উপর নিষেধাজ্ঞা জারি করান এবং আত্মীয়-স্বজনকে লবণ

ব্যবসায়ের একচ্ছত্র সুযোগ দেন। তাহাদেরই চক্রান্তের ফলে দুই আনা মূল্যের লবণ ১৬৲ টাকা সের দরে পূর্ব পাকিস্তানীরা ক্রয় করিয়াছে। লীগ সরকারের দমননীতির ভয়ে জনগণ প্রতিবাদ করিবারও তেমন সাহস পায় নাই।

পূর্ব পাকিস্তানে যখন খাদ্যাভাবে মানুষ মরিতেছে, তখন মুসলিম লীগের নেতারা কি-ভাবে চাউলের ব্যবসা করিয়া লাভবান হইয়াছে, তাহার বিবরণ দেওয়া প্রয়োজন। পূর্ব পাকিস্তান সরকার করাচী হইতে সাবেক খাদ্যমন্ত্রী পীরজাদা আবদুস সাত্তারের খামার হইতে ৮৲ টাকা মণ দরে চাউল ক্রয় করিয়া আনেন। সেই চাউল এখানে তাহারা ২০৲ টাকা মণ দরে, কোন কোন সময় ২১৷০ আনা মণ দরে বিক্রয় করিয়া সরকারের কোষাগারে বিরাট অঙ্কের লাভ দেখাইয়া থাকেন। এবং এই লাভের টাকা দিয়া মন্ত্রী এবং সরকারী চাকুরিয়াদের জন্য গাড়ী কেনা হইয়া থাকে। দরিদ্রের ভাগ্য লইয়া এমন পরিহাস কেবলমাত্র মুসলিম লীগের পক্ষেই শোভা পায়।

বস্ত্রের দিক দিয়া পূর্ব পাকিস্তানকে প্রায় উলঙ্গ করিয়া রাখা হইয়াছে। মুসলিম লীগ সরকার এদেশে নূতন বস্ত্রমিল প্রতিষ্ঠার কোন চেষ্টা করে নাই। অথচ পশ্চিম পাকিস্তানে গত কয়েক বৎসরে ৭/৮টি নূতন মিল স্থাপন করা হইয়াছে। পূর্ব পাকিস্থানকে ব্যবসায়ী ও পুঁজিপতিদের শোষণের ক্ষেত্ররূপে ব্যবহার করা হইতেছে। ১৯৫২ সালে পূর্ব পাকিস্তানে কাপড়ের দুর্ভিক্ষ মিটাইবার জন্য ওয়াহিদুজ্জামান নামক এক কুখ্যাত ব্যক্তিকে দুই কোটি টাকার ভারতীয় কাপড় আমদানী লাইসেন্স দেওয়া হইয়াছিল। সেই কাপড়ের বেশীর ভাগ কলিকাতায় বিক্রী হয়। সামান্য কাপড় ঢাকায় আনিয়া কালোবাজারে চালান দেওয়া হইয়াছিল। পুলিশ এই চরম অসাধুতার বিষয়ে তদন্ত শুরু করায় উজিরে আজম নুরুল আমীন উহা চাপা-চাপা দিয়া রাখিয়াছেন। নুরুল আমীন সরকারের অজানাই জানা আছে যে ওয়াহিদুজ্জামান নামক এই ব্যক্তিটি অবিভক্ত বাংলায় কো-অপারেটিভ কেলেঙ্কারীর জন্য দায়ী। বাংলা বিভাগ হওয়ার ফলে সে আত্মরক্ষা করিতে সমর্থ হইয়াছে। বিভাগ পূর্ব বাংলায় পাকিস্তান-আন্দোলনের সময় এই ব্যক্তিটি মুসলিম লীগের বিরুদ্ধে কাজ করিয়াছিল। পূর্ব পাকিস্তানে নাকি সে এখন মুসলিম লীগের একজন বড় চাঁই।

রোগীর পথ্য ও ঔষধের অব্যবস্থা

ঔষধের ব্যাপারেও পূর্ব পাকিস্তানে অসহায় অবস্থার সৃষ্টি হইয়াছে। দুইজন মন্ত্রী বেনামে ঔষধের আমদানী-রপ্তানীর লাইসেন্সের সিংহ ভাগ পাইতেছেন এবং তাঁহাদের কল্যাণেই পূর্ব পাকিস্তানে ঔষধ পাওয়া যায় না, অথচ পাকিস্তান হইতে ভারতে ঔষধ চালান যায়। এখানের জেলাবোর্ড, মিউনিসিপালিটি দাতব্য চিকিৎসালয়গুলিতে ঔষধ নাই, দরিদ্র রোগীরা ঔষধের অভাবে বিনা চিকিৎসায় মারা যাইতেছে। হাসপাতালে ঔষধের অভাবে রোগীর মৃত্যুসংখ্যা অস্বাভাবিক রকম বৃদ্ধি পাইয়াছে। অথচ স্বাস্থ্য মন্ত্রী শাহাব সাহেব কোন কাজ না করিয়াই বসিয়া বসিয়া মোটা বেতন লইতেছেন। দরিদ্র দেশবাসী যখন ঔষধ ও পথ্যাভাবে মৃত্যুবরণ করিতেছে, তখন সামান্য অসুখের অজুহাতে লীগের মন্ত্রীরা এবং নেতারা চিকিৎসা করাইবার জন্য লণ্ডন, আমেরিকা, সুইজারল্যাণ্ড, ভিয়েনা প্রভৃতি ইউরোপীয় মুলুকে পাড়ি দিতেছেন। জনগণের প্রতি বে-ঈমানির ইহা অপেক্ষা চূড়ান্ত পরিচয় আর কি থাকিতে পারে? এই সেদিনের কথা অর্থ সচিব চৌধুরী মোহাম্মদ আলী যখন বহু অর্থ ব্যয়ে ঢাকায় সরকারী খরচে চিকিৎসিত হইতেছিলেন, ঠিক সেই সময়ই মওলানা ভাষানীর স্ত্রী এক ফোঁটা ঔষধের অভাবে তিলে তিলে মৃত্যুর দিকে অগ্রসর হইতেছিলেন।

শিক্ষার বিরুদ্ধে জেহাদ

শিক্ষার বিরুদ্ধে মুসলিম লীগ যেন জেহাদ ঘোষণা করিয়াছে। মুসলিম লীগ ক্ষমতা দখলের পর পূর্ব্ব পাকিস্তানকে সুপরিকল্পিত উপায়ে অশিক্ষিত রাখার ঘৃণ্য ষড়যন্ত্র করিয়াছে। তাহার ফলে লীগ হুকুমতের প্রথম বৎসরেই পূর্ব্ব পাকিস্তানের প্রায় ৩০ হাজার প্রাইমারী স্কুল বন্ধ করিয়া দেওয়া হয়। যে স্কুলগুলি চলিতেছে, তাহা বন্ধ করার অভিপ্রায়ে শিক্ষকগণকে অপর্যাপ্ত বেতন অত্যন্ত অনিয়মিতভাবে দেওয়া হয়। স্কুলে আসবাব পত্রাদির নাম-গন্ধ নাই। উচ্চ শিক্ষার জন্য লীগ সরকার মাঝে মাঝে মোটা বরাদ্দ করিয়া থাকেন, অথচ প্রাইমারী ও মাধ্যমিক শিক্ষা ব্যবস্থাকে তাঁহারা অত্যন্ত চতুরতার সহিত পঙ্গু করিয়া দিতেছেন। ইহার ফলে অদূর ভবিষ্যতে উচ্চ শিক্ষার জন্য আর অর্থ বরাদ্দের প্রয়োজন হইবে না।

নাজেমুদ্দিন-নুরুল আমীন চক্র প্রদেশের শিক্ষা মন্ত্রীর মসনদে এমন এক অযোগ্য ব্যক্তিকে বসাইয়া রাখিয়াছেন যাহার পেটে বোমা মারিলেও শিক্ষার ব্যাপারে কোন বিজ্ঞতামূলক কথা বাহির হইবে না। ইহার উপর মাধ্যমিক শিক্ষা বোর্ড নামক এমন এক অপূর্ব্ব চীজ সৃষ্টি করিয়া রাখা হইয়াছে, যাহার কোন ক্ষমতা নাই, অথচ শিক্ষা-ব্যবস্থা পণ্ড করার যোগ্যতা যথেষ্ট আছে, এবং এই বোর্ডের প্রেসিডেন্টরূপে এমন এক ব্যক্তিকে নিয়োগ করা হইয়াছে, যিনি কয় বৎসরে কেবলমাত্র নিজের ব্যবসায় বেনামে চালাইয়া ফুলিয়া ফাঁপিয়া ঢোল হইয়াছেন।

পূর্ব-পাকিস্তানের ম. লী. মন্ত্রিসভা গত ছয় বৎসরে শিক্ষা ব্যাপারে কতটা অযোগ্যতার পরিচয় দিয়াছে, নিম্নে তাহার বিবরণ দেওয়া হইল।

পশ্চিম পাকিস্তানে আছে

বিশ্ববিদ্যালয়	৪টি
মেডিক্যাল কলেজ	৫টি
ইঞ্জিনিয়ারিং কলেজ	৩টি
টেক্সটাইল কলেজ	৮টি
ফরেস্টারী কলেজ	২টি
হাসপাতাল	৯টি

পূর্ব পাকিস্তানে

বিশ্ববিদ্যালয়	২টি
মেডিকেল কলেজ	১টি
ইঞ্জিনিয়ারিং কলেজ	১টি

অদ্যাবধি পূর্ব্ব পাকিস্তানে একটিও সরকারী পাঠাগার বা ষ্টেট লাইব্রেরী প্রতিষ্ঠিত হয় নাই। স্মরণ রাখিতে হইবে যে সারা পাকিস্তানের শতকরা ৫৬ ভাগ লোক পূর্ব্ব-পাকিস্তানে বাস করে।

স্ত্রী শিক্ষার জন্য একটি স্বয়ং-সম্পূর্ণ কলেজ ও আধুনিক ছাত্রী নিবাস পূর্ব্ব পাকিস্তানের রাজধানীতে নাই। মহিলাদের কলেজ ও ছাত্রী নিবাসের জন্য যে বিরাট ইমারত প্রতিষ্ঠিত হইয়াছিল তাহা লীগ মন্ত্রিসভা নির্লজ্জের মত সেক্রেটারিয়েট ভবন হিসাবে ব্যবহার করিতেছেন।

সরকারী বালিকা বিদ্যালয় গুলিতেও আত্মীয় পোষণ নীতি অনুসারে উজিরদের আত্মীয়-স্বজনকে রাখা হইয়াছে। তাহার ফলে শিক্ষার মান যথেষ্ট কমিয়া গিয়াছে। ইহার উপর ছাত্রীদের বাসের ভাড়া ও বেতন বৃদ্ধি করিয়া বহু ছাত্রীকে পড়া ত্যাগে বাধ্য করা হইয়াছে।

শিক্ষাক্ষেত্রে দুর্নীতি এত ব্যাপকভাবে দেখা দিয়াছে যে পুস্তক নির্ব্বাচন কমিটি ঘুষ ছাড়া কথা বলে না। অর্থ ব্যয় করিয়া অনেক অপাঠ্য পুস্তক পাঠ্য করা যায় এ কথা পূর্ব্ব পাকিস্তানের লীগ ওজারতের আমলেই সত্য বলিয়া প্রমাণিত হইল।

পূর্ব্ব-পাকিস্তানের শিক্ষা উন্নয়নের জন্য ১৯৪৭ সালে শিক্ষা পুনর্গঠন কমিটি সুপারিশ করিয়াছিলেন যে প্রাথমিক স্তরে মাতৃভাষা ছাড়া অন্য কোন ভাষায় শিক্ষা দেওয়া হইবে না। কিন্তু বিদ্যাদিগগজ মন্ত্রীরা প্রাথমিক স্তরেই উর্দ্দু ভাষাকে এদেশে বাধ্যতামূলক করিয়া প্রাথমিক শিক্ষার চরম সর্ব্বনাশ সাধন করিয়াছেন।

পূর্ব্ব বঙ্গের প্রাথমিক শিক্ষার জন্য কেন্দ্র হইতে বৎসরে ৫২ লক্ষ টাকা দেওয়ার কথা ছিল, কিন্তু সে কথা রক্ষিত হয় নাই এবং পূর্ব্ব বঙ্গের অযোগ্য মন্ত্রীরা উহা আদায় করিতে পারেন নাই।

ঢাকা বিশ্ববিদ্যালয় ঋণগ্রস্ত থাকা সত্ত্বেও প্রথম কয়েক বৎসর কেন্দ্রের নিকট সাহায্য চাহিয়া বিফল মনোরথ হইয়াছে অথচ সিন্ধুতে বিশ্ববিদ্যালয় থাকা সত্ত্বেও করাচীর জন্য আবার একটি ফেডারেল ইউনিভার্সিটি করা হইয়াছে।

এদেশের দরিদ্র ও মধ্যবিত্ত শ্রেণীর সন্তানরা যখন অর্থাভাবে এবং সরকারী অব্যবস্থায় শিক্ষা লাভে বঞ্চিত হইতে চলিয়াছে, তখন ধনী এবং কায়েমী স্বার্থবাদীদের সন্তানগণের ইংরেজী ভাষার মাধ্যমে শিক্ষার জন্য পাবলিক স্কুল প্রতিষ্ঠিত হইতেছে। এক ভিকারুন্নিসা স্কুলের জন্যই সরকার এপর্য্যন্ত ৩০ লক্ষ টাকা ব্যয় করিয়াছেন। এই স্কুলে তৃতীয় শ্রেণীর একটি ছাত্রীর বেতন ১৫।০ আনা। এই ব্যয়বহুল শিক্ষা ব্যবস্থা সম্পর্কে মন্ত্রীরা বলেন যে এদেশের শাসক তৈয়ারীর জন্য এই ধরনের স্কুলের প্রয়োজন আছে। ইসলামী হুকুমতে শাসক ও শাসিত সম্প্রদায় সৃষ্টির বাসনা অত্যন্ত মারাত্মক। ইহাকে গায়ের ইসলামী কাণ্ড-কারখানা বলা যাইতে পারে।

পূর্ব্ব বাংলায় সরকারী ও বেসরকারী স্কুলের পার্থক্য বজায় রাখিয়া শিক্ষার প্রসারের মূলে কুঠারাঘাত করা হইয়াছে। পূর্ব্ব-বাংলার মোট আদায়ী রাজস্ব ২৭ কোটি টাকার মধ্যে সাড়ে ১৩ কোটি টাকা সিভিল ও পুলিশ খাতে ব্যয় হয়। আর সরকারী স্কুল ও কলেজে যে খরচ করা হয়, তাহার অর্দ্ধেকও বেসরকারী স্কুল ও কলেজের জন্য খরচ করা হয় না।

জমিদারী প্রথা বিলোপের ভাঁওতা

মুসলিম লীগ যখন পাকিস্তান আন্দোলন আরম্ভ করিয়াছিল, তখন জনগণের নিকট ইহার অন্যতম প্রতিশ্রুতি ছিল এই যে বিনাখেসারতে জমিদারী দখল করিয়া ভূমিহীন চাষীদের মধ্যে উহা বিতরণ করা হইবে। কিন্তু পাকিস্তান প্রতিষ্ঠার পর কায়েমী স্বার্থের দালালরূপে মুসলিম লীগ ৬০ কোটি টাকা খেসারত দিয়া জমিদারী খরিদ করিল। এই টাকা যতদিন না শোধ হয়, ততদিন চক্রবৃদ্ধি হারে জমিদারকে সুদ দিতে হইবে। ইহাতে প্রায় ১২৫ কোটি টাকা মোট ক্ষতিপূরণ দিতে হইবে।

জমিদারীর ইতিহাস পর্যালোচনা করিলে দেখা যায় যে অনেক জমিদারীর নামমাত্র মূল্যে অথবা বিনা মূল্যে বৃটিশ শাসকের নিকট হইতে দেশদ্রোহিতার এনাম-স্বরূপ জমিদারী পাইয়াছিল। ইহারা হেষ্টিংসের আমল হইতে নাজিমুদ্দিনের আমল পর্য্যন্ত প্রজাদের নির্ম্মমভাবে শোষণ করিয়া নিজেরা ভোগ বিলাসে মত্ত থাকিত। ইহাদিগকে ক্ষতিপূরণ দেওয়ার কোন সঙ্গত কারণ থাকিতে পারে না, কিন্তু যেহেতু মুসলিম লীগ তাহার ঐতিহ্য ভুলিয়া জমিদার ও মহাজনের খবরদারী আরম্ভ করিয়াছে, সেহেতু পূর্ব্ব পাকিস্তানের জনগণের কষ্টার্জ্জিত অর্থ দ্বারা জমিদারদের ক্ষতিপূরণ দিতেছে। কাহারও সম্পত্তি বিনা খেসারতে জোর করিয়া ছিনাইয়া লওয়া ইসলাম বিরোধী, এইরূপ হাস্যকর যুক্তি তাহারা দিতেছেন।

পাট কেলেংকারী

দুনিয়ায় যত পাট উৎপন্ন হয়, তাহার শতকরা ৭৫ ভাগ পূর্ব্ব বাংলায় জন্মে। কিন্তু চাষীরা যেমন পাট উৎপাদন করিয়া তাহাদের ক্ষুধার অন্ন পায় না, তেমনি পাট ব্যবসায়ী যদি পূর্ব্ব পাকিস্তানী হয়, তাহারও অন্ন জোটা দায়। সাবেক বাণিজ্য মন্ত্রী ফজলুর রহমানের ষড়যন্ত্রে মাত্র ১৪টি কোম্পানী বিদেশে পাট চালান দেওয়ার অধিকার লাভ করিয়াছিল। তাহাদের মধ্যে মাত্র ১টি পূর্ব্ব পাকিস্তানী প্রতিষ্ঠান।

চাষীদের অবস্থা অত্যন্ত শোচনীয় হইয়াছে লীগ সরকারের ঘৃণ্য ষড়যন্ত্রের ফলে। যখন পাট বাজারে উঠে, তখন সুকৌশলে বিদেশী ব্যবসায়ীরা পাট ক্রয় বন্ধ রাখে। ফলে যে এক মণ পাট উৎপাদন করিতে চাষীর ১৯.০০ টাকা খরচ লাগে, সেই পাট তাহাকে ৩.০০ টাকা মণদরেও বিক্রয় করিতে হয়। অথচ যখনই সেই পাট চাষীর হাত ছাড়া হইয়া ইস্পাহানী, আদমজী, বালী ব্রাদার্স প্রমুখ বড় বড় পুঁজিপতি ব্যবসায়ীদের হাতে গিয়া পড়ে তখনই পাটের দাম কমপক্ষে ৪০।৪৫ টাকা উঠে। চাষীর এই অবস্থার সঙ্গে ইষ্ট-ইণ্ডিয়া কোম্পানীর আমলের নীল চাষিদের দুর্ভাগ্যের তুলনা করা যায়। নীলের ব্যবসায়ে বিদেশী বণিকেরা ধনকুবের হইত, আর দেশী চাষারা শ্মশান-গোরস্তানের প্রতীক্ষা করিত। চাষিগণকে বাঁচাইবার ইচ্ছা যদি লীগ সরকারের থাকিত, তাহা হইলে পাট ব্যবসায় জাতীয়করণ করা হইত। কিন্তু কায়েমী স্বার্থের দালাল বলিয়া মুসলিম লীগ গণস্বার্থের খবরদারী করিতে পারে না। গণ দরদী দেশনায়কবৃন্দের যুক্তফ্রন্টের নির্বাচনী ওয়াদার অন্যতম প্রধান ওয়াদা হইতেছে পাট ব্যবসায়কে জাতীয়করণের ওয়াদা।

করভার পীড়িত দরিদ্র চাষী

পাটের চাষ করিয়া যে চাষী সর্ব্বস্বান্ত হইয়াছে, তাহার উপর যদি আরও করভার চাপাইয়া দেওয়া হয়, তাহা হইলে তাহার বাঁচিবার আশা কোথায়? চাষের ফসল হইতে পয়সা পায় না, দুই চারিটি সুপারী গাছ আছে, সেই সুপারী বিক্রয় করিয়া হয়তো তাহার কয়েকদিন গুজরান হইতে পারে, কিন্তু তাহাও লীগ সরকারের সহ্য হইলনা। সরকার চাষীর উপর সুপারী কর ধার্য্য করিলেন। এই কর তিন প্রকারে আদায় হইতেছে। প্রথমতঃ প্রতি সুপারী গাছে দু-আনা, প্রতি কুড়ি সুপারীর উপর ছয় পয়সা ও প্রতিমণে ১০৵° আনা কর দিতে হয়।

গরীবের উপায়ের আর একটি পথ তামাক বিক্রয়। কিন্তু তাহার উপরও ট্যাক্স ধার্য্য করা হইয়াছে। চাষী তার ক্ষেতে উৎপাদিত তামাকের উপর প্রতি সের ৮° আনা, প্রতিমণে ৩০৸৵০ আনা ট্যাক্স দিতেছে। ইহার উপর লাইসেন্সের ঝামেলাতো আছেই। বিনা লাইসেন্সে তামাক বিক্রয় করা যায় না অথচ লাইসেন্স লইতে গেলেও চাষীকে অর্থ ব্যয় করিতে হয়। ১৯৫০-৫১ সালের হিসাবে দেখা যায় যে ঐ বৎসরে রংপুরে প্রতিমণ তামাক ৪০।৷০ টাকা হইতে ৪০ টাকা মণদরে বিক্রয় হইয়াছিল, কিন্তু চাষীরা পাইয়াছিল খরচা সমেত মাত্র ১০।৷০।

পূর্ব্ব পাকিস্তানে নওগাঁ গাঁজা উৎপাদনের কেন্দ্র। এই গাঁজার পয়সায় চাষীরা সুখে কালাতিপাত করিতেছিল। কিন্তু মুসলিম লীগ সরকার গাঁজার প্রতি সেরে ৬৩।॰ আনা ট্যাক্স বসাইয়া দেন। ইহার ফলে বিদেশে গাঁজা বিক্রয় বন্ধ হইয়াছে এবং চাষীরা অনাহারে মরিতেছে। সরকারেরও এই বাবদ কয়েক লক্ষ টাকা বার্ষিক লোকসান যাইতেছে। এইরূপে মুসলিম লীগ সরকারের ক্রমবর্দ্ধমান খরচা পোষাইবার জন্য দেশবাসী একটির পর একটি নতুন করভারে জর্জ্জরিত হইতেছে।

বিচার বিক্রয়

ইসলামী রাষ্ট্র প্রতিষ্ঠার জন্য লীগের চাঁইরা যখন চীৎকার করিতেছেন, তখন ইসলামী নিয়মে বিচার-ব্যবস্থা কায়েম না করিয়া বিচার বিক্রয় শুরু করিয়াছেন। ইসলামী হুকুমতে আসামী ও ফরিয়াদী কাজীর দরবারে হাজির হইলে বিনাব্যয়ে সুবিচার পাইত। কিন্তু আমাদের বর্ত্তমান সরকার কাজীর বিচার প্রবর্ত্তন তো দূরের কথা, কোর্ট ফীর হার শতকরা ৫০ টাকা হিসাবে বাড়াইয়া দিয়াছেন। ইহার ফলে গরীবের পক্ষে অত্যাচারিত হইয়াও বিচার পাওয়ার আশা নাই।

মুখের ভাষা কাড়িয়া লওয়ার ষড়যন্ত্র

সারা পাকিস্তানের শতকরা ৫৬ জন অধিবাসীর মুখের ভাষা বাংলা। মুসলিম লীগের জালেমরা এই ভাষাটুকুও কাড়িয়া লওয়ার ষড়যন্ত্র করিয়াছিল। গোপনে গোপনে তারা আরবী ও উর্দ্দু ভাষা চালাইবার জন্য চেষ্টা করিয়াছিল। আরবী ও উর্দ্দু ভাষার প্রতি পূর্ব্ব-পাকিস্তানী-দের কোন বিদ্বেষ নাই এবং ছিল না। তথাপি কেন এই গোপন ষড়যন্ত্র? ইহার উদ্দেশ্য ছিল কেবলমাত্র উর্দ্দুকে রাষ্ট্রভাষা করা। পূর্ব্ব-পাকিস্তানের মুসলিম লীগ নেতারা এই ষড়যন্ত্রের সহিত জড়িত ছিল। তাই যখন পূর্ব্ব-পাকিস্তানের ছাত্ররা বাংলাকে রাষ্ট্রভাষারূপে পাওয়ার দাবী জোরদার করিল, তখনই জালিম মুসলিম লীগের টনক নড়িল। লীগ-শাহীর পুলিশের গুলিতে ছাত্রদের বুকের রক্তে রাজপথ লালে লাল হইয়া গেল। শহীদ ছাত্র ও যুবকদের রক্তপান করিয়াও জালেমদের তৃপ্তি লাভ হইল না, তাহারা দেশভক্ত তরুণদের কম্যুনিষ্ট, রাষ্ট্রদ্রোহী প্রভৃতি আখ্যা দিয়া নিজেদের কলঙ্ক ঢাকা দেওয়ার চেষ্টা করিল।

বর্ত্তমানে নির্ব্বাচনের সময় এই মুসলিম লীগ মন্ত্রীরা বাংলাকে রাষ্ট্র ভাষা করা হইবে বলিয়া মিথ্যা স্তোক দিতেছে এবং জাগ্রত জনমতকে বিভ্রান্ত করার চেষ্টা করিতেছে। কিন্তু জনগণ জানে যে, বাংলা ভাষাকে রাষ্ট্রভাষা করার ইচ্ছা যদি নূরুল আমীন সরকারের থাকিত তাহা হইলে অনর্থক এতগুলি ছাত্র ও তরুণের রক্তপান করিয়া নূরুল আমীন তাহার রক্ত পিপাসা মিটাইত না। আর তাছাড়া সদিচ্ছা তাহাদের থাকিলে তাহারা এতদিনে জাতির ইচ্ছা কার্য্যকরী করিতে পারিত, যেহেতু এতদিন তাহারাই পরিষদসমূহে নিরঙ্কুশ সংখ্যাধিক্যের সুবিধা ভোগ করিয়াছে।

শিরোনাম	সূত্র	তারিখ
যুক্তফ্রন্টের নির্বাচন পরবর্তী সাংগঠনিক সার্কুলার।	যুক্তফ্রন্ট, দপ্তর।	১৫ই মার্চ, ১৯৫৪

UNITED FRONT PARTY OFFICE
56, SIMPSON ROAD, DACCA.

Dated, 15th March, 1954.

Dear Sir,

Now that the elections are over and matters must still be fresh in your minds, it is very important that we collect for future reference some important data. We would request you to devote some time and attention to the collection of material and to let us know the replies as soon as possible. The replies may be sent in two batches, one batch in regard to questions which you can immediately answer, and the other in regard to questions which may require some time to reply.

We would like to have information on the following points:

(1) Names of contestant candidates with particulars of whether—

(a) they had applied to the Muslim League,

(b) whether they had applied to the United Front,

(c) whether they claimed to be nominees of any particular person,

(d) whether they issued pamphlets signed or purporting to have been signed by any particular Leader of the United Front or any other Party,

(e) any important particulars.

(2) Can you send the leaflets produced by all parties particularly—

(a) leaflets containing a Fatwa or recommendation of the Pir of Furfura. This was actually issued by the late Pir Sahib in 1946 and has been re-issued by the Muslim League on this occasion to mislead the people,

(b) the Fatwas of Maulana Shamsul Huq and the Pir Sahib of Sarsina stating that a Vote against the Muslim League is against the Quoran and the Sunnah,

(c) any other leaflets calculated to mislead the people.

(3) The names of those who worked on behalf of yourself and on behalf of the Muslim League and on behalf of other candidates, Union by Union and preferably village by village. Names of important and influential people need only be given (This information is required).

(4) Names of important workers not associated with the Union or Village but working in the Centre may also be given.

(5) Particulars of persons arrested before the elections—whether under Public Safety Act or in any specific case; if in detention when election held also, who amongst them are Communists, and who are your workers?

(6) Names of persons who should have supported us but did not do so.

(7) Of the workers of the Muslim League many were violent characters and Goondas. Their names may also be supplied with short notes.

(8) Some information regarding Polling—whether any difficulties were placed in the way

(9) Any comments regarding Female voting.

(10) Was the Polling Station placed where it should have been or was there anything wrong with its location.

(11) Has your Constituency been properly constituted or should your Constituency have been differently constituted in the interests of contiguous or Polling facilities.

(12) Was the Muslim League candidate rich? What were his antecedents and did he spend much money? Give any particulars regarding his method of work.

I would very much like a note regarding—

(a) Partial or impartial officers in your Constituency and their behaviour,

(b) a note on the requirements of your Constituency and its grievances and what should be done to improve your area and give some satisfaction to the people.

Please consider this to be of the utmost importance and reply as soon as possible.

Yours sincerely

SHAHEED SUHRAWARDY

শিরোনাম	সূত্র	তারিখ
যুক্তফ্রন্টের নির্বাচন বিজয়।	দৈনিক 'আজাদ'	২রা এপ্রিল, ১৯৫৪।

নূতন পরিষদে দলীয় শক্তি

পূর্ব বঙ্গের সর্বশেষ দুইটি মোছলেম নির্বাচন কেন্দ্রের ফল গতকাল (বৃহস্পতিবার) প্রকাশিত হইয়াছে। এই কেন্দ্র দুইটি হইতেও দুইজন যুক্তফ্রন্ট প্রার্থী নির্বাচিত হইয়াছেন। ফলে সরাসরি যুক্তফ্রন্ট টিকেটে নির্বাচিত মোছলেম সদস্যদের সংখ্যা হইল ২১৫। ইহার মধ্যে জনাব ফজলুল হক ২টি কেন্দ্র হইতে নির্বাচিত হইয়া একটি কেন্দ্র হইতে পদত্যাগ করিয়াছেন। ফলে কার্যতঃ যুক্তফ্রন্ট টিকেটে নির্বাচিত সদস্যদের সংখ্যা এখন ২১৪ হইয়াছে।

এতদ্ব্যতীত স্বতন্ত্র যাঁহারা নির্বাচিত হইয়াছিলেন তাঁহাদের মধ্যে ৭ জনের যুক্তফ্রন্টে যোগদানের আবেদন ইতিমধ্যে ফ্রন্ট কর্তৃক গৃহীত হইয়াছে। ২ জনের আবেদন বিবেচনাধীন আছে। উপরোক্ত ৭ জনসহ এখন পর্য্যন্ত যুক্তফ্রন্টের সদস্য সংখ্যা ২২১ হইয়াছে। অতঃপর নয়া পরিষদে বিভিন্ন দলীয় শক্তি নিম্নলিখিতরূপ হইবে:

যুক্তফ্রন্ট	২২১
মোছলেম লীগ	৯
স্বতন্ত্র	৫
খেলাফতে রব্বানী	১
মোট	২৩৬

সংখ্যালঘু আসন—

কংগ্রেস ..	২৪
সংখ্যালঘু যুক্তফ্রন্ট ..	১
গণতন্ত্রীদল ..	২
কম্যুনিষ্ট ..	৫
তফসিলী ফেডারেশন ও স্বতন্ত্র	২৮
বৌদ্ধ ..	
খৃষ্টান ..	
মোট	৭১

সর্বশেষ ঘোষিত দুইটি মোছলেম কেন্দ্রের ফলাফল নিম্নরূপ:

দক্ষিণ সিলেট-কাম-হবিগঞ্জ মোছলেম—কেরামত আলী
(যুক্তফ্রন্ট নির্বাচিত)

মোমেনশাহী সদর উত্তর মোছলেম যুক্ত... ট প্রার্থী মওলানা ফয়জুর রহমান এই কেন্দ্র হইতে নির্বাচিত হইয়াছেন।

গতকাল নিম্নোক্ত তফসিলী কেন্দ্রের ফলও ঘোষিত হইয়াছে:

ঢাকা পূর্ব তফসিলী—
সঞ্জীব চন্দ্র দাস (নির্বাচিত)।*

---

* ১১ই মার্চে অনুষ্ঠিত নির্বাচনের সম্পূর্ণ ফলাফল সরকারী ভাবে প্রকাশিত হয়েছিল ১৯৫৪ সনের ২রা এপ্রিল।

শিরোনাম	সূত্র	তারিখ
সাংগঠনিক বিষয় ও বিভিন্ন এলাকার সমস্যা অবগত করার আহ্বান জানিয়ে মওলানা ভাসানীর লিফলেট।	আওয়ামী মুসলীম লীগ।	এপ্রিল, ১৯৫৪।

জেলা, মহকুমা, থানা ও ইউনিয়ন আওয়ামী লীগের কর্মকর্তাদের নিকট—

জরুরী আবেদন

জেলা, মহকুমা, থানা ও ইউনিয়ন আওয়ামী লীগের কর্মকর্তাবৃন্দ তাহাদের নিজ নিজ এলাকার নিম্নোক্ত তথ্যসমূহ আওয়ামী লীগের ৫৬, সিম্পসন রোড, সদরঘাট, ঢাকা, কেন্দ্রীয় অফিসে অগৌণে প্রেরণ করিবেন। লক্ষ্য রাখিতে হইবে যে, এই সমস্ত তথ্য যেন ভুল সংবাদের উপর ভিত্তি করিয়া প্রেরিত না হয়।

১। নিজ নিজ এলাকায় থানা, সাব-রেজিষ্ট্রী অফিস, ফরেষ্ট অফিস, কৃষি অফিস, সেনেটারী অফিস, পাটের লাইসেন্স অফিস, ফিশারী অফিস, ভেটেরিনারী চিকিৎসালয়, ডিষ্ট্রিক্ট বোর্ড বা গবর্ণমেন্ট চিকিৎসালয় ইত্যাদি প্রতিষ্ঠানসমূহে বর্ত্তমানে কিরূপ দুর্নীতি চলিতেছে তাহার বিস্তৃত রিপোর্ট।

২। যে সমস্ত জমিদারী সরকার নিজ দখলে লইয়াছেন তাহাতে প্রজাদের বকেয়া খাজানার দরুণ এখনও সার্টিফিকেট হইতেছে কি না—হইয়া থাকিলে কোন্ গ্রামে কত নম্বর হইয়াছে—কৃষি-লোন আদায়ের নামে কোন জুলুম হইতেছে কি না—জমিদারী বহাল থাকা অবস্থায়ই প্রজাদের উপর অত্যাচার বেশী হইত—না সরকারী আমলেই বেশী অত্যাচার হইতেছে, জমিদারী আমলে খাজানার সুদ আদায় হইত—কি বর্ত্তমানে আদায় হয় ইত্যাদি তথ্য সম্বলিত রিপোর্ট।

৩। হিন্দু-মুসলমান, মাঝি, মাইমন, ডোইটা বা তাঁতী, মাছ ধরার জাল অথবা কাপড় বুনাইবার জন্য সূতা পায় কি না, সূতার ডিলার অথবা পাইকারগণ কালোবাজারী করে কি না তাহার রিপোর্ট।

৪। বর্ত্তমান বৎসরের শুরু হইতে স্কুল, কলেজ অথবা মাদ্রাসার ছাত্রগণ অর্থের অভাবে পড়াশুনা ছাড়িতে বাধ্য হইয়াছে কিনা অথবা হইলেও তাহাদের সংখ্যা কিরূপ তাহার উল্লেখ পূর্ব্বক বিস্তারিত রিপোর্ট।

৫। দুর্নীতিপরায়ণ ও কালোবাজারী সরকারী কর্ম্মচারীরা বর্ডার এলাকাসমূহে পাক-ভারত ভিসা ও পাসপোর্ট সিষ্টেম বহাল থাকা অবস্থায় ও কি প্রকারে কি কি জিনিষ সীমান্তের অপর পারে চালান করিতেছে এবং কি কি জিনিষ আমদানী করিতেছে তাহার বিস্তারিত তথ্য।

৬। যুক্তফ্রন্টের নব-নির্বাচিত পরিষদ সদস্যগণ নিজ নিজ নির্ব্বাচনী এলাকা পরিভ্রমণ করিয়া স্থানীয় অভাব-অভিযোগসমূহের নিরসন কল্পে কোন প্রকার সক্রিয় ব্যবস্থা অবলম্বন করিতেছে কি না অথবা এ সম্পর্কে তাহারা ওয়াকিফহাল আছেন কিনা তাহার রিপোর্ট।

৭। সরকার নিয়ন্ত্রিত মূল্যে বস্ত্র বিতরণ করা হইতেছে কিনা অথবা নিয়ন্ত্রিত মূল্যে বস্ত্র বিতরণের কোন সরকারী দোকানে কোন প্রকার কালো বাজারী চলিতেছে কি না তাহার রিপোর্ট।

৮। নারিকেল তৈল, হলুদী, মরিচ ও অন্যান্য মশলা, কাগজ ও নিত্য প্রয়োজনীয় অন্যান্য দ্রব্যের বর্তমান মূল্য কত এবং ধান পাট ও অন্যান্য কৃষিজাত অর্থকরী ফসলের বর্তমানে কি মূল্য এবং কোথাও এই সবের অত্যাধিক মূল্য হ্রাস ঘটিবার ফলে চাষীদের ক্রয় ক্ষমতা কি পরিমাণে কমিয়াছে এবং ইহাতে তাহাদের কি কি সঙ্কটের সম্মুখীন হইতে হইয়াছে তাহার রিপোর্ট।

৯। স্থানীয় সরকারী ও বেসরকারী অফিসসমূহে ব্যাপক ছাঁটাই নীতি কার্য্যকরী করা হইয়াছে কি না, কোন্ অফিসে কি পরিমাণ কর্ম্মচারী ছাঁটাই হইয়াছে এবং কর্মচ্যুত সেই সব কর্ম্মচারীরা বর্তমানে কি অবস্থায় কালাতিপাত করিতেছে তাহার রিপোর্ট।

১০। রাস্তা-ঘাট, রেললাইন ও যুদ্ধের ঘাঁটির জন্য কি পরিমাণ জমি সরকার লইয়াছিলেন এবং সেই সব জমির জন্য সরকার কোন ক্ষতিপূরণ দিয়াছেন কি না তাহার হিসাব।

১১। বাত্যাবিধ্বস্ত এলাকার স্কুল, মাদ্রাসা, মসজিদ, মন্দির ইত্যাদি সম্বন্ধে বিস্তারিত তথ্য।

১২। যে সমস্ত কৃষক, যুক্তফ্রন্ট সরকার পাটের লাইসেন্স ফি মওকুফ করার পূর্ব্বেই লাইসেন্স ফি দিয়াছেন তাহাদের নাম ও দেয় ট্যাক্সের পরিমাণ সংক্রান্ত তথ্যসমূহ।

১৩। পশ্চিমবঙ্গ, আসাম, বিহার প্রভৃতি স্থান হইতে দুর্দশাগ্রস্ত আগত মহাজেরদের সংখ্যা এবং তাহাদের বর্তমান অবস্থা, পুনর্ব্বসতি ও রোজী-রোজগারের ব্যবস্থার জন্য এ পর্য্যন্ত সরকার কি কি করিয়াছেন।

১৪। প্রাইমারী স্কুলের শিক্ষকগণ স্কুল বোর্ড হইতে নিয়মিত ভাবে বেতন পান কি না। না পাইয়া থাকিলে কতদিন হইতে পাননা এবং কাহার কত টাকা বাকী।

১৫। কোন্ কোন্ স্থানে কি পরিমাণ রাজনৈতিক কর্ম্মী এখন ও আটক এবং অন্তরীণ আছে তাহাদের নামের তালিকা এবং কর্ম্মীদের উপর নির্ব্বাচনকালীন ফৌজদারী মামলার পূর্ণ বিবরণ।

মোঃ আবদুল হামিদ খান (ভাসানী)।

শিরোনাম	সূত্র	তারিখ
পূর্ব পাকিস্তান সাহিত্য সম্মেলনে উদ্বোধনী বক্তৃতা : ডঃ শহীদুল্লাহ।	সাহিত্য সম্মেলন প্রচার কমিটি।	২৩শে এপ্রিল, ১৯৫৪।

পূর্ব পাকিস্তান সাহিত্য সম্মেলন

উদ্বোধনী বক্তৃতা

ডঃ মুহম্মদ শহীদুল্লাহ

কার্জন হল, ঢাকা

২৩শে এপ্রিল, ১৯৫৪

সমাগত সাহিত্যিক ও সাহিত্যামোদী বন্ধুগণ,

১৯৪৭ সালের ১৪ই আগষ্টে বহু দিনের গোলামীর পর যখন আযাদীর সুপ্রভাত হল, তখন প্রাণে আশা জেগেছিল যে, এখন স্বাধীনতার মুক্ত বাতাসে বাংলা সাহিত্য তার সমৃদ্ধির পথ খুঁজে পাবে। ১৯৪৮ সালের ডিসেম্বরে ঢাকায় যে সাহিত্য সম্মিলনীর অধিবেশন হয়েছিল, তা'তে বড় আশাতেই বুক বেঁধে আমি অভিভাষণ দিয়েছিলুম। কিন্তু তারপর যে প্রতিক্রিয়া হয়, তাতে হাড়ে হাড়ে বুঝেছিলুম স্বাধীনতার নূতন নেশায় আমাদের মতিচ্ছন্ন করে দিয়েছে। আরবী হরফে বাংলা লেখা, বাংলা ভাষায় অপ্রচলিত আরবী পারসী শব্দের অবাধ আমদানী, প্রচলিত বাংলা ভাষাকে গঙ্গাতীরের ভাষা ব'লে তার পরিবর্তে পদ্মাতীরের ভাষা প্রচলনের খেয়াল-প্রভৃতি বাতুলতা আমাদের এক দল সাহিত্যিককে পেয়ে বসল। তাঁরা এইসব মাতলামিতে এমন মেতে গেলেন যে প্রকৃত সাহিত্য সেবা যাতে দেশের ও দশের মঙ্গল হ'তে পারে, তার পথে আবর্জনার স্তূপ দিয়ে সাহিত্যের উন্নতির পথ কেবল রুদ্ধ ক'রেই খুশিতে ভূষিত হলেন না, বরং খাঁটি সাহিত্যসেবীদিগকে নানা প্রকারে বিড়ম্বিত ও বিপদগ্রস্ত করতে আদা জল খেয়ে কোমর বেঁধে লেগে গেলেন। তাতে কতক উচ্চপদস্থ সরকারি কর্মচারীরা উস্কানি দিতে কসুর করলেন না। ফলে বাংলা ভাষা ও সাহিত্যের চর্চা, রবীন্দ্রনাথ, শরৎচন্দ্র এবং অন্যান্য পশ্চিমবঙ্গের কবি ও সাহিত্যিকগণের কাব্য ও গ্রন্থ আলোচনা, এমন কি বাঙ্গালী নামটি পর্য্যন্ত যেন পাকিস্তানের বিরুদ্ধে ষড়যন্ত্র ব'লে কেউ কেউ মনে করতে লাগলেন। কেউ বা এতে মিলিত বঙ্গের ভূতের ভয়ে আতঙ্কগ্রস্ত হয়ে আবল তাবল বকতে শুরু ক'রে দিলেন এবং বেজায় হাত-পা ছুড়তে লাগলেন। কবাচীর তাঁবেদার গত লীগ গভর্ণমেণ্ট বাংলা ভাষা ও সাহিত্যের উন্নতির জন্য কিছু করা দূরে থাক, বাঙ্গালী বালকের কচি মাথায় উর্দুর বোঝা চাপিয়ে দিলেন এবং কেন্দ্রীয় সরকারের আরবী হরফে বাংলা ভাষা লেখার এবং উর্দুকে একমাত্র রাষ্ট্রভাষা করার অপচেষ্টায় সহযোগিতা করেছেন। এইরূপ বিষাক্ত আবহাওয়ায় ১৯৪৮ সালের পরে আর কোনও সাহিত্য সম্মেলনের আয়োজন সম্ভবপর হয়নি। আজ জনপ্রিয় পূর্ব বাঙ্গালার গভর্ণমেণ্টের আশ্রয়ে আমরা স্বস্তির নিঃশ্বাস ফেলে এক সর্বদলীয় সাহিত্য সম্মেলনের আয়োজন করেছি।

পূর্ব বঙ্গবাসীদের উদারতা যে তারা চার কোটি লোকের ভাষাকে পাকিস্তানের একমাত্র রাষ্ট্র-ভাষা করার দাবী না ক'রে বরং উর্দুকেও অন্যতম রাষ্ট্রভাষারূপে মানতে স্বীকৃতি দিয়েছে। এই উদারতায় কৃতজ্ঞ না হয়ে কেউ কেউ এখনো হুঙ্কার দিয়ে বলছেন, যারা বাংলাকে রাষ্ট্র ভাষা

করার দাবী করে তারা পাকিস্তানের দুশ্‌মন। আজ পূর্ববঙ্গবাসী সমস্বরে বলবে যে এই রকম উর্দু পূজারীরাই পাকিস্তানের দুশ্‌মন। আমরা পাকিস্তানের সাচ্চা দোস্ত, তার জন্যে আন্তঃ-প্রাদেশিক ঐক্য চাই, সেই ঐক্যের খাতিরে আমরা বাংলার সঙ্গে উর্দুরও দাবী মেনে নিয়েছি। যারা জবরদস্তি ক্রমে সমস্ত পাকিস্তানের ওপর কোন একটি ভাষা চাপিয়ে দিতে চান, তারাই পাকিস্তানের দুশ্‌মন; তারাই পাকিস্তান ধ্বংস করবে।

সুখের বিষয়, মুসলিম লীগ পার্লিয়েমেন্টারী পার্টির কিঞ্চিৎ সুবুদ্ধির উদয় হয়েছে। তাঁরা উর্দু ও বাংলা উভয়কে রাষ্ট্রভাষার মর্যাদা দানের প্রস্তাব গ্রহণ করেছেন যদিও অন্য কতকগুলি ভাষার বিষয় তাঁরা বিবেচনা করতে স্বীকৃত হয়েছেন, কিন্তু বাংলাকে রাষ্ট্রভাষার আসনে আসীন দেখলেই আমরা চরিতার্থ হব না, যদি না সেই সঙ্গে আমরা বাংলা ভাষা ও সাহিত্যের সমৃদ্ধিকেও না পাই। তার জন্য সর্ব্বপ্রথম প্রয়োজন হচ্ছে পূর্ব্ববঙ্গের সমস্ত সাহিত্যিকদের ঐক্যবদ্ধ হওয়া এবং সাহিত্যের উন্নতির প্রকৃষ্ট পন্থা অবলম্বনের জন্য একটি সুপরিকল্পিত পন্থা নির্দ্দেশ করা। এই জন্য এইরূপ সাহিত্য সম্মেলনের আজ বিশেষ গুরুত্ব দাঁড়িয়েছে। আশা করি সমবেত সাহিত্যিকগণ এ বিষয়ে অবহিত হবেন।

আমরা চাই বঙ্গীয় সাহিত্য পরিষদের ন্যায় একটি কেন্দ্রীয় সাহিত্য সমিতি যার পরি-চালনাধীনে প্রতি বৎসরে পাকিস্তানের বিভিন্ন স্থানে এইরূপ সম্মিলনী অধিবেশন হবে। যাতে সাহিত্যিকরা আমাদের সাহিত্যের উন্নতির পন্থা নির্দ্ধারণ ও তাদের রচনা প্রকাশে সমর্থ হবেন। এই জন্য একটি কেন্দ্রীয় সাহিত্য সমিতি স্থাপনের প্রস্তাব এবং এই সম্মেলনের প্রতিনিধিবর্গ বিবেচনা করবেন এই আশা করি। কেবল নামে সাহিত্য সভা মাত্র হলে চলবে না, কিন্তু চাই একটি কেন্দ্রীয় সাহিত্য সমিতি যার নিজস্ব কার্যালয় থাকবে আর মুখপত্র থাকবে। আমরা অবিভক্ত পরাধীন বঙ্গে বঙ্গীয় মুসলমান সাহিত্য সমিতি স্থাপন করেছিলুম। এখন স্বাধীন পূর্ববঙ্গে কি একটি উন্নততর কেন্দ্রীয় সাহিত্য সমিতি স্থাপন করতে পারব না?

বর্ত্তমান অবস্থায় পূর্ব্ববঙ্গ সরকারের কার্যত সহানুভূতি ভিন্ন আমরা আমাদের সাহিত্যিক অভাব দূর করে তাকে সমৃদ্ধিশালী করতে পারি না। এই জন্য একটি বাংলা একাডেমি বা বাংলা সাহিত্য নিকেতনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। অত্যন্ত আনন্দের বিষয় আমাদের জনপ্রিয় পূর্ব্ব বাংলা সরকার এই পরিকল্পনা অনুযায়ী কাজ করতে মনস্থ করেছেন। কিন্তু এই পরিকল্পনা সম্পর্কে সকলের হয়তো সুস্পষ্ট ধারণা নেই। এই জন্য আমি এই বাংলা সাহিত্য নিকেতন বলতে কি বুঝি তা গত অক্টোবর মাসে মোক্তারের এক জনসভায় যা বলে-ছিলুম, এখানে তার কিছু অংশ উদ্ধৃত করছি।

"এই বাংলা সাহিত্য নিকেতন বলিতে আমি বুঝি কলিকাতার বঙ্গীয় সাহিত্য পরিষদের ন্যায় বরং তদপেক্ষা উন্নততর ও ব্যাপকতর একটি প্রতিষ্ঠান। ইহার জন্য প্রধান প্রয়োজন সুন্দর পরিবেশের মধ্যে আধুনিক ভাবে সজ্জিত একটি প্রশস্ত দ্বিতল গৃহ। তাহার সংলগ্ন পুস্তকালয়ে বাংলা সাহিত্যের উৎকৃষ্ট গ্রন্থগুলি বিশেষ করে বাংলা ভাষায় মুসলমান রচিত, মুদ্রিত ও অমুদ্রিত সমস্ত বই ও পুঁথি থাকিবে। তাহাতে পাকিস্তানের ধর্ম, ইতিহাস ও সংস্কৃতি সম্বন্ধীয় আরবী, ফারসী, উর্দু, হিন্দী, ইংরেজী, ফরাসী জার্মান, ইতালিয়ান, ডচ্‌ স্পেনিস্‌ এবং রুশ ভাষায় লিখিত পুস্তক এবং সাহিত্যিক পত্রিকাগুলি রক্ষিত হইবে। ইহার একটি অনুবাদ বিভাগ থাকিবে। তাহার কার্য্য হইবে বিভিন্ন ভাষা হইতে পাকিস্তানের ধর্ম, সংস্কৃতি, প্রত্নতত্ত্ব ও ইতিহাস সম্প-র্কীয় মূল্যবান পুস্তকগুলি বাংলা ভাষায় অনুবাদ করা। ইহার একটি পুস্তক প্রকাশ বিভাগ থাকবে। তাহা হইতে বিভিন্ন ভাষায় অনুবাদ এবং মুসলমান রচিত মধ্য যুগের বাংলা সাহিত্যের সংস্করণ প্রকাশিত হইবে। এই বাংলা সাহিত্য নিকেতনের সহিত পাঠকক্ষ, গবেষণা প্রকোষ্ঠ এবং গবেষণাকারীদের জন্য বাস ভবন থাকিবে।

"ঘৃণা ঘৃণাকে জন্ম দেয়। গোঁড়ামি গোঁড়ামিকে জন্ম দেয়। একদল যেমন বাংলাকে সংস্কৃত-ঘেঁষা করতে চেয়েছে, তেমনি আর একদল বাংলাকে আরবী-পারসী ঘেঁষা করতে উদ্যত হয়েছে। একদল চাচ্ছে খাঁটি বাংলাকে বলি দিতে, আর এক দল চাচ্ছে 'জবে' করতে। একদিকে কামারের খাঁড়া, আর একদিকে কসাইয়ের ছুরি।"

"নদীর গতিপথ যেমন নির্দ্দেশ করে দেওয়া যায় না, ভাষারও তেমনি। একমাত্র কালই ভাষার গতি নির্দ্দিষ্ট করে। ভাষার রীতি (style) ও গতি কোন নির্দ্দিষ্ট ধরা-বাঁধা নিয়মের অধীন হতে পারে না। ফরাসী ভাষায় বলে Le style c'est l'homme—ভাষার রীতি সেটা মানুষ—অর্থাৎ মানুষে মানুষে যেমন তফাৎ, প্রত্যেক লেখকের রচনাতেও তেমনি তফাৎ থাকা স্বাভাবিক। এই পার্থক্য নির্ভর করে লেখকের শিক্ষা-দীক্ষা, রুচি এবং পরিবেষ্টনীর উপর। মোট কথা ভাষা হওয়া চাই সহজ, সরল এবং ভাষার রীতি (style) হওয়া চাই স্বতঃস্ফূর্ত্ত, সুন্দর ও মধুর। আমাদের স্মরণ রাখা উচিত ভাষা ভাব প্রকাশের জন্য, ভাব গোপনের জন্য নয়, আর সাহিত্যের প্রাণ সৌন্দর্য্য, গোঁড়ামি নয়।

"কিছু দিন থেকে বানান ও অক্ষর সমস্যা দেশে দেখা দিয়েছে। সংস্কারমুক্তভাবে এগুলির আলোচনা করা উচিত এবং তার জন্য বিশেষজ্ঞদের নিয়ে একটি সমিতি গঠন করা আবশ্যক। যারা ধ্বনিতত্ত্বের সংবাদ রাখেন, তাঁরা স্বীকার করতে বাধ্য যে বাংলা বানান অনেকটা অবৈজ্ঞানিক, সুতরাং তার সংস্কার দরকার। কেউ কেউ আরবী হরফে বাংলা লিখতে উপদেশ দিয়েছেন। যদি পূর্ব্ব বাংলার বাইরে বাংলা দেশ না থাকত আর যদি গোটা বাংলা দেশে মুসলমান ভিন্ন অন্য সম্প্রদায় না থাকত তবে এই প্রশ্নের গুরুত্ব এত গম্ভীর হত না। আমাদের বাংলাভাষী প্রতিবেশী হিন্দু ও সম্প্রদায়ের সঙ্গে সম্পর্ক রাখতে হবে। কাজেই বাংলা অক্ষর ছাড়তে পারা যায় না। আরবী হরফে বাংলা লিখলে বাংলার বিরাট সাহিত্য ভাণ্ডার থেকে আমাদিগকে বঞ্চিত হতে হবে। অবিকৃত [illegible] নূতন অক্ষর ও স্বরচিহ্ন যোগ করতে হবে যে বাংলার বাইরে তা কেউ অনায়াসে পড়তে পারবে না।

"বিদেশীর জন্য অক্ষর বদলের পূর্ব্বে ভাষাজ্ঞান একটা অদ্ভুত কল্পনা এ বৈজ্ঞানিক যুগে খাটে না। অক্ষর সম্বন্ধে বিবেচনা করতে হলে ছাপাখানা, টাইপ রাইটার, শর্টহ্যাণ্ড এবং টেলিগ্রাফের সুবিধা অসুবিধার কথা মনে রাখতে হবে। বিশেষ করে বাংলাকে যখন পাকিস্তানে রাষ্ট্রভাষারূপে গ্রহণ করা হচ্ছে তখন বাংলা ভাষার সম্ভাবনা ও উপযোগিতার কথা চিন্তা করারও প্রয়োজন রয়েছে। জনসাধারণের মধ্যে শিক্ষা ও জ্ঞান বিস্তারের জন্য Basic English এর মত এক সোজা বাংলা বিষয় আমাদের বিবেচনা করা কর্ত্তব্য। যদি ৮৫০টি ইংরেজী কথায় সমস্ত প্রয়োজনীয় ভাব প্রকাশ করতে পারা যায়, তবে বাংলায় তা কেন সম্ভব নয়?

পূর্ব্ব বাংলার জনসংখ্যা গ্রেটব্রিটেন, ফ্রান্স, ইটালী, স্পেন, তুর্কীস্থান, আরব, পারস্য, তুর্কি প্রভৃতি দেশের চেয়ে বেশী। এই সোনার বাংলাকে কেবল জনে নয় ধনে ধান্যে, জ্ঞানে-গুণে, শিল্প-বিজ্ঞানে পৃথিবীর যেকোন সভ্য দেশের সমকক্ষ হতে হবে। তাই কেবল কাব্য ও উপন্যাসের ক্ষেত্রে বাংলাকে সীমাবদ্ধ রাখলে চলবে না। দর্শন ইতিহাস, ভূগোল, গণিত, পদার্থবিদ্যা, ভূতত্ত্ব, জীবতত্ত্ব, ভাষাতত্ত্ব অর্থনীতি মনোবিজ্ঞান, প্রত্নতত্ত্ব, প্রভৃতি জ্ঞান বিজ্ঞানের সকল বিভাগে বাংলাকে উচ্চ আসন দিতে ও নিতে হবে। তার জন্য শিক্ষার মাধ্যম স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয়ে আগাগোড়া বাংলা করতে হবে।

আমি অষ্টাদশ শতাব্দির কবি 'নুরনামার' লেখক নোয়াখালীর সন্দীপ নিবাসী আবদুল হাকিমের একটি কথা আমাদের দেশের এক শ্রেণীর লোককে শুনিয়ে রাখছি:

"যে সবে বঙ্গেতে জন্মি হিংসে বঙ্গবাণী।
সে সবার কিবা রীতি নির্ণয় না জানি।।
মাতা পিতামহ ক্রমে বঙ্গেতে বসতি।
দেশী ভাষা উপদেশ মনে হিত অতি।।
দেশী ভাষা বিদ্যা যার মনে না জুয়ায়।
নিজ দেশ তেয়াগি কেন বিদেশে না যায়।।"

সাহিত্যিক বন্ধুগণ, আমি পুরানো হয়েছি, আমার কথাও পুরানো হয়েছে। কিন্তু আমার সব কথা এখনও শেষ হয় নি। কিন্তু উদ্বোধনী বক্তৃতার সীমা লংঘন করে আপনাদের ধৈর্য্যের উপর অত্যাচার করতে চাই না, তাই করুণাময় আল্লাহ্ তায়ালার নিকট বাঙ্গালা সাহিত্যের উন্নতি এবং এই সাহিত্য সম্মেলনের সাফল্যপূর্ণ ও শান্তিময় পরিসমাপ্তি কামনা ক'রে এর শুভ উদ্বোধন ঘোষণা করছি।

"আল্লাহুম্মা-ফতাহ্ লনা আবওয়াবি রহমতিক"
হে আল্লাহ্ আমাদের জন্য তোমার দয়ার দ্বার উন্মুক্ত কর।

বাংলা ভাষা জিন্দাবাদ

পাকিস্তান জিন্দাবাদ

পাকিস্তান সাহিত্য সংসদের কার্যনির্বাহক সমিতি

১৯৫২—১৯৫৩।

সভাপতি: ডক্টর কাজী মোতাহার হোসেন

সহ-সভাপতি: বেগম সুফিয়া কামাল

অধ্যাপক সরওয়ার মুর্শেদ

আবদুল গনি হাজারী

মোস্তফা নূরউল ইসলাম

সাধারণ সম্পাদক: ফয়েজ আহমদ

সহ-সম্পাদক: হাসান হাফিজুর রহমান

বোরহান উদ্দিন খান জাহাঙ্গীর

বিভাগীয় সম্পাদকঃ

আলাউদ্দিন আল আজাদ		(সাহিত্য)
ফজলে লোহানী		
আবদুল্লাহ আলমুতী		(বিজ্ঞান)
আমিনুল ইসলাম		(চিত্রকলা)
এম, আর, আখতার		(প্রচার)

সদস্যঃ

শামসুর রহমান

আনিস চৌধুরী

দৌলতেন নেসা খাতুন

লায়লা সামাদ

সরদার জয়েন উদ্দিন

আতাউর রহমান

আবু জাফর ওবায়দুল্লাহ

আনিসুজ্জামান

শেখ লুৎফর রহমান

শিরোনাম	সূত্র	তারিখ
উর্দু ও বাংলাকে সরকারী ভাষা হিসাবে স্বীকৃতি।	দ্য ডন।	৮ই মে, ১৯৫৪।

URDU AND BENGALI OFFICIAL LANGUAGES

A new eight clause chapter—'Language of the Republic'—was added to tne Basic Principles Committee Report by the Constituent Assembly of Pakistan yesterday.

The chapter "Language of the Republic" was brought before the House by Prime Minister Mohammad Ali and accepted without any amendment. It reads as follows :

(1) The official languages of the Republic should be Urdu, Bengali and such other Provincial languages as may be declared to such by the Head of the State on the recommendation of the Provincial Legislatures concerned

(2) Members of Parliament shall have a right to speak in Urdu and Bengali in addition of English.

(3) Notwithstanding anything in the above article, for a period of 20 years from the commencement of the constitution the English language should continue to be used for all official purposes of the Republic for which it was being used immediately before such commencement.

(4) For examinations for the central services, all provincial languages should be placed on an equal footing.

Additional Language

(5) Provision should be made for tne teaching of Arabic, Urdu, and Bengali in Secondary schools to enable students to take either one or two of them in addition to the language used as the medium of instruction

(6) The state should take all measures for the development and growth of common national language.

(7) A commission should be appointed 10 years after the commencement of the constitution to make recommendations for the replacement of English

On a point of information Khan Abdul Gaffar Khan wanted to know if there were any decisions on provincial languages.

The Prime Minister explained that :

(1) All Provinces were free to use the provincial languages of their choice.

(2) The Head of State also had the powers to declare any provincial language as official language of the Republic on the recommendation of the Provincial Legislature concerned.

শিরোনাম	সূত্র	তারিখ
কেবল মাত্র উর্দুকে রাষ্ট্রভাষা হিসেবে স্বীকৃতি দানের আহ্বান ডঃ হক।	দ্য ডন।	১১ই মে, ১৯৫৪।

URDU ALONE MUST BE OUR STATE LANGUAGE

Dr. Haq's statement

The following is the full text of Dr. Abdul Haq's statement on the state language formula issued yesterday.

"The language formula proposed by the Muslim League Party and subsequently approved by the Constituent Assembly merits careful examination. The authors of the formula have drafted it with great ingenuity and skill, and every word has been so meticulously chosen as destroy the chances of Urdu and disable it from gaining any strength anywhere in Pakistan. In this *sedulous* care to weaken Urdu the whole formula has been rendered vague, contradictory and meaningless.

"The first clause of the formula lays down to State Language for Pakistan—Bengali and Urdu. This is entirely unacceptable to us. To juxtapose two such languages as are opposed to each other in genius and form is highly objectionable. The Bengali language has Nagri or Sanskrit script. Whereas Urdu is written in Arabic script. Bengali is written from left to right and Urdu from right to left.

"Bengali has been nurtured by famous poets and authors of Bengal and Urdu has had its growth and development in the tradition of Islamic culture and learning. The simile and metaphors, symbols and references of Bengali are mostly taken from the Hindu mythology, while Urdu derives its material and and motive force from Arabic and Persian and is steeped in Islamic lore and religious tradition.

Before Partition

"Our demand for Pakistan was based on the argument that we wanted to safeguard our religion, culture and language. It was for this reason that the Architect of Pakistan, Quaid-i-Azam Mohammad Ali Jinnah had categorically declared in the most unequivocal terms that the state language of Pakistan would be Urdu and Urdu alone, and no other language could be made the state language of Pakistan. We stand by this declaration firmly and consider any deviation from the Quaid's command a betrayal of Pakistan

Our Ideal

(1) "There can be only one national and state language of Pakistan, and that in the words of the Quaid-i-Azam is Urdu and Urdu alone, and no other language can claim its place.

(2) "Within a year the process of replacing English by Urdu should be so begun that before the end of two years all government offices and courts carry on their business in Urdu. Urdu is fully capable of fulfiilling the requirement of an official language for the country.

(3) "Urdu should be made the medium versities. Beginning with 1955, all stages should be completed with five years, and the books and syllabi required for the purpose should prepared in the meantime.

(4) "The Anjuman Traqqi-e-Urdu is ready to offer any assistance in implementing 2 and 3 above What is mentioned in clauses.

(5) "Finance should be found for the institution of an Urdu University and Government should also come forward with generous assistance in this connection.

To achieve this aim, we need sincere workers from the various parts of the country. Associations should be formed and money should be found for the many allied tasks. The Anjuman has not been able to make much headway in this behalf for lack of funds.

No Compromise

আজকে আপনাদের নিকট থেকে বিদায় নেবার আগে আমি এই বলতে চাই যে, আমরা জনসাধারণের ইচ্ছার উপরেই সরকারী কর্তৃত্ব গ্রহণ করেছি এবং আমরা যতদিন পর্য্যন্ত জনসাধারণের আস্থাভাজন থাকবো, ততদিন পর্য্যন্ত আমরা সরকারী কার্য্য পরিচালনা করব। আমি আশ্বাস দিচ্ছি যে, যে মুহূর্তে আমরা বুঝব যে, আমরা জনসাধারণের সমর্থন লাভের মত অবস্থায় নেই তারপরে আর এক মুহূর্তও আমরা ক্ষমতায় অধিষ্ঠিত থাকব না।

শিরোনাম	সূত্র	তারিখ
যুক্ত নির্বাচন বিল।	পাকিস্তান গণপরিষদ।	১০ ও ১১ই অক্টোবর, ১৯৫৬।

Joint Electorate Bill in National Assembly in Pakistan—10th and 11th October, 1956.

Excerpts from the speech of Mr. H. S. Suhrawardy: Sir, I beg to move:

"That the Bill to provide for the principle of electorate in elections to the National Assembly and Provincial Assemblies be taken into consideration."

......It may appear strange to those who have not been able to adapt themselves to the change in political outlook resultant on the creation of Pakistan, that I, who was an advocate of the two-nation theory in undivided India, and whose contribution to the creation of Pakistan was perhaps not insignificant, and who believed in separate electorate in undivided India, should advocate joint electorate in Pakistan as a solutary constitutional principle. Undoubtedly separate electorate formed the cardinal creed of the Muslim of undivided India, and was strongly advocated with irrefutable logic by Sir Abdulla Suhrawardy in his minute of dissent to the Simon Report as early as 1918-19, but it was not based on the two-nation theory as such a theory advocated as late as 1940 in the political document known as the Lahore Resolution. Separate electorate was a device to secure proper representation in the Legislatures for the Muslim minority; it took something away from the majority population; it was certainly never meant to be a device to safeguard the interests of a majority population. Although the Lahore Resolution appeared to endorse the two-nation theory, it actually never did so; it threw it overboard when it visualised in the same Resolution that minorities would be left behind in the two countries of Pakistan and India. The two-nation theory carried to its logical conclusion would have connoted total exchange of population—the creation of a completely Hindu nation in India and the creation of a completely Muslim nation in Pakistan.

Of course, by a strange illogicality all the non-muslim nations were lumped together as one Hindu nation. The two-nation theory was advanced by the Muslims as a justification for the partition of India and the creation of a State made up of geographically contiguous units where the Muslims were numerically in a majority. Once the State was created, the two-nation theory lost its force even for the Muslims. If it is still persisted in, it will logically lead to the partition of Pakistan and the creation of a State made up of contiguous areas where non-muslims are in a majority; a contingency from which every Pakistani must recoil with horror. The Muslims who were a nationality in undivided India, are now citizens in their own country, Pakistan, in which every citizen, whatever may be his religion, is a member of the Pakistani nation. All of the Muslims and non-Muslims, are Pakistanis first and last and we take pride and glory in our having achieved nationhood. There is, thus, a radical difference between the conception of the Millat-i-Islam which transcends geographical boundaries, and the conception of a Pakistani nation or qaum which has

boundaries and has a peculiar entity which differentiates it from other nations. Circumstances thus have changed, and so must our political outlook change with the establishment of Pakistan. Today we do not want to develop fissiparous tendencies within the country but must create one nation. I, therefore, avocate joint electorate because this will help in welding all the people together into one great Pakistani nation, in creating mutual confidence and co-operation in the service of the country and in destroying the seeds of suspicion, distrust and hatred between the citizens professing different religions. I want to help in the creation of a Pakistani nation. I want the citizens to have only one ideal, namely, service to Pakistan each according to his own religious convictions but all united to advance the stability, integrity and the glory of Pakistan and all dedicated to their motherland. Surely, this is an ideal worth struggling for an worth achieving.

It is said by some that joint electorate is contrary to the tenets of Islam and that if our National Assembly passes it, it will be doing something un-Islamic. Apart from the conviction which I hold, a conviction which is supported by all the Muslim countries of the world that there are no injunctions regarding electorates in Islam and that it is wholly wrong to drag Islam into this controversy. I maintain that under our constitution, labelled as Islamic by those gentlemen who consider joint electorate to be un-Islamic, the final word as to what is Islamic or not rests with the State and its organ, the National Assembly...........

It is said that joint electorate is un-Islamic. Joint Electorate implies that Muslims and non-Muslims vote for a particular person. Are we not always doing that in our Legislatures? Have you not jointly voted for the President of the Islamic Republic of Pakistan? Do we not, Muslims and non-Muslims, vote jointly for every measure in our Legislature? Have we not voted jointly for your venerable self when we elected you as our speaker? How do these gentlemen, who consider that joint electorate is un-Islamic and a sin, remain members of a Legislature .and vote with non-Muslims for individuals and for measures? Indeed the Members of this very National Assembly have been returned by a joint electorate, namely, the Provincial Legislatures composed of Muslims and non-Muslims. The argument that joint electorate is un-Islamic should hardly appeal to the members here who by their very association in the Legislature must be grovelling in sin.

Then again, is Pakistan the only Muslim country in the world ? Are there not other Muslim countries like Saudi Arabia, Egypt, Syria, Iran, Lebanon, Jordan and even Afganistan where they declared law is the Shariat law, and is there separate electorate in any of these countries? In the days of colonialism, in the days of their subjugation one or two of them had separate electorate. This was a device to devide the people. No sooner did they attain independence than they had one electorate and made no difference between Muslims and non-Muslims. What will these countries think of the thesis that joint electorate is un-Islamic? What will those countries think of Pakistan and its divines? I leave the people to ponder.

Let us go nearer home. In East Pakistan members are returned by joint electorate to all the self-governing bodies, like Union Boards, District Boards, the Municipalities, the School Boards and so on. No one uptill now has doubled the system un-Islamic or should it be said that it is only when it comes to electing representatives to a Legislature that the joint electorate becomes un-Islamic, but is absolutely Islamic in all other cases even in the election of our President.

In my opinion this problem must be viewed only from one angle, namely, what is in the interest of Pakistan. As I have pointed out, joint electorate will help to create one country and one nation and destroy all fissiparous tendencies. Separate electorate will keep alive the flame of difference based on religion, which will in their turn lead to differences in outlook and even discrimination between citizens and citizens. However, much we shall endeavour to avoid it. Separate electorate is unhealthy if we want to create a nation. It is useful if we wish to divide. It is a powerful weapon for division. If we search our hearts sincerely, we shall find that the present Muslim demand for separate electorate is based on deep suspicion and distrust and even hatred of the non-Muslim element. I know that the scars resultant on the partition have not yet healed. Generations will pass before they will heal, but the process of healing must begin, and, living as we must, side by side, with the realistic conviction that the transfer of population is impossible, that the migration of the 4½ crores of Muslims in India may well result in Pakistan being swept into the sea, we have to accept the fact that Pakistan will remain a country inhabited by Muslims and non-Muslims all of whom must have equal rights and are entitled to be treated as equal citizens. This can only be produced by a feeling that all are entitled equally to participate in the future of the country through the political institutions of a democratic state. I know that the protagonists of separate electorate will loudly deny that they have any such feeling of distrust, suspicion and hatred against non-Muslims but we cannot escape basic facts and the only way to prove that they entertain no such feeling is to accept joint electorate.

Those who support seperate electorate declare that in the system of joint electorate, the Hindus will dominate over the Muslims, capture all the seats, corrupt the Muslims and so on. It is strange that this has been voiced in an area of Pakistan where there are not more than 2 per cent Hindus. Strange that these people in West Pakistan, who know nothing at all about East Pakistan, should try and impose on it this political panacea, and pose as its saviours, as if the Muslims of East Pakistan understand nothing. Do they not realise that it constitutes a slanderous condemnation of the Muslims of East Pakistan, where Hindus still dwell in significant numbers? Let me tell those who think in this manner that there is no such danger. Muslims of East Pakistan, who have not lost their faith in themselves and who basically are true Muslims, know how to perform their duty to their country. Whether we have joint or separate electorate matters little in West Pakistan where the non-Muslims are in such a negligible minority, but it does matter a lot in East Pakistan and the Muslims of East Pakistan pray to be saved from those who consider them so contemptible that they will sell the interests of the country for the money of non-Muslims. In view of this it is hardly relevant to point out that the wealthy Hindus have migrated from this country, for I do not admit that the Muslims of East Pakistan are in danger, but I point this out for the benefit of those who entertain such contemptuous ideas regarding thier brother Muslims. Let me give you a few instances of joint electorate in action in East Pakistan to show how incorrect is the view of its so-called saviours.

In the district of Khulna, where the Hindus and Muslims are almost equally divided, and from wherein the Provincial Assembly which is based on separate electorate, there are 8 Muslims and 7 Hindus, there are in its District Boards of 30 elected members, where there should have been on the same basis 16 Muslims and 14 Hindus, 28 Muslims and 2 Hindus. In the Faridpur District Board, where on the basis of separate electorate, there should have been 25 Muslims and 11 Hindus, 32 Muslims and 4 Hindus have been returned. In Dinajpur, where on the basis of separate electorate, based on population, there

should have been 12 Muslims and 9 Hindus, 21 Muslims have been returned and no Hindu. These figures speak for themselves, and show that in a system of joint electorate Hindus have little chance of being returned unless they co-operate with the Muslims and identify themselves with them. Indeed, joint electorate if it does any harm at all in the matters of representation will harm the Hindus. I deliberately use the words "in the matter of representation", for I think they will gain otherwise from the point of view of creating identity of interest and a sense of common endeavour in a common cause for a common country, which is so vital for a minority community, for its safety, for its dignity and for its future progress, more particularly if the majority community is willing and prepared to be just and to live with the minority community as equal partners and share with its hopes and its fears. It may, therefore, well be asked why, if the Hindus stand to loose so much in representations, do they advocate joint electorate. I have already given the answer but there are other answers as well. It is difficult for the Hindus, who, when they were citizens of undivided India, denied to the Muslims the right of separate electorate as a proper method or representation to claim that right for themselves now that they are in the position of a minority. Apart from this the Hindus find that in a system of separate electorate they will remain for all time a constitutional minority subject to a minority complex and at the whim of a majority complex. It is always to the interest of the minorities if there these complexes are removed and the idea of one nation takes its place and the term minority community loses significance. In the system of separate electorate, the Hindus will be entitled to such a large number of seats that they will always hold the balance of power between the contesting Muslim groups. It is a political and logical phenomenon that the minority community closes its ranks and stands solid as a group, while the majority community that wields power will always be divided. It is to the credit of the Hindus of East Pakistan that they realise that it will be fatal for their furture if they place themselves in the position of being able to play off one group against the other. Their position can become so dominant that they can place the smaller Muslim party in power by combining with it and oust the larger party. This while giving to the Hindus minority some temporary advantage will build up against it forces of distrust and the major Muslim group cannot but entertain unfriendly feelings towards it. It speaks greatly for the political insight of the Hindu community, that they prefer to reap the benefits of trust and cooperation and one nationhood rather than scramble for representation on the basis of numbers. A time will come, I hope, when Muslims and non-Muslims will forget the difference of religion in the service of the country, and we shall find ourselves working together, side by side and shoulder to shoulder, in all nooks and corners of the country, and through such work attain a common nationhood, and take our rightful place in representative institutions, in local bodies and in legislatures according to the service we render to our fellow creatures.

I beg the House, therefore, and the people outside the country to view this problem only from one angle, namely, the interest of Pakistan. It is so easy to mislead our people who are prepared to sacrifice everything in the way of Islam, to mislead them in the name of Islam. It is so easy to excite passion, so easy to kindle fires, so easy to destroy, so difficult to build, that I would beg of those who are utilising this controversy, for the sake of opposition, not to fan the flames of fanaticism and bigotry and hatred, but to pause and build Pakistan on the solid foundation of trust and unity between all the peoples inhabiting this beloved country of ours.

I commend my motion to the House................

শিরোনাম	সূত্র	তারিখ
যুক্ত নির্বাচন প্রথা আইন পাশ।	পাকিস্তান অবজারভার।	১২ই অক্টোবর, ১৯৫৬।

NATIONAL ASSEMBLY PASSES ELECTORATE BILL (48—19)

Unparalleled All-night Marathon Session.

BEST POSSIBLE SOLUTION: PM

(By S. C.)

After a more than 14-hour debate which commenced yesterday morning and concluded in the small hours of today the National Assembly passed the Bill providing for joint electorate in East Pakistan and separate electorate in the country's Western wing. The Electorate Bill was passed at 4 a.m. (East) by 48 votes to 19. But this was not before several divisions had been pressed by the opposition and lost including one by 48 votes to 20.

Animated debate marked the sessions proceedings and other points of interest included defection of one member from the republican party over the electorate issue, declaration of a member of the United Front that he believed in joint electorate regarding which he said his party had given him freedom of conscience and the ending-up speeches of Mr. Suhrawardy, Prime Minister and Mr. Chundrigar, leader of the Muslim League party.

Mr. Suhrawardy's concluding words while commending the bill for enactment were that it constituted under the circumstances the best possible solution and that it would bring the two wings of Pakistan closer together. This was also the best solution until such time as West Pakistan of its own volition changed its view point.

Earlier, he appealed to the opposition that if they wanted to save the people from bigotry and fanaticism, then they should have the guts to go and tell them that the question of electorate had nothing to do with religion.

Mr. Chundrigar marshalling the case for separate electorate said that he would submit that this system of voting was in the best interest of both Hindus and Muslims.

He also stated that equality of rights for the minorities had already been provided for in the constitution.

As regards the Government Party's contention that under a system of separate electorates 72 non-muslims in East Pakistan had held the balance of power, he said that the particular method of voting could not be blamed for this but the Muslims themselves.

Yesterday afternoon Pir Ali Mohammad Rashidi of the Muslim League held out a threat that a movement for separate electorate would be launched to which Mr. Suhrawardy interjecting replied that he would break this by a bigger movement based on annihilation of all suspicion and distrust.

In his winding up speech, Mr. Suhrawardy said that he would like to join with Mr. Chundrigar in condemning the hooliganism that might have taken place here on October 7. He hoped that leaders of all political parties will enjoin that there be no disturbance in political meetings.

Among those who participated in this session's debate also were Dr. Khan Saheb and Mian Iftekharuddin, the West Pakistan Chief Minister said that it was not possible for him to understand why the issue of the electorates was worrying the members. But as Mian Saheb had told them they were worried because they did not represent the public.

Whether he believed in joint or separate electorate did not matter. The point was that representatives of West Pakistan had supported separate electorate and his party and himself had no right to go back on it without refering the matter to people.

In Pakistan, he said, will had always been imposed from the top and politics directed from drawing rooms. He would request all members of the House in clearing the country of fortune-hunters but mere speeches would not do.

Referring to East Pakistan he said that they had voted for joint electorate and had every right to do it and also propagate their viewpoint but they should do it peacefully and violently.

— — —

শিরোনাম	সূত্র	তারিখ
মওলানা ভাসানী কর্তৃক প্রকাশিত রাজনৈতিক বক্তব্যভিত্তিক লিফলেট।	মওলানা ভাসানী।	১৩ই জানুয়ারী, ১৯৫৭।

পূর্ব বাংলার গরীব চাষী, মজুর, ছাত্র, যুবক ও জনসাধারণের প্রতি—আমার আবেদন

ভাইসব,

এদেশ শুধু মন্ত্রী, মেম্বার, সরকারী কর্মচারীদের নহে—এ দেশ অগণিত জনগণের দেশ। যাহারা এ দেশ পরিচালিত করেন, তাহারা শতকরা ৯৫ জন গরীব চাষী, মজুর, কামার-কুমার প্রভৃতি সকল শ্রেণীর জনসাধারণের টাকা দিয়াই চলেন। এ দেশের সরকার জনগণেরই সরকার। তাই জনগণের স্বার্থ রক্ষাকল্পে দুর্নীতি, স্বজনপ্রীতি, চোরাকারবারি প্রভৃতি সকল রকম সমাজবিরোধী কার্য্যকলাপ বন্ধ করার জন্য ভয়ভীতি ত্যাগ করিয়া ঐক্যবদ্ধ হউন। পূর্ব্ব বাংলার বাঁচার দাবী পূর্ণ আঞ্চলিক স্বায়ত্তশাসন আদায়ের দাবী এবং মহান ২১-দফার বাকী ১৪ দফা দাবী পূরণের জন্য বিচ্ছিন্ন জনশক্তিকে আওয়ামী লীগের মাধ্যমে ঐক্যবদ্ধ করিয়া তুমুল আন্দোলন গড়িয়া তুলিতে হইবে।

দেশের নানাবিধ সমস্যার সমাধানের উপায় উদ্ভাবন এবং আন্দোলনকে সঠিকভাবে পরিচালনার জন্য আমি আগামী ৭ই ফেব্রুয়ারী হইতে সপ্তাহ ব্যাপী সন্তোষ কাগমারীতে এক বিরাট সম্মেলন আহ্বান করিয়াছি। দল, মত, জাতিধর্ম্ম নির্বিশেষে উক্ত সম্মেলনে যোগদান করিয়া জনগণের দাবী আদায়ের আন্দোলন জোরদার করুন।

কর্মসূচী

৭ই ও ৮ই ফেব্রুয়ারী—পূর্ব্ব পাক আওয়ামী লীগ কাউন্সিল সভা।

৭ই ফেব্রুয়ারী হইতে—কৃষি, শিল্প প্রদর্শনী ও সাংস্কৃতিক সম্মেলন। প্রদর্শনীর জন্য শ্রেষ্ঠ দ্রব্য সম্ভার আনয়নের এবং সাংস্কৃতিক সম্মেলনে যোগদানের জন্য শিল্পীগণকে অনুরোধ জানান যাইতেছে। থাকার ব্যবস্থা করা হইবে, বিছানা সঙ্গে আনিবেন।

জনগণের নগণ্য খাদেম
মোঃ আবদুল হামিদ খান ভাসানী
১৩-১-৫৭

বিশেষ দ্রষ্টব্য:—সম্মেলনের জন্য চাউল, পাতা, ডেকচী, কড়াই, গরু-বকরী যে যাহা দান করিতে চান সম্মেলনের পূর্ব্বেই পেঁৗছাইয়া দিবেন।

শিরোনাম	সূত্র	তারিখ
কাগমারী সম্মেলন সংক্রান্ত প্রচারপত্র।	মওলানা ভাসানী।	৩রা ফেব্রুয়ারী, ১৯৫৭।

কাগমারীর ডাক

- সারে চার কোটি বাঙ্গালীর বাঁচার দাবী আঞ্চলিক স্বায়ত্তশাসন আদায়ের ডাক।
- ঐতিহাসিক মহান ২১-দফা আদায়ের ডাক।
- চাষী, মজুর, কামার, কুমার, ব্যবসায়ী, বুদ্ধিজীবী ও শিল্পী সকল শ্রেণীর মিলনের ডাক।
- সাম্রাজ্যবাদীর কবল হইতে এশিয়া আফ্রিকার মুক্তির ডাক।
- পূর্ব্ব বাংলার ৬০ হাজার গ্রামে আওয়ামী লীগকে সংগঠনের ডাক।
- "২১-দফার পূর্ণ রূপায়ণের জন্য আমাদের নিরবচ্ছিন্ন আন্দোলন চালাইয়া যাইতে হইবে। ইহা সারা পাকিস্তানের সামাজিক ও আর্থিক পরাধীনতার হাত হইতে মুক্তির মহান সনদ, ইহা যেন আমরা কখনও বিস্মৃত না হই।"

—মাওলানা আবদুল হামিদ খান ভাসানী

শিরোনাম	সূত্র	তারিখ
কাগমারী সম্মেলনে আন্তর্জাতিক রাজনীতির উপর উপস্থাপিত মওলানা ভাসানীর বক্তব্য।	দৈনিক সংবাদ।	৬ই ও ৮ই ফেব্রুয়ারী, ১৯৫৭।

স্বাধীন ও নিরপেক্ষ পররাষ্ট্র নীতি পাকিস্তানের জনগণের প্রকৃত মুক্তি ও শান্তির প্রস্তাব করিবে।

বিশ্বশান্তির পরিপন্থী যে-কোন প্রকার যুদ্ধজোট পরিত্যাগ ও যুদ্ধচুক্তি বাতিলের দাবী।

(সংবাদের বিশেষ প্রতিনিধি)

কাগমারী (টাংগাইল), ৫ই ফেব্রুয়ারী:—মওলানা আবদুল হামিদ খান ভাসানী অদ্য সন্ধ্যায় এক সাক্ষাৎকারে বলেন যে, "আমি কোন প্রকার যুদ্ধজোটে বিশ্বাস করি না। বিশ্বশান্তির পরিপন্থী যে-কোন প্রকার যুদ্ধজোট মানব সভ্যতা ও মুক্তির পথে বাধাস্বরূপ"।

তিনি ঘোষণা করেন, "যত কঠিন বাধাই আসুক না কেন আমি পাকিস্তানের জনগণের ভবিষ্যৎ কল্যাণের জন্য স্বাধীন ও নিরপেক্ষ পররাষ্ট্র নীতির জন্য সংগ্রাম করে যাব। কারণ আমি বিশ্বাস করি, এই শক্তিই পাকিস্তানের জনগণের প্রকৃত মুক্তি ও শান্তির পথ প্রশস্ত করিবে"।

এখানে উল্লেখযোগ্য যে, ১৯৫৬ সালের ২০শে মে আওয়ামী লীগ কাউন্সিল অধিবেশনে সবসম্মতিক্রমে সর্বপ্রকার যুদ্ধজোটের বিরোধিতা করা হইয়াছিল এবং বাগদাদ, সিয়াটো ইত্যাদি যুদ্ধ-চুক্তির বাতিল দাবী করা হইয়াছিল।

'সংবাদ' ৮ই ফেব্রুয়ারী, ১৯৫৭

৭ই ফেব্রুয়ারী আওয়ামী লীগ কাউন্সিল অধিবেশনে মওলানা ভাসানীঃ

দীর্ঘ নয় বৎসর ধরে ক্রমাগত সংগ্রাম করার পর এই সর্বপ্রথম আওয়ামী লীগ কেন্দ্রে ও পূর্ব পাকিস্তানে ক্ষমতা পেলো। এ-ক্ষমতা নিরংকুশ নয়, অন্যান্য পার্টির সহযোগিতা নিতে হয়েছে এ ক্ষমতা পেতে, তবু অনেকের মনে হতে পারে, আমরা বিরাট জয়লাভ করেছি, মন্ত্রীরা দেশ শাসন করুক, আমরা বাড়ীতে বিশ্রাম নেই।

যদি কারও এরূপ ধারণা হয়ে থাকে তবে তা সম্পূর্ণ ভুল। এ ভুল যত শিগগির ভাংগে ততই মংগল। আপনারা মুসলিম লীগের ইতিহাস বিস্মৃত হবেন না। একদা মুসলিম লীগ ছিল পাক-ভারতের মুসলমানের সর্বাপেক্ষা শক্তিশালী রাজনৈতিক প্রতিষ্ঠান। পাকিস্তান কায়েম হবার পর তার ক্ষমতা ও মান-মর্যাদা আরও বৃদ্ধি পায়। বস্তুত ১৯৪৭ সালের ১৪ই আগষ্ট তারিখে পাকিস্তান কায়েম হবার সময় পাকিস্তানে অন্য রাজনৈতিক দলের অস্তিত্বই ছিল না। আমি নিজেও বটেই, আজ যারা এখানে সমবেত হয়েছেন তাদেরও অধিকাংশ

মুসলীম লীগের সভ্য ছিলেন। জনসাধারণের অগাধ বিশ্বাস ছিল তখন মুসলিম লীগের উপর। পাকিস্তানকে শক্তিশালী, সুন্দর ও দুর্নীতি-কালোবাজারী প্রভৃতি সর্বপ্রকার কলুষ থেকে মুক্ত করার অপরিসীম আগ্রহ ও কর্মপন্থা সকল দেশের সকল শ্রেণীর জনসাধারণের মধ্যে বিদ্যমান। কিন্তু মাত্র ৯টি বৎসর না যেতেই আজ মুসলিম লীগ জনসাধারণের মন থেকে ধুয়ে মুছে গেল। এত বড় একটা রাজনৈতিক প্রতিষ্ঠানের এরূপ অবস্থা পৃথিবীর ইতিহাসে বিরল। বিগত সাধারণ নির্বাচনে মুসলিম লীগের যে হার হয়েছে সেরূপ হার পৃথিবীর কোন দেশে কোন কালে কোন ক্ষমতাসীন দলের হয়নি।

কেন এমন হলো? কেন মুসলিম লীগের এমন শোচনীয় মৃত্যু হলো? আওয়ামী লীগ কর্তৃক কেন্দ্রে ও প্রদেশে আংশিক ক্ষমতা অধিকারের পর বৈজ্ঞানিক মন নিয়ে এ প্রশ্নের সম্মুখীন হওয়া প্রয়োজন হয়ে পড়েছে। মনে রাখতে হবে যে, অতন্দ্র দৃষ্টি এবং সর্বদা তীক্ষ্ণ প্রহরাধীন না রাখলে ক্ষমতা রাজনৈতিক প্রতিষ্ঠানের মৃত্যু যত শিগগির ডেকে আনে তত শিগগির আর কিছুতে আনে না। বিরোধী দল হিসাবে দুএকটা ভুল করলে সর্বসাধারণ অনেক সময় ক্ষমা করে থাকে, কিন্তু ক্ষমতাসীন দল হিসাবে ভুল করলে সে ভুলের ক্ষমা নেই।

মুসলিম লীগ কি কি ভুল করেছিল তার একটি হিসাব নিলেই আমাদের পক্ষে সাবধান হওয়া সহজ হবে বলে নিম্নে আমার জ্ঞান বুদ্ধিমত মুসলিম লীগের ভুলগুলি একে একে বলছি:

প্রথমত: ক্ষমতা তাদের মাথা গুলিয়ে দিয়েছিল। তার প্রমাণ পূর্ব পাকিস্তানের সাড়ে চার কোটি লোকের মতামত না নিয়ে মুসলিম লীগ করাচীতে রাজধানী নিয়ে গেল, উর্দু রাষ্ট্রভাষা হবে বলে ঘোষণা করল এবং সর্বোপরি পূর্ব ও পশ্চিম পাকিস্তানের অর্থ ও চাকরি বন্টনে বৈষম্যমূলক নীতি অনুসরণ করে চললো।

দ্বিতীয়ত: তারা ব্যক্তিগত বা দলগত স্বার্থ রক্ষার জন্য রাজনীতিতে ধর্মকে টেনে আনলেন। নিছক রাজনৈতিক প্রতিষ্ঠান হিসাবে যার জন্ম সেই মুসলিম লীগের দোষত্রুটির ন্যায্য সমালোচনাকে তারা ইসলাম বিরোধিতা, রাষ্ট্রদ্রোহিতা প্রভৃতি আখ্যায় আখ্যায়িত করে জনমনে একটা ত্রাসের সঞ্চার করার প্রচেষ্টায় মত্ত হলো।

তৃতীয়ত: মুসলিম লীগ নেতাদের অধিকাংশের ব্যক্তিগত জীবনে ইসলামের অনুশাসন রক্ষিত হওয়ার নামমাত্র চিহ্ন পরিলক্ষিত না হলেও তারা রাজনৈতিক সভাসমিতিকে প্রধানত: ধর্মমূলক ওয়াজ-নসিহতের জলসায় পরিণত করলেন।

চতুর্থত: মুসলমানের আল্লাহ এক, ধর্ম এক, রসুল এক এবং কেতাব এক—এই যুক্তিতে রাজনৈতিক দলও হবে এক বলে প্রচার চালালেন তারা। একই যুক্তিতে তারা বলে যেতে লাগলেন বিরোধী দল মাত্রই রাষ্ট্রদ্রোহী।

পঞ্চমত: মুসলিম লীগের কর্ণধারগণ পাকিস্তানকে তাদের ব্যক্তিগত জমিদারী মনে করে নিজেদের ব্যাংক ব্যালেন্স এবং সম্পত্তি ইত্যাদির জন্য রাষ্ট্রের ধন ও সম্পদ নির্লজ্জ লুন্ঠনে মত্ত হলেন। লীগের উপরের স্তরের লোকগণ চরম দুর্নীতি, চোরাকারবারি এবং স্বজনপ্রীতিতে গা ভাসিয়ে দিলেন, এ অবস্থা যখন সরকারী কর্মচারীগণের কাছে ধরা পড়লো তখন তাদেরও অনেকে পাকিস্তান লুন্ঠনের কার্যে অবতীর্ণ হলেন (গোলাম মুহম্মদের জামাতা হোসেন মালিক ফ্রান্স থেকে ওয়াগন কেনার নামে কেন্দ্রীয় সরকারের ৪৬ লাখ টাকা ৭/৮ বৎসর ধরে ব্যক্তিগত তহবিলভুক্ত করে রেখেছেন)। পাকিস্তান হবার পর মুসলিম লীগের নেতা, উপনেতা ও সরকারী কর্মচারীদের অনেকেই আংগুল ফুলে কলাগাছ হয়েছেন। তাদের সম্পত্তি কিভাবে অর্জিত হলো যদি তার তদন্ত কোন দিন হয় তবে পাকিস্তান লুন্ঠনের যে চিত্র জনসম্মুখে প্রকাশিত হয়ে পড়বে, তা অতীতের সমস্ত রাজনৈতিক অসততা, দুর্নীতি, ফেরেববাজি ও চুরিচামারিকে হার মানাবে।

ষষ্ঠতঃ পাকিস্তানের মালিক হওয়ামাত্র মুসলিম লীগ নেতাগণ নিজেদের ক্ষমতা ও যোগ্যতার সীমারেখা ভুলে গেলেন। একথা অস্বীকার করা চলে না যে, পাক-ভারত উপমহাদেশ থেকে ক্ষমতাচ্যুত হবার পর মুসলমানদের সমাজ জীবন গোমরাহী ও মূর্খতায় নিমজ্জিত হয়। সেই গোমরাহী ও মূর্খতা থেকে জ্ঞান-বিজ্ঞানের ক্ষেত্রে তারা প্রচেষ্টা করতে থাকে মাত্র বিংশ শতাব্দীর প্রথম দশক থেকে। ভারতীয় মুসলমানদের সমাজ জীবনে মধ্যবিত্ত শ্রেণী গড়ে উঠতে থাকে মাত্র বিংশ শতাব্দীর দ্বিতীয় দশক থেকে। সে গড়া আজও শেষ হয়নি। পূর্ব পাকিস্তানে যদিও তা আজ অনেকটা সুদৃঢ়; কিন্তু পশ্চিম পাকিস্তানে তা আজও গড়েনি। মুসলিম লীগ নেতাগণ এই ঐতিহাসিক সত্য ভুলে গেলেন, তারা নিজেদের মনে করতে লাগলেন পরম ও চরম বিজ্ঞতার অধিকারী ও নির্ভুল। ফলে মূর্খতার সংগে অহমিকা বা ইংরেজীতে যাকে বলে এরোগেন্স, তার মিশ্রণ হলো। মূর্খ নিজের মূর্খতা স্বীকার করে কার্যে অবতীর্ণ হলে এবং অপরের গঠনমূলক উপদেশাদি গ্রহণে রাজী হলে তা তেমন দৃষ্টিকটু হয় না। কিন্তু মূর্খতা ও আত্মম্ভরিতার মিশ্রণ একেবারেই অসহ্য।

সপ্তমতঃ মুসলিম লীগ অর্থনীতিকে রাজনীতির সংগে মিশিয়ে ফেললেন। রাজনীতিতে অনেক সময় জনগণের ভাবালুতা কাজে লাগাতে হয়। কিন্তু অর্থনীতি বর্তমান জগতে বিজ্ঞানের একটি শাখা। সুতরাং ভাবালুতাভিত্তিক অর্থনীতি আধুনিক জগতে একেবারেই অচল। বাণিজ্যের মূল কথাই হলো লাভ-লোকশান। চরম শত্রুর সংগেও লাভ হলে ব্যবসা করতে হয়। কিন্তু লীগ কর্ণধাররা বাণিজ্যের মূলনীতি বিস্মৃত হয়ে ভারতের সংগে কারবার প্রায় বন্ধ করে দিলেন। স্বাধীনতার পর ভারত পাকিস্তান থেকে ৪০ লাখ বেল পাট ও ১৫ লাখ বেল তুলা নিতো, কিন্তু আজ নেবে মাত্র দশ লাখ বেল পাট। ভারত পাট উৎপাদন বৃদ্ধি করল আমরা অনুসরণ করলাম "পাট উৎপাদন কমাও নীতি"। মুসলিম লীগ সরকার চীন, রাশিয়া প্রভৃতি দেশের সংগে বাণিজ্যিক সম্পর্ক স্থাপনে বহুকাল ইতস্ততঃ করেছে। এখানেই শেষ নয়, দুনিয়ার সব দেশে যখন মুদ্রার মূল্যমান কমিয়ে দেয় তখন এই একাউন্টেন্ট অর্থনীতি বিশারদরা পাকিস্তানী মুদ্রার মূল্যমান পূর্ব হারেই রেখে দেন, কিন্তু এর থেকে যে লাভ হলো তার এক পয়সাও দেশের জনসাধারণকে পাইয়ে দেবার কোন ব্যবস্থা করলেন না। এরা দেশের দুই অংশের [illegible] নির্দ্ধারণ করে কার্যতঃ পাকিস্তানের দুই অংশের অর্থনীতি সম্পূর্ণ স্বতন্ত্র [illegible], নিজেদের স্বার্থোদ্ধার ও পূর্ব পাকিস্তানকে লুণ্ঠনের জন্যে উভয় পাকিস্তানের এক অর্থনীতির [illegible] শ্লোগান ধরলেন। এই অশ্রুতপূর্ব মূর্খতার ফলে আজ পাকিস্তানী অর্থনীতি বিপর্যস্ত, জনসাধারণ আজ অবর্ণনীয় দুঃখ-দুর্দশার সম্মুখীন, পূর্ব পাকিস্তান আজ ভিখারীর দেশে পরিণত। অপর যে কোন সভ্য দেশে রাষ্ট্র পরিচালকগণের মধ্যে মূর্খতা ও আত্মম্ভরিতার এরূপ একত্র সমাবেশ হলে দেশের লোকের বিচারে তাদের গুরুতর শাস্তি হতো।

অষ্টমতঃ ইংরেজ আমলের মাথাভারি শাসন ব্যবস্থার পরিবর্তন করা দূরের কথা, মুসলীম লীগ তাকে পূর্বাপেক্ষাও মাথাভারি করতে প্রস্তুত হলেন। যে দেশের মাথাপিছু বার্ষিক আয় এখন পর্যন্ত সম্ভবতঃ একশত টাকার উর্দ্ধে নয়, সেইদেশে মাসিক দু'তিন লাখ টাকা পর্যন্ত আয়ের পদ রাখার নজীর বর্তমান দুনিয়ায় নেই। গ্রেট বৃটেনের মত উন্নত দেশের প্রধান মন্ত্রীর বেতনের চাইতে বেশী এদেশের অনেকের মাসিক বেতন। পাকিস্তানের মত দরিদ্র দেশের বৈদেশিক দূতাবাস, ট্রেড কমিশন, ডেলিগেশন প্রভৃতির সংখ্যা কানাডা ও বৃটেনের মত উন্নত রাষ্ট্রের চাইতেও সম্ভবতঃ অনেক বেশী, অথচ অতি সহজেই একটি বৈদেশিক দূতাবাস থেকে অনেক ক্ষেত্রে একাধিক দেশে কাজ করতে পারে।

মোট কথা, মুসলিম লীগ মুখে ধর্মের জিগির এবং কার্যতঃ দেশের জনসাধারণকে ইংরেজ আমল অপেক্ষাও দারিদ্র্যে নিমজ্জিত করে দেশকে ভিক্ষুকের দেশে পরিণত করার যে অদম্য উৎসাহ ও প্রচেষ্টায় মত্ত হলো, তার নজীর কোন ইতিহাসে নেই। তাদের এই প্রচেষ্টার ফলে

দেশ আজ দৈনন্দিন খরচের জন্য পরমুখাপেক্ষী। বিদেশের অর্থ সাহায্য ছাড়া আজ পাকিস্তান অচল। এজন্য রাজনৈতিক স্বাধীনতা পর্যন্ত বিসর্জন দেওয়ার মত অবস্থায় গিয়ে পৌঁছেছে দেশ।

বিরোধী দলের অস্তিত্ব রাষ্ট্রের জন্যে সরকারী দলের মতই সমান প্রয়োজন বলে মনে করতে হবে। বিরোধী দলের 'শির কুচল' দেওয়ার কল্পনা পরিত্যাগ করতে হবে। বিরোধী দলের কারও দেশপ্রেমে সন্দেহ প্রকাশ করার নীতি বর্জন করতে হবে। মোট কথা, পূর্ণ পার্লামেন্টারী শাসন এবং সমাজতান্ত্রিক অর্থনৈতিক ব্যবস্থা হবে আমাদের লক্ষ্যস্থল।

ইতিহাস সাক্ষী, কোন দেশের জনসাধারণ কোন কালেই ভুল করেনি। যারা বলেন যে, নিরক্ষরতা বা অজ্ঞতার জন্য জনসাধারণ ভুল করতে পারে, সুতরাং জনসাধারণের উপর পূর্ণ আস্থা রাখা যায় না, তাদের সংগে জনসাধারণের কোন পরিচয় নেই। সমবেতভাবে জনসাধারণ যদি ভুলই করত, তবে তারা পাকিস্তান আনতে পারত না। পূর্ব বাংলার বিগত সাধারণ নির্বাচনে জনতা যে অপূর্ব রাজনৈতিক প্রজ্ঞার প্রমাণ দিয়েছে, তার তুলনা নেই।

এখন পর্যন্ত আমাদের অনেক কাজ বাকী। একুশ দফা ওয়াদার মূল দফা এবং আওয়ামী লীগ ম্যানিফেস্টোরও প্রধান কথা হল পররাষ্ট্র, মুদ্রা এবং দেশরক্ষা বিভাগ ছাড়া আর সকল বিভাগের ভার প্রদেশকে দিতে হবে। কারণ যতদিন না পূর্ব পাকিস্তান তার অর্জিত বৈদেশিক মুদ্রা খরচ করার পূর্ণ ক্ষমতা পাচ্ছে যতদিন না শিল্প ও বাণিজ্য, রেলওয়ে, পোষ্ট অফিস প্রভৃতি বিভাগগুলির পূর্ণ কর্তৃত্ব স্থানীয় সরকারের হাতে আসছে যতদিন না পূর্ব ও পশ্চিম পাকিস্তানকে অর্থনৈতিক বিচারে দুটি সম্পূর্ণ স্বতন্ত্র ইউনিট বলে স্বীকার করা হচ্ছে—ততদিন পর্যন্ত পূর্ব পাকিস্তানের সর্বাংগীন মংগল সম্ভব নয়।

বিনা খেসারতে জমিদারী উচ্ছেদ আর একটি ওয়াদা। সমস্ত মধ্যস্বত্বভোগীদের খেসারত দিতে হলে পূর্ব পাকিস্তানকে অন্তত ৬০ কোটি টাকা ক্ষতিপূরণ স্বরূপ দিতে হবে, টাকা দেওয়ার মতো ক্ষমতা পূর্ব পাকিস্তান সরকারের নেই। যে টাকা জমিদার-তালুকদারদের ক্ষতিপূরণ স্বরূপ দেওয়ার ব্যবস্থা বর্তমান আইনে আছে সে টাকা দ্বারা এদেশে বিভিন্ন শিল্প প্রতিষ্ঠান গড়ে তুলে কর্মক্ষম জমিদার-তালুকদারদের যোগ্যতানুসারে নিয়োগ করা যেতে পারে। সংগত মনে হলে ঐ সকল শিল্পের কিছু শেয়ারও তাদের দেয়া যেতে পারে।

শিক্ষা—পূর্ব পাকিস্তানে ১৩% মাত্র অক্ষরজ্ঞানসম্পন্ন। প্রাথমিক শিক্ষাকে অবৈতনিক ও বাধ্যতামূলক করার ওয়াদায় আমরা আবদ্ধ। ১৯৪৮ সালে পূর্ব পাকিস্তানে ম্যাট্রিক পরীক্ষার্থীর সংখ্যা ছিল প্রায় ৬০ হাজার এখন ৩০-৩৫ হাজার। হাইস্কুল ও হাই-মাদ্রাসা মিলে ছিল প্রায় ২ হাজার, এখন কাগজেপত্রেই মাত্র ১৪ শত। মধ্য ইংরেজী ও জুনিয়র মাদ্রাসার সংখ্যা ছিল প্রায় ২,৫০০, এখন নেই বললেই চলে। শিক্ষকের সমস্যা আরো গুরুতর— প্রাথমিক শিক্ষকের বেতন সরকারী ৪র্থ শ্রেণীর কর্মচারীদের চেয়েও কম।

সামরিক বিভাগ কেন্দ্রীয় সরকারের নিয়ন্ত্রণাধীন থাকবে আমরা বলেছি, কিন্তু তার অর্থ এই নয় যে, সামরিক বিভাগের নিয়োগ থেকে পূর্ব পাকিস্তানী যুবকরা চিরকালের জন্য বঞ্চিত থাকবে। সামরিক বিভাগে, ২ লক্ষ কর্মচারীর মধ্যে ৫% জনও পূর্ব পাকিস্তানী নয়। পাকিস্তান সরকার দেশরক্ষা খাতে বৎসরে রাজস্ব খাত থেকেই প্রায় সত্তর কোটি টাকা ব্যয় করেন, এ ছাড়া বৈদেশিক সাহায্য তো আছেই। এই টাকার পনেরো আনাই ব্যয় হয় পশ্চিম পাকিস্তানে। অথচ দেশ রক্ষার অধিকার সকলের সমান। জাপানী ও চীনাদের মত খর্বকায় ব্যক্তিরা যুদ্ধের উপযোগী হতে পারলে পূর্ব পাকিস্তানী যুবকরা সামরিক বিভাগের জন্য উপযোগী কেন হবে না তা বুঝে ওঠা কঠিন। আমরা সংখ্যাসাম্য মেনে নিয়েছি দেশের সকল ব্যাপারে সংখ্যা সাম্য ভোগ করব বলে—কেন্দ্রীয় সরকারের মোট খরচের শতকরা পঁচাত্তর ভাগ থেকে বঞ্চিত হবার জন্যে নয়।

পূর্ব পাকিস্তানের প্রতি বর্গমাইলে প্রায় নয়শত লোক বাস করে; পক্ষান্তরে পশ্চিম পাকিস্তানে এই সংখ্যা এক শতেরও কম। কাজেই পূর্ব পাকিস্তানে শত ইচ্ছা করলেও কৃষির খুব উন্নতি করা সম্ভব নয়। সুতরাং বিজ্ঞানসম্মত ব্যবস্থা হল পশ্চিম পাকিস্তানে যান্ত্রিক কৃষি ব্যবস্থার প্রবর্তন এবং পূর্ব পাকিস্তানকে ব্যাপকভাবে শিল্পায়িত করা। কেন্দ্রীয় সরকার পূর্ব পাকিস্তানকে শিল্পায়িত করার কার্যে এ পর্যন্ত চরম অবহেলা প্রদর্শন করে আসছেন। পশ্চিম পাকিস্তানে তারা সমস্ত ভারী শিল্প কেন্দ্রীভূত করেছেন।

পূর্ব পাকিস্তানকে শিল্পায়িত এবং এখানকার ব্যবসায় বাণিজ্যের উন্নতির জন্য পূর্ব পাকিস্তানীদের কর্তৃত্বাধীন একটি বৃহদাকার কেন্দ্রীয় ব্যাংকের প্রয়োজন। প্রাদেশিক সরকারের উদ্যোগেই এই শ্রেণীর একটি ব্যাংক অনতিবিলম্বে স্থাপিত হওয়া দরকার।

পূর্ব পাকিস্তানে ব্যবসারত ব্যবসায় প্রতিষ্ঠানগুলোর সদর অফিস করাচীতে করে অনেক ব্যবসায়ী ইনকামট্যাক্স ফাঁকি দেবার সুযোগ পাচ্ছে। অপর দিকে পূর্ব বাংলার ছোটখাটো শিল্প ও ব্যবসায়ের মালিকগণ একতরফা ইনকাম ট্যাক্সের চাপে নিষ্পিষ্ট হয়ে অনেকে কারবার গুটাতে বাধ্য হচ্ছে। এরূপ অবস্থার প্রতিকার দরকার। যাতে পূর্ব পাকিস্তানে শিল্প গড়ে ওঠে তজ্জন্য পূর্ব পাকিস্তানী উদ্যোক্তাদের উৎসাহিত করতে হবে– প্রয়োজনবোধে বিশেষ সুবিধাও দিতে হবে।

পাকিস্তানের গণতন্ত্রও পূর্ব পাকিস্তানের অনুকূল হ'ল না। ইহা সংশোধনের জন্য আওয়ামী লীগকে সক্রিয় হতে হবে।

আমলাদের বেতন ৪-৫ হাজার টাকা। এর প্রতিবাদের জন্য আওয়ামী লীগকে আন্দোলন চালাতে হবে। এ আন্দোলন গণতন্ত্র কায়েমের আন্দোলন, শক্তিশালী আমলাতন্ত্রের হাত থেকে জনগণের হাতে ক্ষমতা নেওয়ার আন্দোলন।

পররাষ্ট্রনীতি প্রসঙ্গে আমার বক্তব্য—'বিভেদ সৃষ্টি কর এবং শাসন কর'—শত শত বৎসরের এই সাম্রাজ্যবাদী নীতি এশিয়া, আফ্রিকায় ব্যর্থ হউক—দুনিয়ায় নিরবচ্ছিন্ন শান্তি স্থাপনের পক্ষে প্রবল জনমত গড়ে উঠুক।*

*ভাষণটি সংক্ষিপ্ত করা হয়েছে।

শিরোনাম	সূত্র	তারিখ
কাগমারী সম্মেলনে আন্তর্জাতিক রাজনীতির উপর হোসেন শহীদ সোহরাওয়ার্দীর বক্তব্য।	দৈনিক সংবাদ।	৮ই ফেব্রুয়ারী, ১৯৫৭।

সময়ের উপর নির্ভর করিয়া বৈদেশিক নীতি নির্ধারণের আবেদন

আওয়ামী লীগ কাউন্সিল অধিবেশনে জনাব সোহরাওয়ার্দীর বক্তৃতা।

(নিজস্ব প্রতিনিধি)

আওয়ামী লীগ কাউন্সিল অধিবেশনে বক্তৃতা প্রসংগে প্রধানমন্ত্রী জনাব সোহরাওয়ার্দী "সময়ের উপর নির্ভর করিয়া বৈদেশিক নীতি নির্দ্ধারণের" পক্ষে মত দেন। তিনি বলেন, আমাদের কেন্দ্র হইতে পদত্যাগ করিতে বলা হইতেছে না। ইহাতেই প্রমাণ হয় যে, জনসাধারণের আমাদের উপর সামান্য হইলেও আস্থা রহিয়াছে। ১৯৫৫ সালে যে পররাষ্ট্র নীতির কথা বলা হইয়াছে, তাহা অদ্যাবধি চলিতে পারে কিনা তাহা দেখিতে হইবে। আমাদের দেশের রাজনৈতিক শিক্ষার প্রয়োজনীয়তা রহিয়াছে। আমাদের কেন্দ্রে একটি মাত্র পার্টির জন্যই পররাষ্ট্র নীতি নির্দ্ধারণ করিতে হয় না। সমগ্র দেশের জন্য তাহা করিতে হয়।

তিনি মওলানা সাহেবের প্রাদেশিক স্বায়ত্তশাসনের কথা উল্লেখ করিয়া বলেন, আমার মনে হয় শতকরা ৯৮ ভাগ স্বায়ত্তশাসন আমরা পাইয়াছি। কিন্তু এমন কতকগুলি ব্যাপার যেমন বৈদেশিক সাহায্য, কেন্দ্রীয় অর্থ বন্টন বিষয়ে কেন্দ্রের হস্তক্ষেপ প্রয়োজন রহিয়াছে।

জনাব সোহরাওয়ার্দী পাকিস্তানের অত্যাবশ্যকীয় সংহতি এবং জনসাধারণের মৌলিক দেশ প্রেমের প্রতি গুরুত্ব আরোপ করেন।

স্বায়ত্তশাসন

স্বায়ত্তশাসনের দাবী সম্পর্কে তিনি বলেন যে, এই দাবীর বাস্তব ভিত্তি নাই। কারণ স্বায়ত্তশাসন মোতাবেক এই দাবীর শতকরা ৯৮ ভাগই স্বীকার করিয়া লওয়া হইয়াছে। উপরন্তু কেবলমাত্র জাতীয় পরিষদে আইন পাশ করিলে অবস্থার উন্নতি হইবে না। এই সম্পর্কে কাউন্সিলে তিনি উন্নয়ন পরিকল্পনাগুলিতে পূর্ব পাকিস্তানের আবশ্যকীয় অর্থের পরিমাণ নির্দ্ধারণের কমিটি গঠন করিতে বলেন এবং এই প্রসংগে তিনি বলেন যে পূর্ব পাকিস্তান কেন্দ্র হইতে যথেষ্ট পরিমাণে সাহায্য পাইতেছে। এই সম্পর্কে তিনি স্বতন্ত্র প্রবণতার তীব্র প্রতিবাদ করিয়া বলেন যে, দাবী আদায়ের জন্য আমাদের ঐক্যবদ্ধভাবে সংগ্রাম করিতে হইবে।

পররাষ্ট্র নীতি

ইতিমধ্যেই ইহার (পররাষ্ট্র নীতি) সাফল্য প্রমাণিত হইয়াছে। পররাষ্ট্র নীতি কখনই স্থিতিশীল হইতে পারে না। তবে পরিবর্তিত অবস্থার সহিত ইহাকে অবশ্যই সমন্বয় সাধন করিয়া চলিতে হইবে। পররাষ্ট্র নীতি নির্ধারণকালে অবশ্যই যথাযথ সময়ের কথাও বিবেচনা করিতে হইবে এবং পাকিস্তানের ক্ষেত্রে ইহা ফলদায়ক হইয়াছে।

মওলানা ভাসানীর বক্তৃতা প্রসংগে—মওলানা ভাসানী সামরিক জোটের বিরোধী হইলেও দেশের জনসাধারণের উন্নতি বিধানের জন্যে তিনি অর্থনৈতিক সাহায্য গ্রহণের বিরোধী নহেন।

পররাষ্ট্র নীতি সম্পর্কে আমার সহিত তাহাদের পার্থক্য আমার প্রতি চ্যালেঞ্জস্বরূপ আমি তাহাদের রাজী করানোর যথাসাধ্য চেষ্টা করিব।*

***ভাষণটি সংক্ষিপ্ত করা হয়েছে।**

শিরোনাম	সূত্র	তারিখ
কাগমারী সম্মেলন সম্পর্কে মুসলিম লীগ সমর্থক 'দৈনিক আজাদ'-এর সম্পাদকীয় মন্তব্য।	দৈনিক 'আজাদ'।	১২ই ফেব্রুয়ারী, ১৯৫৭।

কাগমারী সম্মেলন

সম্প্রতি মোমেনশাহীর কাগমারীতে আওয়ামী লীগের কাউন্সিল অধিবেশন হইয়া গেল। তার সাথে একটা তথাকথিত 'সাংস্কৃতিক' সম্মেলনের অধিবেশনও হইয়া গিয়াছে বলিয়া প্রকাশ। 'তথাকথিত' বলিয়া অভিহিত করিলাম এই জন্য যে, পাক-বাংলার সাহিত্য তমুদ্দুন লইয়া যাঁরা চর্চা করিয়া থাকেন তাঁদের অধিকাংশই এই সাংস্কৃতিক সম্মেলনে যোগদান করিতে পারেন নাই। কারণ তাহাদিগকে যোগদানের আহ্বানই জানানো হয় নাই। যে কিছুসংখ্যক সাহিত্য ও সংস্কৃতিসেবী এ-সম্মেলনে যোগদানের সৌভাগ্য লাভ করিয়াছিলেন, তাঁদের আবার বেশীর ভাগই ছিলেন এক বিশেষ দল ও মতের ধারক ও বাহক। কাজেই এই সাংস্কৃতিক সম্মেলনকে কিছুতেই পূর্ব পাকিস্তানের সাহিত্য-সংস্কৃতির প্রতিনিধিমূলক বলা চলে না।

পাক-বাংলার সাহিত্য-সংস্কৃতিসেবীদের প্রতি যত উপেক্ষা দেখানো হোক না কেন, ভারতীয় বাংলার সাহিত্যসেবীদের প্রতি সম্মেলনের উদ্যোক্তাদের শ্রদ্ধাভক্তি দেখিয়া পুলকিত হইতে হয়। মনে হয় সম্ভব হইলে ভারতীয় বাংলা উজাড় করিয়া সাহিত্যিকদিগের কাগমারী লইয়া আসিতেও তাদের দ্বিধা ছিল না। কিন্তু তাতো সম্ভব ছিল না, তাই গুটি কয়েকজনকে আনিয়াই দুধের সাধ ঘোলে মিটাইতে হইয়াছে।

যাহা হোক "সাংস্কৃতিক" সম্মেলন সম্পর্কে আমরা অন্যদিন আলোচনা করিব। আজ আওয়ামী লীগ কাউন্সিল সম্পর্কেই আমরা কিঞ্চিৎ আলোচনা করিতে চেষ্টা করিব। অবশ্য এই আওয়ামী কাউন্সিলে যেসব প্রস্তাব গৃহীত হইয়াছে, সেইসব প্রস্তাবের যৌক্তিকতা বা সময়োপযোগিতা সম্পর্কে আমরা কিছু বলিতে চাই না। আমরা শুধু এই অধিবেশনের কার্যক্রমের ভিতর দিয়া যে সুর ফুটিয়া উঠিয়াছে সে সম্পর্কে কিছু বলিতে বাধ্য হইতেছি এই কারণে যে, এই সুরটি বড় ভয়ানক——ইহাতে পাকিস্তানের অশুভ পরিণামের ইংগিতই ফুটিয়া উঠিয়াছে।

সম্মেলনে পাকিস্তানের পররাষ্ট্র নীতি পরিবর্তনের যে মারাত্মক চেষ্টা করা হইয়াছিল সুখের বিষয়, প্রধানমন্ত্রী জনাব সোহরাওয়ার্দীর হস্তক্ষেপে এবং তার ব্যক্তিত্বের প্রভাবে সে চেষ্টা ব্যর্থতায় পর্যবসিত হইয়াছে। যাঁরা এই অপচেষ্টা করিয়াছিলেন তাঁদের উদ্দেশ্য করিয়া জনাব সোহরাওয়ার্দী সুস্পষ্ট ভাষায় ঘোষণা করেন: "দেশের বৃহত্তর স্বার্থে, সময় ও প্রয়োজনের পরিপ্রেক্ষিতে পারিপার্শ্বিক অবস্থা বিবেচনা করিয়া পররাষ্ট্র নীতি পরিবর্তিত হইয়া আসিতেছে। কূটনীতির উপরই পররাষ্ট্র নীতি নির্ভর করে। এই কারণেই পররাষ্ট্র নীতির ক্ষেত্রে ১৯৫০ সালে প্রদত্ত প্রতিশ্রুতি বছরের পর বছর ধরিয়া আঁকড়াইয়া থাকিতে হইবে, এমন কোন কথা নাই। এই

বিশ্বাসে বলীয়ান হইয়াই পররাষ্ট্র বিষয়ক ব্যাপারে বর্তমান সরকার যে নীতি গ্রহণ করিয়াছেন, হাতে হাতে তার ফল পাওয়া গিয়াছে। আন্তর্জাতিক ক্ষেত্রে পাকিস্তান আজ যথেষ্ট গুরুত্ব ও মর্যাদা অর্জন করিয়াছে।"

বলাবাহুল্য, জনাব সোহরাওয়ার্দীর এই ঘোষণায় প্রতিবাদীদের সমস্ত চেষ্টা ভাসিয়া গিয়াছিল। ইহার সমর্থনে আট শতাধিক কাউন্সিলারের করতালিতে অধিবেশন কক্ষ মুখরিত হইয়া উঠিয়াছিল বলিয়া প্রকাশ। কিন্তু তবু এই অপচেষ্টাকারীরা দমিয়া গিয়াছিলেন কি? মনে তো হয় না। "ষ্টেটসম্যানের" রিপোর্ট যদি সত্য হইয়া থাকে তাহা হইলে মওলানা ভাসানীর নেতৃত্বে ইহারা আবার মাথা চাড়া দিয়াছিলেন এবং তাঁদের অপচেষ্টার সমর্থনে একটি প্রস্তাবও পাস করাইয়া লইয়াছিলেন বলিয়া মনে হয়। একথা সত্য হইয়া থাকিলে এবং যদি এ প্রস্তাব কার্য্যকরী করার চেষ্টা হয়, তাহা হইলে আওয়ামী লীগে ভাংগন রোধ করা কঠিন হইয়া পড়িবে বলিয়া মনে করার কারণ আছে।

আওয়ামী লীগের ভবিষ্যৎ সম্পর্কে গবেষণা করা অবশ্য আমাদের কাজ নয়, এই ব্যাপারে আমাদের বক্তব্য শুধু এইটুকু যে, মওলানা ভাসানীর নেতৃত্বে যারা পাকিস্তানের পররাষ্ট্র নীতি বদলাইতে দৃঢ়প্রতিজ্ঞ, তারা পাকিস্তানকে কোথায় লইয়া যাইতে চান? পররাষ্ট্র নীতিতে নিরপেক্ষতা মানে বন্ধুহীনতা শুধু তাই নয় জনাব সোহরাওয়ার্দীর ভাষায় 'ব্ল্যাকমেলিং'। এই বাদুড়নীতি আজ ভারতকে বন্ধুহীন করিয়াছে কাশ্মীর প্রশ্নে আজ একজনও তার সমর্থক নাই। এসব দেখিবার পরও যারা পাকিস্তানকে ভারতের অনুসরণ করিতে বলিতেছেন কোন সদুদ্দেশ্যে? কাশ্মীর সমস্যার সুসমাধান যতদিন না হইতেছে ততদিন প্রতিবেশী হইলেও ভারতকে পাকিস্তান বন্ধুরাষ্ট্র বলিয়া স্বীকৃতি দিতে পারে না। কাজেই এই সময়ে পররাষ্ট্র নীতির ক্ষেত্রে ভারতের বাদুড়নীতির অনুকরণ করিতে যারা বলেন, পাকিস্তানের মংগল তাদের কতটুকু কাম্য?

তাছাড়া মওলানা ভাসানীর ভাষণে এমন কতকগুলি উক্তি আছে, যাতে সত্যভাবে পাকিস্তানী মাত্রই শঙ্কিত না হইয়া পারেন না। মোছলেম লীগের নিন্দায় মওলানা ভাসানী তার ভাষণে একেবারে পঞ্চমুখ হইয়া উঠিয়াছেন। তা হোক, কিন্তু বেসামাল হইয়া তিনি এমন কথাও বলিয়া ফেলিয়াছেন: প্রাক স্বাধীনতা যুগেও মোছলেম লীগের কোন অস্তিবাচক জীবনদর্শন ছিল না। প্রধানতঃ বিদ্বেষকে অবলম্বন করে সেদিন আমাদের রাজনীতি পরিচালিত হয়েছে। জীঘাংসার নিবৃত্তি হলে আমরা কি গড়ে তুলব সেদিন একথা আমাদের কোন নেতা চিন্তা করেননি এবং চিন্তা করেননি বলেই পাকিস্তানে আজ পর্যন্ত সত্যকার গণতন্ত্রের প্রতিষ্ঠা হল না।"

উপরোক্ত উক্তির সোজা অর্থ এই দাঁড়ায় যে কায়েদে আজমের নেতৃত্বে যে পাকিস্তান আন্দোলন পরিচালিত হইয়াছিল তাহা ছিল নিতান্তই নেতিবাচক হট্টগোল মাত্র, জীবনদর্শন বলিয়া কোন গঠনমূলক ব্যাপার তাতে ছিল না, আর বিদ্বেষ ছিল এই হট্টগোলের ভিত্তি। এবং মার-কাটের ভিতর দিয়া পাকিস্তান আসিয়াছে বলিয়াই পাকিস্তানে এখন পর্যন্ত গণতন্ত্র প্রতিষ্ঠিত হইল না।

পাকিস্তান আন্দোলন এবং সে আন্দোলনের নেতা কায়েদে আযম সম্পর্কে ভারতীয় কংগ্রেসীরা অনেক কুকথা বলিয়াছেন বটে কিন্তু এমন কথা তারাও বলিতে পারেন নাই। কায়েদে আযমের মোছলেম আবাসভূমি প্রতিষ্ঠার দাবী, মওলানা ভাসানীর মতে ছিল নেতিবাচক কথামাত্র। কায়েদে আযম চাহিয়াছিলেন বড়-ছোটর ভেদাভেদ ঘুচাইয়া শোষণহীন গণতান্ত্রিক রাষ্ট্র পাকিস্তান প্রতিষ্ঠা করিতে। তাঁর এ উক্তিও তাহা হইলে জীবনদর্শনহীন বাজে কথামাত্র। বস্তুতঃ রাষ্ট্রের প্রতিষ্ঠাতা জাতির পিতা সম্পর্কে এমন প্রশস্তি (!) আর কোন দেশে কখনো উচ্চারিত হইয়াছে কিনা সন্দেহ। পাকিস্তানের উৎপত্তি সম্পর্কে এমন ন্যক্কারজনক ঘৃণ্য উক্তি শুনিবার দুর্ভাগ্য আমাদের হইবে এরূপ কল্পনাও আমাদের ছিল না। পাকিস্তান সম্পর্কে এই ধারণা পোষণ করেন বলিয়াই কি মওলানা ভাসানী ইহাকে আজ রসাতলে লইয়া যাইবার মতলব আঁটিয়াছেন ?

তাঁর এই মতলব ধরা পড়িয়াছে তাঁর আর একটি উক্তিতে। তিনি বলিয়াছেন যে, পশ্চিম পাকিস্তান কর্তৃক পূর্ব পাকিস্তানের শোষণ যদি বন্ধ না হয় তবে অদূর ভবিষ্যতে এমন দিন আসিবে, যখন পূর্ব পাকিস্তান হয়ত পশ্চিম পাকিস্তানকে জানাইবে 'আসসালামো আলায়কুম'। অর্থাৎ পাকিস্তান হইতে পূর্ব পাকিস্তান আলাদা হইয়া যাইবে। পাকিস্তান সম্পর্কে কোন পাকিস্তানীর মুখে পাকিস্তান বিচ্ছেদের মারাত্মক কথা যে এমন হালকাভাবে উচ্চারিত হইতে পারে, ইহা কে কবে ভাবিতে পারিয়াছিল ? এমন কথা মুখে উচ্চারণ করিতে পারেন মাত্র তাঁরাই, যাঁরা পাকিস্তানের সংহতির কোন গুরুত্বই উপলব্ধি করিতে পারেন না। পাকিস্তানের উভয় অংশ যদি খোদা না করুন, পৃথক হইয়া পড়ে, তাহা হইলে পাকিস্তানের অস্তিত্ব থাকিবে কি ? আর থাকিলেও বিশ্ব রাজনীতিতে তার কোন গুরুত্ব থাকিবে কি ? পশ্চিম পাকিস্তান-বিদ্বেষে এমন কথা কোন পাকিস্তানী উচ্চারণ করিলে তাতে তার পূর্ব পাকিস্তান নীতি হয়ত প্রকাশ পাইতে পারে, কিন্তু রাষ্ট্র হিসাবে পাকিস্তানের প্রতি ইহা রাষ্ট্রদ্রোহকর উক্তি ছাড়া আর কিছুই নয়। তাছাড়া মওলানা ভাসানীর মতই যখন বর্তমানে রাষ্ট্রতরণীর কর্ণধার তখন এমন উক্তির মাত্র একটি অর্থই হইতে পারে, এবং তা হইতেছে: যিনি এমন উক্তি করেন, পাকিস্তান হিসাবে এই রাষ্ট্রের টিকিয়া থাকা তার কাম্য নয়।

শিরোনাম	সূত্র	তারিখ
ভাসানীর রাজনৈতিক ও সাংগঠনিক বক্তব্য ভিত্তিক লিফলেট।	মওলানা ভাসানী	২৬শে মার্চ, ১৯৫৭

আওয়ামী লীগ কর্মী ও দেশবাসীর প্রতি আবেদন—

ভাইসব,

উভয় পাকিস্তানের সংহতি ও মিলন নির্ভর করে একমাত্র আঞ্চলিক স্বায়ত্তশাসন দানের উপর।

আঞ্চলিক স্বায়ত্তশাসন ব্যতীত সাবে চার কোটি বাঙ্গালীর অর্থনৈতিক, রাজনৈতিক ও সমাজ জীবনের মুক্তি অসম্ভব।

আওয়ামী লীগের মাধ্যমে নোও-জওয়ান, ছাত্র, চাষী, মজুর, শিল্পী, ব্যবসায়ী ও শিক্ষক সকলেই ঐক্যবদ্ধভাবে ২১ দফার অন্যতম দফা আঞ্চলিক স্বায়ত্তশাসন আন্দোলন শুরু করুন।

গদীর মোহে মুসলিম লীগের সহিত হাত মিলাইয়া যাহারা ৪২ কোটি বাঙ্গালীকে চির-কালের জন্য কৃতদাস বানাইতে, আঞ্চলিক স্বায়ত্তশাসনের দাবী বিসর্জন দিয়া পাকিস্তানের শাসনতন্ত্র পাস করিয়াছিল, তাহারাই পুনরায় সাম্রাজ্যবাদীর ও কোটিপতি শোষকদের সহিত হাত মিলাইয়া বর্তমানে আমার ও আওয়ামী লীগের বিরুদ্ধে সংবাদপত্র বিবৃতি, পোষ্টার, বিজ্ঞাপন ছড়াইয়া সারা দেশময় মিথ্যা প্রচার শুরু করিয়াছে। এই সব কুচক্রীদের দেশবাসী ভাল করিয়াই চিনে। তাহারাই গত নয় বৎসর ধরিয়া পূর্ব পাক তথা পাকিস্তানের অর্থনৈতিক কাঠামোকে চরম বিপর্যয়ের মুখে ঠেলিয়া দিয়াছে।

কিন্তু রাখে আল্লা মারে কে ? মিথ্যা প্রচারে কর্ণপাত না করিয়া ২১ দফা দাবী আদায়ের জন্য সারা দেশময় আন্দোলন করুন।

পাকিস্তানের রাজধানী করাচী হইতে স্থানান্তরিত করা হইলে, পাকিস্তানের শতকরা ৫৬ জন অধিবাসীর দাবী পাকিস্তানের রাজধানী ঢাকায় স্থানান্তরিত করিতে হইবে। ইতি—

আরজ গুজার—

মঃ আবদুল হামিদ খান ভাসানী

শিরোনাম	সূত্র	তারিখ
স্বায়ত্তশাসন প্রস্তাব গৃহীত।	পূর্ব পাকিস্তান ব্যবস্থাপক সভা।	১লা ও ৩রা এপ্রিল, ১৯৫৭।

Mr. Mohiuddin Ahmad (3rd April, 1957) : Sir, I beg to move that this Assembly is of opinion that Government of East Pakistan should represent to the Government of Pakistan for taking suitable steps for providing full Regional Autonomy for East Pakistan leaving the following subjects only to be the concern of the Centre :

(1) Currency,

(2) Foreign Affairs, and

(3) Defence.

Mr. Syed Quamrul Ahsan : I beg to move the amendment of which notice has already been given.

This Assembly is of opinion that the Government of East Pakistan should represent to the Government of Pakistan the necessity of making regional autonomy as envisaged in the Constitution a reality.

Mr. A. K. Rafiqul Hossain: Sir, I beg to move by way of amendment that from the words "Full up to (3) Defence" in the resolution moved by Mr. Mohiuddin Ahmad be *omitted* and the following be *substituted*:—

"autonomy to the Provinces with a view to better and more effective administration considering the geographical peculiarity between the two regions of Pakistan and for setting up an independent commission consisting of Federal and High Court Judges to determine the extent of autonomy necessary for the purpose so that the solidarity and integrity of Pakistan cannot be at jeopardy."

Mr. Mohiuddin Ahmad : মিষ্টার স্পীকার, স্যার, আমি এখানে যে প্রস্তাবটা উত্থাপন করেছি তার জন্য আমি নিজেকে গৌরবান্বিত মনে করছি। তার কারণ গত ১৯৫৪ সালে যে নির্ব্বাচন হয়ে গিয়েছে এবং যার মারফৎ একটা প্রতিক্রিয়াশীল যুগের অবসান ঘটিয়ে নবযুগের সূচনা করেছিলাম সেই যুক্তফ্রণ্টের ২১ দফার ভিতর সর্ব্বশ্রেষ্ঠ যে দফা ছিল সেটা হ'ল প্রাদেশিক স্বায়ত্তশাসন। ....এটা পূর্ব্ব পাকিস্তানের জনগণের একমাত্র দাবী নয়, এটা সমস্ত পাকিস্তানের গণতান্ত্রিক শক্তির দাবী। মিঃ স্পীকার, স্যার, আজকে পূর্ব্ব পাকিস্তানের এই দাবীকে বানচাল করার জন্য বহু রকমের ষড়যন্ত্র, বহু রকমের প্রচার বিভিন্ন দিক থেকে হচ্ছে। আমরা জানি গত ৯/১০ বৎসর পর্য্যন্ত পূর্ব্ব পাকিস্তানের প্রতিনিধিদের নামে পূর্ব্ব পাকিস্তানকে গুটি কয়েক একচেটিয়া মুনাফাখোরের হাতে লুণ্ঠনের ক্ষেত্র হিসাবে তুলে দিয়েছিল এবং আজকে পূর্ব্ব পাকিস্তানকে লুণ্ঠন করার অবসর ও সুযোগ থেকে বঞ্চিত হওয়ার জন্য কতিপয় লোক দেশের ভিতর বিভ্রান্তি সৃষ্টি করছে। তারা বলছে পূর্ব্ব পাকিস্তানের এই প্রাদেশিক স্বায়ত্তশাসনের অর্থ হচ্ছে পাকিস্তান থেকে পূর্ব্ব পাকিস্তানকে বিচ্ছিন্ন করা। একথা নূতন কথা

নয়। একথা আমরা স্বাধীন হওয়ার পরে মুসলিম লীগ যখন ক্ষমতায় আসে তখন থেকেই শুনে আসছি। আমরা গত নির্ব্বাচনে যখন যুক্তফ্রন্ট মারফৎ পরিষদে প্রতিযোগিতা করেছিলাম তখন আমাদের বিরুদ্ধে কতিপয় লোক ও রাজনৈতিক প্রতিষ্ঠান প্রচার করেছিল যে যুক্তফ্রন্টের অর্থ যুক্ত বাংলা। এই রকম প্রচার আমাদের বিরুদ্ধে এই জন্যই করেছিল যে আমাদের বিরুদ্ধে প্রচার করে যদি জনসাধারণের মনে অশান্তি, সন্দেহ এবং বিভ্রান্তি সৃষ্টি করতে পারে তাহলে সেই যুক্তফ্রন্টের ফাঁকে এই সমস্ত প্রতিক্রিয়াশীলেরা আবার ক্ষমতাসীন হতে পারবে।

স্যার, আমি মনে করি যে, প্রাদেশিক স্বায়ত্তশাসনের দাবী একটা যুক্তিসঙ্গত দাবী। এটা পাকিস্তানের প্রত্যেক অঙ্গকে শক্তিশালী করবে। যদি একটা মানুষের একটা হাত বা একটা পা শুকিয়ে যায় তা'হলে তাকে একজন স্বাস্থ্যবান লোক বলা চলে না। পাকিস্তানের সবচেয়ে বেশী জনসংখ্যা এই পূর্ব্ব পাকিস্তানে। আমাদের পূর্ব্ব পাকিস্তান সোনার দেশ। এখানকার মাঠে ফসল ফলে। মানুষ সুখে শান্তিতে বাস করত। সেই পূর্ব্ব পাকিস্তান আজ ধ্বংসের পথে। পূর্ব্ব পাকিস্তানে আজ দুভিক্ষ এবং মহামারী সৃষ্টি হয়েছে। এদেশের লোকের আজ সর্বনাশ হয়ে যাচেছ। এরা আজ সাধারণতম মুক্তির পথ খুঁজে পেতে চায়। আজকে পূর্ব্ব পাকিস্তানের মানুষকে না খাইয়ে শুকিয়ে মেরে যারা পাকিস্তানের মুক্তি কামনা করে তারা পাকিস্তানের ধ্বংস ছাড়া আর কিছুই কামনা করে না। আজ পূর্ব পাকিস্তানের ৪ কোটী ২১ লক্ষ লোক যদি তাদের শিল্প, বাণিজ্য এবং চাষাবাদের সম্পূর্ণ মুক্তি পায় তা'হলে এখানে এক একটা সুখী সমৃদ্ধিশালী পরিবার গড়ে উঠবে এবং সেই সমস্ত পরিবার হবে পাকিস্তানের একটা অখণ্ড শক্তি। অন্যদিকে কথা হচেছ যে পাকিস্তানের একটা অঙ্গকে যদি ক্ষতিগ্রস্ত করা হয়, দুর্ব্বল করে রাখা হয়, নানা রকম অত্যাচারের মধ্যে রাখা হয় তাহ'লে সেটা নিশ্চয়ই শুভ লক্ষণ নয়। আজকে সমগ্র পাকিস্তানের মঙ্গলের জন্যই এই প্রাদেশিক স্বায়ত্তশাসন দাবী করা হচেছ। এটা কেবল পূর্ব্ব পাকিস্তানের বিষয়ই নয়। পশ্চিম পাকিস্তানে দেখা গিয়াছে যে অগণতান্ত্রিক শাসন ব্যবস্থা জনগণের বুকের উপর চেপে আছে। এক ইউনিট করে সেখানকার প্রত্যেকটি প্রদেশের সত্তা বিলুপ্ত করে দেবার যে ষড়যন্ত্র চলছে তার বিরুদ্ধে সেখানে আজ ব্যাপক আন্দোলন শুরু হয়েছে। আজকে আমাদের এই আন্দোলন শুধু পূর্ব্ব পাকিস্তানের আন্দোলন নয় এ আন্দোলন সমগ্র পাকিস্তানের গণতান্ত্রিক শক্তির আন্দোলন। এ আন্দোলনের বিরোধিতা করার ক্ষমতা কারো নাই। ......আমার প্রস্তাবের উপর সংশোধনী প্রস্তাব এনেছেন আমার বন্ধু জনাব কামরুল আহছান সাহেব। যাঁরা শাসনতন্ত্র পাস করেছেন জনাব কামরুল আহছান সাহেব তাঁদের মধ্যে একজন। শাসনতন্ত্রে কি দেওয়া হয়েছে, মিষ্টার স্পীকার স্যার, আপনি তা জানেন। আপনি একজন বিশেষ আইনজ্ঞ ব্যক্তি। আমি শাসনতন্ত্র পড়েছি, তাতে দেখেছি কতকগুলো অপদার্থ ক্ষমতা পূর্ব্ব পাকিস্তানের উপর চাপিয়ে দেওয়া হয়েছে। এই শাসনতন্ত্র প্রণেতাদের মধ্যে জনাব কামরুল আহছান সাহেবও একজন ছিলেন। আজকে তাঁরা সুযোগ বুঝে সেগুলো আমাদের ঘাড়ে চাপাবার চেষ্টা করছেন। আমি আশা করি এত আলোচনার পর, এত বক্তৃতার পর জনাব আহছান সাহেব তাঁর সংশোধনী প্রস্তাব প্রত্যাহার করবেন।

Mr. Khandaker Mushtaque Ahmed : আপনারা একেবারে স্বাধীন হতে চান?

Mr. Mohiuddin Ahmad : মিষ্টার স্পীকার স্যার, জনাব রফিকুল হাসান সাহেব যে সংশোধনী প্রস্তাব এনেছেন আমি তার প্রতিবাদ করছি। আমরা সবাই যুক্তফ্রন্টের টিকেটে নির্ব্বাচিত হয়ে এসেছি। আমরা জনগণের কাছে ওয়াদা করে এসেছি। আমি আশা করি আমার বন্ধু জনাব রফিকুল হাসান সাহেব তাঁর সংশোধনী প্রস্তাব প্রত্যাহার করবেন। ....

Mr. Muzaffar Ahmed : Sir, it was not the only demand of our leader Maulana Bhasani as regards the form of address "Assalamo-Alaikum". Our resolution on regional autonomy is in accordance with the 19th point of the 21-point programme on the basis of which the last general election was faught and to which the various compon nts of the then United Front Party, namely, the Awami League, Krishak Sramik Party, Nizame Islam Party, Ganatantri Dal, are committed. The Muslim League is also committed to this by their Lahore Resolution of 1940 wherein it is clearly laid down that the units of Pakistan are to be autonomous and sovereign. Today this resolution or demand for regional autonomy is not a demand of our Leader Maulana Bhasani alone or any particular party. This is a national demand, this is a demand of 42 million people of East Pakistan. The demand for regional autonomy is based on facts, reasons and history; and it is not an outburst of sentiments and emotions nor it is a vote-catching slogan nor an outcome of frustration and disappointment. It means complete freedom of the regions in internal affairs from the control of the Central Government in spheres other than Defence, Foreign Affairs and Currency. The demand for regional autonomy is not undemocratic. It is democratic because at least 56 per cent of the total population of East Pakistan demand it. It is geographically inescapable because the two wings of Pakistan are based on two different economies. It is politically sound. There can be 'union without unity' and unity cannot be achieved through coercion, threat or force. There is no necessity of unity so long as there can be 'union without unity'. History confirms it; because Political History is replete with such instances.... ... .

After August, 1947 political independence we have achieved no doubt, but economic liberation is yet to be achieved. Containing 56 per cent of the population of Pakistan, East Pakistan has all through these 10 years been smarting under numerous grievances relating to uphold their national rights East Pakistan has suffered under the discriminatory treatment met out to her economic field.

Mr. Speaker, Sir, the improvement of the lot of our backward and poverty-striken people will not be possible without regional autonomy. The real solution of the food problem of a country which is suffering from permanent deficiency lies either in the import of foodstuffs from foreign countries or in the increase of yield per acre by the application of scientific appliances. How can we import foodstuffs and scientific appliances from other countries without exporting goods to those countries? Export of a country pays for its import. East Pakistan has nothing today to be called industrial or manufactured goods to export and thereby to earn foreign earnings. The little foreign earnings that she has every year by exporting jute, that also she is deprived of. Our agriculture has been very much neglected.............

You know, Sir, in the field of industrial development, tariff laws play a great part and East Pakistan has got no control over it. Another important factor is freight charges which again are under the control of the Central Government. In the name of currency the foreign exchange is controlled by the Central Government and the step-motherly treatment of the Central Government is well known to all of us. The Central Government also on account of its economic subordination to some foreign countries and signing the various military pacts labours under serious handicaps in the field of industrial development.

Mr. Speaker, Sir, in the field of our agriculture, industry, commerce, internal transport, education and health, no development can be conceived of by a Government sitting 1,400 miles off at Karachi. In the present pattern of our State, it is regional autonomy and regional autonomy alone that can guarantee an all round development of this wing of Pakistan. . . ..

Mr. Ashabuddin Ahmed : স্যার, স্বায়ত্তশাসনের দাবীর উপরেই পাকিস্তানের ভিত্তি। ঐতিহাসিক লাহোর প্রস্তাবেও স্বায়ত্তশাসনের কথা বলা হয়েছে। তাই এখন স্বায়ত্তশাসনের দাবীর বিরোধিতা করা লাহোর প্রস্তাব ও পাকিস্তানেরই বিরোধিতা করা হবে। আমার আর একটা কথা হ'ল স্যার যে, মুসলিম লীগের পতন হ'ত না---চরম ব্যর্থতায় মুসলিম লীগ শাসন পর্যবসিত হ'ত না যদি পাকিস্তান লাভের পর তারা পূর্ণ আঞ্চলিক স্বায়ত্ত-শাসন আদায়ের জন্য সংগ্রাম করতেন এবং সচেষ্ট হতেন। তা না করে প্রদেশের হাতে বিভিন্ন কর আদায়ের যে ক্ষমতা ছিল সেগুলিও কেন্দ্রের হাতে তাঁরা তুলে দিলেন। যে পরিমাণ ক্ষমতা তাঁরা কেন্দ্রের হাতে ছেড়ে দিয়েছেন সে পরিমাণ ক্ষমতা আমাদের এ প্রদেশ হারিয়েছে। তার ফল হয়েছে দেশবাসী তাদের ক্ষমা করেননি---তাদের ক্ষমতাচ্যুত করেছে। ২১ দফা জাতির মহাসনদ। এই সনদে জনাব শহীদ সোহরাওয়ার্দী সাহেব, জনাব এ, কে, ফজলুল হক সাহেব ও মৌলানা আব্দুল হামিদ খান ভাসানী সাহেব স্বাক্ষর করেছিলেন। সে সনদেও আঞ্চলিক স্বায়ত্তশাসনের দাবী করা হয়েছিল। (Voice : মৌলানা আতাহার আলী সাহেবও সে ২১-দফা সনদে স্বাক্ষর দিয়েছিলেন)। আমি মনে করি যে আমাদের ২১-দফা যে সমস্ত বিষয় নিয়ে রচিত হয়েছিল তার মধ্যে ১৯ নং দফায় যে পূর্ণ আঞ্চলিক স্বায়ত্তশাসনের দাবী আছে সেটাই সবচেয়ে গুরুত্বপূর্ণ, কারণ এই দাবী আদায় করতে না পারলে আমাদের অন্যান্য দাবী পূরণ করা সম্ভব হবে না। আমি একথা বলতে পারি যে যদি এই ১৯ নং দফার পূর্ণ আঞ্চলিক স্বায়ত্তশাসনের দাবী আদায় করতে না পারি তাহ'লে আজকে এই আইন পরিষদে যারা সদস্য হয়ে এসেছি জনসাধারণ তাদের দফা রফা করে দেবে। . . . একথা কেউ অস্বীকার করতে পারবেন না যে আমাদের দৃষ্টিভঙ্গী যদি বাস্তব না হয় তাহলে আমরা জাতি হিসাবে বাঁচতে পারব না। একথাও কেউ অস্বীকার করতে পারবেন না যে আমাদের পাকিস্তানে দু'অংশ পরস্পর থেকে ১৫ শত মাইল দূরে অবস্থিত। এই বাস্তব সত্যের উপর ভিত্তি করে আমাদের রাষ্ট্রের সমস্ত কিছু নীতি নির্দ্ধারণ করতে হবে। আমাদের আঞ্চলিক স্বায়ত্তশাসনের দাবী অস্বাভাবিক কিছু নয় আজ আমাদের দেশের একটা খাল-বিল কাটতে হলে করাচী থেকে সম্মতি আনতে হয়। এই প্রদেশের খাল-বিল, নদী-নালা, স্বাভাবিক এটা কেউ অস্বীকার করতে পারে না। কিন্তু এই নদী-নালা আকাশ পথে সংস্কার অনুমোদনের জন্য করাচী প্রেরণ এটা অস্বাভা-বিক না অতিপ্রাকৃত। জনাব স্পীকার সাহেব, গত কয়েক বছর যাবৎ কেন্দ্রীয় কর্তৃপক্ষের কাছে আমাদের এ প্রদেশ কিরূপ ব্যবহার পেয়েছে সেটা আপনি জানেন। হিসাবে দেখা যায় যে ১৯৪৭ সাল থেকে ১৯৫৬ সাল পর্য্যন্ত এই ভাবে ব্যয় করা হয়েছে:

(কোটি টাকার অঙ্কে)

	পূ: পাকিস্তান।	প: পাকিস্তান।
রাজস্ব খাতে .. .	১৮৮	১,০০৮
কল-কারখানা ও যন্ত্রপাতি . ..	৫৪	২১৯
সাহায্য খাতে	১৮	৫৪
বিদেশী সাহায্য	১৫	৭৩
কৃষি খাতে	৯	৯৭
পঞ্চ-বার্ষিক পরিকল্পনায় সামরিক খাতে .	৩৭	৬১২
ডাক ও তার ..	৩	১৩

তারপর ১৯৪৭—১৯৫৫ সন পর্যন্ত রপ্তানীর জন্য অনুমতি দেওয়া হয়েছে এই ভাবে --

[কোটি টাকার অঙ্কে]

	আমদানী	রপ্তানী
পূর্ব পাকিস্তান	২৮৯	৫৬২
পশ্চিম পাকিস্তান	৭৭১	৫৮১

Mr. Syed Quamrul Ahsan: Mr. Speaker, Sir, I must make it clear at the very outset that I am not opposed to regional autonomy as such by my approach to the problem is fundamentally different from that of the sponsors of the resolution on regional autonomy. To me it appears that the real trouble lies in our failure to implement the provisions of the Constitution... ....
To begin with Article 118. It relates to the establishment of a National Finance Commission. Article 199 provides for a National Economic Council. Between these two articles I maintain with the fullest sense of responsibility we have fiscal autonomy of the right type. What do these two articles profess to give us ? The representatives of the Provincial and the Federal Governments are to meet, to put their heads together, to chalk out plans relating to the distribution between the Federation and the Provinces of the net proceeds of the taxes, the making of grants-in-aid by the Federal Government to the Governments of the Provinces, the exercise by the Federal Government and Provincial Governments of the borrowing powers conferred by the Constitution and the review of the overall economic position of the country formulating schemes aiming at the attainment of uniform standards in the economic development of all parts of the Country. That is not all. In the implementation of aforesaid plans, Article 199 enjoins the President to take suitable steps to decentralise the administration by setting up in each Province necessary administrative machinery to provide the maximum convenience to the people and expeditious disposal of Government business and public requirements. I would ask, Sir, cannot we then ensure legitimate economic demand of East Pakistan by implementing Articles 118 and 199 ?

Article 132 provides for the transfer of railways to the Governments of the Provinces or to the authority constituted in the Province for that purpose.

Then I come to the question of control of All Pakistan Service. Article 183(5) lays down that while a member of All Pakistan Service is serving in connection with the affairs of a Province, his promotion and transfer within that Province, and the initiation of any disciplinary proceedings against him in relation to his conduct in that Province, shall take place by order of the Governor of that Province.

Then Article 200. It relates to the appointment of Advisory Boards for Posts and Telegraphs Department. It is laid down that recruitment to Posts and Services other than class I, in the Posts and Telegraphs Department in a Province shall be made from amongst persons domiciled in that Province.

These are salutary provisions deserving commendation.

Sir, industries, shipping and navigation on tidal waters, coastal shipping confined to ports within one Province—these and many other items, all told 94 in number figure in the Provincial list whereas the Federal and the concurrent lists contain 30 and 19 items respectively. I believe that the Constitution offers the possible opportunity of working out our own destiny keeping in fact at the same time the integrity and unity of Pakistan. We cannot conceive anything better under Federal system of Government. To take regional autonomy in the sense, that Bhashani Saheb does, will be putting a premium on disintegration and chaos. ....

Mr. Abul Khair Rafiqul Hussain : জনাব স্পীকার সাহেব, এ রিজলিউশনের উপর আমার যে সংশোধনী প্রস্তাব আছে, আমি মনে করি যে, এর দ্বারা রিজলিউশনটির আদৌ কোন মৌলিক পরিবর্তন করা হবে না। শুধু ইহার ব্যবস্থা ও উদ্দেশ্য সম্পর্কে একটু ব্যাখ্যাই করা হবে। (হৈ চৈ) আমার বন্ধুরা অনেকে সন্দেহ পোষণ করতে আরম্ভ করেছেন যে এ সংশোধনী প্রস্তাবের মাধ্যমে না আবার স্বায়ত্তশাসনের বিরোধিতা করা হয়। আমার অতি উৎসাহী বন্ধুরা শুধু স্বায়ত্তশাসনের ঝোঁকেই হাঁকছেন না, তাঁদের মনের ভিতরে হয়তো ইহা ছাড়াও অন্য কিছু থাকতে পারে। আমার এ সংশোধনী প্রস্তাব তাদের সেই অব্যক্ত উদ্দেশ্যে বাধা প্রদান করে বলে সন্দেহ পোষণ করলে আমার কিছু আসে যায় না। স্বায়ত্তশাসনের বিরোধী আমি কখনও নই। কারণ, আওয়ামী লীগের মৌলিক দাবী স্বায়ত্তশাসন (হৈ চৈ)।

Mr. Speaker: অর্ডার, অর্ডার।

Mr. Abul Khair Rafiqul Hussain : জনাব স্পীকার সাহেব, আমার বন্ধুরা নিজেদের বিবেচনা নিজেরা করে আমার সময়টা নষ্ট না করলেই মেহেরবাণী করে ভাল করবেন। (হৈ চৈ) মি: স্পীকার, স্যার, যে ১০/৫ জন লোক গোড়া থেকে আওয়ামী লীগকে গঠন করেছে আমি তাদের মধ্যে একজন। সুতরাং স্বায়ত্তশাসনের দাবীর সঙ্গে আমি অঙ্গাঙ্গিভাবে জড়িত। এতে কোন সন্দেহ নাই। সুতরাং আমি যে জায়গায় সংশোধনী দিয়েছি সেটুকু আমার বন্ধুরা অনুধাবন করলে বুঝতে পারবেন যে, এ সংশোধনী স্বায়ত্তশাসনের বিরোধী নয়। সে জায়গায় আমি বলেছি.. ...আমার বন্ধুদের যদি এর কোন শব্দ সম্বন্ধে আপত্তি করার থাকে, তবে এক-একটি শব্দ করে বলতে পারেন। স্বায়ত্তশাসন আছে, প্রদেশ আছে, উৎকৃষ্ট শাসন ব্যবস্থা আছে, এবং সঙ্গে সঙ্গে সার্বভৌম ও অখণ্ড (হৈ চৈ) পাকিস্তানও আছে। শুধু বন্ধুদের অতি-উৎসাহের ফলে পাকিস্তানের উপর যে বিপদের আশঙ্কা আছে তাহাই নাই। .

.. ..

Mr. Ashutosh Singha : মি: স্পীকার, স্যার, যে প্রশ্নটা আজকে আমাদের সামনে উপস্থিত হয়েছে সেটা আমাদের ধীরস্থিরভাবে আলোচনা করা উচিত—বিষাদপূর্ণ মন নিয়ে নয়, মুক্ত মন নিয়ে পাকিস্তানের স্বার্থকে সম্মুখে রেখে আলোচনা করা দরকার। এ সম্পর্কে আমাদের পাকিস্তানের ইসলামিক প্রজাতন্ত্রের শাসনতন্ত্রের প্রিএম্বল আছে। সে প্রিএম্বলের একটা ধারার প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করছি।

Wherein the territories now included in or in accession with Pakistan and such other territories as may hereafter be included in or accede to Pakistan should form a federation, wherein the provinces would be autonomous with such limitations on their powers and authority as might be prescribed.

আমি মনে করি আঞ্চলিক স্বায়ত্তশাসন ও প্রাদেশিক স্বায়ত্তশাসন একই অর্থবাচক, আর আমরা দলমত নির্বিশেষে সকলেই এই প্রিএম্বল গ্রহণ করেছি। তাহ'লে এটা নিশ্চিত বুঝা যায় যে, যারা এ প্রস্তাব উত্থাপন করেছেন তারা এ'কথা বলতে চায় না যে, পূর্ব পাকিস্তান কখনও স্বাধীন হয়ে যাবে। তবে তারা একথা বলে যে পূর্ব পাকিস্তানের উন্নয়নের জন্য বেশী ক্ষমতা দিতে হবে। সৈন্যবাহিনী হচ্ছে আসল জিনিস। যদি সৈন্যবাহিনী কেন্দ্রীয় সরকারের কর্তৃত্বে থাকে তা'হলে যারা আঞ্চলিক স্বায়ত্তশাসনের দাবী করছেন তারা দেশকে কিভাবে ভাগ করতে চান সেটা আমি বুঝে উঠতে পারছি না। .. .. দ্বিতীয় প্রশ্ন হচ্ছে প্রাদেশিক স্বায়ত্তশাসনের অর্থ এই নয় যে আমরা রাজনৈতিক স্বাধীনতা চাচ্ছি। আমরা অর্থনৈতিক স্বাধীনতা ভোগ করতে চাই। ......

Mr. Sheikh Mujibur Rahman : মিঃ স্পীকার, স্যার, প্রাদেশিক স্বায়ত্তশাসনের দাবী আমরা যে শুধু এই পরিষদে পাস করছি তাই নয়, এটা সমগ্র পূর্ব পাকিস্তানের জনগণের দাবী। এই দাবীর ভিত্তিতে আমরা গত নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করেছিলাম। পূর্ব পাকিস্তানের সকল শ্রেণীর লোক এই দাবী সমর্থন করেছে। জাতীয় পরিষদে যখন শাসনতন্ত্র তৈরী হচ্ছিল তখন আমরা আওয়ামী লীগের ১২ জন সদস্য স্বায়ত্তশাসনের দাবী নিয়ে সংগ্রাম করেছিলাম। এটা করেছিলাম পাকিস্তানকে দুর্বল করবার জন্য নয়, বরং পাকিস্তানকে সবল করার জন্য। দীর্ঘ ৯ বৎসরের ইতিহাস পর্যালোচনা করলে দেখা যাবে, কেন আমরা পূর্ণ স্বায়ত্তশাসন চাই। অর্থ, বৈদেশিক নীতি সমস্ত ক্ষমতা কেন্দ্রের হাতে। পূর্ব পাকিস্তান যদি পশ্চিম পাকিস্তানের সংলগ্ন রাজ্য হ'তো তাহলে আমরা এ দাবী নাও করতে পারতাম। আজ আমরা দেখতে পাই যে পাকিস্তানে দুইটা অর্থনীতি চলছে--একটা পশ্চিম পাকিস্তানে আর একটা পূর্ব পাকিস্তানে। শ্রম শিল্পের উন্নয়ন পশ্চিম পাকিস্তানে হয়েছে, পূর্ব পাকিস্তানে হয় নাই। মুসলিম লীগের আমলে পাকিস্তানে অর্থনৈতিক ভিত্তিতে জরিপ করার জন্য একটি কমিটি করা হয়েছিল। তাঁরা রিপোর্ট দিয়েছিলেন যে পূর্ব পাকিস্তানকে শিল্পান্বিত করা হোক। মুসলিম লীগ গভর্ণমেণ্ট সে রিপোর্ট চাপা দিয়েছে, আমাদের এ সংগ্রাম পশ্চিম পাকিস্তানের জনগণের বিরুদ্ধে সংগ্রাম নয়। আমরাও পশ্চিম পাকিস্তানের স্বায়ত্তশাসনের দাবী সমর্থন করি। এ দাবী হ'ল পূর্ব পাকিস্তানের জনসাধারণের দাবী, এ দাবী পশ্চিম পাকিস্তানের জনগণের দাবী। এই স্বায়ত্তশাসনের দাবী রাজনৈতিক দাবী নয়, এই দাবী আমাদের বাঁচা-মরার দাবী। প্রদেশের বিক্রয় করের টাকা আমরা পুরাপুরি পাই না। অর্থের অভাবে আমরা উন্নতিমূলক কাজ করতে পারি না। বৈদেশিক মুদ্রার পাওনা অংশ আমরা পাই না। অবস্থা কি—

"আপন ধন পরকে দিয়ে
দৈবজ্ঞ মরে কাঁথা বয়ে।"

ট্যাক্স যা দরকার তা ধরা হোক, তাতে আমাদের আপত্তি নাই। রাজনৈতিক স্বাধীনতা আমরা পেয়েছি কিন্তু স্বায়ত্তশাসন আমাদের দরকার যাতে আমরা প্রদেশের সর্বাঙ্গীন উন্নতি করতে পারি। প্রাদেশিক স্বায়ত্তশাসন ২১-দফার অন্যতম দাবী। আজ আমরা মন্ত্রী আছি কিন্তু কাল নাও থাকতে পারি, কিন্তু আমাদের ২১-দফার দাবী থাকবে এবং আমরা ২১-দফার দাবী সমর্থন করে যাব। যারা প্রাদেশিক স্বায়ত্তশাসনের প্রস্তাবের বিরোধিতা করবে তাদের জনসাধারণ ক্ষমা করবে না। প্রাদেশিক স্বায়ত্তশাসনের জন্য আজ আমাদের নূতন করে শপথ গ্রহণ করতে হবে।

স্যার, এই দাবী শুধু এই পরিষদের দাবী নয় এটা জনসাধারণের দাবী। জনসাধারণ বাঁচতে চায়। এ দাবী পশ্চিম পাকিস্তানের জনসাধারণের দাবী। পূর্ব বাংলার জনসাধারণের সঙ্গে সেখানকার জনসাধারণের কোন পার্থক্য নাই। পূর্ব বাংলার জনসাধারণ বুভুক্ষু এবং সর্বহারা, আর পশ্চিম পাকিস্তানের জনসাধারণ না খেয়ে মরে। জনসাধারণের মধ্যে কোন

বিভেদ নাই। আমি নির্দিষ্ট করে বলতে চাই যে পাকিস্তানের মুক্তির জন্য, পাকিস্তানের উন্নতির জন্য আমরা এই স্বায়ত্তশাসনের দাবী সমর্থন করি। জনসাধারণ বুঝে যে এ দাবী তাদের ন্যায্য দাবী। এ দাবী আমাদের বাঁচার দাবী, জনসাধারণের বাঁচার দাবী। এ দাবী কারো বিরুদ্ধে দাবী নয়। এই কথা বলেই আমি মহিউদ্দিন সাহেবের প্রস্তাব সম্পূর্ণ সমর্থন করছি।

The question that this Assembly is of opinion that the Government of East Pakistan should represent to the Government of Pakistan for taking suitable steps for providing autonomy to the Provinces with a view to better and more effective administration considering the geographical peculiarity between the two regions of Pakistan and for setting up an independent commission consisting of Federal and High Court Judges to determine the extent of autonomy necessary for the purpose, so that the solidarity and integrity of Pakistan cannot be at jeopardy, was then put and negatived.

The question that this Assembly is of opinion that the Government of East Pakistan should represent to the Government of Pakistan for taking suitable steps for providing full regional autonomy for East Pakistan leaving the following subjects only to be the concern of the Centre :

(1) Finance,

(2) Foreign Affairs, and

(3) Defence

was then put and negatived.

The question that this Assembly is of opinion that the Government of East Pakistan should represent to the Government of Pakistan for taking suitable steps for providing full provincial autonomy for East Pakistan leaving the following subjects to be the concern of the Centre :

(1) Currency,

(2) Foreign Affairs, and

(3) Defence

was then put and negatived.

The question that this Assembly is of opinion that the Government of East Pakistan should represent to the Government of Pakistan for taking suitable steps for providing full Provincial Autonomy for East Pakistan leaving the following subjects only to be the concern of the Centre :

(1) Currency,

(2) Foreign Affairs, and

(3) Defence

was then put and agreed to.

শিরোনাম	সূত্র	তারিখ
ন্যাশনাল আওয়ামী পার্টি গঠিত।	দৈনিক সংবাদ।	২৬শে জুলাই, ১৯৫৭।

পাকিস্তানের উভয় অংশের গণতান্ত্রিক শক্তিসমূহের সমন্বয়ে পাকিস্তান ন্যাশনাল আওয়ামী পার্টি নামে নয়া রাজনৈতিক দল গঠিত।

ঢাকায় অনুষ্ঠানরত গণতান্ত্রিক সম্মেলনের অভূতপূর্ব সাফল্য: বারো শতাধিক প্রতিনিধির সমাবেশে জাগ্রত জনমতের অভিব্যক্তি।

বিষয় নির্বাচন কমিটিতে খসড়া ম্যানিফেস্টো গৃহীত: প্রতিনিধি সভায় সাময়িকভাবে অনুমোদন-দান।

সারা পাকিস্তানের গণতান্ত্রিক কর্মী সম্মেলনের সর্বসম্মত সিদ্ধান্ত অনুযায়ী গতকল্য (বৃহস্পতিবার) ঢাকায় পাকিস্তান ন্যাশনাল আওয়ামী পার্টি নামের একটি নতুন রাজনৈতিক প্রতিষ্ঠান জন্মলাভ করিয়াছে। সমগ্র পাকিস্তানের গণতান্ত্রিক শক্তিসমূহের সমন্বয়ে গঠিত এই রাজনৈতিক প্রতিষ্ঠানটির অস্তিত্বের ফলে পাকিস্তানের ইতিহাসে এক স্বর্ণোজ্জ্বল সংগ্রামী অধ্যায় সূচনা হইল।

গণতন্ত্রের অতন্দ্র প্রহরী মওলানা আবদুল হামিদ খান ভাসানীর সভাপতিত্বে অনুষ্ঠিত এই ঐতিহাসিক সম্মেলনে পাকিস্তানের উভয় অংশের বারো শতাধিক কর্মী ও নেতা যোগদান করিয়াছেন।

অসাম্প্রদায়িক ভিত্তিতে নয়া রাজনৈতিক প্রতিষ্ঠানটি গঠনের প্রস্তাব করা হইয়াছে। সমগ্র পাকিস্তানে ইহাই বৃহত্তম অসাম্প্রদায়িক রাজনৈতিক সংস্থা। আশা ও আকাংখার আলোকে উদ্ভাসিত প্রতিটি প্রতিনিধি নয়া প্রতিষ্ঠান গঠনের প্রস্তাবটির প্রতি সমবেতভাবে সমর্থন জানাইয়াছেন। গণতন্ত্রী দল, ন্যাশনাল পার্টি এবং ভাসানী পন্থীগণ এই নয়া পার্টিতে যোগদান করিবেন বলিয়া জানা গিয়াছে। পশ্চিম পাকিস্তানের সর্বজনমান্য নেতা আবদুল গফ্ফার খান, জি, এম, সৈয়দ, মিয়া ইফতেখারউদ্দিন, মাহমুদুল হক ওসমানী, আবদুল মজিদ সিন্ধী, আবদুস সামাদ খান আচাকজাবী (আচাকজাই), আব্বার আবদুল গফুর, গোলাম মোহাম্মদ লাগারী, হাশিম খান গীলরাই; মাহমুদ আলী কাসুরী, এয়ার কমাণ্ডার ঝাঞ্জুয়া প্রমুখ এক শতাধিক কর্মী উপস্থিত ছিলেন। সম্মেলনের মঞ্চটি জনসাধারণের বিভিন্ন দাবী-দাওয়া সম্বলিত বহু সংখ্যক পোষ্টার দিয়া সজ্জিত করা হইয়াছিল। অপরাহ্নের অধিবেশনে সীমান্তের গান্ধী খান আবদুল গফ্ফার খান এবং প্রাদেশিক মন্ত্রী জনাব মাহমুদ আলী যোগদান করেন। সকাল সাড়ে আটটার মধ্যে বিপুল উদ্দীপনার সহিত প্রদেশের বিভিন্ন অঞ্চলের সহস্রাধিক গণতান্ত্রিক কর্মী সদরঘাটস্থ রূপমহল সিনেমা হলে সমবেত হন। জাতীয় পতাকা উত্তোলন এবং কোরান শরীফ তেলাওয়াতের পর সারা পাকিস্তান গণতান্ত্রিক কর্মী সম্মেলনের প্রথম অধিবেশন শুরু হয়। সম্মেলনের অভ্যর্থনা কমিটির সভাপতি জনাব ইয়ার মোহাম্মদ খান অতিথি ও কর্মীদের স্বাগত জানাইয়া দেশের বর্তমান রাজনৈতিক অবস্থা পর্যালোচনা করিয়া বক্তৃতা দেন। তিনি তাহার বক্তৃতায় বর্তমান আওয়ামী সরকারের কার্য্যক্রম ও জনাব সোহরাওয়ার্দীর পররাষ্ট্রনীতির তীব্র সমালোচনা করিয়াছেন।

ইহার পর সভাপতি মওলানা ভাসানী মুহুর্মুহু জিন্দাবাদ ধ্বনির সংগে ভাষণ দান করিতে উঠেন। তিনি বিভাগপূর্ব কাল হইতে শুরু করিয়া আওয়ামী লীগের ক্ষমতা লাভ এবং পাকিস্তানের অর্থনৈতিক ও রাজনৈতিক অবস্থা পর্য্যালোচনা করিয়া দীর্ঘ বক্তৃতা করেন। তাঁহার বক্তৃতা উর্দুতেও অনুবাদ করিয়া পাঠ করা হয়।

পশ্চিম পাকিস্তানী নেতাদের বক্তৃতার পর জনাব ইয়ার মোহাম্মদ খান নয়া গণতান্ত্রিক প্রতিষ্ঠান গঠনের প্রস্তাব উত্থাপন করেন। জনাব মোহাম্মদ তোয়াহা প্রস্তাবটি সমর্থন করেন। প্রস্তাবটিতে

বলা হয় : পাকিস্তানের উভয় অংশের বিভিন্ন গণতান্ত্রিক দল এবং সকল গণতান্ত্রিক নাগরিকদের প্রতিনিধিবৃন্দের এই সম্মেলনকে দেশের আভ্যন্তরীণ রাজনৈতিক, অর্থনৈতিক ও সামাজিক অবস্থা পর্যালোচনার পর এবং (১) পাকিস্তানকে সাম্প্রদায়িকতা, প্রাদেশিকতা সাম্রাজ্যবাদ ও শোষণমুক্ত একটি শক্তিশালী জাতিতে সংগঠিতকরণ, (২) জনসাধারণের অর্থনৈতিক অবস্থার উন্নতি সাধন, (৩) নিয়মতান্ত্রিক পদ্ধতিতে দেশে গণতন্ত্র প্রতিষ্ঠা ও দেশের উভয় অংশের স্বায়ত্তশাসন কায়েম করার উদ্দেশ্যে দেশের সমস্ত গণতান্ত্রিক শক্তিকে ঐক্যবদ্ধ করার প্রয়োজনীয়তা উপলব্ধি করিয়া সম্মেলন পাকিস্তানবাসীর সেবায় উৎসর্গীকৃত নতুন একটি জাতীয় দল গঠনের প্রস্তাব করিতেছে। এই নতুন দলটির নাম হইবে ন্যাশনাল আওয়ামী পার্টি।

এই পার্টি একটি গঠনতন্ত্র প্রণয়নের যাবতীয় ব্যবস্থা গ্রহণ এবং পাকিস্তানের উভয় অংশে আনুষ্ঠানিকভাবে পার্টি প্রতিষ্ঠার জন্য সম্মেলন একটি সংগঠনী কমিটি গঠনের সিদ্ধান্ত গ্রহণ করিতেছে।

উক্ত প্রস্তাবক্রমে গঠিত নয়া পার্টির ম্যানিফেষ্টোতে বলা হইয়াছে যে, দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষা, গণতন্ত্রের প্রতিষ্ঠা, প্রাদেশিক স্বায়ত্তশাসন অর্জন এবং দেশ ও জাতির অর্থনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক উন্নয়ন সাধনের জন্য পূর্ব ও পশ্চিম পাকিস্তানের গণতান্ত্রিক শক্তিসমূহের সমন্বয়ে এক নয়া রাজনৈতিক দল গঠনের প্রয়োজন রহিয়াছে। পাকিস্তানের উভয় অংশের গণতান্ত্রিক শক্তিগুলির প্রতিনিধিবৃন্দের এই সম্মেলন এতদ্দ্বারা ঘোষণা করিতেছে যে, এক নয়া রাজনৈতিক দল গঠিত হইল এবং পশ্চিম পাকিস্তানের ন্যাশনাল আওয়ামী পার্টি ও পূর্বাঞ্চলের গণতন্ত্রী দল এবং অন্যান্য গণতান্ত্রিক শক্তিগুলি এই নতুন দলে যোগদান করিতেছে।

নয়া দলের ঘোষণাপত্রে পররাষ্ট্র নীতি সম্পর্কে বলা হয় আমরা স্বাধীন পররাষ্ট্র নীতি অনুসরণ করিয়া চলিব। আমাদের জাতীয় স্বার্থের আদর্শে এই পররাষ্ট্র নীতি পরিচালিত হইবে এবং আমাদের স্বাধীনতার শক্তি বৃদ্ধি আন্তর্জাতিক ক্ষেত্রে পাকিস্তানের মর্যাদা বৃদ্ধি ও বিশ্ব-শান্তি প্রতিষ্ঠাই পররাষ্ট্র নীতির লক্ষ্য হইবে।

এই ম্যানিফেষ্টোতে ভূমি সংস্কার, জমিদারী উচ্ছেদ, শিল্পায়ন, দুর্নীতি বন্ধ, শিক্ষার প্রসার, শ্রম মূল্য দান, ভৌগোলিক অবস্থান এবং ভাষার ভিত্তিতে পশ্চিম পাকিস্তানের প্রদেশ ভাগের কথা ঘোষণা করা হইয়াছে।

বিষয় নির্বাচনী কমিটি ম্যানিফেষ্টোটি গতকল্য অপরাহ্নের এক বিশেষ সভায় সংশোধনী-সহ গ্রহণ করে এবং সাধারণ প্রতিনিধি সভা কর্তৃক সর্বসম্মতিভাবে গৃহীত হইয়াছে। অদ্য সকাল সাড়ে আটটায় পুনরায় সম্মেলন শুরু হইবে। যদি কোন প্রকার দুর্বিপাকে অদ্যকার সম্মেলন অনুষ্ঠিত না হয় তবে প্রতিনিধি সম্মেলনে স্বীকৃত সমর অনুযায়ী অস্থায়ী অনুমোদিত ম্যানিফেষ্টো ও গঠনতন্ত্র অনুযায়ী নয়া পার্টি পরবর্তী সভা পর্যন্ত কাজ করিয়া যাইবে। গত-কাল নয় ঘণ্টাকাল অধিবেশন অপরাহ্ন ছয়টা পর্যন্ত চলে। সম্মেলনে গুণ্ডা আক্রমণের তীব্র নিন্দা করিয়া একটি প্রস্তাব গ্রহণ করা হইয়াছে। বিভিন্ন বক্তা এই গুণ্ডামির বিরুদ্ধে বক্তৃতা করেন।

পশ্চিম পাকিস্তানী নেতাদের বক্তৃতা

সম্মেলনে জনাব আব্দুল মজিদ সিন্ধী বলেন, আমাদের ঐক্যবদ্ধ শক্তি এশিয়া ও আফ্রিকার জনগণের মুক্তির সংগ্রামে নিয়োজিত হইবে। কিন্তু আমরা দুনিয়ার কোন রাষ্ট্রের হিসাবে থাকিতে চাইনা। সমস্ত প্রকার যুক্তজোট আমাদের ভয়াবহ যুদ্ধের মধ্যে ঠেলিয়া দিতেছে। আমরা আণবিক যুদ্ধের বিভীষিকা হইতে মানবতাকে রক্ষা করিতে চাই।

• তিনি বলেন, বিরোধী দল আমাদের নেতাদের উপর আজ আক্রমণ করিয়াই আমাদের এই সম্মেলনকে সাফল্যমণ্ডিত করিয়া দিয়াছে।

শিরোনাম	সূত্র	তারিখ
সাধারণ নির্বাচন বানচাল।	সাপ্তাহিক 'সৈনিক'।	২৮শে নভেম্বর, ১৯৫৭।

সাধারণ নির্বাচন অনুষ্ঠানে বিলম্ব জনগণ বরদাস্ত করিবে না। কেন্দ্রীয় মন্ত্রিসভার সংকট:

রিপাবলিকান দলের সুবিধাবাদিতা: বিপ্লবী পরিষদ গঠনের পূর্বাভাস?

পৃথক নির্বাচন মারফত পাকিস্তানের প্রথম সাধারণ নির্বাচন অনুষ্ঠানের শর্তে কেন্দ্রে মুসলীম লীগের নেতৃত্বে কোয়ালিশন সরকার গঠিত হইয়াছে। মন্ত্রিসভার বৈঠকেও এই ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে। যার ফলে যুক্ত নির্বাচনের ভিত্তিতে প্রণীত ভোটার তালিকা ছাপার কাজ প্রায় শেষ হইয়া আসিলেও উহা বন্ধ করিয়া দেওয়া হইয়াছে। এতদুপলক্ষে মন্ত্রিসভার সিদ্ধান্ত অনুযায়ী তৈরী বিল অন্য জাতীয় পরিষদের অধিবেশনে উজিরে আজম জনাব চুন্দ্রীগরের উত্থাপনের কথা। বলা বাহুল্য এই জন্যই ঢাকার পরিবর্তে করাচীতে তাড়াহুড়া করিয়া এই অধিবেশন আহ্বান করা হইয়াছে।

কিন্তু কোয়ালিশনের প্রধান অংশ দল রিপাবলিকান পার্টির সাম্প্রতিক কেন্দ্রীয় সংগঠনী কমিটির সভায় জাতীয় পরিষদে এই বিল উত্থাপন না করার জন্য উজিরে আজমকে অনুরোধ করা হইয়াছে এবং পার্টি সদস্যগণ যাহাতে এই প্রস্তাবের নির্দেশ মানিয়া চলে তাহার প্রতি লক্ষ্য রাখার জন্য পার্টির নেতাকে ভার দেওয়া হইয়াছে।

আমাদের দুর্ভাগ্য এই যে, আমাদের পাকিস্তানের রাজনৈতিক দলগুলি আজ যা সিদ্ধান্ত করেন কাল তার বিপরীত একটা কিছু করিয়া বসেন।

এই মন্ত্রিসভা যদিও মুসলিম লীগের নেতৃত্বে কায়েম হইয়াছে তবুও রিপাবলিকান দল যখন জনাব সোহরাওয়ার্দীর উপর হইতে সমর্থন প্রত্যাহার করে তখন তিনি পদত্যাগ করেন। এই সময় রিপাবলিকান দলের উদ্যোগেই বর্তমান মন্ত্রিসভা কায়েম হইয়াছে।

অবস্থাদৃষ্টে মনে হয় আবার মন্ত্রিসভা ভাংগাগড়া হইতে পারে। হয়ত আওয়ামী লীগেরও আবার গদী লাভ সম্ভব হইতে পারে। রিপাবলিকান পার্টির এই সুবিধাবাদী নীতি পাকিস্তান রাজনীতির মোড় কোন দিকে নিয়া যা বলা যায় না। তবে একথা সত্য যে গদীকে কেন্দ্র করিয়া গঠিত রিপাবলিকান দল বেশ কিছুদিন ক্ষমতায় থাকিবে। এই দলের নেতৃত্ব প: পাকিস্তানে প্রাদেশিক পরিষদ দ্বারা পাকিস্তানে পৃথক নির্বাচন ব্যবস্থা প্রবর্তনের সোপারিশ করিয়াছিল। আবার তারাই ঢাকায় জাতীয় পরিষদের অধিবেশনে পূর্ব পাকিস্তানের জন্য যুক্ত নির্বাচনে সমর্থন করিয়াছিল। তখন অবশ্য তারা পশ্চিম পাকিস্তানে পৃথক নির্বাচন প্রবর্তনের সিদ্ধান্তে অটল ছিলেন। আবার তারা জাতীয় পরিষদে বিল পাস করাইয়া সারা পাকিস্তানের জন্য যুক্ত নির্বাচন চালু করার ব্যবস্থা করে।

সকলেই আশা করিয়াছিলেন পৃথক নির্বাচনের শর্তে যে মন্ত্রিসভা কায়েম হইয়াছে রিপাবলিকান পার্টি সেই প্রতিশ্রুতি পালন করিবে। কিন্তু কেন্দ্রীয় সংগঠনী কমিটির সভায় তাহারা তার বিরুদ্ধে মতামত জ্ঞাপন করিয়াছে। তবুও শেষ পর্যন্ত উর্ধ্বতন কর্তৃপক্ষের চাপে অথবা সলাপরামর্শ মারফত সুবিধাবাদী দর্শন অনুযায়ী তাহারা আবার মত বদলাইতেও পারে।

রিপাবলিকান দলের এই সুবিধাবাদিতার পিছনে কোন গভীর ষড়যন্ত্র রহিয়াছে কিনা বলা যায় না। কারণ উক্ত পার্টির নেতা কিছুদিন যাবৎ "বিপ্লবী পরিষদ" "অন্তবর্তীকালীন সরকার" ইত্যাদির যে সব ঘোষণা করিয়া আসিতেছেন সেই সুবিধাবাদিতা তারই পূর্বাভাস কিনা জানি না।

গদীতে যেই থাকুক না কেন পূর্ব ঘোষণা মত ১৯৫৮ সালের নভেম্বর মাসে সাধারণ নির্বাচন অনুষ্ঠান আজ জনগণের দাবী। এই দাবী মোতাবেক কাজ না হইলে দেশ এই অশুভ শক্তির হাত হইতে মুক্ত হইবে না এবং বাহির বিশ্বেও পাকিস্তানের কলংক বাড়িয়া চলিবে। জনগণ সাধারণ নির্বাচনের বিরুদ্ধে কোন প্রকার সরকারী-বেসরকারী চক্রান্ত বরদাশত করিবে না। বিপ্লবী পরিষদ বা অন্তর্বর্তীকালীন সরকার গঠনের অগণতান্ত্রিক ও শাসনতন্ত্র বিরোধী অশুভ প্রচেষ্টাকে সকল পাকিস্তান দরদীর রুখিতে হইবে।

শিরোনাম	সূত্র	তারিখ
পূর্ব পাকিস্তানের আর্থিক অবস্থা ব্যাখ্যা করে মুখ্যমন্ত্রী আতাউর রহমানের ভাষণ।	পূর্ব পাকিস্তান সরকার।	৪ঠা জানুয়ারী, ১৯৫৮।

পূর্ব পাকিস্তানের আর্থিক দূর্গতি

পাকিস্তান প্রতিষ্ঠিত হওয়ার পর থেকেই পূর্ব পাকিস্তান এক মারাত্মক রকমের আর্থিক ও অর্থনৈতিক সঙ্কটে ভুগে আসছে, তা থেকে সে আজও মুক্ত হতে পারেনি। বর্তমানে তার অবস্থা আরও চরমে গিয়ে পৌঁছেছে। বস্তুত: পূর্ব পাকিস্তানের আর্থিক জীবনের কতকগুলি সমস্যাকে মূলধন করে কোন কোন পত্রিকা ও রাজনৈতিক দল এমন সব প্রচারণা চালিয়ে যাচ্ছেন যাতে করে প্রকৃত অবস্থা সম্পর্কে যাঁরা ওয়াকেফহাল নন তাঁরাও স্বভাবত: বিভ্রান্ত হয়ে পড়ছেন। তাই, পূর্ব পাকিস্তানের বর্তমান সমস্যাগুলি প্রকৃত প্রস্তাবে কি, জনসাধারণ সহজেই যাতে তা সম্যক উপলব্ধি করতে পারেন, তার জন্য আজ আমি পূর্ব পাকিস্তানের আর্থিক অবস্থা ও অর্থনৈতিক ইতিহাসের এক সংক্ষিপ্ত বিবরণ দিতে চাই।

নিম্নলিখিত খাতগুলিতে মোট ১৪ কোটি ১৬ লক্ষ টাকার দেনার বোঝা ঘাড়ে নিয়ে ১৯৪৭ সালের ১৫ই আগষ্ট একটি পূর্ণাঙ্গ প্রদেশ হিসাবে পূর্ব পাকিস্তানের জন্ম হয়:—

(১) রিজার্ভ ব্যাঙ্কের কাছে দেনা,

(২) প্রভিডেন্ট ফাণ্ড,

(৩) বে-সামরিক আমানতাদি,

(৪) অনাদায়ী ট্রেজারী বিলসমূহ

(৫) খাদ্য ক্রয় খাতে ঘাটতি জমা ও

(৬) সরকারী চাকুরীয়াদের পাওনাসহ চুক্তিগত দেনা।

অবশ্য রিজার্ভ ব্যাঙ্কের এই পাওনা ও অবিভক্ত বাংলার অনাদায়ী ট্রেজারী বিল বাবদ আমাদের যে দেনা ছিল, তা পরিশোধের জন্য কেন্দ্রীয় সরকার গোড়াতেই ৪ কোটি ৪৭ লক্ষ টাকা ঋণ মঞ্জুর করেন। কিন্তু অন্যান্য খাতের দেনা থেকেই যায়। ফলে, কার্যভার গ্রহণের পর থেকে প্রাদেশিক সরকারকেই বছরের পর বছর ধরে এসব খাতের দেনা পরিশোধের ব্যবস্থা করে যেতে হয়। সেই সংগে প্রাদেশিক সরকারকে প্রদেশের রাজধানীতে সদর দফতরসমূহের স্থান সঙ্কুলানের জন্য বহু সংখ্যক দালান-কোঠা নির্মাণ করতে হয়।

চার কোটি ১৯ লক্ষ লোকের বাসভূমি পূর্ব পাকিস্তানের রাজস্ব খাতে ১৯৪৮-৪৯ সালের বার্ষিক আয় ছিল ১৬ কোটি ৯১ লক্ষ টাকা। অপর পক্ষে ৩ কোটি ৩৭ লক্ষ অধিবাসী অধ্যুষিত পশ্চিম পাকিস্তানের রাজস্ব বাবদ আয় ছিল সে সময় ২৭ কোটি ৯৫ লক্ষ টাকা।

কেন্দ্রের সাহায্য—

সুতরাং দেখা যাচ্ছে যে, শুরু থেকেই কেন্দ্রের কাছ থেকে পশ্চিম অংশের তুলনায় পূর্ব পাকিস্তানেরই অনেক বেশী আর্থিক সাহায্য পাওয়া প্রয়োজন ছিল। কিন্তু দুর্ভাগ্যবশতঃ এই সত্যটি কার্যক্ষেত্রে সর্বদাই উপেক্ষিত হয়েছে এবং গত ক'বছরে কেন্দ্রীয় সরকার বিভিন্ন সময়ে উভয় অংশের জন্য যে সাহায্য মঞ্জুর করেছেন, দুই অংশের আনুপাতিক প্রয়োজনের সংগে তার কোন সঙ্গতি নেই। ১৯৫৮-৫৯ সাল পর্যন্ত পূর্ব ও পশ্চিম পাকিস্তানের জন্য কেন্দ্রীয় সরকার যে অর্থ সাহায্য করেছেন, তা থেকেই এ কথার সত্যতা নিরূপণ করা যায়। আলোচ্য সময় পর্যন্ত কেন্দ্রীয় সরকার পশ্চিম পাকিস্তানকে যে ক্ষেত্রে ৫২ কোটি ৫৮ লক্ষ টাকা সরাসরি সাহায্য দিয়েছেন, পূর্ব পাকিস্তানকে সে ক্ষেত্রে দিয়েছেন ২৬ কোটি ৫২ লক্ষ টাকা।

প্রসঙ্গক্রমে উল্লেখ করা যেতে পারে যে, দেশ বিভাগের আগে পূর্ব পাকিস্তানেও কয়েকটি উন্নয়ন পরিকল্পনার কাজ চলছিলো। বাংলা প্রদেশের এ সকল উন্নয়ন পরিকল্পনা কার্যকরী করার জন্য তদানীন্তন ভারত সরকার ৭০ কোটি টাকা সাহায্য মঞ্জুর করেন। এই অর্থের মধ্যে পূর্ব পাকিস্তানের প্রাপ্য হতো অন্যূন ৫০ কোটি টাকা। কিন্তু পাকিস্তান সরকার উন্নয়ন পরিকল্পনাসমূহের জন্য অর্থ সাহায্য দেওয়া বন্ধ করে দিয়ে বলেন যে, উন্নয়ন পরিকল্পনা বাবদ প্রাদেশিক সরকারকে ঋণ মঞ্জুর করা হবে।

ঋণ দানের ক্ষেত্রেও পূর্ব পাকিস্তানের প্রতি সুবিচার করা হয়নি। ১৯৫৭-৫৮ সাল পর্যন্ত উন্নয়ন পরিকল্পনাসমূহ কার্যকরী করার জন্য পশ্চিম পাকিস্তান যেখানে ঋণ পেয়েছে ৯৪ কোটি ২৩ লক্ষ টাকা, পূর্ব পাকিস্তান সেখানে পেয়েছে মাত্র ৪৫ কোটি ৭৭ লক্ষ টাকা। বিদেশ থেকে প্রাপ্ত সাহায্য পূর্ব ও পশ্চিম পাকিস্তানের মধ্যে কিভাবে বন্টন করা হয়েছে, তার আনুপাতিক হার সম্পর্কে সঠিক কোন তথ্য পাওয়া যায় না। তবে যে সকল আভাস পাওয়া যাচ্ছে তা থেকে ধরে নেয়া যেতে পারে যে, এ ক্ষেত্রেও পূর্ব পাকিস্তান তার ন্যায্য অংশ পায়নি। প্রকৃতপক্ষে শূন্যের কোঠা থেকেই পূর্ব পাকিস্তানের জীবনযাত্রার শুরু। এমতাবস্থায়, পশ্চিম পাকিস্তানের তুলনায় পূর্ব পাকিস্তানের বিভিন্নমুখী ঘাটতি পূরণের জন্য এখানকার জনসংখ্যা এবং বৈষয়িক ও আর্থিক অসচ্ছলতার কথা বিবেচনা করে কেন্দ্রীয় সরকারের প্রদত্ত সরাসরি সাহায্য, বৈদেশিক সাহায্য ও উন্নয়ন খাতে মঞ্জুরীকৃত ঋণের অন্যূন শতকরা ৫০ ভাগের বেশী পূর্ব পাকিস্তানেরই পাওয়া উচিত ছিল। কিন্তু কার্যক্ষেত্রে তা হওয়া তো দূরের কথা—এই প্রদেশ কেবল অবহেলাই পেয়ে এসেছে। প্রদেশের বর্তমান শোচনীয় আর্থিক অবস্থা এই অবহেলারই ফল।

কেন্দ্রীয় সরকারের রাজস্ব খাতের ব্যয় বরাদ্দের ক্ষেত্রেও পূর্ব পাকিস্তানের প্রতি অত্যন্ত অবিচার করা হয়েছে। ১৯৫৬-৫৭ সাল পর্যন্ত এই খাতের ব্যয় বরাদ্দের তুলনামূলক বিবরণ থেকে এটা পরিষ্কার হয়ে পড়েছে। আলোচ্য সময় পর্যন্ত পূর্ব পাকিস্তানের জন্য যেখানে ব্যয় করা হয় মাত্র ৬৩ কোটি টাকা সেখানে পশ্চিম পাকিস্তানের জন্য ব্যয় করা হয় ৮১ কোটি টাকা।

দেশরক্ষা—

দেশরক্ষা খাতের ব্যয় বরাদ্দের চিত্র আরও নৈরাশ্যজনক। ১৯৫৬-৫৭ সাল পর্যন্ত দেশরক্ষা বাবদ পূর্ব পাকিস্তানে ব্যয় করা হয় কিঞ্চিদধিক ১৮ কোটি টাকা, অপরপক্ষে পশ্চিম পাকিস্তানে ব্যয় করা হয় ৪৮০ কোটি টাকা। এ কথা স্বীকার করতেই হবে যে, দেশ বিভাগকালে পূর্ব পাকিস্তানের তুলনায় পশ্চিম পাকিস্তানের অবস্থা সব দিক দিয়েই সন্তোষজনক ছিলো। সুতরাং এ প্রদেশের দেশরক্ষা ব্যবস্থা উন্নত ও শক্তিশালী করার দিকে আরও বেশী নজর দেওয়া উচিত ছিল। কিন্তু অবস্থাদৃষ্টে মনে হয়, পূর্ব পাকিস্তানকে তার অস্তিত্ব বজায় রাখার জন্য নিরবচ্ছিন্ন কঠোর সংগ্রামের পথেই ঠেলে দেওয়া হয়েছিল। ফলে, তার পক্ষে জাতি গঠনমূলক কোন গুরুত্বপূর্ণ কাজে হাত দেওয়া সম্ভব হয়ে ওঠেনি। এ ক'বছরে পূর্ব পাকিস্তানে

তেমন কোন বড় রকমের উন্নয়ন পরিকল্পনা কার্যকরী না হওয়ায় এখানকার আর্থিক অবস্থার বিশেষ কোন উন্নতি হয়নি। আমি আগেই বলেছি, এ সব অসুবিধা সত্ত্বেও পূর্ব পাকিস্তান সরকার তাঁদের নিয়ন্ত্রণাধীন বিভিন্ন খাতের আয় বৃদ্ধির জন্য আপ্রাণ চেষ্টা চালিয়ে এসেছেন। আয় বৃদ্ধির উদ্দেশ্যে সরকার বিগত ১০ বছরে ৩০টি নয়া কর ধার্য করেছেন অথচ জনসাধারণের আর্থিক মানের উন্নতি না হওয়ায় অধিক করভার বহনের ক্ষমতাও তাদের নেই। যে পরিমাণ সাহায্য করা উচিত ছিল, কেন্দ্রীয় সরকার তা করেননি। সি-এস-পি অফিসারদের বেতন ও ভাতা বৃদ্ধি এবং গভর্ণরকে আরও বেশী সুযোগ-সুবিধা দেওয়ার উদ্দেশ্যে কেন্দ্রীয় সরকার প্রাদেশিক সরকারের উপর কতিপয় ব্যবস্থা চাপিয়ে দেওয়ায় প্রাদেশিক কোষাগার থেকে বৎসরে কয়েক লক্ষ টাকা অতিরিক্ত ব্যয় হচ্ছে। রাজস্ব আদায়ের উৎসগুলির বিলি বন্টনের ক্ষেত্রে সুবিচারের জন্য প্রাদেশিক সরকার দাবী জানিয়ে এসেছে। এতদ্‌সত্ত্বেও ১৯৪৮-৪৯ সালে রাজস্বের একমাত্র সম্প্রসারণশীল উৎস "বিক্রয়-কর"-ও কেন্দ্রীয় সরকারের আওতায় নেয়া হয়। রাজস্ব-উৎস-গুলির পুনর্বিন্যাসের জন্য বারংবার দাবী জানাতে থাকায় কেন্দ্রীয় সরকার ১৯৫২-৫৩ সালে এ সম্পর্কে একটি কমিটি গঠনে সম্মত হন, যাকে রেইসম্যান কমিটি বলা হয়। দুঃখের বিষয়, এই কমিটিও প্রদেশকে সাহায্য না ক'রে কেন্দ্রকেই জোরদার ক'রে গেছেন। পাট রফতানী শুল্কের অংশ বন্টন ব্যাপারে রেইসম্যান কমিটি রোয়েদাদ প্রদেশের সত্যিকার কোন উপকারের পরিবর্তে বরং অপকারই করেছে। ১৯৫০-৫১ ও ১৯৫১-৫২ সালে পাট শুল্ক খাতে প্রদেশের আয় ছিল যথাক্রমে ৬ কোটি ৭২ লক্ষ ও ৩ কোটি টাকা। কিন্তু রেইসম্যান রোয়েদাদের পর ১৯৫২-৫৩ ও ১৯৫৩-৫৪ সালে তার পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ৪ কোটি ১২ লক্ষ ও ৪ কোটি টাকা।

প্রদেশের আর্থিক অবস্থার ক্রমাগত এই অবনতির আর একটি কারণ হচ্ছে, কেন্দ্রীয় সরকারের জন্য প্রাদেশিক সরকার যে সব ব্যয় করেছেন, সে সকল ক্ষেত্রেও কেন্দ্রীয় সরকার তাদের দায়িত্ব পুরাপুরিভাবে পালন করেননি। ইষ্ট পাকিস্তান রাইফেলস ও সীমান্ত পুলিশ বাহিনীর জন্য মোট যা ব্যয় হয়, কেন্দ্রীয় সরকার তার শতকরা ৩০ ভাগ বহন করতে সম্মত হয়েছিলেন। কিন্তু কেন্দ্রীয় সরকার উক্ত টাকা দেননি। ফলে, এই একটি খাতেই বর্তমান সময় পর্যন্ত কেন্দ্রীয় সরকারের কাছে পূর্ব পাকিস্তান সরকারের পাওনা দাঁড়িয়েছে প্রায় ৮ কোটি টাকা।

বেসামরিক দেশরক্ষা বাবদ যা ব্যয় হয়, কেন্দ্রীয় সরকারের তারও শতকরা ৭৫ ভাগ বহন করার কথা। এ খাতেও পূর্ব পাকিস্তানের পাওনা দাঁড়িয়েছে ৫৩ লক্ষ টাকা। বারংবার তাগিদ দেওয়া সত্ত্বেও কেন্দ্রীয় সরকার এই খাতে কোন সাহায্যই মঞ্জুর করেননি।

তা হলে দেখা যাচ্ছে, যে সব কারণে পূর্ব পাকিস্তানের আর্থিক অবস্থা বর্তমানে সঙ্কটজনক পর্যায়ে এসে ঠেকেছে, তা আজও বিদ্যমান রয়েছে। বিভিন্ন উন্নয়ন পরিকল্পনা, বিশেষ ক'রে "অধিক খাদ্য ফলাও" আন্দোলন জোরদার করার জন্য কেন্দ্রীয় সরকারের প্রদত্ত সাহায্য ও ঋণের অংশ যদি পর্যাপ্ত হতো, তা হলে অধিকাংশ অসুবিধাই আমরা এড়িয়ে যেতে পারতাম। রাজস্বের ক্ষেত্রে আমাদের এই যে ক্রমাগত ঘাটতি এরও অন্যতম কারণ কেন্দ্র ও প্রদেশের মধ্যে রাজস্ব উৎস বন্টনের ব্যাপারে অনুসৃত অসম ব্যবস্থা।

ব্যয় সঙ্কোচ—

কেন্দ্রীয় সরকার রাজস্ব খাতের আয় পরীক্ষা ও ব্যয় হ্রাসের জন্য আমাদের পরামর্শ দিয়েছেন। কিন্তু আগেই আমি বলেছি যে, গত ১০ বছরে আমরা ৩০টি নয়া কর ধার্য করেছি। কিন্তু প্রদেশবাসীর বৈষয়িক অবস্থা অতীব শোচনীয় হওয়ায় আমাদের রাজস্ব খাতে আয় তেমন বাড়েনি। পক্ষান্তরে ব্যয় কমানোও সম্ভব হয়নি। কেননা, নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদির উচ্চ মূল্য এবং জীবনযাত্রার ক্রমবর্ধমান ব্যয়ের সাথে সরকারী চাকুরিয়াদের আয় বা বেতনের সামঞ্জস্য নেই। অন্যান্য ক্ষেত্রেও ব্যয় আনুপাতিক হারে বেড়ে যাওয়ায় সে সব ক্ষেত্রেও ব্যয়

সঙ্কোচ করা সম্ভব হয়নি। আর্থিক সাহায্য দানের ক্ষেত্রে পূর্ব পাকিস্তানের প্রতি অতীতে যে সব অবিচার করা হয়েছে তার আশু প্রতিকার এবং কেন্দ্র ও প্রদেশের মধ্যে রাজস্ব আদায়ের উৎসগুলির ন্যায্য ও সুষম বন্টনের মধ্যেই পূর্ব পাকিস্তানের এসব অভাব-অসুবিধার বাস্তব সমাধান নিহিত।

রিলিফের ব্যাপারে কেন্দ্রীয় সরকারের কাছে আমরা যে সাহায্য চেয়েছি সে সম্পর্কে অনেক কিছুই বলা হয়েছে। এ প্রসঙ্গে আমি পূর্ব পাকিস্তানের বর্তমান অবস্থার একটি সংক্ষিপ্ত বর্ণনা দেওয়া প্রয়োজন মনে করি।

বিশেষ করে খাদ্য মূল্যের দিক থেকে বিবেচনা করলে এপ্রিল থেকে জুলাই পর্যন্ত---এই চার মাস পূর্ব পাকিস্তানের জন্য সব সময়ই সঙ্কটকাল বলে বিবেচিত হয়ে থাকে। এ সময় অবস্থা বিশেষে খাদ্যশস্যের মূল্য কম-বেশী বৃদ্ধি পেয়ে থাকে। তদুপরি ১৯৫৪, ১৯৫৫ ও ১৯৫৬ সালের সর্বগ্রাসী বন্যা প্রদেশের অবস্থা আরও সঙ্গীন ক'রে তোলে। এরপর ১৯৫৭ সালে অনাবৃষ্টির ফলে প্রদেশের কতকগুলি জেলায় আউস, আমন ও রবিশস্য সম্পূর্ণ নষ্ট হয়ে যাওয়ায় এবং অপর কতকগুলি জেলায় আংশিক শস্যহানি, উপকূল এলাকায় লোনাপানির প্লাবন ও কীটের উপদ্রবে অবস্থার আরও অবনতি ঘটে।

এর উপর আবার মড়কে বিভিন্ন জেলায় বহু গবাদিপশুর মৃত্যু হয়। আর সেই সঙ্গে কলেরা ও বসন্তের ভয়াবহ মহামারী সমগ্র প্রদেশ ছেয়ে ফেলে। এর দরুন গ্রামাঞ্চলের জনসাধারণের কর্মক্ষমতা হ্রাস পাচ্ছে।

এসব প্রাকৃতিক দুর্যোগের ফলে ধান, চাল ও অন্যান্য নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের মূল্য বৃদ্ধি পেয়ে এখন জনসাধারণের ক্রয় ক্ষমতার বাইরে চলে গিয়েছে। ফলে, এখন সর্বত্র শোচনীয় দুরবস্থা বিরাজ করছে। দুর্গত এলাকায় বিপন্ন জনসাধারণ জান বাঁচানোর তাগিদে গরু, বাছুর, বীজ এমনকি কৃষির যন্ত্রপাতি পর্যন্ত বিক্রী করতে বাধ্য হয়েছে। এখন তাদের কাছে এমন কোন সম্পদই নেই যার উপর তারা নির্ভর ক'রে থাকতে পারে। এ অবস্থায় এখন সরকারকে কেবল এদের চাষাবাদের ব্যবস্থা ক'রে দিলেই চলবে না —বরং এই সঙ্কটকালে তাদের বেঁচে থাকবার মত সংস্থানও ক'রে দিতে হবে।

এসব প্রাকৃতিক দুর্বিপাকে প্রদেশের শতকরা সাড়ে ১২ জন অর্থাৎ মোট প্রায় ৫০ লক্ষ লোক মারাত্মক রকমে ক্ষতিগ্রস্ত হয়েছে। এদের সকলেরই সাহায্যের দরকার এবং তাদের তা পাওয়া উচিত। ক্ষতিগ্রস্তদের মধ্যে ৩০ লক্ষ লোকের (৬ লক্ষ পরিবার) কৃষি ঋণ প্রয়োজন। এই ৬ লক্ষ পরিবারের মধ্যে ৫ লক্ষ পরিবারকে পরিবার প্রতি ৫০ টাকা হারে কৃষি ঋণ ও পরিবার প্রতি ১৫০ টাকা হারে দুই লক্ষ পরিবারকে গবাদিপশু ক্রয় ঋণ মঞ্জুর করতে হবে। এ বাবদ প্রয়োজন হবে সাড়ে ৫ কোটি টাকা।

টেষ্ট রিলিফ—

ভূমিহীন যে সব শ্রমিক সহজে কাজ পাচ্ছে না, টেষ্ট রিলিফের মারফত তাদের কাজ দিতে হবে। দুর্গত জনসাধারণের মধ্যে ১৫ লক্ষ লোক অর্থাৎ ৩ লক্ষ পরিবারের জন্য এই ধরনের রিলিফের প্রয়োজন। টেষ্ট রিলিফের কাজ জুন মাসের শেষ কিংবা জুলাই মাসের মাঝামাঝি —এমনকি, কোন কোন জেলায় এর পরেও চালু রাখতে হবে। পরিবার পিছু দুইজন হিসাবে মাথাপ্রতি ২ টাকা করিয়া হিসাব করিলে ছয় লক্ষ লোকের এক মাসের কর্ম সংস্থান করিতে ৩ কোটি ৬০ লক্ষ টাকার প্রয়োজন। দিনাজপুর, রংপুর, রাজশাহী এবং বগুড়া জেলার এক-ফসলী অঞ্চলের প্রায় এক লক্ষ লোকের সাহায্যার্থে টেষ্ট রিলিফের কাজ নভেম্বর মাসের শেষভাগে আমন ফসল না ওঠা পর্যন্ত চালিয়ে যেতে হবে এবং এজন্য অতিরিক্ত ৩ কোটি টাকার প্রয়োজন। সুতরাং দেখা যাচ্ছে, টেষ্ট রিলিফের জন্য মোট প্রয়োজন প্রায় ৬ কোটি ৬০ লক্ষ টাকা।

অর্থনৈতিক অবস্থার কিছুটা উন্নতি না হওয়া পর্যন্ত ভূমিহীন অক্ষম লোকদেরও খয়রাতি সাহায্য দিয়ে যেতে হবে। আগষ্টের প্রথমভাগে আউস কাটা শুরু হলে অবস্থার কিছুটা উন্নতি হবে। এ ধরনের লোকের সংখ্যা প্রদেশে ৫ লক্ষের মত। স্বাভাবিক হারে মাসপ্রতি মাথাপিছু ১০ সের চাল জোগালেও দু'মাসে (জুন ও জুলাই) চাল প্রয়োজন হবে ২,৫০,০০০ মণ— যার দাম হবে যাবতীয় খরচসহ মোট ৫৬ লক্ষ ২৫ হাজার টাকা অর্থাৎ মণপ্রতি ২২॥. আনা। এ ছাড়া এক-ফসলী এলাকার ১ লক্ষ লোককেও আগামী নভেম্বর পর্যন্ত মোট ৪ মাস খয়রাতি সাহায্য দিতে প্রয়োজন হবে ২২ লক্ষ ৫০ হাজার টাকা। এ নিয়ে খয়রাতি সাহায্যের জন্য মোট দরকার ৭৮ লক্ষ টাকা।

চট্টগ্রাম, নোয়াখালী, ময়মনসিংহ, বরিশাল ও অন্যান্য জায়গার ঘূর্ণিবাত্যায় ক্ষতিগ্রস্ত ২ লক্ষ পরিবারকে তাদের ঘরবাড়ী মেরামতের জন্য গৃহনির্মাণ সাহায্য মঞ্জুর করতে হবে। পরিবার-পিছু স্বাভাবিক হারে ৩০ টাকা ক'রে ধরা হলেও এজন্য ৬০ লক্ষ টাকার প্রয়োজন। ঘূর্ণি-ঝড়ে প্রদেশের বিভিন্ন স্থানে বহু সংখ্যক শিক্ষা প্রতিষ্ঠান, মসজিদ ও দাতব্য চিকিৎসালয় ভূমিসাৎ হয়েছে। এগুলোর পুনঃপ্রতিষ্ঠা ও মেরামতের জন্য এককালীন দান হিসেবে কমপক্ষে ১৫ লক্ষ টাকা মঞ্জুর করা দরকার। নানা দুর্বিপাকে উত্তরবঙ্গের ছাত্র সমাজ খুবই অসুবিধায় পড়েছে। স্কুল-কলেজের বেতন পরিশোধের সামর্থ্যও তাদের নেই। এদের সাহায্য দেওয়ার জন্য কমপক্ষে ৫ লক্ষ টাকার মত প্রয়োজন।

এসব মিলিয়ে বর্তমানে পূর্ব পাকিস্তানের জন্য মোট সাড়ে ১৩ কোটি টাকারও অধিক প্রয়োজন। তন্মধ্যে কেন্দ্রীয় সরকার ২ কোটি ১০ লক্ষ টাকা মঞ্জুর করেছেন। কিঞ্চিদধিক সাড়ে ১১ কোটি টাকার এখনও বিশেষ প্রয়োজন। অবিলম্বে এ টাকা যদি কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পাওয়া না যায়, তা হলে জনসাধারণের দুর্গতির সীমা থাকবে না। এখানে উল্লেখ করা যেতে পারে, গত জানুয়ারী মাস থেকে এ ক'মাসে পূর্ব পাকিস্তান সরকার তাদের নিজ তহবিল থেকে বিভিন্নমুখী সাহায্য ব্যবস্থা বাবদ ৬০ লক্ষ টাকার মত ব্যয় করেছেন।

খাদ্য আমদানী—

১৯৫৬-৫৭ ও ১৯৫৭-৫৮ সালে বিদেশ থেকে খাদ্য আমদানীর মোট ব্যয়ের একটি অংশ কেন্দ্রীয় সরকার বহন ক'রে এসেছেন, কিন্তু বর্তমানে তাঁরা এ ধরনের আর কোন সাহায্য না দেওয়ার সিদ্ধান্ত করায় প্রদেশের অর্থনৈতিক অবস্থার আরও অবনতি হয়েছে। আলোচ্য দু' বছরে এ বাবদ কেন্দ্রীয় সরকার যথাক্রমে ২ কোটি ২৯ লক্ষ ও ৯ কোটি ৪১ লক্ষ টাকা মঞ্জুর করেছিলেন। কেন্দ্রীয় সরকারের এ সাহায্য সত্ত্বেও প্রাদেশিক সরকারকে ১৯৫৬-৫৭ সালে ১ কোটি ৬৮ লক্ষ টাকা এবং ১৯৫৭-৫৮ সালে ২ কোটি ২ লক্ষ টাকা লোকসান দিতে হয়েছে। পশ্চিম পাকিস্তান থেকে ধান-চাল সংগ্রহের ব্যাপারেও কতিপয় অনাবশ্যক ব্যবস্থা প্রবর্তন করা হয়েছে। সংশ্লিষ্ট ব্যবসায়ীগণ লারকানা, দাদু, জ্যাকোবাবাদ ও শুক্কুরের স্থানীয় গোকানে মাল ডেলিভারী দিয়েই খালাস পাচ্ছে। সেখান থেকে সেই মাল আবার স্বতন্ত্র ব্যবস্থাধীনে করাচীতে চালান দিতে হচ্ছে।

এভাবে একই মাল দু'বার উঠানো-নামানোর প্রয়োজন হওয়ায় কেন্দ্রীয় সরকারকে এজন্য একটি স্বতন্ত্র বিভাগই রাখতে হচ্ছে। এর জন্য আনুষঙ্গিক যে ব্যয় হচ্ছে, শেষ পর্যন্ত তা গিয়ে প্রাদেশিক সরকারেরই উপর চাপছে। সাবেক সিন্ধু সরকারের আমলে এবং যখন পূর্ব পাকিস্তান সরকার সরাসরি ধান-চাল সংগ্রহ করতেন তখন ঐসব এলাকায় ধান-চাল সরাসরি করাচী বন্দরেই ডেলিভারী দেয়া হতো এবং সেখানে জাহাজে বোঝাই করা হতো। সে সময় মণপ্রতি আট আনার বেশী অতিরিক্ত ব্যয় পড়ত না। কিন্তু বর্তমান পশ্চিম পাকিস্তান সরকার আমাদের কাছ থেকে এ বাবদ মণপ্রতি ১ টাকা আদায় করছেন। এর ফলে, পশ্চিম

পাকিস্তানী চাল কিনতে গিয়ে আমাদের বর্মার চাল অপেক্ষা মণপ্রতি ৩ টাকা বেশী দাম দিতে হচ্ছে। মণপ্রতি এই ১ টাকা বাড়তি খরচ আদায় ক'রে প্রকৃত প্রস্তাবে পূর্ব পাকিস্তানের গরীব ক্রেতাদের স্বার্থের বিনিময়ে পশ্চিম পাকিস্তান সরকারকেই প্রকারান্তরে সাহায্য করা হচ্ছে।

ত্রুটিপূর্ণ নীতি—

কেন্দ্রীয় সরকারের অনুসৃত এই ত্রুটিপূর্ণ সংগ্রহ নীতির দরুন তাদের অনাবশ্যক কতকগুলো খরচের ঝামেলা পোহাতে হচ্ছে। আর সেই অস্বাভাবিক রকমের বাড়তি খরচের চাপ গিয়ে পড়ছে পূর্ব পাকিস্তানেরই দরিদ্র ক্রেতাদের উপর। এর আগে সিন্ধু সরকারের সংগৃহীত চালের ষ্টক থেকে পূর্ব পাকিস্তানকে যে চাল সরবরাহ করা হত তার বাবদ তাঁরা টনপ্রতি মাত্র ১৵০ হারে তদারকী ফিস আদায় করতেন। এতে ক'রে মণপ্রতি বাড়তি খরচ পড়তো তিন পয়সারও কম।

এদিকে আমদানীকৃত ও সংগৃহীত চালের আনুষঙ্গিক খরচসহ মণপ্রতি গড়ে মূল্য দাঁড়ায় ২৩৸৶৭ পাই। বিক্রয় করা হয় মণপ্রতি ২১।/০ মূল্যে। ফলে, মণপ্রতি সরকারের লোকসান হয় ২॥৵৭ পাই। এই হিসেবে বার্ষিক অনুমান ১,০৮,৮৮,৮০৯ মণ চাল ক্রয়-বিক্রয় বাবদ সরকারকে মোট লোকসান দিতে হয় ২,৮৯,৮০,৩২৪ টাকা।

সমাধানের উপায়—

যে ব্যাপক ও মারাত্মক রকমের দুরবস্থা প্রদেশবাসীকে গ্রাস করেছে তাতে করে সরকার কর্তৃক প্রদত্ত চালের বিক্রয় মূল্য কোন ক্রমেই বৃদ্ধি করা সম্ভব না হওয়ায় এবং জনসাধারণের ক্রয় ক্ষমতা হ্রাস পাওয়ায় পরিস্থিতি মোকাবেলার জন্য যেসব প্রস্তাব করা যেতে পারে সেগুলি হচ্ছে:—

(১) প্রদেশের জন্য চাল সংগ্রহ বাবদ যে মোট ব্যয় হবে কেন্দ্রীয় সরকারকে তদ্দরুন ২ কোটি টাকার মত সাহায্য করতে হবে। অবশ্য, লোকসানের পরিমাণ যদি প্রকৃতপক্ষে কম হয় তবে এই সাহায্যের পরিমাণ কিছুটা কমও করা যেতে পারে। অথবা, বিকল্প ব্যবস্থা হিসেবে ১৯৫৭-৫৮ সালের ন্যায় যে কোন স্থানে সংগৃহীত হোক না কেন সে চাল চট্টগ্রামে মণপ্রতি ১৮ টাকা দরে ডেলিভারী দিতে হবে।

(২) পশ্চিম পাকিস্তান সরকার চালের উপর যে বাড়তি খরচ আদায় করেন, হয় তা প্রত্যাহার করতে হবে নতুবা সাবেক সিন্ধু সরকারের মত এই খরচ মণপ্রতি ।৷০ আনা ধার্য করতে হবে।

(৩) কেন্দ্রীয় সরকারের অনুসৃত ত্রুটিপূর্ণ সংগ্রহনীতির দরুন যে আনুষঙ্গিক ব্যয় প্রাদেশিক সরকারকে বহন করতে হয়, কেন্দ্রীয় সরকারকে তা প্রত্যাহার করতে হবে। অতীতে তদারকী ফিস হিসেবে টনপ্রতি ১৵০ হারে যে খরচ আদায় হতো, বড়জোর কেন্দ্রীয় সরকার সেই হারেই আদায় করতে পারেন।

জনস্বাস্থ্য প্রসঙ্গে—

এবার আমি পূর্ব পাকিস্তানের মহামারীজনিত পরিস্থিতির উপর কিছুটা আলোকপাত করতে চাই। পূর্ব পাকিস্তানে বসন্ত ও কলেরার প্রাদুর্ভাব বরাবরই ঘটে আসছে। ১৯৫১-৫২ সালে এই রোগে মৃত্যুর হার ছিল সবচেয়ে বেশী। কিন্তু এ বছর পূর্ব পাকিস্তানে মহামারী এমন ভয়াবহরূপ পরিগ্রহ করে যে, প্রাদেশিক সরকার সম্ভাব্য সকল চেষ্টা চালানো সত্বেও বহু

লোকের মৃত্যু ঘটে। গত বছরের শেষ দিকে বসন্ত দেখা দেওয়ার সঙ্গে সঙ্গে প্রাদেশিক সরকার উপদ্রুত এলাকার স্বাস্থ্য বিভাগীয় কর্মচারীদের সংখ্যাবৃদ্ধি ছাড়াও সর্ব রকমের প্রতিষেধক ব্যবস্থা অবলম্বন করেন। কিন্তু, তা' সত্ত্বেও এই রোগ মহামারী আকারে সর্বত্র ছড়িয়ে পড়ে। পরিস্থিতির গুরুত্ব বিবেচনা করে সরকার জাতীয় জরুরী অবস্থার ভিত্তিতে তার মোকাবেলা করতে সর্ব-প্রযত্নে প্রয়াস পান। এ ব্যাপারে সহযোগিতার জন্য সকল রাজনৈতিক দল ও সামাজিক প্রতিষ্ঠানের প্রতি আমন্ত্রণ জানান হয়। সরকারী কর্মচারী ও রাজনৈতিক দল এবং সামাজিক, স্বাস্থ্য ও মেডিকেল প্রতিষ্ঠানসমূহের প্রতিনিধিদের নিয়ে প্রাদেশিক মহামারী প্রতিরোধ কমিটি গঠন করা হয়। কিন্তু দুঃখের সঙ্গে আমাকে বলতে হচ্ছে যে, মহামারী পরিস্থিতিকে রাজনৈতিক মূলধন হিসেবে ব্যবহারের উদ্দেশ্যে জনাব ইউসুফ আলি চৌধুরী যে দলে আছেন, সেই দলসহ কতিপয় রাজনৈতিক দল এই কেন্দ্রীয় কমিটির বাইরে থাকেন। এখন দেখছি জনাব চৌধুরী এই পরিস্থিতির পুরা সুযোগই গ্রহণ করছেন। পূর্ব পাকিস্তানে মহামারীতে এক লক্ষ লোকের মৃত্যু হয়েছে বলে তিনি যে হিসাব দিয়েছেন তা কেবল অতিরঞ্জিতই নয়—আজগুবিও বটে। সরকারী সংখ্যাতত্ত্বের উপর সম্পূর্ণ নির্ভর না করেও একথা সরাসরি বলা যায় যে, সংখ্যাতত্ত্ব সংগ্রহের মত কোন ব্যবস্থাই জনাব ইউসুফ আলি চৌধুরীর হাতে নেই। অবশ্য কল্পনার বশবর্তী হয়ে ইচ্ছামত তিনি যে কোন সংখ্যাই উল্লেখ করতে পারেন। গত সব বছরে প্রদেশে বসন্ত ও কলেরায় কত লোকের মৃত্যু হয়েছে, তার হিসাব প্রাদেশিক সরকারের কাছে আছে এবং অতীতে যে ব্যবস্থাধীনে এই সংখ্যাতত্ত্ব সংগ্রহ করা হতো, আজও তাই চালু আছে। মজার বিষয় এই যে, কিছুদিন আগে জনাব ইউসুফ আলী চৌধুরী ও অপর দু'জন কে,এস,পি, নেতা প্রাদেশিক মহামারী নিয়ন্ত্রণ কমিটির কয়েকজন সদস্যের সামনে আমার সঙ্গে সাক্ষাৎ করে টিকা বীজ চান। আলাপ-আলোচনার পর আমি তাঁকে জানাই যে কমিটির কাছ থেকে কিছু টিকা বীজ আদায় করে বিক্ষিপ্তভাবে জনকয়েক স্বেচ্ছাসেবককে কোথাও পাঠান আমার পক্ষে সম্ভব হবে না। পাল্টা প্রস্তাব হিসেবে আমি তাঁর দলের কতিপয় সদস্যকে মহামারী নিয়ন্ত্রণ কমিটিতে পাঠাতে বলি। কেননা, এই কমিটির অভিযান পরিচালনা বোর্ডটি প্রত্যেক দিনই বৈঠকে মিলিত হয়ে প্রদেশের মহামারীজনিত সর্বশেষ পরিস্থিতি পর্যালোচনা করায় তাঁর দলের সদস্যগণও দৈনন্দিন অবস্থা সম্যক উপলব্ধি করতে সক্ষম হবেন। আমি তাঁকে তাঁর দলের স্বেচ্ছাসেবকদের একটা তালিকা পাঠানোর জন্যও অনুরোধ করি এবং বলি যে, এসব স্বেচ্ছাসেবককে মহামারী নিয়ন্ত্রণ কমিটির পরিচালনাধীনে উপদ্রুত এলাকায় পাঠানো যাবে। কিন্তু দুঃখের সঙ্গে বলতে হচ্ছে যে, জনাব ইউসুফ আলী চৌধুরী মহামারী নিয়ন্ত্রণ কমিটিতে তাঁর দলের কোন সদস্যের নাম তো দাখিল করেনইনি—এমনকি, স্বেচ্ছাসেবকদের কোন তালিকাও পাঠাননি। এতে করে আমি পরিষ্কারভাবে বুঝতে পারি যে, প্রদেশের মহামারী পরিস্থিতিকে তিনি রাজনৈতিক মূলধনই করতে চেয়েছিলেন—সত্যিকার জনসেবার কোন উদ্দেশ্যই তাঁকে তখন প্রেরণা যোগায়নি। সমাজ সেবার ব্যাপারে তাঁর আন্তরিকতা সম্পর্কে আমার সন্দেহ করবার কিছু না থাকলেও আমার মতে, এ ধরনের কোন কাজে আত্মনিয়োগের মত কোন ব্যবস্থা বা প্রতিষ্ঠান তাঁর নেই।

প্রদেশের সাম্প্রতিক মহামারীজনিত পরিস্থিতি সম্পর্কে বিস্তারিত তথ্য সংগ্রহ করে এ মাসের ১৫ তারিখের মধ্যে একটি রিপোর্ট পেশের জন্য আমি ইতিমধ্যেই একজন বিভাগীয় কমিশনারকে নিয়োগ করেছি। তাঁর কাছ থেকে এই রিপোর্ট পাওয়ার পর আমরা স্থির করব, এ সম্পর্কে আরও ব্যাপকভাবে তদন্তের জন্য একটি পূর্ণ কমিশন গঠনের প্রয়োজনীয়তা আছে কিনা। এ প্রসঙ্গে আমি বিগত কয়েক বছরের সংখ্যাতত্ত্ব পেশ করতে চাই। কলেরা ও বসন্তে পূর্ব পাকিস্তানে ১৯৫৩ সালে মৃতের সংখ্যা ছিল ২৭,৯২০, ১৯৫৪ সালে ১০,৯১২, ১৯৫৫ সালে ১৫,০৭৫, ১৯৫৬ সালে ২০,৭৯৯, ১৯৫৭ সালে ১৬,২৫০ ও ১৯৫৮ সালে মে মাসের দ্বিতীয় সপ্তাহ পর্যন্ত ১৯,০০৬। বিভিন্ন সময়ে প্রদেশে কি পরিমাণ টিকা-বীজ বিতরণ করা হয়েছে তারও একটি তুলনামূলক হিসেব দেয়া যেতে পারে। ১৯৫৪-৫৫ সালে যে টিকাবীজ সরবরাহ করা হয় তার পরিমাণ ছিল ১৪,১১৯,৩০০ মাত্রা, ১৯৫৫-৫৬ সালে ১৫,৯৪৪,৪৩০ মাত্রা, ১৯৫৬-৫৭ সালে ১৮,৪৮৯,৯১০ মাত্রা, ১৯৫৭ সালে ২৭,৮১৯,৯৭০

"That in the paragraph beginning with the words 'Wherein adequate provision shall be made to safeguard......... ,' between the words 'backward' and 'depressed classes' the words 'and labouring' be inserted."

The motion was negatived.

Mr. President : That finishes all the amendments. I now put the main Resolution. The question is that the following Resolution be adopted :

"In the name of *Allah*, the Beneficent, the Merciful ;

Whereas sovereignty over the entire universe belongs to God Almighty alone and the authority which he has delegated to the State of Pakistan through its people for being exercised within the limits prescribed by Him is a sacred trust ;

This Constituent Assembly representing the people of Pakistan resolves to frame a constitution for the sovereign independent State of Pakistan ;

Wherein the State shall exercise its powers and authority through the chosen representatives of the people;

Wherein the principles of democracy, freedom, equality, tolerance and social justice as enunciated by Islam shall be fully observed ;

Wherein the Muslims shall be enabled to order their lives in the individual and collective spheres in accord with the teachings and requirements of Islam as set out in the Holy Quran and the *Sunna* ;

Wherein adequate provision shall be made for the minorities freely to profess and practise their religions and develop their cultures ;

Whereby the territories now included in or in accession with Pakistan and such other terrtiroes as may hereafter be included in or accede to Pakistan shall form a Federation wherein the units will be autonomous with such boundaries and limitations on their powers and authority as may be prescribed;

Wherein shall be guaranteed fundamental rights including equality of status, of opportunity and before law, social, economic and political justice, and freedom of thought, expression, belief, faith, worship and association, subject to law and public morality;

Wherein adequate provision shall be made to safeguard the legitimate interests of minorities and backward and depressed classes;

Wherein the independence of the Judiciary shall be fully secured;

Wherein the integrity of the territories of the Federation, its independence and all its rights including its sovereign rights on land, sea and air shall be safeguarded;

So that the people of Pakistan may prosper and attain their rightful and honoured place amongst the nations of the World and make their full contribution towards international peace and progress and happiness of humanity."

The motion was adopted.

শিরোনাম	সূত্র	তারিখ
রাষ্ট্রভাষা বাংলার সমর্থনে ও ২১ ফেব্রুয়ারী হত্যাকাণ্ডের প্রতিবাদে দুটি লিফলেট।	পাকিস্তানের কমিউনিস্ট পার্টি।	২০-২১ ফেব্রুয়ারী, ১৯৫২।

সর্বদলীয় রাষ্ট্রভাষা কর্মপরিষদের আহবানে সাড়া দিন

সকল ভাষার সমমর্যাদা
ও
বাংলাকে অন্যতম রাষ্ট্রভাষা করার দাবীতে

২১শে ফেব্রুয়ারী সারা প্রদেশব্যাপী
ধর্মঘট, হরতাল, সভা ও শোভাযাত্রা করুন।

আওয়াজ তুলুন:

0 ইংরেজী ভাষাকে আর রাষ্ট্রভাষা রাখা চলবে না।

0 পাকিস্তানের সকল ভাষার সমমর্যাদা চাই।

0 বাংগালী, পাঞ্জাবী, পাঠান, সিন্ধী, বেলুচী, উর্দুভাষী প্রভৃতি সকল জাতিকেই নিজ নিজ মাতৃভাষায় শিক্ষালাভ করা ও রাষ্ট্রকার্য পরিচালনার অধিকার দেওয়া চাই।

0 বাংলা ভাষাকে অন্যতম রাষ্ট্রভাষা করা চাই।

বাংলার জন্য আন্দোলন, উর্দুর বিরুদ্ধে আন্দোলন নয়। ইংরেজীর বদলে উর্দু, বাংলা—সকল ভাষাকে রাষ্ট্রে সমমর্যাদা দেওয়ার আন্দোলন।

ইংরেজী পাক-ভারতের বিভিন্ন ভাষাভাষি জাতিকে পশ্চাৎপদ রাখিয়া সাম্রাজ্যবাদী ও সামন্তবাদী শোষণ ব্যবস্থাকে অব্যাহত রাখার জন্য একটি ভাষা ইংরেজী ভাষাকে রাষ্ট্রভাষা হিসেবে চালু করিয়াছিল। লীগ সরকারও একই উদ্দেশ্যে এখন পর্যন্ত ইংরেজী ভাষাকে রাষ্ট্রভাষা হিসেবে চালু রাখিয়াছে। এবং একমাত্র উর্দুকে রাষ্ট্রভাষা করিতে চাহিতেছেন।

একটি ভাষাকে রাষ্ট্রভাষা করিলে পাকিস্তানের বিভিন্ন ভাষাভাষি জাতি পশ্চাৎপদ থাকিয়া যাইবে এবং ইহার ফলে পাকিস্তানের সামগ্রিক উন্নতিই ব্যাহত হইবে।

অতএব পাকিস্তানের বিভিন্ন ভাষাকে সমমর্যাদা ও রাষ্ট্রভাষা করার দাবীর আন্দোলনে পাকিস্তানের বাংগালী, পাঞ্জাবী, পাঠান, সিন্ধী, বেলুচী, উর্দুভাষী সকল জাতি ঐক্যবদ্ধভাবে আগাইয়া আসুন।

২০শে ফেব্রুয়ারী, ১৯৫২।

পূর্ব বংগ সাংগঠনিক কমিটি—পাকিস্তানের কমিউনিস্ট পার্টি।

অত্যাচারী নূরুল আমিন সরকারের বর্বর হত্যাকাণ্ডের প্রতিবাদে সারা পূর্ব বংগ ব্যাপী তুমুল ঐক্যবদ্ধ আন্দোলন গড়িয়া তুলুন।

২১শে ফেব্রুয়ারী বিশ্ববিদ্যালয় ও মেডিক্যাল কলেজের হোষ্টেলে ঢুকিয়া বার বার গুলি, টিয়ার গ্যাস ও বেপরোয়া লাঠি চালাইয়া জুলুমবাজ নুরুল আমিন সরকার ভাষা আন্দোলনের ১৪ জন দেশ-প্রেমিক কর্মীদের নির্মমভাবে হত্যা করিয়াছে। শহীদদের খুনে আজ লাল হইয়া উঠিয়াছে আমাদের গৌরবময় ভাষা আন্দোলন।

নিজ মাতৃভাষাকে বাংলাকে অন্যতম রাষ্ট্রভাষা হিসাবে প্রতিষ্ঠিত করার জন্য আজ যাহারা শহীদ হইয়াছেন তাহারা জাতির বুকে চিরস্মরণীয় হইয়া থাকিবেন। যে ঢাকা নগরী আমাদের প্রিয় শহীদদের খুনে লাল হইয়া উঠিয়াছে সেই ঢাকা নগরীর বিক্ষুব্ধ জনসাধারণ নুরুল আমিন সরকারের বর্বর হত্যা কাণ্ডের জবাব দেবার জন্য অগাইয়া আসুন।

লীগ সরকার জনগণের জীবনের কোন সমস্যাই সমাধান করে নাই বরং তাহাদের জীবনের সংকটকে আরও বাড়াইয়া তুলিয়াছে।

আজ আমাদের রাষ্ট্রভাষার আন্দোলনকে নুরুল আমিন সরকার রক্তের বন্যায় ডুবাইয়া দিতে চায়। এই জুলুমবাজ সরকারের অবসান ছাড়া জনগণের বাঁচার ও গণতান্ত্রিক অধিকার প্রতিষ্ঠার আর কোন পথ নেই।

দলমত নির্বিশেষে সকল প্রতিষ্ঠান ও পাকিস্তানের বিভিন্ন ভাষাভাষি জনসাধারণের একই সংগে আওয়াজ তুলুন :

০ নাজিম-নুরুল আমিন সরকার গদী ছাড়।

০ অবিলম্বে বাংলাকে অন্যতম রাষ্ট্রভাষা করা চাই।

০ হত্যাকারীর শাস্তি চাই, বেসরকারী তদন্ত কমিশন চাই, হত ও আহতদের জন্য পুরা ক্ষতিপূরণ চাই।

০ অবিলম্বে সকল রাজনৈতিক বন্দীদের মুক্তি চাই।

০ নিরাপত্তা আইন, ১৪৪ ধারা ও সমস্ত দমনমূলক আইনের প্রত্যাহার চাই।

জুলুমবাজ লীগ সরকারের অবসানের দাবীতে, হত্যাকারীর শাস্তির দাবীতে নিজ মাতৃভাষাকে অন্যতম রাষ্ট্রভাষা হিসেবে প্রতিষ্ঠিত করার দাবীতে সারা প্রদেশব্যাপী ধর্মঘট, সভা, শোভাযাত্রা করিয়া প্রবল আন্দোলন গড়িয়া তুলুন। শহীদদের অসমাপ্ত আন্দোলনকে আগাইয়া নিয়ে যাওয়ার জন্য শহীদদের নামে শপথ লউন।

পূর্ব বংগ সাংগঠনিক কমিটি—পাকিস্তানের কমিউনিস্ট পার্টি।

শিরোনাম	সূত্র	তারিখ
১৯৫২ সালের ফেব্রুয়ারী : ভাষা আন্দোলনের ঘটনাবলী	দৈনিক আজাদ	ফেব্রুয়ারী ২১-২৮, ১৯৫২।

ফেব্রুয়ারী ২১

ঢাকায় ১৪৪ ধারা জারী—এক মাসের জন্য সভা শোভাযাত্রা নিষিদ্ধ

ঢাকার জেলা ম্যাজিস্ট্রেট গতকল্য (বুধবার) ১৪৪ ধারার আদেশ জারী করিয়া এক মাসের জন্য ঢাকা শহরে সভা, শোভাযাত্রা প্রভৃতি নিষিদ্ধ করিয়াছেন। আদেশজারীর কারণস্বরূপ তিনি বলেন যে, একদল লোক শহরে সভা, শোভাযাত্রা ও বিক্ষোভ প্রদর্শনের প্রয়াস পাওয়ায় এবং তদ্বারা জনসাধারণের শান্তি ও নিরাপত্তা বিনষ্ট হওয়ার আশংকা থাকায় এই ব্যবস্থা অবলম্বিত হইয়াছে।

কোতোয়ালী, সূত্রাপুর, লালবাগ, রমনা ও তেজগাঁও থানার অন্তর্গত সমুদয় এলাকায় ইহা প্রবর্তিত হইয়াছে।

ফেব্রুয়ারী ২২

ঢাকা মেডিক্যাল কলেজ হোস্টেল প্রাংগণে ছাত্র সমাবেশের উপর পুলিশের গুলীবর্ষণ

বিশ্ববিদ্যালয়ের ৩ জন ছাত্রসহ চার ব্যক্তি নিহত ও ১৭ ব্যক্তি আহত

হাসপাতালে প্রেরিত আহতদের মধ্যে ৫ জনের অবস্থা আশংকাজনক

স্কুলের ছাত্রসহ ৬২ জন গ্রেফতার: গুলিবর্ষণ সম্পর্কে প্রধানমন্ত্রী কর্তৃক তদন্তের আশ্বাস দান

(স্টাফ রিপোর্টার)

গতকল্য (বৃহস্পতিবার) বিকাল প্রায় ৪টায় ঢাকা মেডিক্যাল কলেজ হোস্টেল প্রাঙ্গণে রাষ্ট্রভাষা বাংলার দাবীতে বিক্ষোভরত ছাত্রদের উপর পুলিশের গুলি চালনার ফলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের এম-এ ক্লাশের ছাত্র মোহাম্মদ সালাহউদ্দীন (২৬) ঘটনাস্থলে নিহত এবং বহু সংখ্যক ছাত্র ও পথচারী আহত হয়। আহতদের মধ্যে ২০ জনকে হাসপাতালে ভর্তি করা হয়। রাত্রি ৮ টার পর আহতদের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র আবদুল জব্বার (৩০), আবুল বরকত (২৫) ও বাদামতলী কমার্শিয়াল প্রেসের মালিকের পুত্র রফিকুদ্দীন আহমেদের (২৭) মৃত্যু হয়। আহতদের মধ্যে ৫ জনের অবস্থা আশংকাজনক বলিয়া জানা গিয়াছে।

এইদিন সকাল ৯টা হইতে শহরের স্কুল-কলেজের ছাত্র-ছাত্রীগণ রাষ্ট্রভাষা বাংলার দাবীতে ও শহরে ১৪৪ ধারা জারীর প্রতিবাদে বিশ্ববিদ্যালয় প্রাংগণে শান্তিপূর্ণভাবে এক সভার আয়োজন করে। পরিষদে চলতি অধিবেশনে যোগদানকারী সদস্যদিগকে রাষ্ট্রভাষার ব্যাপারে পূর্ব্ব-পাকিস্তানের জনগণের মনোভাব সম্পর্কে ওয়াকেফহাল করানোই এই সভার উদ্দেশ্য ছিল বলিয়া সভার উদ্যোক্তাদের নিকট হইতে জানা গিয়াছে।

বিশ্ববিদ্যালয় প্রাংগণে সভা চলিতে থাকার সময় হইতে বিশ্ববিদ্যালয় এলাকার চতুর্দিকে রাইফেলধারী পুলিশ মোতায়েন থাকিতে দেখা যায়। বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলার ও বিভাগীয় ডীনগণ ঘটনার সময় বিশ্ববিদ্যালয় প্রাংগণে উপস্থিত ছিলেন। বিশ্ববিদ্যালয় প্রাংগণ হইতে ছাত্রগণ বেলা ১১টায় গেটে আসিয়া উপস্থিত হয় এবং তাহাদিগকে ছোট ছোট দলে বিভক্ত হইয়া রাস্তায় বাহির হইতে দেখা যায়। এই সময় পাহারারত পুলিশগণ বিশ্ববিদ্যালয় গেটে এবং বিশ্ববিদ্যালয়ের প্রাংগণে কাঁদানে গ্যাস নিক্ষেপ করে। ফলে কিছু সংখ্যক ছাত্র দৌড়াইয়া রাস্তার অপর পার্শ্বে বিশ্ববিদ্যালয় ময়দানে আশ্রয় গ্রহণ করে এবং কিছু সংখ্যক ছাত্রকে দৌড়াইয়া মেডিকেল কলেজের দিকে যাইতে দেখা যায়। বিশ্ববিদ্যালয় প্রাংগণে সমবেত অবশিষ্ট ছাত্রগণ ঘেরাও করা এলাকার মধ্যে কাঁদানে গ্যাস নিক্ষেপ-এর বিরুদ্ধে দারুণ বিক্ষোভ প্রকাশ করে এবং বিশ্ববিদ্যালয়ের ভাইসচ্যান্সেলরের (যিনি এই ঘটনার সময় ঘটনাস্থলে উপস্থিত ছিলেন) নিকট পুলিশের এই আচরণের বিরুদ্ধে প্রতিবাদ জানায়।

গুলী চালনা সম্পর্কে তদন্তের আশ্বাস: পরিষদে জনাব নূরুল আমিনের বিবৃতি

গতকল্য (বৃহস্পতিবার) পূর্ব বঙ্গ পরিষদের অধিবেশন আরম্ভ হওয়ার অব্যবহিত পরে পরিষদে কংগ্রেস দলের ডেপুটি লীডার মিঃ ধীরেন্দ্র নাথ দাবী করেন যে, পরিষদের নেতাকে ঘটনাস্থল পরিদর্শন করিয়া হাসপাতালে ভর্তি করা আহতদের অবস্থা দেখিয়া আসিয়া পরিষদে বিবৃতি দিতে হইবে।

মিঃ দত্ত বলেন যে, ১৪৪ ধারা ভংগ না করিয়া ছাত্রগণ যখন মেডিক্যাল কলেজ হোস্টেলের সীমানার মধ্যে থাকিয়া বিক্ষোভ প্রদর্শন করিতেছিল পুলিশ তখন তাহাদের উপর গুলী চালায়। মিঃ মনোরঞ্জন ধর (কংগ্রেস) ও জনাব আবদুর রশিদ তর্কবাগীশ (মোছলেম লীগ) মিঃ মনোরঞ্জন ধরের দাবী সমর্থন করেন।

জনাব নূরুল আমীন জওয়াব প্রদানের জন্য দণ্ডায়মান হইলে জনাব তর্কবাগীশ দাবী করিতে থাকেন যে, প্রধানমন্ত্রীকে কেবলমাত্র ব্যক্তিগতভাবে ঘটনাস্থল পরিদর্শন করিয়া আসিয়াই বিবৃতি দিতে হইবে—তৎপূর্বে নহে। জনাব তর্কবাগীশ স্বীয় আসন গ্রহণে অসম্মত হন।

স্পীকার জনাব আবদুল করিম তাঁহাকে বলেন যে পরিষদের অন্যান্য সদস্যকে তাঁহার (তর্কবাগীশ) সহযোগদান করা কর্ত্তব্য। অন্যথায় তাঁহাকে বাধ্য হইয়া নিয়মানুযায়ী ব্যবস্থা অবলম্বন করিতে হইবে। অন্যান্য সদস্যের অনুরোধে তিনি (তর্কবাগীশ) আসন গ্রহণ করেন।

প্রধানমন্ত্রী জনাব নূরুল আমীন পরিষদ সদস্যের এই মর্মে আশ্বাস দেন যে, তিনি নিশ্চয়ই বিক্ষোভ প্রদর্শনকারী ছাত্রদের উপর পুলিশের গুলী চালনার তদন্ত করিবেন।

ভাইস চ্যান্সেলরের বিবৃতি

গতকল্য (বৃহস্পতিবার) বিশ্ববিদ্যালয় প্রাংগণে ছাত্রদের উপর কর্তৃক কাঁদানে গ্যাস প্রয়োগ সম্পর্কে বিশ্ববিদ্যালয়ের ভাইসচ্যান্সেলর "আজাদের" প্রতিনিধির এক প্রশ্নোত্তরে বলেন যে, ছাত্রদল তাঁহার নিকট আসিয়া পুলিশ কর্তৃক কাঁদানে গ্যাস প্রয়োগ সম্পর্কে অভিযোগ করিলে

তিনি পুলিশ কর্তৃপক্ষের নিকট কারণ জানিতে চাহেন। পুলিশ কর্তৃপক্ষ ভাইস-চ্যান্সেলরকে বলেন যে, ছাত্রদল তাহাদের প্রতি প্রস্তর খন্ড নিক্ষেপ করায় এবং তাহাদের গাড়ী প্রস্তর দ্বারা ক্ষতিগ্রস্ত করায় তাহারা কাঁদুনে বোমা নিক্ষেপ করিতে বাধ্য হইয়াছিল।

অপর এক প্রশ্নের উত্তরে ভাইসচ্যান্সেলর বলেন যে, বিশ্ববিদ্যালয় প্রাংগণে তাঁহার উপস্থিত থাকা কালে তিনি ছাত্রদের মধ্যে কোন....... ....।

বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন স্থগিত

ঢাকা, ২১শে ফেব্রুয়ারী।--ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ জানাইয়াছেন যে, অভাবিত পূর্ব পরিস্থিতির উদ্ভব হওয়ায় বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন হইবে বলিয়া স্থির হইয়াছিল। তাহা স্থগিত রাখা হইয়াছে সমাবর্তনের তারিখ পরে ঘোষণা করা হইবে। এ,পি,পি

ফেব্রুয়ারী ২৩

শুক্রবার শহরের অবস্থার আরও অবনতিঃ সরকার কর্তৃক সামরিক বাহিনী তলব

পুলিশ ও সেনাদের গুলীতে ৪ জন নিহত ও শতাধিক ব্যক্তি আহত : সাত ঘন্টার জন্য কারফিউ জারী

শহীদদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জ্ঞাপনার্থে শহরে স্বতঃস্ফূর্ত হরতাল পালন

পুলিশ জুলুমের প্রতিবাদে আজাদ সম্পাদক আবুল কালাম শামসুদ্দীনের পরিষদ সদস্যপদে এস্তেফা

(স্টাফ রিপোর্টার)

বৃহস্পতিবারের শোচনীয় ও ভয়াবহ ঘটনা বিস্মৃত হইতে না হইতে গতকল্য (শুক্রবার) জুম্মার দিন আর একবার ঢাকার মাটি শিশু ও ছাত্রের রক্তে লাল হইয়া উঠে সেদিনকার ঘটনার নিহত ব্যক্তিদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জ্ঞাপনার্থে শান্তিপূর্ণ মিছিল বাহির করিয়া পুলিশ ও সৈন্যদের গুলীর আঘাতে নাগরিকদের ৪ জনকে প্রাণ বিসর্জন দিতে হয় এবং শতাধিক আহত ব্যক্তি হাসপাতালে নীত হয়। ইহাদের মধ্যে ৪৫ জনকে হাসপাতালে ভর্তি করা হয়। তাহাদের ১২ জনের অবস্থা আশংকাজনক বলিয়া জানা গিয়াছে।

গতকল্য সমস্ত ঢাকা শহরে উত্তেজনাময় পরিস্থিতি বিরাজ করিতে থাকে। সারা-শহরটি আপাতঃদৃষ্টিতে একটি সামরিক ছাউনী বলিয়া প্রতীয়মান হইতে থাকে। বিভিন্ন স্থানে ছাত্র ও জনসাধারণের মিলিত শোভাযাত্রার উপর পুলিশ ও সৈন্য বাহিনী বারম্বার লাঠিচার্জ ও গুলীবর্ষণ করে। সকাল হইতেই মৃত, আহত ও মুমূর্ষ ব্যক্তিগণকে লইয়া এম্বুলেন্স গাড়ীগুলি মেডিক্যাল কলেজ ও মিটফোর্ড হাসপাতালে আসিতে থাকে। কয়েকটি স্থান হইতে মৃত ও গুরুতররূপে আহত কয়েকজনকে পুলিশ ভ্যানে তুলিয়া লইতে দেখা যায় বলিয়া প্রত্যক্ষদর্শীর নিকট হইতে জানা গিয়াছে।

এইদিন সমগ্র শহরে সমস্ত দোকান-পাট বাজার-ঘাট সম্পূর্ণভাবে বন্ধ থাকে। অফিস-আদালত এমনকি সেক্রেটারিয়েটের কর্মচারীগণও স্বতঃস্ফূর্তভাবে কর্মে যোগদান হইতে বিরত থাকিয়া বিভিন্ন স্থানে শোভাযাত্রা ও বিক্ষোভে অংশ গ্রহণ করে।

শহীদ ছাত্রদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপনের জন্য শহরের আবাল-বৃদ্ধ সকলে অবিরামভাবে বিভিন্ন মস্‌জিদে জমায়েত হন এবং গায়েবানা জানাজার নামাজ আদায় করেন। পূর্বদিনের ঘটনায় শহরবাসী প্রতিটি নর-নারী বিষণ্ন মনে গতকল্যকার প্রতিটি মুহূর্তের ঘটনা-দুর্ঘটনার অপেক্ষা করিতে থাকে। পুলিশ এইদিন মোট ৫২ জনকে গ্রেফতার করেন।

এইদিন মেডিক্যাল কলেজ হোস্টেল প্রাংগণে জনাব এ, কে, ফজলুল হকের উপস্থিতিতে শহীদদের রূহের মাগফেরাত কামনার পর বেলা প্রায় সাড়ে ৩ টায় ছাত্র ও জনসাধারণের এক বিরাট শোভাযাত্রা হোস্টেল প্রাংগণ হইতে হাইকোর্ট পর্যন্ত পেঁৗছিলে পুলিশ ও সৈন্যরা তাহাদের উপর লাঠিচার্জ ও পরে গুলী বর্ষণ করে। ফলে ঘটনাস্থলে কয়েকজন আহত হয়। ছত্রভংগ ছাত্রগণ পুনরায় নাজিমুদ্দিন রোডে সমবেত হইয়া শোভাযাত্রা সহকারে চকবাজার, মিটফোর্ড, ইসলামপুর হইয়া সদরঘাটে জগন্নাথ কলেজের নিকট পেঁৗছিলে পুলিশ শোভাযাত্রার উপর পর পর তিনবার লাঠি চার্জ করে। চকবাজার এলাকা দিয়া যাইবার সময় স্থানীয় দোকানদার ও জনসাধারণ দলে দলে যোগদান করায় শোভাযাত্রার কলেবর বহুগুণে বৃদ্ধি পায়।

বেলা দুইটার দিকে একটি বিরাট শোভাযাত্রা লালবাগের দিক হইতে 'আজাদ' অফিসের সম্মুখ দিয়া মুসলিম হলের দিকে যাইবার সময় শোভাযাত্রাটির কিছুসংখ্যক লোক 'আজাদ' অফিসের কর্মচারীদের উপর প্রস্তর নিক্ষেপ করিয়া শাসাইতে থাকে। 'আজাদ' কর্তৃপক্ষ ও কর্মচারীগণ কর্তৃক ছাত্রদের দাবী সম্পর্কে যথাসাধ্য চেষ্টা করা হইতেছে বলিয়া আশ্বাস দেওয়া সত্ত্বেও প্রস্তর নিক্ষেপকারিগণ বিক্ষোভ করিতে থাকে। অতঃপর শোভাযাত্রার কতিপয় ছাত্রকর্মীর হস্তক্ষেপের ফলে ও তাহাদের পরামর্শে বিক্ষোভকারিগণ ক্ষান্ত হইয়া সম্মুখে অগ্রসর হয়। পলাশী লেভেল ক্রসিং-এর নিকট পেঁৗছিলে পুলিশ তাহাদের উপর লাঠিচার্জ করে।

মেডিক্যাল কলেজে

গতকল্য (শুক্রবার) সকাল অনুমান দশ ঘটিকার সময় মেডিক্যাল কলেজ প্রাংগণে গত পরশুর নিহত ছাত্রদের গায়েবানা জানাজা সমাপন করা হয়। এই অনুষ্ঠানে জনাব এ, কে, ফজলুল হক উপস্থিত ছিলেন। অতঃপর সেখান হইতে প্রায় পাঁচ হাজার ছাত্র ও স্থানীয় জনসাধারণের একটি মিলিত শোভাযাত্রা বাহির করা হয়। শোভাযাত্রাটি শান্তিপূর্ণভাবে মেডিক্যাল কলেজের সম্মুখস্থ রাস্তা দিয়া অগ্রসর হইতে থাকে। পুলিশ প্রথম দিকে উক্ত শোভাযাত্রাকে কোনরূপ বাধা প্রদান করে নাই। ছাত্র ও নাগরিকদের এই শোভাযাত্রাটি ক্রমশঃ কার্জন হলের পার্শ্ববর্তী রাস্তা ধরিয়া অগ্রসর হইতে থাকে। এই সময়ে শোভাযাত্রীদের মধ্যে কোনরূপ উচ্ছৃংখলতা দেখা যায় নাই। বাংলাকে রাষ্ট্রভাষার দাবীতে এবং পুলিশের গুলীবর্ষণের বিরুদ্ধে নানারূপ ধ্বনি করিতে করিতে শোভাযাত্রাকারিগণ হাইকোর্টের সম্মুখে উপস্থিত হইলে সেখানকার প্রহরারত সৈন্যবাহিনী তাহাদিগকে বাধা প্রদান করে।

এই শোভাযাত্রার সহিত বহু সরকারী কর্মচারীকেও অংশগ্রহণ করিতে দেখা যায়। হাইকোর্টের নিকট পুলিশ ও সামরিক বাহিনী শোভাযাত্রার উপর লাঠি ও গুলী চালায় এবং তাড়া করিয়া হাইকোর্টের ভিতর লইয়া যায়। এখানে কয়েকজন গুরুতররূপে আঘাত পান। ইহা সত্ত্বেও শোভাযাত্রাটি শান্তিপূর্ণভাবে নওয়াবপুরের দিকে যাইবার চেষ্টা করে এবং শোভাযাত্রাটি সম্মুখভাগ ফজলুল হক হলের পার্শ্ববর্তী রাস্তা ধরিয়া বেশ কিছুটা অগ্রসর হয়। এই সময় পুলিশ বাহিনী তাহাদিগকে দৃঢ়তার সহিত বাধা প্রদান করে।

শোভাযাত্রাটির সম্মুখভাগে নিহত ও আহতদের রক্তমাখা জামা-কাপড় ইত্যাদি দেখান হইতেছিল। শোভাযাত্রাটি প্রতিকারের দাবীসূচক ধ্বনি করিতে করিতে নওয়াবপুর রোড ধরিয়া সলিমুল্লাহ মুসলিম হলে ছাত্রগণ কর্তৃক আহূত গায়েবানা জানাজায় যোগদানের জন্য অগ্রসর হইতে থাকে। পথে রায়সাহেব বাজারের নিকটস্থ মসজিদে বহুসংখ্যক নাগরিককে শহীদদের গায়েবানা জানাজা সমাপনের জন্য জমায়েত হইতে দেখা যায়।

গতকল্যকার ঘটনার বিশেষত্ব হইল এই যে, সৈন্যগণকে অনেকক্ষেত্রে সঙ্গীনের খোঁচায় বিক্ষোভকারিগণকে ঘায়েল করিতেও দেখা যায়। রাস্তার মোড়ে দলে দলে সৈন্য ও পুলিশ মোতায়েন থাকিতে দেখা যায়। পরিষদভবনের পূর্ব-দক্ষিণ কোণে সৈন্যগণকে দুইটি মেশিনগান পাতিয়া বসিয়া থাকিতে এবং অন্যান্য আগ্নেয়াস্ত্র লইয়া ঘোরাফেরা করিতে দেখা যায়। একদল সৈন্যকে একটি মেসিনগান, কতকগুলি করিয়া টমিগান, ব্রেনগান ও বেয়নেটসহ রাইফেল লইয়া মেডিক্যাল কলেজ হাসপাতালের সম্মুখে টহল দিতে দেখা যায়।

শহীদদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপনের নিদর্শন স্বরূপ শহরের প্রতিটি ছাত্রাবাসে, এমনকি কোন কোন গৃহেও পতাকা অর্ধনমিত রাখা হয় এবং শহরবাসী কালোব্যাজ পরিধান করেন।

নওয়াবপুর রোডের ঘটনা

গতকল্য সকাল হইতেই শহরের প্রধান রাস্তা নওয়াবপুরের উপর লোকের ভীড় জমিতে থাকে। মোড়ে মোড়ে জনসমাগম হয়। নওয়াবপুর রোডে যান চলাচলেও বাধা দেওয়া হয়।

সাইকেল ও মোটর-সাইকেলের চাকার হাওয়া ছাড়িয়া দেওয়া হয়। পরে দশটা সাড়ে দশটার সময় তথায় সামরিক যান ব্যতীত বেসামরিক যান চলাচল একরূপ বন্ধ হইয়া যায়।

এই রাস্তায় পুলিশের পরিবর্তে সামরিক লোকদের নিয়োগ করা হইয়াছিল। তাহারা অস্ত্র-শস্ত্রসহ পায়ে হাঁটিয়া এবং ট্রাকে করিয়া রাস্তায় টহল দিতে থাকে। রথখোলার মোড়ে এক ট্রাক সশস্ত্র রক্ষীকে মোতায়েন করা হয়। এদিকে নওয়াবপুরের জনতা ছোট ছোট শোভাযাত্রাসহ "রাষ্ট্রভাষা বাংলা চাই" শ্লোগান দিয়া উত্তর দিকে অগ্রসর হইতে থাকে। তাহারা কাপ্তান বাজারের মোড়ে পেীঁছিলে ঐ স্থানে অপেক্ষারত সশস্ত্র পুলিশ বাহিনী তাহাদের লক্ষ্য করিয়া এক রাউন্ড গুলী ছুড়ে। প্রকাশ ঐ গুলী বর্ষণের ফলে কেহ হতাহত হয় নাই।

নওয়াবপুর রাস্তার উভয় দিকের সমস্ত দোকান সম্পূর্ণরূপে বন্ধ থাকে। প্রতিটি বাড়ীর বারান্দা ও পথিপার্শ্বে জনসাধারণ শান্ত ও বিষাদপূর্ণ নেত্রে দাঁড়াইয়া রাস্তার হালচাল লক্ষ্য করিতে দেখা যায়। বেলা প্রায় এগারটার সময় রথখোলা ও "নিশাত" সিনেমা হলের মোড়ের মধ্যবর্তী স্থানে একটি চলতি সামরিক ট্রাক হইতে অপেক্ষামান নিরীহ পথচারীদের উপর বেপরোয়াভাবে গুলী চালান হয় বলিয়া জানা গিয়াছে। ফলে একজন যুবক ঘটনাস্থলেই নিহত এবং দুইজন আহত হয়। আহতদের মধ্যে একটি বালককে বেয়নেট দ্বারা মাথায় আঘাত করা হয় বলিয়া জানা গিয়াছে। আরও প্রকাশ, সামরিক ট্রাকে করিয়া তাহাদের লইয়া যাওয়া হয়। সকালের দিকে নওয়াবপুরের বিভিন্ন স্থানে সামরিক লোকজন বিক্ষিপ্তভাবে গুলী চালায়।

গতকল্য সেক্রেটারিয়েট ভবনে অতি অল্প সংখ্যক কর্মচারী কার্যে যোগদান করেন। যাহারা উপস্থিত ছিলেন তাঁহাদের মধ্যে অনেককে কোন কাজ করিতে দেখা যায় না।

গতকল্য রেল হাসপাতালের নিকট একখানি এ্যাম্বুলেন্স চাপা পড়িয়া এক যুবকের মৃত্যু হয়।

অপরাহ্নে মুসলিম হল হইতে এক বিরাট জনতা পরিষদ ভবনের দিকে নানা প্রকার ধ্বনি সহকারে শান্তিপূর্ণভাবে অগ্রসর হয়। তাহারা পরিষদ ভবনের নিকটবর্তী হইলে পুলিশ তাহাদের উপর তীব্রভাবে লাঠিচার্জ করে। তাহারা তখন ইঞ্জিনিয়ারিং কলেজ সীমানার মধ্যে প্রবেশ করে এবং তথা হইতে নুরুল আমীন মন্ত্রীসভার বিরুদ্ধে ও পুলিশ জুলুমের বিরুদ্ধে বিক্ষোভ প্রদর্শন করিতে থাকে। বৈকালে মুসলিম হলের নিকটও লাঠিচার্জ হয়।

অপর দিকে মেডিক্যাল কলেজ হোস্টেলের মধ্যে বহু ছাত্র জমায়েত হয় এবং মাইক যোগে বক্তৃতা করিতে শোনা যায়। বৈকালে যখন তাঁহারা বক্তৃতা করিতেছিলেন, এমন সময় পুলিশ এবং সৈন্যগণ হোস্টেলের মধ্যে প্রবেশ করিয়া রুমের অধিকারী জনাব আবুল হাশেমকে বেয়নেটের খোচার ভয় দেখাইয়া মাইক কাড়িয়া লয় এবং কামরায় প্রবেশ করিয়া পেন, ঘড়ি ও রেডিও সেট লইয়া যায় বলিয়া উক্ত কামরার মালিক জনাব আবুল হাশেম জানান। পুলিশ ও সৈনিক দলের এই জুলুমের প্রতিবাদে গতকল্য সার্জেন জেনারেলের সভাপতিত্বে মেডিকেল কলেজে এক সভা হয়। জানা গিয়াছে যে, উক্ত সভায় সার্জেন জেনারেল পুলিশ জুলুমের বিরুদ্ধে যথারীতি ব্যবস্থা অবলম্বন করা হইবে বলিয়া ছাত্রদিগকে আশ্বাস দেন। আরও জানা গিয়াছে যে, গতকল্য সার্জেন জেনারেল ও কলেজের ভাইস প্রিন্সিপাল ডাঃ এ, কে, এম, আবদুল ওয়াহেদ এই বিষয়ে আলোচনার জন্য প্রধান মন্ত্রীর সহিত সাক্ষাৎ করেন।

জুবিলী প্রেসে অগ্নিসংযোগ

গতকল্য জনসন রোডস্থ জুবিলী প্রেসে অগ্নিসংযোগ করার দরুন উহা সম্পূর্ণ ভস্মীভূত হইয়া যায়। দমকল প্রায় দেড়ঘন্টাকাল আগুন নিবাইবার কার্যে নিয়োজিত থাকে। উক্ত প্রেস হইতে মর্নিং নিউজ পত্রিকা মুদ্রিত হইত।

শহীদদের রূহের মাগফেরাৎ কামনা

গতকল্য শুক্রবার শহরের প্রত্যেক মসজিদে জুম্মার নামাজের পর শহীদদের আত্মার মাগফেরাত কামনায় হাজার হাজার মুসল্লী শরীক হন। অপরাহ্নে প্রায় ৩/৪ জন মুসল্লী কবরস্থান হইয়া সলিমুল্লা মুছলিম হলে জমায়েত হয়। জুম্মার নামাজের পর সলিমুল্লা মুছলিম হলে এক বিরাট জনতার উপস্থিতিতে কোরাণ তেলাওয়াতের পর এক সভা অনুষ্ঠিত হয়। সভায় বিভিন্ন বক্তা সকাল বেলায় পুলিশ ও সামরিক বাহিনী কর্তৃক এক বিরাট মিছিলে শান্তিপূর্ণ-ভাবে যোগদানকারী জনতার উপর বেপরোয়াভাবে গুলী চালানোর তীব্র প্রতিবাদ করেন।

তাঁহারা গতকল্যকার শোচনীয় ও মর্মান্তুদ দুর্ঘটনার কথা উল্লেখ করিয়া পুলিশ বাহিনীর অত্যাচারের বিরুদ্ধে তীব্র প্রতিবাদ জ্ঞাপন করেন এবং জনসাধারণকে এই অত্যাচারের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা অবলম্বন করিতে অনুরোধ করেন। তাঁহারা আরও বলেন যে, বহু ছাত্রকে গুরুতর আহত অবস্থায় মেডিক্যাল কলেজ ও মিটফোর্ড হাসপাতালে ভর্তি করা হইয়াছে। তাহাদের চিকিৎসার জন্য রক্তের প্রয়োজন। ব্লাড ব্যাংকে অকাতরে রক্তদান করিতে তাঁহারা অনুরোধ জানান। অতঃপর বক্তাগণ শান্তিপূর্ণভাবে আন্দোলন চালাইয়া যাইতে অনুরোধ করেন।

বৃহস্পতিবারের ঘটনা সম্পর্কে শহরে প্রবল গুজব রটে যে, ঐদিন ৪ জনেরও বেশী লোক নিহত হয়, কিন্তু ঘটনার সংগে সংগেই তাহাদের মৃতদেহ সরাইয়া ফেলা হয়। একটি কিশোর বয়স্ক বালক সম্বন্ধে অনুরূপ গুজব শুনিয়া বিশেষ অনুসন্ধানের পর জানা যায় যে, বালকটি মেডিক্যাল কলেজ ও পরিষদ ভবনের মধ্যে ফুলার রোডে গুলীর আঘাতে নিহত হয় এবং তার লাশ তৎক্ষণাৎ অপসারিত হয়। বিশ্ববিদ্যালয়ের কতিপয় পোস্টগ্রাজুয়েট ছাত্রীর নিকট হইতেও ইহার সমর্থন পাওয়া গিয়াছে।

পূর্ব বংগ সরকারের এশতেহার

শহরের বিভিন্ন প্রতিষ্ঠানের সভায় প্রস্তাব গ্রহণ

ঢাকা, ২২শে ফেব্রুয়ারী।—অদ্যকার ঢাকা শহরের অবস্থা সম্পর্কে পূর্ববংগ সরকারের এক এশতেহারে বলা হইয়াছে যে, অদ্য অপরাহ্নের পরে শহরের অবস্থা অনেকটা আয়ত্বে আসে। অদ্য নওয়াবপুর রাস্তায় পুলিশের গুলী চালনার পর মোট ৪৫ জন আহত ব্যক্তিকে হাসপাতালে স্থানান্তরিত করা হয়। ২ জন নিহত হয়।

এশতেহারে বলা হইয়াছেঃ অদ্য সকালের দিকেই অবস্থা খারাপ হইয়া উঠে এবং ইসলামপুর ও নওয়াবপুর এলাকায় লোকজনের ভীড় হয়। গুন্ডা শ্রেণীর লোকেরা এই অবস্থার সুযোগ গ্রহণ করিয়া লুটতরাজের উদ্দেশ্যে জনতার সহিত মিশে। অবস্থা যাহাতে আরও খারাপ না হইতে পারে তদুদ্দেশ্যে পুলিশ বাহিনীর সাহায্যার্থ সৈন্য বাহিনী আনয়ন করা হয়।

'মর্নিং নিউজ' প্রেসটি জনতায় পোড়াইয়া দেয়।

কার্জন হল, হাইকোর্ট, নওয়াবপুর রোড, বিশ্ববিদ্যালয় এলাকা প্রভৃতি স্থানে উচ্ছৃংখল জনতাকে বিচ্ছিন্ন করার জন্য পুলিশের লাঠিচার্জ ও গুলী চালনার ফলে আহত মোট ৪৫ জনকে হাসপাতালে ভর্তি করা হয়। ২ ব্যক্তি নিহত হয়।

নিরস্ত্র ছাত্র সমাবেশের উপর পুলিশের গুলীবর্ষণের নিন্দা

গত ২১শে ফেব্রুয়ারী ঢাকা বিশ্ববিদ্যালয় ও মেডিক্যাল কলেজ প্রাংগণে নিরীহ ও নিরস্ত্র ছাত্রসমাবেশের উপর পুলিশের অমানুষিক অত্যাচার ও গুলী বর্ষণের নিন্দা করিয়া শহরের বিভিন্ন স্থানে ও প্রতিষ্ঠানের সভায় নিন্দাজ্ঞাপক প্রস্তাব গৃহীত হয়। বিভিন্ন প্রতিষ্ঠানের কতিপয় প্রস্তাব ও কয়েকজনের বিবৃতি নিম্নে প্রদান করা হইলঃ

হাইকোর্ট বার-এসোসিয়েশনের সভা

গতকল্য (শুক্রবার) জনাব এ, কে, ফজলুল হকের সভাপতিত্বে ঢাকা হাইকোর্ট বার-এসোসিয়েশনের এক জরুরী সভায় গত ২১শে ফেব্রুয়ারী ঢাকা বিশ্ববিদ্যালয় প্রাংগণের মধ্যে নিরস্ত্র ও শান্তিপূর্ণ ছাত্র সমাবেশের উপর পুলিশের গুলীবর্ষণের ফলে উদ্ভূত পরিস্থিতিতে গভীর উদ্বেগ প্রকাশ করা হয়।

বিনাকারণে শহরে ১৪৪ ধারা জারী করায় এই সভা সরকারের নিন্দা করিয়া ও অবিলম্বে ইহার প্রত্যাহার দাবী করিয়াও প্রস্তাব গ্রহণ করে।

এই সভা জেলা ম্যাজিস্ট্রেট ও অন্যান্য পুলিশ কর্মচারীদের অপসারণ এবং নিরপেক্ষ তদন্ত কমিশন গঠনের দাবী জানাইয়া আর একটি প্রস্তাব গ্রহণ করে।

এই সভা নিহত ও আহতদের শোকসন্তপ্ত পরিবার-পরিজনদের প্রতি সমবেদনা জ্ঞাপন করিয়া ব্যবস্থা পরিষদ ও গণপরিষদে এই প্রদেশের সদস্যদের নিকট বাংলাকে পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষা করার জন্য অবিলম্বে ব্যবস্থা গ্রহণের দাবী জানায়।

জনাব আবুল হাশেমের বিবৃতি

যুক্তবাংলার প্রাক্তন মুসলিম লীগ সেক্রেটারী জনাব আবুল হাশেম এক বিবৃতিতে বলেন যে, আজিকার সভ্যজগতে কোন সভ্যদেশের সরকারী অফিসারগণ কি করিয়া বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষের বারংবার নিষেধ সত্বেও বিশ্ববিদ্যালয় ও কলেজ প্রাংগণের মধ্যে নিরস্ত্র ছাত্র ও

যুবকদের উপর বেপরোয়াভাবে গুলী চালাইয়া তাহাদের হত্যা করিতে পারে তাহা কল্পনাতীত। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইসচ্যান্সেলারের বিবৃতি হইতে পরিস্কারভাবেই জানা যায় যে, পুলিশই প্রথমে আক্রমণ চালায়। ছেলেদের বুলেটের আঘাতে দাবাইয়া রাখার সরকারী সিদ্ধান্তকে নগ্ন বর্বরতারই পরিচায়ক বলা যাইতে পারে। গত বৃহস্পতিবার ও শুক্রবারের মর্মান্তিক ঘটনার জন্য দায়ী ব্যক্তিরা যে আল্লাহ ও জনসাধারণের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করিয়াছেন সে বিষয়ে কোনই সন্দেহ নাই। নির্লজ্জ সরকারী জয়ঢাক ঢাকার মর্নিং নিউজ পত্রিকায় রাষ্ট্রভাষা আন্দোলনের উপর সাম্প্রদায়িকতার ছাপ দেওয়ার জন্য জঘন্যভাবে চেষ্টা করা হইয়াছে। উহাতে বলা হইয়াছে যে, ছাত্রদের মধ্যে উত্তেজনা সৃষ্টি করার জন্য পূর্ববংগের হিন্দু এম-এল-এ-রাই দায়ী এবং হিন্দু মারোয়াড়ী ও অন্যান্য ভারতীয় ব্যবসায়ী স্বার্থের প্রভাবেই নারায়ণগঞ্জে হরতাল সাফল্যমণ্ডিত হইয়াছে। সত্যকে সাহসের সহিত জনসাধারণের সম্মুখে তুলিয়া দেওয়ার জন্য আমি মিল্লাত, আজাদ ও ইনসাফ পত্রিকার প্রতি অভিনন্দন জানাইতেছি।

এই দুই দিনে আমরা দেশের কয়েকজন শ্রেষ্ঠ তরুণ ও ছাত্রকে হারাইয়াছি। তাহাদের পবিত্র স্মৃতি পূর্ববংগের জনসাধারণকে চিরদিনই অনুপ্রেরণা যোগাইবে।

মাওলানা ভাসানীর বিবৃতি

পূর্ব পাকিস্তান আওয়ামী মুসলিম লীগের সভাপতি মওলানা আবদুল হামিদ খান ভাসানী তাঁহার বিবৃতিতে বলেন, কর্তৃপক্ষ কি করিয়া এইরূপ নির্মম ব্যবস্থা অবলম্বন করিতে পারেন তাহা আমর পক্ষে বুঝা শক্ত। প্রতিবাদ দিবসের প্রাক্কালে ১৪৪ ধারা জারী করাব কোনই যৌক্তিকতা ছিল না।

এই বিষয়ে আর বেশী কিছু আলোচনা না করিয়া ঘটনার জন্য আমি একটি বিচার বিভাগীয় তদন্ত এবং অপরাধীদের প্রকাশ্য বিচারের জন্য দাবী করিতেছি।

নিরাপত্তা বন্দীদের অনশন ধর্মঘট:
স্বাস্থ্যের অবনতি সম্পর্কে মওলানা ভাসানী

নিরাপত্তা বন্দীদের অনশন ধর্মঘট সম্পর্কে মওলানা আবদুল হামিদ খান ভাসানী নিম্নলিখিত বিবৃতি দিয়েছেন:

"আমি জানিতে পরিয়াছি যে, গত ১৬ই ফেব্রুয়ারী হইতে নিরাপত্তা বন্দী শেখ মুজিবর রহমান ও মহীউদ্দিন আহমদ অনশন ধর্মঘট শুরু করিয়াছেন। জনসাধারণ অবগত আছেন যে, শেখ মুজিবর রহমান দীর্ঘদিন হইতে মারাত্মক রোগে ভুগিতে ছিলেন এবং কিছুদিন পূর্বে চিকিৎসার জন্য তাঁহাকে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালেও স্থানান্তরিত করা হইয়াছিল। কিন্তু তাঁহাকে রোগ মুক্তির পূর্বেই আবার জেলে প্রেরণ করা হয়। মহীউদ্দীনের স্বাস্থ্যও দ্রুত অবনতির দিকে যাইতেছে। এমতাবস্থায় আমরা সহজেই বুঝিতে পারিতেছি যে, এই অনশন ধর্মঘট তাঁহাদের ভগ্ন স্বাস্থ্যের কি পরিণতি ঘটাইবে। তাঁহাদিগকে আটক রাখার সম্বন্ধে কর্তৃপক্ষের অনমনীয় মনোভাব দেখিয়া আমি অত্যন্ত মর্ম্মাহত হইয়াছি। আমি মানবতার নামে সরকারের নিকট এই আবেদন করিতেছি যে, অন্ততঃ আশংকাজনক স্বাস্থ্যের দিকে চাহিয়াও যেন তাঁহারা মুজিবর রহমান ও মহীউদ্দীনকে মুক্তি দান করেন।

পুলিশের গুলীবর্ষণের প্রতিবাদে কুমিল্লায় জনসভা

কুমিল্লা, ২২শে ফেব্রুয়ারী।—ঢাকায় ছাত্রদের উপর পুলিশের বেপরোয়া গুলীবর্ষণের প্রতিবাদে অদ্য কুমিল্লা টাউনহল প্রাঙ্গনে জনাব জহিরুল হক বি-এল সাহেবের সভাপতিত্বে এক

বিরাট জনসভা হয়। সভায় পুলিশের বর্ব্বরোচিত আচরণের তীব্র সমালোচনা করা হয়। ইহা ছাড়া কুমিল্লায় শোভাযাত্রী ছাত্রদের উপর স্থানীয় মোহাজেরদের আক্রমণ ও ছাত্রদিগকে মারপিটের বিরুদ্ধে তীব্র ঘৃণা ও অসন্তোষ প্রকাশ করা হয়।

সভায় নুরুল আমীন মন্ত্রিসভার পদত্যাগ, বাংলাকে রাষ্ট্রভাষার মর্যাদা দান, মোহাজেরদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের দাবী করা হয়। সভায় মোহাজেরদের সামাজিকভাবে বয়কটের সিদ্ধান্ত করা হয়।

ঢাকায় সান্ধ্য আইন

ঢাকার জিলা ম্যাজিস্ট্রেট লালবাগ, কোতোয়ালী ও সূত্রাপুর থানায় শুক্রবার রাত্রি ১০টা হইতে ভোর ৫টা পর্যন্ত সান্ধ্য আইন জারী করিয়াছেন।

বাংলাকে পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষা করার জন্য পূর্ব্ববংগ ব্যবস্থা পরিষদের সুপারিশ

গতকল্য (শুক্রবার) অপরাহ্নে ব্যবস্থা পরিষদে সর্ব্বসম্মতিক্রমে গৃহীত এক প্রস্তাবে গণপরিষদের নিকট বাংলাকে পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষা করিবার সুপারিশ করা হয়। প্রধানমন্ত্রী জনাব নুরুল আমীন প্রস্তাবটি উত্থাপন করেন। এই সম্পর্কে আনীত সমুদয় সংশোধনী প্রস্তাব বাতিল হয়।

উক্ত সুপারিশ সংক্রান্ত দুইটি সংশোধনী প্রস্তাব সম্পর্কে পরিষদে ভোট গৃহীত হয়। ইহার মধ্যে একটি মিঃ মনোরঞ্জন ধর (কংগ্রেস) এবং অপরটি জনাব শামসুদ্দিন আহমদ (অদলীয়) উত্থাপন করেন।

এই সময় জনৈক সদস্য জনাব নুরুল আমীনের দৃষ্টি আকর্ষণ করিয়া বলেন যে, শহরে সান্ধ্য আইন জারী করা হইয়াছে।

জনাব নুরুল আমীন বলেন যে, পরিস্থিতিদৃষ্টে প্রয়োজন হইলে সরকার সান্ধ্য আইন জারী করার সিদ্ধান্ত করিয়াছেন। তিনি বলেন যে, দুস্কৃতিকারীরা অস্বাভাবিক পরিস্থিতির সুযোগকে কাজে লাগাইবার উপক্রম করিয়াছে। সুতরাং নাগরিকদের জানমাল রক্ষা করা দরকার।

পূর্বাহ্নে জনাব আবদুর রশীদ তর্কবাগীশ, জনাব.... ....হোসেন ও আলী আহমদ পরিস্থিতি সম্পর্কে তিনটি মুলতবী প্রস্তাব উত্থাপনের চেষ্টা করেন কিন্তু পরিষদ উহার অনুমতি দেন নাই।

আগামী সোমবার বেলা ৩-৩০ মিঃ পর্যন্ত পরিষদের অধিবেশন মুলতবী আছে।

প্রস্তাব পাশ করিয়া জনাব নুরুল আমীন বলেন যে, বৃহস্পতিবারে সরকার যে ব্যবস্থা অবলম্বন করেন, তাহা রাষ্ট্রভাষা সম্পর্কিত দাবীর বিরোধী বলিয়া মনে করায় নানারূপ ভ্রান্ত ধারণার সৃষ্টি হইয়াছে।

তিনি বলেন যে, সেরূপ বিরোধিতা করার ইচ্ছা সরকারের নাই। শহরে ১৪৪ ধারা জারীর কারণ ব্যাখ্যা করিয়া তিনি বলেনঃ সরকার জানিতে পারিয়াছেন যে, কোনও কোনও লোক শহরের স্বাভাবিক জীবনযাত্রাকে অচল করিয়া ফেলিতে চায়। তিনি বলেন যে, পূর্ববর্তী অন্যান্য সময়ে ছাত্ররা যখন মিছিল বাহির করে সরকার তখন উহাতে হস্তক্ষেপ করেন নাই। তিনি বলেন যে, উদ্দেশ্য যতই মহৎ এবং বাঞ্ছনীয় হউক না কেন, যাহাতে শান্তি ও শৃঙ্খলা ভংগ না হয় তৎপ্রতি সরকারকে দৃষ্টি রাখিতে হইবে।

স্বাস্থ্য সচিব জনাব হাবিবুল্লাবাহার এবং জনাব সরফউদ্দিন আহমদ জনাব নূরুল আমীনের বিশেষ প্রস্তাবটি সমর্থন করেন। জনাব আহমদ বলেন যে, প্রস্তাবটি পাশ হইলে বিক্ষোভ প্রশমিত হইবে বলিয়া তিনি আশা করেন।

মিঃ মনোরঞ্জন ধর তাঁহার সংশোধনীতে বলেন যে, গণপরিষদের পূর্ব পাকিস্তানী সদস্যগণকে সমস্যাটি সম্পর্কে চাপ দেওয়ার নির্দেশ দিতে হইবে। জনাব শামসুদ্দীন আহমদের সংশোধনীতে বলা হয় যে, গণপরিষদ সুপারিশ প্রত্যাখান করিলে পূর্ব পাকিস্তানী সদস্যগণকে পদত্যাগ করিতে বলিতে হইবে।

মিসেস আনোয়ারা খাতুনও একটি সংশোধনী পেশ করেন। তাঁহার সংশোধনীতে বলা হয় যে গণপরিষদকে ইহার পরবর্তী অধিবেশনেই সুপারিশ গ্রহণ করিতে বলিতে হইবে। .. ..

মিঃ ধরের সংশোধনী সমর্থন করিয়া বিরোধীদলের নেতা মিঃ বসন্তকুমার দাস বলেন যে, ভাষা আন্দোলনকে দমন করিবার জন্যই ১৪৪ ধারা জারী করা হইয়াছে।

পরিষদ হইতে আজাদ সম্পাদকের পদত্যাগ

"আজাদ" পত্রিকার সম্পাদক জনাব আবুল কালাম শামসুদ্দিন অদ্য পূর্বপাক পরিষদের সদস্যপদে এস্তেফা দিয়াছেন।

গবর্ণর ও পরিষদের স্পীকারের নিকট প্রেরিত এক আবেদনে তিনি বলিয়াছেনঃ বাংলাকে পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষা করার দাবী করায় ছাত্রদের উপর পুলিশ যে বর্বরতার পরিচয় দিয়াছে তাহার প্রতিবাদে আমি পরিষদে আমার সদস্যপদ হইতে পদত্যাগ করিতেছি। যে নূরুল আমীন সরকারের আমিও একজন সমর্থক—এ ব্যাপারে তাহাদের ভূমিকা এতদূর লজ্জাজনক যে, ক্ষমতায় অধিষ্ঠিত এই দলের সহিত সংযুক্ত থাকিতে এবং পরিষদের সদস্য হিসাবে বহাল থাকিতে আমি লজ্জাবোধ করিতেছি।

বার এসোসিয়েশনের সভায় নিন্দা

গতকল্য (শুক্রবার) ঢাকা বার লাইব্রেরী হলে জনাব আবদুল লতিফ বিশ্বাসের সভাপতিত্বে অনুষ্ঠিত ঢাকা বার এসোসিয়েশনের সদস্যদের সভায় নিম্নোক্ত প্রস্তাবগুলি সর্বসম্মতিক্রমে গৃহীত হয়ঃ

(ক) গত ২১শে ফেব্রুয়ারী ঢাকা বিশ্ববিদ্যালয় ও মেডিক্যাল কলেজ প্রাঙ্গণে পুলিশের অমানুষিক ও বর্বরোচিত গুলীবর্ষণ দ্বারা শত শত নিরস্ত্র ও নিরপরাধ ছাত্রকে হত্যা ও আহত করার তীব্র নিন্দা এই সভা করিতেছে।

(খ) এই সভা দাবী করিতেছে যে, জেলা ম্যাজিস্ট্রেট, সিটি এস,পি, ডি,আই,জি, ও অন্যান্য কর্মচারীদেরকে চাকুরী হইতে অবিলম্বে অপসারিত করিয়া বেসরকারী তদন্ত কমিটি দ্বারা ঘটনার তদন্ত করা হউক।

(গ) এই সভা ঢাকা শহরে বিনা কারণে ১৪৪ ধারা জারীর তীব্র নিন্দা করিতেছে এবং অবিলম্বে উহার প্রত্যাহার দাবী করিতেছে।

(ঘ) এই সভা অপদার্থ নূরুল আমীন মন্ত্রী সভার পদত্যাগ দাবী করিতেছে এবং বর্তমান ঘটনার পরিপ্রেক্ষিতে সাধারণ নির্বাচনের সম্মুখীন হইতে দাবী জানাইতেছে।

(ঙ) যাহারা পুলিশের গুলীতে শহীদ হইয়াছেন এই সভা তাহাদের শোকার্ত পরিবারবর্গকে সমবেদনা জানাইতেছে।

এই সভা শহীদদের প্রতি সম্মান জ্ঞাপনার্থে এক মিনিটকাল নিঃশব্দে দন্ডায়মান থাকিয়া তাহাদের রূহের মাগফেরাত কামনা করে।

নিখিল পূর্ব-পাক ছাত্র লীগ কর্মীদের নিন্দা

নিখিল পূর্ব পাকিস্তান মুসলিম ছাত্র লীগের সভাপতি জনাব শামছুল হুদা অস্থায়ী সাধারণ সম্পাদক জনাব এ, এস, এম, তওমিদ উদ্দিন, ঢাকা সিটি মুসলিম ছাত্রলীগের সভাপতি কাজী আওলাদ হোসেন ও সাধারণ সম্পাদক জনাব মনজুরুল হক ঢাকায় ছাত্রদের উপর পুলিশের বেপরোয়া গুলীবর্ষণের তীব্র নিন্দা করিয়া সংবাদপত্রে এক বিবৃতি দিয়াছেন।

বিবৃতিতে তাঁহারা এব্যাপারে নিরপেক্ষ তদন্ত ও এই বর্বরতা কার্যের জন্য যাহারা দায়ী তাহাদের সমুচিত শাস্তির দাবী করে।

ফেব্রুয়ারী ২৪

গুলিবর্ষণ সম্পর্কে হাইকোর্টের বিচারপতিদের দ্বারা তদন্ত অনুষ্ঠানের দাবী

প্রাদেশিক লীগ ওয়ার্কিং কমিটির প্রস্তাব

নিহত ছাত্র ও নাগরিকদের আত্মীয়দের প্রতি সমবেদনা জ্ঞাপন

লীগ পার্লামেন্টারী পার্টির সভায় ১৪৪ ধারা প্রত্যাহারের দাবী

ঢাকা, ২৩শে ফেব্রুয়ারী।—আজ পূর্ব পাকিস্তান মোছলেম লীগ ওয়ার্কিং কমিটির বৈঠকে পুলিশের সাম্প্রতিক গুলী চালনা সম্পর্কে হাইকোর্টের জজের দ্বারা তদন্ত অনুষ্ঠান ও অপরাধীদের শাস্তির দাবী করা হইয়াছে।

ছাত্র ও নাগরিকদের মধ্যে যাহারা শোচনীয়ভাবে নিহত হইয়াছে তাহাদের জন্য ওয়ার্কিং কমিটীর তরফ হইতে গভীর শোক প্রকাশ করা হইয়াছে এবং শোকসন্তপ্ত পরিবারবর্গ ও আহতদের প্রতি সমবেদনা জ্ঞাপন করা হইয়াছে।

প্রধানমন্ত্রীর বাসভবনে এই বৈঠক অনুষ্ঠিত হয় এবং মওলানা আবদুল্লাহেল বাকী ইহাতে সভাপতিত্ব করেন।

এই বৈঠকে নিম্নলিখিত মর্মে প্রস্তাব গৃহীত হইয়াছেঃ

পূর্ব পাকিস্তান মোছলেম লীগ ওয়ার্কিং কমিটির এই সভা পুলিশের গুলী চালনার ফলে যে সকল ছাত্র ও নাগেরিক শোচনীয়ভাবে নিহত হইয়াছে তাহাদের জন্য গভীর দুঃখ ও বেদনা অনুভব করিতেছে এবং শোকসন্তপ্ত পরিবারবর্গ ও আহতদের প্রতি আন্তরিক সমবেদনা জ্ঞাপন করিতেছে।

এই ঘটনা সম্পর্কে হাইকোর্টের বিচারকদের দ্বারা তদন্ত, অপরাধীদের কঠোর শাস্তিদানে এবং নিহতদের পরিবারবর্গের জন্য উপযুক্ত ও যথোচিত ক্ষতিপূরণের ব্যবস্থার জন্য এই সভা সরকারের নিকট দাবী জানাইতেছে।

বাংলা ভাষার সমর্থনে লাহোরের ছাত্রবৃন্দ

লাহোর গভর্ণমেন্ট কলেজের ১৪৬ নং নিউ হোষ্টেল হইতে পূর্ব পাকিস্তান সাংস্কৃতিক সংঘের লাহোর শাখার সাধারণ সম্পাদক জনাব মোসলেহ উদ্দিন আহমদ "আজাদ" সম্পাদকের নিকট লিখিত এক পত্রে জানাইয়াছেন, "আমি অত্যন্ত আনন্দের সহিত আপনাকে জানাইতেছি যে, পূর্ব পাকিস্তান সর্বদলীয় কর্মপরিষদ বিতরিত কতকগুলি 'রাষ্ট্রভাষা বাংলা চাই' ব্যাজ আমি পাইয়াছি এবং ঐগুলি আমি আমার লাহোরস্থ বাঙ্গালী বন্ধুদের মধ্যে বিতরণ করিয়াছি। আজ প্রাতে বিশ্ববিদ্যালয় অভিমুখে যাইবার সময় বিশ্ববিদ্যালয়ের কতকগুলি অ-বাঙ্গালী ছাত্রকেও এই ব্যাজ পরিহিত দেখিতে পাই। কৌতুহলবশতঃ আমি ঐ ব্যাজ সম্পর্কে জিজ্ঞাসা করিয়া জানিতে পারি যে, বাংলাকে অন্যতম রাষ্ট্রভাষা করিবার দাবীতে তাঁহারাও ঐ সকল ব্যাজ ধারণ করিয়াছে। তাঁহারা বলেন যে, বাংলা পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষা হওয়া উচিত।"

সুতরাং দেখা যাইতেছে যে, শুধুমাত্র বাঙ্গালীরাই রাষ্ট্রভাষা আন্দোলন করিতেছেন তা না বরং জাগ্রত অবাঙ্গালীরাও আজ পাকিস্তানের সংখ্যাগরিষ্ঠদের ভাষা আন্দোলনে ঝাঁপাইয়া পড়িয়াছেন।

গভর্ণমেন্ট দুঃখের সহিত জানাইতেছেন যে, সামরিক বাহিনীর লোকে জনতার উপর গুলি বর্ষণ ও বেয়নেট চার্জ এবং লুটতরাজ করিয়াছে বলিয়া কোন কোন সংবাদপত্রে বিবরণ প্রকাশিত হইয়াছে। ইহা সম্পূর্ণ মিথ্যা।

এ পর্যন্ত কোন দল বা জনসাধারণের সহিত সামরিক বাহিনীর কোনরূপ সংঘর্ষ হয় নাই।

বিশ্বস্ত মহল হইতে বলা হইয়াছে যে, এ যাবৎ শহরের বিভিন্ন স্থানে গুলিবর্ষণ ও লাঠি চালনার যেসব সংবাদ প্রকাশিত হইয়াছে, সে সবের সাথে সামরিক বাহিনীর কোনো সংশ্রব নাই। শুধু পুলিশই তাদের সাথে সংশ্লিষ্ট বলিয়া জানা গিয়াছে।

বাংলাকে উর্দুর সমমর্যাদা দিতে পশ্চিম পাকিস্তানীদের আপত্তি নাই—

ঢাকার মর্মান্তিক ঘটনার পর্যালোচনাকালে 'ডন' পত্রিকার মন্তব্য

করাচী, ২৩শে ফেব্রুয়ারী।--আজ ডন পত্রিকার "ঢাকার মর্মান্তিক ঘটনা" শীর্ষক সম্পাদকীয় প্রবন্ধ পূর্ব পাকিস্তানের জনসাধারণকে এই মর্মে আশ্বাস দেওয়া হইয়াছে যে, বাংলা ভাষাকে উর্দুর সমমর্যাদা দেওয়া হইলেও পশ্চিম পাকিস্তানের জনসাধারণের মোটেই আপত্তি থাকিতে পারে না। বাংলা ভাষা সম্পর্কে পূর্ব পাকিস্তানবাসীর দাবী অবশেষে আদায় হইয়াছে।

উহাতে বলা হইয়াছে, ঢাকার এই মর্মান্তিক ঘটনার ফলে সমগ্র পাকিস্তান দুঃখ ভারাক্রান্ত হইবে এবং আমাদের শত্রুরা উল্লাসিত হইবে। এক দিকে আপন আপন বিশ্বাসের মর্যাদা রক্ষা এবং অপরদিকে আইন ও শৃঙ্খলা রক্ষার সমস্যা এই দুই-এর সংঘর্ষে যাঁহারা প্রাণ হারাইল, তাঁহাদের প্রতি আমরা শ্রদ্ধা জ্ঞাপন করিতেছি। এই সমস্ত তরুণ যে দাবী ন্যায় বলিয়া আন্তরিকতার সহিত বিশ্বাস করিত তাহা প্রতিষ্ঠা করিতে গিয়া প্রাণ বিসর্জন করিয়াছেন তাঁহাদের স্মৃতির প্রতি শ্রদ্ধা প্রদর্শন করা কর্তব্য। তদানা অনেক যাঁহারা আহত হইয়াছে, তাঁহাদের জন্যও আমরা দুঃখ বোধ করিতেছি এবং সমবেদনা জ্ঞাপন করিতেছি।

ছাত্র সমাজের একটা বিরাট অংশ তাহাদের আন্তরিক বিশ্বাসের দ্বারা অনুপ্রাণিত হইয়া বিক্ষোভ প্রদর্শন করিয়াছে এবং সত্যিকার পাকিস্তানী হিসাবে তাহারা আপনাদের ধারণা অনুযায়ী কর্মপন্থা অবলম্বন করিয়াছে। অবশ্য তাহাদের মধ্যে প্ররোচনাদানকারী হিসাবে কিছু সংখ্যক লোক থাকিতে পারে। কিন্তু এই দুঃখজনক ঘটনাবলীর মধ্যেও একটা আশার আলো দেখা যাইতেছে। পূর্ব পাকিস্তানে আমাদের আত্মীয়স্বজনেরা ভাষাগত সমস্যাটিকে কিরূপ গভীরভাবে অনুভব করে, তাহার পরিচয় আমরা এই সকল ঘটনাবলীর মধ্য হইতে লক্ষ্য করিতেছি। উর্দুর ন্যায় বাংলাকেও অন্যতম রাষ্ট্র ভাষার মর্যাদা দান সম্পর্কে একটি প্রস্তাব এক্ষণে প্রাদেশিক ব্যবস্থা পরিষদে প্রধান মন্ত্রী পাশ করাইয়া লইয়াছেন। সুতরাং রাষ্ট্র ভাষা সমস্যার এইভাবে একটা মীমাংসা হইয়াছে। গণপরিষদও যথাসময়ে ইহা অনুমোদন করিবেন এবং বাংলা ভাষাকে উর্দুর সমমর্যাদা দানের ব্যাপারে পশ্চিম পাকিস্তানেরও কোন ক্ষোভের কারণ থাকিবে না বলিয়া আমরা বিশ্বাস করি।

গুলী চালনা সংগত হইয়াছে কিনা, তৎসম্পর্কে প্রতিশ্রুত তদন্ত কার্যের ব্যবস্থা দ্বারা এই মর্মান্তিক ব্যাপারের এইখানেই যবনিকাপাত হউক। সবচেয়ে বড় কথা এই যে, পুলিশ গুলী বর্ষণ না করিলে মোটেই গণপ্রাণহানী ঘটিত না। উপযুক্ত কর্তৃপক্ষকে এ জন্য জওয়াব-দিহি করিতেই হইবে।

নিহতদের জন্য ক্ষতিপূরণ দাবীঃ

জনাব ইউসুফ আলী চৌধুরীর বিবৃতি

পূর্ব পাক মোছলেম লীগের জেনারেল সেক্রেটারী জনাব ইউসুফ আলী চৌধুরী নিম্ন-লিখিত মর্মে এক বিবৃতি দান করিয়াছেনঃ

ডিস্ট্রিক্ট বোর্ড নির্বাচন উপলক্ষে আমি ফরিদপুর থাকাকালে ঢাকায় ছাত্রদের উপর পুলিশের গুলীবর্ষণ সংবাদ শুনিয়া স্তম্ভিত হই। ছাত্রদের উপর কি কারণে যে গুলী বর্ষণ ও লাঠিচার্জ করিতে হইয়াছিল তাহা আমার জানা ছিল না।

আমি অবিলম্বে একটি উচ্চক্ষমতা বিশিষ্ট বিচার বিভাগীয় তদন্ত কমিটি কর্তৃক পুলিশী জুলুমের তদন্তের নির্দেশ দানের জন্য সরকারের নিকট দাবী জানাইতেছি। আমি নিহতদের পরিবারবর্গকে যথাযথ ক্ষতিপূরণ দানের ব্যবস্থা কবিবার জন্যও সরকারকে জানাইয়াছি।

বর্তমান মন্ত্রিসভার পদত্যাগ দাবীঃ

বিভিন্নস্থানে জনসভায় প্রস্তাব গৃহীত

মোমেনশাহী, ২৩শে ফেব্রুয়ারী--গতকল্য মোমেনশাহীর জনসভায় গৃহীত প্রস্তাব অনুযায়ী অদ্য সর্বদলীয় একটি "রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ" গঠিত হয়। অপরাহ্নে সদর মহকুমা মোছলেম লীগের সভাপতি জনাব ফখরুদ্দীন আহমদের সভাপতিত্বে ঢাকায় পুলিশী জুলুমের প্রতিবাদে স্থানীয় টাউনহল প্রাংগণে জেলা ও সদর মহকুমা লীগের উদ্যোগে এক জনসভা হয়। সভার শুরুতেই জনতাকে খুব উত্তেজিত দেখা যায়। তাহারা বর্তমান মন্ত্রিসভার পদত্যাগ দাবীতে নানাপ্রকার ধ্বনি করিতে থাকে। সভাপতির বিনানুমতিতেই জনাব রফিকুদ্দিন ভুঁইয়া সভায় কতিপয় প্রস্তাব উত্থাপন করিলে তাহা জনসাধারণের সর্বসম্মত সমর্থন লাভ করে এবং তাহা সভায় গৃহীত হয়। সৈয়দ সুলতান আহমদ বি-এস, রফিকুদ্দিন ভুঁইয়া, আলতাফুদ্দীন তালুকদার, জেলা ছাত্রলীগ সম্পাদক জনাব শামসুল হক, মোফাজ্জল হোসেন বি-এস, প্রমুখ বক্তাগণ বক্তৃতা করেন।

পুলিশের গুলীবর্ষণের প্রতিবাদে ঢাকার নানাস্থানে সভা অনুষ্ঠান

নিহত ব্যক্তিদের রুহের মাগফেরাৎ কামনা:

ঘটনার নিরপেক্ষ তদন্ত দাবী

ছাত্রদের উপর পুলিশের গুলীবর্ষণের প্রতিবাদে গতকল্য (শনিবার) ঢাকার নানাস্থানে সভা-সমিতি অনুষ্ঠিত হয় এবং অবিলম্বে ১৪৪ ধারার আদেশ প্রত্যাহারের ও নিরপেক্ষ তদন্তের দাবী জানান হয়। সভায় পূর্ব বঙ্গ সরকারের আচরণের তীব্র নিন্দা করা হয়। নিহত ব্যক্তিদের রুহের মাগফেরাত কামনা করতঃ তাঁহাদের শোকসন্তপ্ত পরিবারবর্গের প্রতি সহানুভূতি জ্ঞাপন করা হয়।

গতকল্য (শনিবার) অপরাহ্ন ৫ ঘটিকায় নিখিল পূর্ব পাকিস্তান মোছলেম ছাত্র লীগ ওয়ার্কিং কমিটির এক জরুরী সভায় সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত প্রস্তাব কয়েকটি গৃহীত হয়:—

(১) সরকারের যে কার্যকলাপের ফলে বহু ছাত্রের জীবন বিনষ্ট হইয়াছে, তাহাতে এই সভা গভীর উদ্বেগ প্রকাশ করিতেছে এবং সরকারের নিকট হইতে ইহার কৈফিয়ৎ তলব করিতেছে। এই নৃশংস হত্যাকান্ডের জন্য যে সকল কর্মচারী দায়ী, এই সভা অবিলম্বে তাহাদের অপসারণ দাবী করিতেছে।

মওলানা তর্কবাগীশের পদত্যাগ

পূর্ব বঙ্গ ব্যবস্থা পরিষদের সদস্য মওলানা আবদুর রশীদ তর্কবাগীশ অদ্য শনিবার লীগ পার্লামেন্টারী পার্টি হইতে পদত্যাগ করিয়াছেন। পদত্যাগের কারণ বর্ণনা করিয়া অদ্য (রবিবার) তিনি এক বিবৃতি দান করিবেন বলিয়া জানা গিয়াছে।

শনিবার পূর্ণ হরতাল পালন:

সান্ধ্য আইনের মেয়াদ বৃদ্ধি

গতকল্য (শনিবার) নাজিরাবাজার পশু হাসপাতালের নিকট এক জনতার উপর পুলিশের লাঠি চার্জের ফলে ৪ ব্যক্তি আহত হয়। তন্মধ্যে ২ ব্যক্তির আঘাত গুরুতর হওয়ায় তাহাদিগকে মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। ইহা ছাড়া শহরের আর কোথাও কোন দুর্ঘটনা ঘটিয়াছে বলিয়া সংবাদ পাওয়া যায় নাই।

পূর্ব দিনের ন্যায় গতকল্যও পূর্ণ হরতাল পালিত হয়। ঢাকা রেলষ্টেশনের কর্মচারীরাও এদিন হরতাল পালন করেন।

কর্মচারিগণ যথারীতি উপস্থিত হইলেও কোনও কাজ করেন না। অনেক বিভাগের লোক আদৌ কাজে যোগদানও করেন নি। তাদের এই হরতাল বেলা ১টা পর্যন্ত চলে এবং আপ-ডাউন মিলাইয়া মোট ৪টি ট্রেন যাতায়াত করে। প্রাতে যে সকল রেল ইঞ্জিনে কয়লা বোঝাই করা হইয়াছিল, পরে তাহাও ইঞ্জিন হইতে ফেলিয়া দেওয়া হইয়াছিল বলিয়া জানা গিয়াছে।

রাত্রি ৮টা হইতে সকাল ৫টা পর্যন্ত সান্ধ্য আইন জারী হইয়াছে এবং পুনরাদেশ না দেওয়া পর্যন্ত ইহা চলিবে বলিয়া ঘোষণা হইয়াছে।

পুলিশ ও সামরিক পাহারা পূর্বের ন্যায়ই আছে। কয়েকটি উল্লেখযোগ্য মোড়ে উহার শক্তি কিছু বৃদ্ধিও করা হইয়াছে।

পূর্ব বঙ্গ পরিষদে বাংলাকে অন্যতম রাষ্ট্রভাষা করার অনুকূল দাবী গৃহীত হইলেও শহীদদের বিয়োগ ব্যথায় ব্যথিত ছাত্রগণের মধ্যে কোনও উল্লাসের সঞ্চার করিতে পারে নাই। শহরে ১৪৪ ধারার নিষেধাজ্ঞা বলবত থাকিলেও হাজার হাজার লোককে রাস্তায় ঘোরাফেরা করিতে দেখা যায়। রাস্তার মোড়ে মোড়ে সমবেত লোকগণকে বর্তমান পরিস্থিতির আলোচনা করিতে দেখা যায়। কালব্যাজ পরিধান করিয়া শত শত লোক সলিমুল্লা মোছলেম হল প্রাঙ্গণে সমবেত হইয়া শুক্রবারের নিহত ব্যক্তিদের উদ্দেশ্যে গায়েবী জানাজা আদায় করেন।

সকাল হইতেই হলে লাউড স্পীকার যোগে বর্তমান পরিস্থিতি এবং ভাষা সমস্যার প্রকৃত বিবরণ সম্পর্কে বিভিন্ন ঘোষণা প্রচার করা হয়। বিভিন্ন বক্তা পুলিশের গুলীবর্ষণ এবং জনসাধারণের কর্তব্য সম্পর্কে বক্তৃতা দেন।

কতিপয় উর্দুভাষী ছাত্রও বক্তৃতা দান করেন। ইহাতে ছাত্রদের মধ্যে বিপুল উৎসাহের সঞ্চার হয়। তাহারা জনসাধারণের নিকট এই বলিয়া আবেদন জানান যে, তাঁহাদের পথকে কেহ যেন ভুল ধারণা না করেন এবং কল্পিত বিরোধের ধুয়া তুলিয়া দুই দলে বিভেদ বাধাইয়া না দেয়।

গায়েবানা জানাজা

বেলা ২টায় উক্ত হল প্রাঙ্গণে গায়েবানা জানাজা আদায় হয় এবং তাহাতে প্রায় চারি হাজার লোকে যোগদান করেন। তন্মধ্যে বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলার, সলিমুল্লা মোছলেম হলের প্রভোষ্ট এবং বিশ্ববিদ্যালয়ের অন্যান্য অধ্যাপকও উপস্থিত ছিলেন।

জনাব ফজলুল হকের আবেদন

অপরাহ্নে জনাব এ, কে, ফজলুল হক মোছলেম হলের সভায় উপস্থিত হইয়া ছাত্রদিগকে নিজেদের মধ্যে শান্তি বজায় রাখিতে বলেন। ছাত্রদের দাবীকে জয়যুক্ত করাইবার জন্য তিনি যথাসাধ্য চেষ্টা করিবেন বলিয়াও আশ্বাস দেন।

গুলী চালানোর হুকুম আমি দেই নাই ঃ

মফিজুদ্দিন

পূর্ব বঙ্গের সাহায্য সচিব জনাব মফিজউদ্দিন আহমদ সংবাদপত্রে নিম্নলিখিত বিবৃতি দান করিয়াছেন ঃ

"ছাত্রদের উপর গুলী চালনার জন্য আমি পুলিশকে হুকুম দিয়াছি বলিয়া বাহিরে গুজব উঠিয়াছে জানিতে পারিয়া আমি অত্যন্ত মর্মাহত হইয়াছি। এইরূপ একটি ভিত্তিহীন সংবাদ কি করিয়া রটিতে পারে, তা ভাবিয়া আমি বিস্ময় বোধ করিতেছি।

ঢাকা বিশ্ববিদ্যালয় সংগ্রাম পরিষদ কর্তৃক প্রকাশিত প্রেসের নামসহ একটি প্রচারপত্র আজ আমার হস্তগত হইয়াছে।

প্রচারপত্রটিতে বলা হইয়াছে আমার আদেশেই পুলিশ গুলী করে। ইহা সত্যের অপলাপ ছাড়া আর কিছুই নহে। সুতরাং জনগণ যাহাতে ভুল না বুঝেন তার জন্য সত্য ঘটনা বিবৃত করিতেছি।

আমি মেডিক্যাল কলেজের গেট দিয়া মোটেও যাই নাই, ঘটনা স্থলেও ছিলাম না............... কোন পুলিশ কর্মচারীর সাথে আমার সাক্ষাৎও হয় নাই। সাধারণতঃ যে পথে পরিষদ যাইয়া থাকি ঐ দিনও সেই অর্থাৎ..........................(রেস কোর্সের পশ্চিম দিক) পূর্ব দ্বার দিয়া পরিষদ ভবনে প্রবেশ করি। পরিষদের অধিবেশন ৩-৩০ মিঃ শুরু হয়। পরিষদে বিরোধী দলের সদস্যগণ ছাত্রদের উপর পুলিশের গুলী করার কথা বলিলে প্রথম আমি সংবাদ জানিতে পারি। ....

গুলী বর্ষণের দুঃখজনক ঘটনায় অত্যান্ত ব্যথিত। কিন্তু রাজনৈতিক উদ্দেশ্য হাছেল করিবার জন্য একটি দুঃখজনক ঘটনাকে কোন ব্যক্তির বিরুদ্ধে ব্যবহার হইবে ইহা আমি ভাবিতেই পারি নাই।”

আজাদ সম্পাদক অভিনন্দিত

ব্যবস্থা পরিষদের সদস্য পদে এস্তেফা দেওয়ায় আজাদ সম্পাদক জনাব আবুল কালাম শামসুদ্দিনকে অভিনন্দন জানাইয়া আগা মসিহ লেনের জনাব কাজী হেদায়েত হোসেন যে পত্র লিখিয়াছেন তাহার একটা অংশ নিম্নে উদ্ধৃত করা হইলঃ

“এই বর্তমান সন্ধিক্ষণে আপনি পূর্ব বঙ্গ ব্যবস্থা পরিষদের সদস্য পদ ত্যাগ করিয়া যে মমত্ববোধ ও কর্তব্য জ্ঞানের পরিচয় দিয়াছেন তাহা বাস্তবিকই অতুলনীয়। আপনার এই সাহসিকতাপূর্ণ কাজের জন্য উপযুক্ত শোকর-গোজরী করার ভাষা আমার নাই। খোদার কাছে প্রার্থনা তিনি যেন আপনাকে সুস্থ শরীরে দীর্ঘজীবী করেন এবং জনগণের সংকটের দিনে তাদের পশ্চাতে দাড়াইবার তৌফিক দেন।”

কুমিল্লায় পূর্ণ হরতাল প্রতিপালিত

কুমিল্লা, ২৩শে ফেব্রুয়ারী।—ঢাকায় পুলিশের গুলীর আঘাতে শহীদদের প্রতি শ্রদ্ধার নিদর্শনস্বরূপ অদ্য এখানে পূর্ণ হরতাল প্রতিপালিত হয়। যানবাহন, দোকান-পাট, বাজার ঘাট এমনকি, নিয়মিত বাস সার্ভিসও সম্পূর্ণ বন্ধ থাকে। রাস্তাগুলি সম্পূর্ণ জনশূন্য এবং সিনেমা হলগুলি বন্ধ থাকে। কুমিল্লার ইতিহাসে এই ধরণের ধর্মঘট ও হরতালের কোন নজীর নাই। সকালে প্রায় এক মাইল দীর্ঘ এক শোভাযাত্রা শহরের বিভিন্ন রাস্তা ও জনপদ প্রদক্ষিণ করে। স্থানীয় টাউন হল প্রাঙ্গণে ৫ হাজার লোকের এক সভা হয়। সভাপতিত্ব করেন মীর জহীরুল হক।

সভায় বক্তৃতা প্রসঙ্গে পূর্ব পাকিস্তান কলেজ শিক্ষক সমিতির সম্পাদক প্রফেসর আবুল খায়ের ঢাকার শহীদদের আত্মীয়-স্বজনের প্রতি সমবেদনা জ্ঞাপন করেন এবং সমিতির পক্ষ হইতে প্রয়োজন হইলে যে কোন পরিস্থিতির মোকাবেলা করার প্রস্তুতি প্রকাশ করা হয়। অধ্যাপক শওকত আলী, জনাব হাসান ইমাম, জনাব আবদুল গনি, জনাব আবুল হোসেন প্রমুখ বক্তা পুলিশ জুলুমের তীব্র নিন্দা করেন।

সভায় গৃহীত একটি প্রস্তাবে শহীদদের প্রতি সমবেদনা জ্ঞাপন এবং নিরীহ ছাত্র ও জনসাধারণের প্রতি পুলিশের গুলী বর্ষণের তীব্র নিন্দা ও প্রতিবাদ করা হয়।

অপর এক প্রস্তাবে প্রাদেশিক মন্ত্রিসভার পদত্যাগ এবং চীফ সেক্রেটারী ও জেলা ম্যাজিস্ট্রেট জনাব কোরায়েশীর অনাত্র অপসারণ দাবী করা হয়।

বক্তাগণ অবিলম্বে পূর্ব বঙ্গ মন্ত্রিসভার ত্রিপুরার সদস্য সাহায্য সচিব জনাব তোফাজ্জল আলীর পদত্যাগ দাবী করেন।

জেলা লীগের সাধারণ সম্পাদক জনাব আজীজুর রহমান এক বিবৃতিতে ঢাকার ছাত্রদের প্রতি গুলী বর্ষণের তীব্র নিন্দা করেন এবং বলেন যে, এই সংবাদে তিনি অত্যন্ত মর্মাহত ও বিস্মিত হইয়াছেন।

নারায়ণগঞ্জে বিরাট জনসভায় মন্ত্রীসভার পদত্যাগ দাবী

নারায়ণগঞ্জ, ২৩শে ফেব্রুয়ারী।—অদ্য নারায়ণগঞ্জ সিটি মোসলেম লীগ একটি শান্তি স্কোয়াড লইয়া সমগ্র শহর প্রদক্ষিণ করে এবং ঢাকার ছাত্র ও জনসাধারণের উপর পুলিশের গুলী বর্ষণের বিরুদ্ধে তীব্র প্রতিবাদ জানান।

অপরাহ্নে চাষারায় তুলারাম কলেজের রিকুইজিশন করা জমিনে এক বিরাট জনসভা হয়। সভায় সভাপতিত্ব করেন শ্রমিক নেতা জনাব ফয়েজ আহমদ। শ্রমিক নেতা জনাব সোলায়মান, এফ, রহমান, শফীকুল হোসেন খান, খোরশেদ আহমদ প্রমুখ বক্তাগণ প্রদেশের বর্তমান মন্ত্রী-সভার পদত্যাগ দাবী করেন।

পুলিশের গুলীতে নিহতদের রুহের মাগফেরাত কামনা করিয়া সভায় এক প্রস্তাব গৃহীত হয়।

রাষ্ট্রভাষা বাংলার দাবীতে বগুড়ায় পূর্ণ হরতাল

বগুড়া, ২৩শে ফেব্রুয়ারী।—সর্বদলীয় রাষ্ট্রভাষা আন্দোলন কর্মপরিষদের আহবানে বাংলাকে অন্যতম রাষ্ট্রভাষা করার দাবীতে গত ২১শে ফেব্রুয়ারী এখানে পূর্ণ হরতাল পালন করা হয়। ছাত্র ও জনসাধারণের এক বিরাট শোভাযাত্রা শহর পরিভ্রমণ করে ও "রাষ্ট্রভাষা বাংলা চাই" প্রভৃতি ধ্বনি করিতে থাকে।

বৈকালে স্থানীয় আলতাফুন্নেছা ময়দানে এক জনসভা হয়। বিভিন্ন বক্তা বাংলাকে অন্যতম রাষ্ট্রভাষা করার দাবী করিয়া বক্তৃতা করেন।

সভায় গৃহীত অপর এক প্রস্তাবে পূর্ব বঙ্গ পরিষদের সদস্যদের অবিলম্বে পদত্যাগ দাবী করা হয়।

আগামী মঙ্গলবার সমগ্র শহরে পূর্ণ ধর্মঘট ও হরতাল পালনের প্রস্তাবও সভায় গৃহীত হয়।

সভায় গৃহীত এক প্রস্তাবে পূর্ব বঙ্গের বর্তমান মন্ত্রীসভার বিরুদ্ধে পূর্ণ অনাস্থা প্রকাশ করা হয় এবং প্রকাশ্য আদালতে তাঁহাদের বিচার দাবী করা হয়।

অপর এক প্রস্তাবে ঢাকার শহীদ বীরদের রুহের মাগফেরাতের জন্য দোয়া করা হয় এবং বাংলা ভাষাকে অন্যতম রাষ্ট্রভাষা হিসাবে গ্রহণের জন্য সরকারের নিকট তীব্র দাবী জানানো হয়।

নুরুল হোসেন খানের প্রতিবাদ

হবিগঞ্জ, ২৩শে ফেব্রুয়ারী।—হবিগঞ্জের এম-এল-এ জনাব নুরুল হোসেন খান জানাইতেছেন যে, রাষ্ট্রভাষা আন্দোলন উপলক্ষে সম্প্রতি ঢাকায় ছাত্রদের উপর পুলিশের গুলী চালনার সংবাদে তিনি অত্যন্ত মর্মাহত হইয়াছেন। তিনি বলেন, "পুলিশের কাজে নিন্দা করার উপযুক্ত ভাষা নাই"।

পুলিশের গুলী বর্ষণের প্রয়োজন হইয়াছিল এমন কোন অবস্থার সৃষ্টি হইয়াছিল বলিয়া আমি কখনও বিশ্বাস করি না। এই গুলী চালনার জন্য যে বা যাহারা দায়ী হউন না কেন অবিলম্বে তাঁহাদিগকে চাকুরী হইতে বরখাস্ত করা উচিত এবং বিচার বিভাগীয় কর্মচারী ও এম-এল-এ-দের দ্বারা গঠিত কমিটি দ্বারা এই সম্পর্কে তদন্ত হওয়া উচিত।

এই যথেচ্ছ ও নিষ্ঠুর কাজের জন্য বর্তমান প্রাদেশিক সরকারের লজ্জিত হওয়া উচিত।

তমদ্দুন মজলিশ কর্তৃক নিন্দা

পাকিস্তান তমদ্দুন মজলিশের কেন্দ্রীয় দফতর এক বিবৃতিযোগে বলিয়াছেনঃ "২১শে ও ২৩শে ফেব্রুয়ারী ছাত্র সমাবেশের উপর যে নৃশংস পুলিশী জুলুম চালানো হইয়াছে তাহার নিন্দা করার ভাষা আমাদের নাই। আমরা এই দুষ্কার্যের সহিত জড়িত প্রতিটি অপরাধীর আশু তদন্ত ও কঠোর শাস্তির দাবী জানাইতেছি। শহীদানের শোকসন্তপ্ত পরিজনবর্গের প্রতি আমরা আন্তরিক সমবেদনা জ্ঞাপন করিতেছি।........................

ফেব্রুয়ারী ২৫

অপ্রত্যাশিতভাবে পূর্ব বংগ পরিষদের অধিবেশন স্থগিত

ঢাকা, ২৪শে ফেব্রুয়ারী।—গভর্ণর অদ্য হইতে পূর্ব বংগ ব্যবস্থা পরিষদের অধিবেশন অনির্দিষ্টকালের জন্য স্থগিত রাখিয়াছেন। বাজেট সম্পর্কে আগামী কল্য যে অধিবেশন হওয়ার কথা ছিল, তাহা অনুষ্ঠিত হইবে না।—এ,পি,পি

শহীদ বীরদের স্মৃতিতে

রাষ্ট্রভাষা আন্দোলনে যেসব শহীদ বীর গত ২১শে ও ২২শে ফেব্রুয়ারী পুলিশের নিষ্ঠুর গুলীর আঘাতে বুকের রক্তে ঢাকার মাটি রাঙ্গাইয়া গিয়াছেন, তাঁহাদিগকে স্মরণীয় করিয়া রাখিবার উদ্দেশ্যে ঢাকা মেডিক্যাল কলেজের ছাত্রগণ তাহাদের কলেজ হোস্টেল প্রাঙ্গণে নিজ হস্তে একরাত্রির মধ্যে ১০ ফুট উচ্চ ও ৬ ফুট চওড়া একটি স্মৃতিস্তম্ভ নির্মাণ করিয়াছেন।

পুলিশের অনধিকার চর্চা

গতকল্য রবিবার, জনৈক প্রফেসর যখন বিশ্ববিদ্যালয় শিক্ষকগণের সভায় যোগদানের জন্য আসিতেছিলেন, তখন পথিমধ্যে জনৈক পুলিশ তাঁহাকে তাঁহার জামায় লাগানো কাল ব্যাজটি খুলিয়া ফেলিতে বলে। তিনি তাঁহাতে অসম্মত হইলে পুলিশটি বলপূর্বক তাঁহার নিকট হইতে উহা ছিনাইয়া লয় বলিয়া জানা গিয়াছে।

জনমতের কণ্ঠরোধ করিবার কোন ইচ্ছা সরকারের নাই—

পূর্ব বংগের প্রধানমন্ত্রী জনাব নূরুল আমীনের বেতার বক্তৃতা

ঢাকা, ২৪শে ফেব্রুয়ারী।—পূর্ব পাকিস্তানের প্রধানমন্ত্রী জনাব নূরুল আমীন অদ্য রাত্রে বলেন যে "ভাষা বা অপর কোন সমস্যা সম্পর্কে শাসনতন্ত্র মোতাবেক জনমত প্রকাশ করা হইলে, তাহার কণ্ঠরোধ করিবার কোন ইচ্ছাই সরকারের নাই।" তিনি সতর্ক করিয়া দিয়া বলেন "সরকারের নিকট যে প্রমাণাদি রহিয়াছে, তদ্দৃষ্টে বুঝা যাইতেছে, যে পরিকল্পনা করা হইয়াছে, বহির্দিক অপেক্ষা তাহার ভিতরে আরও গূঢ় অর্থ রহিয়াছে এবং পরিকল্পনাকারীরা পাকিস্তানের বাহির হইতে প্রেরণা পাইতেছে।"

ঢাকা বেতার কেন্দ্র হইতে বক্তৃতাদানকালে জনাব নূরুল আমীন "পাকিস্তানের শুভাকাংখীদের" পূর্ণ সমর্থন কামনা করেন, এবং বলেন যে, "এই সমস্ত ষড়যন্ত্র ব্যর্থ করিবার জন্য এবং দেশের নিরাপত্তার প্রতি বিশ্বাসঘাতকের ন্যায় যে হুমকী দেওয়া হইতেছে তাহা দমন করিবার জন্য যে ব্যবস্থা অবলম্বন করা প্রয়োজন, সরকার সেই ব্যবস্থাই অবলম্বন করিবেন।"

প্রধানমন্ত্রীর বেতার বক্তৃতার বিবরণ নিম্নে প্রদত্ত হইলঃ

আজ ঢাকায় কোন ঘটনা-দুর্ঘটনা হয় নাই।

ঢাকার শৃঙ্খলা বিনষ্ট করিবার যে চেষ্টা করা হইয়াছে এবং ইহার ফলে যে ঘটনা-দুর্ঘটনা হইয়াছে ও সরকার যে ব্যবস্থা অবলম্বন করিয়াছেন, সরকারী এশতেহারে এ বাবৎ তাহার সত্য বিবরণই কেবল প্রকাশ করা হইয়াছে। ১৪৪ ধারা জারীর যৌক্তিকতা সম্পর্কে খোলাখুলিভাবেই সন্দেহ প্রকাশ করা হইয়াছে। কলিকাতার সংবাদপত্রে সাধারণতঃ দেশের জনসাধারণকে বিভ্রান্ত করিবার এবং তাহাদের মধ্যে বিভেদ সৃষ্টি করিবার চেষ্টাই করা হইয়া থাকে, কিন্তু শুধু কলিকাতার সংবাদপত্রে নয়, ঢাকায়ও কোন কোন মহলে বলা হইয়াছে যে, বাংলাকে পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষা করার জন্য যে দাবী উত্থাপন করা হইয়াছে, তাহার কণ্ঠরোধ করিবার জন্যই এই আদেশ জারী করা হইয়াছে। শৃঙ্খলা রক্ষার জন্য যে ব্যবস্থা অবলম্বন করা হইয়াছে, তৎসম্পর্কেও কতিপয় উত্তেজনাকর এবং বস্তুতঃপক্ষে সম্পূর্ণ ভিত্তিহীন বিবৃতি দেওয়া হইয়াছে। উদাহরণস্বরূপ বলা যায়, স্থানীয় কতিপয় সংবাদপত্রে বলা হইয়াছে যে, শুক্রবার-এ সেনাবাহিনী নিরপরাধ জনসাধারণের উপর গুলীবর্ষণ করে, কয়েকজনকে বেয়নেট দ্বারা ঘায়েল করে এবং লুঠতরাজে যোগদান করে এই বিবরণী সম্পূর্ণ ভিত্তিহীন।

গোলযোগের ফলে, দুর্ভাগ্যক্রমে যাহারা আহত বা নিহত হইয়াছিলেন, তাহাদের প্রতি সহানুভূতি প্রকাশের জন্য যানবাহন অচল করিয়া দেওয়ার, দোকানদারগণকে হরতাল পালনের জন্য প্ররোচিত বা বাধ্য করার এবং সরকারী কর্মচারীদিগকে কাজে যোগদান হইতে বিরত রাখার চেষ্টা করা হয় বলিয়া সরকার হৃদয়ঙ্গম করিয়াছেন। কাজেই এই সম্পর্কে আলোচনা করা প্রয়োজন বলিয়া সরকার মনে করেন এবং আশা করেন যে, গত বৃহস্পতিবার হইতে যে সকল ঘটনা ঘটিয়াছে, তাহাদের শুধুমাত্র বিবরণ দান করিলেই শৃঙ্খলা বজায় রাখার জন্য সরকার ১৪৪ ধারা জারী করাসহ যে সকল সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করিয়াছিলেন জনসাধারণ তাহার যৌক্তিকতা হৃদয়ংগম করিতে পারিবেন।

গত বৃহস্পতিবার হইতে যে পরিস্থিতির উদ্ভব হইয়াছে, তাহাতে দেখা যায়, এই ঘটনার তাৎপর্য সম্পর্কে আরও অধিক তথ্য উদঘাটন এবং যাহারা উহার প্ররোচনা দান করিতেছিল তাহাদের উদ্দেশ্যে প্রকাশ করা একান্ত প্রয়োজন।

ভাষা সমস্যা সম্পর্কে জনমত চাপা দেওয়ার অভিপ্রায়ে ১৪৪ ধারা জারী করা হইয়াছিল বলিয়া যে অভিযোগ করা হইতেছে, তাহা সম্পূর্ণভাবে ভিত্তিহীন। ১৪৪ ধারা জারী করার সহিত ভাষা সমস্যার কোন সম্পর্ক নাই। একদল স্বার্থান্বেষী লোক প্রাদেশিক আইন পরিষদ অধিবেশন আরম্ভের দিন এবং যতদিন উহার অধিবেশন চলে ততদিন শৃঙ্খলা নষ্ট করার পরিকল্পনা করিয়াছে বলিয়া সুস্পষ্ট প্রমাণ পাইয়া জেলা কর্তৃপক্ষ সতর্কতা হিসাবে ১৪৪ ধারা জারী করার সিদ্ধান্ত নেন। আইন ও শৃঙ্খলা ভংগ করার যে কোন প্রয়াসের মোকাবেলা করার জন্য জেলা কর্তৃপক্ষ এই নিষেধাজ্ঞা জারী করেন। সরকার আইন ও শৃঙ্খলা ভংগ করার পরিকল্পনার কথা জানিতে পারিয়াছিলেন। ভাষা বা অন্য যে কোন প্রশ্ন সম্পর্কে নিয়মতান্ত্রিক পদ্ধতিতে জনমত প্রকাশে বাধাদানের কোন অভিপ্রায়ই ছিল না। এক পক্ষেরও অনধিককাল পূর্বে সরকার কোন প্রকার হস্তক্ষেপ করে নাই। ভাষার প্রশ্নে ঢাকা এবং ঢাকার বাহিরে

মিছিল বাহির করিতে এবং সভা ও শোভাযাত্রার অনুমতি দান করিয়াছিলেন। তাহা হইতেই এই উক্তির সত্যতা সুস্পষ্ট হইয়া উঠিবে।

ভাষা আন্দোলনের দাবী কিছু নয়, আইন ও শৃঙ্খলা ভংগ করিয়া শান্তিও নষ্ট করার জন্য যে একটা ধ্বংসাত্মক ষড়যন্ত্র করা হইয়াছিল ১৪৪ ধারা জারি করার পরবর্তী ঘটনা পরিস্থিতিই তাহার প্রমাণ। এই যুক্তির সমর্থনে দুইটি বিষয় উল্লেখ করা যাইতে পারে। প্রথমতঃ শোভাযাত্রা ও জনসভা একেবারে নিষিদ্ধ করিয়া দেওয়া হইয়াছে, ১৪৪ ধারা জারীতে তেমন কোন কথা ছিল না। নিষেধাজ্ঞায় বলা হইয়াছিল যে, জেলা ম্যাজিস্ট্রেটের অনুমতি লইয়া শোভাযাত্রা ও জনসভা অনুষ্ঠান করা অথবা শোভাযাত্রা বাহির করার যদিও তাহাদের ইচ্ছা ছিল তবে তাহার জন্য এই অনুমতি লওয়ার পথে কোনই বাধা ছিল না। কিন্তু তাহারা কখনও এরূপ করে নাই। দ্বিতীয়তঃ বাংলা ভাষাকে রাষ্ট্র ভাষার মর্যাদা দেওয়ার জন্য প্রাদেশিক সরকারের সোপারেশ সত্বেও এখনও দৃঢ়তার সহিত ছাত্র ও জনসাধারণকে হিংসাত্মক কাজে উত্তেজিত করার ও আইন ভংগের জন্য সংঘবদ্ধ করার প্রচেষ্টা চলিতেছে। এই সকল যুক্তি এবং হাঙ্গামাকারীদের কার্যকলাপ হইতে নিঃসন্দেহে ইহাই প্রতিপন্ন হয় যে, ভীষণ রকমের কোন একটা বিপর্যয় সৃষ্টি করাই ছিল তাহাদের প্রধান মতলব, শুধু জনসাধারণের সহানুভূতি লাভের জন্যই তাহারা ইহার সহিত ভাষার প্রশ্ন যোগ করে। ঢাকার সাম্প্রতিক ঘটনাবলী সম্পর্কে মিথ্যা ও ভীষণ উত্তেজনামূলক গুজব শুধু ঢাকা শহরেই প্রচার করা হইতেছে না সমস্ত প্রদেশেই ইহা ছড়ানো হইতেছে। আইন ভংগকারীদের সমর্থন জানানোর জন্য মোস্লেম লীগ এম-এল-এ'গণকে এবং স্থানীয় সংবাদপত্রগুলিকেও ভীতি প্রদর্শন করা হইতেছে। স্বাভাবিক শাসন পরিচালন কার্যে বিঘ্ন সৃষ্টির জন্যও চেষ্টা চলিতেছে। স্থানীয় ছাত্র মহলকে উত্তেজিত করার জন্য প্রতি মুহূর্তে সুযোগ গ্রহণ করা হইতেছে। তাহাদিগকে এই বলিয়া উৎসাহিত করা হইতেছে যে ইহা তাহাদের জাতীয় আন্দোলন। আইন ভংগের জন্য তাহাদিগকে চাপ দেওয়া হইতেছে। অনুরূপ প্রচেষ্টার জন্য প্রদেশের বিভিন্ন স্থানেও তাহার দল প্রেরণ করিতেছে।

উল্লিখিত ঘটনাগুলি এবং সরকারের হাতে যে সমস্ত প্রমাণ রহিয়াছে, তাহাতে ইহাই প্রতিপন্ন হয় যে, এই ষড়যন্ত্রের মূলে গভীর উদ্দেশ্য রহিয়াছে এবং ষড়যন্ত্রের নেতাগণ পাকিস্তানের বাহির হইতে উৎসাহ পাইতেছে। এমতাবস্থায় এই সকল ষড়যন্ত্র ব্যর্থ করিয়া রাষ্ট্রের নিরাপত্তা রক্ষা করার জন্য ব্যবস্থা অবলম্বন করিতে সরকার কখনও ইতস্ততঃ করিবেন না। আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি, পাকিস্তানের শুভার্থিগণও এই কাজে সম্পূর্ণরূপে সহায়তা করিবেন।

হাসপাতালে আর একজনের মৃত্যু

অসমর্থিত সংবাদে প্রকাশ, ঘটনার দ্বিতীয় দিনে অর্থাৎ গত শুক্রবারে পুলিশের গুলীতে আহত এক ব্যক্তি গত শনিবার ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে এন্তেকাল করিয়াছেন (ইন্নালিল্লাহে—রাজেউন)।

ইহাছাড়া, গতকল্য (রবিবার) লালবাগ পুলিশ হাসপাতাল হইতে পূর্ব দুই দিনের আহত ৫ ব্যক্তিকে মিটফোর্ড হাসপাতালে স্থানান্তরিত করা হইয়াছে বলিয়া জানা গিয়াছে।

বিশ্ববিদ্যালয় কর্তৃক অদ্য প্রতিবাদ দিবস পালন

একজিকিউটিভ কাউন্সিলের সভায় প্রস্তাব গৃহীত

বাংলাকে রাষ্ট্রভাষা করার দাবী: শহীদ ছাত্রদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জ্ঞাপন

গতকল্য (রবিবার) ঢাকা বিশ্ববিদ্যালয়ের একজিকিউটিভ কাউন্সিল ও অধ্যাপকদের বৈঠক হয়। উভয় বৈঠকের প্রস্তাবে বাংলাকে পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষা করার দাবী

জানান হয়। ঢাকায় ছাত্রদের উপর গুলী বর্ষণের নিন্দা করিয়া এবং গুলী বর্ষণের ফলে নিহত ব্যক্তিদের পরিবারবর্গের শোকে সহানুভূতি জানাইয়া প্রস্তাব গ্রহণ করা হয়।

অধ্যাপকের বৈঠকে বিশ্ববিদ্যালয়ের প্রায় সমস্ত অধ্যাপকই উপস্থিত ছিলেন। বৈঠকে উপস্থিত অন্যান্যদের মধ্যে সলিমুল্লা মোছলেম হল, ফজলুল হক হল এবং জগন্নাথ হলের প্রভোষ্টগণ, কলা, বিজ্ঞান ও আইন বিভাগের ডীন এবং ডাঃ জিলানী, মেসার্স প্যাটেল, রিজভী হোসেন, সিদ্দিকী প্রমুখ বহুসংখ্যক অবাঙ্গালী অধ্যাপকের নাম উল্লেখযোগ্য। একটি প্রস্তাবে কাউন্সিল ২১শে ও ২২শে ফেব্রুয়ারী তারিখে গুলী বর্ষণের ফলে হতাহত ছাত্রদের জন্য গভীর শোক ও দুঃখ প্রকাশ করেন।

অপর একটি প্রস্তাবে ঢাকা বিশ্ববিদ্যালয় ও অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানের প্রাঙ্গণে পুলিশের প্রবেশের বিরুদ্ধে তীব্র প্রতিবাদ করা হয়।

২১শে ও ২২শে ফেব্রুয়ারী যে সমস্ত ছাত্র পুলিশের গুলীবর্ষণে প্রাণ হারাইয়াছে, তাহাদের প্রতি শ্রদ্ধার নিদর্শনস্বরূপ ও তাহাদের শোকসন্তপ্ত পরিবারবর্গ ও আহতদের প্রতি সহানুভূতি জ্ঞাপনের উদ্দেশ্যে এবং পুলিশের বে-পরোয়া গুলীবর্ষণের প্রতিবাদে কাউন্সিল ২৫শে ফেব্রুয়ারী বিশ্ববিদ্যালয় বন্ধ রাখার সিদ্ধান্ত করিয়াছেন।

বৈঠকে আসন্ন আইন পরীক্ষাও স্থগিত রাখার সিদ্ধান্ত করা হইয়াছে এবং এ ব্যাপারে চূড়ান্ত তারিখ নির্ধারণ করার জন্য ভাইস চ্যান্সেলারকে ক্ষমতা দেওয়া হইয়াছে।

অপর একটি প্রস্তাবে বাংলাকে পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষারূপে গ্রহণের জন্য গণ-পরিষদের নিকট দাবী করা হয়।

অধ্যাপকদের বৈঠক

বিশ্ববিদ্যালয়ের কলা বিভাগের ডীন ডাঃ আই, এইচ, জুবেরীর সভাপতিত্বে গতকল্য (রবিবার) বিশ্ববিদ্যালয়ের অধ্যাপকদের এক বৈঠক হইয়াছে। বৈঠকে সরকারকে অবিলম্বে বাংলাকে পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষারূপে ঘোষণা করার দাবী জানানো হইয়াছে। বৈঠকে শিক্ষার মাধ্যম হিসাবে যথাসম্ভব বাংলা প্রবর্তনের জন্য বিশ্ববিদ্যালয়কে অনুরোধ করা হইয়াছে। ২১শে ফেব্রুয়ারী ও পরবর্তী দিনসমূহে পুলিশ ও মিলিটারীর নির্বিচারে ছাত্র সমাবেশের উপর গুলীবর্ষণ এবং "নিষ্ঠুর হত্যাকাণ্ডের" তীব্র নিন্দা করা হয়। পুলিশ ও মিলিটারী কর্তৃক বিশ্ববিদ্যালয়ের মর্যাদা লংঘন সম্পর্কেও বৈঠকে নিন্দা করা হয়।

একটি প্রস্তাবে বিশ্ববিদ্যালয়ের ছাত্র ও অধ্যাপকদের উপর কাঁদানে গ্যাস নিক্ষেপের বিরুদ্ধে তীব্র প্রতিবাদ জ্ঞাপন করা হয়।

সম্মিলিত অধ্যাপকগণ হাইকোর্টের একজন বিচারপতির নেতৃত্বে গঠিত একটি বিচার বিভাগীয় কমিটির দ্বারা ঢাকার সাম্প্রতিক ঘটনাবলীর তদন্তের দাবী করিয়াছেন। অতঃপর তাঁহারা অন্যান্য প্রস্তাবের মধ্যে ঢাকার শোচনীয় ঘটনাবলীর জন্য দায়ী অফিসারদের অপসারণ, ১৪৪ ধারা প্রত্যাহার এবং পুলিশ ও মিলিটারী পাহারা উঠাইয়া লওয়ার দাবী করিয়াছেন। উপসংহারে তাঁহারা আহতদের ও নিহত ব্যক্তিদের পরিবারবর্গকে যথোপযুক্ত খেসারত দানের জন্য এবং অবিলম্বে বিনাশর্তে বন্দীদের মুক্তি দানের প্রস্তাব গ্রহণ করেন।

রবিবারে শহরের অবস্থার আরো উন্নতি

নানাস্থানে পুলিশের মৃদু লাঠিচার্জ: সান্ধ্য আইনের মেয়াদ হ্রাস

গতকল্য (রবিবার) ঢাকার অবস্থা অপেক্ষাকৃত শান্ত থাকে। তবে ইছলামপুর রোড ও ঢাকা রেল স্টেশনের আর-এম-এস অফিসের নিকট এক জনতার উপর পুলিশ লাঠি চার্জ করে। ফলে কয়েকব্যক্তি আহত হয়। দুজনকে মেডিক্যাল কলেজ হাসপাতালে প্রাথমিক চিকিৎসার পর ছাড়িয়া দেওয়া হয় বলিয়া জানা গিয়াছে। এইদিন শহরে সান্ধ্য আইন কিছুটা শিথিল করিয়া রাত্রি ৮টার বদলে ১০টা হইতে ভোর ৫টা করা হয়। সর্বত্র পুলিশ ও সামরিক প্রহরা পূর্ণমাত্রায় বজায় থাকে।

এইদিনে শহরের নানাস্থানে সরকারের সমালোচনামূলক নানান নতুন ধরণের প্রচারপত্র বিলি করা হয়। বহু গৃহ ও প্রাচীরগাত্র সংলগ্ন অনুরূপ বহু প্রাচীরপত্র পথচারীদের দৃষ্টি আকর্ষণ করে।

কিছুসংখ্যক পুলিশকে এই দিন বিভিন্ন রাস্তা হইতে প্রাচীরপত্রগুলি তুলিয়া ফেলিতে ব্যস্ত দেখা যায়।

এইদিন শহরে রিক্সা, ঘোড়ার গাড়ী ছাড়া অন্যান্য সর্বপ্রকার যানবাহন চলাচল বন্ধ থাকে। নওয়াবপুরের কয়েকটি ছোটখাটো দোকান ব্যতীত শহরের অন্যান্য এলাকার সমস্ত দোকান বন্ধ থাকে। এইদিন শহীদানের স্মৃতির প্রতি সম্মান প্রদর্শনের জন্য অনেকে রোজা রাখেন।

গত চারি দিবস ঢাকা বেতার কেন্দ্রে পূর্ণ হরতাল পালন করা হয়। ফলে কেবলমাত্র সংবাদ বুলেটিন ব্যতীত অন্য কোন অনুষ্ঠান প্রচারিত হয় নাই।

গতকল্য সকাল হইতে সলিমুল্লা মোছলেম হলে মাইকযোগে বক্তৃতা দেওয়া হয়। এই বক্তৃতায় উর্দু ভাষার ছাত্ররাও অংশগ্রহণ করেন। উর্দু ভাষার ছাত্রগণ বাঙ্গালী ছাত্রদের বর্তমান আন্দোলনকে মোবারকবাদ জানান এবং বাংলাকে অন্যতম রাষ্ট্রভাষা বলিয়া অনতিবিলম্বে ঘোষণা করার জন্য সরকারকে অনুরোধ জানান। এক শ্রেণীর দুষ্কৃতকারী বাংলা ও উর্দুভাষীদের মধ্যে বিভেদ সৃষ্টি করিয়া এই আন্দোলনকে বানচাল করিবার যে চেষ্টা করিতেছে, উর্দুভাষী ছাত্রগণ তাহার বিরুদ্ধে দারুণ ক্ষোভ প্রকাশ করেন।

করাচীর ছাত্রদের সমবেদনা

করাচী মেথরান হোস্টেলের ছাত্রগণ এক তারযোগে রাষ্ট্রভাষা সংগ্রামী কর্মীদের উপর পুলিশের গুলী চালনায় তীব্র প্রতিবাদ ও শহীদ ছাত্রবৃন্দের আত্মীয়-স্বজনের প্রতি সমবেদনা জানাইয়াছেন। এই ঘটনায় তদন্ত করিয়া প্রকৃত দোষীর শাস্তি বিধানের জন্য এই তারে সরকারকে অনুরোধ করা হয়।

পুলিশের কাজের প্রতিবাদ: বিশিষ্ট লীগ সদস্যদের বিবৃতি

ঢাকা, ২৪শে ফেব্রুয়ারী। গাইবান্ধা লীগের সেক্রেটারী জনাব সৈয়দুর রহমান, বগুড়া লীগের সেক্রেটারী জনাব ফজলুল বারী, নীলফামারী লীগের প্রেসিডেন্ট কাজী আবদুল কাদের বগুড়া লীগের ভাইস-প্রেসিডেন্ট জনাব আবদুল বারি, যশোর লীগের সেক্রেটারী জনাব শামছুর রহমান এবং বগুড়া লীগের প্রেসিডেন্ট জনাব হাবিবুর রহমান অন্য এক যুক্ত বিবৃতিতে গুলী বর্ষণে নিহত ব্যক্তিগণের শোকসন্তপ্ত পরিজনের প্রতি সমবেদনা জ্ঞাপন করে এবং বাংলাকে পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষারূপে গ্রহণ করিবার দাবী সমর্থন করেন।

শহীদ ছাত্রদের প্রতি আন্তরিক শ্রদ্ধা জ্ঞাপন

করাচীর পত্রিকাসমূহে প্রবন্ধ ঃ গুলীবর্ষণ সম্পর্কে তদন্ত দাবী

এখানকার 'ইভনিং স্টার' ও 'ইভনিং টাইমস' এই দুইটি দৈনিক পত্রিকাও ঢাকার সাম্প্রতিক গুলীবর্ষণ সম্পর্কে তদন্ত দাবী করিয়াছেন। গুলীবর্ষণের ফলে যাহারা নিহত হইয়াছেন তাহাদের জন্য পত্রিকা দুইটিতে গভীর শোক প্রকাশ করতঃ তাঁহাদের পরিবারবর্গের প্রতি সহানুভূতি জ্ঞাপন করা হইয়াছে।

অন্যান্য পত্রিকাগুলিতেও এই গুলীবর্ষণ সম্পর্কে তদন্তের জন্য সর্বসম্মত দাবী জানাইয়া ছাত্র শহীদদের জন্য আন্তরিক শোক প্রকাশ করা হইয়াছে।

"ইভনিং টাইমস"এ বলা হইয়াছে, "উর্দুর সহিত বাংলা ভাষাও যে পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষার মর্যাদা লাভ করিবে, তাহাতে কোনই সন্দেহ নাই। সুতরাং যতশীঘ্র এই প্রশ্নের মীমাংসা হয়, ততই মঙ্গল। বাংলা ভাষার দাবীর সমর্থকগণ দেশপ্রেমিক নন বলিয়া অপবাদ দেওয়া অন্যায়। এই দাবীর জন্য সংগ্রামে যাঁহারা প্রাণ দিয়াছেন, সেই বীর শহীদদের জন্য আমরা অন্তরের গভীর শ্রদ্ধা জ্ঞাপন করিতেছি। এই বীর শহীদগণ যে আদর্শে বিশ্বাস করিতেন, সেই আদর্শের জন্য প্রাণ দিয়াছেন। বাংলার এই তরুণগণ আত্মদানের ভিতর দিয়া যে সাহসিকতা ও তেজস্বিতার পরিচয় দিলেন, তাহাতে আমরা ইহাই আশা করিতে পারি যে, পাকিস্তান স্থায়ী হইবে। ছাত্রদের উপর গুলীবর্ষণের জন্যও পত্রিকায় তীব্র ভাষায় সংশ্লিষ্ট সরকার ও সরকারের ভ্রান্ত নীতির নিন্দা করা হয়।

বিশ্ববিদ্যালয় কর্মচারীদের সিদ্ধান্ত

বিশ্ববিদ্যালয় ও মেডিক্যাল কলেজ প্রাঙ্গণের মধ্যে পুলিশ কর্তৃপক্ষ নিরস্ত্র ছাত্রগণের উপর অহেতুক ও অন্যায় জুলুম এবং বেপরোয়া গুলী চালনার ফলে যে তরুণ ছাত্র নিহত ও আহত হইয়াছে, তাহাদের শোকসন্তপ্ত পরিবারবর্গের প্রতি এই সভা গভীর সমবেদনা জানাইতেছে। তাহাদের মৃত্যুতে আমরা আমাদের পরমাত্মীয়দের মৃত্যুজনিত শোক অনুভব করিতেছি। আমরা নিহতদের রূহের মাগফেরাত কামনা করি।

বিশ্ববিদ্যালয় ও মেডিক্যাল কলেজ প্রাঙ্গণের মধ্যে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের প্রতিবাদ সত্ত্বেও পুলিশের অহেতুক ও বেপরোয়া আক্রমণে শিক্ষায়তনের পবিত্রতা বিনষ্ট হইয়াছে।

এই সভা উহার তীব্র প্রতিবাদ করিতেছে এবং গভর্ণমেন্টের নিকট ভবিষ্যতে ইহার পুনরাবৃত্তি যাহাতে না হয়, তাহার প্রতিশ্রুতি দিতে এবং সরকারকে তাহাদের কুকর্মের জন্য ক্ষমা চাহিতে বলিতেছে।

এই প্রস্তাব কার্যকরী করার জন্য উপযুক্ত ব্যবস্থা অবলম্বনের জন্য আমরা বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষকে অনুরোধ জানাইতেছি।

এই ঘটনার জন্য দায়ী সরকারী কর্মচারীগণকে অবিলম্বে সাসপেন্ড করা হউক এবং ....অন্যায়ভাবে আটক ছাত্রদের মুক্তি দেওয়া হউক।

ছাত্রদের প্রতি অন্যায় জুলুম ও বিশ্ববিদ্যালয়ের পবিত্রতা নষ্ট করার প্রতিবাদে বিশ্ববিদ্যালয়ের কর্মচারিবৃন্দ রবিবার কাজে যোগদান হইতে বিরত থাকেন।

লাহোরেও তদন্তের দাবী

লাহোর, ২৩শে ফেব্রুয়ারী।—গণতন্ত্রী ছাত্র ফেডারেশনের কার্যনির্বাহী কমিটি অদ্য এখানে ঢাকার ছাত্রদের উপর পুলিশের গুলীবর্ষণের বিরুদ্ধে তীব্র প্রতিবাদ জ্ঞাপন করে।

সভায় নিহতদের প্রতি সহানুভূতি প্রদর্শন করিয়া গুলীবর্ষণ সম্পর্কে তদন্তের দাবী জানায়।

রাষ্ট্রভাষার প্রশ্নে সোহরাওয়ার্দী

হায়দাবাবাদ ২৪শে ফেব্রুয়ারী: জনাব এইচ. এস. সোহরাওয়ার্দী সংবাদপত্রে এক বিবৃতি দান প্রসঙ্গে ঢাকায় গুলীবর্ষণের ফলে নিহত ব্যক্তিদের শোকসন্তপ্ত পরিবারবর্গের প্রতি সহানুভূতি জ্ঞাপন করেন।

তিনি বলেন আমি একদিকে শুনিতেছি ছাত্ররা শান্ত ছিল এবং আর একদিকে শুনিতেছি, তাহারা পুলিশের প্রতি ইটপাটখেল নিক্ষেপ করিয়াছিল। সুতরাং স্বভাবতই প্রশ্ন উঠে পুলিশ ঘটনা স্থলে কি করিতেছিল এবং আইন সংগতভাবে বিক্ষোভ প্রদর্শনের জন্য তাহারা কেন শান্তিপূর্ণভাবে শোভাযাত্রা করিতে দেয় নাই।

তিনি বলেন ঘটনা বর্তমানে ঘটিলেও বহু পূর্বেই পূর্ব বংগে ভাষা সম্পর্কে বিতর্ক দেখা দিয়াছে। আমি সেই সময় একটি জনসভায়ও এক বিবৃতিতে বলিয়াছিলাম, যে আদর্শের ভিত্তিতে পাকিস্তান প্রতিষ্ঠিত হইয়াছে তদনুসারে উর্দুই হইবে পাকিস্তানের রাষ্ট্রভাষা। কিন্তু সেই সময় আমি ইহাও বলিয়াছিলাম যে, বাংলা পাকিস্তানের জনগণের একটি বিরাট অংশের মাতৃভাষা প্রকৃতপক্ষে ইহা জনসাধারণের সংখ্যাগুরু অংশের মাতৃভাষা।

বাংলার বুকে উর্দুকে অবশ্য জোর করিয়া চাপাইয়া দেওয়া হইবে না, তবে বিদ্যালয়ে আবশ্যিক দ্বিতীয় ভাষারূপে ইহা পড়ান হইবে এবং যথাসময়ে এই প্রদেশবাসীগণ এই ভাষার সহিত পরিচিত হইয়া উঠিলে প্রদেশের শিক্ষিত সমাজ ও সরকারী কর্মচারিগণ আপনা হইতেই ইহা পড়িতে ও লিখিতে শুরু করিবে। তখন উর্দু তাহাদের নিকট গৌরবজনক মর্যাদাই লাভ করিবে এবং পূর্ব পাকিস্তানীরাও দুই ভাষাভাষী হইবে। পারস্পরিক সমঝোতা ও সম্প্রীতির ভাব রক্ষার জন্য পশ্চিম পাকিস্তানেও বাংলা ভাষা শিক্ষা দেওয়া উচিত... ....

.... ইহাই সমস্যা সমাধানের বাস্তব উপায়। কিন্তু কর্তৃপক্ষ উর্দুকে রাষ্ট্রভাষা করিবার জন্য বারংবার জেদ করিবার প্রতিক্রিয়া হিসাবে দুর্ভাগ্যজনক পরিণতি ঘটিয়াছে। মোট কথা বাংলায় বা পশ্চিম পাকিস্তান উর্দুর প্রসারের জন্য যখন কোন চেষ্টা করা হইতেছে না তখন এই প্রশ্ন উত্থাপনের হেতু কি? ইহা অত্যন্ত পরিতাপের বিষয় যে, পশ্চিম পাকিস্তানের জনসাধারণ পূর্ব পাকিস্তান সম্পর্কে বিশেষ কিছুই অবগত নহে। তজ্জন্য অনেক সংবাদপত্রের সম্পাদক ফাঁদে পড়িয়াছেন। উর্দুকে রাষ্ট্রভাষা করা সম্পর্কে প্রধানমন্ত্রীর এবং প্রচার বিভাগের মতামত অবগত হইবার জন্য আমি পত্র লিখিয়াছিলাম এবং তাঁহাদের অভিমত জানিতে পারিলে একটি বিবৃতি দিবার সিদ্ধান্ত করিয়াছিলাম কিন্তু আমি তাঁহাদের নিকট হইতে কোন জওয়াব পাই নাই। বর্তমান পরিস্থিতির দরুণ আমাকে বাধ্য হইয়া এই ক্ষুদ্র বিবৃতি দিতে হইল।

ফেব্রুয়ারী ২৬

সোমবার ঢাকা শহরে শান্তিপূর্ণ হরতাল পালিত

পাঁচদিন পর অদ্য স্বাভাবিক নাগরিক জীবন পুনরারম্ভ

জননিরাপত্তা আইন অনুসারে পাঁচজন বিশিষ্ট ব্যক্তি গ্রেফতার

(স্টাফ রিপোর্টার)

গতকল্য (সোমবার) রাষ্ট্রভাষা আন্দোলনের পঞ্চম দিবসে ঢাকা শহরে সর্বত্র পূর্ণ হরতাল প্রতিপালিত হয়। ঐদিন সকল প্রকার যানবাহন, বাজার, দোকান-পাট, ব্যাংক, সিনেমা ও খেলাধুলো বন্ধ থাকে এবং কেন্দ্রীয় ও প্রাদেশিক সরকারের অফিসগুলি ও আদালতসমূহ জনশূন্য বলিয়া প্রতীয়মান হয়।

সোমবারে শহরে উত্তেজনাপূর্ণ আবহাওয়া বিরাজমান থাকিলেও কোনরূপ দুর্ঘটনার সংবাদ পাওয়া যায় নাই এবং ছাত্রদের মধ্যে কেহ গ্রেফতার হইয়াছে বলিয়াও শোনা যায় নাই। অদ্য মঙ্গলবার হইতে শহরে সম্পূর্ণ স্বাভাবিক অবস্থা ফিরিয়া আসিবে বলিয়া মনে হয়।

সকাল হইতে সলিমুল্লা মুসলিম হল প্রাঙ্গণে ছাত্র ও জনসাধারণকে জমায়েত হইতে দেখা যায় এবং বহু বক্তা মাইকযোগে বাংলাকে রাষ্ট্রভাষা করার এবং অবিলম্বে ১৪৪ ধারা প্রত্যাহারের দাবীতে বক্তৃতা করেন।

বেলা প্রায় ১১টার সময় পুলিশ বাহিনী, ই, পি, আর, দল সলিমুল্লা মুসলিম হল হইতে মাইক ছিনাইয়া লইবার জন্য হল প্রাঙ্গণে প্রবেশ করিয়া হলগৃহ ঘিরিয়া ফেলে। কিন্তু হলের ভিতরে গেট বন্ধ থাকায় পুলিশ বাহিনী ভিতরে প্রবেশ করিতে সক্ষম হয় না।

এই সময় সলিমুল্লা হলের প্রভোষ্ট ডঃ ওছমান গণি দুইজন অধ্যাপকসহ ঘটনাস্থলে উপস্থিত জেলা-ম্যাজিস্ট্রেটের সহিত আলাপ-আলোচনা করেন। আলোচনার পর ছাত্রগণ ডঃ গণির অনুরোধক্রমে মাইকটি তাঁহার (ডঃ গণির) হাতে দেয়। কিছুক্ষণ পর পুলিশ ও ই. পি, আর বাহিনী ঘটনাস্থল হইতে চলিয়া যায়।

তারপর অনুমান ৪ হাজার লোকের এক সভা হয় ....।

বাংলাকে অন্যতম রাষ্ট্রভাষা করিবার দাবী আদায়ের আশ্বাসঃ

পূর্ব পাকিস্তান মুসলিম লীগ ওয়ার্ক কমিটির প্রস্তাব

ধ্বংসাত্মক কার্য্য হইতে বিরত থাকার উপদেশ

পূর্ব্ব পাকিস্তান মুসলিম লীগ ওয়ার্কিং কমিটির বৈঠকে গৃহীত এক প্রস্তাবে জনসাধারণকে দৃঢ় আশ্বাস দেওয়া হইয়াছে যে, গণপরিষদ কর্তৃক যাহাতে বাংলা অন্যতম রাষ্ট্রভাষা হিসাবে গৃহীত হয় তজ্জন্য লীগ পার্লামেন্টারী দলের সুপারিশ আদায়ের অভিপ্রায়ে ওয়ার্কিং কমিটি সর্ব্বপ্রকার চেষ্টা করিবেন।

প্রাদেশিক লীগ ওয়ার্কিং কমিটির তিন দিনব্যাপী বৈঠক গতকল্য (সোমবার) সমাপ্ত হইয়াছে।

ওয়ার্কিং কমিটি ধ্বংসাত্মক কার্য্যে লিপ্ত লোকদের সহিত সকল সম্পর্ক ছিন্ন করিতে এবং পাকিস্তানের স্বাধীনতা ও সার্ব্বভৌমত্ব হরণের জন্য যে সকল শত্রু চেষ্টা করিতেছে তাহাদের আক্রমণাত্মক মতলব হইতে পাকিস্তানকে রক্ষা করার ব্যাপারে সাহায্য করিতে জনসাধারণ এবং ছাত্রবৃন্দকে অনুরোধ করেন।

মুছলমানদের ঐক্য ও সংহতির জন্যও ওয়ার্কিং কমিটির প্রস্তাবে আবেগময় আবেদন জানান হয়।

ওয়ার্কিং কমিটির প্রস্তাবে বলা হইয়াছেঃ পুলিশের গুলী বর্ষণের ফলে কয়েকজন ছাত্র ও সাধারণ লোক নিহত হওয়ায় গভীর দুঃখ প্রকাশ করিয়া এবং পুলিশের কাজের তদন্তের জন্য বিচার বিভাগীয় তদন্ত কমিটি গঠন ও অপরাধীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণের দাবী জানাইয়া ২৩শে ফেব্রুয়ারী ওয়ার্কিং কমিটি প্রস্তাব গ্রহণ করিয়াছিলেন, তাহার পরে পরিস্থিতির উন্নতি হয় নাই, আইন ও শৃংখলা ভংগের জন্য জনসাধারণ প্রকাশ্যে প্ররোচিত হইতেছে এবং পরিস্থিতিকে আরও অবনত করার জন্য আতংক ও হিংসাত্মক কাজ অবাধে চলিতেছে বলিয়া কমিটি গভীর দুঃখের সহিত লক্ষ্য করিতেছেন।

গভীর উৎকণ্ঠার সহিত কমিটি আরও লক্ষ্য করিতেছেন যে, কম্যুনিষ্ট এবং বিদেশী দালালগণ প্রচুর উপকরণ লইয়া পূর্ব্ববংগে অনুপ্রবেশ করিতেছে এবং আওয়ামী লীগ, যুবলীগ ও অসন্তুষ্ট রাজনৈতিক সুবিধাবাদীদের সহযোগিতায় নিজেদের স্বার্থসিদ্ধির জন্য আন্দোলনের মোড় ঘুরাইবার চেষ্টা করিতেছে।

তাহারা ট্রেন লাইন তুলিয়া ফেলিয়া, তার ও টেলিফোন যোগাযোগ বিচ্ছিন্ন করিয়া, বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা বানচাল করিয়া এবং জনসাধারণকে মৃত্যু অথবা মারপিটের ভয় দেখাইয়া সরকারকে অচল করিয়া ফেলার জন্য পরিকল্পনা করিতেছে।

দেশে আইন ও শৃংখলা ভংগ করিয়া পাকিস্তানকে বিচ্ছিন্ন করিতে ও পাকিস্তান ধ্বংস করিতে তাহারা ধ্বংসাত্মক অভিযান শুরু করিয়াছে...........।

অদ্য শহীদ স্মৃতি স্তম্ভ উদ্বোধন

অদ্য (মঙ্গলবার) সকাল সাড়ে নয়টায় মেডিক্যাল কলেজ হোষ্টেল প্রাঙ্গণে "আজাদ" সম্পাদক জনাব আবুল কালাম শামসুদ্দিন "শহীদ স্মৃতি স্তম্ভ" উদ্বোধন করিবেন।

বাংলাকে রাষ্ট্রভাষা করিতে না পারিলে পদত্যাগ করিব:

গণ-পরিষদের সদস্য জনাব এ, এম, এ, হামিদের প্রতিশ্রুতি

পূর্ব্ব ব্যবস্থা পরিষদ ও পাকিস্তান গণ-পরিষদের সদস্য এ, এম, আবদুল হামিদ সংবাদপত্রে প্রকাশনার্থ নিম্নলিখিত বিবৃতি দিয়াছেনঃ

"আমি সম্যক উপলব্ধি করিয়াছি যে, বাংলাকে পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষা করার দাবী প্রতিষ্ঠার জন্য প্রচেষ্টা চালানোই আমার কর্তব্য। বাংলাকে পাকিস্তানের রাষ্ট্রভাষার মর্য্যাদাদানের জন্য আমি পাক গণ-পরিষদে যথাসাধ্য চেষ্টা করিব।"

"আমি ঘোষণা করিতেছি যে, যদি আমি ইহাতে অসমর্থ হই, তবে আমি অবশ্যই গণ-পরিষদ হইতে পদত্যাগ করিব।"

সংগ্রাম পরিষদ কর্তৃক প্রধান মন্ত্রীর বেতার বক্তৃতার নিন্দা

ব্যক্তিবিশেষকে কেন্দ্র করিয়া ভাষা আন্দোলনের সৃষ্টি নহে বলিয়া আহবায়কের উক্তি

জনাব ফজলুল হক সংক্রান্ত সংবাদের সহিত সম্পর্ক অস্বীকার

প্রধান মন্ত্রী জনাব নূরুল আমীন তাঁর সাম্প্রতিক বেতার বক্তৃতায় ভাষা আন্দোলন সম্পর্কে যে মন্তব্য করিয়াছেন তাহার প্রতিবাদে সর্ব্বদলীয় রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদের কনভেনর জনাব কাজী গোলাম মাহবুব এক বিবৃতি দান করিয়াছেন। মওলবী এ, কে, ফজলুল হককে বাংলার প্রধান মন্ত্রীর গদীতে বসাইবার আহবান জানাইয়া সম্প্রতি যে এশতেহার প্রচারিত হইয়াছে জনাব কাজী গোলাম মাহবুব তাহার উল্লেখ করতঃ জানাইয়াছেন যে, ঐ এশতেহারের সহিত তাঁহার কোনও সংশ্রব নাই।

জনাব কাজী গোলাম মাহবুব বলেনঃ—

"প্রধানমন্ত্রী জনাব নূরুল আমীন বেতার বক্তৃতায় ভাষা আন্দোলনের উপর যে কটাক্ষ করিয়াছেন, আমরা তাহার তীব্র নিন্দা করি। আমরা জনসাধারণের কাছে তাঁর বক্তব্যের আসল রূপ প্রকাশ করিয়া দেওয়া প্রয়োজন মনে করি।

জনাব নূরুল আমীন বলিয়াছেন যে, ভাষা বা অপর কোন সমস্যা সম্পর্কে শাসনতন্ত্র মোতাবেক জনমত প্রকাশ করা হইলে তাহার কন্ঠরোধ করার কোনও ইচ্ছা সরকারের নাই। তাঁর কার্য্যকলাপ এবং ঢাকার বুকে অনুষ্ঠিত সাম্প্রতিক হত্যা এবং পুলিশ ও মিলিটারীর আচরণই প্রমাণ করিতেছে যে, এই উক্তি সর্ব্বৈব মিথ্যা। যে শাসনতন্ত্রের উপর নূরুল আমীন সরকার প্রতিষ্ঠিত, তাহা বৃটিশ আমলের কুখ্যাত দমনমূলক আইন ও অর্ডিনান্সেরই সমষ্টি। এই দমনমূলক আইনের বলেই তিনি তাঁহার স্বৈরাচারী শাসন কায়েম রাখিয়াছেন।

জনাব নূরুল আমীন আরও বলিয়াছেন যে, আন্দোলনকারীরা পাকিস্তানের বাহির হইতে প্রেরণা পাইতেছেন। এই উক্তি প্রমাণ করিবার জন্য আমরা তাঁহাকে চ্যালেঞ্জ করিতেছি। বর্তমান আন্দোলন সমগ্র দেশবাসীর আন্দোলন এবং ইহার নেতৃত্ব করিতেছেন বিভিন্ন দল ও মতাবলম্বী কর্মীবৃন্দ। জনাব নূরুল আমীন তাঁহার ঘৃণ্য কার্যকলাপ আজ আর গোপন রাখিতে পারিতেছেন না, তাই তিনি এবং লীগ নেতৃবৃন্দ মিথ্যা রটনার পথ বাছিয়া লইয়াছেন। কিন্তু আমরা বিশ্বাস করি যে, যে জনতা গুলির সম্মুখে বুক পাতিয়া দিয়াছে তাহারা এই সমস্ত অপপ্রচারে বিভ্রান্ত হইবে না।

তৃতীয়তঃ আইন ও শৃঙ্খলা ভঙ্গ করিয়া শান্তি বিনষ্ট করার জন্য কেন্দ্রীয় সংগ্রাম পরিষদ ও জনসাধারণের উপর তিনি যে দোষারোপ করিয়াছেন তাহার উপর মন্তব্য নিষ্প্রয়োজন। আমরা শুধু এইটুকুই বলিতে চাই যে, সরকারের পুলিশ ও মিলিটারীই শান্তিভঙ্গ করিয়াছে এবং বর্তমান বিশৃঙ্খলার জন্য সরকারই দায়ী। সংগ্রাম পরিষদ বরাবরই শান্তিপূর্ণ আন্দোলনের কথা বলিয়াছেন এবং এখনও শান্তিপূর্ণ হরতালের নির্দেশ দিয়াছেন, আমরা সর্ব্বপ্রকার বিশৃঙ্খলার বিরোধী।

জনাব নূরুল আমিন আরও বলিয়াছেন যে, ছাত্রগণ জনসভা ও শোভাযাত্রা করার অনুমতি চাহিলে জেলা ম্যাজিস্ট্রেট ঐরূপ অনুমতি দিতেন। কিন্তু আসল ব্যাপার এই যে, সংগ্রাম পরিষদ অনুমতি প্রার্থনা করিয়া ব্যর্থকাম হইয়াছেন।

অতঃপর জনাব নুরুল আমীন "ব্যবস্থা পরিষদ কর্তৃক বাংলা ভাষার দাবী স্বীকৃত হওয়ার পরও হরতাল পালন" সম্পর্কে যাহা বলিয়াছেন, সে প্রসঙ্গে আমাদের বক্তব্য সুস্পষ্ট......আমাদের দাবী মানিয়া লইলেই আন্দোলন ক্ষান্ত হইবে। অন্যথায় শহীদানের বুকের রক্ত-রঞ্জিত শপথ লইয়া জনসাধারণের আগাইয়া চলার অভিযান কিছুতেই ক্ষান্ত হইবে না।

প্রধানমন্ত্রী নুরুল আমীন তাঁহার বক্তৃতায় মিলিটারীর কাজের সমর্থনে যে সমস্ত উক্তি করিয়াছেন, তাহা জনসাধারণের তীব্র ঘৃণারই উদ্রেক করে।

এই ব্যাপারে দুইটি বিষয়ে আমরা জনসাধারণকে সতর্ক করিয়া দেওয়ার প্রয়োজনীয়তা অনুভব করিতেছি।

প্রথমতঃ জনাব এ, কে, ফজলুল হককে পূর্ব্ববঙ্গের প্রধানমন্ত্রীর গদীতে বসাইবার আহ্বান জানাইয়া প্রকাশিত এশ্‌তেহার। রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদের সহিত এই এশ্‌তেহারের কোন সম্পর্ক নাই। আমরা সুস্পষ্টভাবে ঘোষণা করিতেছি যে, আমাদের আন্দোলন কোন বিশেষ ব্যক্তি বা দলকে কেন্দ্র করিয়া নহে আমাদের আন্দোলন সর্ব্বদলীয়।

দ্বিতীয়তঃ, প্রাদেশিক লীগ ও বিভিন্ন লীগ নেতৃবৃন্দ এখন কুম্ভীরাশ্রু বর্ষণ করিয়া জনসাধারণকে বুঝাইতে চাহিতেছেন যে, তাঁহারা ভাষা আন্দোলনের সমর্থক। জনগণ লীগের এই চালে বিভ্রান্ত হইবে না। শহরে যে নরহত্যা সংঘটিত হইয়াছে পুলিশ-মিলিটারী যে জঘন্য আচরণ করিয়াছে তাহার জন্য দায়ী মুসলিম লীগ ও লীগ সরকারই। এই হত্যাকাণ্ডের জওয়াব মুসলিম লীগকেই দিতে হইবে। সেই কারণেই আমরা দেখিয়াছি যে, ব্যবস্থা পরিষদের বহু সদস্য পূর্ব্ববঙ্গ লীগ পার্লামেন্টারী পার্টি হইতে পদত্যাগ করিয়াছেন। আমরা এই সমস্ত পদত্যাগী সদস্যকে আন্তরীক অভিনন্দন জানাইতেছি।

ফেব্রুয়ারী ২৭

সলিমুল্লা মুসলিম হলে পুলিশ কর্তৃক তল্লাসী

বিশ্ববিদ্যালয়ের কয়েকজন অধ্যাপক ও বহু ছাত্র গ্রেফতার

মেডিক্যাল হোস্টেলে নির্মিত শহীদ স্মৃতিস্তম্ভের বিলোপ

গতকল্য (মঙ্গলবার) প্রায় বেলা আড়াই ঘটিকায় সলিমুল্লা মুসলিম হলে খানাতল্লাসী হয়। বহু পুলিশ হলের অভ্যন্তরে প্রবেশ করিয়া প্রত্যেকটি কামরা তল্লাসী করে। এই তল্লাসী প্রায় দুই ঘণ্টা যাবৎ চলে। পরে অনুমান ৩০ জন ছাত্রকে পুলিশ গ্রেফতার করে। মুসলিম হলের হাউস টিউটর ডঃ মফিজউদ্দিন আহমদকেও পুলিশ গ্রেফতার করিয়াছে বলিয়া জানা গিয়াছে।

তল্লাসীর সময় ভাইস চ্যান্সেলর, মুসলিম হলের প্রভোষ্ট, বিশ্ববিদ্যালয়ের রেজিষ্ট্রারকে গেটের নিকট দাঁড়াইয়া থাকিতে দেখা যায়। প্রকাশ, পুলিশ তাঁহাদিগকে ভিতরে প্রবেশ করার অনুমতি দেয় নাই। মেডিক্যাল হোস্টেল প্রাঙ্গণে নির্মিত শহীদ স্মৃতি স্তম্ভ পুলিশ ভাঙ্গিয়া দিয়াছে।

এই দিন ভোরে বিশ্ববিদ্যালয়ের প্রোক্টর মোজাফফর আহমদ চৌধুরী, অধ্যাপক মুনির চৌধুরী ও অধ্যাপক ডঃ পি, সি, চক্রবর্তীকে পুলিশ গ্রেফতার করে। ইহাদের ছাড়াও জগন্নাথ কলেজের প্রফেসর অজিত কুমার গুহ এবং বরিশালের এম, এল, এ মিঃ সতীন্দ্রনাথ সেনকেও পুলিশ গ্রেফতার করে।

বেলা প্রায় আড়াইটার সময় পুলিশ মুসলিম হলের গেটের তালা ভাঙ্গিয়া ভিতরে প্রবেশ করে এবং প্রত্যেক কামরা তন্ন তন্ন করিয়া খানাতল্লাসী করে। এই তল্লাসীর সময় ছাত্রগণ কোন প্রকার বাধা দেন নাই। ছাত্রগণ অভিযোগ করেন যে, তল্লাসীর সময় পুলিশ বহু পুস্তক ও অন্যান্য জিনিসপত্র লইয়া গিয়াছে। প্রকাশ, জনৈক ছাত্রের অভিভাবক একটি বন্দুক আনিয়াছিলেন, পুলিশ সেই বন্দুকটিও লইয়া যায়।

গতকল্য মেডিক্যাল কলেজ হোস্টেলে শহীদানের যে স্মৃতিস্তম্ভ উদ্বোধন করা হইয়াছিল, পুলিশ সন্ধ্যায় তাহা ভাঙ্গিয়া ফেলিয়াছে।

গতকল্য (মঙ্গলবার) শহরে স্বাভাবিক অবস্থা ফিরিয়া আসে। একমাত্র শিক্ষায়তনসমূহ ছাড়া শহরের প্রতিটি দোকান ও অফিস কাছারী পুনরায় খোলা হয় এবং সেখানে স্বাভাবিকভাবেই কাজ-কর্ম চলে। শহরের রাস্তায় অন্যান্য দিনের চাইতে গতকল্য যানবাহন এবং জনতারও অধিক ভীড় পরিলক্ষিত হয়। শহরে সিনেমা গৃহসমূহ ও সার্কাস পার্টি এই কয়দিন বন্ধ থাকিবার পরে পুনরায় খোলা হয়। জাতীয় ফুটবল প্রতিযোগিতা খেলাও এইদিন অনুষ্ঠিত হয়।

ব্যাংক এবং পোষ্ট অফিস গত কয়েক দিন সম্পূর্ণরূপে বন্ধ থাকিবার ফলে সেখানে গতকল্য অধিক জনতার ভিড় পরিলক্ষিত হয়।

বাংলাকে অন্যতম রাষ্ট্রভাষা হিসাবে স্বীকৃতি দানের প্রশ্ন গণপরিষদের আগামী অধিবেশনে আলোচনা—

জনাব নূর আহমদ কর্তৃক প্রস্তাব উত্থাপনের নোটিশ দান

চট্টগ্রাম, ২৬শে ফেব্রুয়ারী—আগামী ২০শে মার্চ পাকিস্তান গণপরিষদের যে অধিবেশন হইবে, জনাব নূর আহমদ তাহাতে উর্দুর সহিত বাংলাকেও পাকিস্তানের রাষ্ট্রভাষা বলিয়া গ্রহণের জন্য একটি প্রস্তাব উত্থাপন করিবেন।

জনাব নূর আহমদ ইতিমধ্যেই পাকিস্তান গণপরিষদের সভাপতির নিকট এ সম্পর্কে একটি নোটিশও পেশ করিয়াছেন।

লাহোরস্থ পূর্ব পাক ছাত্রদের প্রস্তাব

লাহোর, ২৫শে ফেব্রুয়ারী।—গত শনিবার লাহোরের উইং হলে জনাব মুস্তাফিজুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত লাহোরস্থ পূর্ব পাকিস্তানী ছাত্রদের এক সভায় ঢাকার সাম্প্রতিক দুর্ঘটনার জন্য গভীর দুঃখ প্রকাশ ও ছাত্রদের উপর গুলিবর্ষণের তীব্র নিন্দা করা হয়।

সভায় শহীদ দেশ-প্রেমিক যুবকদের রূহের মাগফেরাত ও তাদের শোকসন্তপ্ত পরিবারবর্গের এবং পুলিশের ও সশস্ত্র বাহিনীর আক্রমণে আহতদের প্রতি সমবেদনা জ্ঞাপন করা হয়।

সভায় বেসরকারী সদস্যদের দ্বারা গঠিত তদন্ত কমিশন কর্তৃক ঢাকার এই মর্মান্তিক ঘটনার তদন্ত এবং হত্যার জন্য দায়ী কর্মচারীদিগকে অনতিবিলম্বে স্থায়ীভাবে পদচ্যুতি ও বিচার দাবী করা হয়।

সভায় পাকিস্তান গণপরিষদকে বাংলা পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষা করার অনুরোধ জানান হইয়াছে।

পুলিশ জুলুমের নিন্দা—

ঢাকার মহিলাদের সভায় প্রস্তাব গ্রহণ

ঢাকার নিরীহ ছাত্র ও জনসাধারণের উপর পুলিশের গুলি সম্পর্কে প্রতিবাদে ১২ নং অভয় দাস লেনে মহিলাদের এক বিরাট সভা হয়। সভার বিশেষত্ব ছিল এই যে, শহরে রিক্সা ও ঘোড়ার গাড়ী বন্ধ থাকা সত্বেও বহুদূর হইতে পায়ে হাঁটিয়া বৃদ্ধা ও বয়সী মহিলারা পর্যন্ত এই সভায় যোগদান করেন।

সভায় গৃহীত একটি প্রস্তাবে ২১শে ফেব্রুয়ারী ও পরবর্তী দুইদিনের ছাত্র ও জনসাধারণের উপর পুলিশ ও মিলিটারীর "নিষ্ঠুর" গুলিবর্ষণ, লাঠিচার্জ ও টিয়ার গ্যাস বর্ষণের তীব্র নিন্দা করা হয় এবং শহীদদের রুহের মাগফেরাত ও তাহাদের শোকসন্তপ্ত পরিবারবর্গের প্রতি সমবেদনা জ্ঞাপন এবং হাসপাতালে আহতদের দ্রুত নিরাময় কামনা করা হয়।

সভায় ঢাকার হত্যাকান্ডের তদন্তের পর দোষী কর্মচারীদের প্রকাশ্য বিচার ও উপযুক্ত শাস্তি দাবী করা হয়।

শহরে অকারণে ১৪৪ ধারা জারী করার তীব্র নিন্দা করিয়া সভায় প্রস্তাব গৃহীত হয়।

নুরুল আমীনের কাজের সমালোচনা—

জনাব এ, সবুরের বিবৃতি

প্রাদেশিক লীগ পার্লামেন্টারী পার্টির সদস্য ও খুলনা জেলা লীগের প্রেসিডেন্ট জনাব আবদুস সবুর অসুস্থ অবস্থায় ঢাকা মেডিক্যাল কলেজে আছেন। তিনি পুলিশের সাম্প্রতিক গুলিবর্ষণের নিন্দা করিয়া নিম্নোক্তরূপ বিবৃতি দান করিয়াছেনঃ—

গত ২১শে ফেব্রুয়ারী হইতে ঢাকায় যে সকল কান্ড ঘটিয়াছে, তাহা হাসপাতালের রোগশয্যায় থাকিয়া আমি কিছু কিছু উপলব্ধি করিতেছি। ছাত্রদের উপর যে জুলুম চলিয়াছে তাহা অমানুষিক এবং অকারণে এই জুলুমের অনুষ্ঠান করা হইয়াছে। সরকার ও ছাত্ররা সবাই যখন বাংলা ভাষাকে রাষ্ট্রভাষা করিতে চায়, তখন বিরোধ কোথায়? ১৪৪ ধারারই বা প্রয়োজন কেন হইয়াছিল?

জনাব নুরুল আমীন গত ২৪শে ফেব্রুয়ারী তারিখে তাহার বেতার বক্তৃতায় ১৪৪ ধারা জারীর যে কারণ দর্শাইয়াছেন, তাহার উৎস কোথায়, অনুমান করা শক্ত নহে। গত কয়েকদিন ধরিয়া ঢাকার একখানি তৃতীয় শ্রেণীর ইংরেজী দৈনিক বিদেশী গুজব ও ভারতীয় এজেন্ট-এর এবং বিশেষ করিয়া হিন্দু ষড়যন্ত্রের আওয়াজ তুলিয়া ছাত্র ও জননেতাদের উপর জুলুমের রথচক্র চালাইবার যে হীন পরামর্শ দিতেছিল, নুরুল আমীন সাহেব তাহার দ্বারা পরিচালিত হইতেছে। ক্ষমতালোলুপতা ত্যাগ করিয়া একটু প্রকৃতিস্থ হইয়া চিন্তা করিলে তিনি বুঝিতে পারিবেন যে, অহমিকার বশে দেশকে তিনি কোথায় লইয়া যাইতেছেন।

জনাব মোয়াজ্জেম উদ্দীন হোসেন কর্তৃক প্রধানমন্ত্রীর বেতার বক্তৃতার সমালোচনা

অবিভক্ত বাংলার প্রাক্তন শিক্ষা সচিব সৈয়দ মোয়াজ্জেম হোসেন এক বিবৃতিতে বলেন, পূর্ব বঙ্গের প্রধানমন্ত্রী জনাব নুরুল আমীনের সর্বশেষ বেতার বক্তৃতায় মনে হয় যে, ছাত্রগণ রাষ্ট্রবিরোধী কার্যকলাপে উম্মুখ হইয়া আইন ও শৃংখলা ভংগ করিবার ফলেই পুলিশ গুলি করিতে বাধ্য হইয়াছিল। যদি ইহাই সত্য হয় যে, ছাত্রগণ বাহিরের উস্কানীতে আইন ও শৃংখলার ব্যাঘাত ঘটাইতেছিল, তবে তাহাদিগকে পশুপক্ষীর মত হত্যা না করিয়া যথার্থ ব্যবস্থা অবলম্বন বিধেয় ছিল।

তিনি আরও বলেনঃ জনাব প্রধানমন্ত্রীর মতে এই আন্দোলন ও বিক্ষোভের পিছনে অন্যের উস্কানী রহিয়াছে। একমাত্র ছাত্রগণই এজন্য দায়ী নহে। যদি তাহাই হয় তবে ছাত্রদের উপর গুলি বর্ষণের হুকুম জারী করা নেহায়েত বিকৃত মস্তিষ্কেরই পরিচায়ক মাত্র।

জনাব নুরুল আমীন যে সমস্ত বিবৃতি দিয়াছেন তাহা দ্বারা জনসাধারণকে আর বিভ্রান্ত করা চলিবে না। গত দুই সপ্তাহের সংবাদপত্র পাঠে ইহা স্পষ্ট বুঝা যাইবে যে, রাষ্ট্রভাষা সম্পর্কে ছাত্রদের মধ্যে একটি বিশেষ জাগরণের সৃষ্টি হইয়াছে এবং এ ব্যাপারে তাহারা জনসাধারণ ও স্থানীয় অধিকাংশ সংবাদপত্রের পূর্ণ সমর্থন পাইতেছে। এই আন্দোলন শুরু করিবার জন্য ছাত্র ও জনসাধারণ বাহির হইতে কোন উস্কানী পায় নাই। ইহাতে প্রমাণ হয় যে, সরকার আশংকিত কোন অশান্তি দমনের জন্য ১৪৪ ধারা জারী করেন নাই।

জনাব সোহরাওয়ার্দ্দীর সাম্প্রতিক বিবৃতিঃ

পূর্ব পাক আওয়ামী মোছলেম লীগ সেক্রেটারীর তীব্র সমালোচনা

ঢাকা, ২৫শে ফেব্রুয়ারী,—পূর্ব পাকিস্তান আওয়ামী মোছলেম লীগের জেনারেল সেক্রেটারী জনাব শামসুল হক এক বিবৃতি প্রসঙ্গে বলেন, “অন্য কয়েকটি সংবাদপত্রে জনাব শহিদ সোহরাওয়ার্দ্দীর এক বিবৃতি দেখিয়া আমরা অত্যন্ত বিস্মিত হইলাম। উহাতে তিনি পরোক্ষভাবে উর্দুকেই পাকিস্তানের রাষ্ট্রভাষারূপে গ্রহণের জন্য ওকালতী করিয়াছেন। তিনি প্রকৃত প্রস্তাবে এরূপ বিবৃতি দিয়াছেন কিনা তাহা আমরা সঠিক জানি না। কিন্তু আমরা ইহা সঠিকভাবে অবগত আছি যে, গত বৎসর আরমানীটোলার এক বিরাট জনসভায় তিনি পরিষ্কারভাবে ঘোষণা করিয়াছিলেন যে, বাংলাকে পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষারূপে গ্রহণ করা উচিত। এখন কি করিয়া তিনি ইহার বিপরীত বিবৃতি দিতেছেন, যাহা আমরা বুঝিতে পারিতেছি না। আমরা এ সম্পর্কে তাঁহার নিকট হইতে প্রকৃত তথ্য জানিতে চেষ্টা করিতেছি। যদি প্রকৃত প্রস্তাবে তিনি উপরোক্ত মর্মে বিবৃতি দিয়া থাকেন, তবে উহাতে তাঁহার ব্যক্তিগত অভিমতই প্রকাশিত হইয়াছে বলিয়া বুঝিতে হইবে এবং আমরা দ্ব্যর্থহীন ভাষায় ঘোষণা করিতেছি যে, পূর্ব পাকিস্তান আওয়ামী মোছলেম লীগ বাংলাকে পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষারূপে গ্রহণ করিবার দাবী করে এবং পাক গণপরিষদে বাংলা রাষ্ট্রভাষারূপে গৃহীত না হওয়া পর্যন্ত এবং সরকার কর্তৃক কার্যকরী না করা পর্যন্ত শান্তিপূর্ণভাবে আন্দোলন চালাইবে। আওয়ামী লীগের ঘোষণাপত্রে বাংলাকে রাষ্ট্রভাষারূপে গ্রহণ করিবার দাবী করা হইয়াছে এবং এই প্রতিষ্ঠান গঠিত হওয়ার পর হইতেই আমরা বাংলাকে রাষ্ট্রভাষারূপে গ্রহণ করিবার জন্য আন্দোলন করিয়া আসিতেছি।”

—এ,পি,পি

ফেব্রুয়ারী ২৮

প্রদেশের শান্তি ও আভ্যন্তরীণ শৃংখলা বজায় রাখার আবেদনঃ

জনসাধারণের প্রতি লীগ নেতৃবৃন্দের আহবান

বাংলাকে অন্যতম রাষ্ট্রভাষা হিসাবে সমর্থন দানের আশ্বাস

গুলিবর্ষণ সম্পর্কে তদন্তের জন্য কমিটি গঠনের সোপারেশ

“গত সপ্তাহে ঢাকা শহরে গুলি চালনার ফলে যে বেদনাদায়ক ঘটনা সংঘটিত হইয়াছে, তৎসম্পর্কে প্রাদেশিক মুসলিম লীগ ওয়ার্কিং কমিটি গভীর দুঃখ প্রকাশ করিয়া নিহত ব্যক্তিদের শোকসন্তপ্ত পরিবারবর্গের প্রতি সমবেদনা জ্ঞাপন করিয়াছেন। হাইকোর্টের বিচারপতি লইয়া একটি নিরপেক্ষ উচ্চক্ষমতাবিশিষ্ট তদন্ত কমিটি গঠন করতঃ প্রকৃত দোষী ব্যক্তিদের শাস্তিবিধান এবং নিহত ব্যক্তিদের পরিবারবর্গকে ক্ষতিপূরণ দেওয়ার জন্য ওয়ার্কিং কমিটি সরকারের নিকট দাবী জানাইয়াছেন। ঢাকা শহরে স্বাভাবিক অবস্থা ফিরিয়া আসার সংগে সংগেই ১৪৪ ধারা এবং সান্ধ্য আইন তুলিয়া লওয়ার জন্যও সরকারকে অনুরোধ করা হয়।”

প্রাদেশিক লীগ ওয়ার্কিং কমিটির প্রেসিডেন্ট মওলানা আবদুল্লাহেল বাকী, সেক্রেটারী জনাব ইউসুফ আলী চৌধুরী, ভাইস প্রেসিডেন্ট খাজা হাবিবুল্লা, পাকিস্তান মোছলেম লীগের জয়েন্ট সেক্রেটারী ও প্রাদেশিক লীগ ওয়ার্কিং কমিটির সদস্য জনাব গিয়াসুদ্দিন পাঠান ও প্রাদেশিক লীগের জয়েন্ট সেক্রেটারী শাহ আজিজুর রহমান এক যুক্ত বিবৃতিতে উপরোক্তরূপে আবেদন করেন।

তাঁহারা আরও বলেন, প্রাদেশিক মুসলিম লীগ ওয়ার্কিং কমিটি, প্রাদেশিক মুসলিম লীগ পার্লামেন্টারী পার্টি এবং প্রাদেশিক আইন সভা বাংলাকে পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষা করার যে প্রস্তাব সর্বসম্মতিক্রমে গ্রহণ করিয়াছেন তাহা যাহাতে গণপরিষদে গৃহীত হয় তার চেষ্টা করিবে।

বাংলাকে অন্যতম রাষ্ট্রভাষা করার প্রস্তাব সমর্থনের প্রতিশ্রুতিঃ

সাহায্য সচিব জনাব মফিজুদ্দিন আহমদের বিবৃতি

ঢাকা, ২৭শে ফেব্রুয়ারী—পূর্ব পাকিস্তানের সাহায্য ও পুনর্বসিত সচিব জনাব মফিজুদ্দিন আহমদ অদ্য এখানে এই আশ্বাস দেন যে, গণপরিষদে বাংলাকে পাকিস্তানের অন্যতম রাষ্ট্র-ভাষারূপে গ্রহণের দাবীকে তিনি পূর্ণভাবে সমর্থন করিবেন।

জনাব মফিজুদ্দিনের বিবৃতি

বাংলাকে রাষ্ট্রভাষারূপে দেখিতে দৃঢ়প্রতিজ্ঞ।......... ....পাকিস্তান গণপরিষদ এইরূপ একটি জনপ্রিয় দাবীকে এড়াইয়া চলিবে, তাহা মুহূর্তের জন্যও আমি ধারণা করিতে পারি না। খোদা না করুক যদি গণপরিষদে এ সম্পর্কে আলোচনা করিবার অনুমতি না দেওয়া হয়, তাহা হইলে গণপরিষদের পূর্ব বঙ্গীয় সদস্যগণের উপরই পরবর্তী দায়িত্ব পালিত হইবে।

জনাব মফিজুদ্দিন আরও বলেন যে, ব্যবস্থা পরিষদে যখন ভাষা সংক্রান্ত দাবী গৃহীত হইয়া গণপরিষদের বিবেচনাধীন রহিয়াছে, তখন শহরে পূর্ণ শান্তি ও স্বাভাবিক অবস্থা বিরাজ না করার কোন কারণ থাকিতে পারে বলিয়া আমি মনে করি না।

তিনি আরও বলেন যে, শহরে পূর্ণ শান্তি ফিরাইয়া আনার জন্য প্রত্যেককে চেষ্টা করিতে আমি অনুরোধ জানাইতেছি। কারণ এই অস্বাভাবিক অবস্থা বর্তমান থাকিলে পাকিস্তানের দুশমনরাই কেবল আনন্দিত হইবে।

জনসাধারণ ও ছাত্রগণের রাষ্ট্রানুগত্যের উপর আমার পূর্ণ আস্থা রহিয়াছে। তাহারা কোন-রূপ অপ্রীতিকর ঘটনার পুনরাবৃত্তি হইতে দিবে বলিয়া আমি মনে করি না।

পাকিস্তান অবজারভার-এর উপর হইতে নিষেধাজ্ঞা প্রত্যাহারের দাবীঃ

সম্পাদক পরিষদের সভায় প্রস্তাব গ্রহণঃ পূর্ব বংগ সরকারের আচরণের নিন্দা

লাহোর, ২৪শে ফেব্রুয়ারী—অদ্য এখানে 'ডন' সম্পাদক জনাব আলতাফ হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত পাকিস্তান সম্পাদক পরিষদের সভায় ঢাকার 'পাকিস্তান অবজারভার' পত্রিকা সম্পর্কে অবলম্বিত সরকারী ব্যবস্থার নিন্দা করিয়া এবং অবিলম্বে নিষেধাজ্ঞা প্রত্যাহারের দাবী জানাইয়া প্রস্তাব গ্রহণ করা হয়।.........................

চাঁদা দাতাদের প্রতি হুশিয়ারী

সর্বদলীয় রাষ্ট্রভাষা কেন্দ্রীয় কর্ম পরিষদের দফতর হইতে বলা হইয়াছে যে, বিভিন্ন লোক রাষ্ট্রভাষা আন্দোলনের নাম করিয়া জনসাধারণের নিকট হইতে চাঁদা আদায় করিতেছে। এই জন্য জনসাধারণকে অনুরোধ করা হইতেছে যে, তাহারা যেন সর্বদলীয় রাষ্ট্রভাষা কর্ম পরিষদের আহবায়ক (কে, জি, মাহবুব)-এর দস্তখতযুক্ত ছাপা রসিদ না লইয়া বা সীলবিহীন চাঁদার বাক্সে চাঁদা না দেন।

শিরোনাম	সূত্র	তারিখ
ভাষা-আন্দোলন কালীন দৈনিক আজাদ-এর দুটি সম্পাদকীয়।	দৈনিক আজাদ।	২২ ও ২৪ ফেব্রুয়ারী ১৯৫২।

(১)

তদন্ত চাই

গতকল্য ঢাকার বুকে বিশ্ববিদ্যালয় ও মেডিক্যাল কলেজের নিকটে যে শোচনীয় দুর্ঘটনা ঘটিয়াছে, তাহা যেমন মর্মভেদী তেমনি অবাঞ্ছিত। আইন অমান্য, নিয়মভংগ, উচ্ছৃংখলতা সমর্থনযোগ্য নয়, কিন্তু এই সংগে একথাও সত্য যে, আইন অমান্য হওয়ার মত ক্ষেত্র সৃষ্টি করাও কোন গণতান্ত্রিক সরকারের উচিত নয়।

বিগত দুই দিনের ঘটনা পর্যালোচনা করিলে দেখা যায় যে, বাংলাকে রাষ্ট্রভাষা করিবার দাবীর সমর্থনে ছাত্র প্রতিষ্ঠানের পক্ষ হইতে প্রায় একপক্ষ পূর্বে ধর্মঘট পালন করিবার সিদ্ধান্ত ঘোষণা করা হইয়াছিল। গত পরশু তারিখে স্থানীয় কর্তৃপক্ষ হঠাৎ ১৪৪ ধারা জারী করিয়া শোভাযাত্রা ও সভাসমিতি বন্ধ করিয়া দেন। গতকাল এই ব্যাপারকে কেন্দ্র করিয়া ছাত্র বিক্ষোভ হইয়াছে, টিয়ার গ্যাস ও গুলি চলিয়াছে, কতকগুলি হতাহতও হইয়াছে।

১৪৪ ধারা জারী করিবার কোন কারণ ঘটিয়াছে কিনা, এই প্রশ্নই সকলের আগে মনে হয়। কয়েকদিন পূর্বে প্রধানমন্ত্রী খাজা নাজিমুদ্দীন যখন এখানে আসিয়াছিলেন, তখন ঢাকার স্কুল-কলেজের ছাত্ররা ধর্মঘট পালন এবং বিরাট শোভাযাত্রা করিয়াছিল, তখন শহরে শান্তিভংগ হয় নাই। গতকল্য ছাত্র ধর্মঘট ও শোভাযাত্রা হইলে শান্তিভংগের আশংকা সম্পর্কে কর্তৃপক্ষ কতটা নির্ভরযোগ্য সংবাদ পাইয়াছিলেন, বর্তমান মন্ত্রীসভা দেশবাসীকে তাহা জানাইতে বাধ্য বলিয়া আমরা মনে করি।

গতকল্যকার ঘটনার মধ্যে গুলি চালাইয়া কতকগুলি ছাত্রকে হতাহত করার ব্যাপার সব চাইতে বড় হইয়া উঠিয়াছে। পাকিস্তানে এরূপ ঘটনা ঘটিতে পারে বলিয়া আমরা কখনও ভাবিতে পারি নাই—দেশের জনসাধারণও আশা করে নাই। গুটিকতক বালক ও যুবক যদি নিয়মবিরোধী কার্য্য করিয়াই থাকে, এমন কি যদি তাহারা কর্তৃপক্ষকে উত্তেজনার কারণও দিয়া থাকে, তাহা হইলেও গুলি চালাইবার মত সংকটাপন্ন অবস্থা হইয়াছিল কিনা, তাহা বিশেষভাবে বিবেচ্য, হতাহতদের অনেকের আহত স্থান সম্পর্কে যে সংবাদ পাওয়া গিয়াছে, তাহাতে নির্বিচারেও গুলি চালন হইয়াছে বলিয়া আমরা মনে করিতেছি। কেবল টিয়ার গ্যাস ছাড়িয়া জনতা ছত্রভংগ করা কি সম্ভব ছিল না? দেহের উর্দ্ধাংগে গুলি চালান সুবিবেচনা সংগত কিনা, অথবা উহা সাধারণ নিয়মের ব্যতিক্রম কিনা, তাহাই আজ আমরা কর্তৃপক্ষকে জিজ্ঞাসা করিতেছি। উর্ধাংগে গুলি চালানোর কথা দূরে থাক, মোটেই গুলি চালাইবার প্রয়োজন হইয়াছিল বলিয়া আমরা মনে করিতে পারিতেছি না।

সমস্ত অবস্থা বিবেচনা করিয়া আমরা মনে করি, একটা নিরপেক্ষ শক্তিশালী ও জনসাধারণের আস্থাভাজন ব্যক্তিদের লইয়া গঠিত কমিটির দ্বারা এই ঘটনার বিশদ ও প্রকাশ্য তদন্ত হওয়া আবশ্যক। হাই কোর্টের জজ এবং বেসরকারী ব্যক্তিদের লইয়া এই কমিটি গঠিত হওয়া প্রয়োজন। স্বাধীন দেশের নাগরিকগণের ন্যায্য অধিকার সংরক্ষণের জন্য দেশবাসীর পক্ষ হইতে এই তদন্ত দাবী করিতেছি। তদন্তকালে প্রধানতঃ নিম্নোক্ত বিষয়গুলির বিচার করা আবশ্যক—(১) ১৪৪ ধারা জারী করিবার প্রয়োজন কি ছিল? (২) বিশ্ববিদ্যালয় ও মেডিক্যাল কলেজ এলাকার মধ্যে পুলিশের আক্রমণ চলিয়াছিল কি? (৩) গুলি চালাইবার মত অবস্থা ঘটিয়াছিল কি? উপরে

আমরা যে তদন্ত দাবী করিয়াছি, উক্ত প্রস্তাব কার্যকরী করিলে সমস্ত ঘটনা এবং জনকয়েক তরুণের মৃত্যুর জন্য কাহারা দায়ী, তাহাও প্রকাশ হইবে বলিয়া আমরা ঘটনা সম্পর্কে বিশদ আলোচনা করিলাম না।

গতকল্যকার দুর্ঘটনায় যে সমস্ত পরিবার শোক-সন্তপ্ত, তাহাদের শোককে আমরা নিজেদের শোক বলিয়া গণ্য করি, আমরা সেই সব পরিবারকে গভীর সমবেদনা জানাইতেছি।

(২২ ফেব্রুয়ারী ১৯৫২)

(২)

ভুলের মাশুল

গত শুক্রবার বাংলা ভাষাকে পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষারূপে গণ্য করার জন্য পাক-গণপরিষদের নিকট সুপারিশ করিয়া প্রধানমন্ত্রী জনাব নূরুল আমীন ব্যবস্থা পরিষদে এক বিশেষ প্রস্তাব উত্থাপন করেন ; উহা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। বহু বিলম্বে এবং বহু অবাঞ্ছিত ঘটনার পর মন্ত্রিসভা ও ব্যবস্থা পরিষদের সদস্যগণের আংশিক শুভবুদ্ধি উদয় হইয়াছে দেখিয়া সকলেই সুখী হইবেন। কিন্তু এই প্রস্তাব কার্যকরী করণে মন্ত্রিসভা ও তাদের সমর্থক দল কতটা দৃঢ়তা দেখাইবেন, এ সম্পর্কে জনমনে সন্দেহের অবসান হয় নাই। বিশেষতঃ যে সব ঘটনার পর উক্ত প্রস্তাব পেশ ও গ্রহণ করা হয় উহাই মন্ত্রিসভার উপর জনসাধারণের আস্থা হ্রাস করিয়াছে।

প্রস্তাব পেশ করিবার সময় জনাব নূরুল আমীন বলেন যে, গত বৃহস্পতিবারে সরকার যে ব্যবস্থা অবলম্বন করেন তাহা রাষ্ট্রভাষা সম্পর্কিত দাবীর বিরোধী বলিয়া মনে করার নানারূপ ভ্রান্ত ধারণার সৃষ্টি হইয়াছে। তিনি বলেন যে, সেরূপ বিরোধিতা করার ইচ্ছা সরকারের নাই। ইহাই যদি প্রধানমন্ত্রী ও তার মন্ত্রিসভার প্রকৃত বক্তব্য হয়, তাহা হইলে তাহারা ২১শে তারিখের পূর্বেই উহা প্রকাশ না করার কারণ দুর্জ্ঞেয় রহস্যরূপে থাকিয়া যাইতেছে। এমন কি ২১শে তারিখের সকাল বেলাতেও এরূপ একটা বিবৃতি মন্ত্রিসভার তরফ হইতে প্রকাশিত হইলে পরবর্তী মর্মন্তুদ ঘটনা হয়ত সংঘটিত হইত না এবং আমাদের বিশ্বাস, কতকগুলি অমূল্য জীবনেরও অবসান হইত না। সুতরাং নানারূপ ভ্রান্ত ধারণার সৃষ্টি হইয়াই থাকে, তাহা হইলে সেজন্য জনসাধারণকে দোষ দেওয়া যায় না।

শহরে ১৪৪ ধারা জারীর কারণ ব্যাখ্যা করিতে গিয়া প্রধানমন্ত্রী বলিয়াছেন, সরকার জানিতে পারিয়াছেন যে, কোনও কোনও লোক শহরের স্বাভাবিক জীবন যাত্রাকে অচল করিতে চায়। ২২শে তারিখে প্রকাশিত সরকারী বিবৃতিতেও এই মর্মে মন্তব্য প্রকাশিত হইয়াছিল যে, যে সকল তথ্য আছে তাতে জানা যায়, বেআইনী কার্যকলাপের দরুন আজকের (অর্থাৎ ২১শে তারিখের) অবাঞ্ছনীয় ঘটনা ঘটিয়াছে, তাহার জন্য দায়ী এমন একদল লোক, যাদের সঙ্গে বিশ্ববিদ্যালয় বা কোন শিক্ষা প্রতিষ্ঠানের সম্পর্ক নাই। কথাটা যদি সত্য হয় তাহা হইলে এতদিন জনসাধারণের নিকট এসব তথ্য যতদূর সম্ভব উদ্ঘাটন করা হয় নাই কেন? যদি পূর্বাহ্নেই বাংলা ভাষাকে রাষ্ট্রভাষা করা সম্পর্কে মন্ত্রিসভার মনোভাব প্রকাশিত হইত এবং দেশবাসীর নিকট রাষ্ট্র-বিরোধীদের কার্যকলাপ প্রকাশিত হইত, তাহা হইলে গুলি চালান বন্ধ হত। ১৪৪ ধারার প্রয়োজন হইত না। মন্ত্রিসভা আজ নিজেদের যে অবস্থা করিয়াছেন তাহাকে কেবল সুস্পষ্ট অভিযোগ দ্বারা দেশের জনসাধারণকে স্বীকৃতি বা তাদের আস্থা অর্জিত করিতে পারিবেন বলিয়া মনে হয় না। দেশে জনসাধারণ শান্তি ও শৃংখলাকারী বা রাষ্ট্রবিরোধীদের কখনও সহ্য করিবে না। ছাত্র সমাজের দেশাত্মবোধের উপর আমাদের সম্পূর্ণ আস্থা আছে। সুতরাং সরকার আজ তাঁদের খোলা চেক টেবিলে রাখুন। সব তথ্য হয়ত' প্রকাশ করা সম্ভব নয়। কিন্তু যথাসম্ভব প্রকাশ করুন। আমরা তাদের এ নিশ্চয়তা দিতে পারি যে, আমাদের ছাত্রসমাজ, আমাদের দেশের জনসাধারণ দুষ্কৃতিকারীদের সমূলে উচ্ছেদ করিতে বিন্দুমাত্র দ্বিধাবোধ করিবে না।

জনাব নূরুল আমীন ও তাঁর মন্ত্রিসভা ভুলের পর ভুল করিয়া চলিয়াছেন। তাঁহারা নিজেদের গণনেতা বলিয়া দাবী করেন। সর্বজনবিদিত যে, জননেতা তারাই, যাদের পরিপূর্ণ যোগাযোগ আছে জনতার অন্তরের সঙ্গে, সঙ্কটকালে তাঁরা "রোডাকে সঙ্কটকালে তাঁরা............ জনতাকে সুষ্ঠু পথে চালিত করিতে পারেন। এই মাপকাঠিতে জনাব নূরুল আমীন ও তার মন্ত্রিসভার বিচার করিলে তাদের সম্পর্কে কি সিদ্ধান্ত গ্রহণ করিতে হয়, তা নিষ্প্রয়োজন।

সে যাহাই হোক বর্তমান মন্ত্রিসভার বিচার দেশের জনসাধারণই করিবে। কিন্তু আজ তারা যে জটিল পরিস্থিতি সৃষ্টি করিয়াছেন, তার সমাধান তাদেরই করিতে হইবে। এখন তাদেরই ভুলে যে অবাঞ্ছিত পরিস্থিতির উদ্ভব হইয়াছে, উহার সমাধানের জন্যই তাদেরই অগ্রসর হওয়া কর্তব্য। এটা তাদের ভুলের মাসুল এবং তা দেওয়া হইবে যদি তারা অহেতুক প্রেষ্টিজ ত্যাগ করিয়া অনতিবিলম্বে ১৪৪ ধারা প্রত্যাহার করেন এবং উচ্চ পর্যায়ের নিরপেক্ষ ও জনসাধারণের আস্থাভাজন তদন্ত কমিটি নিয়োগ করেন। শান্তি ও শৃঙ্খলা রক্ষাকল্পে এবং দেশের কল্যাণের জন্য এ ছাড়া অন্য কোন পথ আছে বলিয়া আমরা মনে করি না।

(২৪ ফেব্রুয়ারী ১৯৫২)

শিরোনাম	সূত্র	তারিখ
োজাফফর আহমেদ চৌধুরী ও ীর্জা গোলাম হাফিজের বিরুদ্ধে রকারের আটকাদেশ সংক্রান্ত থ্য।	সরকারী।	২৪ মার্চ ও ৪ এপ্রিল, ১৯৫২।

GOVERNMENT OF EAST BENGAL

Home Department

Special Branch

ORDER

No. 842-H.S. Dacca, the 24th March, 1952.

Whereas the person known as Muzaffar Ahmad Chaudhuri, son of Moulvi Obaidullah of Ibrahimpur, P. S. Lakshmipur, Dist. Noakhali, and of University Quarters at the gate of the Dacca University, Dacca, is detained in the Dinajpur Jail under the provisions of section 41 of the East Bengal Public Safety Ordinance, 1951 (East Bengal Ordinance No. XXI of 1951) as enacted and continued in operation by the East Bengal Expiring Laws Act, 1951 (East Bengal Act No. XXXVIII of 1951).

And whereas having considered the materials against the said person the Governor is satisfied that with a view to preventing the said person from acting in any manner prejudicial to the public safety and the maintenance of public order, it is necessary to make the following order for the purpose of continuing his detention:

Now, therefore, in exercise of the powers conferred by clause (a) of sub-section (*1*) of section 17 of the East Bengal Public Safety Ordinance, 1951 (East Bengal Ordinance No. XXI of 1951) as enacted and continued in operation by the said Act the Governor is pleased to direct:—

(a) that the said person shall subject to the provisions of section 18 of the said Ordinance as enacted and continued in operation by the said Act be detained until further orders;

(b) that, subject to the provisions of clause (a) of this paragraph the said person shall unitl further orders, continue to be detained in the Dinajpur Jail; and

(c) that during such detention the said person shall be subject to the conditions laid down in the East Bengal Public Safety (Security Prisoners) Rules, 1951.

By order of the Governor

M. F. BARI

Asstt. Secy. to the Govt. of East Bengal.

[Communication of grounds of detention under section 19 of the East Bengal Public Safety Ordinance, 1951 (East Bengal Ordinance No. XXI of 1951) as enacted and continued in operation by the East Bengal Expiring Laws 1951 (East Bengal Act No. XXXVIII of 1951).]

In pursuance of section 19 of the East Bengal Public Safety Ordinance 1951 (East Bengal Ordinance No. XXI of 1951), as enacted and continued in operation by the East Bengal Expiring Laws Act, 1951 (East Bengal Act XXXVIII of 1951), you Prof. Muzaffar Ahmad Chaudhuri, son of Maulvi Obaidullah of Ibrahimpur, P.S. Lakshmipur, Dist. Noakhali and of University Quarters at the gate of the Dacca University, Dacca, at present detained in the Dinajpur Jail under Order No. 842-H.S., dated 24th March 1952 made under clause (a) of Sub-Section (*I*) of Section 17 of the said Ordinance as enacted and continued in operation by the said Act are hereby informed that your detention has been considered necessary on the following grounds:

1. That you have been and are associated with the illegal activities of a secret association in the district of Dacca, the object of which is to overthrow this Govt. (*i.e.* Govt. of East Bengal) by violent means and that during the years 1947, 1948, 1951 and 1952 (till your arrest you were concerned in prejudicial and disruptive activities in the district of Dacca against the Govt. and particularly in the months of December 1947; January, February and March, 1948; June 1951 and February 1952 (till your arrest you along with some anti-State elements held meetings and made prejudicial propaganda amongst the people of Dacca district as well as the students of the Dacca University and incited them against the Govt. with the ultimate-object of overthrowing the Govt. of East Bengal. Furnishing any more facts and particulars othar than those given above would be against public interest.

2. That all your activities mentioned above threaten and are likely to endenger the existence of public order and safety in this province.

3. You are further informed that you have a right to make a representation in writing to this Govt. against the order of detention made against you, and should you wish to do so you should send the representation to the undersigned through the Superintendent of Dinajpur Jail, where you are at present detained.

By order of the Governor

M. F. BARI,

Asstt. Secretary to the Govt. of East Bengal
Home (Special) Department.

GOVERNMENT OF EAST BENGAL

Home Department

Special Branch

ORDER

No. 1220 H.S. Dacca, the 1th April, 1952.

Whereas the person known as Mirza Golam Hafiz, son of late Mirza Asimuddin of Atwari, District Dinajpur and of 40/1, Abdul Hadi Lane, P. S. Kotwali, District Dacca, is detained in the Dacca Central Jail under the provisions of section 41 of the East Bengal Public Safety Ordinance, 1951 (East Bengal Ordinance No. XXI of 1951) as enacted and continued in operation by the East Bengal Expiring Laws Act, 1951 (East Bengal Act No. XXXVIII of 1951).

And whereas having considered the materials against the said person the Governor is satisfied that with a view to preventing the said person from acting in any manner prejudical to the public safety and the maintenance of public order, it is necessary to make the following order for the purpose of continuing his detention:

Now, therefore, in exercise of the powers conferred by clause (a) of sub-section (1) of section 17 of the East Bengal Public Safety Ordinance, 1951 (East Bengal Ordinance No. XXI of 1951) as enacted and continued in operation by the said Act the Governor is pleased to direct:

(a) that the said person shall subject to the provisions of section 18 of the said Ordinance as enacted and continued in operation by the said Act be detained until further orders;

(b) that, subject to the provisions of clause (a) of this paragraph the said person shall until further orders, contiue to be detained in the Dacca Central Jail; and

(c) that during such detention the said person shall be subject to the conditions laid down in the East Bengal Public Safety (Security Prisoners) Rules, 1951.

By order of the Governor,

M. F. BARI

Asstt. Secy. to the Govt. of East Bengal.

শিরোনাম	সূত্র	তারিখ
পূর্ব পাকিস্তান গণতন্ত্রী দলের আত্মপ্রকাশ : পাকিস্তানে কনফেডারেশন প্রতিষ্ঠার দাবী।	দৈনিক আজাদ।	১৭ ও ১৯ জানুয়ারী ১৯৫৩।

১৭ জানুয়ারী

(স্টাফ রিপোর্টার)

গতকল্য (শুক্রবার) আরমানীটোলা ময়দানে প্রস্তাবিত পূর্ব পাকিস্তান গণতন্ত্রীদলের তিনদিনব্যাপী সম্মেলন উদ্বোধন হয়। সম্মেলনে প্রদেশের নয়টি জেলা হইতে আগত প্রতিনিধিগণ যোগদান করেন।

অভ্যর্থনা সমিতির সভাপতি জনাব দেওয়ান মাহবুব আলী সম্মেলনে বক্তৃতা প্রসংগে বলেন যে, দেশের বর্তমান সামাজিক, রাজনৈতিক ও অর্থনৈতিক অবস্থার পরিবর্তন সাধনকল্পে অবিলম্বে একটি যুক্তরাষ্ট্র গঠনের প্রয়োজন রহিয়াছে। তিনি মন্তব্য করেন যে দেশের বর্তমান গঠনতন্ত্র ইংরেজের সাম্রাজ্যবাদ ও সামন্ততন্ত্রেরই নামান্তর মাত্র। মুসলিম লীগ সরকার ধনী শ্রেণীর ধনবৃদ্ধিকেই সহায়তা করিয়াছে শুধু। সাধারণ মানুষের দুঃখদুর্দশা লাঘবের কোন চেষ্টাই করে নাই। দেশ হইতে সাম্রাজ্যবাদ ও সামন্ততন্ত্রবাদের উচ্ছেদ করিয়া পাকিস্তানের সমৃদ্ধিতে সকল নাগরিককে সমান অধিকার দানের উদ্দেশ্যেই গণতন্ত্রীদল গঠিত হইয়াছে বলিয়া তিনি উল্লেখ করেন।

গণতন্ত্রীদলের আহবায়ক জনাব মাহমুদ আলী তাঁহার বক্তৃতায় গণতন্ত্রীদল গঠনের প্রয়োজনীয়তার বিভিন্ন দিক সম্পর্কে আলোচনা করিয়া বলেন যে, দেশ শাসনে মুসলিম লীগ সরকার সম্পূর্ণ ব্যর্থতার পরিচয় দিয়েছে। গত পাঁচ বছর লীগ শাসনের ফলে দেশের বিভিন্ন দিকে বিশৃংখলার সৃষ্টি হইয়াছে এবং দেশবাসীর দুর্দশা চরম সীমায় পৌঁছিয়াছে।

পাকিস্তানের বৈদেশিক নীতির সমালোচনা করিয়া তিনি বলেন যে, উহা নিরপেক্ষ নীতি নয় এবং উহা প্রাশ্চাত্য সাম্রাজ্যবাদী ব্লকের প্রভাবাধীন। দৃষ্টান্তস্বরূপ তিনি বৃটিশ কমনওয়েলথের সহিত পাকিস্তানের জড়িত থাকবার কথা উল্লেখ করেন।

১৯ জানুয়ারী

(স্টাফ রিপোর্টার)

গতকল্য (রবিবার) নবপ্রতিষ্ঠিত গণতন্ত্রীদলের তিন দিবসব্যাপী অধিবেশন শেষ হয়। অপরাহ্নে বিপুল জনসমাবেশে প্রকাশ্য অধিবেশন হয়। প্রকাশ্য অধিবেশনে সভাপতিত্ব করেন জনাব দবিরউদ্দীন আহমদ চৌধুরী। সভায় গণপরিষদের সদস্য পাঞ্জাবের জনাব সর্দার শওকত হায়াত খান, জনাব আবদুস সালাম, জনাব মাহমুদ আলী প্রমুখ ব্যক্তি বক্তৃতা করেন।

জনাব শওকত হায়াত খান তাঁহার বক্তৃতায় পাকিস্তান সরকার ও মূলনীতি কমিটির রিপোর্টের সমালোচনা করিয়া বলেন যে, উক্ত রিপোর্টে পূর্ব পাকিস্তানের বাসিন্দাদের সম্পূর্ণরূপে উপেক্ষা করা হইয়াছে। পাকিস্তানে কনফেডারেশন প্রতিষ্ঠার জন্য তিনি দাবী জানান। তিনি বলেন যে, পশ্চিম পাকিস্তানের গদীতে আসীন থাকিয়া পূর্ব পাকিস্তানের

বাসিন্দাদের অভাব অভিযোগের সঠিক সন্ধান রাখা এবং তাহা নিরসনের উপযুক্ত উপায় নির্ধারণ করা সম্পূর্ণ অসম্ভব কল্পনা। পূর্ব পাকিস্তানের অধিবাসীর সুবিধা-অসুবিধার প্রতি দৃষ্টি রাখা এবং এই প্রদেশের বিবিধ উন্নতির উপায় নির্ধারণ একমাত্র পূর্ব পাকিস্তানবাসীর দ্বারাই সম্ভব। এই কারণে তিনি পূর্ব পাকিস্তানবাসীকে সম্মিলিতভাবে কনফেডারেশন প্রতিষ্ঠার দাবীতে আন্দোলন শুরু করিতে উপদেশ দেন।

গণপরিষদে পূর্ব বংগের যে সকল সদস্য মূলনীতি কমিটির রিপোর্ট মানিয়া লইয়াছেন তাঁহাদের আশু পদত্যাগের দাবীতে জনমত গঠনের জন্যও তিনি পূর্ব পাকিস্তানের অধিবাসীকে উপদেশ দেন।

সর্বশেষে তিনি মন্তব্য করেন যে, মূলনীতি কমিটির রিপোর্ট জনস্বার্থের প্রতি লক্ষ্য রাখিয়া গঠন করা হয় নাই। মুসলিম লীগ সরকারের গদীর নিরাপত্তার প্রতি দৃষ্টি রাখিয়াই তাহা গঠন করা হইয়াছে।

পশ্চিম পাকিস্তানের আজাদ পাকিস্তান পার্টি এবং পূর্ব পাকিস্তানের গণতন্ত্রীদলের উদ্দেশ্যে ও কর্ম পদ্ধতি ভবিষ্যতে একইরূপ হইবে বলিয়াও তিনি তাঁহার বক্তৃতায় উল্লেখ করেন।

সভায় জনাব হাজী মোহাম্মদ দানেশকে নবপ্রতিষ্ঠিত গণতন্ত্রীদলের সভাপতি, জনাব মুজিবর রহমান খান (সম্পাদক, 'চাষী'), জনাব আব্দুল জব্বার (খুলনা), জনাব দবির উদ্দীন আহমদ চৌধুরী (সিলেট), জনাব মহিউদ্দীন আহম্মদ (সম্পাদক, 'আমারদেশ'), ও অধ্যাপক রফিকুল ইসলামকে (চাঁদপুর) সহসভাপতি; জনাব মাহমুদ আলীকে সাধারণ সম্পাদক এবং জনাব আতাউর রহমান (রাজশাহী) ও দেওয়ান মাহবুব আলীকে যুগ্ম-সম্পাদক নির্ধারণ করা হয়। ইহা ছাড়া ২১ জনকে সভ্য নির্ধারণ করা হয়।

পশ্চিম পাকিস্তানের আজাদ পাকিস্তান পার্টির সহিত একযোগে কাজ করিবার উদ্দেশ্যে উভয় পাকিস্তানের গুরুত্বপূর্ণ বিষয়সমূহ নির্ধারণ এবং তাহার পরিপ্রেক্ষিতে কর্মপন্থা স্থির করিবার জন্য আজাদ পাকিস্তান পার্টির সহিত আলাপ আলোচনা চালাইবার ক্ষমতাও নবগঠিত কমিটির হাতে অর্পণ করা হয়।

শিরোনাম	সূত্র	তারিখ
পূর্ব বাংলায় ৯২-ক ধারা জারীর পরিপ্রেক্ষিতে কেন্দ্রীয় সরকারের দমন নীতি: রাজনৈতিক নেতা ও কর্মীদের ব্যাপক গ্রেফতার।	পাকিস্তান অবজারভার।	১—১৫ জুন, ১৯৫৪।

PAKISTAN OBSERVER

June 1, 1954

About 190 persons arrested throughout Province, Promulgation of Section 92-A welcomed in West Pakistan.

(By A Staff Reporter)

General sense of disappointment and frustration prevails among the people in the city since the imposition of 92-A in Province. Contingents of Army continue to patrol the city through-faies and guard the strategic points. It may be mentioned that since the Adamjee disturbances Armymen were posted in the city as a precaution against any possible breach of peace.

About 190 arrests were made throughout the province yesterday (Monday) evening which include Mr. Shaikh Mujibur Rahman, one of the members of the former Huq Cabinet, Mirza Gholam Hafiz, MLA. Mr. Gholam Quader Choudhury, MLA.

Chittagong Arrests

A report received here from Chittagong says that 17 persons were arrested on Monday among whom Mr. Zahur Ahmed Choudhury, MLA and Mr. A. Aziz, Secretary of the District Awami League, are prominent

At Sylhet

Mr. Mahmud Ali, MLA, Secretary-General, Pakistan Ganatantri Dal was reported to have been arrested at Sylhet on Sunday night.

At Bogra

As a precautionary measure section 144 has been promulgated at Bogra and some arrests have been made according to reports received in Dacca.

APP adds: The situation in East Pakistan was quiet and normal and no untoward incident has occurred anywhere in the districts according to reliable reports received here till this evening.

Dacca city life was queit normal and people were seen busy in *Eid* purchases.

Tension existing since the recent rioting in the Adamjee Jute Mills has also died down and the Mill is expected to restart functioning from June 6.

188 persons have been arrested under Public Safety Act and other specific charges all over the province till this envening.

Pre-sensorship has been imposed on all the local papers.

Another A.P.P. report from Karachi, dated May 31 says:

Mr. Ghulam Ali Talpur, Speaker of the Sind Legislative Assembly and Vice-President of All-Pakistan Muslim League has issued the following statement to the press:

"I sincerely congratulate His Excellency the Governor-General and Hon'ble the Prime Minister of Pakistan for their timely action of removing the Fazlul Huq Ministry in East Bangal.

I condemn with all emphasis the attitude of Mr. Fazlul Huq in non-cooperating with the Central Government and his design of breaking the solidarity of East and West Pakistan.

I assure His Excellency the Governor-General and the Prime Minister that the entire people of Sind are behind them".

Frontier Chief Minister

Peshawar, May 31: The Frontier Chief Minister Sardar Abdur Rashid, who returned here from Karachi this morning after about ten days, declared that people of the Frontier Province would stand by the Centre in any action that they might take to preserve the integrity and solidarity of the State

Commenting on the imposition of section 92-A in East Bengal the Chief Minister said on his arrival. I am sure that every true Pakistani has received the news with great relief and will laid and endorse this wise decision of the Governor-General and the Prime Minister of Pakistan. To us no price can be too dear for keeping the integrity and solidarity of Pakistan. We shall stand by and support the Centre in any action that they may consider necessary towards that end.

(By A Staff Reporter)

According to latest information received from the Police Control, Dacca at 2·30 a.m. this morning (Tuesday), the number of arrests throughout the province is 209. Of these, 144 were arrested in Dacca City and Narayanganj and the rest in the districts.

June 3, 1954.

2 more M.L.A's arrested. Total arrests : 484

(By a Staff Reporter).

According to information received from the Dacca Police Control at 2 a.m. (Thursday) the total number of arrests made throughout the Province following the imposition of section 92-A rose up to 484

With the arrest Mr. Altaf Hossain (Mymensingh) and Mr. Azizur Rahman Khondker (Rangpur) the number of M.L.A's so far arrested totals 9

Mr. Sajid Ali, Assistant Secretary of the former Chief Minister Mr. A.K. Fazlul Huq is also among those arrested.

The situation in Dacca remains quiet. No untoward incident anywhere in the Province was reported till late hours on Wednesday night.

An earlier APP message said: Total number of persons arrested so far is 435 states a Press note here yesterday.

June 6, 1954.

More arrests in Districts.

Barisal, June 6: Five persons including Mrs. Monoroma Bose, Mrs. Sujata Das Gupta and Mr. Nurul Islam, B.L., have been arrested under the East Bengal Public Safety Ordinance on May 31—UPP.

Khulna, June 6: Several persons including Mr. Nepal Das of the Communist Party have been arrested under the Public Safety Ordinance on May 31.

Dr. Atulendra Nath Das was also arrested under the Safety Ordinance on June [illegible] -UPP.

(From a Correspondent)

Khulna, June 1 : Mr. Devendra Nath Das, MLA and two Communist workers have been arrested by local police under the East Bengal Special Power Ordinance.

Chittagong, June 6 : 17 persons were arrested here under the East Bengal Public Safety Ordinance on May 31.—UPP.

Rajshahi, June 6 : Several persons including Mr. Ataur Rahman, MLA' Sri Santu Bhaduri, Srimati Sonamani Lahiry and Mr. Momtazuddin have been arrested under the East Bengal Public Safety Ordinance on June 1.

The District Magistrate has promulgated Section 144 Cr. P.C. since the beginning of this week.—UPP.

(From our own correspondent)

Faridpur, May 31 : It is reported that three Communist workers named Mokhlesur Rahman, Liaqat Hossain and Monawar Hossain were arrested today as a preventive measure taken by Government to maintain peace and under

June 11, 1954.

772 arrested so far.

Another 38 persons have been arrested on June 10, making the total 772 says a Press note issued last night (Thursday) by the Government of East Bengal.

Mr. Khair Ahmed, MLA, has been arrested at Feni on June 8, under Safety Act, it is learnt and on the same day Mr. Mohammed Ullah, Secretary, Tippara District Youth League has also been arrested.

June 15, 1954.

890 persons detained so far.

(By a Staff Reporter)

Nine hundred and ten persons were arrested till yesterday (Monday) evening throughout the Province according to the information received from official sources.

Those figures also include 20 students who had already been released.

APP adds : The number of persons detained so far in the Province is 910 including 20 students who had already been released according to information received from official source last night (Monday).

Mrs. Selina Banu, United Front, MLA, was arrested in Pabna recently according to the same source.

শিরোনাম	সূত্র	তারিখ
পাকিস্তান গণপরিষদ বাতিলের বিরুদ্ধে তমিজ উদ্দিন খানের রীট আবেদন।	ঢাকা-ল রিপোর্ট পশ্চিম পাকিস্তান ৭ম খণ্ড।	........১৯৫৫।

154 TAMIZUDDIN KHAN VERSUS FEDERATION OF PAKISTAN (W.P.C. SIND) VII D.L.R.

[*Excerpts from the Writ petition by Tamizuddin Khan against the dissolution of Constituent Assembly of Pakistan*]

........The petitioner's case is stated in para. 11 which is reproduced below:

"The petitioner is advised that the alleged Proclamation is unconstitutional, illegal, *ultra vires*, without jurisdiction, inoperative and void on the following among other grounds·

(a) That His Excellency the Governor-General has no authority either under the Indian Independence Act of 1947 or under the Government of India Act, 1935 (as adapted by Pakistan or under any law for the time being in force in Pakistan) for issuing the alleged Proclamation.

(b) It is denied that the Constitutional Machinery had broken down. It is submitted that the said allegation was made in the alleged proclamation merely with a view to justify the promulgation thereof. In any case the insertion of assertion of such allegation therein does not empower His Excellency the Governor-General to issue the alleged proclamation.

(c) Under the provisions contained in the India Independence Act 1947 the Constituent Assembly performs dual functions. It is invested with the higher overriding functions of acting as a supreme, sovereign, unfettered legislature and is also empowered to act as the Federal Legislature for the purposes of the Government of India Act 1935 (as adapted by Pakistan).

(d) The said proclamation recites that the Constituent Assembly could no longer function. If thereby it is purported or otherwise intended to dissolve the Constituent Assembly the said petitioner submits that the Proclamation is void as His Excellency the Governor-General has no power to dissolve the Constituent Assembly.

(e) It is denied that the Constituent Assembly has ceased to function. The Constituent Assembly cannot be dissolved by the Governor-General or any other authority except by the Assembly itself

(f) The Constituent Assembly even in its capacity as the Federal Legislature cannot be dissolved by the Governor-General. The power to dissolve the Federal Legislature was contained in section 19(2) (c) of the Government of India Act 1935 prior to August 15, 1947. Thereafter the said sub-section was omitted by and under the Pakistan (Provisional Constitution) Order of 1947. The Governor-General, therefore, does not possess any power to dissolve the Federal Legislature.

(g) As regards the Constituent Assembly exercising the powers of the Legislature of the Dominion, His Excellency the Governor-General has no jurisdiction, authority or power to dissolve it. The provisions regarding the summoning, adjourning a meeting, proroguing or dissolving the Constituent Assembly are contained in the rules framed by the Constituent Assembly. The President alone has the power to summon, adjourn a meeting of and to prorogue the Constituent Assembly. So far as dissolution is concerned it is provided that the Assembly could not be dissolved except by a Resolution assented to by at least two thirds of the total number of Members of the Assembly.

(h) It is therefore submitted that by virtue of alleged proclamation the Constituent Assembly could not be dissolved

(i) His Excellency the Governor-General had no control over the Constituent Assembly (Constitution). In fact the acts passed by the Constituent Assembly in that capacity do not require his assent. It is provided that when a bill is passed, a copy thereof shall be signed by the President and it shall become law on being published in the Official Gazette of Pakistan under authority of the President." .. ....

শিরোনাম	সূত্র	তারিখ
পূর্ব পাকিস্তান ব্যবস্থাপক সভায় আতাউর রহমান খানের বাংলায় বাজেট বক্তৃতা।	পূর্ব পাকিস্তান ব্যবস্থাপক সভার কার্য্যবিবরণী।	১৭ সেপ্টেম্বর, ১৯৫৬।

EAST PAKISTAN ASSEMBLY PROCEEDINGS

OFFICIAL REPORT OF THE THIRD SESSION, 1956

Volume XV, No. 1.

17th September, 1956.

BUDGET ESTIMATES, 1956 57.

MR ATAUR RAHMAN KHAN : আমি ১৯৫৬ সালের ১লা অক্টোবর হইতে ১৯৫৭ সালের ৩১শে মার্চ পর্যন্ত পূর্ব পাকিস্তানের বাজেটের আয়-ব্যয়ের হিসাব-নিকাশ পেশ করিতেছি। পরিষদের সদস্যগণ অবগত আছেন যে গণপরিষদ গত মার্চ মাসে একটি আইন পাস করিয়া চলতি আর্থিক বৎসরের এপ্রিল ও মে মাসের ব্যয় বরাদ্দ মঞ্জুর করিবার জন্য গভর্ণরকে প্রয়োজনীয় ক্ষমতা প্রদান করেন। তদানুসারে গভর্ণর এপ্রিল ও মে মাসের বরাদ্দকৃত ব্যয় মঞ্জুর করিয়াছেন। গত ২৬শে মে তারিখে শাসনতন্ত্রের ১৯৩ ধারা মোতাবেক প্রেসিডেন্ট একটি ঘোষণা প্রচার করেন। উক্ত ঘোষণা অনুযায়ী পূর্ব পাকিস্তানের প্রাদেশিক আইন সভার ক্ষমতাবলী পার্লামেন্ট কর্তৃক গৃহীত হয়। কিন্তু তখন জাতীয় পরিষদের কার্য বন্ধ থাকার দরুণ প্রেসিডেন্ট শাসনতন্ত্রের ১৯৩ ধারার (৩) উপ-ধারার (গ) দফায় এবং ২৩০ ধারার (১) উপ-ধারার প্রদত্ত ক্ষমতাবলে ১৯৫৬ সালের ১লা জুন হইতে ৩১শে আগষ্ট পর্যন্ত পূর্ব পাকিস্তানের রাজস্ব হইতে ব্যয় মঞ্জুর করেন। অনুরূপভাবে ৩১শে আগষ্ট তারিখেও প্রেসিডেন্ট পূর্ব পাকিস্তানের রাজস্ব হইতে ১লা সেপ্টেম্বর হইতে ৩০শে সেপ্টেম্বর পর্যন্ত সময়ের জন্য আবশ্যকীয় ব্যয় মঞ্জুর করিয়াছেন। এইসব কারণে আমি এখন চলতি আর্থিক বৎসরের অবশিষ্ট ছয় মাসের আয়-ব্যয়ের হিসাবই পেশ করিতেছি মাত্র। এই সঙ্গে আমি আইন সভার সদস্যদের অবগতির জন্য গভর্ণর এবং প্রেসিডেন্ট কর্তৃক মঞ্জুরীকৃত টাকার হিসাব-নিকাশ পাশাপাশি দেখাইয়াছি এবং মঞ্জুরীকৃত টাকা সমেত সারা বৎসরের মোট ব্যয়ের হিসাবও প্রদর্শন করিয়াছি।

আওয়ামী লীগ কোয়ালিশন সরকার সবেমাত্র ক্ষমতায় অধিষ্ঠিত হইয়াছেন। বিগত সাধারণ নির্বাচনে জনসাধারণকে প্রদত্ত প্রতিশ্রুতি মাফিক এই সরকার ২১-দফা কর্মসূচী কার্যকরী করিতে আপ্রাণ চেষ্টা করিবেন। বিগত কয়েক বৎসরে দেশের সমস্যার সমাধান তো হয়ই নাই বরং নূতন নূতন সমস্যা বৃদ্ধি পাইয়াছে। প্রদেশের জনগণ তাই আজ অন্তহীন সমস্যার সম্মুখীন: আমাদের সরকার এইসব সমস্যার সমাধানে বর্তমান তৎপর রহিয়াছেন। প্রকৃত সমাধান যদিও সময় সাপেক্ষ তবুও আশা করা যায় যে সত্বরই দেশের বর্তমান সমস্যাগুলির যথেষ্ট উন্নতি সাধন সম্ভবপর হইবে। নূতন মন্ত্রীসভাকে কার্যভার গ্রহণ করিয়া পক্ষকালের মধ্যেই বাজেট পেশ করিতে হইতেছে। এই স্বল্পকালের ভেতর কোন বিশিষ্ট পরিকল্পনা অনুযায়ী বাজেট পেশ করা সম্ভব নয়। আগামী জানুয়ারী মাসে যখন বর্তমান বৎসরের সংশোধিত বাজেট ও ১৯৫৭-৫৮ সনের জন্য নূতন বাজেট পেশ করা হইবে, তখন মন্ত্রীসভা দলীয় কর্মসূচী অনুযায়ী পরিকল্পনা প্রণয়ন করিয়া বাজেটের বিভিন্ন খাতে বরাদ্দের জন্য পরিষদের সম্মুখীন হইবে।

জনকল্যাণই এই সরকারের একমাত্র লক্ষ্য। এই উদ্দেশ্য সফল করিবার জন্য মন্ত্রীসভা পাঁচসালা পরিকল্পনায় যথেষ্ট পরিমাণ অর্থের ব্যবস্থা করিতে চেষ্টা করিবেন। সদস্যগণ অবহিত আছেন যে, পাঁচসালা পরিকল্পনার খসড়া কেন্দ্রীয় সরকার কর্তৃক প্রকাশিত হইয়াছে। ইহা স্বীকার করিতেই হইবে যে, এই প্রদেশের জন্য বরাদ্দকৃত টাকার পরিমাণ খুবই অল্প। এই প্রদেশ অতীতে ভয়ানক রকমে অবহেলিত হইয়াছে। পাকিস্তানের লোকসংখ্যার শতকরা ৫৬ ভাগ এই প্রদেশে বাস করে। তাঁহাদের দারিদ্র প্রবাদ বাক্যে পরিণত হইয়াছে। তথাপি পাঁচসালা পরিকল্পনায় পূর্ব পাকিস্তানের সমস্যার প্রতি আদৌ দৃষ্টিপাত করা হয় নাই। আমরা বর্তমান কেন্দ্রীয় সরকারের সহিত এ বিষয়ে আলোচনা করিয়া বরাদ্দকৃত অর্থের পরিমাণ বৃদ্ধি করিয়া উক্ত পরিকল্পনার আমূল পরিবর্তন সাধন করিতে চেষ্টা করিব।

বরাদ্দ

বর্তমান বাজেটে নিম্নরূপ বরাদ্দ ধার্য করা হইয়াছেঃ

বাজেট ১৯৫৬-৫৭

আয়

গত বৎসরের উদ্বৃত্ত	১,৫২
রাজস্ব	৩২,৬৫
ঋণ খাত হইতে প্রাপ্তি	১,২২,৮৪

ব্যয়

	১৯৫৬ সালের এপ্রিল হইতে মে পর্যন্ত গভর্ণর কর্তৃক অনুমোদিত ব্যয়।	১৯৫৬সালে জুন হইতে সেপ্টেম্বর পর্যন্ত প্রেসিডেণ্ট কর্তৃক অনুমোদিত ব্যয়।	১৯৫৬ সালের ১লা অক্টোবর হইতে ১৯৫৭ সালের ৩১শে মার্চ পর্যন্ত বরাদ্দকৃত ব্যয়	সমগ্র বৎসর ১৯৫৬-৫৭।
রাজস্ব খাতে ব্যয়	৪,৬৬	৯,৩০	১৮,৯৪	৩২,৯০
মূলধন খাতে ব্যয়	২,৯৫	৬,৩০	১২,৩৭	২১,৬০
ঋণ খাতে ব্যয়	১৪,৮২	৬৩,৭৬	৫২,৬৮	১,০১,২৬
উদ্বৃত্ত	..	..	..	১,২০

১৯৫৫-৫৬ সালের শেষ হিসাব পূর্ব পাকিস্তানের একাউন্টেন্ট-জেনারেলের নিকট হইতে এখনও পাওয়া যায় নাই। ঐ বৎসরের প্রাথমিক হিসাবে দেখা যায় যে, ১৯৫৫-৫৬ সালে রাজস্ব খাতে আদায় হয় মোট ২১ কোটি ৯০ লক্ষ টাকা। এই সকল সংখ্যার পরিবর্তন হওয়ার সম্ভাবনা আছে; কারণ দেখা যায় প্রারম্ভিক হিসাবে কোন কোন কেন্দ্রীয় ট্যাক্সের প্রাদেশিক সরকারের হিস্যা ও কেন্দ্রীয় সরকারের কতিপয় মঞ্জুরীকৃত সাহায্য সম্পূর্ণভাবে ধরা হয় নাই। গত বৎসরের রাজস্ব আদায়ের পরিমাণ ২৫ কোটি টাকার উপরে দাঁড়াইবে বলিয়া মনে হয়। ১৯৫৫-৫৬ সালের তুলনায় এই বৎসরে আয় বৃদ্ধির প্রধান কারণ ভূমি রাজস্ব। উল্লেখযোগ্য যে, ১৯৫০-৫১ সালে পূর্ব পাকিস্তান জমিদারী দখল ও প্রজাস্বত্ব আইন পাশ হয় এবং ইহাতে প্রদেশের সমস্ত খাজনা আদায়কারী স্বত্ব দখলের বিধান করা হয়। গত ছয় বৎসরে এই আইন পুরোপুরিভাবে কার্যকরী করা হয় নাই। বর্তমান আর্থিক সালের সমস্ত খাজনা আদায়কারী স্বত্ব দখলের কর্মসূচী সম্পূর্ণ করার সিদ্ধান্ত গ্রহণ করা হইয়াছে। এই কাযসূচীমতে দখলকৃত জমিদারী হইতে রাজস্ব আদায় বৃদ্ধি পাইবে বলিয়া আশা করা যায়। পাট রফতানী শুল্কের হিস্যা বাবদ ১ কোটি ৫০ লক্ষ টাকা বৃদ্ধির আশা করা যাইতে পারে এবং বিক্রয় করের হিস্যা বাবদ আরও ৩৫ লক্ষ টাকা বৃদ্ধি পাইবে বলিয়া ধরা যাইতে পারে। জমিদারী দখল করার দরুণ "স্ট্যাম্প" খাতে ৪০ লক্ষ টাকা এবং কৃষি "আয়-কর" বাবদ ৫০ লক্ষ টাকা ঘাটতি হইবে।

ব্যয়ের খাতে যদিও আইন পরিষদকে ১৯৫৬ সালের ১লা অক্টোবর হইতে ১৯৫৭ সালের ৩১শে মার্চ পর্যন্ত ৬ মাসের হিসাব বিবেচনা করিতে হইবে, তথাপি তুলনা করিয়া দেখার সুবিধার্থে গোটা বৎসরের হিসাবই আলোচনা করা হইতেছে। মার্চের প্রাথমিক হিস্যাবে ১৯৫৫-৫৬ সালের রাজস্ব ব্যয় ২৬ কোটি ৫০ লক্ষ টাকা, তৎস্থলে ১৯৫৬-৫৭ সালের বাজেট বাবদ ৩২ কোটি ৯০ লক্ষ টাকা। বিভিন্ন খাতে প্রধান প্রধান বিষয়ে হিসাবের বিস্তৃত বিবরণ পরে দেওয়া হইবে। যে সকল উন্নয়ন পরিকল্পনার জন্য রাজস্ব খাত হইতে ব্যয় করা হয়। উহাদের জন্য ২ কোটি টাকা বেশী বরাদ্দ করা হইয়াছে। সিভিল ওয়ার্কসে ৯৭ লক্ষ টাকা বাড়িয়াছে। বস্তুতঃ প্রায় সমস্ত জাতীয় উন্নয়নমূলক কাজেই বরাদ্দ বৃদ্ধি করা হইয়াছে। রাজস্ব খাতে মোট ২৫ লক্ষ টাকা ঘাটতি দাঁড়াইবে। জনকল্যাণমূলক কার্যের চাহিদা মিটাইতে আরও অধিক অর্থের প্রয়োজন। কিভাবে রাজস্ব খাতে আয় বৃদ্ধি করা যায়, মন্ত্রীসভা সেই বিষয়ে বিবেচনা করিতেছেন। আবশ্যক হইলে নতুন কর ধার্য করিয়া জাতীয় গঠনমূলক কার্যের জন্য অর্থ সংগ্রহ করা হইবে। এই সম্বন্ধে প্রয়োজনীয় বিল পরিষদের আগামী অধিবেশনে পেশ করা হইবে।

গত বৎসরের মূলধন খাতে খরচ হইয়াছিল ২ কোটি ৭ লক্ষ টাকা, অথচ এই বৎসর আমরা ঐ খাতে বরাদ্দ করিয়াছি ২১ কোটি ৬৫ লক্ষ টাকা। গঙ্গা-কপোতাক্ষ পরিকল্পনা, কর্ণফুলী পরিকল্পনা, বৈদ্যুতিক পরিকল্পনা ও বন্যা নিয়ন্ত্রণ পরিকল্পনা, ইত্যাদি দেশের ভবিষ্যত উন্নয়নমূলক পরিকল্পনাগুলির বাবদ ব্যয় মূলধন খাত হইতে বরাদ্দ করা হইয়া থাকে। এখানে উল্লেখ করা যাইতে পারে যে, গত কয়েক বৎসরে মূলধন খাতে গড়পড়তা ব্যয় ছিল বার্ষিক ৫ কোটি টাকার মত। ১৯৫৬-৫৭ সালের বাজেটে ২১ কোটি ৬৫ লক্ষ টাকা বরাদ্দ করা হইয়াছে। বিশেষ বিশেষ উন্নয়নমূলক পরিকল্পনার কাজ ত্বরান্বিত করিয়া সাধারণ লোকের জীবনযাত্রার মান দ্রুত উন্নয়ন করাই সরকারের লক্ষ্য এবং এই উদ্দেশ্যেই বেশীর ভাগ ব্যয় বরাদ্দ করা হইয়াছে।

সরকারের গৃহীত ঋণ, রাষ্ট্রীয় প্রভিডেন্ট ফান্ড, বিভিন্ন প্রকারের ডিপোজিট ও এ্যাডভান্স, যথা—সিভিল, রেভিনিউ এবং ক্রিমিনাল কোর্ট ডিপোজিট, ডিপোজিট অব লোকাল বডিজ ইত্যাদি ঋণ খাতে হিসাব দেখানো হয়।

চলতি বৎসরের বাজেটের কতিপয় গুরুত্বপূর্ণ বিষয় নিম্নে বর্ণনা করা হইতেছে:—

ভূমি রাজস্ব

ভূমি রাজস্ব খাতে ৩ কোটি ৮৪ লক্ষ টাকা ব্যয় বরাদ্দ করা হইয়াছে। বাজেটের বৈশিষ্ট্য এই যে, প্রদেশের সমস্ত খাজনা আদায়কারী স্বত্ব দখলের ব্যবস্থা করা হইয়াছে। ১৯৫০ সালের পূর্ব পাকিস্তান জমিদারী দখল ও প্রজাস্বত্ব আইনের সরাসরি দখলের বিধান অনুযায়ী সরকার প্রদেশের মোট ৫০,০০০ টাকা ও তদূর্ধ্বের বার্ষিক আয়বিশিষ্ট বড় বড় জমিদারীগুলি দখল করার পর এমন অবস্থায় আসিয়া দাঁড়াইয়াছিলেন যে, অতঃপর সরাসরিভাবে দখল করা আর সম্ভবপর হয় নাই। সুতরাং, অবশিষ্ট সমস্ত রাজস্বভোগীদের স্বত্ব বর্তমান বৎসরে দখল করার সিদ্ধান্ত সরকার গ্রহণ করিয়াছেন।

বন

চলতি আর্থিক বৎসরে এই প্রদেশের বন রক্ষণ ও বন সম্পদের উন্নতির জন্য ৪৯ লক্ষ টাকা ব্যয় বরাদ্দ করা হইয়াছে।

কাঠ ও অন্যান্য বনজদ্রব্যের সরবরাহ বৃদ্ধি এবং বর্তমান ষ্টক সংরক্ষণ ও বৃদ্ধির জন্য বন বিভাগ কর্তৃক বহুবিধ পরিকল্পনা গ্রহণ করা হইয়াছে। পার্বত্য চট্টগ্রামের বন হইতে কাঠ সংগ্রহ পরিকল্পনার জন্য ২১ লক্ষ ৬১ হাজার টাকা ব্যয় বরাদ্দ করা হইয়াছে।

পূর্ব পাকিস্তান বেসরকারী বন আইন মোতাবেক সরকারের নিয়ন্ত্রণে আনীত বেসরকারী বনসমূহ বেসরকারী বন সংরক্ষণ পরিকল্পনা মতে পরিচালিত হইতেছে। এই উদ্দেশে ৩ লক্ষ টাকা বরাদ্দ করা হইয়াছে।

সরকারের নিয়ন্ত্রণাধীন বনসমূহের সংস্কার পরিকল্পনাও কার্যকরী করা হইতেছে এবং এই উদ্দেশে ১ লক্ষ টাকা বরাদ্দ করা হইয়াছে।

সেচ

সেচ কার্যের জন্য ৮ কোটি ৪৭ লক্ষ টাকা বরাদ্দ করা হইয়াছে। সেচ পরিকল্পনাগুলির মধ্যে কর্ণফুলী পরিকল্পনা বিশেষ গুরুত্বপূর্ণ। উহার জন্য বাজেটে ৪ কোটি টাকা বরাদ্দ করা হইয়াছে। এই পরিকল্পনার কাজ সন্তোষজনকভাবে অগ্রসর হইতেছে। আশা করা যায় যে, ১৯৫৬ সালের মাঝামাঝি ভাগে এই পরিকল্পনার কাজ সম্পন্ন হইবে।

গঙ্গা-কপোতাক্ষ পরিকল্পনা আরেকটি গুরুত্বপূর্ণ সেচ পরিকল্পনা। এই পরিকল্পনার প্রথম পর্যায়ে আনুমানিক ১ কোটি ৯৬ লক্ষ টাকা খরচ হইবে। ইহার জন্য ক্যাম্প, অফিস গৃহ, রাস্তাঘাট ইত্যাদি নির্মাণ এবং আবশ্যকীয় সামগ্রী সংগ্রহের প্রাথমিক কাজ প্রায় সম্পন্ন হইয়া গিয়াছে। প্রধান এবং শাখা খাল খননের কাজ অগ্রসর হইতেছে। বিদ্যুৎ উৎপাদন গৃহের ভিত্তি স্থাপনের কাজও আরম্ভ করা হইয়াছে। এই পরিকল্পনার জন্য বাজেটে ৭০ লক্ষ ১৯ হাজার টাকা বরাদ্দ করা হইয়াছে। পরিকল্পনার প্রথম পর্যায়ের কাজ অগ্রসর হওয়ার সংগে সংগে কুষ্টিয়া, যশোর ও খুলনা জেলায় বাকী অংশের সেচ ও জল নিষ্কাশন পরিকল্পনা তৈয়ারীর উদ্দেশে জাতিসংঘ প্রেরিত একজন বিশেষজ্ঞের তত্ত্বাবধানে গঙ্গা-কপোতাক্ষ পরিকল্পনার অন্তর্ভুক্ত সমগ্র অঞ্চল জরীপ করা হইতেছে। বর্তমান বৎসরের বাজেটে উহার জন্য অর্থ বরাদ্দ করা হইয়াছে।

তিস্তা বাঁধ পরিকল্পনা আরেকটি গুরুত্বপূর্ণ পরিকল্পনা। উহার জন্য আনুমানিক ৯ কোটি ২০ লক্ষ টাকা খরচ হইবে। বাজেটে উহার জন্য ১ কোটি ৯৫ লক্ষ টাকা বরাদ্দ করা হইয়াছে। আশু ফললাভের উদ্দেশে কেন্দ্রীয় ইঞ্জিনিয়ারিং কর্তৃপক্ষের পরামর্শ অনুযায়ী একটি উপ-পরিকল্পনা (তিস্তা পরিকল্পনার প্রথম পর্যায়ে) তৈরী করা হইয়াছে। এই উপ-পরিকল্পনায় আনুমানিক ১৬ লক্ষ ৩৬ হাজার টাকা খরচ হইবে। উহার কাজ ইতিমধ্যেই আরম্ভ করা হইয়াছে। এই উপ-পরিকল্পনাটির জন্য বাজেটে ১১ লক্ষ টাকা বরাদ্দ করা হইয়াছে।

এতদ্ব্যতীত অধিক খাদ্যশস্য উৎপাদনের জন্য অনেকগুলি জলনিষ্কাশন পরিকল্পনা কার্যকরী করা হইতেছে। প্রায় ৫ লক্ষ একর জমির উন্নয়ন ও বার্ষিক ৮০ লক্ষ মণ অতিরিক্ত খাদ্যশস্য উৎপাদনই এই পরিকল্পনাগুলির মূল লক্ষ্য। উহাদের জন্য বাজেটে ৩৪ লক্ষ টাকা ধরা হইয়াছে।

বন্যা নিয়ন্ত্রণ

প্রদেশের বন্যা সমস্যার প্রকৃত অবস্থা নিরূপণ জরীপ কার্যের কর্মসূচী প্রণয়ন, তথ্যাদি সংগ্রহ এবং বন্যা নিয়ন্ত্রণের জন্য পূর্ণাঙ্গ পরিকল্পনা প্রস্তুত কার্যের জন্য পূর্ব পাকিস্তান সরকার বন্যা কমিশন গঠন করিয়াছেন। একটি বন্যা নিয়ন্ত্রণ প্রতিষ্ঠানও গঠন করা হইয়াছে। জরীপ ও তদন্ত কার্য পরিচালনার জন্য বন্যা কমিশনে সিদ্ধান্ত গৃহীত হয়। এই সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে দশটি স্বল্পমেয়াদী বন্যা নিয়ন্ত্রণ পরিকল্পনা প্রস্তুত করিয়া বন্যা কমিশনের নিকট পেশ করা হয়। অতঃপর উহা পূর্ব পাকিস্তান সরকার কর্তৃক অনুমোদিত হয় এবং প্রয়োজনীয় অর্থ বরাদ্দ ও মঞ্জুরীর জন্য পাকিস্তান সরকারের নিকট দাখিল করা হয়। পাকিস্তান সরকার পরীক্ষামূলকভাবে পরিকল্পনাগুলির মধ্যে দুইটি, যথা (১) জরীপ ও তদন্ত এবং (২) রংপুর জিলার কালাপানী বাঁধ সম্প্রসারণ কার্যের আশু ব্যয় নির্বাহের জন্য ৪ লক্ষ টাকা দিতে সম্মত হইয়াছেন। উভয় কার্যই আরম্ভ করা হইয়াছে।

কালাপানী বাঁধ নির্মাণের কাজ বেশ অগ্রসর হইতেছে। এই বাঁধ নির্মিত হইলে যমুনা নদীর বন্যার ব্যাপক ধ্বংসলীলা হইতে প্রায় ৫২ বর্গমাইল পরিমিত শস্য উৎপাদনকারী এলাকা রক্ষা পাইবে। পাকিস্তান সরকার এযাবত অন্যান্য আরও বন্যানিরোধ পরিকল্পনা অনুমোদন করিয়াছেন। এবং বর্তমান আর্থিক বৎসরের জন্য ১ কোটি ১০ লক্ষ ৯৯ হাজার টাকা বরাদ্দ করিয়াছেন। এইসব পরিকল্পনার মধ্যে ৭টি বন্যা নিয়ন্ত্রণ পরিকল্পনা ও ১২টি সেচ ও জল নিষ্কাশন পরিকল্পনা রহিয়াছে। বর্ষা শেষে এইসব পরিকল্পনার কাজে হাত দেওয়া হইবে। জল নিষ্কাশনের সুবিধার্থে সরকার খাল সংস্কার করিবার জন্য বহুসংখ্যক পরিকল্পনা গ্রহণ করিয়াছেন। এইসব পরিকল্পনা বন্যার তীব্রতা হ্রাসে সাহায্য করিবে।

শিক্ষা

শিক্ষার খাতে ৪ কোটি ৫১ লক্ষ টাকা বরাদ্দ করা হইয়াছে। সাধারণ প্রয়োজনে এবং উন্নয়ন পরিকল্পনাদির জন্য বর্ধিত হারে অর্থ বরাদ্দ করা হইয়াছে।

বাংলা ভাষা ও সাহিত্যের উৎকর্ষসাধনের উদ্দেশে বাংলা একাডেমী স্থাপিত হইয়াছে। আশা করা যায় যে, এই একাডেমী কালক্রমে শুধুমাত্র অন্যান্য ভাষায় লিখিত দর্শন, কারিগরী বিজ্ঞান ও সাহিত্য বিষয়ক গ্রন্থের অনুবাদ ও প্রকাশকেন্দ্ররূপেই গড়িয়া উঠিবেনা, বরং ইহা বাংলা ভাষার অভিজ্ঞ পণ্ডিত ও শিক্ষার্থীগণের একটি গবেষণা ও আলোচনার কেন্দ্ররূপে পরিপূর্ণতা লাভ করিবে।

ঢাকা কলেজ ধানমণ্ডাই এলাকায় নতুন গৃহে স্থানান্তরিত হইয়াছে। এই কলেজের ছাত্রাবাসের নির্মাণ কার্যও শুরু করা হইয়াছে।

ইকবাল হলের বর্তমান গৃহের স্থলে একটি নূতন গৃহ নির্মাণের জন্য বাজেটে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ করা হইয়াছে। ইডেন গার্লস কলেজ ও হোস্টেলের জন্যও নূতন গৃহ নির্মাণ করা হইবে। এইজন্য প্রয়োজনীয় অর্থের ব্যবস্থা করা হইয়াছে। দেশের সশস্ত্র বাহিনীর জন্য যাহাতে দেশের বালকগণ নিজেদেরকে গড়িয়া তুলিতে পারে, তজ্জন্য সরকার চট্টগ্রামে একটি ক্যাডেট কলেজ স্থাপনের সিদ্ধান্ত করিয়াছেন। কেন্দ্রীয় সরকার এই পরিকল্পনা কার্যকরী করিতে যে ব্যয় হইবে উহার একটি উল্লেখযোগ্য অংশ বহন করিতে সম্মত হইয়াছেন। প্রাদেশিক সরকার জমি প্রদান ও এককালীন খরচের অংশ বহন করা ছাড়াও এই পরিকল্পনা বাবদ বার্ষিক পুনঃপৌণিকভাবে যে ৭ লক্ষ টাকা ব্যয়িত হইবে উহা বহনের সম্পূর্ণ দায়িত্ব বহন করিবেন। কারিগরী শিক্ষার ক্রমবর্ধমান চাহিদা মিটাইবার জন্য সরকার রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধীনে আর একটি ইঞ্জিনিয়ারিং কলেজ খোলার সিদ্ধান্ত করিয়াছেন এবং এই উদ্দেশ্যে বাজেটে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ করা হইয়াছে।

সরকার বর্তমান বৎসরের জন্য গরীব ও মেধাবী ছাত্রদের বৃত্তি ও সাহায্য বাবদ ৯ লক্ষ ৫৩ হাজার টাকা বরাদ্দ করিয়াছেন। এই সম্বন্ধে ইহাও উল্লেখ করা যাইতে পারে যে, গত বৎসর সরকার এই বাবদ মোট ৬ লক্ষ ৫৩ হাজার টাকা ধার্য করিয়াছিলেন। প্রাইমারী স্কুলের শিক্ষকদের বেতন বৃদ্ধির দাবী বহুকাল হইতে চলিয়া আসিতেছে। আমরা উক্ত উদ্দেশ্যে এই বাজেটে ৫ লক্ষ টাকা বরাদ্দ করিয়াছি। সংখ্যালঘু সম্প্রদায়ের অনুন্নত শ্রেণীর মধ্যে শিক্ষার প্রসার যাহাতে ত্বরান্বিত হয়, সেইজন্য সরকার খুব উদ্বিগ্ন। তদুদ্দেশ্যে ৪ লক্ষ টাকার স্বাভাবিক বরাদ্দ ছাড়াও বাজেটে আরো অতিরিক্ত ৪ লক্ষ টাকা বরাদ্দ করা হইয়াছে। অনুরূপভাবে বৌদ্ধ সম্প্রদায়ের জন্য স্বাভাবিকভাবে বরাদ্দকৃত ১০,০০০ টাকা ছাড়াও আরো অতিরিক্ত ৩,০০০ টাকা বরাদ্দ করা হইয়াছে।

চিকিৎসা ও জনস্বাস্থ্য

এই খাতে ৩ কোটি ২১ লক্ষ টাকা বরাদ্দ করা হইয়াছে। প্রধান প্রধান পরিকল্পনার জন্য বর্ধিত হারে অর্থ বরাদ্দ করা হইয়াছে। ঢাকা মেডিকেল কলেজের জন্য বহনযোগ্য নূতন এক্স-রে যন্ত্র এবং ষ্টেরিলাইজার ক্রয় বাবদে অর্থ বরাদ্দ করা হইয়াছে। চট্টগ্রাম মেডিক্যাল কলেজে ক্লাশ খোলার জন্য ব্যবস্থা হইয়াছে। ঐ কলেজের গৃহনির্মাণ ইতিমধ্যেই সম্পন্ন হইয়াছে। সরকারী হাসপাতালসমূহে ঔষধপত্র ও অস্ত্রোপচারের সরঞ্জামাদি ক্রয়ের জন্য অধিক অর্থ বরাদ্দ করা হইয়াছে। সরকার প্রদেশের মেডিক্যাল স্কুলগুলিকে কলেজে উন্নীত করিবার দাবী সম্পর্কে সবিশেষ অবহিত আছেন। কাজেই আর্থিক বৎসরে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধীনে একটি মেডিক্যাল কলেজ খোলার মত প্রয়োজনীয় অর্থের ব্যবস্থা করিয়াছেন।

১৯৪৯-৫০ সালে বি. সি, জি, টিকা প্রদান কর্মসূচী গৃহীত হয়। এবং ক্রমাগত বর্ধিত হারে ইহার কাজ অগ্রসর হইতেছে। চলতি সনের বাজেটে এইজন্য অতিরিক্ত অর্থ বরাদ্দ করা হইয়াছে।

বিস্তৃত স্থান জুড়িয়া মশক নিবারণী ও ম্যালেরিয়া নিরোধ অভিযান চালান হইতেছে এবং বন্যাপীড়িত এলাকায় বিশেষ ব্যবস্থা গ্রহণ করা হইতেছে। গৃহীত ক্রমসম্প্রসারণ কর্মসূচী অনুযায়ী ১৯৫৬-৫৭ সালের জন্য ৫০ লক্ষ লোককে ম্যালেরিয়া রোগমুক্ত করিবার প্রস্তাব করা হইয়াছে।

সুতরাং এই বাজেটে বর্ধিত হারে অর্থ মঞ্জুর করা হইয়াছে। শহর এলাকায় ম্যালেরিয়া নিরোধ ব্যবস্থার জন্য পূর্বাপেক্ষা অধিক অর্থ মঞ্জুর করা হইয়াছে।

এ পর্যন্ত আংশিকভাবে চারিটি জেলায় স্বাস্থ্য ও চিকিৎসা সম্বন্ধীয় ব্যবস্থাবলী প্রাদেশিক সরকার স্বহস্তে গ্রহণ করিয়াছেন এবং তাহা পুনর্গঠন করিয়াছেন। এই সমস্ত প্রতিষ্ঠান ও তৎসংক্রান্ত বিভিন্ন পদের চাকুরীর বাবদ প্রতি বৎসর ২৫ লক্ষ টাকা ব্যয় হয়। আরো কতকগুলি ডিস্‌পেন্সারী প্রাদেশিক সরকারের অধীনে আনার জন্য ১৯৫৬-৫৭ সালের বাজেটে অধিকতর অর্থ বরাদ্দ করা হইয়াছে।

ঢাকা এবং নারায়ণগঞ্জে ইমপ্রুভমেন্ট ট্রাষ্ট স্থাপন করিবার জন্য ১২ লক্ষ ৫০ হাজার টাকা বরাদ্দ করা হইয়াছে। ইহার জন্য বহু পূর্বেই প্রয়োজনীয় আইন পাশ করা হইয়াছে।

কৃষি

কৃষি খাতে ২ কোটি ৪২ লক্ষ টাকা বরাদ্দ করা হইয়াছে। কৃষি স্কুল ও কৃষি কলেজের জন্য স্বাভাবিক ব্যবস্থা বাদে কৃষি শিক্ষার উন্নয়নের জন্য অতিরিক্ত টাকা বরাদ্দ করা হইয়াছে। অধিকতর ব্যাপকভাবে কৃষি গবেষণা চালাইবার জন্য বর্তমান বৎসরের বাজেটে বর্ধিত হারে অর্থ মঞ্জুর করা হইয়াছে। অধিক খাদ্য ফলাও আন্দোলনের জন্য বর্ধিত বরাদ্দ এই বাজেটের আর একটি বৈশিষ্ট্য।

মৎস্য

এই খাতে বাজেটে ৬ লক্ষ ১৯ হাজার টাকার ব্যবস্থা করা হইয়াছে।

পূর্ব পাকিস্তানীদের অধিকাংশ প্রোটিনজাত খাদ্য মাছেই পাওয়া যায় এবং প্রদেশের মৎস্য সম্পদকে প্রকৃত 'সোনার খনি' আখ্যা দেওয়া হয়। কিন্তু এই সম্পদকে এ পর্যন্ত পুরোপুরিভাবে ব্যবহার করা হয় নাই। ১৯৫০ সালের পূর্ব পাকিস্তান মৎস্য পালন ও সংরক্ষণ আইন এই পর্যন্ত সক্রিয়ভাবে চালু করা হয় নাই। বর্তমান প্রাদেশিক সরকারের নীতি হইতেছে এই আইনের বিধানসমূহকে কার্যকরী করা এবং মৎস্য, ডিম্ব ও পোনামাছ ধ্বংস বন্ধ করা।

সেইমতে মৎস্য ডিরেক্টরেটকে (১) বৈজ্ঞানিক উপায়ে মৎস্য চাষ দ্বারা দেশের মৎস্য সম্পদ বৃদ্ধি করার জন্য ও (২) মাছের পরিত্যক্ত অংশ এবং নষ্ট মাছের সর্বোৎকৃষ্ট ব্যবহার পদ্ধতি নিরূপণের জন্য ১৯৫৬-৫৭ সালের বাজেটে অধিক পরিমাণ টাকা বরাদ্দ করা হইয়াছে।

সিভিল ওয়ার্কস

রাস্তাঘাট এবং সরকারী ইমারত প্রভৃতি নির্মাণ বাবদ ৭ কোটি ৬৬ লক্ষ টাকা ব্যয় বরাদ্দ করা হইয়াছে। এই খাতে পূর্বে গড়পড়তা বাৎসরিক ব্যয়ের অঙ্ক ছিল ৪ কোটি টাকা। বর্তমান আর্থিক বৎসরে এই খাতে আমরা ৭ কোটি ৬৬ লক্ষ টাকা ব্যয় করিতে মনস্থ করিয়াছি। বাজেটে বহু সংখ্যক জাতীয় গঠনমূলক পরিকল্পনাকে কার্যকরী করিবার ব্যবস্থা করা হইয়াছে। এই সমস্ত পরিকল্পনা দেশকে দ্রুত উন্নতির পথে অগ্রসর হইতে সাহায্য করিবে।

খাদ্য

বর্তমান বৎসরে আনুমানিক খাদ্য ঘাটতি ৭ লক্ষ টন। বর্তমান বাজেটে এই ৭ লক্ষ টন খাদ্যশস্য সংগ্রহ করার ব্যবস্থা ইতিপূর্বেই করা হইয়াছে। সরকার নিম্নোক্ত স্থানসমূহ হইতে

খাদ্যশস্য পাইবার আশ্বাস পাইয়াছেন ঃ—

পশ্চিম পাকিস্তান	...	...	১৪,৩৭৫
ব্রহ্মদেশ	...	...	৬১,৪৫০
যুক্তরাষ্ট্র (আমেরিকা)	...	...	৪,১৪,৭১৩
ভারত	...	...	২৫,০১৯
সিংহল	...	...	১,০০০
জাতিসংঘের আন্তর্জাতিক জরুরী শিশু তহবিল		...	৩,২২৩
সোভিয়েট রাশিয়া	...	...	৪০,০০০
চীন	...	...	৬০,০০০
	মোট	...	৬,১৯,৭৮০

ইহার প্রায় অর্ধেক পরিমাণ খাদ্যশস্য ইতিপূর্বেই আসিয়া পৌঁছিয়াছে। বাদবাকী খাদ্যশস্য হয় আসিবার পথে, না হয় উক্ত দেশগুলিতে জাহাজে বোঝাই হইতেছে। এতদপরি পাকিস্তানের প্রেসিডেন্ট মেজর জেনারেল ইস্কান্দার মীর্জা সাহেব গত ৭ই সেপ্টেম্বর তারিখে আরও ১ লক্ষ টন খাদ্য আমদানী করিবার আদেশ দিয়াছেন। উক্ত দেশ হইতে খাদ্যশস্য জাহাজে আনয়ন করার বিশেষ অসুবিধা বিধায় আমরা অন্যান্য দেশ হইতেও খাদ্যশস্য অতি সত্বর আনাইবার ব্যবস্থা করিতেছি। যখন সমস্ত আমদানীকৃত খাদ্যশস্য আসিয়া পৌঁছিবে তখন খাদ্যাবস্থা শুধু স্বাভাবিকই হইবে না বরং সঞ্চয়ের জন্য যথেষ্ট পরিমাণ খাদ্যশস্য হাতে রহিয়া যাইবে বলিয়া আশা করা যায়।

পল্লী উন্নয়ন কার্যসূচী

এতদুদ্দেশে বাজেটে ৯২ লক্ষ ৭৫ হাজার টাকা বরাদ্দ করা হইয়াছে।

পল্লী উন্নয়ন কার্যসূচী ১৯৫৫-৫৬ সালে বিশেষ কার্যকরী করা হয় এবং বর্তমানে উহা সন্তোষজনকভাবে অগ্রসর হইতেছে। তেজগাঁও, দৌলতপুর ও গাইবান্ধায় অবস্থিত পল্লী উন্নয়ন শিক্ষা কেন্দ্রে শিক্ষাপ্রাপ্ত তিনদল কর্মী তেজগাঁও, দৌলতপুর, ফুলতলা ও গাইবান্ধা থানাসমূহে তিনটি বিভিন্ন স্থানে উন্নয়ন কার্যে নিযুক্ত আছেন। তাঁহারা সন্তোষজনকভাবে কার্য করিতেছেন। যে দুইদল ট্রেনিংপ্রাপ্ত কর্মী এই বৎসর পাশ করিয়াছেন, তাঁহাদিগকে নূতন উন্নয়ন এলাকায় নিযুক্ত করা হইয়াছে। ১৫ জন মহিলার একটি দলও তেজগাঁও প্রতিষ্ঠানে শিক্ষাপ্রাপ্ত হইয়াছিলেন। তাঁহাদিগকে বর্তমানে তিনটি উন্নয়ন এলাকায় নিযুক্ত করা হইয়াছে।

যাহাতে প্রতিটি প্রতিষ্ঠান বর্তমানের ব্যবস্থা মাফিক ৬০-এর পরিবর্তে ১২০ জন কর্মীকে শিক্ষা দিতে পারে; সেই উদ্দেশ্যে প্রতিষ্ঠানসমূহের ট্রেনিং ব্যবস্থার সম্প্রসারণের সিদ্ধান্ত করা হইয়াছে। আলোচ্য বৎসরে আরও দুইটি প্রতিষ্ঠান স্থাপনের কথাও চিন্তা করা হইতেছে। উহার উদ্দেশ্য, অল্প সময়ের মধ্যে অধিক সংখ্যক কর্মী তৈয়ার করা—যাহাতে যত শীঘ্র সম্ভব সমগ্র প্রদেশে উন্নয়ন কার্য ত্বরান্বিত করা যায়। পূর্ব পাকিস্তান সরকারের কর্মচারীদের ভিতরে পল্লীমুখী মনোভাব সৃষ্টির জন্য এবং যে সমস্ত কর্মচারী সরাসরি পল্লী উন্নয়ন কর্মসূচী অনুযায়ী নিযুক্ত হইয়াছেন, তাহাদের নূতনভাবে শিক্ষা দিবার নিমিত্ত একটি "একাডেমী" প্রতিষ্ঠার কথাও চিন্তা করা হইতেছে। এই প্রসঙ্গে প্রস্তাব করা হইয়াছে যে, সিভিল সার্ভিস

কর্মচারীদিগকে এই "একাডেমীতে" কিছুকাল শিক্ষালাভ করিতে হইবে যাহাতে তাঁহারা এই প্রদেশে অধিকতর দায়িত্বপূর্ণ চাকুরী গ্রহণ করিবার আগে এই কর্মসূচী সম্পর্কে একটি মোটামুটি ধারণা লাভ করিতে পারেন। আশা করা যায়, এই পরিকল্পনার সাহায্যে একটি জনকল্যাণমূলক রাষ্ট্র গঠনের কার্য ত্বরান্বিত হইবে।

উপসংহারে সকলের সহযোগিতা কামনা করিয়া আমি বলিতে চাই প্রদেশের শাসন কর্তৃত্ব সবেমাত্র আমাদের হাতে আসিয়াছে। সৌভাগ্যের বিষয় কেন্দ্রেও আমাদের সুযোগ্য নেতা জনাব শহীদ সোহরাওয়ার্দী এক কোয়ালিশন মন্ত্রীসভা গঠন করিতে সমর্থ হইয়াছেন। বন্যা ও খাদ্য সমস্যায় বিপন্ন দেশবাসীর খেদমত পূর্ণভাবে করা প্রকৃতই সুকঠোর কর্তব্য। আশা করি, পরিষদের মাননীয় সদস্যবর্গ ও দেশবাসীর সহযোগিতায় এই কর্তব্য সুষ্ঠুভাবে সম্পাদন করিয়া আমরা ক্রমে ক্রমে দেশকে প্রগতি ও সমৃদ্ধির পথে আগাইয়া লইয়া যাইতে সক্ষম হইব।

পাকিস্তান জিন্দাবাদ

শিরোনাম	সূত্র	তারিখ
পূর্ব পাকিস্তান ব্যবস্থাপক সভায় নির্বাচন প্রথা সম্পর্কিত বিতর্ক ও যুক্ত নির্বাচনের সপক্ষে প্রস্তাব গ্রহণ।	পূর্ব পাকিস্তান ব্যবস্থাপক সভার কার্য বিবরণী।	১২ অক্টোবর ১৯৫৬।

ELECTORATE ISSUE

(29th September)

MR. SPEAKER: Ladies and Gentlemen, we are now upon the threshold of the most momentous issue, namely, the electorate issue. The destiny of the millions of the people of Pakistan hangs in the balance in this respect. Whether there is a volume of demonstration on this side or on that side is beside the point. We, the legistators here, as the true representatives of the country in exercise of our freedom, in response to the voice of conscience —not in response to slogans and demonstrations should exercise our votes freely and conscientiously. We should conduct the proceedings of the House coolly, calmly and in a peaceful atmosphere. Now Mr. Khurshiduddin Ahmad of the Nizame Islam Party would move his resolution on Separate Electorate first.

(1st October)

Mr. KHURSHIDUDDIN AHMAD: Sir, I beg to move that the East Pakistan Assembly is of the views that elections to the National Assembly and Provincial Assemblies shall be held on the principle of Separate Electorate.

সভাপতি মহোদয়, পৃথক বা স্বতন্ত্র নির্বাচনের দাবী এখানে কোন নূতন কথা নয় এবং আমার প্রস্তাবও নূতন কথা নয়। আপনি এক সময় বুঝাতে চেষ্টা করেছেন যে স্বতন্ত্র নির্বাচনের দাবী নূতন কথা এবং স্বাভাবিক বস্তু বিপরীত—আমি একথার দৃঢ়ভাবে প্রতিবাদ করি। আল্লাহর সার্বভৌমত্বের পরিপ্রেক্ষিতে পৃথক নির্বাচনের দাবীতে পাকিস্তানের জন্ম সম্ভব ও সার্থক হয়েছিল। পাকিস্তানে স্বতন্ত্র নির্বাচনের দাবী ধর্মভিত্তিক এবং আদর্শভিত্তিক। যে আদর্শ রূপায়নের জন্য পাকিস্তান এই পৃথিবীতে জন্মলাভ করেছিল সে আদর্শ হচ্ছে একটী স্বতন্ত্র জাতীয়তাবাদের আদর্শ। পৃথিবীর অপরাপর ইসলাম বিরোধী যা কিছু শক্তি বা আদর্শ আছে তার প্রতিকূলে একথা বলা চলে যে মুসলমানদের স্বতন্ত্র জাতীয়তাবোধ এটী নূতন কথা নয়। এটি কোরান শরীফের শাশ্বত বাণী—হাদিসে এর ব্যাখ্যা পূর্ণতালাভ করেছে। সমস্ত জগতের উপর এক আল্লাহর সার্বভৌমত্ব স্বীকার করে যে মতবাদ তার উপর ভিত্তি করে রচিত হয়েছিল পৃথক নির্বাচন পদ্ধতি। যদি এই পৃথক নির্বাচন পদ্ধতি অস্বীকার করা হয় তাহলে পাকিস্তানের দাবীকে নস্যাৎ করে দেয়া হবে। "ইসলামী প্রজাতন্ত্র" বিশিষ্ট মতবাদের রূপায়ণকে কেন্দ্র করে সম্ভব হয়েছে। ভৌগোলিক মতবাদ বা বস্তুতান্ত্রিক মতবাদ থেকে ইসলামী জাতীয়তাবাদ সম্পূর্ণ পৃথক। Secular State-এ সর্বক্ষেত্রে আল্লাহর সার্বভৌমত্ব স্বীকার করা হয়না। পাকিস্তানের শাসনতন্ত্রের মুখবন্ধে প্রথমেই সমস্ত জগতের উপর এক আল্লাহর সার্বভৌমত্ব স্বীকার করা হয়েছে। আল্লাহর সার্বভৌমত্ব স্বীকার করে যে জাতীয়তাবাদ তারই উপর ভিত্তি করে পাকিস্তানের শাসনতন্ত্র রচিত হয়েছে। যদি পৃথক নির্বাচন প্রথা অস্বীকার করা হয় আজ তাহলে পাকিস্তানের শাসনতন্ত্রের বিরুদ্ধে প্রকৃতপক্ষে জেহাদ ঘোষণা করা হবে এবং তার ফলে পাকিস্তানের অস্তিত্ব বিপন্ন হবে। এবং কাশ্মীর, জুনাগড় ইত্যাদির দাবী প্রত্যাহার করতে হবে।

এই পাকিস্তানের জন্ম এই স্বাতন্ত্র্যবোধ থেকে হয়েছিল সেটা প্রমাণ করবার জন্য বেশী দূরে যেতে হয়না। কোরাণ থেকে দু'একটি কথা উদ্ধৃত করে আমার কথা যে অন্যায় ও কৌতুহলপ্রসূত নয় সেটা প্রমাণ করব। কোরাণ বলেছে যে সমস্ত মানবজাতি এক মণ্ডলীর অন্তর্ভুক্ত। বিশ্ব মানব একই মানবতার শৃঙ্খলে আবদ্ধ। এ ভিত্তিকে—এই আদর্শকে যদি আংশিকভাবে বা সম্পূর্ণরূপে অস্বীকার করি তাহলে মানব জাতির ভিতর বিভেদ সৃষ্টি করা হবে। আল্লাহর সার্বভৌমত্ব কেহ সম্পূর্ণ স্বীকার করে নিয়েছে—কেহ সম্পূর্ণ অস্বীকার করেছে আবার কেহবা ২/৪/৭ আনা স্বীকৃতি দিয়েছে। এই প্রকার স্বতন্ত্রবোধ বৈষম্যের দরুন পৃথিবীতে জাতিভেদের সৃষ্টি হয়েছে। এই জাতিভেদের বিরুদ্ধে যাঁরা সংগ্রাম করেছেন তাঁরা যুগে যুগে অবতার বা মহাপুরুষ বলে আবির্ভূত হয়েছিলেন। ইসলাম ধর্ম প্রচারের পূর্বে পৃথিবীর মানুষ বিভিন্ন জাতিতে বিভক্ত হয়েছিল এবং এই জাতিভেদ দূর করাই ছিল ইসলামের প্রচেষ্টা। ইসলাম প্রচার করল যে মানবজাতি এক। কিন্তু অস্বাভাবিক ভৌগলিক জাতীয়তাবোধ পৃথিবীর মানুষকে বিভক্ত করেছে। China for Chinese, India for Indians and Russia for Russians, একথা প্রমাণিত হতে চলেছে যে নিরাপত্তা কাউন্সিল মানব জাতির সার্বভৌমত্বের যোগসূত্র খুঁজে পায় নাই। মানবতার ধর্মভিত্তিক আল্লাহর সার্বভৌমত্ব ও সকল মর্যাদাকে যদি স্বীকার করি তাহলে মানব জাতির এই অধিকার লাভ সম্ভব হবে। কোরাণের এই আদর্শের বাস্তব রূপায়ণের জন্যও সে আদর্শকে পরিপূর্ণ করার জন্য পাকিস্তানের স্বপ্ন আজ বাস্তবে রূপায়িত হয়েছে। জনাব স্পীকার সাহেব, পাকিস্তানের দাবী ছিল দ্বিজাতি ভিত্তির উপর। এই দ্বিজাতিবাদ ভিত্তি করে দুটো আদর্শের সংগ্রামের উপর পাকিস্তানের জন্ম হয়েছে অর্থাৎ বিশ্ব মানব সভায় পাকিস্তান বা আমাদের স্বাতন্ত্র্যবোধের দাবী স্বীকৃত হয়েছে। তার ফলে পাকিস্তান জন্মলাভ করেছে। তখন ভারত বিভাগকে মাতা বিভাগ করবার সমপর্যায় মত বলা হয়েছিল। যারা পাকিস্তানের বিরোধীবাদী ছিল তাদের সঙ্গে সক্রিয় agreement, সমঝোতা করে পাকিস্তানের সৃষ্টি হল। তারা পাকিস্তানের আদর্শকে স্বীকার করে নিয়েছিল। আজকে যদি এই স্বাতন্ত্র্যবাদকে অস্বীকার করা যায় তাহলে বলতে হবে যে পাকিস্তান দাবীর মূলে ধোকাবাজী ছিল। একথা কোন মানুষ বলতে পারেনা যে কায়েদে আযম আমাদের ধোকা দিয়েছেন। সুতরাং আজকে যুক্ত নির্বাচনের পক্ষে যেসমস্ত যুক্তি দেখান হয় তা অচল। (Noise).......

আজ দ্বিজাতির ভিত্তি যদি অস্বীকার করা হয় তাহলে বুঝতে হবে যে পারিপার্শ্বিক রাজনৈতিক body-র চাপে পড়ে সে আদর্শকে মুসলমান জাতি বিসর্জন দিতে বাধ্য হচ্ছে। কিন্তু আমি বুঝতে পারছিনা সে আদর্শবাদ কি কারণে জলাঞ্জলী দিতে হবে। এই স্বাতন্ত্র্যবোধই হচ্ছে মুসলমানদের জাতীয়তাবাদের উৎস। আমাদের কোরান ও সুন্নাহ তাই বলে। সেটাকে যদি অস্বীকার করা হয় তাহলে বুঝতে হবে আর একটি কোরান ও হাদিস পাওয়া গিয়াছে এবং মুসলমানদের বিশ্বমানব পরিকল্পনার আদর্শকে পরিত্যাগ করতে হবে। বলাবাহুল্য আমাদের কোরাণ ও হাদিস এই ভৌগলিক জাতীয়তাবাদ কখনো সমর্থন করে না। আমি আপনার মাধ্যমে বন্ধুদের জানাচ্ছি............

এই রকম নবকল্পিত ভৌগলিক, সীমাবদ্ধ জাতীয়তাবাদের বিরুদ্ধে জনাব ইকবাল মরহুম যা লিখেছেন আমি তা থেকে দু'একটি কথা উল্লেখ করছি—if Turkey is left to seek forces of energy in the creation of new loyal, such a patriotism and nationalism nourishes the strongest force against that culture. তুরস্ক, মিসর ও ইরানের আধুনিক মুসলমানদের দেশ কেন্দ্রীয় জাতীয়তাবাদ নূতন জীবন শক্তির কল্পনায় লিপ্ত হয়েছে। এই দেশ কেন্দ্রীক জাতীয়তাবাদ সভ্যতার প্রকৃষ্ট প্রতিবন্ধকরূপ বলে আখ্যায়িত হয়েছে। জনাব স্পীকার সাহেব, জাতীয়তাবাদের নামে যা বলা হয় সেটি অযৌক্তিক বলে জগতের

মনীষীগণ একবাক্যে বলেছেন। জনাব ইকবাল মরহুম মুসলমানদের জাতীয়তাবাদের এক নূতন সূত্র আবিষ্কার করেছিলেন। মার্কস বলেছেন, এটা unreasonable. তার মানে কৃষ্টি ও কালচারের বিরুদ্ধে মানব সভ্যতায় এটা একটি অপশক্তি ও অপকৌশল। এই অপকৌশল বর্তমান পৃথিবীকে দুটি যুযুৎসু শিবিরে পরিণত করেছে। একটি হচ্ছে রাশিয়ার communism বা সমাজতন্ত্রবাদ আর একটা হচ্ছে ধনতন্ত্রবাদ বা সাম্রাজ্যবাদ। এই দুটি মতবাদে সংঘর্ষ হচ্ছে। পরীক্ষা করে দেখা গিয়েছে নিরাপত্তা পরিষদ যত সংগ্রামই করুননা কেন এই লড়াই পৃথিবীকে শান্তিতে থাকতে দিবেনা। এই সংগ্রামের শেষ করতে হলে দ্বিতীয় পন্থা হচ্ছে মানব জাতির সীমার উর্ধে উঠে আল্লাহর সার্বভৌমত্বের ভিত্তিতে যে জাতীয়তাবাদ আসবে সেটা। তাহলে দুটি মতবাদের সামঞ্জস্য হতে পারে। জগতের শান্তির পথ প্রশস্ত হতে পারে। পৃথিবী শান্তির দিকে অগ্রসর হবে। পৃথিবীর শান্তি আমাদের শান্তি যোগাবে। আমরা আমাদের শাসনতন্ত্রের Preamble-এ বলেছি যে পৃথিবীতে যাতে শান্তি প্রতিষ্ঠিত হয় তার চেষ্টা আমরা করব। আমাদের শাসনতন্ত্রের এই কথা যদি আমরা বিশ্বাস করি ও মেনে চলি তাহলে বিশ্বমানবের শান্তির জন্য স্বতন্ত্র নির্বাচনের দাবীর দরকার আছে। আর একটা কথা অনেকে বলে থাকেন যে, আমাদের Local Board, District Board, Municipality প্রভৃতি প্রতিষ্ঠানের এবং National Assembly-র স্পীকার নির্বাচনে আংশিকভাবে Joint Electorate প্রথা আংশিকভাবে স্বীকৃত হয়েছে। এর প্রতিবাদে আমি বলতে চাই যে, Head of the State হচ্ছে Titular figure head যেমন English King হচ্ছে constitutional figure head, তাঁর নিজের কার্যাবলী কিছু নাই। দ্বিতীয় কথা হচ্ছে Municipality, Local Board, District Board, Union Board-এর নির্বাচন আদর্শের সংগ্রাম নয়। সেখানে হচ্ছে আইন সভার সিদ্ধান্তের—Local Self Govt. Act-এ যে সিদ্ধান্ত আছে তার রূপায়ন।

একটা রাস্তা হিন্দু করল কি মুসলমান করল, একটা জলাশয় হিন্দু করল না খৃষ্টান করল এতে কিছু আসে যায়না। সুতরাং সেখানে স্বতন্ত্র বা যুক্ত নির্বাচনের প্রশ্ন আসেনা। কিন্তু আইন সভার নির্বাচন একটা স্বতন্ত্র জিনিস। আমাদের শিক্ষা, আমাদের সাংস্কৃতি, আমাদের সভ্যতা, আমাদের তাহজীব, তমুদ্দুন সম্পূর্ণ ভিন্ন। বিভিন্ন গোষ্ঠি, বিভিন্ন পরিবারের লোক দ্বারা এই অইনসভা গঠিত হয়।

আমি বলছিলাম যে আমাদের বর্তমান সরকারকে আমি সেই সমস্ত নির্দেশের পথে আকৃষ্ট করতে চাই। সরকার গঠনের মধ্যে তিনটি বিভাগ থাকে—একটা হচ্ছে সর্বোচ্চ পরিষদ, যাকে আমরা বলি বিধান পরিষদ। সেটা হল Legislative Body, সেখানে আইন প্রণয়ন করা হয়। দ্বিতীয়টি হচ্ছে আইনের বিধান ঠিকমত প্রতিপালন করবার জন্য Executive Body বা শাসন কর্তৃপক্ষ। তৃতীয়টি হচ্ছে এই আইনের বিধান যারা লঙ্ঘন করে তাদের যথাযোগ্য ন্যায়ের তুলাদণ্ডে বিচার করে শাস্তি বিধান করে—তারা হচ্ছে Judiciary.

আমরা আজ এই আইন সভায় যে সমস্ত লোক এসেছি তারা বিভিন্ন কৃষ্টি, বিভিন্ন সমাজ, বিভিন্ন আদর্শের প্রতীকরূপেই এখানে মেম্বার হয়ে এসেছি। আমাদের নিজেদের constituency অনুযায়ী আমাদের শিক্ষা, সাংস্কৃতি, তাহজীব, তমুদ্দুন বিভিন্ন, একথা স্বীকৃত সত্য। এই বৈষম্য থাকার কারণ হল আমাদের নিজ নিজ দৃষ্টিকোণ থেকে নিজের নিজের কথা বলবার জন্য আজ প্রতিনিধি হিসেবে এই আইন সভায় এসেছি। পৃথকভাবে নির্বাচন হওয়া একান্ত দরকার কারণ, কোন খৃষ্টান কোন মুসলমানের অহজীব, তমুদ্দুন প্রকাশ করতে পারেনা, কোন হিন্দু জাতির মতামতের রূপায়ণ মুসলমান প্রতিনিধিরা করতে পারেনা। সুতরাং এক্ষেত্রে বিভিন্ন

শিক্ষা, কৃষ্টি, সাংস্কৃতিক, ভাষা এবং নানাদিক দিয়েই বৈষম্যের যথেষ্ট কারণ রয়েছে। বিভিন্ন সমাজ হতে আগত মেম্বাররা সকলেই যে স্বতন্ত্র স্বত্বার অধিকারী একথা স্বীকৃত সত্য। সুতরাং বিভিন্ন জাতীয় স্বত্বা কথার জন্য আইন পরিষদের নির্বাচন যুক্ত না হয়ে স্বতন্ত্র নির্বাচনের মাধ্যমে হওয়াই বিধেয়। স্পীকার মহোদয়, একটা কথা শুনতে পাই যে আমাদের কায়েদে আযম যুক্ত নির্বাচনের সমর্থক ছিলেন। এটা জাজ্জ্বল্যমান মিথ্যা এবং স্বদেশ বিরোধী কথা। কায়েদে আযমের সমস্ত জীবনের দৃষ্টান্ত থেকেই এটা স্পষ্ট প্রতীয়মান হয়। ১৯২৮ সাল পর্যন্ত তিনি কংগ্রেসে ছিলেন। তখন তিনি দুইটি জাতিকে একত্রিত করতে চেষ্টা করেছিলেন, কিন্তু কংগ্রেসের খামখেয়ালীর জন্য তিনি পাকিস্তানের দাবী উত্থাপন করেছিলেন। এই দাবী স্বীকৃত হবার পর আবার নুতনভাবে একথা উঠা নিতান্তই অসংগত। আমি এই প্রসংগে কায়েদে আযমের শেষ বাণীর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করতে চাই। তিনি ১৯৪৭ সালে পাকিস্তানের National Parliament-এর বক্তৃতায় যে কথা বলেছিলেন সেকথা বিজয়ী মুসলমানদের নিকট তার একটা শাশ্বত বাণী এবং বিজিত অমুসলমানদের প্রতি পরাজয়ের গ্লানি ভুলে যাওয়ার একটা মস্তবড় আশ্বাসের বাণী। এই বাণীর আমরা তুলনা করতে পারি। আমাদের রাসুলুল্লাহ বলেছিলেন, তাঁর বিজয়ের দিনে, "হে আমার বিজয়ী বন্ধুগণ! তোমরা যে জাতিই হওনা কেন, মনে রেখ, আজ প্রতিশোধ নেওয়ার দিন নয়; আজ শুধু প্রেম বিতরণ করা এবং দোষ ভুলে যাওয়ার দিন।" সুতরাং সেই যে কায়েদে আযমের বাণী সেটী অমুসলামনদের নিকট তৃপ্তি এবং আশ্বাসের বাণী এবং মুসলমানদের নিকট গৌরবের বাণী। বিজয়ী উৎফুল্ল মুসলমানদের পাকিস্তান প্রতিষ্ঠা হওয়ার পর, তিনি সাবধান করে দিয়েছিলেন, বলেছিলেন, তোমরা হিন্দু মুসলমান একসাথে বসবাস কর। আমি এরূপ কল্পনা করতে পারি না যে এর অর্থ হতে পারে যে তিনি পৃথক নির্বাচনের দাবী নস্যাৎ করে দিয়েছিলেন। জুনাগড় সম্বন্ধে, কাশ্মীর সম্বন্ধে, হায়দ্রাবাদ সম্বন্ধে নজর দিলেই সকলে স্বীকার করতে বাধ্য হবেন যে তাঁর সমগ্র জীবন প্রমাণ দিচ্ছে যে তিনি পাকিস্তানে যুক্ত নির্বাচনেব বিরুদ্ধে এবং স্বতন্ত্র নির্বাচনের পক্ষে রায় দিয়েছেন। একথাসর্ববাদী সত্য। সভাপতি মহোদয়, গণতন্ত্র সম্বন্ধে একটা কথা বলা হয় যে, স্বতন্ত্র নির্বাচন কায়েম হলে গণতন্ত্র ব্যাহত হবে। একথা মোটেই সত্য নয়.......................

স্পীকার মহোদয়, আমি উপসংহারে বলতে চাই, যদি স্বতন্ত্র নির্বাচনের দাবী পরিত্যক্ত হয় তাহলে সর্বপ্রথম কথা হচ্ছে, মুসলমানদের সনাতন শাশ্বত মানবতার যে আদর্শ আছে সে আদর্শ হল আল্লাহর সার্বভৌমত্বের স্বীকৃতি, তা ব্যাহত হবে। পাকিস্তানের মুসলমানদের দ্বারা স্বতন্ত্র নির্বাচন পরিত্যক্ত হলে পূর্বোক্ত আদর্শকে সম্পূর্ণ বিসর্জন দেয়া হবে। যদি এই স্বতন্ত্র নির্বাচনের দাবী পরিত্যাগ করা হয় তাহলে পাকিস্তানের সমাধি আজ না হোক কাল রচিত হবে। যে বিশাল সংস্কৃতি এবং মানসিকতার বলে এই নুতন পরিবেশের সৃষ্টি হয়েছিল, মুসলমান জনগণ আজ সে আদর্শ বিস্মৃত হতে চলেছে। সেই বিস্মৃত আদর্শকে পুনরায় বিশ্বে প্রতিষ্ঠার উদ্দেশ্যে আজ বিশ্বের সমস্ত মুসলিম দেশে নব জাগরণের তূর্যনিনাদে মহাজাগরণের বাণী উঠেছে, আত্মাহুতির দাবী এসেছে। আজ পাকিস্তানে সে আদর্শের পরিপন্থী পরিবেশের সৃষ্টি হয়েছে। সেই পরিবেশ নষ্ট করে দিতে হবে। পাকিস্তানে আমরা একজাত হয়ে যদি পাকিস্তানের থিওরী ভুলে যাই তাহলে কলকাতা আর সামান্তের কোন ব্যবধান থাকবে না। অনাগত ভবিষ্যতে হিন্দু মুসলমানের ভোটে এবং মুসলমান হিন্দুর ভোটে নির্বাচিত হবেন কিন্তু তারা প্রকৃত প্রতিনিধি হতে পারবেননা। যদি পৃথক নির্বাচন ব্যবস্থায় নির্বাচন হয় তাহলে তারা সত্যিকারের প্রতিনিধিত্ব করতে পারবেন। যদি হিন্দু মুসলমানকে এবং মুসলমান হিন্দুকে ভোট দেয় সেটা অত্যন্ত অন্যায় এবং মারাত্মক হবে। তার ফল সব দিক দিয়েই খারাপ হবে। আরও একটা কথা হচ্ছে যে পাকিস্তান যে বিশ্বমানবের মংগল এবং শান্তি প্রতিষ্ঠার প্রস্তাব করছে, সেই সার্বভৌম মানবতার অধিকার ক্ষুণ্ণ হবে।

Mr. ABUL BASHAR MOHD. SULTANUL'ALAM CHOWDHURY: Mr. Speaker, Sir, the question of electorate which is being mooted and debated here, I think, is one of the most outstanding and serious subjects that have been placed before this House in the last nine years of its splendid existence. I call it an outstanding and serious subject because, to me, it is not a political question pure and simple, as is often explained and interpreted by the exponent of Joint Electorate but with it are interlinked the very important religious and culture, qestions and above all the safety and security of the state itself. Before entering deep into the main theme, sir, I think it behaves me to give in nutshell the genesis and history of separate Electorate in the undivided subcontinent of India.

In 1906 a deputation consisting of Nawab Mohsinul Mulk, Nawab Vikarul Mulk, Sir Syed Ali Imam, Hakim Azmal Khan, Mr. Justice Shahi Din and others under the leadership of the Aga Khan waited upon Lord Minto, the then Viceroy of India and demanded among other things the right of separate Electorate for the Muslims and that was agreed to and was in view of the political backwardness of the Muslims embodied in the Minto-Morley Reforms.

Therefore, Sir, so far as the political life of the people of Pakistan is concerned, from what I have shown, Two-nation Theory has vanished. To stick to that even now is to land us to an absurd position. We are not two nations in the United Nations. We are one Pakistani Nation there. As a member of the Commonwealth of Nations, we are also one Nation. But so far as the question of Electorate is concerned, we are to remain two nations and so, there cannot be Joint Electorate. What would be the effect of this? It would mean that we are to act as one nation when working the Constitution even for giving effect to all Islamic provisions and we are to be known as one nation to the outside world, but that at the base, we are to remain two nations on account of the differences in the faiths that different groups of us profess. This a position, besides affecting our prestige to the outside world, would be fruitful of many evils affecting our life at home. It would be accentuating religious difference to such an extent as will be detrimental to the very best interests of Pakistan by making the non-Muslims to remain a perpetual minority and a subordinate political entity. The people are to be welded into one nation and to merge together, work together for the upliftment of Pakistan. But, Sir, we feel that creation of such compartments, as Seperate Electorate means, would tend to do would grievously hamper it.

Now, Sir, many of my friends have said many things by which they have imputed some motives to us. Of course, Sir, I can very well reply to those in the same way as they have done. But I submit that I will not do so. I submit, Sir, that the imputation of motives is the weakest part of an argument. I can hit back with a greater show of reasons. But I will not do that. Yet I would like to submit one matter which may supply a cue to the claim for Separate Electorate. Now, Sir, there is one Moulana—I mean Maulana Maududi who toured East Pakistan and preached for Separate Electorate. He said that Pakistan would be destroyed if Joint Electorate was accepted. He has written a book in which he has given fantastic ideas. He had mentioned in the book

that non-Muslims in Pakistan have no right to be placed in responsible positions and even women have no right to be so placed. If the women are to be given any right to be elected for legislatures then there should be a Separate Assembly for them so that in that Assembly they might discuss matters which affect them. They might discuss also other matters and submit their decisions to the men's Assembly. There is another paragraph in which he has said that the Separate Electorate for minorities is the only thing, as by giving to them Separate Electorate, the minority will never be placed in a responsible position and the result will be that in order to get that right they will gradually become Muslims. That is the statement in the book. If any friend of mine wants to see that, I can show it. So, if you impute motive we can also say that the claim for Separate Electorate is motivated by the same motive as that of Moulana Moududi. It is said that if Joint Electorate is given, Pakistan will be destroyed. It is a fantastic idea without any valid ground. Sir, much abuses have been hurled on us, the Congressmen, in so vociferous a language as carries its own weakness. Sir, I have got to tell you, that we here believe that Pakistan was created on account of the demand of the Muslims, and the Congress of India stressed that there was one nation throughout India and for the unity, Congressmen opposed partition; but ultimately the Congress yielded and they agreed to the creation of Pakistan. If the Congress had not agreed, there would have been no Pakistan. They agreed and Pakistan was created. (Cries of "No, No. We fought out Pakistan."). Yes, you fought out Pakistan. That cannot be denied. So, we who have remained in Pakistan, feel it our moral duty to see that Pakistan should emerge as a country to take its rightful place in the Comity of Nations. And Sir, I feel in my heart of hearts that Pakistan was justified. When I took round, I find that the administration is being mainly manned and run by the Muslims. I feel that my Muslim brethren are really coming into their own. When I see there very many youngmen going about with a glow of great enthusiasm in their activities and even going abroad in large number for higher education, I feel that the creation of Pakistan was justified. Whether Pakistan is being managed in a good way or in a badway or in an indifferent way, that is quite another matter. But Pakistan has come and Pakistan will stay. Nobody can dispute that. It has been said that those who want Joint Electorate want to unite East Pakistan with West Bengal. I submit, Sir, that it is only mere imagination and fiction. There cannot be any union between West Bengal and East Bengal Pakistan that they so glibly talk about.

Now, Sir, in one of the debates in the Constituent Assembly when this was asserted by the then Prime Minister, Mr. Mohammad Ali of Bogra, my friend Mr. Bhupendra Datta said to Mr. Mohammad Ali, "You go to your elder brother (meaning Mr. Nehru) and make a present of Pakistan in a platter of gold and see what he does." So, that is the postion. It is only misleading the people when they say that there is the intention of bringing about an annexation of East Pakistan with West Bengal. I say that, that is a fantastic idea.

Now Sir, with regard to the historical backgrounds, I referred to earlier I shall point out certain inaccuracies. It has been said that the Quaid-e-Azam always wanted Separate Electorate for Pakistan. It is not so. Sir, I had the privilege of associating myself with Quaid-e-Azam in the Indian Legislative Assembly from 1935 to 1937. At the time when he discussed the matter in a convention on the Nehru Report on India's claim for self-Govenrment in the Congress Session, 1928, I came to know his mind. He clearly said in some of his speeches, "I am not wedded to Separate Electorate." That was in 1927.

Four years after that, after the formation of his well known 14-points, addressing the U.P. Conference at Allahabad on the 8th of August, 1931, just when the Constitutional proposals to be embodied in the Government of India Act of 1935 were being considered, he said, "The next question that arises is one of Separate Electorate *versus* Joint Electorate. I myself believe that if majority is conceded in the Punjab and Bengal, I would personally prefer a settlement on the basis of Joint Electorate." He added, "My position is that I would rather have a settlement even on the footing of Separate Electorate hoping and trusting that when we have our constitution, and both the Hindus and Muslims get rid of the distrust, suspicion and fear and when they get their freedom, they would rise to the occasion and probably separate Electorate will go sooner than most of us thought." Now, Sir, in Pakistan Muslims and Hindus are not to get rid of the distrust, suspicion and fear are not to go, but are to be perpetuated by Separate Electorate.

Now, Sir, that is the position. Here the majority community are the Muslims. They were wanting Separate Electorate. That is a position which no one can understand. These are my submissions and I appeal to the House to consider this matter dispassionately and come to their considered decision in a calm way on the question whether Separate Electorate is to be the desideratum in the present context of things.

MR. MOHIUDDIN AHMED: Mr. Speaker, Sir, যুক্ত নির্বাচন ও পৃথক নির্বাচন লইয়া পাকিস্তানের রাজনীতিতে বেশ আলোড়ন সৃষ্টি হইয়াছে। এই জটিল ও বিতর্কমূলক বিষয়টাকে যে অত্যন্ত গুরুত্বপূর্ণ রাজনৈতিক তাৎপর্যপূর্ণ বলিয়া মনে করিতে হইবে তাহা গোড়াতেই বলিয়া রাখা দরকার—যুক্ত নির্বাচন অথবা পৃথক নির্বাচন এই প্রশ্নটি কতিপয় বুদ্ধিজীবীর মস্তিষ্কপ্রসূত একদিনের একটি ঘটনা নহে, অথবা উহাকে খেয়ালীর খেয়াল বলিয়াও আখ্যা দেওয়া চলেনা। পাকিস্তান লাভের পর পাকিস্তানে, বিশেষ করিয়া পূর্ব পাকিস্তানে জনগণের মুক্তি সাধনার যে কঠোর সংগ্রাম চলিয়া আসিতেছিল, সেই কঠোর সংগ্রামের স্বাভাবিক নিয়মেও প্রয়োজনের তাগিদে এই বিতর্ক বীজ জন্ম দিয়াছে। পাকিস্তানের জনগণ যতই রুটি-রুজীর সংগ্রাম করিয়াছে ততই তাহাদের প্রতি দিনের অভিজ্ঞতা তাহাদের জীবন সংগ্রামের অপরিহার্যতা এই দুই সম্প্রদায়ের মধ্যে সংহতি ও জনগণের ঐক্যের এই মহান তত্ত্বকে শক্তি দিয়াছে। পাকিস্তান লাভের সাথে সাথে নির্বাচন পদ্ধতির প্রসংগটি কাহাকেও তত ভাবাইয়া তুলিতে পারে নাই। তাহার কারণ ছিল এই যে; পাকিস্তানে অগণতান্ত্রিক রাজনীতির বিজয় পতাকা মুসলিম লীগ বহুদিন পর্যন্ত নির্বিঘ্নে উড়াইতে পারিয়াছিল। কিন্তু দীর্ঘ নয় বছরে পাকিস্তানের জনগণ হতাশা, দুঃখ, লাঞ্ছনা ও অত্যাচারের ভিতর দিয়া অনেক শিখিয়াছে। জনগণের চিন্তাধারার আমূল পরিবর্তন সাধিত হইয়াছে। জনগণ গণতন্ত্রের জন্য সংগ্রাম করিতেও শিখিয়াছে। জনগণের চিন্তার এই বিকাশ প্রতিফলিত হইয়াছে বিভিন্ন সংস্থার মাধ্যমে, ইতিমধ্যে পাকিস্তানের বৃহত্তম রাজনৈতিক দল আওয়ামী লীগ তাহার দ্বার জাতি ধর্ম নির্বিশেষে সকলের জন্য উন্মুক্ত করিয়াছে; অসাম্প্রদায়িক প্রতিষ্ঠান Republican Party, আজাদ পাকিস্তান পার্টি, গণতন্ত্রীদলের জন্ম হইয়াছে। এই অসাম্প্রদায়িক কারণের ধারা কেবলমাত্র রাজনৈতিক প্রতিষ্ঠানের মধ্যে সীমাবদ্ধ থাকে নাই, ছাত্র ও যুব প্রতিষ্ঠানের মধ্যেও দেখা দিয়াছে। যুবলীগ, ছাত্র ইউনিয়ন ও ছাত্রসংসদ অসাম্প্রদায়িক প্রতিষ্ঠান হিসাবে গড়িয়া উঠিয়াছে। অন্যতম বৃহত্তম ছাত্র প্রতিষ্ঠান ছাত্রলীগকেও অসাম্প্রদায়িক করা হইয়াছে। পূর্ব ও পশ্চিম পাকিস্তান এই উভয় অঞ্চলের পার্লামেন্টারী রাজনীতিতে অসাম্প্রদায়িকতা গুরুত্ব লাভ করিয়াছে। পূর্ব পাকিস্তানের সরকার বিরোধী দলসমূহের কোয়ালিশন গঠনে যুক্ত নির্বাচন অগ্রগণ্য হইয়া দাঁড়াইয়াছে। পাকিস্তানের জাতীয় পতাকা নির্বাচনের সময় পতাকার চার অংশের এক অংশ

সাদা রং এ রঞ্জিত করিয়া শাসকবর্গ এই সাম্প্রদায়িকতার সমাধান চাহিয়াছিলেন। সুতরাং যুক্ত নির্বাচন প্রশ্নটি নিছক একটি পরিষদ ভবনের বিতর্কের পরিণতি বলিলে ভুল হইবে। পাকিস্তানের জনগণের ঐক্যের সূচনা এই যুক্ত নির্বাচন। এই দীর্ঘ নয় বৎসরের সংগ্রামের অভিজ্ঞতালব্ধ জনগণের যাত্রাপথের ইহা একটি শুভ ইঙ্গিত। পাকিস্তানের ভবিষ্যত সমাজ জীবনের ইহা এক নব অধ্যায়।

পৃথক নির্বাচন যে সমস্ত দল সমর্থন করিয়াছে, নেজামে ইসলাম, মুসলিম লীগ; জামাতে ইসলাম, জমিয়তে ইসলাম প্রভৃতি দল তাহাদের অন্যতম। ইহা ছাড়াও কতিপয় গ্রুপ ও ব্যক্তি পৃথক নির্বাচনের প্রতি সমর্থন জানাইয়াছেন। অসংখ্য পুস্তিকা ও যুক্তির জাল দ্বারা পৃথক নির্বাচনের সমর্থনে জনমত সৃষ্টি করিবার চেষ্টা করিতেছেন। পৃথক নির্বাচনের সমর্থকদের প্রধান যুক্তি এই যে, "পাকিস্তান লাভের পিছনে যে দুই জাতিতত্ত্ব ছিল, পৃথক নির্বাচন মানিয়া না লইলে, এই জাতিতত্ত্ব ধ্বংস হইয়া পাকিস্তান লাভের মূল উদ্দেশ্যের ভিত্তির উপর আঘাত হানিবে।" অর্থাৎ পাকিস্তানের হিন্দু ও মুসলমান, এদের পাকিস্তানের দুইটি জাতি হিসাবে বিভক্ত করিয়া না রাখিলে পাকিস্তানের অস্তিত্ব বজায় থাকিবেনা। "পাকিস্তান লাভের জন্য তাহা হইলে আমাদের সংগ্রাম করা বৃথা হইয়াছে। হিন্দু-মুসলমান যদি এক জাত হিসাবে পরিগণিত হয়, তাহা হইলে অদূর ভবিষ্যতে হিন্দুস্তান ও পাকিস্তান এক হইয়া যাইবে" ইত্যাদি। এইখানেই তাহারা ক্ষান্ত হন নাই, ইতিমধ্যে তাহারা ইহাও বুঝিতে পারিয়াছেন যে, 'যুক্ত নির্বাচনের সমর্থকরা বাহিরের স্বার্থেই রাষ্ট্রের এই শত্রুতা করিতেছে—ইসলামকে বিপন্ন করিতেছে।' ইহাই পৃথক নির্বাচনের সমর্থকদের সবচেয়ে "মূল্যবান" বৈজ্ঞানিক ব্যাখ্যা। ইহা ছাড়া অন্যান্য যে যুক্তি তাহারা দিয়া থাকেন সেগুলো হইতেছে 'মুসলমানরা বোকা; সুতরাং হিন্দুরা সংখ্যায় অল্প হইলেও যেহেতু তাহারা বুদ্ধিমান, সেহেতু মুসলমানদের নির্বাচনে জয়লাভ করার কোনই আশা নাই।' মুসলমানদের উপর ইসলামের রক্ষকদের কি অপূর্ব শ্রদ্ধা! পৃথক নির্বাচনের সমর্থকগণ তাদের দাবীর সমর্থনে যে সমস্ত যুক্তি দিয়া থাকেন, তাহা মোটামুটিভাবে এরূপ। এখন আমাদের বিচার করিয়া দেখিতে হইবে যে তাহাদের দাবীগুলি পূরণ করা হইলে পাকিস্তানের মঙ্গল হইবে কিনা।

যুক্ত নির্বাচনের সমর্থকদের বিরুদ্ধে যে বিক্ষোভ ও সন্দেহ সৃষ্টি করার আয়োজন চলিতেছে, তাহা নিছক বিভ্রান্তি সৃষ্টি করার প্রয়াস ইহা নিঃসন্দেহে বলা যায়। একথা সত্য যে পাকিস্তান লাভের পিছনে কায়েদে আযম জিন্নাহর দুই জাতিতত্ত্ব কাজ করিয়াছে। কিন্তু পাকিস্তান লাভের পিছনে উহাই সব নহে। পাকিস্তান লাভের পর কায়েদে আযম জিন্নাহও দৃঢ়তার সহিত ঘোষণা করিয়াছিলেন যে, "আজ আর হিন্দু, হিন্দু নহে; মুসলমান; মুসলমান নহে, সকলে মিলিয়াই আজ আমরা পাকিস্তানী।" বাস্তব দ্রষ্টা; কায়েদে আযম জিন্নাহ বুঝিতে পারিয়াছিলেন যে, সাম্প্রদায়িকতার অবসান না হইলে পাকিস্তানের উদ্দেশ্য ব্যর্থ হইয়া যাইবে। দীর্ঘ দুই শত বৎসরের সাম্রাজ্যবাদী শোষণে জনগণের জীবনে যে চরম সংকটের সৃষ্টি হইয়াছিল, জনগণ সেই সংকট হইতেই মুক্তি চাহিয়াছিল। এবং জনগণের এই মুক্তির আকাঙ্খাই জনগণকে পাকিস্তান লাভের প্রেরণা যোগাইয়াছে। ১৯৪৬ সালের সাধারণ নির্বাচনে মুসলিম লীগকেও খাদ্য সমস্যা, জমিদারী প্রথা, ব্যক্তি স্বাধীনতা প্রভৃতি জনসমস্যার মূল দাবীগুলিকে উত্থাপন করিতে হইয়াছিল। জনগণ উহাই বিশ্বাস করিয়াছিল। মুসলিম লীগ আজ পর্যন্ত দুই জাতিতত্ত্বকে প্রচার করিয়া আসিতেছে। কিন্তু জনগণ মুসলিম লীগকে তবুও নির্মূল করিয়াছে। ইহার একমাত্র কারণ এই যে, মুসলিম লীগ জনগণের মূল সমস্যার কোনই সমাধান করে নাই। ইহা আজ নিঃসন্দেহে বলা যায় যে জনগণের সমস্যার সমাধান হইবে পাকিস্তান লাভের পিছনে জনগণের এই বিশ্বাস কাজ করিয়াছে। এই বিশ্বাসের তাৎপর্য লীগ নেতৃবৃন্দ অনুধাবন করিয়াছিলেন, তাই জনগণের মুক্তির এই তীব্র আকাঙ্খা অদূর ভবিষ্যতে শোষক নেতৃত্বের শোষণ যন্ত্রকে নির্মূল করিবার পথে পরিচালিত

হইতে পারে ; সেই আশংকায় "মুসলিম জমিদার", "হিন্দু জমিদার", "মুসলিম শোষক", "হিন্দু শোষক", "মুসলিম অত্যাচারী", "হিন্দু অত্যাচারী", প্রভৃতি স্লোগান দ্বারা জনগণকে বিভেদ, বিভ্রান্তি ও সাম্প্রদায়িকতার পথে পরিচালিত করিয়া লোক দেখানো ধর্মের কর্মে নিজ স্বার্থকে বজায় রাখার প্রয়াস পাইয়াছে।

পাকিস্তান লাভের পরে দুই জাতিতত্ব দ্বারা পাকিস্তানের জনগণকে দুইটি ভিন্ন জাতিতে পরিণত করা এবং রাষ্ট্র ব্যবস্থায় উহাকে রূপদান করার প্রয়াস পাকিস্তানকে মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত করিবে। দুই জাতিতত্ব পাকিস্তান লাভের মূল দাবী হইলে পাকিস্তান লাভের সাথে সাথেই সেই দাবী পূরণ হইয়াছে বলিয়া ধরিয়া লইতে হইবে। নতুবা হিন্দু ও মুসলমানকে যদি পাকিস্তানের ভিতর দুইটি স্বতন্ত্র জাতি হিসাবে পরিগণিত করা হয়, তাহা হইলে দুই জাতিতত্বের পন্ডিতবর্গের সামনে মাত্র একটি পথই খোলা থাকিবে। সেইটি হইতেছে, এই "হিন্দু জাতির" জন্য স্বতন্ত্র রাষ্ট্র হিসাবে পাকিস্তানে একটি অংশকে ছাড়িয়া দেওয়া, হিন্দুরা এই "ইসলামের রক্ষকদের" নিকট ন্যায়তঃ ও যুক্তিসংগতভাবে দুই জাতিতত্বের ভিত্তিতে তাহাদের নিজেদের আবাসভূমি দাবী করিতে পারে। এর পরিণতি, পাকিস্তান খন্ডবিখন্ড হওয়া ও পাকিস্তানের বিলুপ্তি। যুক্ত নির্বাচন সমর্থনকারীদিগকে যাহারা পাকিস্তানের শত্রু আখ্যা দিয়া নিজেদের দুই জাতিতত্বকে পেশ করিবার ভূমিকা সৃষ্টি করিতেছেন, তাহাদের দাবী পূরণ করিতে হইলে পাকিস্তানের অস্তিত্বকে বিপন্ন না করিয়া উপায় নাই।

এইসব পন্ডিতদের বিজ্ঞোচিত তত্বের এই ভয়াবহ পরিণতি ও যুক্তির অসারতা আজ জনসাধারণের নিকট ধরা পড়িয়াছে। সুতরাং জাতি বাদ দিয়া হিন্দুদিগকে সংখ্যালঘু প্রভৃতি আখ্যা দিয়া নিজেদের মুখ বাঁচাইবার চেষ্টা করিতেছেন। এবং এই সকল সংখ্যালঘুকে রক্ষাকবচ দেওয়ার নামে পৃথক নির্বাচনের ওকালতী করিতেছেন। সংখ্যালঘুদের অবশ্যই রক্ষাকবচ দিতে হইবে ইহা পৃথিবীর সর্বত্রই স্বীকৃত হইয়াছে। একটি রাষ্ট্রে এমন কয়েকটি গোষ্ঠি থাকিতে পারে, যাহারা বিভিন্ন কারণে শিক্ষা, সংস্কৃতি ও ধর্মীয় বিকাশের সুযোগ হইতে বঞ্চিত হইয়া রাষ্ট্রের উন্নত নাগরিক হিসাবে নিজেদের গড়িয়া তোলার সুযোগ পায় নাই। এইক্ষেত্রে তাহাদের ঐসমস্ত সুযোগদানের জন্য শাসতন্ত্রীয় গঠনতন্ত্রে তদুপযোগী বিধান সন্নিবেশিত করিয়া মনগড়া বিকাশের ব্যবস্থা করিতে হইবে। এই রক্ষাকবচ গঠনতন্ত্রেই সন্নিবেশিত হওয়া দরকার। কিন্তু পাকিস্তানে হিন্দুদের অবস্থা অনুন্নত, সুতরাং তাহাদিগকে রক্ষাকবচ দিতে হইবে, ইহা যেমন হাস্যোদ্দীপক, তেমনি কৌতুকপূর্ণ। অন্যদিকে রক্ষাকবচ অর্থ পৃথক নির্বাচন, এই উদ্ভট যুক্তি তাহারা কোথায় খুঁজিয়া পাইয়াছেন, তাহা তাহারাই বলিতে পারেন। যাহাদিগকে একবার 'জাতি' বলা হইতেছে, মুখের এক কথায় আবার তাহাদিগকে "সংখ্যালঘু" বানান হইতেছে। ইহার কারণ "জাতি" "সংখ্যালঘু" "রক্ষাকবচ" ও "পৃথক নির্বাচন" প্রভৃতি সামঞ্জস্যহীন যুক্তির অবতারণা করিয়া নিজেদের মুখ বাঁচানো ছাড়া তাদের আর গত্যন্তর নাই।

সংখ্যালঘুদের জন্য নিরাপত্তা রক্ষাকবচ ব্যবস্থাকে সংখ্যালঘুদের মতামত নিয়াই কায়েম করা উচিত এবং কি ধরণের রক্ষাকবচ দরকার তাহাও তাদের মতামতের উপরই নির্ভর করিতে হইবে। সংখ্যালঘুদের রক্ষাকবচ তাদের মতের বিরুদ্ধে চাপাইয়া দেওয়া যুক্তিসংগত নহে। পাকিস্তানের এই "সংখ্যালঘুরা" তাহাদের স্ব স্ব প্রতিষ্ঠানের মারফতে যুক্ত নির্বাচনের স্বপক্ষে নিজেদের মতামত ব্যক্ত করিয়াছেন। তবুও তাহাদিগকে পৃথক নির্বাচনের রক্ষাকবচ নিতেই হইবে" এই মনোভাব পরিহার করা উচিত।

কায়েমী স্বার্থের সাম্প্রদায়িক বিদ্বেষকে কেবলমাত্র হিন্দু-মুসলমানের মধ্যে সীমাবদ্ধ রাখা হয় নাই, ইহার বিষক্রিয়াকে সমাজ জীবনের রন্ধ্রে রন্ধ্রে চালানো হইয়াছে। এই সেইদিনও পাঞ্জাবে কাদিয়ানী-আহরার পৈশাচিক সাম্প্রদায়িক দাঙ্গায় হাজার হাজার মুসলমানকে হত্যা করা

হইয়াছে। পাঞ্জাবী-বাঙ্গালী বিদ্বেষ আদমজী পাটকলের দাঙ্গায় নিরীহ শ্রমিকদের রক্ত বহিয়াছে। শিয়াদের ইমামতিতে সুন্নীরা নামাজ পড়িতে রাজী নহে। খোঁজ করিলে যেখানে বর্তমানে মুসলমানদের মধ্যেই আঠার রকমের সম্প্রদায় পাওয়া অসম্ভব নহে, সেখানে একই দেশের বিভিন্ন ভাষা-ভাষীদের মধ্যে সম্প্রদায়ের সৃষ্ঠি হইয়াছে, সেখানে এই "পৃথক নির্বাচনের রক্ষাকবচের" ব্যবস্থা কোথায় গিয়া শেষ হইবে তাহা চিন্তা করিয়া দেখা দরকার। এই পৃথক নির্বাচনের রক্ষাকবচ পরিণামে এমন অবস্থার সৃষ্টি করিবে যে অদূর ভবিষ্যতে নিজের ভোট নিজেকে দেওয়া ছাড়া অন্যকে ভোট দেওয়ার আর উপায় থাকিবেনা।

সাম্প্রদায়িকতার সীমা নাই। এই বিদ্বেষ বর্তমান সমাজ ব্যবস্থারই একটি অভিশাপ, সাধারণ মানুষের প্রয়োজনের তাগিদে এই সাম্প্রদায়িকতার সৃষ্টি হয় নাই। ইহা কতিপয় মানুষের স্বার্থের জন্যই সৃষ্টি করা হইয়াছে। তাই পৃথক নির্বাচন সংখ্যালঘুদের প্রয়োজনে না লাগিলেও তাহাদের রক্ষাকবচের নামে তাহাদের উপর চাপাইয়া দেওয়ার এত আড়ম্বর।

এই রক্ষাকবচ দেওয়ার কথা তুলিয়া সংখ্যালঘুদের রক্ষাকবচের নামে পৃথক নির্বাচনের দাবীকে খর্ব করার চেষ্টা করা হইয়াছে বলিলে ভুল করা হইবে। অতীতে হিন্দু-মুসলমান সাম্প্রদায়িক দাঙ্গার ভিতর দিয়া হিন্দু-মুসলমানের ভিতর বিভেদের "বাস্তবতার" জিগীর তুলিয়া যাঁহারা পৃথক নির্বাচনের যৌক্তিকতা দাঁড় করাইয়াছেন, তাঁহাদের মনে রাখা উচিত যে, মুসলমানে মুসলমানে সাম্প্রদায়িক দাঙ্গায় তাহার চাইতেও মর্মান্তিক রক্ত ক্ষয় হইয়াছে। সাম্প্রদায়িকতা মানুষের ভিতরে একটি বিদ্বেষভাব ছাড়া আর কিছুই নহে।

ইহার অবসান, এই সাম্প্রদায়িকতাকে প্রশ্রয় দিয়া হইতে পারেনা। ইহার অবসান হইতে পারে মানুষের মহা মিলনের পথে।

ইহা সত্য যে, সাম্প্রদায়িকতা পাকিস্তানের গণজীবনে একটি সমস্যা হইয়াই রহিয়াছে। উহার অবসানের সর্বরকমের আয়োজন করিতে হইবে। কিন্তু পৃথক নির্বাচন দ্বারা এই সমস্যাকে কিছুতেই দূর করা সম্ভব নহে। উহা দ্বারা এই সাম্প্রদায়িকতাকে উস্কানিই দেওয়া হইবে। সাম্প্রদায়িকতার বিষ বপনে অতি উৎসাহী প্রচারকের এই পৃথক নির্বাচনের অভিযানে যাঁহাদিগকে বিভ্রান্তির ফাঁদে ফেলিতে সক্ষম হইয়াছেন, তাঁহাদের এই অসীম সর্বনাশা পরিণতি সম্বন্ধে ভাবিয়া দেখা উচিত। তাহাদের বুঝা দরকার যে, সাম্প্রদায়িকতার অবসান--অধিকারের মধ্যে নিহিত, বঞ্চিত করিয়া উহার অবসান করা যায়না। রাষ্ট্র ব্যবস্থার প্রতিক্ষেত্রে কি সামাজিক, কি অর্থনৈতিক, কি রাজনৈতিক, সকল সম্প্রদায়ের সকল ধর্মের সকলের অবাধ অধিকার এই মহান প্রীতির দ্বার উন্মুক্ত করিতে পারে।

পৃথকভাবে নির্বাচিত হওয়ার পরে পরিষদের সদস্যরা যে কোন আইন পাশ করাইতে যুক্তভাবেই ভোট দিতে পারেন। অন্যদিকে সুপারীর ট্যাক্স হ্রাস, পাটের মূল্য বৃদ্ধি, রেশন ব্যবস্থা, খাজনা হ্রাস, সার্টিফিকেট প্রথা বাতিল প্রভৃতি জনহিতকর আইনগুলি গৃহীত হইলে কেবলমাত্র একটি সম্প্রদায়েরই উপকার হয়না, প্রত্যেকটি পাকিস্তানী উহার দ্বারা উপকৃত হয়। ধর্ম ও সম্প্রদায় নির্বিশেষে কোন সদস্যই যেকোন আইনের স্বপক্ষে অথবা বিপক্ষে ইচ্ছামত নিজ ভোট দিতে পারেন। ধর্মীয় কূটতর্কের মীমাংসার জন্য পরিষদ ভবনে বিতর্ক সভার অনুষ্ঠান হয়; ইহা কদাপি শুনা যায় নাই। পরিষদ অভ্যন্তরে, পরিষদ সদস্যের জন্য "রক্ষাকবচ" নামে পৃথক নির্বাচনের জন্য ব্যবস্থা নাই, অথবা মন্ত্রী হওয়ার বেলায়, এই সংখ্যালঘু সদস্যদের ভোটকে বর্জন করা হয়না। অথচ জনগণ সম্মিলিত ও যুক্তভাবে ভোট দিয়া নিজেদের সমস্যা সমাধানের জন্য প্রতিনিধি নির্বাচিত করিতে পারিবেননা, এই যুক্তি সম্পূর্ণ অচল।

পাকিস্তানের রাষ্ট্রীয় ব্যবস্থা পরিচালনার জন্য যতগুলি যন্ত্র রহিয়াছে; তাহার কোথাও পৃথক নির্বাচন নাই। ইউনিয়ন বোর্ড, লোকাল বোর্ড; জিলা বোর্ড, মিউনিসিপ্যালিটি; পার্লামেন্ট প্রভৃতিতে যুক্ত নির্বাচন চালু রহিয়াছে। নেজামে ইসলামের সভাপতি ও পৃথক

নির্বাচনের অন্যতম নেতা মাওলানা আতাহার আলী এই যুক্ত নির্বাচনেই জাতীয় পরিষদের সদস্য নির্বাচিত হইয়াছেন। মিঃ গিবনের সভাপতিত্বে তাহারা ইসলামী শাসনতন্ত্র পাশ করাইয়াছেন। হিন্দু মুসলমান সকল সদস্যের ভোটে জনাব ইস্কান্দার মীর্জা "সদরে রিয়াসত" প্রেসিডেন্ট নির্বাচিত হইয়াছেন। বর্তমান পূর্ব পাকিস্তান মন্ত্রী সভায় যেখানে নেজামে ইসলামের জনাব আশরাফউদ্দীন চৌধুরী মন্ত্রী ছিলেন, সেইখানে তিনজন হিন্দু মন্ত্রী মন্ত্রীদের সমান অধিকার লইয়া বিরাজ করিয়াছেন। মন্ত্রীসভার সিদ্ধান্তে এই সব হিন্দু মন্ত্রীদিগকে ভোট দিতে দেওয়া হয় নাই, এইরূপ খবর আজ পর্যন্ত আমরা পাই নাই। শাসক শ্রেণী ভালভাবেই জানেন যে; রাষ্ট্রীয় ব্যবস্থা পরিচালনার জন্য মিলিত হইয়া কাজ করা ছাড়া অন্য কোন পথ নাই। তাই মুখে বিভেদের বানী যতই প্রচার করুক না কেন, উহা কেবল জনসাধারণের বেলায়।

পাকিস্তানের সর্বত্রই যেখানে আজ যুক্ত নির্বাচন চালু রহিয়াছে, সেখানে জনগণকে সেই যুক্ত নির্বাচনের সুযোগ হইতে বঞ্চিত করা নিশ্চয়ই তাৎপর্যপূর্ণ। পাকিস্তান লাভের সাথে সাথে জনগণকে তখনকার শাসকগোষ্ঠি শিক্ষা দিয়াছেন যে, এদেশের জনগণ দুই জাতি -হিন্দু আর মুসলিম। একটি অত্যাচারী আর একটি অত্যাচারিত, এরা কোনদিনই এক হইতে পারেনা। এই প্রচার জনগণের মনে সাময়িক বিভ্রান্তির সৃষ্টি করিয়া থাকিলেও তাহাদের সকল অবসানের জন্য জনগণ যে নিরবচ্ছিন্ন সংগ্রাম করিয়াছে, সেই সংগ্রামের বাস্তব অভিজ্ঞতাই জনগণকে তাহাদের শোষকদের চিনাইয়াছে। ট্যাক্সের জ্বালায় আর অনাহারে যাহারা মরিতেছে .... .গুলী, জেলখানা যাহাদের মুখের ভাষা কাড়িয়া নিতেছে, দুর্গাপুরে যাহাদের বুকের রক্তে মাটি লাল হইয়াছে, তাহারা সর্বহারা পাকিস্তানী। ব্যথা, দুঃখ আর সংগ্রাম সাধারণ মানুষের মধ্যে অত্যাচারীর বিরুদ্ধে লৌহদৃঢ় ঐক্য গড়িয়া তুলিয়াছে। এই ঐক্য তাহাদের বিরুদ্ধে যাহারা জনগণকে প্রতারিত করিয়াছে, যাহারা জনগণকে অনাহারে মারিয়াছে, সোনার পাকিস্তানের যাহারা সর্বনাশ করিয়াছে। সাধারণ মানুষের ঐক্য ধ্বংস করিবার মানসে পৃথক নির্বাচনের নামে একটি অবাস্তব কল্পিত সমস্যার দিকে ধাবিত করার জন্যই শাসক শ্রেণীর এত উদ্যোগ আর আয়োজন। মাত্র নয় বৎসরের একটি নূতন জাতির পক্ষে এতবড় সাম্প্রদায়িক কলুষতার বিরুদ্ধে এত অল্প সময়ের মধ্যে রুখিয়া দাঁড়ানো অসাধারণ মনে হইলেও পাকিস্তানের জনগণ আজ সাফল্যের সহিত এই অসাধারণ কাজ করিতে পারিয়াছে।

জনগণের এই বিরাট ঐক্যকে শোষক শ্রেণী ও তাহাদের তাবেদারেরা ভীতির চক্ষে দেখিতেছে। পৃথক নির্বাচনের সমর্থনকারীদের যুক্তির অসারতা ও অসামঞ্জস্যতা সত্বেও কেন তাহারা তাহাদের দাবীর সমর্থনে অজস্র অর্থ ও জনবল ব্যয় করিতেছে তাহা আজ ভাবিবার সময় আসিয়াছে। শোষক শ্রেণীর শোষণ যন্ত্রকে নিরংকুশভাবে পরিচালনার উপযোগী ক্ষেত্র সৃষ্টি করিতে সর্বপ্রথম দরকার মেহনতী জনগণের ভিতরের ঐক্যকে নষ্ট করিয়া দেওয়া। এই ঐক্যকে ধ্বংস করিতে হইলে প্রয়োজন মেহনতী জনগণের ভিতরে বিভ্রান্তি সৃষ্টি করা এবং সেই বিভ্রান্তির ফাটল পথে অত্যাচারীর আসনকে পাকা প্রতিষ্ঠিত করা, এই বিভ্রান্তি ও বিভেদ সৃষ্টি করার জন্য শোষক গোষ্ঠীর হাতে যতগুলি অস্ত্র রহিয়াছে সাম্প্রদায়িকতা তাহাদের মধ্যে অন্যতম; কিন্তু গ্রামাঞ্চলের হাজার হাজার কৃষক, কারখানার মজুর পাকিস্তানের অসংখ্য অত্যাচারিত নরনারী যদি এই ঘৃণ্য সাম্প্রদায়িকতাকে দূর করিতে সক্ষম হয় তাহা হইলে মেহনতী জনতার বিরাট ঐক্য শোষক শ্রেণীর সকল শোষণ যন্ত্রকে নির্মূল করিয়া দিবে। ইতিহাসের নির্ধারিত গতিকে কেহই রোধ করিতে পারে নাই। জনতা তাহার নির্ধারিত ঐক্যের পথকে বাছিয়া নিয়াছে। জনগণের গতিপথের প্রতিটি বাধা তাহারা অতিক্রম করিবেই।

সর্বশেষে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের দিকে দৃষ্টি আকর্ষণ করিব। যুক্ত নির্বাচনের সমর্থনের মধ্যেও সাম্প্রদায়িকতার কিছু কিছু জের রহিয়া গিয়াছে, তাহা দূর করিবার চেষ্টা

করা দরকার। কেহ কেহ যুক্তি দিয়া থাকেন যে, যদি যুক্ত নির্বাচন হয়, তবে হিন্দুদের বর্তমানে বিশেষ সুবিধাজনক ভূমিকা থাকিবেনা। এমনকি সব কয়টি আসনই মুসলিম নির্বাচন প্রার্থীগণ দখল করিতে পারিবে, এই ধরনের যুক্তি দিতে যাওয়া ভুল এবং গণতান্ত্রিক আন্দোলনের পক্ষে ক্ষতিকর। একই ভুল হইতেছে সংরক্ষিত আসনসহ যুক্ত নির্বাচন দাবী। গণতান্ত্রিক জনতা এবং তাহাদের প্রতিনিধিদের উপরই ভার দেওয়া উচিত, যাহাতে সকল স্তর হইতে জনতার নিজস্ব লোক পরিষদে প্রেরিত হইতে পারে।

(Nothing was audible due to the continuous thumping of tables by the opposition.)

Mr. SHEIKH MUJIBUR RAHMAN: Sir, I beg to move that the question be now put:

The question that the question be now put, was put and agreed to.

The question that the East Pakistan Assembly is of the views that elections to the National Assembly and Provincial Assemblies shall be held on the principle of Separate Electorate, was then put and negatived.

Mr. ATAUR RAHMAN KHAN: Sir, I beg to move that the East Pakistan Provincial Assembly is of the view that election to the National Assembly and Provincial Assemblies should be held on the principle of Joint Electorate.

The question that the East Pakistan Provincial Assembly is of the view that election to the National Assembly and Provincial Assemblies should be held on the principle of Joint Electorate, was then put and a division called.

Mr. PRAVAS CHANDRA LAHIRY: Sir, I express my desire.

Mr. SPEAKER: Not now. You will do so after the voting is closed.

(Thumping of desks was continuing)

AYES—159

Ahmed, Abul Mansur

Ahmed, Aftabuddin

Ahmed, Dabiruddin

Ahmed, Jasimuddin

Ahmed, Khawja

Ahmed, Mafiz Uddin

Ahmed, Maizuddin

Ahmed, Md. Muzafar

Ahmed, Mohammed Ashabuddin

Ahmed, Mohiuddin

Ahmed, Momtaz

Ahmed, Rahimuddin

Ahmed, Haji Ramizuddin

Ahammad, Raisuddin

Ahmed, Serajuddin

Ahmed, Syed

Ahmed, Tajuddin

Ahammad, Zamiruddin

Ali Abu Md. Younus

Ali, Dewan Mahboob

Ali, G.M. Okalat

Ali, Mahmud

Ali, Mohammad Munsoor

Ali, M. Korban

Ali, Syed Akbar

Awal, Abdul

Bala, Gour Chandra

Banu, Selina

Barman, Abhoy Chandra

Barman, Canteswar

Begum, Amena

Begum, Badrun Nessa

Begum, Toftunnessa

Bhattacharjee, Munindra Nath

Bhuiya, Aftabuddin

Biswas, Kshitish Chandra

Chakravarty, Trailokya Nath

Chatterjee, Bejoy Bhusan

Choudhury, Abdul Hamid

Choudhury, Abdul Wazed

Choudhury, Akbar Ali Khan

Choudhury, Aminul Huq

Choudhury, Habibur Rahman

Choudhury, Khoda Baksh

Choudhury, Mohammad Harunur Rashid
(*alias* Khushu Mia)

Choudhury, Dr. Nuruzzaman

Choudhury, Prafulla

Choudhury, Sakhawatul Ambia.

Choudhury, Tohur Ahmed

Choudhury, Zahur Ahmed

Danish, Haji Md

Das, Basanta Kumar

Das, Braja Madhab

Das, Debendra Nath

Das, Gour Kishore

Das, Radha Madhab

Das, Sanjiban Chandra

Das, Choudhury Kali Prasanna

Das Gopta, Sures Chandra

Dastidar, Purnendu

Datta, Bhupendra Kumar

Datta, Dhirendra Nath

Datta, Ramesh Chandra

Datta, Sudhanshu Bimal

De, Pulin Behari

Deb Roy, Jogendra Chandra

Dhar, Monoranjan

Ghose, Debendra Nath

Gomes, Peter Paul

Hafez, Mirza Gholam

Hussain, Abul Khair Rafiqul

Hossain, Altaf

Hossain, Khairat

Hussain, Maqbul

Hussain, Md. Moazzam

Hussain, Syed Altaf

Hossain, Syed Sharfuddin

Huq, Farmuzul

Haque, Fazle

Huq, Serajul

Hoq, Shamsul (Dacca)

Huq, Dr. Zikrul

Islam, Azharul

Islam, Iqbal Anwarul

Jaladas, Satish Chandra

Jalil, A. F. M. Abdul

Joardar, Ohid Hossain

Kanchu Uddin

Karim, Abdul (Patuakhali)

Kazi, Rokonuddin Ahmed

Khoddar, Abdul Jabbar

Khaleque, Mohammad Abdul

Khan, Abdul Ghani

Khan, Abdur Rahman

Khan, Achmat Ali

Khan, Ahmed Ali

Khan, Aktaruzzaman

Khan, Ataur Rahman

Khan, Faizur Rahman

Khan, Hatem Ali

Khan, Yar Mohammad

Khandakar, A. Hamid

Khandakar, Azizur Rahman

Khatun, Meherun Nessa

Khoda Baksha

Khondker, Abul Quasem

Lakitullah, S. W.

Majumder, Muhammad Abdul Hamid

Majumder, Phani

Majumder, Sarat Chandra

Miah, Abdul Awal

Miah, Abdul Hakim

Miah, Azizul Haque

Mia, Mohammad Toaha

Mitra, Khetra Nath

Mohiuddin, Dewan

Molla, Abul Kalam Azad

Mollah, Moslem Ali

Mandal, Rasaraj

Mondal, Surat Ali

Mallik, Hyder Ali

Quamaruzzaman

Quazi, Kafiluddin Ahmed

Rahman, Ataur

Rahman, Azizur

Rahman, Mojibar (Rajshahi)

Rahman, Mashihur

Rahman, Mohammad Abdur

Rahman, Hafez Mohammad Habibur

Rahim, Zillur

Rashid, Md. Abdur

Roy, Amorendra Nath

Roy, Bejoy Chandra

Roy, Bibhuti Bhusan

Roy, Dhananjoy

Roy, Durga Mohan

Roy, Prasun Kanti

Roy, Rai Chandra

Roy Choudhury, Gazendra Nath

Saha, Dhirendra Nath

Saha, Sudhansu Sekhar

Samad, Abdus

Samad, Mahibus

Santal, Jiban

Sarkar, Abdur Rashid

Sarkar, Nil Kamal

Sarkar, Rajendra Nath

Sen, Pran Kumar

Sen Gupta, Purnen Kishore

Sen Gupta., Nellie

Serajuddin

Shaikh, Abdul Aziz

Shaikh, Mujibar Rahman

Singha, Bhabesh Chandra

Sutar, Chitta Ranjan

Talukdar, Md, Ismail

Talukdar, Nagendra Nath

Tarkabagish, Moulana Abdur Rashid

Waliullah, M.

NOES—1

Bhuya, Islam

The Ayes being 159, and Noes 1, the question was agreed to.

(The Opposition Party Members did not participate in the voting.)

শিরোনাম	সূত্র	তারিখ
নিখিল পাকিস্তান গণতান্ত্রিক কর্মী সম্মেলন মওলানা ভাসানীর বক্তৃতা।	সম্মেলন কমিটির পুস্তিকা	২৫-২৬ জুলাই, ১৯৫৭।

পশ্চিম ও পূর্ব পাকিস্তান হইতে আগত ভ্রাতা ও ভগ্নীগণ!

আপনারা অনেক কষ্ট স্বীকার করিয়া নিখিল পাকিস্তান গণতান্ত্রিক কর্মী সম্মেলনে সমবেত হইয়াছেন। সম্মেলনকে সফল করিয়া তুলিবার উদ্দেশ্যে আপনারা সকল প্রকার অসুবিধা অবনত মস্তকে গ্রহণ করিয়াছেন। আপনাদের সকলের প্রতি তাই আমার গভীর শ্রদ্ধা ও আন্তরিক কৃতজ্ঞতা জানাই।

বন্ধুগণ!

দশ বছর পূর্বে আমরা পাকিস্তান অর্জন করিয়াছি। সংগ্রামের দিনগুলি ছিল আমাদের স্বপ্নে ও কল্পনায় ভরপুর। আমরা পাকিস্তানে এক সোনার স্বপ্ন বাস্তবে পরিণত করিতে চাহিয়াছিলাম। আমরা কল্পনা করিয়াছিলাম সুখী-সমৃদ্ধ একটি দেশ। আমরা স্বপ্ন দেখিয়াছিলাম ত্যাগ ও সাধনার ঐশ্বর্য্যে মহিমান্বিত একটি জাগ্রত জাতি। সে জাতি বিশ্বে অধিকার করিবে এই গৌরবময় আসন।

কিন্তু দশ বছরের স্বপ্ন আমাদের ভাঙিয়া চুরমার হইয়া গিয়াছে। দেশবাসীর কল্পনার সৌধ আজ বিধ্বস্ত। অমানিশার অন্ধকারে নিমজ্জিত ও দিকভ্রান্ত জাতি আজ পথের সন্ধান চায়, সন্ধান চায় মুক্তির।

সে-পথ নির্দেশের পবিত্র দায়িত্ব আজ আপনাদের সকলের উপর। সুদূর উত্তর পশ্চিম সীমান্ত হইতে শুরু করিয়া চট্টগ্রামের কক্সবাজার পর্যন্ত আমাদের দেশের সকল মানুষ আপনাদের উপর সে মহান দায়িত্ব অর্পণ করিয়াছে। দেশের আহ্বানে আপনারা সাড়া দিয়াছেন। পাকিস্তানের স্বাধীনতা ও গণতান্ত্রিক জীবনধারাকে অক্ষুণ্ণ রাখিবার জন্য আপনারা যে দৃঢ় সংকল্পের পরিচয় দিয়াছেন সেজন্য আবার আপনাদের সকলকে জানাই আমার আন্তরিক ধন্যবাদ।

বন্ধুগণ!

স্বাধীনতার মর্মকথা সকল দেশে ও সকল কালে প্রায় এক। সামাজিক ও অর্থনৈতিক শোষণের অবসান, আর্থিক দুর্গতির নিরসন এবং মানুষের সংস্কৃতি ও মননশীলতার উন্নতি ও ব্যাপ্তিই স্বাধীনতার প্রাণকথা। মানুষের জীবন হইতে এই বস্তু দুইটিকে বাদ দিলে মানুষে—পশুতে ব্যবধান থাকে না। তাই মানুষ তার মর্যাদা প্রতিষ্ঠার প্রেরণায় যুগে যুগে আত্মাহুতি দিয়াছে; নিজের জানমাল কোরবানী করিয়াছে। এমন একটি গুণে গুণান্বিত বলিয়াই বিশ্ব স্রষ্টা পরম করুণাময় আল্লাহতায়ালা মানুষকে বলিয়াছেন—আশরাফুল মখলুকাত। তাঁর সর্বশ্রেষ্ঠ সৃষ্টি।

কিন্তু এক শ্রেণীর মানুষ সকল যুগেই নিজেদের ভোগলালসা চরিতার্থ করার জন্য মানুষকে গোলাম বানাইয়া স্রষ্টার 'আশরাফাকে 'আতরাফে' পরিণত করিবার ষড়যন্ত্র করিয়াছে, কিন্তু এই অস্বাভাবিক বিভেদ মানুষ কোন কালেও মানিয়া লয় নাই। এ জন্যই যুগে যুগে মানুষ করিয়াছে বিদ্রোহ। দেশে দেশে স্বাধীনতা আন্দোলন ও গণ-অভ্যুত্থান সেই বিদ্রোহেরই অপর নাম।

নিপীড়িত মানুষের ইজ্জত ও অধিকার প্রতিষ্ঠার জন্য এই তো সেদিন আমার রসুল আরব মরুভূমির বুকে আজীবন সংগ্রাম করিয়া গিয়াছেন তাঁহার সংগ্রাম ছিল জালেম কোরেশদের

বিরুদ্ধে। আরবের মানুষকে কৃতদাসে পরিণত করিয়া কোরেশরা জজিরাতুল আরবে নির্যাতন—নিপীড়ন ও দুর্নীতির এক বিভীষিকা কায়েম করে। রসুলুল্লাহর আবির্ভাব না ঘটিলে সেখানকার ইতিহাস হয়তো মানব ইতিহাসের এক কলঙ্কময় অধ্যায় হইয়া থাকিত।

আরবের নিপীড়িত মানুষের আত্মপ্রতিষ্ঠা আজিও সম্ভবপর হয় নাই, সত্য কথা, কিন্তু রসুলুল্লাহ্ প্রদর্শিত মুক্তি ও স্বাধীনতার জন্য সংগ্রামও তাদের থামে নাই। দেশী ও বিদেশী জালেমদের সম্মিলিত শক্তির বিরুদ্ধে জাজিরাতুল আরবের মজলুম জনসাধারণ সংগ্রাম করিতেছে। তাদের পশ্চাতে আছে সারা পৃথিবীর মজলুম জনসাধারণের শুভেচ্ছা ও নৈতিক সমর্থন।

বন্ধুগণ।

পাক-ভারতের আজাদীর সংগ্রামের ইতিহাস অন্য দেশের সংগ্রামের ইতিহাস হইতে ভিন্ন নয়। যেদিন হইতে বিদেশী শক্তি ভারতে তাদের রাজত্ব কায়েম করে সেদিন হইতেই সেই বিদেশী শক্তির নির্যাতনের যূপকাষ্ঠে প্রাণ দিল ভারতের মুসলমান। প্রাণ দিল ভারতের হিন্দু, বৌদ্ধ সকলে সমানভাবে। সিপাহী বিদ্রোহ স্বাধীনতাকামী জনসাধারণের এক ঐতিহাসিক জাগৃতি, এক গৌরবোজ্জল স্বাক্ষর।

দিল্লীর শেষ মোগল সম্রাট বাহাদুর শাহ বার্মায় নির্বাসিত হইলেন। আর তাঁর সঙ্গে প্রাণ দিলেন ঝান্সির রাণী, অযোধ্যার বেগম, তাঁতিয়াটোপী, নানাসাহেব, মাওলানা আহমদুল্লাহ এবং আরও লক্ষ লক্ষ নাম না জানা মুসলমান ও হিন্দু।

পলাশীর প্রান্তরে সিরাজদ্দৌলার সঙ্গে জীবন দান করেন মীর মদন, মোহন লাল। সেদিন বাংলার স্বাধীনতাকামীদের প্রথম এবং মহান পরীক্ষা। কিন্তু কতিপয় দেশদ্রোহীর চক্রান্তে আমাদের স্বাধীনতার রবি অস্তমিত হইল। যাহারা বিশ্বাসঘাতক, যাহারা দেশদ্রোহী তাহাদের কোন ধর্মীয় পরিচয় নাই। তাই অতীতের সেই স্বাধীনতা-সংগ্রামের বিরুদ্ধে বিদেশী শক্তির চক্রান্তে যোগ দেয় মুসলমান মীর জাফর, আগাইয়া আসে হিন্দু উমি চাঁদ, রাজবল্লভ। স্বাধীনতা রক্ষার শপথ নিয়া একদিকে অগ্রসর হইলেন সিরাজ, মোহন লাল ও মীর মদন। অপরদিকে ব্যক্তিস্বার্থ চরিতার্থের জন্য দেশের স্বাধীনতাকে বিসর্জন দিবার ষড়যন্ত্রে লিপ্ত হইলেন বিশ্বাসঘাতক মীর জাফর, উমিচাঁদ, রাজবল্লভ। বিশ্বাসঘাতকরাই সেদিন জয়লাভ করিল। বিদেশী শক্তির সাহায্যে দেশদ্রোহীরাই প্রমাণীত হইল অধিকতর শক্তিশালী।

সে ইতিহাসের পুনরাবৃত্তি আমাদের দেশে আবারও কি ঘটিবে?

বন্ধুগণ! পলাশী যুদ্ধের পর হইতে বৃটিশ সরকার একটি নূতন দেশীয় শোষক শ্রেণী সৃষ্টি করিতে লাগিলেন। এই শোষকের দলে মুসলমান ছিল নগণ্য; কারণ মেকিয়াভেলির নীতি অনুসারে ইংরাজ পরাজিত মুসলমান সমাজের শিক্ষিত ও সমৃদ্ধিশালী লোকদিগকে পাইকারীভাবে হত্যা করিয়াছিল। মোট কথা ইংরেজ নিজের স্বার্থ সিদ্ধির জন্য চিরাচরিত পথ অবলম্বন করিল।

কিন্তু বিরোধের মধ্যেও ঐক্যের সুর ছিল। সে ঐক্য ধ্বনি শুনাইয়া দিয়া গিয়াছে ওহাবী আন্দোলন, সিপাহী বিদ্রোহ। সে ঐক্যের পতাকা উর্ধ্বে তুলিয়া ধরিয়াছে খেলাফত আন্দোলন। বিদেশী শক্তির সঙ্গে সঙ্গে মীর জাফর, উমিচাঁদের ন্যায় ভারতের গণদুশমণ প্রতিক্রিয়াশীল চক্রও জনসাধারণের ঐক্যবদ্ধ সংগ্রামে আতংকিত হইয়া উঠে। কিন্তু তাহাতে আমাদের স্বাধীনতার আন্দোলন থামিয়া যায় নাই। স্বাধীনতার প্রেরণা ও আদর্শ নিয়াই আমরা আমাদের স্বাধীন আভাসভূমি পাকিস্তান অর্জনের সংগ্রামে ঝাঁপাইয়া পড়ি। ভারতের কংগ্রেস নেতৃত্ব মজলুম মুসলমানদের আত্মনিয়ন্ত্রণাধিকারের স্বীকৃতি দিতে রাজী হয় নাই। তাই আমরা কংগ্রেস নেতৃত্বের বিরুদ্ধে সংগ্রাম করিয়াছি। কিন্তু আমাদের সে সংগ্রামের মূল কথা ছিল সর্বপ্রকার অত্যাচারের অবসান ঘটাইয়া বৃটিশ সাম্রাজ্যবাদের প্রভাবমুক্ত স্বাধীন ও সার্বভৌম

পাকিস্তান রাষ্ট্রের পত্তন করা। স্বাধীন ও সার্বভৌম পাকিস্তান প্রতিষ্ঠার আদর্শেই সেদিন ভারতের কোটি কোটি মুসলমান উদ্বুদ্ধ হইয়াছিল।

বন্ধুগণ!

স্বাধীনতা আমরা পাইয়াছি। আমাদের স্বাধীন বাসভূমি পাকিস্তান প্রতিষ্ঠিত হইয়াছে। দুনিয়ার কাছে সে স্বাধীনতার স্বীকৃতিও পাওয়া গিয়াছে। কিন্তু গত দশ বৎসরেও দেশবাসীর জীবনে কি সে স্বাধীনতার স্বীকৃতি লাভ ঘটিয়াছে? আপনারা শুনিয়া লজ্জিত হইবেন যে আজ পর্যন্ত গ্রামে এমন কথাও শোনা যায় যে দেশের অবস্থা প্রাক-স্বাধীনতা আমলেই নাকি অধিকতর ভাল ছিল। পল্লী পরিভ্রমণে সে সত্য নির্মমভাবে চোখের সম্মুখে পরিস্ফুট হইয়া উঠে।

পাকিস্তান একটি কৃষি প্রধান দেশ। তার অর্থনীতির মূল ভিত্তি নিহীত কৃষকের জীবন আর কৃষকের জমিতে। বর্তমানে পৃথিবীর কৃষি প্রধান কোন দেশের অগ্রগতিই সম্ভবপর নয়, যদি না দেশের কৃষি ব্যবস্থা সঠিকভাবে পরিচালিত হয়।

আমাদের কৃষি ব্যবস্থা অতিশয় পশ্চাদপদ। সেই মান্ধাতা আমলের ভাঙ্গা লাঙ্গল আর আধমরা গরু আজিও পাকিস্তানের কৃষকের একমাত্র পুঁজি। অনাহারে, অর্ধাহারে সে আজ জীবন্মৃত। সরকারী হিসাব মতেই পূর্ব পাকিস্তানের কৃষকের ভিতর শতকরা ৩৬ জন হইল ভূমিহীন এবং শতকরা ৪০ জন হইল গরীব কৃষক। এই হিসাব ১৯৪৮ সনের হিসাব। তারপর গত ৯ বৎসর উপর্যুপরি সংকটে আরো কত কৃষক যে জমিহারা হইয়াছে তাহার কোন হিসাব নাই। আমাদের এই প্রদেশের চাষীগণ দুনিয়ার সেরা পাট পয়দা করে; কিন্তু গত দশ বৎসরের ভিতর তাহার ন্যায্য মূল্য তাহারা পায় নাই। উত্তর বঙ্গের পটল, তামাক, দক্ষিণবঙ্গের মাদুর, পূর্ব বঙ্গের বেত ও চাটাই শিল্প আজ মরনমুখ। ইহা ছাড়া, কৃষকের ট্যাক্স ও খাজানার বোঝা বাড়িয়াছে। অনাহার ও দুস্থতাই হইয়াছে আমাদের কৃষকদের নিত্য সঙ্গী এবং কৃষকের দুস্থতার ফলে কৃষি উৎপাদন দিন দিন কমিয়া চলিয়াছে। কৃষির উৎপাদন হ্রাস পাওয়ার ফলেই ঘুরিয়া ঘুরিয়া তীব্র খাদ্য সংকট আমাদেব সম্মুখে আসিয়া উপস্থিত হইতেছে। সুজলা সুফলা পূর্ব পাকিস্তান এবং শস্য ভান্ডার বলিয়া বিখ্যাত, পশ্চিম পাকিস্তান আজ বিদেশী খাদ্য সাহায্যের উপর নির্ভরশীল হইয়া পড়িয়াছে।

বিদেশ হইতে খাদ্য আমদানীতে আজ আমাদের বৈদেশিক তহবিলের বিপুল পরিমাণ অর্থ ব্যয় হইয়া যাইতেছে, দেশের শিল্পোন্নয়নে বিরাট অন্তরায় সৃষ্টি হইতেছে এবং ভিক্ষার ঝুলি হস্তে আমরা বিদেশের সাহায্য ভিক্ষা করিতেছি।

মুসলিম লীগ, কৃষক শ্রমিক পার্টি, নেজামে ইসলাম প্রভৃতি সরকার কৃষকদের এই দুরবস্থার প্রতিকার করে নাই। আওয়ামী লীগ কোয়ালীশন সরকার প্রতিষ্ঠার পর কৃষকদের মনে নূতন আশার সঞ্চার হইয়াছিল। এই সরকার প্রথম দিকে কয়েকটি প্রসংশনীয় কাজ—যথা, গত তীব্র খাদ্য সংকটের সময় লঙ্গরখানা খোলা, সমস্ত রাজবন্দীর মুক্তি, নিরাপত্তা আইন বাতিল এবং যুক্ত নির্বাচন প্রথা কায়েম করেন। সম্প্রতি এই সরকার সার্টিফিকেট প্রথা রদ করিবার সিদ্ধান্ত ঘোষণা করিয়াছেন।

কিন্তু কৃষকদিগের মৌলিক সমস্যা—যথা, ভূমি সমস্যা, খাজনা সমস্যা, খাদ্য সমস্যা, বেকার কৃষকের নিয়োগ সমস্যা সমাধানে ব্যর্থতা দেখাইয়াছেন। সময় মত বিদেশ ও দেশের অভ্যন্তর হইতে খাদ্য সংগ্রহ, প্রতিটি মিউনিসিপ্যাল এলাকায় পূর্ণ রেশনিং, গ্রাম্য ঘাটতি এলাকায় সংশোধিত রেশনিং, মওজুত উদ্ধার প্রভৃতি ব্যবস্থাগুলি সময় মত অবলম্বন করেন নাই। ফলে প্রদেশে এখনও তীব্র খাদ্য সংকট বিরাজ করিতেছে এবং গরীব কৃষক জনসাধারণের ঘরে অর্ধাহার ও অনাহার চলিতেছে। মুসলিম লীগ সরকার কর্তৃক রচিত ভূমিদখল ও প্রজাসত্ব আইনের যথাবিহিত সংস্কার না করিয়া এই সরকার ঐ আইন চালু করিতেছেন। ইহার ফলে গ্রামে গ্রামে

সৃষ্টি হইয়াছে দুর্নীতিপরায়ন আমলা আমিনদের অকথ্য জুলুম ও দুর্নীতির রাজত্ব। বিনা খেসারতে জমিদারী উচ্ছেদের সার্বজনীন দাবী স্বত্বেও এই সরকার কৃষকদের ঘাড় ভাঙ্গিয়া জমিদারগণকে খেসারত দানের ব্যবস্থাই বহাল রাখিয়াছেন। এছাড়া ২১-দফা মোতাবেক খাজনা হ্রাস প্রাপ্ত হয় নাই, বরং বহুক্ষেত্রে খাজনা বৃদ্ধি হইতেছে।

আমাদের পশ্চিম পাকিস্তানের কৃষক ভাইদের অবস্থা পূর্ব পাকিস্তানের কৃষকদের চাইতে উন্নত তো নয়ই, বরঞ্চ বহু ক্ষেত্রে তাহাদের দুরবস্থা আরো বেশী। সেখানে মুসলিম লীগ ও রিপাবলিকান সরকার কৃষকদের প্রতি চূড়ান্ত বিশ্বাসঘাতকতা করিয়াছে। তাই প্রাক্তন সিন্ধুর বিশ লক্ষ হারী (ভূমিহীন কৃষক) আজও জায়গীরদার জমিদারদের অধীনে গোলামের জীবন যাপন করিতেছে। এবং প্রাক্তন পাঞ্জাবের লাখ লাখ মজলুম কৃষক বর্ব্বর বাটাই ও বেগারী প্রথার চাপে নিষ্পেষিত হইতেছে। পক্ষান্তরে মুষ্টিমেয় তিওয়ানা, মালিক, খিজির, মিয়া, নূন প্রভৃতি জমিদার জায়গীরদার পরিবার পশ্চিম পাকিস্তানের অধিকাংশ জমি দখল করিয়া ভোগবিলাস করিতেছে।

মোট কথা, ইহা অবিসম্বাদিত সত্য যে আজ হইতে দশ বৎসর পূর্বে স্বাধীন পাকিস্তান কায়েম হইলেও, পাকিস্তানের জনসাধারণেব যারা শতকবা ৮৫ জন সেই কৃষক সমাজ স্বাধীনতার কোন আস্বাদন পায় নাই। তাহারা আজও ভূখা। অনাহারে কৃষকদের পেট আর পিঠ আজ এক হইয়া গিয়াছে।

বন্ধুগণ!

পাকিস্তানে মধ্যবিত্তের অবস্থা কৃষকের চেয়ে বেশী ভাল নয়। খাদ্য মূল্যের অস্বাভাবিক বৃদ্ধি, নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদির অগ্নিমূল্য, এবং দেশের এক অনিশ্চিত পরিস্থিতি আজ মধ্যবিত্ত শ্রেণীর জীবন দুর্বিসহ করিয়া তুলিয়াছে। সরকারই এরূপ পরিস্থিতি সৃষ্টি করিয়াছে। পাকিস্তান প্রতিষ্ঠার পর হইতে তাঁহারা এমন একটি অর্থনীতি অনুসরণ করিলেন যার ফলে দেশের অর্থনীতিতে স্থিতিশীলতা সৃষ্টি না হইয়া এক অস্বাভাবিক অর্থনৈতিক সংকট দেখা দিল। অবস্থা আজ আয়ত্তের বাহিরে বলিলেও অত্যুক্তি হয় না। ফলে দেশের প্রতিটি মানুষের সঙ্গে সঙ্গে মধ্যবিত্ত সমাজেব আর্থিক মেরুদন্ডও ভাঙ্গিয়া পড়িতেছে। এরূপ পরিস্থিতি ঠেকাইবার কোন পরিকল্পনা বর্তমান সরকারের নাই। ফলে দেশের মধ্যবিত্ত সমাজের জীবনে আজ বিরাটকার প্রশ্নবোধক চিহ্ন দেখা দিয়াছে।

শিক্ষা সংকট:

পাকিস্তানের বিশেষ করিয়া পূর্ব পাকিস্তানের শিক্ষা জীবনে মুসলিম লীগ সরকার এক ধংসাত্মক নীতি অনুসরণ করিয়া চলেন। তাদের শাসনকালের সাত বছরে পূর্ব পাকিস্তানের বিদ্যায়তনগুলি হ্রাস পাইয়া অর্ধেক দাঁড়ায়। প্রাইমারী ও মাধ্যমিক শিক্ষার ক্ষেত্রে মুসলিম লীগ সরকারের শিক্ষা-নীতি আতঙ্কের সৃষ্টি করে। ফলে অনেক শিক্ষক শিক্ষকতা পরিত্যাগ করিয়া অন্য পেশা গ্রহণে বাধ্য হইয়াছেন। গ্রামে বহু স্কুল পাঠশালা গরুরখোয়াড় ও ঘোড়ার আস্তাবলে পরিণত হয়। মাসের পর মাস শিক্ষকদের বেতন বকেয়ার খাতায় পড়িয়া থাকে। এইরূপ কয়েক হাজার শিক্ষকের প্রায় এগারো মাসের বেতন বকেয়া রাখিয়া তদানীন্তন অর্থ সচিব জনাব গোলাম মোহাম্মদ দেশবাসীর সামনে পেশ করেন এক তথাকথিত উদ্বৃত্ত বাজেট। আশ্চর্যের বিষয়, দেশব্যাপী আন্দোলন এবং প্রতিবাদ সত্বেও মুসলিম লীগ সরকার শিক্ষা জীবনে তাদের ধ্বংসাত্মক নীতি চালাইয়া গেলেন।

লীগ-যুক্তফ্রন্ট সরকার সে নীতির কোন পরিবর্তন করেন নাই এবং বর্তমান আওয়ামী কোয়ালিশন সরকারও সেই নীতিই অনুসরণ করিতেছেন। সোহরাওয়ার্দ্দি সরকার পঞ্চ বার্ষিকী

পরিকল্পনায় পূর্ব পাকিস্তানের ক্ষয়িষ্ণু শিক্ষা ব্যবস্থার উপর চরম আঘাত হানিলেন ৭৭১৭টি প্রাইমারী স্কুল বন্ধ করিবার পরিকল্পনা করিয়া। আমাদের মুখ্য মন্ত্রী জনাব আতাউর রহমান খান ও শেখ মুজিবুর রহমান প্ল্যানিং কমিশনের সভ্য হিসাবে তাহাতে সম্মতি দিয়াছেন। স্বাধীনতা লাভের পরও দেশবাসীকে শিক্ষার আলোক হইতে বঞ্চিত করিয়া রাখিবার পরিকল্পনাকে ধ্বংসাত্মক কার্য্য ছাড়া আর কি বলা যায়?

শিল্পোন্নয়ন:

বন্ধুগণ!

সদ্য আজাদীপ্রাপ্ত একটি দেশের বিশেষ করিয়া পাকিস্তানের মত একটি অনুন্নত দেশে অর্থনীতির উন্নয়ন নির্ভর করে শিল্প প্রতিষ্ঠায়। খোদাতায়ালা আমাদিগকে প্রচুর সম্পদ দিয়াছেন। কাজেই সরকারের পক্ষের যদি যথাযোগ্য প্রচেষ্টা থাকিত তাহা হইলে গত দশ বৎসরে আমাদের এই দেশ বিশেষ অগ্রগতি লাভ করিতে পারিত। স্বাধীনতা লাভের পর আমাদের দেশে পূর্বাপেক্ষা শিল্পোন্নতি হইয়াছে সত্য। কিন্তু প্রয়োজনের তুলনায় ইহা যথেষ্ট নহে। সুতিবস্ত্র, সিমেন্ট, পাট, কাগজ, চিনি প্রভৃতি ক্ষেত্রে শিল্পের যে অগ্রগতি হইয়াছে তাহাতে এখনও দেশের আভ্যন্তরীণ চাহিদা মিটানো সম্ভবপর হইতেছে না—বিদেশে রফতানি তো দূরের কথা। অবশ্য আমাদের শিল্পজাত কিছু কিছু মাল বিদেশে রফতানি হয়। কিন্তু তার অর্থ এই নয় যে, আমাদের দেশ শিল্পে প্রভূত অগ্রসর হইয়াছে। লক্ষ লক্ষ লোক আমাদের দেশে বস্ত্র পায়না। অথচ সামাণ্য কিছু কাপড় বিদেশে পাঠাইয়া সরকার প্রমাণ করিতে চাহিতেছেন যে আমাদের দেশের শিল্পোন্নয়ন হইয়া গিয়াছে।

দেশে শিল্পের উন্নতির বিরাট সম্ভাবনা সত্বেও আমাদের দেশের শিল্পের এই অবস্থার জন্য দায়ী সরকার। আমাদের পাট, তুলা প্রভৃতির বিনিময়ে পৃথিবীর বিভিন্ন দেশ হইতে শিল্পের যন্ত্রপাতি আমদানীর যে সুবিধা ছিল মুসলীম লীগ সরকার বা লীগ-যুক্তফ্রন্ট সরকার সে সুযোগ কাজে লাগান নাই। আওয়ামী কোয়ালিশন সরকারও এখন পর্যন্ত এক্ষেত্রে নূতন কিছু করেন নাই। শিল্পের যন্ত্রপাতি, কাঁচামাল প্রভৃতির জন্য সরকার নির্ভর করিতেছেন যাহাদের উপর তাহাদের নিকট হইতে সন্তোষজনক সাড়া পাওয়া যায় নাই। অথচ পাল্টা ব্যবস্থা গ্রহণ করিতেও সরকার নারাজ। ফলে আমাদের দেশের শিল্পোন্নতির পথে আজ নানাবিধ বাধা বিঘ্ন উপস্থিত হইতেছে। এবং যাহারা শিল্প গড়িতে চান তাহারা পরিপূর্ণ সুযোগ-সুবিধা পাইতেছেন না। তাই স্বাধীনতা লাভের দশ বৎসর কাটিয়া গেলেও আমাদের দেশের পশ্চাদপদতা কাটে নাই।

আমরা বার বার দাবী করিয়া আসিতেছি পূর্ব পাকিস্তানকে শিল্পায়িত করা হউক। কিন্তু মুসলীম লীগ সরকার ও যুক্তফ্রন্ট লীগ সরকার পূর্ব পাকিস্তানের ন্যায্য দাবী বিবেচনা করা তো দূরের কথা ইহাকে প্রাদেশিকতা বলিয়া প্রচার করিয়া পশ্চিম পাকিস্তানের ভাইগণকে পূর্ব পাকিস্তানের ভাইগণের বিরুদ্ধে বিষাক্ত করিবার অপচেষ্টা করিয়াছে।

আওয়ামী লীগ কোয়ালিশন সরকার গঠিত হওয়ার পরেও দেশকে শিল্পায়িত করার প্রশ্নে পূর্বকার নীতি অনুসৃত হইতেছে। এই সরকার ২১ দফা ওয়াদা অনুসারে দেশকে শিল্পায়িত করার জন্য প্রতিশ্রুতি দিয়াছিল। কিন্তু সে ওয়াদা তাঁহারা পালন করেন নাই। তাঁহারা দেশকে শিল্পায়িত করার জন্য কোনরূপ সুষ্ঠু নীতি এখন পর্যন্ত প্রণয়ন করেন নাই।

শ্রমিক সমস্যা:

বন্ধুগণ, মাত্র যে কয়কটি শিল্প-কারখানা এ অঞ্চলে প্রতিষ্ঠিত হইয়াছে, সরকারী অব্যবস্থার দরুণ তাদের কয়েকটি বছরের অনেক সময় কাঁচামালের অভাবে অসুবিধা ভোগ করে। বিশেষ করিয়া কাপড়ের কলগুলির কথা বলিতেছি।

শ্রমিক শোষণ ধনতান্ত্রিক দেশসমূহের কতকটা নীতিগত ব্যাপার। কাজেই শ্রমিক-মালিক তিক্ততা সেসব দেশের নিত্য নৈমিত্তিক কথা। কিন্তু আমাদের দেশের মত একটি অনগ্রসর দেশে যাহাতে শ্রমিক মালিকের তিক্ততা বৃদ্ধি না পায় দেশকে শিল্পায়িত করার শর্ত হিসাবে সরকারের সেদিকে নজর দেওয়া প্রয়োজন।

কিন্তু এ-পর্যন্ত কোন সরকারই শ্রমিকদের জীবনধারণের উপযোগী মজুরী, তাহাদের উপযুক্ত বাসস্থান, স্বাস্থ্য, শিক্ষা প্রভৃতি কোন বিষয়েই কিছু করেন নাই। ন্যায্য দাবীর জন্য শ্রমিক বৈধ আন্দোলন করিলে সরকার শ্রমিকদের উপর শুধুমাত্র দমন নীতি চালাইয়া গিয়াছেন। পূর্ব ও পশ্চিম পাকিস্তানের শ্রমিকগণ বর্তমানে যে মজুরী পাইয়া থাকেন তদ্দ্বারা তাহাদের স্ত্রী-পুত্র নিয়া জীবনধারণ করাই কঠিন। বহুক্ষেত্রে শ্রমিকরা এমন সব বস্তীতে বাস করিতে বাধ্য হয় যাহা মানুষের বাসোপযোগী নয়। বহুক্ষেত্রেই শ্রমিক আইন ভঙ্গ করিয়া শ্রমিকদিগকে অতিরিক্ত খাটাইয়া লওয়া হয়। পাকিস্তানের শ্রমিকদের অবস্থা সত্যই অবর্ণনীয়।

বর্তমানে নিত্য ব্যবহার্য্য প্রতিটি দ্রব্যের মূল্য বৃদ্ধি পাইয়াছে। এই অবস্থায় ২১-দফা ওয়াদা মোতাবেক শ্রমিকদের বেতন ও মাগ্‌গী ভাতা বৃদ্ধি করা আওয়ামী লীগ কোয়ালিশন সরকারের উচিত ছিল। কিন্তু তাহা করা হয় নাই। বরং বর্তমান পূর্ব পাকিস্তান সরকার শিল্পে শান্তি রক্ষার নামে এক চুক্তি সম্পাদন করিয়া শ্রমিকগণের বৈধ ধর্মঘটের অধিকার হরণ করিয়াছেন। কৃষকদের অবস্থা বর্ণনার সময় আমি বলিয়াছি এবং শ্রমিকদের ব্যাপারে পুনর্বার আমি সেই কথাই বলিতে চাই যে, আমাদের আযাদী লাভের দশ বৎসর অতীত হইয়া গেলেও পূর্ব ও পশ্চিম পাকিস্তানের শ্রমিকদের জীবনে স্বাধীনতার ছোঁয়াচ লাগে নাই। কঠোর পরিশ্রম, মালিকদের জুলুম ও স্ত্রী-পুত্রসহ কায়ক্লেশে জীবনধারণ ইহাই পাকিস্তানী শ্রমিকদের নসিব।

দুর্নীতি দমনে ব্যর্থতা ঃ

এরপর আসে দুর্নীতির কথা।

স্বাধীনতা লাভের পূর্বেও দেশে দুর্নীতি ছিল। কিন্তু উহা অস্বাভাবিক ছিল না, কারণ বৈদেশিক সরকার বহু প্রকারের দুর্নীতির প্রশ্রয় দিয়া থাকে। তাহাদের শাসন কায়েম রাখার জন্য চাই দুর্নীতির আশ্রয় গ্রহণ। তাদের শোষণ কায়েম রাখিতে হইলেও প্রয়োজন দুর্নীতির। কাজেই শাসন ক্ষমতা হাতে রাখার এক বিরাট হাতিয়ার তাদের দুর্নীতি।

উদাহরণস্বরূপ পশ্চিমা সাম্রাজ্যবাদীদের কথা বলা যাইতে পারে। এই 'মহান ব্যক্তিরা' যে দেশেই গিয়াছেন সেখানেই দুর্নীতি বাসা বাঁধিয়াছে। তাদের আগমনও দুর্নীতিমূলক এবং তাদের অবস্থানও দুর্নীতিমূলক। আমেরিকার প্রিয়পাত্র চিয়াং কাইশেকের দেশ চীন একদা দুর্নীতিবাজদের আখড়া হইয়া দাঁড়ায়। বৃটিশের অধীনে থাকাকালে ভারতেও দুর্নীতি প্রশ্রয় পায়। আজ বৃটিশ, আমেরিকা ও ফরাসীর যুক্ত অভিযানে গোটা মধ্যপ্রাচ্য দুর্নীতির আখড়ায় পরিণত হইয়াছে। যুদ্ধোত্তর জাপান ও তুরস্কও আমেরিকার কল্যাণে দুর্নীতিবাজির আখড়ায় পরিণত হইয়াছে।

উত্তরাধিকার সূত্রে পাকিস্তানের শাসকগণও বৃটিশের নিকট হইতে দুর্নীতির পদ্ধতি আয়ত্ত করেন। মুসলিম লীগ সরকার পাকিস্তানে দুর্নীতির পরাকাষ্ঠা প্রদর্শন করেন। যুক্তফ্রন্ট-লীগ কোয়ালিশন সরকারের আমলে উহা আরো প্রসারলাভ করে।

আওয়ামী-কোয়ালিশন সরকার বহু ঢাক-ঢোল পিটাইয়া প্রচার করিয়াছিলেন তাঁহারা দুর্নীতির মূলোৎপাটন করিতে দৃঢ়প্রতিজ্ঞ। কিন্তু অবস্থা বর্তমানে এমন এক স্তরে আসিয়াছে যে, দুর্নীতি আজ প্রায় সমগ্র সমাজ-জীবনকে বিষাক্ত করিয়া তুলিয়াছে।

দুর্নীতি দমন করা যায় না আমি একথা বিশ্বাস করিতে প্রস্তুত নই। সমাজ জীবন হইতে দুর্নীতি দূর করিতে না পারিলে পাকিস্তানের কোন উন্নতি হইতে পারে না। তাই সমাজ জীবন হইতে দুর্নীতি উৎখাৎ করিবার জন্য আমি সমস্ত পাকিস্তানবাসীর নিকট আকুল আবেদন জানাইতেছি।

আমি বিশ্বাস করি যে, সরকার যদি উদ্যোগী হইতেন এবং উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করিতেন তাহা হইলে এদেশের সমাজ জীবন ও শাসনযন্ত্রকে তাঁহারা দুর্নীতিমুক্ত করিতে পারিতেন। কিন্তু সরকারী প্রচেষ্টারই অভাব রহিয়া গিয়াছে। তাই দুর্নীতিরোধ সম্পর্কিত সরকারের কথাবার্তা আজ অন্তসারশূন্য প্রমাণীত হইয়া গিয়াছে।

ব্যক্তি-স্বাধীনতা ঃ

মুসলিম লীগ সরকার, কৃষক-শ্রমিক পার্টি ও নেজামে ইসলাম আমাদের দেশের ব্যক্তি-স্বাধীনতাকে বিপর্যস্ত করিয়া গিয়াছিল। আওয়ামী লীগ কোয়ালিশন সরকার প্রথম দিকে রাজবন্দীদের মুক্তি এবং নিরাপত্তা আইন বাতিল করিয়া দিয়া হৃত ব্যক্তিস্বাধীনতা পুনরুদ্ধার করিতে সচেষ্ট হন। তজ্জন্য দেশবাসী তাঁহাদিগকে অসংখ্য ধন্যবাদ জ্ঞাপন করেন।

কিন্তু সোহরাওয়ার্দি সরকার অর্ডিন্যান্স দ্বারা কেন্দ্রীয় কালাকানুন পুনরায় প্রয়োগ করিয়াছেন। পাকিস্তানের নাগরিকদের পাসপোর্ট ইত্যাদী কাড়িয়া লইয়া এবং ব্যক্তিগত চিঠিপত্র আটক করিয়া মৌলিক নাগরিক অধিকারে হস্তক্ষেপ করিতেছেন। এ কারণে গণতন্ত্রকামীদের দায়িত্ব শত গুণে বৃদ্ধি পাইয়াছে। ব্যক্তিস্বাধীনতা আজ তাঁদের কায়েম রাখিতেই হইবে। এজন্য যে কোন মূল্য দিতে হইলেও তাকে করিতে হইবে।

স্বায়ত্তশাসন ঃ

